সেতি। অন্তরে গাত্রাবরণমধ্যে আয়ুধান্যেষাং সন্তীতি তে অন্তরায়ুধিনো গুপ্তাস্ত্রধারিণস্তৈঃ সহেতি তে, তীক্ষ্ণবিষাঃ সর্পা উপমা যেষাং তে। সর্পাণাং তীক্ষ্ণবিষাণি যথা মুখান্তরে তিষ্ঠন্তি, তথা তদারোহিণামপি গাত্রাবরণাভ্যন্তরে তীক্ষ্ণাস্ত্রাণি তস্থুরিতি ভাবঃ। দ্বিপা গজাঃ। চৈবেত্যনেন প্রত্যাসত্ত্যা মমৃদুরিত্যনুকৃষ্যতে। বিদন্তি জানন্তি-স্ম, যে দ্বিপা এব ॥৪১॥

যবনা ইতি। গোযোনিপ্রভবা বিশ্বামিত্রাক্রমণকালে বশিষ্ঠকামধেনুযোনিজাতাঃ, কালকল্পা যমতুল্যাঃ। দার্বাভিসারাদয়ো দেশা দেশিষু লক্ষ্যন্তে। স্মশব্দঃ পাদপূরণে। ব্রাতাঃ সমূহাঃ ॥৪২—৪৩॥

সহস্র সহস্র হস্তী আরোহী ও অনুচরগণের সহিত অর্জ্জুনের বাণে পীড়িত ও ছিন্নগাত্র হইয়া রক্ত বমন করিতে লাগিল ॥৩৯॥

অনেক হস্তী চীৎকার করিতে থাকিল, বহুতর হস্তী ভূতলে পতিত হইল, অপর হস্তী সকল নানাদিকে ভ্রমণ করিতে লাগিল, কতকগুলি হস্তী অত্যন্ত ভীত হইয়া পড়িল এবং বহুতর হস্তী স্বপক্ষীয় লোকদিগকেই মর্দ্দন করিতে থাকিল ॥৪০॥

ভয়ঙ্করমূর্ত্তি ও ভয়ঙ্করনয়ন যে সকল হস্তী অসুরমায়া জানিত, তীক্ষ্ণবিষ সর্পের তুল্য সেই সকল হস্তীও গুপ্তাস্ত্রধারী আরোহীদের সহিত বিচরণ করিতে থাকিয়া স্বপক্ষীয় লোকদিগকেই নিষ্পেষণ করিতে লাগিল ॥৪১॥

সহস্র সহস্র ও লক্ষ লক্ষ যবন, পারদ, শক ও বাহ্লিকদেশীয়, যমতুল্য প্রহারকারী ও গোযোনিজাত যে ম্লেচ্ছগণ এবং দার্বাভিসার, দরদ ও পুণ্ড্রদেশবাসী যে সকল ম্লেচ্ছ আসিল, তাহাদের সংখ্যা করা শক্তিসাধ্য নহে ॥৪২—৪৩॥

(৪০)…তানেব মমৃদুর্গজাঃ—বঙ্গ বর্দ্ধ।

অভ্যবর্ত্তন্ত সংগ্রামে পাণ্ডবং নিশিতৈঃ শরৈঃ।
অবাকিরংশ্চ তে ম্লেচ্ছা নানাযুদ্ধবিশারদাঃ ॥৪৪॥
তেষামপি সসর্জ্জাশু শরবৃষ্টিং ধনঞ্জয়ঃ।
সৃষ্টিস্তথাবিধা হ্যাসীচ্ছলভানামিবায়তিঃ ॥৪৫॥
অভ্রচ্ছায়ামিব শরৈঃ সৈন্যে কৃত্বা ধনঞ্জয়ঃ।
মুণ্ডার্দ্ধমুণ্ডান্ জটিলানশুচীন্ কুটিলাননান্।
ম্লেচ্ছানশাতয়ৎ সর্ব্বান্ সমেতানস্ত্রতেজসা ॥৪৬॥
শরৈশ্চ শতশো বিদ্ধাস্তে সংঘা গিরিচারিণঃ।
প্রাদ্রবন্ত রণাদ্ভীতা গিরিগহ্বরবাসিনঃ ॥৪৭॥
গজাশ্বসাদিম্লেচ্ছানাং পতিতানাং শিতৈঃ শরৈঃ।
বলাঃ কঙ্কা বৃকা ভূমাবপিবন্ রুধিরং মুদা ॥৪৮॥

ভারতকৌমুদী

অভীতি। ম্লেচ্ছং লক্ষয়তি প্রায়শ্চিত্ততত্ত্বে দেবলঃ—"গোমাংসখাদকো যশ্চ বিরুদ্ধং বহু ভাষতে। সর্বাচারবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়তে ॥" ॥৪৪॥

তেষামিতি। সৃষ্টিঃ শরক্ষেপঃ। শলভানাং পতঙ্গানাম্, আয়তিঃ শ্রেণিঃ ॥৪৫॥

অভ্রেতি। অভ্রচ্ছায়াং মেঘচ্ছায়াম্। অশাতয়দপীড়য়ৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥

শরৈরিতি। সংঘা ম্লেচ্ছসমূহাঃ। প্রাদ্রবন্ত পলায়ন্ত ॥৪৭॥

ভারতভাবদীপঃ

হত ইতি ॥১—২১॥ বিচেরুরিত্যত্র তাভ্যাং যুক্তাংশ্চ সায়কানি ॥২২—৪২॥ গোযোনিপ্রভবা নন্দিন্যাং জাতাঃ ॥৪৩—৪৪॥ সৃষ্টিঃ সংসৃষ্টিঃ ॥৪৫॥ জটিলাননান্ জটিলান্যাননানি যেষাম্

নানাযুদ্ধবিশারদ সেই সকল ম্লেচ্ছ যুদ্ধে অর্জ্জুনের অভিমুখবর্ত্তী হইল এবং নিশিত শরসমূহদ্বারা তাঁহাকে আবৃত করিয়া ফেলিল ॥৪৪॥

অর্জ্জুনও সত্বর সত্বর তাহাদের উপরে শরবৃষ্টি করিতে লাগিলেন। অর্জ্জুনের সেইরূপ শরবৃষ্টি পতঙ্গশ্রেণির ন্যায় চলিতেছিল ॥৪৫॥

ক্রমে অর্জ্জুন বাণদ্বারা সেই সৈন্যগণের উপরে যেন মেঘের ছায়া করিয়া অস্ত্রের তেজে মুণ্ডিতমস্তক, অর্দ্ধমুণ্ডিতমস্তক, জটাধারী, অপবিত্র ও কুটিলবদন সম্মিলিত সমস্ত ম্লেচ্ছকে আকুল করিয়া তুলিলেন ॥৪৬॥

তখন পর্ব্বতচারী ও পর্ব্বতগুহাবাসী সেই শত শত ম্লেচ্ছের দল অর্জ্জুনের বাণে বিদ্ধ ও ভীত হইয়া রণস্থল হইতে পলায়ন করিতে লাগিল ॥৪৭॥

(৪৪) অভ্যবর্ষন্ত তে সর্বে...বা নি। (৪৬) জটিলাননান্...বা নি। (৪৭) ..রণে ভীতাঃ...পি বা নি।

পত্ত্যশ্বরথনাগৈশ্চ প্রচ্ছন্নকৃতসংক্রমাম্ ।
শরবর্ষপ্লবাং ঘোরাং কেশশৈবলশাদ্বলাম্ ॥৪৯॥
প্রাবর্ত্তয়ন্নদীমুগ্রাং শোণিতৌঘতরঙ্গিণীম্ ।
ছিন্নাঙ্গুলিক্ষুদ্রমৎস্যাং যুগান্তে কালসন্নিভাম্ ॥৫০॥ (যুগ্মকম্)
অকরোদ্‌গজসংবাধাং নদীমুত্তরশোণিতাম্ ।
দেহেভ্যো রাজপুত্রাণাং নাগাশ্বরথসাদিনাম্ ॥৫১॥
যথা স্থলঞ্চ নিম্নঞ্চ ন স্যাদ্বর্ষতি বাসবে ।
তথাসীৎ পৃথিবী সর্বা শোণিতেন পরিপ্লুতা ॥৫২॥

ভারতকৌমুদী

গজেতি। গজাশ্বসাদিনো গজাশ্বারোহিণো যে ম্লেচ্ছাস্তেষাম্। বলাঃ কাকাঃ ॥৪৮॥

পত্তীতি। প্রচ্ছন্নং নিমগ্নতয়া গুপ্তং যথা স্যাত্তথা কৃতাঃ সংক্রমাঃ সেতবো যস্যাং তাম্। শরবর্ষং নিক্ষিপ্তশরা এব প্লবাঃ ক্ষুদ্রনৌকা যস্যাং তাম্, কেশা এব শৈবলাস্তৈঃ শাদ্বলাং হরিদ্বর্ণাম্। প্রাবর্ত্তয়দর্জ্জুনঃ। শোণিতৌঘস্য তরঙ্গা অস্যাঃ সন্তীতি তাম্। ছিন্নাঙ্গুলয় এব ক্ষুদ্রা মৎস্যা যস্যাং তাম্, যুগান্তে প্রলয়কালে, কালসন্নিভাং তৎকালপ্রবর্ত্তিতনদীতুল্যাম্ ॥৪৯-৫০॥

অকরোদিতি। দেহেভ্যঃ অকরোদর্জ্জুনঃ। উত্তরাণি উচ্চানি শোণিতানি যস্যাস্তাম্ ॥৫১॥

যথেতি। বাসবে ইন্দ্রে ইন্দ্রপ্রেরিতে মেঘে। পৃথিবী সমরভূমিঃ ॥৫২॥

আবার কাক, কঙ্ক ও ক্ষুদ্র ব্যাঘ্রগণ আনন্দের সহিত অর্জ্জুনের সুধারবাণাঘাতে ভূতলনিপতিত গজারোহী ও অশ্বারোহী ম্লেচ্ছগণের রক্ত পান করিতে থাকিল ॥৪৮॥

ক্রমে অর্জ্জুন, প্রলয়কালপ্রবর্ত্তিত নদীর ন্যায় একটা ভয়ঙ্কর রক্তের নদী প্রবর্ত্তিত করিলেন ; তাহাতে রক্তপ্রবাহের তরঙ্গ চলিতে লাগিল ; হস্তী, অশ্ব, রথ ও পদাতিদ্বারা গুপ্ত সেতু করা হইল ; নিক্ষিপ্ত বাণ সকল ক্ষুদ্র ক্ষুদ্র নৌকারূপে ভাসিতে থাকিল ; ছিন্ন অঙ্গুলীসমূহ ক্ষুদ্র মৎস্যরূপে চলিতে লাগিল এবং কেশরূপ শৈবলে (শেওলাতে) সেটা হরিদ্বর্ণ হইয়া উঠিল ॥৪৯—৫০॥

হস্তী, অশ্ব ও রথারোহী রাজপুত্রগণের দেহ হইতেও অর্জ্জুন একটা উচ্ছলিত রক্তের নদী প্রবর্ত্তিত করিলেন; ক্রমে সেটা হস্তিশরীরে সঙ্কীর্ণ হইয়া উঠিল ॥৫১॥

মেঘ জলবর্ষণ করিতে লাগিলে যেমন উঁচু-নীচু স্থান থাকে না, (সব সমান হইয়া যায়), সেইরূপ রক্তে পরিপূর্ণ হইয়া গেলে সমগ্র সমরভূমিই উঁচু-নীচুভাবরহিত হইল ॥৫২॥

ষট্‌সহস্রান্ হয়ান্ বীরান্ পুনর্দশশতান্ বরান্।
প্রাহিণোন্মৃত্যুলোকায় ক্ষত্রিয়ান্ ক্ষত্রিয়র্ষভঃ ॥৫৩॥
শরৈঃ সহস্রশো বিদ্ধা বিধিবৎ কল্পিতা দ্বিপাঃ।
শেরতে ভূমিমাসাদ্য শৈলা বজ্রহতা ইব ॥৫৪॥
স বাজিরথমাতঙ্গান্ নিঘ্নন্ ব্যচরদর্জ্জুনঃ।
প্রভিন্ন ইব মাতঙ্গো মৃদ্নন্ নলবনং যথা ॥৫৫॥
ভূরিদ্রুমলতাগুল্মং শুষ্কেন্ধনতৃণোলপম্।
নির্দহেদনলোঽরণ্যং যথা বায়ুসমীরিতঃ ॥৫৬॥
সেনারণ্যং তব তথা কৃষ্ণানিলসমীরিতঃ।
শরার্চ্চিরদহৎ ক্রুদ্ধঃ পাণ্ডবাগ্নির্ধনঞ্জয়ঃ ॥৫৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ষড়িতি। হয়ান্ হয়ারোহান্। প্রাহিণোৎ প্রৈরয়ৎ। ক্ষত্রিয়র্ষভঃ অর্জ্জুনঃ ॥৫৩॥

শরৈরিতি। কল্পিতাঃ সজ্জিতাঃ, দ্বিপা হস্তিনঃ। শেরতে স্ম ॥৫৪॥

স ইতি। প্রভিন্নো মদস্রাবী, মৃদ্নন্ মর্দ্দয়ন্ ॥৫৫॥

ভূরীতি। গুল্মাঃ স্তম্বাঃ, উলপা লতাঃ। অত্র "মুখচন্দ্রং চুম্বতি" ইত্যাদৌ চুম্বত্যাদিপদবৎ ক্রুদ্ধপদমুপমায়াঃ সাধকং রূপকস্য চ বাধকমিতি সর্বত্রোপমিতসমাস এব কার্য্যঃ। তথা চ সেনা অরণ্যমিব তৎ। কৃষ্ণঃ অনিল ইব তেন সমীরিতঃ প্রেরিতঃ। শরঃ অর্চ্চিরিব যস্য সঃ। পাণ্ডবেষু অগ্নিরিব স পাণ্ডবাগ্নিঃ ॥৫৬—৫৭॥

ভারতভাবদীপঃ

॥৪৬—৪৮॥ প্রচ্ছন্নেন প্রচ্ছাদনেন কৃতো রচিতঃ সংক্রমো যস্যাম্ ।৪৯—৫০॥ উত্তরশোণিতাং শোণিতপ্রধানাম্ ॥৫১—৫২॥ হয়ান্ অশ্বারোহান্ ॥৫৩—৭০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অশীতিতমোঽধ্যায়ঃ ॥৮০॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ অর্জ্জুন ষট্‌সহস্র অশ্বারোহী বীরকে এবং সহস্র প্রধান ক্ষত্রিয়কে যমলোকে প্রেরণ করিলেন ॥৫৩॥

যথাবিধানে সুসজ্জিত সহস্র সহস্র হস্তী অর্জ্জুনের বাণে বিদ্ধ হইয়া বজ্রহত পর্ব্বতসমূহের ন্যায় ভূতলে শয়ন করিল ॥৫৪॥

ক্রমে মদস্রাবী হস্তী যেমন নলবন মর্দ্দন করিতে থাকিয়া বিচরণ করে, অর্জ্জুনও সেইরূপ হস্তী, অশ্ব ও রথ বিনাশ করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিলেন ॥৫৫॥

মহারাজ! অগ্নি যেমন বায়ুপ্রেরিত হইয়া প্রচুর বৃক্ষ, লতা ও গুল্মযুক্ত এবং শুষ্ক কাষ্ঠ, তৃণ ও লতাসমন্বিত বন দগ্ধ করে, সেইরূপ শিখার ন্যায় শরযুক্ত

শূন্যান্ কুর্ব্বন্ রথোপস্থান্ মানবৈঃ সংস্তরন্ মহীম্ ।
প্রানৃত্যদিব সংবাধে চাপহস্তো ধনঞ্জয়ঃ ॥৫৮॥
বজ্রকল্পৈঃ শরৈর্ভূমিং কুর্ব্বন্নুত্তরশোণিতাম্ ।
প্রাবিশদ্ভারতীং সেনাং সংক্রুদ্ধো বৈ ধনঞ্জয়ঃ ॥৫৯॥
তং শ্রুতায়ুস্তথাম্বষ্ঠো ব্রজমানং ন্যবারয়ৎ ।
তস্যার্জ্জুনঃ শরৈস্তীক্ষ্ণৈঃ কঙ্কপত্রপরিচ্ছদৈঃ ॥৬০॥
ন্যপাতয়দ্ধয়ান্ শীঘ্রং যতমানস্য মারিষ ! ।
ধনুশ্চাস্যাপরৈশ্ছিত্ত্বা শরৈঃ পার্থো বিচক্রমে ॥৬১॥ (যুগ্মকম্)
অম্বষ্ঠস্তু গদাং গৃহ্য ক্রোধপর্য্যাকুলেক্ষণঃ ।
আসসাদ রণে পার্থং কেশবঞ্চ মহাবলম্ ॥৬২॥

ভারতকৌমুদী

শূন্যানিতি। রথোপস্থান্ রথোপরিদেশান্, সংস্তরন্ আবৃণ্বন্। সংবাধে সংঘর্ষে ॥৫৮॥
বজ্রেতি। উত্তরাণি উপরিবর্ত্তীনি শোণিতানি যস্যাস্তাম্। ভারতীং কৌরবীম্ ॥৫৯॥
তমিতি। কঙ্কপত্রপরিচ্ছদৈঃ কঙ্কপক্ষাবৃতৈঃ। বিচক্রমে অগ্রে জগাম ॥৬০—৬১॥
অম্বষ্ঠ ইতি। গৃহ্য গৃহীত্বা, ক্রোধেন পর্য্যাকুলে অস্থিরে ঈক্ষণে চক্ষুষী যস্য সঃ ॥৬২॥

পাণ্ডবগণমধ্যে অগ্নিতুল্য অর্জ্জুন ক্রুদ্ধ এবং বায়ুসদৃশ কৃষ্ণকর্ত্তৃক প্রেরিত হইয়া বনতুল্য আপনার সৈন্য দগ্ধ করিতে লাগিলেন ॥৫৬—৫৭॥

কার্ম্মুকহস্ত অর্জ্জুন রথোপরিদেশ শূন্য এবং মনুষ্যদ্বারা ভূমি আবৃত করিতে থাকিয়া সেই সংঘর্ষমধ্যে যেন নৃত্য করিতে লাগিলেন ॥৫৮॥

ক্রমে অর্জ্জুন অত্যন্তক্রুদ্ধ হইয়া বজ্রতুল্য বাণদ্বারা সমরভূমিকে রক্তদ্বারা প্লাবিত করিতে করিতে কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥৫৯॥

তিনি সেইভাবে আসিতে লাগিলে, শ্রুতায়ু ও অম্বষ্ঠ তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন। মাননীয় রাজা ! তখন পৃথানন্দন অর্জ্জুন কঙ্কপক্ষযুক্ত তীক্ষ্ণ বাণদ্বারা সত্বর যুদ্ধে যত্নশীল অম্বষ্ঠের অশ্বগণকে নিপাতিত করিলেন এবং অপর বাণসমূহদ্বারা তাঁহার ধনু ছেদন করিয়া অগ্রসর হইতে থাকিলেন ॥৬০—৬১॥

এই সময়ে অম্বষ্ঠ ক্রোধে অস্থিরনেত্র হইয়া গদা ধারণ করিয়া যুদ্ধে মহাবল অর্জ্জুন ও কৃষ্ণের নিকট উপস্থিত হইলেন ॥৬২॥

(৬২)···কেশবঞ্চ মহারথম্—বা নি।

ততঃ স প্রহসন্ বীরো গদামুদ্যম্য ভারত!।
রথমাবার্য্য গদয়া কেশবং সমতাড়য়ৎ ॥৬৩॥
গদয়া তাড়িতং দৃষ্ট্বা কেশবং পরবীরহা।
অর্জ্জুনো ভৃশসংক্রুদ্ধঃ সোঽম্বষ্ঠং প্রতি ভারত! ॥৬৪॥
ততঃ শরৈর্হেমপুঙ্খৈঃ সগদং রথিনাং বরম্।
ছাদয়ামাস সমরে মেঘঃ সূর্য্যমিবোদিতম্ ॥৬৫॥
তথাপরৈঃ শরৈশ্চাপি গদাং তস্য মহাত্মনঃ।
অচূর্ণয়ত্তদা পার্থস্তদদ্ভুতমিবাভবৎ ॥৬৬॥
অথ তাং পতিতাং দৃষ্ট্বা গৃহ্যান্যাং মহতীং গদাম্।
অর্জ্জুনং বাসুদেবঞ্চ পুনঃ পুনরতাড়য়ৎ ॥৬৭॥
তস্যার্জ্জুনঃ ক্ষুরপ্রাভ্যাং সগদাবুদ্যতৌ ভুজৌ।
চিচ্ছেদেন্দ্রধ্বজাকারৌ শিরশ্চান্যেন পত্রিণা ॥৬৮॥

ভারতকৌমুদী

তত ইতি। উদ্যম্য উত্তোল্য। আবার্য্য নিবার্য্য ॥৬৩॥
গদয়েতি। পরবীরহা বিপক্ষবীরহন্তা। ভৃশসংক্রুদ্ধঃ অভবৎ ॥৬৪॥
তত ইতি। হেমপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ, গদয়া সহেতি সগদমম্বষ্ঠম্ ॥৬৫॥
তথেতি। দারুময়গদাচূর্ণনমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥৬৬॥
অথেতি। গৃহ্য গৃহীত্বা। অতাড়য়দম্বষ্ঠ ইতি শেষঃ ॥৬৭॥

ভরতনন্দন! তৎপরে বীর অম্বষ্ঠ হাস্য করতঃ গদা উত্তোলনপূর্বক অর্জ্জুনের রথ নিবারণ করিয়া গদাদ্বারা কৃষ্ণকে তাড়ন করিলেন ॥৬৩॥

ভরতনন্দন! তখন বিপক্ষবীরহন্তা অর্জ্জুন কৃষ্ণকে গদাদ্বারা তাড়িত দেখিয়া অম্বষ্ঠের প্রতি গুরুতর ক্রুদ্ধ হইলেন ॥৬৪॥

তদনন্তর মেঘ যেমন উদিত সূর্য্যকে আবৃত করে, সেইরূপ অর্জুন স্বর্ণপুঙ্খ বাণসমূহদ্বারা গদার সহিত রথিশ্রেষ্ঠ অম্বষ্ঠকে আবৃত করিলেন ॥৬৫॥

এবং অর্জুন অপর কতকগুলি বাণদ্বারা মহাত্মা অম্বষ্ঠের গদাটাকে চূর্ণ করিয়া ফেলিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৬৬॥

তৎপরে অম্বষ্ঠ সেই গদাটা নষ্ট হইল দেখিয়া অন্য একটা বিশাল গদা গ্রহণ করিয়া বার বার অর্জুন ও কৃষ্ণকে তাড়ন করিলেন ॥৬৭॥

(৬৩) ততস্তু প্রহসন্ বীরঃ···পি, ততঃ সংপ্রহরন্ বীরঃ···বা নি। (৬৪)···অর্জ্জুনোঽথ ভৃশং ক্রুদ্ধঃ···বা নি। (৬৭)···গৃহ্যান্যাঞ্চ মহাগদাম্···বা নি।

স পপাত হতো রাজন্ ! বসুধামনুনাদয়ন্ ।
ইন্দ্রধ্বজ ইবোৎসৃষ্টো যন্ত্রনির্ম্মুক্তবন্ধনঃ ॥৬৯॥
রথানীকাবগাঢ়শ্চ বারণাশ্বশতৈর্বৃতঃ ।
অদৃশ্যত তদা পার্থো ঘনৈঃ সূর্য্য ইবাবৃতঃ ॥৭০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অম্বষ্ঠবধে অশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০*০——

একাশীতিতমোঽধ্যায়ঃ ।

——:-০-:——

সঞ্জয় উবাচ ।
ততঃ প্রবিষ্টে কৌন্তেয়ে সিন্ধুরাজজিঘাংসয়া ।
দ্রোণানীকং বিনির্ভিদ্য ভোজানীকঞ্চ দুর্ভিদম্ ॥১॥
কাম্বোজস্য চ দায়াদে হতে রাজন্ ! সুদক্ষিণে ।
শ্রুতায়ুধে চ বিক্রান্তে নিহতে সব্যসাচিনা ॥২॥

ভারতকৌমুদী

তস্যেতি। ক্ষুরপ্রাভ্যাং তদাখ্যাভ্যামস্ত্রাভ্যাম্, সগদো গদাযুক্তো। পত্রিণা বাণেন ॥৬৮॥
স ইতি। যন্ত্রাৎ মূলাধারযন্ত্রাৎ নির্ম্মুক্তং স্খলিতং বন্ধনং যস্য সঃ ॥৬৯॥
রথেতি। রথানীকেন অবগাঢ় আক্রান্তঃ। বারণো হস্তী ॥৭০॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

তখন অর্জুন দুইটা ক্ষুরপ্রদ্বারা ইন্দ্রধ্বজতুল্য গদাযুক্ত অম্বষ্ঠের উত্তোলিত বাহুদ্বয় এবং অন্য একটা বাণদ্বারা তাঁহার মস্তক ছেদন করিলেন ॥৬৮॥

রাজা ! তখন অম্বষ্ঠ নিহত হইয়া যন্ত্রস্খলিতবন্ধন উৎসৃষ্ট ইন্দ্রধ্বজের ন্যায় ভূতল নিনাদিত করিয়া পতিত হইলেন ॥৬৯॥

সেই সময়ে মেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ শত শত রথারোহী, গজারোহী ও অশ্বারোহী সৈন্যেরা আসিয়া অর্জুনকে আবৃত করিল দেখা গেল' ॥৭০॥

* '…একনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…ত্রিনবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি। (১)… ভোজানীকঞ্চ দুর্জয়ম্—পি,…ভোজানীকঞ্চ দুস্তরম্—বা নি।

বিদ্রুতেষ্বপ্যনীকেষু বিধ্বস্তেষু সমন্ততঃ।
প্রভগ্নং স্ববলং দৃষ্ট্বা পুত্রস্তে দ্রোণমভ্যগাৎ ॥৩॥ (বিশেষকম্)
ত্বরন্নেকরথেনৈব সমেত্য দ্রোণমব্রবীৎ।
গতঃ স পুরুষব্যাঘ্রঃ প্রমথ্যেমাং মহাচমূম্ ॥৪॥
অত্র বুদ্ধ্যা সমীক্ষস্ব কিং নু কার্য্যমনন্তরম্।
অর্জ্জুনস্য বিঘাতায় দারুণেঽস্মিন্ জনক্ষয়ে ॥৫॥
যথা স পুরুষব্যাঘ্রো ন হন্যেত জয়দ্রথঃ।
তথা বিধৎস্ব ভদ্রং তে ত্বং হি নঃ পরমা গতিঃ ॥৬॥
অসৌ ধনঞ্জয়াগ্নির্হি কোপমারুতচোদিতঃ।
সেনাকক্ষং দহতি মে বহ্নিঃ কক্ষমিবোর্জিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। কৌন্তেয়ে অর্জ্জুনে। দায়াদে পুত্রে। সমন্ততো বিদ্রুতেষু পলায়িতেষু। প্রভগ্নং বিশ্লিষ্টম্, স্ববলং নিজসৈন্যম্, পুত্রো দুর্য্যোধনঃ ॥১—৩॥

ত্বরন্নিতি। ত্বরন্ ত্বরমাণঃ। পুরুষব্যাঘ্রঃ অর্জ্জুনঃ ॥৪॥

অত্রেতি। সমীক্ষস্ব পর্য্যালোচয়, কার্য্যং কর্ত্তব্যম্ ॥৫॥

যথেতি। হন্যেত অর্জ্জুনেন। তে তব, ভদ্রং মঙ্গলমস্তু ॥৬॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর অর্জ্জুন জয়দ্রথকে বধ করিবার ইচ্ছায় দুর্ভেদ্য দ্রোণসৈন্য ও ভোজসৈন্য ভেদ করিয়া প্রবেশ করিলে এবং অর্জ্জুন কাম্বোজরাজপুত্র সুদক্ষিণকে ও বিক্রমশালী শ্রুতায়ুধকে বধ করিলে, আর সৈন্যেরা বিধ্বস্ত হইলে ও সকল দিকে পলায়ন করিলে, আপনার পুত্র (দুর্য্যোধন) আপন সৈন্যদিগকে ভগ্ন দেখিয়া দ্রোণের নিকট গমন করিলেন ॥১—৩॥

তিনি একরথেই সত্বর উপস্থিত হইয়া দ্রোণকে বলিলেন—'আচার্য্য! পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন এই বিশাল সেনা আলোড়ন করিয়া চলিয়া গিয়াছে ॥৪॥

এখন আপনি আপন বুদ্ধিদ্বারা পর্য্যালোচনা করুন যে, এই দারুণ লোকক্ষয়ের সময়ে অর্জ্জুনকে বধ করিবার জন্য পরে কি কর্ত্তব্য হইতে পারে ॥৫॥

যাহাতে অর্জ্জুন সেই পুরুষশ্রেষ্ঠ জয়দ্রথকে বধ করিতে না পারে, আপনি তাহা করুন। কেন না, আপনিই আমাদের পরম গতি। আপনার মঙ্গল হউক ॥৬॥

(৩) বিপ্রদ্রুতেষ্বনীকেষু…দ্রোণমভ্যায়াৎ—পি বা নি। (৪)…প্রমথ্যৈতাম্…বা নি। (৬)…ন হন্যেত জয়দ্রথম্—পি বা নি। (৭)…কক্ষমিবোদ্ধতঃ—পি, কক্ষমিবোত্থিতঃ—বা নি।

অতিক্রান্তে হি কৌন্তেয়ে ভিত্ত্বা সৈন্যং পরন্তপ ! ।
জয়দ্রথস্য গোপ্তারঃ সংশয়ং পরমং গতাঃ ॥৮॥
স্থিরা বুদ্ধির্নরেন্দ্রাণামাসীদ্‌ব্রহ্মবিদাং বর ! ।
নাতিক্রমিষ্যতি দ্রোণং জাতু জীবন্ ধনঞ্জয়ঃ ॥৯॥
যোঽসৌ পার্থো ব্যতিক্রান্তো মিষতস্তে মহাদ্যুতে ! ।
সর্ব্বং হ্যদ্যাতুরং মন্যে নেদমস্তি বলং মম ॥১০॥
জানামি ত্বাং মহাভাগ ! পাণ্ডবানাং হিতে রতম্ ।
তথা মুহ্যামি চ ব্রহ্মন্ ! কার্য্যবত্তাং বিচিন্তয়ন্ ॥১১॥
যথাশক্তি চ তে ব্রহ্মন্ ! বর্ত্তয়ে বৃত্তিমুত্তমাম্ ।
প্রীণামি চ যথাশক্তি তচ্চ ত্বং নাববুধ্যসে ॥১২॥

ভারতকৌমুদী

অসাবিতি। কোপ এব মারুতো বায়ুস্তেন চোদিতঃ প্রেরিতঃ। কক্ষঃ শুষ্কবনম্ ॥৭॥
অতীতি। গোপ্তারো রক্ষকাঃ, পরমং সংশয়ং গতা জয়দ্রথরক্ষণে ॥৮॥
স্থিরেতি। কীদৃশী বুদ্ধিরিত্যাহ নেতি। জাতু কদাচিৎ ॥৯॥
য ইতি। মিষতঃ পশ্যতঃ। আতুরং ভয়পীড়িতম্। নেদমিত্যাদি চ মন্যে ॥১০॥
জানামীতি। তথা তথাপি, মুহ্যামি সৈনাপত্যে তব নিযোজনাদিত্যাশয়ঃ ॥১১॥
যথেতি। বর্ত্তয়ে সম্পাদয়ামি, বৃত্তিং জীবিকাম্। নাববুধ্যসে ন স্মরসি ॥১২॥

প্রজ্বলিত অগ্নি যেমন শুষ্কবন দগ্ধ করে, তেমন এই অর্জ্জুনরূপ অগ্নি কোপরূপ বায়ুকর্ত্তৃক প্রেরিত হইয়া আমার সৈন্যরূপ শুষ্কবন দগ্ধ করিতেছে ॥৭॥

শত্রুসন্তাপক বীর ! অর্জ্জুন আপনার সৈন্য ভেদ করিয়া আপনাকে অতিক্রম করিলে, জয়দ্রথের রক্ষকেরা তাঁহার রক্ষাবিষয়ে অত্যন্তসংশয়াপন্ন হইয়াছেন ॥৮॥

বেদজ্ঞশ্রেষ্ঠ ! রাজগণের এইরূপ স্থির বুদ্ধি ছিল যে, অর্জ্জুন জীবিত অবস্থায় কখনও দ্রোণকে অতিক্রম করিতে পারিবে না ॥৯॥

মহাতেজা ! আপনার সমক্ষে ঐ অর্জ্জুন যে অতিক্রম করিয়া গিয়াছে, তাহাতে আমি মনে করি—আমার সমস্ত সৈন্যই যেন ভয়ে আকুল হইয়াছে এবং আমার এই সৈন্য যেন নাই ॥১০॥

মহাভাগ ব্রাহ্মণ ! আমি জানি যে, আপনি পাণ্ডবগণের হিতেই নিরত আছেন, তথাপি কার্য্যের গুরুত্ব চিন্তা করিয়া আমি মূঢ় হইয়াছি (মোহবশতঃ আপনাকে সেনাপতিপদে নিযুক্ত করিয়াছি) ॥১১॥

(১১)…ততো মুহ্যামি…নি। (১২)…বর্দ্ধয়ন্ বৃত্তিমুত্তমাম্…নি।

অস্মান্ ন ত্বং সদা ভক্তানিচ্ছস্যমিতবিক্রম !।
পাণ্ডবান্ সততং প্রীণাস্যস্মাকং বিপ্রিয়ে রতান্ ॥১৩॥
অস্মানেবোপজীবংস্ত্বমস্মাকং বিপ্রিয়ে রতঃ।
নহ্যহং ত্বাং বিজানামি মধুদিগ্ধমিব ক্ষুরম্ ॥১৪॥
নাদাস্যচ্চেদ্বরং মহ্যং ভবান্ পাণ্ডবনিগ্রহে।
নাবারয়িষ্যং গচ্ছন্তমহং সিন্ধুপতিং গৃহান্ ॥১৫॥
ময়া ত্বাশংসমানেন ত্বত্তস্ত্রাণমবুদ্ধিনা।
আশ্বাসিতঃ সিন্ধুপতির্মোহাদ্দত্তশ্চ মৃত্যবে ॥১৬॥
যমদংষ্ট্রান্তরং প্রাপ্তো মুচ্যেতাপি হি মানবঃ।
নার্জ্জুনস্য বশং যাতো মুচ্যেতাজৌ জয়দ্রথঃ ॥১৭॥

ভারতকৌমুদী

অস্মানিতি। নেচ্ছসি আত্মীয়তয়া নাঙ্গীকরোষি। প্রীণাসি আনুকূল্যকরণেন ॥১৩॥

অস্মানিতি। মধুনা দিগ্ধং লিপ্তম্। তাদৃশক্ষুরলেহনেন রসনাচ্ছেদ ইব ভবতঃ সৈনাপত্যে বরণেন মে মহাননর্থ ইদানীং জাতঃ, অর্জ্জুনপ্রবেশদানাদিতি ভাবঃ ॥১৪॥

নেতি। বরং বরমিবাঙ্গীকারম্। পাণ্ডবানাং নিগ্রহে পরাজয়বিধানবিষয়ে ॥১৫॥

ময়েতি। আশংসমানেন আশাবিষয়ীকুর্বতা। সিন্ধুপতির্জয়দ্রথঃ ॥১৬॥

যমেতি। যমস্য দংষ্ট্রান্তরং দন্তশ্রেণ্যোরভ্যন্তরম্ ॥১৭।

ব্রাহ্মণ! আমি শক্তি অনুসারে আপনাকে উত্তম বৃত্তি দিয়া আসিতেছি এবং শক্তি অনুসারে আপনাকে সন্তুষ্ট করিয়া থাকি; কিন্তু আপনি তাহা স্মরণ করেন না ॥১২॥

অমিতবিক্রম! আমরা সর্বদাই আপনার প্রতি ভক্তি করিয়া থাকি, অথ চ আপনি আমাদিগকে চান না, বরং সর্ব্বদা আমাদের অপ্রিয়কার্য্যে নিরত পাণ্ডবগণকেই সন্তুষ্ট করিয়া থাকেন! ॥১৩॥

আর আপনি আমাদের আশ্রয়েই থাকিয়া আমাদেরই অপ্রিয়াচরণে নিরত আছেন। আমি মধুলিপ্ত ক্ষুরের ন্যায় আপনাকে চিনিতে পারি নাই ॥১৪॥

আপনি যদি পাণ্ডবদিগকে নিগৃহীত করিবেন বলিয়া আমার নিকট অঙ্গীকার না করিতেন, তাহা হইলে আমি জয়দ্রথকে আপন ভবনে যাইতে নিষেধ করিতাম না ॥১৫॥

আমি নির্ব্বোধ; তাই আপনি জয়দ্রথকে রক্ষা করিবেন এই আশা করিয়া

---

(১৫) মা দাস্যচ্চেৎ···বঙ্গ বর্দ্ধ।

স তথা কুরু শোণাশ্ব ! যথা মুচ্যেত সৈন্ধবঃ ।
মম চার্ত্তপ্রলাপানাং মা ক্রুধঃ পাহি সৈন্ধবম্ ॥১৮॥

দ্রোণ উবাচ ।

নাভ্যসূয়ামি তে বাক্যমশ্বত্থাম্নাসি মে সমঃ ।
সত্যন্তু তে প্রবক্ষ্যামি তজ্জুষস্ব বিশাংপতে ! ॥১৯॥
সারথিপ্রবরঃ কৃষ্ণঃ শীঘ্রাশ্চাস্য হয়োত্তমাঃ ।
অল্পঞ্চ বিবরং কৃত্বা তূর্ণং যাতি ধনঞ্জয়ঃ ॥২০॥
কিং ন পশ্যসি বাণৌঘান্ ক্রোশমাত্রে কিরীটিনঃ ।
পশ্চাদ্রথস্য পতিতান্ ক্ষিপ্তান্ শীঘ্রং হি গচ্ছতঃ ॥২১॥

ভারতকৌমুদী

স ইতি। হে শোণাশ্ব ! রক্তবর্ণাশ্ব দ্রোণ !। সৈন্ধবো জয়দ্রথঃ ॥১৮॥

নেতি। জুষস্ব সেবস্ব শৃণ্বিত্যর্থঃ ॥১৯॥

সারথীতি। শীঘ্রাঃ শীঘ্রগামিনঃ। যাতি তেন বিবরেণ ॥২০॥

অর্জ্জুনস্য শীঘ্রযানে নিদর্শনমাহ কিমিতি। ক্ষিপ্তান্ ময়ৈব। শীঘ্রযানাদেব তানতিক্রান্ত ইতি ভাবঃ ॥২১॥

আমি তাঁহাকে আশ্বস্ত করিয়াছি এবং মোহবশতঃ মৃত্যুর নিকট সমর্পণ করিয়াছি ॥১৬॥

মানুষ যমের দন্তের ভিতরে যাইয়াও মুক্ত হইতে পারে, কিন্তু জয়দ্রথ যুদ্ধে অর্জ্জুনের বশীভূত হইয়া মুক্ত হইতে পারিবেন না ॥১৭॥

অতএব আচার্য্য ! আপনি সেইরূপ কার্য্য করুন, যাহাতে জয়দ্রথ মুক্ত হন। আমার আর্ত্তপ্রলাপের উপরে ক্রুদ্ধ হইবেন না, জয়দ্রথকে রক্ষা করুন' ॥১৮॥

দ্রোণ বলিলেন—'নরনাথ ! আমি তোমার বাক্যের দোষাবিষ্কার করিব না। কেন না, তুমি আমার নিকট অশ্বত্থামার সমান। কিন্তু তোমার নিকট আমি সত্য বলিব, তুমি তাহা শ্রবণ কর ॥১৯॥

কৃষ্ণ—সারথিশ্রেষ্ঠ, উঁহার উত্তম অশ্বগুলিও অতিদ্রুতগামী; আবার অর্জ্জুনও অল্প ফাঁক্ করিয়া তাহা দিয়া দ্রুত যাইয়া থাকে ॥২০॥

দুর্য্যোধন ! দেখিতেছ না কি—দ্রুতগামী অর্জ্জুনের রথের একক্রোশ পশ্চাতে আমার নিক্ষিপ্ত বাণ সকল পতিত রহিয়াছে ॥২১॥

---

(২০) সারথিঃ প্রবরঃ কৃষ্ণঃ·· বা নি।

ন চাহং শীঘ্রযানেঽদ্য সমর্থো বয়সান্বিতঃ।
সেনামুখে চ পার্থানামেতদ্বলমুপস্থিতম্ ॥২২॥
যুধিষ্ঠিরশ্চ মে গ্রাহ্যো মিষতাং সর্ব্বধন্বিনাম্।
এবং ময়া প্রতিজ্ঞাতং ক্ষত্রমধ্যে মহাভুজ ! ॥২৩॥
ধনঞ্জয়েন চোৎস্বষ্টো বর্ত্ততে প্রমুখে মম।
তস্মাদ্‌ব্যূহমুখং হিত্বা নাহং যোৎস্যামি ফাল্গুনম্ ॥২৪॥
তুল্যাভিজনকর্ম্মাণং শত্রুমেকং সহায়বান্।
গত্বা যোধয় মা ভৈস্ত্বং ত্বং হ্যস্য জগতঃ পতিঃ ॥২৫॥
রাজা শূরঃ কৃতী দক্ষো বৈরমুৎপাদ্য পাণ্ডবৈঃ।
বীরঃ স্বয়ং প্রযাহ্যাশু যত্র যাতো ধনঞ্জয়ঃ ॥২৬॥

ভারতকৌমুদী

অথ ত্বং কথং তং নান্বগম ইত্যাহ নেতি। তথাপি কিং ন চেষ্টিতবানিত্যাহ সেনেতি ॥২২॥

তথাপি জয়দ্রথরক্ষায়াঃ প্রাধান্যাত্তব গমনমেবোচিতমাসীদিত্যাহ যুধীতি। মিষতাং পশ্যতাম্ ॥২৩॥

অপি চাহ ধনেতি। উৎসৃষ্টস্ত্যক্তো যুধিষ্ঠির ইত্যনুবৃত্তিঃ। ফাল্গুনমর্জ্জুনম্ ॥২৪॥

উপদিশতি তুল্যেতি। তুল্যে অভিজনকর্ম্মণী বংশব্যাপারৌ যস্য তম্ ॥২৫॥

রাজেতি। শূরো মানসিকবলবান্, কৃতী সর্বকর্ম্মনিপুণঃ, দক্ষো যুদ্ধে। বীরো দৈহিক-বলবান্ ॥২৬॥

তা'র পর আমার বয়স হইয়াছে। সুতরাং এখন আর আমি দ্রুতগমনে সমর্থ নহি। বিশেষতঃ এই পাণ্ডবসৈন্য আমাদের সৈন্যের সম্মুখে উপস্থিত হইয়াছে ॥২২॥

তা'র পর আবার মহাবাহু ! আমি ক্ষত্রিয়গণের মধ্যে এইরূপ প্রতিজ্ঞা করিয়াছিলাম যে, আমি সমস্ত ধনুর্দ্ধরগণের সমক্ষে যুধিষ্ঠিরকে গ্রহণ করিব ॥২৩॥

অথ চ অর্জ্জুনত্যক্ত সেই যুধিষ্ঠির আমার সম্মুখেই রহিয়াছে। সুতরাং আমি ব্যূহমুখ পরিত্যাগ করিয়া যাইয়া অর্জ্জুনের সহিত যুদ্ধ করিব না ॥২৪॥

এদিকে অর্জ্জুনের ও তোমার সমান বংশ ও সমান কার্য্য এবং সে একাকী, তুমি সহায়সম্পন্ন। অতএব তুমি যাইয়া তাহার সহিত যুদ্ধ কর, ভয় করিও না। কারণ, তুমি এই জগতের রাজা ॥২৫॥

(২৪)···প্রমুখে নৃপ !···বা নি।

দুর্য্যোধন উবাচ।

কথং ত্বামপ্যতিক্রান্তঃ সর্ব্বশস্ত্রভৃতাং বরম্।
ধনঞ্জয়ো ময়া শক্য আচার্য্য! প্রতিবারিতুম্ ॥২৭॥
অপি শক্যো রণে জেতুং বজ্রহস্তঃ পুরন্দরঃ।
নার্জ্জুনঃ সমরে শক্যো জেতুং পরপুরঞ্জয়ঃ ॥২৮॥
যেন ভোজশ্চ হার্দ্দিক্যো ভবাংশ্চ ত্রিদশোপমঃ।
অস্ত্রপ্রতাপেন জিতৌ শ্রুতায়ুশ্চ নিবর্হিতঃ ॥২৯॥
সুদক্ষিণশ্চ নিহতঃ স চ রাজা শ্রুতায়ুধঃ।
শ্রুতায়ুশ্চাচ্যুতায়ুশ্চ ম্লেচ্ছাশ্চাযুতশো হতাঃ ॥৩০॥
তং কথং পাণ্ডবং যুদ্ধে দহন্তমিব পাবকম্।
প্রতিযোৎস্যামি দুর্দ্ধর্ষং তন্মে শংসাস্ত্রকোবিদ! ॥৩১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

কথমিতি। প্রতিবারিতুং প্রতিবারয়িতুম্। ন শক্য এব তবাপ্যতিক্রমণাদিত্যাশয়ঃ ॥২৭॥
অপীতি। বজ্রহস্তঃ পুরন্দরোঽপীতি সম্বন্ধঃ ॥২৮॥
যেনেতি। ভোজো ভোজবংশীয়ঃ, হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মা, ত্রিদশোপমো দেবতুল্যঃ। নিবর্হিতো নিহতঃ। অযুতশো বহ্বযুতসংখ্যাঃ। পাণ্ডবমর্জ্জুনম্। শংস ব্রূহি ॥২৯—৩১॥

তুমি—রাজা, মানসিকবলবান্, দৈহিকবলবান্, সমস্ত কার্য্যে নিপুণ, যুদ্ধেও নিপুণ এবং পাণ্ডবগণের সহিত শক্রতা উৎপাদন করিয়াছ। সুতরাং অর্জ্জুন যেখানে গিয়াছে, তুমি নিজে সত্বর সেইখানে যাও' ॥২৬॥

দুর্য্যোধন বলিলেন—'আচার্য্য! আপনি সমস্ত শস্ত্রধারীর মধ্যে শ্রেষ্ঠ, এ অবস্থায় আপনাকেও যে অতিক্রম করিয়া গিয়াছে, সে অর্জ্জুনকে আমি কি প্রকারে বারণ করিতে সমর্থ হইব? ॥২৭॥

যুদ্ধে বজ্রপাণি ইন্দ্রকেও জয় করিতে পারা যায়, কিন্তু বিপক্ষনগরবিজয়ী অর্জ্জুনকে যুদ্ধে জয় করিতে পারা যায় না ॥২৮॥

অস্ত্রবিচক্ষণ আচার্য্য! যে অর্জ্জুন অস্ত্রের প্রতাপে ভোজবংশীয় কৃতবর্ম্মাকে ও দেবতুল্য আপনাকে জয় করিয়াছে; শ্রুতায়ুকে বিনাশ করিয়াছে এবং সুদক্ষিণ, সেই রাজা শ্রুতায়ুধ, শ্রুতায়ু ও অচ্যুতায়ুকে, আর অযুত অযুত ম্লেচ্ছকে

(২৭)…সর্বশস্ত্রভৃতাং বরঃ…পি। (২৮)…পরপুরঞ্জয়!—পি। (৩১)…দুর্দ্ধর্ষং তমহং শস্ত্রকোবিদ!—বা,…দুর্দ্ধর্ষং চাক্ষ তন্মম সত্তম!—নি।

ক্ষমঞ্চেম্মন্যসে যুদ্ধং মম তেনাদ্য শাধি মাম্।
পরবানস্মি ভবতঃ প্রেষ্যবদ্রক্ষ মে যশঃ ॥৩২॥

দ্রোণ উবাচ।

সত্যং বদসি কৌরব্য! দুরাধর্ষো ধনঞ্জয়ঃ।
অহন্তু তৎ করিষ্যামি যথৈনং প্রসহিষ্যসি ॥৩৩॥
অদ্ভুতঞ্চাদ্য পশ্যন্তু লোকে সর্ব্বধনুর্দ্ধরাঃ।
বিষক্তং ত্বয়ি কৌন্তেয়ং বাসুদেবস্য পশ্যতঃ ॥৩৪॥
এষ তে কবচং রাজন্! তথা বধ্নামি কাঞ্চনম্।
যথা সর্ব্বাণি নাস্ত্রাণি প্রহরিষ্যন্তি তে রণে ॥৩৫॥
যদি ত্বাং সাসুরসুরাঃ সযক্ষোরগরাক্ষসাঃ।
যোধয়ন্তি ত্রয়ো লোকাঃ সনরা নাস্তি তে ভয়ম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

ক্ষমমিতি। ক্ষমমুচিতম্। শাধি তদ্‌যুদ্ধপ্রকারমুপদিশ। পরবান্ পরাধীনঃ ॥৩২॥
সত্যমিতি। প্রসহিষ্যসি প্রসহিষ্যসে যোদ্ধুং শক্ষ্যসি ॥৩৩॥
অদ্ভুতমিতি। অদ্ভুতং সর্বাভিভাবিত্বাদিত্যাশয়ঃ। বিষক্তং যুদ্ধে মিলিতম্ ॥৩৪॥
এষ ইতি। কাঞ্চনস্য স্বর্ণস্যেদমিতি কাঞ্চনম্। ইদমর্থে অণ্। তে গাত্রম্ ॥৩৫॥

সংহার করিয়াছে, অগ্নির ন্যায় দাহকারী সেই দুর্দ্ধর্ষ অর্জ্জুনের সহিত আমি কি প্রকারে যুদ্ধ করিব, তাহা আপনি আমার নিকট বলুন ॥২৯—৩১॥

আচার্য্য! আপনি আজ সেই অর্জ্জুনের সহিত আমার যুদ্ধ যদি সঙ্গত বলিয়া মনে করেন, তবে আমাকে তাহার প্রণালী উপদেশ দিন, আমি ভৃত্যের ন্যায় আপনার অধীন হইলাম ; আমার যশ রক্ষা করুন' ॥৩২॥

দ্রোণ বলিলেন—'কৌরবনন্দন! সত্য বলিয়াছ—অর্জ্জুন দুর্দ্ধর্ষই বটে। কিন্তু আমি সেইরূপ করিব, যাহাতে তুমি অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে সমর্থ হইবে ॥৩৩॥

কৃষ্ণের সমক্ষে অর্জ্জুন তোমার সহিত যুদ্ধে মিলিত হইয়াছেন, এই অদ্ভুত ব্যাপার আজ জগতের সমস্ত ধনুর্দ্ধর দর্শন করুন ॥৩৪॥

রাজা! এই আমি তোমার গাত্রে স্বর্ণময় কবচ সেইভাবে বন্ধন করিয়া দিতেছি, যাহাতে যুদ্ধে সমস্ত অস্ত্র তোমার গাত্রে আঘাত করিতে পারিবে না ॥৩৫॥

---

(৩২) ক্ষমঞ্চ মন্যসে যুদ্ধং মম তেনাদ্য সংযুগে...বঙ্গ বর্দ্ধ। (৩৫) ...যথা ন বাণা নাস্ত্রাণি ...পি বা নি।

ন কৃষ্ণো ন চ কৌন্তেয়ো ন চান্যঃ শস্ত্রভৃদ্রণে।
শরানর্পয়িতুং কশ্চিৎ কবচে তব শক্ষ্যতি ॥৩৭॥
স ত্বং কবচমাস্থায় ক্রুদ্ধমদ্য রণেঽর্জ্জুনম্।
ত্বরমাণঃ স্বয়ং যাহি ন ত্বাসৌ প্রসহিষ্যতি ॥৩৮॥

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা ত্বরন্ দ্রোণঃ স্পৃষ্ট্বাম্ভো বর্ম্ম ভাস্বরম্।
আববন্ধাদ্ভুততমং জপন্ মন্ত্রং যথাবিধি ॥৩৯॥
রণে তস্মিন্ সুমহতি বিজয়ায় সুতস্য তে।
বিসিস্মাপয়িষুর্লোকান্ বিদ্যয়া ব্রহ্মবিত্তমঃ ॥৪০॥ (যুগ্মকম্)

দ্রোণ উবাচ।

করোতু স্বস্তি তে ব্রহ্মা স্বস্তি চাপি দ্বিজাতয়ঃ।
সরীসৃপাশ্চ যে শ্রেষ্ঠাস্তে তুভ্যং স্বস্তি ভারত! ॥৪১॥

ভারতকৌমুদী

যদীতি। নরৈঃ সহেতি সনরাঃ। যদীত্যুক্তেস্তথাপীতি প্রত্যেতব্যম্ ॥৩৬॥

নেতি। অর্পয়িতুং প্রবেশয়িতুং কবচং ভেত্তুমিত্যর্থঃ ॥৩৭॥

স ইতি। আস্থায় পরিধায়। ত্বা ত্বাম্ ॥৩৮॥

এবমিতি। অম্ভঃ স্পৃষ্ট্বা আচম্য, ভাস্বরমুজ্জ্বলম্। সুতস্য দুর্য্যোধনস্য। বিসিস্মাপয়িষুর্বিস্মাপয়িতুমিচ্ছুঃ, বিদ্যয়া মন্ত্রগুণেন, ব্রহ্মবিত্তমো বেদজ্ঞশ্রেষ্ঠঃ ॥৩৯—৪০॥

করোত্বিতি। স্বস্তি মঙ্গলম্। সরীসৃপা নাগাঃ, স্বস্তি কুর্বন্ত্বিতি শেষঃ ॥৪১॥

দেবতা, অসুর, যক্ষ, রাক্ষস, নাগ এবং মনুষ্যের সহিত ত্রিভুবনও যদি তোমার সহিত যুদ্ধ করে, তথাপি তোমার কোন ভয় নাই ॥৩৬॥

কৃষ্ণ, অর্জুন, কিংবা অন্য কোন অস্ত্রধারীই যুদ্ধে অস্ত্রদ্বারা তোমার এই কবচ ভেদ করিতে সমর্থ হইবেন না ॥৩৭॥

তুমি এই কবচ ধারণ করিয়া সত্বর নিজেই আজ যুদ্ধে ক্রুদ্ধ অর্জুনের নিকট যাও; সে তোমাকে সহ্য করিতে পারিবে না' ॥৩৮॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! এইরূপ বলিয়া বেদজ্ঞশ্রেষ্ঠ দ্রোণ আপন বিদ্যার গুণে লোকের বিস্ময় জন্মাইবার ইচ্ছায় সত্বর আচমন করিয়া যথাবিধানে মন্ত্রজপ করতঃ সেই বিশাল যুদ্ধে আপনার পুত্রের জয়লাভের জন্য উজ্জ্বল ও অত্যাশ্চর্য্য স্বর্ণকবচ তাঁহার গাত্রে বন্ধন করিয়া দিলেন ॥৩৯—৪০॥

(৩৬)…সনরা যান্তি সংক্ষয়ম্—পি। (৩৮)…ন ত্বাসৌ বিষহিষ্যতি—পি বা নি।

যযাতির্নহুষশ্চৈব ধুন্ধুমারো ভগীরথঃ।
তুভ্যং রাজর্ষয়ঃ সর্বে স্বস্তি কুর্বন্তু নিত্যশঃ ॥৪২॥
স্বস্তি তেঽস্ত্বেকপাদেভ্যো বহুপাদেভ্য এব চ।
স্বস্ত্যস্ত্বপাদকেভ্যোঽথ নিত্যং তব মহারণে ॥৪৩॥
স্বাহা স্বধা শচী চৈব স্বস্তি কুর্বন্তু তে সদা।
লক্ষ্মীররুন্ধতী চৈব কুরুতাং স্বস্তি তেঽনঘ ! ॥৪৪॥
অসিতো দেবলশ্চৈব বিশ্বামিত্রস্তথাঙ্গিরাঃ।
বশিষ্ঠঃ কশ্যপশ্চৈব স্বস্তি কুর্বন্তু তে নৃপ ! ॥৪৫॥
ধাতা বিধাতা লোকেশো দিশশ্চ সদিগীশ্বরাঃ।
স্বস্তি তেঽদ্য প্রযচ্ছন্তু কার্ত্তিকেয়শ্চ ষণ্মুখঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

যযাতিরিতি। তুভ্যমিতি "নমঃ স্বস্তি" ইত্যাদিনা চতুর্থী ॥৪২॥

স্বস্তীতি। একপাদেভ্যঃ কিন্নরবিশেষেভ্যঃ, বহুপাদেভ্যো গজাদিভ্যঃ। অপাদকেভ্যো মীনাদিভ্যঃ ॥৪৩॥

স্বাহেতি। হে অনঘ! নিষ্পাপ!। স্তুত্যর্থমিদং সম্বোধনম্ ॥৪৪॥

অসিত ইতি। অসিতো নাম মুনিবিশেষঃ ॥৪৫॥

তৎপরে দ্রোণ বলিলেন—'ভরতনন্দন! ব্রহ্মা তোমার মঙ্গল করুন, ব্রাহ্মণেরা তোমার মঙ্গল করুন এবং যে সকল শ্রেষ্ঠ নাগ আছেন, তাঁহারাও তোমার মঙ্গল বিধান করুন ॥৪১॥

যযাতি, নহুষ, ধুন্ধুমার ও ভগীরথপ্রভৃতি রাজর্ষিরা সকলে সর্ব্বদা তোমার মঙ্গল করুন ॥৪২॥

মহাযুদ্ধে একপাদ, বহুপাদ ও পাদশূন্য প্রাণিগণ হইতে সর্ব্বদা তোমার মঙ্গল হউক ॥৪৩॥

নিষ্পাপ রাজা! স্বাহা, স্বধা ও শচীদেবী সর্ব্বদা তোমার মঙ্গল করুন এবং লক্ষ্মী ও অরুন্ধতীদেবী তোমার মঙ্গল সম্পাদন করুন ॥৪৪॥

রাজা! অসিত, দেবল, বিশ্বামিত্র, অঙ্গিরা, বশিষ্ঠ ও কশ্যপ তোমার মঙ্গল করুন ॥৪৫॥

জগৎপতি ধাতা ও বিধাতা এবং দিক্ সকল দিক্‌পালগণ ও ষড়ানন কার্ত্তিক আজ তোমাকে মঙ্গল দান করুন ॥৪৬॥

---

(৪৩)…একপাদেভ্যশ্চ বা নি।

বিবস্বান্ ভগবান্ স্বস্তি করোতু তব সর্ব্বতঃ।
দিগ্‌গজাশ্চৈব চত্বারঃ ক্ষিতিশ্চ গগনং গ্রহাঃ ॥৪৭॥
অধস্তাদ্ধরণীং যোঽসৌ সদা ধারয়তে নৃপ!।
স শেষঃ পন্নগশ্রেষ্ঠঃ স্বস্তি তুভ্যং প্রয়চ্ছতু ॥৪৮॥
গান্ধারে! যুধি বিক্রম্য নির্জিতাঃ সুরসত্তমাঃ।
পুরা বৃত্রেণ দৈত্যেন ভিন্নদেহাঃ সহস্রশঃ ॥৪৯॥
হততেজোবলাঃ সর্বে তদা সেন্দ্রা দিবৌকসঃ।
ব্রহ্মাণং শরণং জগ্মুর্ব্বৃত্রাদ্ভীতা মহাসুরাৎ ॥৫০॥

দেবা ঊচুঃ।

প্রমর্দ্দিতানাং বৃত্রেণ দেবানাং দেবসত্তম!।
গতির্ভব সুরশ্রেষ্ঠ! ত্রাহি নো মহতো ভয়াৎ ॥৫১॥

ভারতকৌমুদী

ধাতেতি। লোকেশ ইতি ধাতৃবিধাত্রোর্বিশেষণং ব্রহ্মণঃ পূর্বমুক্তত্বাৎ ॥৪৬॥

বিবস্বানিতি। বিবস্বান্ সূর্য্যঃ। চত্বারঃ—ঐরাবতবামনাঞ্জনসার্বভৌমাঃ ॥৪৭॥

অধস্তাদিতি। শেষঃ অনন্তঃ, "শেষোঽনন্তঃ" ইত্যমরঃ ॥৪৮॥

অথাষ্টাদশভিঃ শ্লোকৈঃ কবচপ্রাপ্তীতিহাসমাহ গান্ধার ইতি। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারিঃ। বাহ্বাদিত্বাদিনি সম্বোধনম্। ভিন্নদেহা বিদীর্ণগাত্রাঃ ॥৪৯॥

হতেতি। হতানি তেজাংসি উৎসাহা বলানি শক্তয়শ্চ যেষাং তে। দিবৌকসো দেবাঃ ॥৫০॥

প্রেতি। বৃত্রেণ তদাখ্যেনাসুরেণ। নঃ অস্মান্ ॥৫১॥

ভগবান্ সূর্য্য, চারিটা দিগ্‌গজ, পৃথিবী, আকাশ ও অপর গ্রহগণ তোমার সকল দিকে মঙ্গল করুন ॥৪৭॥

রাজা! ঐ যিনি সর্ব্বদা নিম্নদিকে থাকিয়া পৃথিবীকে ধারণ করিতেছেন, সেই নাগশ্রেষ্ঠ অনন্ত তোমাকে মঙ্গল দান করুন ॥৪৮॥

গান্ধারীনন্দন! পূর্ব্বকালে বৃত্রাসুর যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া দেবতাদের দেহ বিদারণ পূর্ব্বক সহস্র সহস্র দেবতাকে পরাজয় করে ॥৪৯॥

বৃত্রাসুর তেজ ও বল বিনষ্ট করিলে, তখন ইন্দ্রপ্রভৃতি দেবতারা সকলে মহাসুর বৃত্রের ভয়ে যাইয়া ব্রহ্মার শরণাপন্ন হইলেন ॥৫০॥

এবং দেবতারা বলিলেন—'দেবশ্রেষ্ঠ! আপনি বৃত্রাসুরনিপীড়িত দেবগণের আশ্রয় হউন, সুরশ্রেষ্ঠ! আপনি আমাদিগকে মহাভয় হইতে রক্ষা করুন' ॥৫১॥

অথ পার্শ্বে স্থিতং বিষ্ণুং শক্রাদীংশ্চ সুরোত্তমান্।
প্রাহ তথ্যমিদং বাক্যং বিষণ্ণান্ সুরসত্তমান্ ॥৫২॥
রক্ষ্যা মে সততং দেবাঃ সহেন্দ্রাঃ সদ্বিজাতয়ঃ।
ত্বষ্টুঃ সুদুর্দ্ধরং তেজো যেন বৃত্রো বিনির্ম্মিতঃ ॥৫৩॥
ত্বষ্ট্রা পুরা তপস্তপ্ত্বা বর্ষাযুতশতং তদা।
বৃত্রো বিনির্ম্মিতো দেবাঃ! প্রাপ্যানুজ্ঞাং মহেশ্বরাৎ।
স তস্যৈব প্রসাদাদ্বৈ হন্যাদ্দেবরিপুর্ব্বলী ॥৫৪॥
নাগত্বা শঙ্করস্থানং ভগবান্ দৃশ্যতে হরঃ।
দৃষ্ট্বা জেষ্যথ বৃত্রং তং ক্ষিপ্রং গচ্ছত মন্দরম্ ॥৫৫॥
যত্রাস্তে তপসাং যোনির্দক্ষযজ্ঞবিনাশনঃ।
পিনাকী সর্ব্বভূতেশো ভগনেত্রনিপাতনঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

অথেতি। প্রাহ ব্রহ্মা ব্রবীতি স্ম। সুরেষু সত্তমান্ বিজ্ঞতমানিত্যপুনরুক্তিঃ ॥৫২॥
রক্ষ্যা ইতি। ত্বষ্টুঃ ত্বষ্টৃনাম্নঃ প্রজাপতেঃ। যেন তেজসা ॥৫৩॥
ত্বষ্ট্রেতি। তস্য মহেশ্বরস্যৈব, হন্যাৎ শক্রনিতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৪॥
নেতি। জেষ্যথ যূয়ং হরানুগ্রহাদিত্যাশয়ঃ। মন্দরং গিরিম্ ॥৫৫॥
যত্রেতি। ভগস্য তদাখ্যস্য দেবস্য নেত্রনিপাতনো দক্ষযজ্ঞ এব ভূতৈর্নেত্রোৎপাটকঃ ॥৫৬॥

তৎপরে ব্রহ্মা পার্শ্বস্থিত বিষ্ণুকে এবং বিষণ্ণ বিজ্ঞতম ইন্দ্রপ্রভৃতি দেবশ্রেষ্ঠ-গণকে এই সত্য কথা বলিলেন—॥৫২॥

'দেবগণ! ইন্দ্র ও ব্রাহ্মণগণের সহিত দেবগণকে সর্ব্বদাই আমার রক্ষা করা উচিত। সে যাহা হউক, ত্বষ্টা প্রজাপতির তেজ অতিদুর্দ্ধর্ষ, যাহাদ্বারা বৃত্রাসুর উৎপাদিত হইয়াছিল ॥৫৩॥

দেবগণ! পূর্বকালে ত্বষ্টা প্রজাপতি দীর্ঘকাল তপস্যা করিয়া মহাদেবের অনুমতি পাইয়া বৃত্রাসুরকে উৎপাদন করেন। সেই বলবান্ ও দেবশত্রু বৃত্রাসুর মহাদেবেরই অনুগ্রহে শত্রুসংহারে সমর্থ হইয়া থাকে ॥৫৪॥

অতএব তোমরা মহাদেবের নিকট না যাইয়া তাঁহাকে দেখিতে পাইবে না, কিন্তু তাঁহাকে দেখিয়া সেই বৃত্রাসুরকে জয় করিতে পারিবে। সুতরাং তোমরা সত্বর মন্দরপর্ব্বতে গমন কর ॥৫৫॥

যে স্থানে তপস্যার আধার, দক্ষযজ্ঞবিনাশক, পিনাকধনুর্দ্ধারী, সর্বভূতের অধীশ্বর এবং ভগদেবের নয়নোৎপাটক মহাদেব রহিয়াছেন' ॥৫৬॥

(৫২)…প্রাহ পথ্যমিদং বাক্যম্…নি।

তে গত্বা সহিতা দেবা ব্রহ্মণা সহ মন্দরম্ ।
অপশ্যংস্তেজসাং রাশিং সূর্য্যকোটিসমপ্রভম্ ॥৫৭॥
সোঽব্রবীৎ স্বাগতং দেবা ব্রূত কিং করবাণ্যহম্ ।
অমোঘং দর্শনং মহ্যং কামপ্রাপ্তিরতোঽস্তু বঃ ॥৫৮॥
এবমুক্তাস্তু তে সর্বে প্রত্যূচুস্তং দিবৌকসঃ ।
তেজো হৃতং নো বৃত্রেণ গতির্ভব দিবৌকসাম্ ॥৫৯॥
মূর্ত্তীরীক্ষস্ব নো দেব ! প্রহারৈর্জ্জর্জরীকৃতাঃ ।
শরণং ত্বাং প্রপন্নাঃ স্ম গতির্ভব মহেশ্বর ! ॥৬০॥

শর্ব উবাচ ।

বিদিতং মে যথা দেবাঃ ! কৃত্যেয়ং সুমহাবলা ।
ত্বষ্টুস্তেজোভবা ঘোরা দুর্নিবার্য্যা কৃতাত্মভিঃ ॥৬১॥

ভারতকৌমুদী

ত ইতি। সহিতা মিলিতাঃ। তেজসাং রাশিং মহেশ্বরম্ ॥৫৭॥
স ইতি। মহ্যং মম, কাম্যত ইতি কামোঽভীষ্টঃ পদার্থস্তস্য প্রাপ্তিঃ ॥৫৮॥
এবমিতি। দিবৌকসো দেবাঃ। নঃ অস্মাকম্, গতিরুপায়ঃ ॥৫৯॥
মূর্ত্তীরিতি। মূর্ত্তীঃ শরীরাণি, নঃ অস্মাকম্। শরণমাশ্রয়ম্ ॥৬০॥
বিদিতমিতি। কৃত্যা অভিচারদেবতা তদ্রূপেত্যর্থঃ, ইয়ং বৃত্রাসুরাত্মিকা ॥৬১॥

তখন দেবতারা মিলিত হইয়া ব্রহ্মার সহিত মন্দরপর্বতে যাইয়া তেজের রাশি ও কোটিসূর্য্যের তুল্য দীপ্তিশালী মহাদেবকে দর্শন করিলেন ॥৫৭॥

পরে মহাদেব বলিলেন—'দেবগণ! তোমাদের শুভাগমন ত? আমি তোমাদের কি করিব বল; আমার দর্শন অব্যর্থ; অতএব তোমাদের অভীষ্টলাভ হউক' ॥৫৮॥

মহাদেব এইরূপ বলিলে, তাঁহাকে দেবতারা সকলে বলিলেন—'দেব! বৃত্রাসুর আমাদের তেজ হরণ করিয়াছে। সুতরাং আপনি দেবতাদের গতি হউন ॥৫৯॥

দেব! দর্শন করুন—বৃত্রাসুরের প্রহারে আমাদের শরীর জর্জ্জরীভূত হইয়াছে। অতএব আমরা আপনার শরণাপন্ন হইয়াছি, মহেশ্বর! আপনি আমাদের গতি হউন' ॥৬০॥

মহাদেব বলিলেন—'দেবগণ! আমার জানা আছে যে, অতিমহাবল ও

(৫৯)···হৃতৌজসাং নো বৃত্রেণ···নি।

অবশ্যন্তু ময়া কার্য্যং সাহ্যং সর্ব্বদিবৌকসাম্।
মমেদং গাত্রজং শক্র! কবচং গৃহ্য ভাস্বরম্।
বধানানেন মন্ত্রেণ মানসেন সুরেশ্বর! ॥৬২॥

দ্রোণ উবাচ।

ইত্যুক্ত্বা বরদঃ প্রাদাদ্বর্ম্ম তন্মন্ত্রমেব চ।
স তেন বর্ম্মণা গুপ্তঃ প্রায়াদ্‌বৃত্রচমূং প্রতি ॥৬৩॥
নানাবিধৈশ্চ শস্ত্রৌঘৈঃ পাত্যমানৈর্ম্মহারণে।
ন সন্ধিঃ শক্যতে ভেত্তুং বর্ম্মবন্ধস্য তস্য তু।
ততো জঘান সমরে বৃত্রং দেবপতিঃ স্বয়ম্ ॥৬৪॥
তঞ্চ মন্ত্রময়ং বন্ধং বর্ম্ম চাঙ্গিরসে দদৌ।
অঙ্গিরাঃ প্রাহ পুত্রস্য মন্ত্রজ্ঞস্য বৃহস্পতেঃ ॥৬৫॥

ভারতকৌমুদী

অবশ্যমিতি। সাহ্যং সাহায্যম্। মানসেন মনসাবিষ্কৃতেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬২॥
ইতীতি। বরদো মহাদেবঃ। স ইন্দ্রঃ, গুপ্তো রক্ষিতঃ ॥৬৩॥
নানেতি। পাত্যমানৈর্বৃত্রেণ। সন্ধিঃ সংযোগঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৪॥
তমিতি। বন্ধং বন্ধনম্। দদৌ দেবপতিরিত্যনুবৃত্তিঃ ॥৬৫॥

ভয়ঙ্করপ্রকৃতি বৃত্রাসুর অভিচারদেবতার তুল্য, ত্বষ্টা প্রজাপতির তেজে উৎপন্ন হইয়াছে এবং মহাবীরগণেরও দুর্নিবারণীয় ॥৬১॥

অতএব আমি অবশ্যই সমস্ত দেবতার সাহায্য করিব। সুতরাং দেবরাজ ইন্দ্র! তুমি আমার এই গাত্রজাত উজ্জ্বল কবচ গ্রহণ করিয়া এই মানসিক মন্ত্রে ইহা আপন গাত্রে বন্ধন কর ॥৬২॥

দ্রোণ বলিলেন—'এই কথা বলিয়া বরদাতা মহাদেব সেই কবচ ও তাহার মন্ত্র ইন্দ্রকে দান করিলেন; ইন্দ্র সেই কবচদ্বারা রক্ষিত হইয়া বৃত্রাসুরের সৈন্যের দিকে গমন করিলেন ॥৬৩॥

তখন বৃত্রাসুর মহাযুদ্ধে নানাবিধ অস্ত্রসমূহ নিক্ষেপ করিয়াও ইন্দ্রের সেই বদ্ধ কবচের সন্ধিস্থান বিশ্লিষ্ট করিতে পারিল না। তদনন্তর স্বয়ং দেবরাজ যুদ্ধে বৃত্রাসুরকে বধ করিলেন ॥৬৪॥

পরে ইন্দ্র সেই কবচ ও তাহার মান্ত্রিক বন্ধন অঙ্গিরাকে দান করেন, অঙ্গিরা আবার মন্ত্রজ্ঞ আপন পুত্র বৃহস্পতিকে বলেন ॥৬৫॥

বৃহস্পতিরথোবাচ অগ্নিবেশ্যায় ধীমতে।
অগ্নিবেশ্যো মম প্রাদাত্তেন বধ্নামি বর্ম্ম তে।
তবাদ্য দেহরক্ষার্থং মন্ত্রেণ নৃপসত্তম ! ॥৬৬॥

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা ততো দ্রোণস্তব পুত্রং মহাদ্যুতিম্।
পুনরেব বচঃ প্রাহ শনৈরাচার্য্যপুঙ্গবঃ ॥৬৭॥
ব্রহ্মসূত্রেণ বধ্নামি কবচং তব পার্থিব !।
হিরণ্যগর্ভেণ যথা বদ্ধং বিষ্ণোঃ পুরা রণে ॥৬৮॥
যথা চ ব্রহ্মণা বদ্ধং সংগ্রামে তারকাময়ে।
শক্রস্য কবচং দিব্যং তথা বধ্নাম্যহং তব ॥৬৯॥

ভারতকৌমুদী

বৃহস্পতিরিতি। মম দ্রোণস্য শিষ্যত্বাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৬॥

এবমিতি। পুত্রং দুর্য্যোধনম্। বচো বক্ষ্যমাণম্, প্রাহ ব্রবীতি স্ম ॥৬৭॥

ব্রহ্মেতি। ব্রহ্মসূত্রেণ ব্রহ্মণা সূচিতপ্রকারেণ। হিরণ্যগর্ভেণ ব্রহ্মণা ॥৬৮॥

যথেতি। তারকস্য তদাখ্যস্যাসুরস্য আময়ঃ পীড়নং যস্মিন্ তাদৃশে সংগ্রামে ॥৬৯॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৯॥ আতুরমনবস্থিতম্ ॥১০—১১॥ নাববুধ্যসে ন স্মরসি ॥১২॥ নেচ্ছসি নানুরুধ্যসে ॥১৩—৪৪॥ তে ত্বাম্ ॥৪৫—৪৬॥ চত্বার ঐরাবণবামনাঞ্জনসার্ব্বভৌমাঃ ॥৪৭—৫৩॥ অনুজ্ঞাং বরম্ ॥৫৪॥ হন্যাদ্ধন্তুমর্হতি ॥৫৫—৬৮॥ ব্রহ্মসূত্রেণ ব্রহ্মণা সূচিতেনোপদেশেন ॥৬৯-৭৪॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮১॥

তৎপরে বৃহস্পতি আবার বুদ্ধিমান্ অগ্নিবেশ্যমুনির নিকট প্রকাশ করেন এবং অগ্নিবেশ্যমুনি আমাকে দান করেন। রাজশ্রেষ্ঠ দুর্য্যোধন! আমি আজ তোমার দেহরক্ষার জন্য সেই মন্ত্রে তোমার দেহে সেই কবচ বন্ধন করিয়া দিতেছি' ॥৬৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আচার্য্যশ্রেষ্ঠ দ্রোণ এইরূপ বলিয়া পুনরায় আপনার পুত্র মহাতেজা দুর্য্যোধনকে ধীরে ধীরে এই কথা বলিলেন—॥৬৭॥

'রাজা! পূর্বকালে ব্রহ্মা যেমন বিষ্ণুর শরীরে কবচ বন্ধন করিয়াছিলেন, আমিও আজ সেইরূপ ব্রহ্মার আবিষ্কৃত প্রকারে তোমার শরীরে কবচ বন্ধন করিয়া দিতেছি ॥৬৮॥

(৬৭)···তব পুত্রং মহাদ্যুতিঃ···পি। (৬৯)···শক্রস্য কবচং রাজন্!···বর্দ্ধ।

বদ্ধ্বা তু কবচং তস্য মন্ত্রেণ বিধিপূর্ব্বকম্।
প্রেষয়ামাস রাজানং যুদ্ধায় মহতে দ্বিজঃ ॥৭০॥
স সন্নদ্ধো মহাবাহুরাচার্য্যেণ মহাত্মনা।
রথানাঞ্চ সহস্রেণ ত্রিগর্ত্তানাং প্রহারিণাম্ ॥৭১॥
তথা দন্তিসহস্রেণ মত্তানাং বীর্য্যশালিনাম্।
অশ্বানাং নিযুতেনৈব তথান্যৈশ্চ মহারথৈঃ ॥৭২॥
বৃতঃ প্রায়ান্মহাবাহুরর্জ্জুনস্য রথং প্রতি।
নানাবাদিত্রঘোষেণ যথা বৈরোচনিস্তথা ॥৭৩॥ (বিশেষকম্)
ততঃ শব্দো মহানাসীৎ সৈন্যানাং তব ভারত!।
অগাধং প্রস্থিতং দৃষ্ট্বা সমুদ্রমিব কৌরবম্ ॥৭৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
জয়দ্রথবধে দুর্য্যোধনস্য কবচবন্ধে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বদ্ধেতি। রাজানং দুর্য্যোধনম্। দ্বিজো দ্রোণঃ ॥৭০॥

স ইতি। সন্নদ্ধঃ কবচবন্ধনেন সজ্জিতঃ। মত্তানাং বীর্য্যশালিনামিত্যনয়োর্দশ্যীত্যেক-দেশেনান্বয় আর্যত্বাৎ অশ্বানামিত্যনেন সম্বন্ধো বা। বৃতঃ পরিবেষ্টিতঃ। বৈরোচ-নির্বলিঃ ॥৭১—৭৩॥

তত ইতি। শব্দো হর্ষকোলাহলঃ। অগাধং সমুদ্রমিব কৌরবং প্রস্থিতং দৃষ্ট্বেত্যন্বয়ঃ ॥৭৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

রাজা! ব্রহ্মা যেমন তারকাসুরের যুদ্ধে ইন্দ্রের গাত্রে দিব্য কবচ বন্ধন করিয়া দিয়াছিলেন, আমিও সেইরূপ তোমার গাত্রে দিব্য কবচ বন্ধন করিয়া দিলাম' ॥৬৯॥

দ্রোণাচার্য্য যথাবিধানে মন্ত্রদ্বারা দুর্য্যোধনের গাত্রে কবচ বন্ধন করিয়া তাঁহাকে মহাযুদ্ধে প্রেরণ করিলেন ॥৭০॥

মহাত্মা দ্রোণাচার্য্য মহাবাহু দুর্য্যোধনকে সজ্জিত করিয়া দিলেন। পরে প্রহারনিপুণ ত্রিগর্ত্তদেশীয় সহস্র রথী, মত্ত ও বলবান্ সহস্র হস্তী, নিযুত অশ্ব এবং অন্য বহুতর মহারথগণে পরিবেষ্টিত হইয়া মহাবাহু দুর্য্যোধন নানা বাদ্য-ধ্বনির সহিত বলির ন্যায় অর্জ্জুনের রথের দিকে প্রস্থান করিলেন ॥৭১—৭৩॥

*'...দ্বিনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '...চতুর্নবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ।

———ঃ-০-ঃ———

সঞ্জয় উবাচ।

প্রবিষ্টয়োর্মহারাজ! পার্থবার্ষ্ণেয়য়ো রণে।
দুর্য্যোধনে প্রয়াতে চ পৃষ্ঠতঃ পুরুষর্ষভে ॥১॥
জবেনাভ্যদ্রবন্ দ্রোণং মহতা নিস্বনেন চ।
পাণ্ডবাঃ সোমকৈঃ সার্দ্ধং ততো যুদ্ধমবর্ত্তত ॥২॥ (যুগ্মকম্)
তদ্‌যুদ্ধমভবত্তীব্রং তুমুলং লোমহর্ষণম্।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ ব্যূহস্য পুরতোঽদ্ভুতম্ ॥৩॥
রাজন্! কদাচিন্নাস্মাভির্দৃষ্টং তাদৃঙ্ ন চ শ্রুতম্।
যাদৃঙ্ মধ্যগতে সূর্য্যে যুদ্ধমাসীদ্বিশাংপতে! ॥৪॥

ভারতকৌমুদী

প্রেতি। পার্থবার্ষ্ণেয়য়োরর্জ্জুনকৃষ্ণয়োঃ। পৃষ্ঠতস্তয়োরেব। জবেন বেগেন ॥১—২॥
তদিতি। ব্যূহস্য দ্রোণরচিতস্য, পুরতঃ অগ্রতঃ ॥৩॥
রাজন্নিতি। মধ্যগতে গগনস্য। হে বিশাংপতে! নরনাথ! ॥৪॥

ভরতনন্দন! তাহার পর অগাধ সমুদ্রের ন্যায় দুর্য্যোধনকে প্রস্থান করিতে দেখিয়া আপনার সৈন্যগণের মধ্যে বিশাল আনন্দকোলাহল হইল' ॥৭৪॥

———ঃ০ঃ———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অর্জ্জুন ও কৃষ্ণ যুদ্ধে প্রবেশ করিলে এবং পুরুষশ্রেষ্ঠ দুর্য্যোধন তাঁহাদের পিছনে চলিলে, পাণ্ডবেরা সোমকগণের সহিত মিলিত হইয়া মহাকোলাহলের সহিত বেগে দ্রোণের দিকে ধাবিত হইলেন। তাহার পর যুদ্ধ লাগিয়া গেল ॥১—২॥

দ্রোণরচিত ব্যূহের সম্মুখে কৌরব ও পাণ্ডবগণের সেই যুদ্ধ তীব্র, তুমুল, লোমহর্ষণ ও অদ্ভুতরূপে হইতে লাগিল ॥৩॥

নরনাথ রাজা! সূর্য্য আকাশের মধ্যস্থানে উপস্থিত হইলে, যেরূপ যুদ্ধ হইয়াছিল, সেরূপ যুদ্ধ আমরা কখনও দেখি নাই বা শুনিও নাই ॥৪॥

---

(১)···জিষ্ণুবার্ষ্ণেয়য়ো রণে···প্রয়াতে তু···পি।

ধৃষ্টদ্যুম্নমুখাঃ পার্থা ব্যূঢ়ানীকাঃ প্রহারিণঃ।
দ্রোণস্য সৈন্যং তে সর্বে শরবর্ষৈরবাকিরন্ ॥৫॥
বয়ং দ্রোণং পুরস্কৃত্য সর্বশস্ত্রভৃতাং বরম্।
পার্ষতপ্রমুখান্ পার্থানভ্যবর্ষাম সায়কৈঃ ॥৬॥
মহামেঘাবিবোদীর্ণৌ মিশ্রবাতৌ হিমাত্যয়ে।
সেনাগ্রে প্রচকাশেতে রুচিরে রথভূষিতে ॥৭॥
সমেত্য তু মহাসেনে চক্রতুর্ব্বেগমুত্তমম্।
জাহ্নবীযমুনে নদ্যৌ প্রাবৃষীবোল্বণোদকে ॥৮॥
নানাশস্ত্রপুরোবাতো দ্বিপাশ্বরথসংবৃতঃ।
গদাবিদ্যুন্মহারৌদ্রঃ সংগ্রামজলদো মহান্ ॥৯॥
ভারদ্বাজানিলোদ্ধূতঃ শরধারাসহস্রবান্।
অভ্যবর্ষন্মহারৌদ্রঃ পাণ্ডুসেনাগ্নিমুদ্ধতম্ ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ধৃষ্টেতি। ব্যূঢং ব্যূহরূপেণ সন্নিবেশিতম্ অনীকং সৈন্যং যৈস্তে ॥৫॥

বয়মিতি। পার্ষতপ্রমুখান্ ধৃষ্টদ্যুম্নপ্রভৃতীন্, পার্থান্ পাণ্ডবযোধান্ ॥৬॥

মহেতি। উদীর্ণৌ গগনে আবির্ভূতৌ। সেনাগ্রে সৈন্যাগ্রদ্বয়ম্ ॥৭॥

সমেত্যেতি। প্রাবৃষি বর্ষাকালে, উল্বণমুন্নতমুদকং যয়োস্তে ॥৮॥

নানেতি। অত্র দ্বিপাশ্বরথসংবৃত ইত্যুপমায়াঃ সাধকং রূপকস্য চ বাধকমিতি সর্ব্বত্র উপমিতসমাস এব কার্য্যঃ। তেন চ নানাশস্ত্রং পুরোবাতঃ অগ্রবর্ত্তী বায়ুরিব যস্য সঃ, গদা বিদ্যুদিব যস্য সঃ, সংগ্রামো জলদ ইব সঃ। অত্র সংগ্রামপদং তৎকারিসৈন্যপরম্। ভারদ্বাজো

ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি পাণ্ডবপক্ষীয় সেই যোদ্ধারা সকলে আপন সৈন্যগণকে ব্যূহ-রূপে সন্নিবেশিত করিয়া দ্রোণসৈন্যের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৫॥

আমরাও সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণকে অগ্রবর্ত্তী করিয়া ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি পাণ্ডবপক্ষের উপরে বাণবৃষ্টি করিতে থাকিলাম ॥৬॥

তৎকালে—শীতকাল অতীত হইলে আকাশে আবির্ভূত বায়ুযুক্ত দুইটা মহামেঘের ন্যায় সুন্দর ও রথভূষিত সেই সেনাগ্র দুইটা প্রকাশ পাইতে লাগিল ॥৭॥

বর্ষাকালে উল্বণজলা গঙ্গা ও যমুনানদীর ন্যায় সেই বিশাল সেনা দুইটা সম্মিলিত হইয়া (প্রবেশ ও বারণ করিবার জন্য) গুরুতর বেগ করিতে লাগিল ॥৮॥

সমুদ্রমিব ঘর্ম্মান্তে বিবান্ ঘোরো মহানিলঃ।
ব্যক্ষোভয়দনীকানি পাণ্ডবানাং দ্বিজোত্তমঃ ॥১১॥
তেঽপি সর্ব্বপ্রযত্নেন দ্রোণমেব সমাদ্রবন্।
বিভিৎসন্তো মহাসেতুং বার্য্যোঘাঃ প্রবলা ইব ॥১২॥
বারয়ামাস তান্ দ্রোণো জলৌঘানচলো যথা।
পাণ্ডবান্ সমরে ক্রুদ্ধান্ পাঞ্চালাংশ্চ সকেকয়ান্ ॥১৩॥
তথা পরেঽপি রাজানঃ পরিবৃত্য সমন্ততঃ।
মহাবলা রণে শূরাঃ পাঞ্চালানন্ববারয়ন্ ॥১৪॥
ততো রণে নরব্যাঘ্রঃ পার্ষতঃ পাণ্ডবৈঃ সহ।
সংজঘানাসকৃদ্দ্রোণং বিভিৎসুররিবাহিনীম্ ॥১৫॥

ভারতকৌমুদী

দ্রোণঃ অনিল ইব তেন উদ্ধূতঃ সঞ্চালিতঃ। রৌদ্রো ভীষণস্তীব্রশ্চেতি ন পুনরুক্তিদোষঃ। পাণ্ডুসেনা অগ্নিরিবেতি তম্ ॥৯—১০॥

সমুদ্রমিতি। ঘর্ম্মান্তে গ্রীষ্মাবসানে, বিবান্ বিশেষেণ গচ্ছন্। বাধাতোঃ শতৃ ড়িরূপম্ ॥১১॥

ত ইতি। তে পাণ্ডবা অপি। বিভিৎসন্তো ভেত্তুমিচ্ছন্তঃ ॥১২॥

বারয়েতি। জলস্য ওঘান্ প্রবাহান্, অচলঃ পর্ব্বতঃ ॥১৩॥

তথেতি। রাজানঃ কৌরবপক্ষীয়াঃ। শূরা যুদ্ধনিপুণাঃ ॥১৪॥

হস্তী, অশ্ব ও রথসমন্বিত, মহাভীষণ, মহাতীব্র ও বিশাল মেঘতুল্য কৌরব-সৈন্য অগ্নির ন্যায় উদ্ধত পাণ্ডবসৈন্যের উপরে নানাবিধ অস্ত্র বর্ষণ করিতে লাগিল। তখন অগ্রবর্ত্তী বায়ুর তুল্য বহুবিধ অস্ত্র চলিতে থাকিল, বিদ্যুতের ন্যায় গদা প্রকাশ পাইতে লাগিল, সহস্র সহস্র বাণধারা পতিত হইতে থাকিল এবং বায়ুর ন্যায় দ্রোণাচার্য্য তাহা চালাইতে থাকিলেন ॥৯—১০॥

ক্রমে গ্রীষ্মাবসানে ভীষণ মহাবায়ু বহিত হইতে থাকিয়া যেমন সমুদ্রকে বিক্ষুব্ধ করে, সেইরূপ দ্রোণ পাণ্ডবসৈন্যকে বিক্ষুব্ধ করিয়া তুলিলেন ॥১১॥

তখন প্রবল জলপ্রবাহ যেমন মহাসেতু ভেদ করিবার জন্য ধাবিত হয়, সেইরূপ পাণ্ডবসৈন্যেরাও সর্বপ্রযত্নে দ্রোণের দিকেই ধাবিত হইল ॥১২॥

তৎকালে পর্ব্বত যেমন জলপ্রবাহসমূহকে বারণ করে, সেইরূপ দ্রোণও যুদ্ধে সেই ক্রুদ্ধ পাণ্ডব, পাঞ্চাল ও কেকয়গণকে বারণ করিতে লাগিলেন ॥১৩॥

এবং মহাবল ও বীর অন্য রাজারাও সকল দিকে পরিবেষ্টন করিয়া যদ্ধে পাঞ্চালগণকে বারণ করিতে থাকিলেন ॥১৪॥

যথৈব শরবর্ষাণি দ্রোণো বর্ষতি পার্ষতে।
তথৈব শরবর্ষাণি ধৃষ্টদ্যুম্নোঽপ্যবর্ষত ॥১৬॥
স নিস্ত্রিংশপুরোবাতঃ শক্তিপ্রাসর্ষ্টিসংবৃতঃ।
জ্যাবিদ্যুচ্চাপসংহ্রাদো ধৃষ্টদ্যুম্নবলাহকঃ ॥১৭॥
শরধারাশ্মবর্ষাণি ব্যস্থজৎ সর্ব্বতো দিশম্।
নিঘ্নন্ রথবরাশ্বৌঘান্ প্লাবয়ামাস বাহিনীম্ ॥১৮॥ (যুগ্মকম্)
যং যমার্চ্ছচ্ছরৈর্দ্রোণঃ পাণ্ডবানাং রথব্রজম্।
ততস্ততঃ শরৈর্দ্রোণমপাকর্ষত পার্ষতঃ ॥১৯॥
তথা তু যতমানস্য দ্রোণস্য যুধি ভারত!।
ধৃষ্টদ্যুম্নং সমাসাদ্য ত্রিধা সৈন্যমভিদ্যত ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। সংজঘান আজঘান। বিভিৎসুর্ভেত্তুমিচ্ছুঃ ॥১৫॥

যথেতি। বর্ষতি করোতি শেষত্যর্থঃ। অবর্ষত দ্রোণে অবর্ষদকরোৎ ॥১৬॥

স ইতি। অত্রাপি শক্তিপ্রাসর্ষ্টিসংবৃত ইত্যস্য ধৃষ্টদ্যুম্নে সম্ভবাদ্বলাহকে চাসম্ভবাৎ পূর্ব-বদুপমিতসমাস এব কর্ত্তব্যঃ। তথা চ নিস্ত্রিংশঃ কৃপাণঃ পুরোবাত ইব যস্য সঃ। জ্যা ধনুর্গুণো বিদ্যুদিব যস্য সঃ, চাপস্য সংহ্রাদষ্টঙ্কারো নির্ঘোষ ইব যস্য সঃ, ধৃষ্টদ্যুম্নো বলাহকো মেঘ ইব সঃ। শরধারা অশ্মবর্ষাণি পাষাণবৃষ্টয় ইব তানি। সর্বতো দিশং ব্যাপ্য। প্লাবয়ামাস প্লাবিতামিব মর্দ্দিতাং চকার, বাহিনীং কৌরবসেনাম্ ॥১৭—১৮॥

যমিতি। আর্চ্ছদপীড়য়ৎ। রথানাং ব্রজং সমূহম্। অপাকর্ষত ন্যবারয়ৎ ॥১৯॥

তদনন্তর ধৃষ্টদ্যুম্ন পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া শত্রুসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া যুদ্ধে বার বার দ্রোণকে আঘাত করিতে লাগিলেন ॥১৫॥

দ্রোণ ধৃষ্টদ্যুম্নের উপরে যেভাবে বাণ বর্ষণ করিতে লাগিলেন, ধৃষ্টদ্যুম্নও সেইভাবেই দ্রোণের উপরে বাণ বর্ষণ করিতে থাকিলেন ॥১৬॥

শক্তি, প্রাস ও ঋষ্টিসমন্বিত ধৃষ্টদ্যুম্ন মেঘের ন্যায় সকল দিক্ ব্যাপিয়া পাষাণবৃষ্টির ন্যায় শরধারাবৃষ্টি করিতে লাগিলেন এবং প্রধান রথী ও অশ্ব-সমূহকে সংহার করতঃ কৌরবসেনাকে প্লাবিত করিয়া ফেলিলেন। তৎকালে তাঁহার তরবারিও অগ্রবর্ত্তী বায়ুর ন্যায় চলিতেছিল, ধনুর গুণ বিদ্যুতের ন্যায় প্রকাশ পাইতেছিল এবং মেঘনির্ঘোষের ন্যায় ধনুষ্টঙ্কার হইতেছিল ॥১৭—১৮॥

তখন দ্রোণ বাণদ্বারা পাণ্ডবপক্ষের যে যে রথসমূহকে পীড়ন করিতে লাগিলেন, ধৃষ্টদ্যুম্নও বাণদ্বারা সেই সেই স্থান হইতেই দ্রোণকে আকর্ষণ করিয়া আনিতে থাকিলেন ॥১৯॥

ভোজমেকেঽভ্যবর্ত্তন্ত জলসন্ধং তথাপরে।
পাণ্ডবৈর্হন্যমানাশ্চ দ্রোণমেবাপরে যযুঃ ॥২১॥
সংঘট্টয়তি সৈন্যানি দ্রোণস্তু রথিনাং বরঃ।
ব্যধমচ্চাপি তান্যস্য ধৃষ্টদ্যুম্নো মহারথঃ ॥২২॥
ধার্ত্তরাষ্ট্রাস্ত্রিধা ভূতা বধ্যন্তে পাণ্ডুসৃঞ্জয়ৈঃ।
অগোপাঃ পশবোঽরণ্যে বহুভিঃ শ্বাপদৈরিব ॥২৩॥
কালঃ সংগ্রসতে লোকান্ ধৃষ্টদ্যুম্নেন মোহিতান্।
সংগ্রামে তুমুলে তস্মিন্নিতি সংমেনিরে জনাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

তথেতি। সংহতীকর্ত্তুং যতমানস্যাপি দ্রোণস্য সৈন্যমিতি সম্বন্ধঃ ॥২০॥
ভোজমিতি। ভোজং ভোজবংশীয়ং কৃতবর্ম্মাণম্, একে কৌরবসৈন্যাঃ ॥২১॥
সমিতি। সংঘট্টয়তি সংযোজয়তি স্ম। ব্যধমত্তাড়নেন ব্যশ্লেষয়ৎ ॥২২॥
ধার্ত্তেতি। ধার্ত্তরাষ্ট্রাঃ কৌরবসৈনিকাঃ। অগোপাঃ পালকরহিতাঃ ॥২৩॥
কাল ইতি। সংমেনিরে অনবরতসংহারদর্শনাদিত্যাশয়ঃ ॥২৪॥

ভরতনন্দন! দ্রোণ যুদ্ধে আপন সৈন্যগণকে সেইভাবে সংহত রাখিতে চেষ্টা করিতে লাগিলেও কৌরবসৈন্য ধৃষ্টদ্যুম্নের প্রতাপে তিন ভাগে বিভক্ত হইয়া গেল ॥২০॥

পাণ্ডবেরা বধ করিতে লাগিলে, কৌরবসৈন্যের মধ্যে একদল কৃতবর্ম্মার আশ্রয় লইল, অপর দল জলসন্ধের শরণাপন্ন হইল এবং অন্য দল দ্রোণের আশ্রয়ে গমন করিল ॥২১॥

তখন রথিশ্রেষ্ঠ দ্রোণ কৌরবসৈন্যদিগকে একবার সম্মিলিত করেন, আবার মহারথ ধৃষ্টদ্যুম্ন তাহাদিগকে বিশ্লিষ্ট করিয়া ফেলেন (এইরূপ চলিতে লাগিল) ॥২২॥

এইভাবে কৌরবসৈন্য তিন ভাগে বিভক্ত হইয়া গেল; তখন বনমধ্যে বহুতর হিংস্র জন্তু যেমন পশুপালশূন্য পশুদিগকে বধ করে, সেইরূপ পাণ্ডব ও সৃঞ্জয়েরা কৌরবসৈন্যদিগকে বধ করিতে লাগিলেন ॥২৩॥

সেই সময়ে সমস্ত লোক এইরূপ মনে করিতে লাগিল যে, এই তুমুল যুদ্ধে ধৃষ্টদ্যুম্ন কৌরবসৈন্যদিগকে মোহিত করিতেছেন, আর কাল তাহাদিগকে গ্রাস করিতেছে ॥২৪॥

(২৪) কালঃ সংগ্রসতে যোধান্…পি, কালস্তু গ্রসতো যোধান্…বা, কালঃ স্ম গ্রসতে যোধান্…নি।

কুনৃপস্য যথা রাষ্ট্রং দুর্ভিক্ষব্যাধিতস্করৈঃ।
দ্রাব্যতে তদ্বদাপন্না পাণ্ডবৈস্তব বাহিনী ॥২৫॥
অর্করশ্মিবিমিশ্রেষু শস্ত্রেষু কবচেষু চ।
চক্ষূংষি প্রত্যহন্যন্ত সৈন্যেন রজসা তথা ॥২৬॥
ত্রিধাভূতেষু সৈন্যেষু বধ্যমানেষু পাণ্ডবৈঃ।
অমর্ষিতস্ততো দ্রোণঃ পাঞ্চালান্ ব্যধমচ্ছরৈঃ ॥২৭॥
মৃদ্নতস্তান্যনীকানি নিঘ্নতশ্চাপি সায়কৈঃ।
বভূব রূপং দ্রোণস্য কালাগ্নেরিব দীপ্যতঃ ॥২৮॥
রথং নাগং হয়ঞ্চাপি পত্তিনঞ্চ বিশাংপতে!।
একৈকেনেষুণা সংখ্যে নির্বিভেদ মহারথঃ ॥২৯॥

ভারতকৌমুদী

কুনৃপস্যেতি। রাষ্ট্রং রাজ্যম্ঃ দ্রাব্যতে উপদ্রবাস্পদীক্রিয়তে, আপন্না বিপন্না ॥২৫॥
অর্কেতি। সৈন্যেন সৈন্যোত্তোলিতেন, রজসা ধূল্যা ॥২৬॥
ত্রিধেতি। অমর্ষিতঃ ক্রুদ্ধঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥২৭॥
মৃদ্নত ইতি। মৃদ্নতো মর্দ্দয়তঃ, অনীকানি পাণ্ডবসৈন্যানি ॥২৮॥
রথমিতি। রথং রথিনম্, নাগং গজম্, হয়মশ্বম্। মহারথো দ্রোণঃ ॥২৯॥

মহারাজ! ক্রমে কুরাজার রাজ্য যেমন দুর্ভিক্ষ, রোগ ও চৌরপ্রভৃতি-দ্বারা বিধ্বস্ত হয়, সেইরূপ আপনার সৈন্য পাণ্ডবগণদ্বারা বিধ্বস্ত হইতে লাগিল ॥২৫॥

তৎকালে সূর্য্যকিরণযুক্ত অস্ত্র ও কবচের উপরে পতিত হইয়া লোকের চক্ষু প্রতিহত হইতে থাকিল এবং সৈন্যগণোত্তোলিত ধূলিতেও প্রতিহত হইতে লাগিল ॥২৬॥

কৌরবসৈন্য তিন ভাগে বিভক্ত হইয়া গেলে এবং পাণ্ডবেরা তাহাদিগকে বধ করিতে লাগিলে, দ্রোণ ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা পাঞ্চালগণকে বিনাশ করিতে লাগিলেন ॥২৭॥

দ্রোণ বাণদ্বারা সেই সৈন্যগণকে মর্দ্দন ও সংহার করিতে লাগিলে, তাঁহার মূর্ত্তি তখন প্রজ্বলিত কালাগ্নির ন্যায় হইয়া পড়িল ॥২৮॥

নরনাথ! মহারথ দ্রোণ এক একটা বাণদ্বারা যুদ্ধে এক এক জন রথী ও পদাতিকে এবং এক একটা হস্তী ও অশ্বকে বিদীর্ণ করিতে লাগিলেন ॥২৯॥

(২৯)·· পত্তিনশ্চ বিশাংপতে!· বা নি।

পাণ্ডবানাস্তু সৈন্যেষু নাস্তি কশ্চিৎ স ভারত ! ।
দধার যো রণে বাণান্ দ্রোণচাপচ্যুতান্ প্রভো ! ॥৩০॥
তৎ পচ্যমানমর্কেণ দ্রোণসায়কতাপিতম্ ।
বভ্রাম পাণ্ডবং সৈন্যং তত্র তত্রৈব ভারত ! ॥৩১॥
তথৈব পার্ষতেনাপি কাল্যমানং বলং তব ।
অভবৎ সর্ব্বতো দীপ্তং শুষ্কং বনমিবাগ্নিনা ॥৩২॥
বধ্যমানেষু সৈন্যেষু দ্রোণপার্ষতসায়কৈঃ ।
ত্যক্ত্বা প্রাণান্ পরং শক্ত্যা যুধ্যন্তে সর্ব্বতোমুখাঃ ॥৩৩॥
তাবকানাং পরেষাঞ্চ যুধ্যতাং পুরুষর্ষভ ! ।
নাসীৎ কশ্চিন্মহারাজ ! যোঽত্যাক্ষীৎ সংযুগং ভয়াৎ ॥৩৪॥
ভীমসেনস্তু কৌন্তেয়ং সোদর্য্যাঃ পর্য্যবারয়ন্ ।
বিবিংশতিশ্চিত্রসেনো বিকর্ণশ্চ মহারথঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

পাণ্ডবানামিতি। নাস্তীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা। স তাদৃশঃ ॥৩০॥
তদিতি। পচ্যমানং দহ্যমানম্। বভ্রাম কর্ত্তব্যবিমূঢ়ত্বাৎ ॥৩১॥
তথেতি। পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন, কাল্যমানং মর্দ্দ্যমানম্। দীপ্তং সন্তপ্তং জ্বলিতঞ্চ ॥৩২॥
বধ্যেতি। ত্যক্ত্বা ত্যাগোদ্যমং কৃত্বা। সর্বতোমুখা উভয়পক্ষসৈনিকাঃ ॥৩৩॥
তাবকানামিতি। যুধ্যতাং যুধ্যমানানাম্। সংযুগং রণস্থলম্ ॥৩৪॥

ভরতনন্দন রাজা ! পাণ্ডবসৈন্যমধ্যে সেপ্রকার কোন যোদ্ধা ছিল না, যে—যুদ্ধে দ্রোণকার্ম্মুকনির্গত বাণ ধারণ করিতে পারিত ॥৩০॥

ভরতনন্দন ! তখন পাণ্ডবসৈন্যেরা সূর্য্যের কিরণে দগ্ধ এবং দ্রোণের বাণে সন্তাপিত হইয়া সেই সেই স্থানে ঘুরিতে লাগিল ॥৩১॥

সেইরূপই ধৃষ্টদ্যুম্নও পীড়ন করিতে থাকিলে, অগ্নিকর্ত্তৃক দহ্যমান শুষ্ক বনের ন্যায় আপনার সৈন্যও সকল দিকেই সন্তপ্ত হইতে থাকিল ॥৩২॥

দ্রোণ ও ধৃষ্টদ্যুম্নের বাণে উভয়পক্ষের সৈন্যই নিহত হইতে থাকিলে, তাহারা প্রাণত্যাগের উদ্যম করিয়া শক্তি অনুসারে সকল দিকে যুদ্ধ করিতে লাগিল ॥৩৩॥

পুরুষশ্রেষ্ঠ মহারাজ ! আপনার পক্ষের বা বিপক্ষের যুধ্যমান সৈন্যগণের মধ্যে এমন কেহ ছিল না, যে—ভয়ে রণস্থল ত্যাগ করিয়াছিল ॥৩৪॥

(৩১)···বভ্রাম পার্ষতং সৈন্যম্···বা নি। (৩৩) বাধ্যমানেষু সৈন্যেষু···বা নি,···যুধ্যন্তে স্বর্গলিপ্সবঃ—নি।

বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ ক্ষেমধূর্ত্তিশ্চ বীর্য্যবান্।
ত্রয়াণাং তব পুত্রাণাং ত্রয় এবানুযায়িনঃ ॥৩৬॥
বাহ্লীকরাজস্তেজস্বী কুলপুত্রো মহারথঃ।
সহসেনঃ সহামাত্যো দ্রৌপদেয়ানবারয়ৎ ॥৩৭॥
শৈব্যো গোবাসনো রাজা যোধৈর্দশশতাবরৈঃ।
কাশ্যস্যাভিভুবঃ পুত্রং পরাক্রান্তমবারয়ৎ ॥৩৮॥
অজাতশত্রুং কৌন্তেয়ং জ্বলন্তমিব পাবকম্।
মদ্রাণামীশ্বরঃ শল্যো রাজা রাজানমাবৃণোৎ ॥৩ ॥

ভারতকৌমুদী

ভীমেতি। কৌন্তেয়মিতি ভীমসেনান্তরব্যাবৃত্ত্যর্থম্। সোদর্য্যাঃ সহোদরাঃ ॥৩৫॥
বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। পুত্রাণামুক্তানাম্। অনুযায়িন আসন্ ॥৩৬॥
বাহ্লীকেতি। কুলপুত্রঃ সদ্বংশজাতঃ। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্ ॥৩৭॥
শৈব্য ইতি। শৈব্যঃ শিবিদেশীয়ঃ। দশ শতানি অবরাণি ন্যূনানি যেষাং তৈঃ ॥৩৮॥
অজাতেতি। অজাতশত্রুং যুধিষ্ঠিরম্। আবৃণোৎ শরজালেনেতি শেষঃ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

প্রবিষ্টয়োরিতি ॥১—৬॥ হিমাত্যয়ে শিশিরে ॥৭—১৭॥ প্রাবয়ামাস বিদ্রাবিতবান্ ॥১৮॥ অপাকর্ষত ব্যাবর্ত্তিতবান্ ॥১৯—২১॥ সংঘট্টয়তি সম্মেলয়তি ॥২২—৩৭॥ কাশ্যস্য কাশিরাজস্য ॥৩৮—৫১॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥৮২॥

ক্রমে বিবিংশতি, চিত্রসেন ও মহারথ বিকর্ণ এই তিন সহোদর কুন্তীনন্দন ভীমসেনকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩৫॥

অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ এবং বলবান্ ক্ষেমধূর্ত্তি ইহারা তিন জন আপনার উক্ত তিন পুত্রের অনুগামী হইলেন ॥৩৬॥

তেজস্বী, সদ্বংশজাত ও মহারথ বাহ্লীকরাজ সৈন্য ও অমাত্যগণের সহিত মিলিত হইয়া দ্রৌপদীর পুত্রগণকে বারণ করিতে লাগিলেন ॥৩৭॥

শিবিদেশীয় গোবাসনরাজা ন্যূনকল্পে দশ শত যোদ্ধার সহিত সম্মিলিত হইয়া পরাক্রমশালী কাশীরাজ অভিভূর পুত্রকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩৮॥

মদ্রাধিপতি শল্যরাজা শরজালদ্বারা প্রজ্বলিত অগ্নির ন্যায় আগত কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠিরকে আবৃত করিলেন ॥৩৯॥

দুঃশাসনস্ত্ববস্থাপ্য স্বমনীকমমর্ষণঃ।
সাত্যকিং প্রযযৌ ক্রুদ্ধঃ শূরো রথবরং যুধি ॥৪০॥
স্বকেনাহমনীকেন সন্নদ্ধঃ কবচাবৃতঃ।
চতুঃশতৈর্মহেষ্বাসৈশ্চেকিতানমবারয়ম্ ॥৪১॥
শকুনিস্তু সহানীকো মাদ্রীপুত্রমবারয়ৎ।
গান্ধারকৈঃ সপ্তশতৈশ্চাপশক্ত্যসিপাণিভিঃ ॥৪২॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বিরাটং মৎস্যমার্চ্ছতাম্।
প্রাণাংস্ত্যক্ত্বা মহেষ্বাসৌ মিত্রার্থেঽভ্যুদ্যতায়ুধৌ ॥৪৩॥
শিখণ্ডিনং যাজ্ঞসেনিং রুন্ধানমপরাজিতম্।
বাহ্লীকঃ প্রতিসংযত্তঃ পরাক্রান্তমবারয়ৎ ॥৪৪॥

ভারতকৌমুদী

দুঃশাসন ইতি। অনীকং সৈন্যম্, অমর্ষণঃ অসহিষ্ণুঃ ॥৪০॥

স্বকেনেতি। স্বকেন স্বকীয়েন, অহং সঞ্জয়ঃ, সন্নদ্ধঃ সজ্জিতঃ। যুধ্যমানস্যাপি সঞ্জয়স্য সর্বযুদ্ধবৃত্তান্তজ্ঞানন্তু ব্যাসদত্তবরপ্রভাবাদিতি স্মর্তব্যম্ ॥৪১॥

শকুনিরিতি। মাদ্রীপুত্রং নকুলং সহদেবঞ্চ, দ্বয়োরপি বক্ষ্যমাণত্বাৎ ॥৪২॥

বিন্দেতি। মৎস্যং মৎস্যরাজম্, আর্চ্ছতামপীড়য়তাম্। ত্যক্ত্বা ত্যাগোদ্যমং কৃত্বা ॥৪৩॥

শিখণ্ডিনমিতি। যজ্ঞসেনস্য দ্রুপদস্যাপত্যমিতি যাজ্ঞসেনিস্তম্, রুন্ধানং মার্গম্ ॥৪৪॥

অসহিষ্ণু ও বীর দুঃশাসন ক্রুদ্ধ হইয়া আপন সৈন্যগণকে সঙ্গে রাখিয়া যুদ্ধে রথিশ্রেষ্ঠ সাত্যকির দিকে গমন করিলেন ॥৪০॥

আমি (সঞ্জয়) যুদ্ধসজ্জায় সজ্জিত ও কবচাবৃত হইয়া স্বকীয় সৈন্য ও চারিশত মহাধনুর্দ্ধর লইয়া চেকিতানকে বারণ করিতে লাগিলাম ॥৪১॥

শকুনি কৌরবসৈন্য এবং ধনু, শক্তি ও অসিধারী সপ্তশত গান্ধারসৈন্যের সহিত মিলিত হইয়া নকুল ও সহদেবকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪২॥

মিত্র দুর্য্যোধনের জন্য অস্ত্রধারী ও মহাধনুর্দ্ধর অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ প্রাণত্যাগের উদ্যম করিয়া মৎস্যরাজ বিরাটকে পীড়ন করিতে লাগিলেন ॥৪৩॥

দ্রুপদনন্দন অপরাজিত শিখণ্ডী উপস্থিত হইয়া পথরোধ করিতেছিলেন, তখন বাহ্লীক বিশেষ যত্নবান্ হইয়া সেই পরাক্রমশালীকে বারণ করিতে থাকিলেন ॥৪৪॥

---

(৪২)…মাদ্রীপুত্রাববারয়ৎ…নি।

ধৃষ্টদ্যুম্নঞ্চ পাঞ্চাল্যং ক্রূরৈঃ সার্দ্ধং প্রভদ্রকৈঃ।
আবন্ত্যঃ সহ সৌবীরৈঃ ক্রুদ্ধরূপমবারয়ৎ ॥৪৫॥
ঘটোৎকচং তথা শূরং রাক্ষসং ক্রূরকর্ম্মিণম্।
অলায়ুধোঽদ্রবত্তূর্ণং ক্রুদ্ধমায়ান্তমাহবে ॥৪৬॥
অলম্বুষং রাক্ষসেন্দ্রং কুন্তিভোজো মহারথঃ।
সৈন্যেন মহতা যুক্তঃ ক্রুদ্ধরূপমবারয়ৎ ॥৪৭॥
সৈন্ধবঃ পৃষ্ঠতস্ত্বাসীৎ সর্ব্বসৈন্যস্য ভারত!।
রক্ষিতঃ পরমেষ্বাসৈঃ কৃপপ্রভৃতিভী রথৈঃ ॥৪৮॥
তস্যাস্তাং চক্ররক্ষৌ দ্বৌ সৈন্ধবস্য বৃহত্তমৌ।
দ্রৌণির্দক্ষিণতো রাজন্! সূতপুত্রশ্চ বামতঃ ॥৪৯॥
পৃষ্ঠগোপাশ্চ তস্যাসন্ সৌমদত্তিপুরোগমাঃ।
কৃপশ্চ বৃষসেনশ্চ শলঃ শল্যশ্চ দুর্জয়ঃ ॥৫০॥

ভারতকৌমুদী

ধৃষ্টেতি। আবন্ত্যো বিন্দানুবিন্দাভ্যামপরঃ কশ্চিদ্বীরঃ ॥৪৫॥
ঘটোৎকচমিতি। ক্রূরং নিষ্ঠুরং কর্ম্মাস্যাস্তীতি তম্। আহবে যুদ্ধে ॥৪৬॥
অলম্বুষমিতি। অপরমিমং রাক্ষসেন্দ্রম্ ॥৪৭॥
সৈন্ধব ইতি। সৈন্ধবঃ সিন্ধুরাজো জয়দ্রথঃ। পরমেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ ॥৪৮॥
তস্যেতি। বৃহত্তমৌ মহাবীরৌ। দ্রৌণিরশ্বত্থামা। সূতপুত্রঃ কর্ণঃ ॥৪৯॥
পৃষ্ঠেতি। পৃষ্ঠং গোপয়ন্তি রক্ষন্তীতি পৃষ্ঠগোপাঃ। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ ॥৫০॥

পাঞ্চালরাজপুত্র ক্রুদ্ধ ধৃষ্টদ্যুম্ন ক্রূরপ্রকৃতি প্রভদ্রকগণের সহিত আসিতে লাগিলে, অবন্তিদেশীয় একজন মহাবীর সৌবীরদিগের সহিত মিলিত হইয়া তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪৫॥

বীর ও ক্রূরকর্ম্মা রাক্ষস ঘটোৎকচ ক্রুদ্ধ হইয়া যুদ্ধে আসিতে লাগিলে, অলায়ুধ সত্বর তাহার দিকে ধাবিত হইল ॥৪৬॥

রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষ ক্রুদ্ধ হইয়া যাইতে থাকিলে, মহারথ কুন্তিভোজ বিশাল সৈন্যের সহিত মিলিত হইয়া তাহাকে বারণ করিতে থাকিলেন ॥৪৭॥

রাজা! তাহার পর বিন্দ ও অনুবিন্দকে নিহত দেখিয়া তাঁহাদের অনুচরগণ অত্যন্তক্রুদ্ধ হইয়া শত শত বাণ নিক্ষেপ করিতে করিতে অর্জ্জুনের দিকে ধাবিত হইল ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ! তখন অর্জ্জুন তীক্ষ্ণ বাণসমূহদ্বারা তাহাদিগকে বধ করিয়া—বসন্তকালে অগ্নি যেমন বন দগ্ধ করিয়া প্রকাশ পায়, সেইরূপ প্রকাশ পাইলেন ॥৩১॥

পরে অর্জ্জুন কষ্টক্রমেই যেন তাঁহাদের সৈন্য অতিক্রম করিয়া, মেঘ বিদারণপূর্ব্বক আবির্ভূত সূর্য্যের ন্যায় বিরাজিত হইলেন ॥৩২॥

ভরতশ্রেষ্ঠ! ক্রমে কৌরবেরা অর্জ্জুনকে দেখিয়া ভীতও হইলেন, আবার

(২৯)…নিচকর্ত্ত…বা নি। (৩২)…জলদং ভিত্ত্বা…বা নি।

শ্রান্তঞ্চৈনং সমালক্ষ্য জ্ঞাত্বা দূরে চ সৈন্ধবম্ ।
সিংহনাদেন মহতা সর্বতঃ পর্য্যবারয়ন্ ॥৩৪॥
তাংস্তু দৃষ্ট্বা সুসংরব্ধানুৎস্ময়ন্ পুরুষর্ষভঃ ।
শনকৈরিব দাশার্হমর্জ্জুনো বাক্যমব্রবীৎ ॥৩৫॥
শরার্দ্দিতাশ্চ গ্লানাশ্চ হয়া দূরে চ সৈন্ধবঃ ।
কিমিহানন্তরং কার্য্যং জ্যায়িষ্ঠং তব রোচতে ॥৩৬॥
ব্রূহি কৃষ্ণ ! যথাতত্ত্বং ত্বং হি প্রাজ্ঞতমঃ সদা ।
ভবন্নেত্রা রণে শত্রূন্ বিজেষ্যন্তীহ পাণ্ডবাঃ ॥৩৭॥
মম ত্বনন্তরং কৃত্যং যদ্বৈ তত্ত্বং নিবোধ মে ।
হয়ান্ বিমুচ্য হি সুখং বিশল্যান্ কুরু মাধব ! ॥৩৮॥

ভারতকৌমুদী

শ্রান্তমিতি। সৈন্ধবং সিন্ধুরাজং জয়দ্রথম্। পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত ॥৩৪॥
তানিতি। সুসংরব্ধান্ অতীবোৎসাহিনঃ, উৎস্ময়ন্ ঈষদ্ধসন্। দাশার্হং কৃষ্ণম্ ॥৩৫॥
শরেতি। হয়া মমাশ্বাঃ, সৈন্ধবো জয়দ্রথঃ। জ্যায়িষ্ঠং প্রধানম্ ॥৩৬॥
ব্রূহীতি। ভবানেব নেতা নায়কো যেষাং তে, রাজাদিত্বাদং ॥৩৭॥
মমেতি। কৃত্যং রোচত ইতি শেষঃ। সুখং নির্ভয়ম্, বিশল্যান্ উদ্ধৃতবাণাগ্রান্ ॥৩৮॥

আনন্দিতও হইলেন। পরে তাঁহারা সকল দিক্ হইতে অর্জ্জুনের দিকে যাই[illegible] লাগিলেন ॥৩৩॥

ক্রমে তাঁহারা অর্জ্জুনকে পরিশ্রান্ত দেখিয়া এবং জয়দ্রথ দূরে রহিয়াছে[illegible] জানিয়া বিশাল সিংহনাদ করিয়া সকল দিকে তাঁহাকে বেষ্টন করিলেন ॥৩৪॥

কৌরবগণকে উৎসাহী দেখিয়া পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন ঈষৎ হাস্য করতই যে[illegible] ধীরে ধীরে কৃষ্ণকে বলিলেন—॥৩৫॥

'কৃষ্ণ ! আমার অশ্বগুলি বাণপীড়িত ও পরিশ্রান্ত হইয়াছে, অথ চ জয়দ্রথ[illegible] দূরে রহিয়াছে। অতএব তোমার এখন কোন্ কার্য্য প্রধান বলিয়া বো[illegible] হয় ? ॥৩৬॥

কৃষ্ণ ! তুমি যথার্থ বিষয় বল, তুমি চিরদিনই অসাধারণ বুদ্ধিমান্ এব[illegible] পাণ্ডবেরা তোমার নায়কতার গুণেই যুদ্ধে শত্রুগণকে জয় করিবেন ॥৩৭॥

কিন্তু আমার মতে যাহা পরকর্ত্তব্য, তাহা তুমি আমার নিকট শ্রবণ কর—

(৩৫)···অস্ময়ং পুরুষর্ষভঃ···পি,·· উৎস্ময়ন্ পুরুষর্ষভ !···বর্দ্ধ। (৩৬)···সাধিষ্ঠং ত[illegible] রোচতে—নি।

এবমুক্তস্তু পার্থেন কেশবঃ প্রত্যুবাচ তম্।
মমাপ্যেতন্মতং পার্থ! যদিদং তে প্রভাষিতম্ ॥৩৯॥

অর্জ্জুন উবাচ।

অহমাবারয়িষ্যামি সর্বসৈন্যানি কেশব!।
ত্বমপ্যত্র যথান্যায়ং কুরু কার্য্যমনন্তরম্ ॥৪০॥

সঞ্জয় উবাচ।

সোঽবতীর্য্য রথোপস্থাদসংভ্রান্তো ধনঞ্জয়ঃ।
গাণ্ডীবং ধনুরাদায় তস্থৌ গিরিরিবাচলঃ ॥৪১॥
তমভ্যধাবন্ ক্রোশন্তঃ ক্ষত্রিয়া জয়গৃদ্ধিনঃ।
ইদং ছিদ্রমিতি জ্ঞাত্বা ধরণীস্থং ধনঞ্জয়ম্ ॥৪২॥
তমেকং রথবংশেন মহতা পর্য্যবারয়ন্।
বিকর্ষন্তশ্চ চাপানি বিসৃজন্তশ্চ সায়কান্ ॥৪৩॥

ভারতকৌমুদী

এবমিতি। পার্থেন অর্জ্জুনেন। তে ত্বয়া ॥৩৯॥
অহমিতি। যথান্যায়ং যথোচিতম্। অনন্তরং পরবর্ত্তি ॥৪০॥
স ইতি। রথস্য উপস্থাৎ উপরিদেশাৎ, অসংভ্রান্তঃ অবিচলিতচিত্তঃ ॥৪১॥
তমিতি। ক্রোশন্তঃ স্বপক্ষানাহ্বয়ন্তঃ, জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ ॥৪২॥
তমিতি। রথানাং বংশেন সমূহেন, পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত ॥৪৩॥

কৃষ্ণ! তুমি নির্ভয়চিত্তে অশ্বগণকে মুক্ত করিয়া শল্য-(বাণাগ্র-) বিহীন কর ॥৩৮॥

অর্জ্জুন এইরূপ বলিলে, কৃষ্ণ তাঁহাকে বলিলেন—'অর্জ্জুন! তুমি এই যাহা বলিলে, আমারও ইহাই মত' ॥৩৯॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! আমি সমস্ত বিপক্ষসৈন্য নিবারণ করিব; তুমিও এখন যথোচিত পরকর্ত্তব্য কার্য্য কর' ॥৪০॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর অর্জ্জুন রথমধ্য হইতে নামিয়া অবিচলিতচিত্ত থাকিয়া গাণ্ডীবধনু ধারণ করিয়া পর্ব্বতের ন্যায় অচল হইয়া দাঁড়াইলেন ॥৪১॥

তখন জয়াভিলাষী কুরুপক্ষীয় ক্ষত্রিয়েরা 'ইহাই ছিদ্র' ইহা বুঝিয়া স্বপক্ষগণকে আহ্বান করিতে থাকিয়া ভূতলস্থিত অর্জ্জুনের প্রতি ধাবিত হইলেন ॥৪২॥

(৪২)···জয়কাঙ্ক্ষিণঃ···নি।

অস্ত্রাণি চ বিচিত্রাণি ক্রুদ্ধাস্তত্র ব্যদর্শয়ন্ ।
ছাদয়ন্তঃ শরৈঃ পার্থং মেঘা ইব দিবাকরম্ ॥৪৪॥
অভ্যদ্রবন্ত বেগেন ক্ষত্রিয়াঃ ক্ষত্রিয়র্ষভম্ ।
নরসিংহং রথোদারা সিংহং মত্তা ইব দ্বিপাঃ ॥৪৫॥
তত্র পার্থস্য ভুজয়োর্মহদ্বলমদৃশ্যত ।
যৎ ক্রুদ্ধা বহুলাঃ সেনাঃ সর্ব্বতঃ পর্য্যবারয়ৎ ॥৪৬॥
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য দ্বিষতাং সর্ব্বতো বিভুঃ ।
ইষুভির্বহুভিস্তূর্ণং সর্ব্বানেব সমাবৃণোৎ ॥৪৭॥
তত্রান্তরীক্ষে বাণানাং প্রগাঢ়ানাং বিশাংপতে ! ।
সংঘর্ষেণ মহার্চ্চিস্মান্ পাবকঃ সমজায়ত ॥৪৮॥

ভারতকৌমুদী

অস্ত্রাণীতি। ক্রুদ্ধাঃ কৌরবযোদ্ধারঃ ॥৪৪॥
অভীতি। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্ত। নরসিংহমর্জ্জুনম্, রথোদারা রথিশ্রেষ্ঠাঃ ॥৪৫॥
তত্রেতি। অদৃশ্যত সর্বৈরেব। পর্য্যবারয়ৎ নিবারিতবান্ ॥৪৬॥
অস্ত্রৈরিতি। বিভুঃ প্রভাববানর্জ্জুনঃ। ইষুভির্বাণৈঃ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

বিবর্ত্তেতি ॥১—৬॥ স্নায়ুনদ্ধাঃ সূক্ষ্মচর্ম্মাগ্রগ্রথিতাঃ ॥৭—৮॥ ক্রোশং ক্রোশনুদি৺ ॥৯—২৩॥ পার্ষ্ণিসারথী পৃষ্ঠরক্ষকৌ ॥২৪—২৮॥ অদ্রিচয়ো গিরিশৃঙ্গম্ ॥২৯—৪৭॥ প্রগাঢ়ানাং

এবং তাঁহারা ধনু আকর্ষণ ও বাণক্ষেপ করিতে করিতে আসিয়া বিশাল রথসমূহদ্বারা এক অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন ॥৪৩॥

মেঘ যেমন সূর্য্যকে আচ্ছাদন করে, সেইরূপ সেই ক্রুদ্ধ বীরেরা বাণদ্বারা অর্জ্জুনকে আচ্ছাদন করিয়া বিচিত্র অস্ত্র সকল দর্শন করাইতে লাগিলেন ॥৪৪॥

ক্রমে মত্ত হস্তিগণ যেমন সিংহের প্রতি বেগে ধাবিত হয়, সেইরূপ সেই রথিশ্রেষ্ঠ ক্ষত্রিয়েরা ক্ষত্রিয়শ্রেষ্ঠ ও নরপ্রধান অর্জ্জুনের প্রতি বেগে ধাবিত হইলেন ॥৪৫॥

তখন আমরা সকলেই অর্জ্জুনের বাহুযুগলের মহাবল দেখিতে লাগিলাম। যে হেতু তিনি একক সকল দিকের ক্রুদ্ধ বহু সৈন্যকে বারণ করিতে থাকিলেন ॥৪৬॥

এবং প্রভাবশালী অর্জ্জুন আপন অস্ত্রদ্বারা শত্রুগণের সকল দিকের সকল অস্ত্র নিবারণ করিয়া সত্বরই বহুতর বাণদ্বারা সমস্ত বিপক্ষকে আবৃত করিয়া ফেলিলেন ॥৪৭॥

তত্র তত্র মহেষ্বাসৈঃ শ্বসদ্ভিঃ শোণিতোক্ষিতৈঃ।
হয়ৈর্নাগৈশ্চ সংভিন্নৈর্নদদ্ভিশ্চারিকর্ষণৈঃ ॥৪৯॥
সংরব্ধৈশ্চারিভির্বীরৈঃ প্রার্থয়দ্ভির্জয়ং মৃধে।
একস্থৈর্বহুভিঃ ক্রুদ্ধৈরুষ্মেব সমজায়ত ॥৫০॥ (যুগ্মকম্)
শরোর্ম্মিণং ধ্বজাবর্ত্তং নাগনক্রং দুরত্যয়ম্।
পদাতিমৎস্যকলিলং শঙ্খদুন্দুভিনিস্বনম্ ॥৫১॥
অসংখ্যেয়মপারঞ্চ রথোর্ম্মিণমতীব চ।
উষ্ণীষকমঠচ্ছন্নং পতাকাফেনমালিনম্ ॥৫২॥
রথসাগরমক্ষোভ্যং মাতঙ্গাঙ্গশিলাচিতম্।
বেলাভূতস্তদা পার্থঃ পত্রিভিঃ সমবারয়ৎ ॥৫৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তত্রেতি। প্রগাঢ়ানাং ঘনীভূতানাং নিরন্তরাণাম্। মহার্চ্চিষ্মান্ মহাশিখাযুক্তঃ ॥৪৮॥

তত্রেতি। মহেষ্বাসৈর্বিপক্ষৈর্মহাধনুর্দ্ধরৈঃ। নাগৈর্হস্তিভিঃ, সংভিন্নৈর্বিদীর্ণৈঃ। সংরব্ধৈঃ ক্রুৎসাহিভিঃ। মৃধে যুদ্ধে। উষ্মা সংঘর্ষাতিরেকাদুত্তাপঃ ॥৪৯—৫০॥

শরেতি। অত্র পত্রিভিঃ সমবারয়দিত্যুপমায়াঃ সাধকং রূপকস্য চ বাধকমিতি সর্বত্রোপমিতসমাস এব কার্য্যঃ। তথা চ শরা উর্ম্ময়স্তরঙ্গা ইবাস্য সন্তীতি তম্। ব্রীহ্যাদিত্বাদিন্। ধ্বজা আবর্ত্তা জলভ্রময় ইব যত্র তম্, নাগা গজা নক্রাঃ কুম্ভীরা ইব যত্র তম্, দুরত্যয়ং দুস্তরম্। পদাতয়ো মৎস্যা ইব তৈঃ কলিলং ব্যাপ্তম্, শঙ্খানাং দুন্দুভীনাঞ্চ নিস্বনো নিস্বন ইব যত্র তম্। রথা অপি উর্ম্ময়স্তরঙ্গা ইবাস্য সন্তীতি তম্। পূর্ববদিন্। উষ্ণীষাঃ কমঠাঃ কচ্ছপা ইব তৈশ্ছন্নং ব্যাপ্তম্, পতাকাঃ ফেনা ইব তেষাং মালাস্যাস্তীতি তম্। রথঃ সাগর ইব তম্, মাতঙ্গানামঙ্গানি শিলা ইব তাভিশ্চিতং ব্যাপ্তম্। বেলাভূতস্তীরতুল্যঃ ॥৫১—৫৩॥

নরনাথ! তখন আকাশে নিরন্তর বাণসমূহের পরস্পর সংঘর্ষে মহাশিখাযুক্ত অগ্নি উৎপন্ন হইল ॥৪৮॥

ক্রমে সেই সেই স্থানে নিশ্বাসকারী ও রক্তসিক্ত মহাধনুর্দ্ধরগণ, অর্জ্জুনের বাণে বিদীর্ণ চীৎকারকারী অশ্ব ও হস্তিগণ এবং শত্রুবিজয়ী, ক্রুদ্ধ, জয়াভিলাষী, একস্থানস্থিত ও বহুতর বিপক্ষবীরের সংঘর্ষে যেন উত্তাপ জন্মিল ॥৪৯—৫০॥

তখন অর্জ্জুন বাণসমূহদ্বারা দুস্তর, অপরিমেয়, অপার ও অক্ষোভ্য সমুদ্রের ন্যায় সেই রথগুলিকে তীরের তুল্য বারণ করিতে থাকিলেন। বাণ ছিল তাহার তরঙ্গের ন্যায়, ধ্বজ ছিল আবর্ত্তের (ঘোলার) তুল্য, হস্তী ছিল কুম্ভীরসদৃশ, শঙ্খ ও দুন্দুভির ধ্বনি ছিল নির্ঘোষের সমান এবং রথগুলি ছিল বিশাল-

(৪৯)…নদদ্ভিশ্চারিকর্শন!—নি। (৫২)…রজো নীরমতীব চ…নি, উষ্ণীষকমঠং ছত্রপতাকাফেনমালিনম্—বা নি।

ততো জনার্দ্দনঃ সংখ্যে প্রিয়ং পুরুষসত্তমম্ ।
অসংভ্রান্তো মহাবাহুরর্জ্জুনং বাক্যমব্রবীৎ ॥৫৪॥
উদপানমিহাশ্বানাং নালমস্তি রণেঽর্জ্জুন ! ।
পরীপ্সন্তে জলঞ্চেমে পেয়ং ন ত্ববগাহনম্ ॥৫৫॥
ইদমস্তীত্যসংভ্রান্তো ব্রুবন্নস্ত্রেণ মেদিনীম্ ।
অভিহত্যার্জ্জুনশ্চক্রে বাজিপানং সরঃ শুভম্ ॥৫৬॥
শরবংশং শরস্থূণং শরচ্ছাদনমদ্ভুতম্ ।
শরবেশ্মাকরোৎ পার্থস্ত্বষ্টেবাদ্ভুতকর্ম্মকৃৎ ॥৫৭॥

ভারতকৌমুদী

তত ইতি। সংখ্যে রণস্থলে। অসংভ্রান্তঃ অবিচলিতঃ ॥৫৪॥

উদেতি। উদকং পীয়তে অস্মিন্নিতি উদপানং জলাশয়ঃ। অলং পর্য্যাপ্তম্। এতেন কিয়দস্তীতি সূচিতম্। পরীপ্সন্তে প্রাপ্তুমিচ্ছন্তি। অবগাহতে অস্মিন্নিত্যবগাহনম্ ॥৫৫॥

ইদমিতি। বাজিভিরশ্বৈঃ পীয়তে অস্মিন্নিতি বাজিপানম্, সরো জলাশয়ম্ ॥৫৬॥

ভারতভাবদীপঃ

ব্যবগাঢানাম্ ॥৪৮-৫০॥ শরা এবোর্ম্ময়ো বেগো যস্য ॥৫১॥ রথা এবোর্ম্ময়ো যত্র ॥৫২॥ বেলাভূতো মর্য্যাদারূপঃ ॥৫৩—৫৪॥ অলং পর্য্যাপ্তম্ ॥৫৫॥ অভিহত্য বাজিপানম্ অশ্বপানীয়ম্ ॥৫৬॥ (পাঠান্তরে) হংসকারণ্ডবাকীর্ণমিত্যাদি যোগ্যতয়া বর্ণনম্। বংশঃ শালাধারকাষ্ঠম্ ॥৫৭—৫৮॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়শীতিতমোঽধ্যায়ঃ ॥৮৬॥

তরঙ্গতুল্য, আর তাহা মৎস্যতুল্য পদাতিগণে ব্যাপ্ত, কচ্ছপসদৃশ উষ্ণীষে পরিপূর্ণ, ফেনসমান পতাকামালাযুক্ত এবং প্রস্তর তুল্য হস্তিদেহে সমাকীর্ণ ছিল ॥৫১—৫৩॥

তাহার পর অবিচলিত মহাবাহু কৃষ্ণ রণস্থলে পুরুষশ্রেষ্ঠ সখা অর্জ্জুনকে এই কথা বলিলেন—॥৫৪॥

'অর্জ্জুন! এই সমরভূমিতে অধিক পরিমাণে অশ্বগণের পানোপযোগী জলাশয় নাই; অথ চ এই অশ্বগণ পানীয় জল চাহিতেছে, কিন্তু অবগাহনের জল চাহে না' ॥৫৫॥

'এই আছে' এই কথা বলিয়া অর্জ্জুন অবিচলিতচিত্তে অস্ত্রদ্বারা ভূতলে আঘাত করিয়া অশ্বগণের পানযোগ্য একটী সুন্দর জলাশয় উৎপাদন করিলেন ॥৫৬॥

(৫৬) শ্লোকাৎ পরম্ "হংসকারণ্ডবাকীর্ণং চক্রবাকোপশোভিতম্। সুবিস্তীর্ণং প্রসন্নাম্ভঃ প্রফুল্লবরপঙ্কজম্ ॥ কূর্ম্মমৎস্যগণাকীর্ণমগাধমৃষিসেবিতম্। ভগবন্নারদমুনের্দর্শনালঙ্কৃতং ক্ষণাৎ ॥" ইতি শ্লোকদ্বয়মধিকম্ পি বা বঙ্গ বর্দ্ধ। "হংসকারণ্ডবাকীর্ণমিত্যাদি যোগ্যতয়া বর্ণনম্" ইতি ব্রুবতা নীলকণ্ঠেনাপি হংসাদিনির্ম্মাণস্যাসম্ভবত্বং সূচিতম্।

ততঃ প্রহস্য গোবিন্দঃ সাধু সাধ্বিত্যথাব্রবীৎ।
শরবেশ্মনি পার্থেন কৃতে তস্মিন্ মহারণে ॥৫৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে অর্জ্জুনসরোনির্ম্মাণে ষড়শীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——***——

সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ।

————:-০-:————

সঞ্জয় উবাচ।

সলিলে জনিতে তস্মিন্ কৌন্তেয়েন মহাত্মনা।
নিবারিতে দ্বিষৎসৈন্যে কৃতে চ শরবেশ্মনি ॥১॥
বাসুদেবো রথাত্তূর্ণমবতীর্য্য মহাদ্যুতিঃ।
মোচয়ামাস তুরগান্ বিতুন্নান্ কঙ্কপত্রিভিঃ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শরেতি। ত্বষ্টা বিশ্বকর্ম্মেব শিক্ষাতিশয়েন অদ্ভুতকর্ম্মকৃৎ পার্থঃ, শরা এব বংশা বেষ্টন-রূপাবয়বা যস্য তৎ, শরা এব স্থূণাঃ স্তম্ভা যস্য তৎ, শরা এব চ্ছাদনানি উপরিতনাবরণানি যস্য তত্তাদৃশঞ্চ, অদ্ভুতম্, শরবেশ্ম বাণময়ং গৃহমকরোৎ, তন্মধ্যে নিরাপত্তয়া অশ্বানাং জলপানায়েতি ভাবঃ। "পুংসি বংশঃ কুলে বেণৌ পৃষ্ঠাবয়ববর্গয়োঃ" ইতি মেদিনী। সরোনির্ম্মাণং ভীষ্মায় জলদানবৎ শরগৃহবিধানঞ্চ শিক্ষাতিরেকাদিতি নাসম্ভবম্ ॥৫৭॥

তত ইতি। প্রহস্য, চমৎকারাবির্ভাবাদিতি ভাবঃ ॥৫৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ষড়শীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

————(::)————

সলিল ইতি। কৌন্তেয়েনার্জ্জুনেন। বিতুন্নান্ বিশেষেণ ব্যথিতান্ ॥১—২॥

ক্রমে বিশ্বকর্ম্মার ন্যায় অদ্ভুতকার্য্যকারী অর্জ্জুন বাণের বেষ্টন (বেড়া), বাণের স্তম্ভ এবং বাণেরই আচ্ছাদনযুক্ত বাণময় একখানি গৃহ নির্ম্মাণ করিলেন ॥৫৭॥

অর্জ্জুন সেই মহারণস্থলে বাণময় গৃহ নির্ম্মাণ করিলে, কৃষ্ণ হাস্য করিয়া 'সাধু সাধু' এইরূপ বলিলেন' ॥৫৮॥

* 'সপ্তনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '··একোনশততমোঽধ্যায়ঃ' বা রা নি। (১)··· নিস্তারিতে দ্বিষৎসৈন্যে···বা নি।

অদৃষ্টপূর্ব্বং তদ্দৃষ্ট্বা সাধুবাদো মহানভূৎ।
সিদ্ধচারণসংঘানাং সৈনিকানাঞ্চ সর্ব্বশঃ ॥৩॥
পদাতিনস্তু কৌন্তেয়ং যুধ্যমানং মহারথাঃ।
নাশক্নুবন্ বারয়িতুং তদদ্ভুতমিবাভবৎ ॥৪॥
আপতৎসু রথৌঘেষু প্রভূতগজবাজিষু।
অসম্ভ্রমস্তদা পার্থস্তদস্য পুরুষানতি ॥৫॥
ব্যসৃজংশ্চ শরৌঘাংস্তে পাণ্ডবং প্রতি পার্থিবাঃ।
ন চাব্যথত ধর্ম্মাত্মা বাসবিঃ পরবীরহা ॥৬॥
স তানি শরজালানি গদাঃ প্রাসাংশ্চ বীর্য্যবান্।
আগতানগ্রসৎ পার্থঃ সরিতঃ সাগরো যথা ॥৭॥

ভারতকৌমুদী

অদৃষ্টেতি। তং বাণকৃতং সরঃ শরবেশ্ম চ ॥৩॥
পদেতি। পদাতিনং পাদচারিণম্। বারয়িতুং প্রহারেণ যুদ্ধাদিত্যর্থঃ ॥৪॥
আপতৎস্বিতি। অসম্ভ্রম এবাতিষ্ঠৎ। অতি অতিক্রান্তমিতি মন্তব্যমিতি শেষঃ ॥৫॥
ব্যসৃজন্নিতি। পাণ্ডবমর্জ্জুনম্। ন চাব্যথত দৃঢ়বর্ম্মাবৃতদেহত্বাদিতি ভাবঃ ॥৬॥
স ইতি। অগ্রসৎ ব্যনাশয়ৎ অগৃহ্লাচ্চ ॥৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! মহাত্মা অর্জ্জুন সেই জলোৎপাদন, শক্রসৈন্য নিবারণ এবং বাণময় গৃহ নির্ম্মাণ করিলে, মহাতেজা কৃষ্ণ রথ হইতে সত্বর অবতীর্ণ হইয়া বিপক্ষবাণে বিশেষব্যথিত অশ্বগণকে মুক্ত করিলেন ॥১—২॥

তৎকালে সেই অদৃষ্টপূর্ব জলাশয় ও বাণময় গৃহ দর্শন করিয়া আকাশস্থিত সিদ্ধ ও চারণগণ এবং সমস্ত সৈন্যগণের মুখে বিশাল সাধুবাদ হইতে লাগিল ॥৩॥

অর্জুন পাদচারে যুদ্ধ করিতে থাকিলেও কৌরবপক্ষের মহারথেরা তাঁহাকে বারণ করিতে সমর্থ হইলেন না। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৪॥

তখন রথসমূহ এবং প্রচুর হস্তী ও অশ্ব আসিতে লাগিলেও অর্জুন অবিচলিতই রহিলেন। তাঁহার সেই ক্ষমতা অন্য পুরুষদিগকে অতিক্রম করিয়াছিল বলিয়াই মনে করিতে হইবে ॥৫॥

কৌরবপক্ষীয় রাজারা অর্জুনের প্রতি বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন বটে; কিন্তু ধর্ম্মাত্মা ও বিপক্ষবীরহন্তা অর্জুন তাহাতে ব্যথিত হইলেন না ॥৬॥

(৪)…যুধ্যমানং নরর্ষভাঃ…বঙ্গ বর্দ্ধ। (৫)…নাসম্ভ্রমত্তদা পার্থঃ · বা নি। (৬) ব্যসৃজন্ত শরৌঘাংস্তে…বা নি।

অস্ত্রবেগেন মহতা পার্থো বাহ্বোর্বলেন চ।
সর্বেষাং পার্থিবেন্দ্রাণামগ্রসত্তান্ শরোত্তমান্ ॥৮॥
স পার্থঃ পার্থিবান্ সর্ব্বান্ ভূমিষ্ঠোঽপি রথস্থিতান্।
একো নিবারয়ামাস লোভঃ সর্ব্বগুণানিব ॥৯॥
তত্তু পার্থস্য বিক্রান্তং বাসুদেবস্য চোভয়োঃ।
অপূজয়ন্ মহারাজ! কৌরবাঃ পরমাদ্ভুতম্ ॥১০॥
কিমদ্ভুততমং লোকে ভবিতাপ্যথবাপ্যভূৎ।
যদশ্বান্ পার্থগোবিন্দৌ মোচয়ামাসতু রণে ॥১১॥
ভয়ং বিপুলমস্মাসু তাবাধত্তাং নরোত্তমৌ।
তেজো বিদধতুশ্চোগ্রং বিস্রব্ধৌ রণমূর্দ্ধনি ॥১২॥

ভারতকৌমুদী

উক্তমেবার্থং হেতুপ্রদর্শনায় পুনরাহ অস্ত্রেতি। অগ্রসৎ গ্রাসেনেব ছেদনেনানাশয়ৎ ॥৮॥
স ইতি। সর্বগুণান্ ঔদার্য্যাদীন্ ॥৯॥
তদিতি। বিক্রান্তং বিক্রমম্। অপূজয়ন্ প্রাশংসন্ ॥১০॥
তেষাং তৎপূজাপ্রকারীভূতামুক্তিমাহ কিমিতি। অদ্ভুততমমীদৃশমত্যদ্ভুতম্ ॥১১॥
ভয়মিতি। আধত্তামকুরুতাম্। বিদধতুর্বিশ্রামেণাশ্বানাম্, বিস্রব্ধৌ নির্ভয়ৌ ॥১২॥

সমুদ্র যেমন নদীসমূহকে গ্রহণ করে, বলবান্ অর্জুনও সেইরূপ বিপক্ষের বাণসমূহ, গদা ও প্রাস আসিতে লাগিলে, সেগুলিকে গ্রহণ (বিনাশ) করিতে লাগিলেন ॥৭॥

অর্জ্জুন বাহুযুগলের বলে এবং অস্ত্রের গুরুতর বেগে সমস্ত রাজার সেই উত্তম বাণগুলিকে বারণ করিতে থাকিলেন ॥৮॥

এক লোভ যেমন সমস্ত গুণকে নিবারণ করে, সেইরূপ এক অর্জ্জুন ভূতলে থাকিয়াও রথস্থিত সকল রাজাকে বারণ করিতে লাগিলেন ॥৯॥

মহারাজ! তৎকালে কৌরবেরা অর্জ্জুন ও কৃষ্ণ দুই জনেরই সেই পরমাশ্চর্য্য বিক্রমের প্রশংসা করিতে থাকিলেন ॥১০॥

(তাঁহারা বলিতে লাগিলেন—) 'এইরূপ অত্যাশ্চর্য্য ঘটনা জগতে কি হইবে, না—হইয়াছিল; যে, অর্জ্জুন ও কৃষ্ণ যুদ্ধমধ্যেই রথ হইতে অশ্বগুলিকে মুক্ত করিয়াছেন ॥১১॥

এবং নরশ্রেষ্ঠ অর্জ্জুন ও কৃষ্ণ আমাদের গুরুতর ভয় উৎপাদন করিয়াছেন।

(৮)···বাহুবলেন চ···বা নি। (১০)···মহদদ্ভুতম্—বা নি। (১১)···পায়য়ামাসতু রণে—নি।

অথ স্ময়ন্ হৃষীকেশঃ স্ত্রীমধ্য ইব ভারত ! ।
অর্জ্জুনেন কৃতে সংখ্যে শরগর্ভগৃহে তদা ॥১৩॥
উপাবর্ত্তয়দব্যগ্রস্তানশ্বান্ পুষ্করেক্ষণঃ ।
মিষতাং সর্বসৈন্যানাং ত্বদীয়ানাং বিশাংপতে ! ॥১৪॥ (যুগ্মকম্)
তেষাং শ্রমঞ্চ গ্লানিঞ্চ বমথুং বেপথুং ব্রণান্ ।
সর্ব্বং ব্যপানুদৎ কৃষ্ণঃ কুশলো হ্যশ্বকর্ম্মণি ॥১৫॥
শল্যানুদ্ধৃত্য পাণিভ্যাং পরিমৃজ্য চ তান্ হয়ান্ ।
উপাবৃত্য যথান্যায়ং পায়য়ামাস বাজিনঃ ॥১৬॥
স তাল্লঁব্ধোদকান্ স্নাতান্ জগ্ধান্নান্ বিগতক্লমান্ ।
যোজয়ামাস সংহৃষ্টঃ পুনরেব রথোত্তমে ॥১৭॥

ভারতকৌমুদী

অথেতি। স্ময়ন্ ঈষদ্ধসন্। স্ত্রীমধ্য ইবেত্যনেন শত্রূণামকিঞ্চিৎকরত্বং সূচিতম্। শরগর্ভগৃহে বাণময়বেশ্মনি উপাবর্ত্তয়ৎ প্রত্যাবর্ত্ত্যানয়ৎ। পুষ্করেক্ষণঃ পদ্মনয়নঃ কৃষ্ণঃ। মিষতাং পশ্যতাম্ ॥১৩—১৪॥

তেষামিতি। বমথুং নিষ্ঠীবনম্, বেপথুং কম্পম্। ব্যপানুদৎ ন্যবারয়ৎ ॥১৫॥

শল্যানীতি। শল্যানি বাণাগ্রাদীনি। উপাবৃত্য ঘূর্ণয়িত্বা, পায়য়ামাস জলম্ ॥১৬॥

স ইতি। স্নাতান্ অঞ্জলিপূর্ণজলক্ষেপেণ, জগ্ধান্নান্ ভুক্তঘাসান্ ॥১৭॥

যে হেতু উহারা রণস্থলেই বিশ্বস্ত থাকিয়া অশ্বগুলির ভীষণ তেজ বিধান করিলেন' ॥১২॥

ভরতনন্দন নরনাথ ! মানুষ যেমন স্ত্রীলোকদের মধ্যে (খেলার ঘর) করে, সেইরূপ অর্জ্জুন যুদ্ধমধ্যেই তখন বাণময় গৃহ নির্ম্মাণ করিলে, পদ্মনয়ন কৃষ্ণ ঈষৎ হাস্য করতঃ অনাকুল থাকিয়া আপনার পক্ষের সমস্ত সৈন্যের সমক্ষেই সেই অশ্বগুলিকে ফিরাইয়া (ভ্রমণ করাইয়া) আনিলেন ॥১৩—১৪॥

কৃষ্ণ সেই অশ্বগুলির শ্রম, অবসাদ, নিষ্ঠীবন (মুখে ফেনাবিষ্করণ), কম্প ও ব্রণ এ সমস্তই দূর করিলেন। কারণ, তিনি অশ্বপরিচর্য্যায় বিশেষ নিপুণ ॥১৫॥

তৎপরে কৃষ্ণ হস্তযুগলদ্বারা অশ্বগুলির গাত্র হইতে শল্য (বাণাগ্রপ্রভৃতি) উত্তোলন ও গাত্রমার্জন করিয়া এবং যথানিয়মে সেগুলিকে ভ্রমণ করাইয়া জলপান করাইলেন ॥১৬॥

অশ্বগুলি জলপান, স্নান ও ঘাসভক্ষণ করিয়া গ্লানিশূন্য হইলে, কৃষ্ণ আনন্দিত হইয়া সেগুলিকে নিয়া পুনরায় সেই উত্তম রথে সংযুক্ত করিলেন ॥১৭॥

---

(১৬) শল্যানুদ্ধৃত্য…উপাবর্ত্ত্য…পায়য়ামাস বারি সঃ—বা নি।

স তং রথবরং শৌরিঃ সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ।
সমাস্থায় মহাতেজাঃ সার্জ্জুনঃ প্রযযৌ দ্রুতম্ ॥১৮॥
রথং রথবরস্যাজৌ যুক্তং লব্ধোদকৈর্হয়ৈঃ।
দৃষ্ট্বা কুরুবলশ্রেষ্ঠাঃ পুনর্বিমনসোঽভবন্ ॥১৯॥
বিনিশ্বসন্তস্তে রাজন্! ভগ্নদংষ্ট্রা ইবোরগাঃ।
ধিগহো ধিগ্‌গতঃ পার্থঃ কৃষ্ণশ্চেত্যব্রুবন্ পৃথক্ ॥২০॥
ত্বৎসেনাঃ সর্ব্বতো দৃষ্ট্বা লোমহর্ষণমদ্ভুতম্।
ত্বরধ্বমিতি চাক্রন্দন্ নেদমস্তীতি চাব্রুবন্ ॥২১॥
সর্ব্বক্ষত্রস্য মিষতো রথেনৈকেন দংশিতৌ।
বালক্রীড়নকেনেব কদর্থীকৃত্য নো বলম্ ॥২২॥
ক্রোশতাং যতমানানামসংসক্তৌ পরন্তপৌ।
দর্শয়িত্বাত্মনো বীর্য্যং প্রয়াতৌ সর্বরাজসু ॥২৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। শৌরিঃ কৃষ্ণঃ। সমাস্থায় আরুহ্য, সার্জ্জুনঃ অর্জ্জুনেন সহিতঃ ॥১৮॥

রথমিতি। রথবরস্য রথিশ্রেষ্ঠস্যার্জ্জুনস্য। বিমনস উদ্বিগ্নচিত্তাঃ ॥১৯॥

বিনীতি। গতঃ অস্মানতীত্য প্রস্থিতঃ ॥২০॥

ত্বদিতি। লোমহর্ষণমদ্ভুতঞ্চার্জ্জুনব্যাপারম্। আক্রন্দন্ আহ্বয়ন্, ইদং সৈন্যম্ ॥২১॥

পুনশ্চাব্রুবন্ সর্বেতি। মিষতঃ পশ্যতঃ, দংশিতৌ সন্নদ্ধৌ। বালক্রীড়নকেন শিশোঃ খেলোপকরণেন, কদর্থীকৃত্য অভিভূয়, নঃ অস্মাকম্, বলং শক্তিম্। ক্রোশতাং সহচরা-

তদনন্তর সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ ও মহাতেজা কৃষ্ণ অর্জ্জুনের সহিত যাইয়া সেই উত্তম রথে আরোহণ করিয়া বেগে গমন করিতে লাগিলেন ॥১৮॥

প্রাপ্তপানীয় অশ্বগণ রথিশ্রেষ্ঠ অর্জ্জুনের রথে পুনরায় সংযুক্ত হইয়াছে দেখিয়া কৌরবসৈন্যের প্রধান যোদ্ধারা পুনরায় বিষণ্ণচিত্ত হইলেন ॥১৯॥

রাজা! তাঁহারা ভগ্নদন্ত সর্পগণের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া বলিতে লাগিলেন—'হায়! আমাদিগকে ধিক্, হায়! অর্জ্জুন ও কৃষ্ণ চলিয়া গেল!' ॥২০॥

মহারাজ! আপনার সৈন্যেরা সর্বপ্রকারে লোমহর্ষণ ও অদ্ভুত অর্জ্জুনের সেই কার্য্য দেখিয়া সহচরগণকে আহ্বান করিতে থাকিয়া বলিতে লাগিল—'এ কৌরবসৈন্য আর থাকিল না, তোমরা সত্বর হও ॥২১॥

(২০)···ধিগহোঽতিগতঃ পার্থঃ···নি। (২১) তং সৈন্যম্···পি বা নি। (২২)···বালঃ ক্রীড়নকেনেব · নি।

তৌ প্রয়াতৌ পুনর্দৃষ্ট্বা তদান্যে সৈনিকাব্রুবন্।
ত্বরধ্বং কুরবঃ সর্ব্বে বধে কৃষ্ণকিরীটিনোঃ ॥২৪॥
রথং যুক্ত্বা হি দাশার্হো মিষতাং সর্ব্বধন্বিনাম্।
জয়দ্রথায় যাত্যেষ কদর্থীকৃত্য নো রণে ॥২৫॥
তত্র কেচিন্মিথো রাজন্! সমভাষন্ত ভূমিপাঃ।
অদৃষ্টপূর্ব্বং সংগ্রামে তদ্দৃষ্ট্বা মহদদ্ভুতম্ ॥২৬॥
সর্ব্বসৈন্যানি রাজা চ ধৃতরাষ্ট্রোঽত্যয়ং গতঃ।
দুর্য্যোধনাপরাধেন ক্ষত্রং কৃৎস্না চ মেদিনী ॥২৭॥
বিলয়ং সমনুপ্রাপ্তা তচ্চ রাজা ন বুধ্যতে।
ইত্যেবং ক্ষত্রিয়াস্তত্র ব্রুবন্ত্যন্যে চ ভারত! ॥২৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নাহ্বয়তাম্, যতমানানাং জয়ায়েতি শেষঃ, অসংসক্তৌ অস্মাভিঃ সহামিলিতৌ, পরন্তপৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥২২—২৩॥

তাবিতি। সৈনিকাব্রুবন্নিতি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ ॥২৪॥

রথমিতি। দাশার্হঃ কৃষ্ণঃ, মিষতাং পশ্যতাম্। কদর্থীকৃত্য অভিভূয়, নঃ অস্মান্ ॥২৫॥

তত্রেতি। মিথঃ পরস্পরম্। তৎ সরঃ শরবেশ্ম চ ॥২৬॥

সর্বেতি। অত্যয়ং বিপদম্। রাজা ধৃতরাষ্ট্রঃ ॥২৭—২৮॥

আমরা সহচরদিগকে ডাকিতেছিলাম এবং জয়ের জন্য যত্ন করিতেছিলাম, এই অবস্থায় যুদ্ধসজ্জায় সজ্জিত শত্রুদমনকারী কৃষ্ণ ও অর্জ্জুন শিশুর খেলার রথের ন্যায় এক রথে সমস্ত ক্ষত্রিয়ের সমক্ষে আমাদের শক্তিকে অভিভূত করিয়া আমাদের সহিত যুদ্ধে মিলিত না হইয়া নিজেদের শক্তি দেখাইয়া সকল রাজার মধ্যে চলিয়া গেল!' ॥২২—২৩॥

তাঁহারা চলিয়া গেলেন দেখিয়া তখন অন্য সৈন্যেরা আবার বলিতে লাগিল—'কৌরবেরা সকলে কৃষ্ণ ও অর্জ্জুনকে বধ করিবার জন্য সত্বর হউন ॥২৪॥

কারণ, কৃষ্ণ সমস্ত ধনুর্দ্ধরের সমক্ষে রথ সজ্জিত করিয়া যুদ্ধে আমাদিগকে অভিভূত করিয়া এই জয়দ্রথের দিক্ যাইতেছেন' ॥২৫॥

রাজা! তখন অনেক রাজা যুদ্ধে অদৃষ্টপূর্ব্ব সেই গুরুতর অদ্ভুত ব্যাপার দেখিয়া পরস্পর এইরূপ বলিতে লাগিলেন—॥২৬॥

'এক দুর্য্যোধনের অপরাধে সমস্ত সৈন্য ও রাজা ধৃতরাষ্ট্র বিপদাপন্ন হইলেন

(২৮)···ক্ষত্রিয়াস্তত্রাব্রুবন্নন্যে চ ভারত!—পি বঙ্গ বর্দ্ধ।

সিন্ধুরাজস্য যৎ কৃত্যং গতস্য যমসাদনম্।
তৎ করোতু বৃথাদৃষ্টির্ধার্ত্তরাষ্ট্রোঽনুপায়বিৎ ॥২৯॥
ততঃ শীঘ্রতরং প্রায়াৎ পাণ্ডবঃ সৈন্ধবং প্রতি।
বিবর্ত্তমানে তিগ্মাংশৌ হৃষ্টৈঃ পীতোদকৈর্হয়ৈঃ ॥৩০॥
তং প্রয়ান্তং মহাবাহুং সর্ব্বশস্ত্রভৃতাং বরম্।
নাশক্নুবন্ বারয়িতুং যোধাঃ ক্রুদ্ধমিবান্তকম্ ॥৩১॥
বিদ্রাব্য তু ততঃ সৈন্যং পাণ্ডবঃ শত্রুতাপনঃ।
যথা মৃগগণান্ সিংহঃ সৈন্ধবার্থে ব্যলোড়য়ৎ ॥৩২॥
গাহমানস্ত্বনীকানি তূর্ণমশ্বানচোদয়ৎ।
বলাকবর্ণং দাশার্হঃ পাঞ্চজন্যং ব্যনাদয়ৎ ॥৩৩॥

ভারতকৌমুদী

সিন্ধিতি। কৃত্যমৌর্দ্ধদেহিকং কার্য্যম্। বৃথাদৃষ্টির্মিথ্যাবুদ্ধিঃ ॥২৯॥
তত ইতি। বিবর্ত্তমানে পরিণতে, তিগ্মাংশৌ সূর্য্যে ॥৩০॥
তমিতি। তমর্জ্জুনম্, প্রয়ান্তং জয়দ্রথং প্রতি গচ্ছন্তম্ ॥৩১॥
বিদ্রাব্যেতি। বিদ্রাব্য নিপীড্য। সৈন্ধবার্থে জয়দ্রথবধার্থে ॥৩২॥
গাহেতি। গাহমান আলোড়য়ন্। অচোদয়ৎ প্রৈরয়ৎ। বলাকবর্ণং বকবর্ণম্ ॥৩৩॥

এবং সমস্ত ক্ষত্রিয়জাতিটা ও সমগ্র পৃথিবীটাই লয় পাইল; তাহা ধৃতরাষ্ট্র বুঝিতেছেন না'। ভরতনন্দন! তখন ক্ষত্রিয়েরা ও অন্যেরা এইরূপও বলিতে থাকিলেন—॥২৭—২৮॥

'জয়দ্রথ যমালয়ে গমন করিলে পর যাহা কর্ত্তব্য হইবে, তাহা এখনই মিথ্যাবুদ্ধি ও অনুপায়জ্ঞ দুর্য্যোধন স্থির করিয়া রাখুন' ॥২৯॥

তদনন্তর সূর্য্য অস্তাচলের দিকে গমন করিতে লাগিলে, জলপাননিবন্ধন আনন্দিত অশ্বগণের গুণে অর্জ্জুন অতিশীঘ্র জয়দ্রথের দিকে গমন করিতে লাগিলেন ॥৩০॥

সর্বশস্ত্রধারিশ্রেষ্ঠ ও মহাবাহু অর্জ্জুন ক্রুদ্ধ যমের ন্যায় গমন করিতে লাগিলে, কৌরবযোদ্ধারা তাঁহাকে বারণ করিতে সমর্থ হইলেন না ॥৩১॥

তৎপরে সিংহ যেমন হরিণগণকে পীড়ন করিয়া আলোড়ন করে, সেইরূপ শত্রুতাপন অর্জুন জয়দ্রথবধের জন্য কৌরবসৈন্যগণকে পীড়ন করিয়া আলোড়ন করিতে লাগিলেন ॥৩২॥

(৩৩)··বলাকাভন্ত দাশার্হঃ ··বা নি।

কৌন্তেয়েনাগ্রতঃ সৃষ্টা ন্যপতন্ পৃষ্ঠতঃ শরাঃ।
তূর্ণাত্তূর্ণতরং হ্যশ্বাঃ প্রাবহন্ বাতরংহসঃ ॥৩৪॥
বাতোদ্ধূতপতাকং তং রথং জলদনিস্বনম্।
ঘোরং কপিধ্বজং দৃষ্ট্বা বিষণ্ণা বহবোঽভবন্ ॥৩৫॥
দিবাকরেঽথ রজসা সর্বতঃ সংবৃতে ভৃশম্।
শরার্ত্তাশ্চ রণে যোধা ন কৃষ্ণৌ শেকুরীক্ষিতুম্ ॥৩৬॥
অসক্তঃ স রথোঽগচ্ছদ্গাহমানো বরূথিনীম্।
কুন্দেন্দুরজতপ্রখ্যৈরশ্বৈস্তৈঃ সাধুযোজিতৈঃ ॥৩৭॥
ততো নৃপতয়ঃ সর্ব্বে পরিবব্রুর্ধনঞ্জয়ম্।
ক্ষত্রিয়া বহবশ্চান্যে জয়দ্রথবধৈষিণম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

কৌন্তেয়েনেতি। সৃষ্টা নিক্ষিপ্তাঃ। হি যস্মাৎ, প্রাবহন্ রথমিতি শেষঃ ॥৩৪॥
বাতেতি। বাতেন বায়ুনা উদ্ধূতা সঞ্চালিতা পতাকা যস্য তম্ ॥৩৫॥
দিবেতি। রজসা ধূলিজালেন। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥৩৬॥
অসক্ত ইতি। অসক্তঃ প্রহারেণ বিপক্ষাপসরণাদলগ্নঃ। বরূথিনীং কৌরবসেনাম্ ॥৩৭॥
তত ইতি। পরিবব্রুঃ পরিবেষ্টিতবন্তঃ ॥৩৮॥

কৃষ্ণও কৌরবসৈন্য আলোড়ন করিতে থাকিয়া বেগে অশ্বগণকে চালাইতে থাকিলেন এবং বকের ন্যায় শুভ্রবর্ণ পাঞ্চজন্য শঙ্খ বাজাইতে লাগিলেন ॥৩৩॥

অর্জুন যে সকল বাণ সম্মুখে নিক্ষেপ করিতে থাকিলেন, সেগুলি তাঁহার পিছনে পড়িতে থাকিল। কারণ, বায়ুর ন্যায় বেগবান্ অশ্বগণ দ্রুত অপেক্ষা অতিদ্রুত রথ বহন করিতে লাগিল ॥৩৪॥

বায়ু যাহার পতাকা সঞ্চালন করিতেছিল, সেই মেঘগম্ভীরনাদী ও কপিধ্বজ ভয়ঙ্কর রথ দেখিয়া বহু কৌরবসৈন্যই বিষণ্ণ হইয়া পড়িল ॥৩৫॥

তদনন্তর সূর্য্য ধূলিজালে সকল দিকে গুরুতর আবৃত হইলে, বাণপীড়িত কৌরবযোদ্ধারা কৃষ্ণ ও অর্জুনকে রণস্থলে দেখিতেই সমর্থ হইলেন না ॥৩৬॥

সেই অবসরে অর্জুনের সেই রথখানা কুন্দপুষ্প, চন্দ্র ও রৌপ্যের ন্যায় শুভ্রবর্ণ এবং সুষ্ঠু সংযোজিত সেই অশ্বগণের গুণে কৌরবসৈন্য আলোড়ন করিতে করিতে অসংলগ্ন অবস্থাতেই গমন করিতে লাগিল ॥৩৭॥

তাহার পর রাজারা সকলে এবং অন্যও বহুতর ক্ষত্রিয় যাইয়া জয়দ্রথ-বধৈষী অর্জুনকে পরিবেষ্টন করিলেন ॥৩৮॥

(৩৬)…শেকুঃ কৃষ্ণৌ ন বীক্ষিতুম্—নি।

শঙ্খেষ্বাধ্মাপ্যমানেষু বিষ্ঠিতং পুরুষর্ষভম্।
দুর্য্যোধনস্ত্বগাৎ পার্থং ত্বরমাণঃ সহানুগঃ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সৈন্যবিস্ময়ে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

---***---

অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ।

---:-০-:---

সঞ্জয় উবাচ।

স্রংসন্ত ইব মজ্জানস্তাবকানাং ভয়ান্নৃপ !।
তৌ দৃষ্ট্বা সমতিক্রান্তৌ বাসুদেবধনঞ্জয়ৌ ॥১॥

ভারতকৌমুদী

শঙ্খেষ্বিতি। আধ্মাপ্যমানেষু কৌরবৈর্বাদ্যমানেষু, বিষ্ঠিতং মার্গাবরোধায় স্থিতম্ ॥৩৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

---(::)---

স্রংসন্ত ইতি। স্রংসন্তে স্খলন্তি স্ম। সমতিক্রান্তৌ স্ববর্গানতীতৌ ॥১॥

ভারতভাবদীপঃ

সলিল ইতি ॥১—৪॥ পুরুষানতিপুরুষেভ্যোঽতিশয়ঃ ॥৫—১১॥ বিদধতুর্দর্শিতবন্তৌ ॥১২—১৩॥ উপাবর্ত্তয়ৎ পরিণতবান্ ॥১৪॥ শ্রমং মনঃকায়খেদম্, গ্লানিং বলাপচয়ম্, বমথুং ফেনোদ্গমম্ ॥১৫—৩৩॥ প্রাবহন্ অত্যাক্রমন্ ॥৩৪—৩৮॥ বিষ্ঠিতং কিঞ্চিদবস্থিতম্ ॥৩৯॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৭॥

এই সময়ে কৌরবেরা শঙ্খধ্বনি করিতে লাগিলে, পুরুষশ্রেষ্ঠ অর্জুন দাঁড়াইলেন এবং দুর্য্যোধন অনুচরবর্গের সহিত তাঁহার সম্মুখে উপস্থিত হইতে লাগিলেন' ॥৩৯॥

---০::০---

সঞ্জয় বলিলেন—'রাজা! কৃষ্ণ ও অর্জুন অতিক্রম করিয়া গেলেন দেখিয়া ভয়ে আপনার পক্ষের যোদ্ধাদের যেন মজ্জা স্খলিত হইতে লাগিল ॥১॥

* '...অষ্টনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...শততমোঽধ্যায়ঃ' বা রা নি।

সর্ব্বে তে প্রতিসংরব্ধা হ্রীমন্তঃ সত্ত্বচোদিতাঃ।
স্থিরীভূতা মহাত্মানঃ প্রত্যগচ্ছন্ ধনঞ্জয়ম্ ॥২॥
যে গতাঃ পাণ্ডবং যুদ্ধে ক্রোধামর্ষসমন্বিতাঃ।
তেঽদ্যাপি ন নিবর্ত্তন্তে সিন্ধবঃ সাগরাদিব ॥৩॥
অসন্তস্তু ন্যবর্ত্তন্ত বেদেভ্য ইব নাস্তিকাঃ।
নরকং ভজমানাস্তে প্রত্যপদ্যন্ত কিল্বিষম্ ॥৪॥
তাবতীত্য রথানীকং বিমুক্তৌ পুরুষর্ষভৌ।
দদৃশাতে যথা রাহোরাস্যান্মুক্তৌ প্রভাকরৌ ॥৫॥
মৎস্যাবিব মহজ্জালং বিদার্য্য বিগতজ্বরৌ।
তথা কৃষ্ণাবদৃশ্যেতাং সেনাজালং বিদার্য্য তৎ ॥৬॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। প্রতিসংরব্ধা উৎসাহিনঃ, হ্রীমন্তো বারণাসামর্থ্যাৎ, লজ্জিতাঃ, সত্ত্বচোদিতাঃ অধ্যবসায়প্রেরিতাঃ ॥২॥

য ইতি। ন নিবর্ত্তন্তে অর্জ্জুনেন নিহতত্বাৎ, সিন্ধবো নদ্যঃ ॥৩॥

অসন্ত ইতি। অসন্তো যোদ্ধারঃ। প্রত্যপদ্যন্ত প্রভুকার্য্যাকরণাৎ প্রাপ্নুবন্ ॥৪॥

তাবিতি। আস্যান্মুখাৎ, প্রভাকরৌ সূর্য্যাচন্দ্রমসৌ ॥৫॥

মৎস্যাবিতি। বিগতজ্বরৌ সন্তাপরহিতৌ। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥৬॥

সেই লজ্জিত মহাত্মারা সকলে পুনরায় উৎসাহী, অধ্যবসায়প্রণোদিত ও স্থিরচিত্ত হইয়া অর্জুনের দিকে যাইতে লাগিলেন ॥২॥

নদীসমূহ যেমন সমুদ্র হইতে আর ফেরে না, সেইরূপ যে সকল যোদ্ধা ক্রুদ্ধ ও অসহিষ্ণু হইয়া যুদ্ধে অর্জুনের দিকে গমন করিলেন, তাঁহারা অদ্যাপি আর ফিরিলেন না ॥৩॥

নাস্তিকেরা যেমন বেদ হইতে নিবৃত্ত হয়, সেইরূপ অসৎপ্রকৃতি যোদ্ধারা যুদ্ধ হইতে নিবৃত্ত হইল। সুতরাং তাহারা নরকে যাইবার জন্য পাপ অর্জন করিল ॥৪॥

রাহুর মুখ হইতে বিমুক্ত চন্দ্র ও সূর্য্যের ন্যায় পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জুন রথিসৈন্য অতিক্রমপূর্ব্বক বিমুক্ত হইয়া দৃষ্টিগোচর হইলেন ॥৫॥

দুইটা মৎস্য যেমন বিশাল জাল বিদীর্ণ করিয়া সন্তাপশূন্য হয়, সেইরূপ কৃষ্ণ ও অর্জুন সেই সৈন্যজাল বিদীর্ণ করিয়া সন্তাপশূন্য হইয়া দৃষ্টিগোচর হইলেন ॥৬॥

(২) সর্ব্বে তু···বা নি। (৩)···রোষামর্ষসমন্বিতাঃ···বা নি। (৬)···মহাজালম্···বা নি।

বিমুক্তৌ শস্ত্রসংবাধাদ্দ্রোণানীকাৎ সুদুর্ভিদাৎ।
অদৃশ্যেতাং মহাত্মানৌ কালসূর্য্যাবিবোদিতৌ ॥৭॥
শস্ত্রসংবাধনির্ম্মুক্তৌ বিমুক্তৌ রথসঙ্কটাৎ।
অদৃশ্যেতাং মহাত্মানৌ শত্রুসংবাধকারিণৌ ॥৮॥
বিমুক্তৌ জ্বলনস্পর্শান্মকরাস্যাজ্ঝষাবিব।
ব্যক্ষোভয়েতাং সেনাং তৌ সমুদ্রং মকরাবিব ॥৯॥
তাবকাস্তব পুত্রাশ্চ দ্রোণানীকস্থয়োস্তয়োঃ।
নেমৌ তরিষ্যতো দ্রোণমিতি চক্রুস্তদা মতিম্ ॥১০॥
তৌ তু দৃষ্ট্বা ব্যতিক্রান্তৌ দ্রোণানীকং মহাদ্যুতী।
নাশশংসুর্ম্মহারাজ! সিন্ধুরাজস্য জীবিতম্ ॥১১॥

ভারতকৌমুদী

বিমুক্তাবিতি। শস্ত্রৈঃ সংবাধাৎ পূর্ণাৎ। কালস্য প্রলয়সময়স্য সূর্য্যৌ ॥৭॥
শস্ত্রেতি। শস্ত্রসংবাধাৎ নিবিড়শস্ত্রাঘাতান্নির্ম্মুক্তৌ। কৃষ্ণাবিত্যনুবৃত্তিঃ ॥৮॥
বিমুক্তাবিতি। জ্বলনস্য বহ্নেরিব স্পর্শো যস্য তস্মাদস্ত্রাৎ। ঝষৌ মৎস্যৌ ॥৯॥
তাবকা ইতি। ইমৌ কৃষ্ণার্জ্জুনৌ। মতিং সম্ভাবনাম্ ॥১০॥
তাবিতি। দ্রোণানীকাতিক্রমে অন্যাতিক্রমস্য সুকরত্বাদিত্যাশয়ঃ ॥১১॥

প্রলয়কালোদিত দুইটা সূর্য্যের ন্যায় মহাত্মা কৃষ্ণ ও অর্জুন অস্ত্রপূর্ণ অতি-দুর্ভেদ্য দ্রোণসৈন্য হইতে বিমুক্ত হইয়া দৃষ্টিগোচর হইলেন ॥৭॥

ক্রমে আমরা দেখিলাম—শত্রুপীড়নকারী মহাত্মা কৃষ্ণ ও অর্জ্জুন অস্ত্রসংঘর্ষ হইতে মুক্ত হইয়াছেন এবং রথসঙ্কট হইতেও নির্গত হইয়া পড়িয়াছেন ॥৮॥

মকরের মুখ হইতে নির্গত দুইটা মৎস্যের ন্যায় কৃষ্ণ ও অর্জ্জুন অগ্নিসমস্পর্শ অস্ত্রসংঘর্ষ হইতে নির্গত হইয়া দুইটা মকর যেমন সমুদ্র আলোড়ন করে, সেইরূপ কৌরবসৈন্য আলোড়ন করিতে লাগিলেন ॥৯॥

রাজা! কৃষ্ণ ও অর্জ্জুন যখন দ্রোণসৈন্যের মধ্যে ছিলেন, তখন আপনার পুত্রেরা ও অন্য যোদ্ধারা এইরূপ সম্ভাবনা করিয়াছিলেন যে, ইহারা দ্রোণকেই অতিক্রম করিতে পারিবেন না ॥১০॥

কিন্তু মহারাজ! তা'র পর সেই মহাতেজারা দ্রোণসৈন্য অতিক্রম করিয়াছেন দেখিয়া তাঁহারা আর জয়দ্রথের জীবনের আশা করেন নাই ॥১১॥

(৯)···অক্ষোভয়েতাম্···বা নি। (১০)··নৈতৌ···বা নি।

আশা বলবতী রাজন্! পুত্রাণামভবত্তব।
দ্রোণহার্দ্দিক্যয়োঃ কৃষ্ণৌ ন মোক্ষ্যেতে ইতি প্রভো! ॥১২॥
তামাশাং বিফলাং কৃত্বা নিস্তীর্ণৌ তৌ পরন্তপৌ।
দ্রোণানীকং মহারাজ! ভোজানীকঞ্চ দুস্তরম্ ॥১৩॥
ইতি দৃষ্ট্বা ব্যতিক্রান্তৌ জ্বলিতাবিব পাবকৌ।
নিরাশাঃ সিন্ধুরাজস্য জীবিতং নাশশংসিরে ॥১৪॥
মিথশ্চ সমভাষেতামভীতৌ ভয়বর্দ্ধনৌ।
জয়দ্রথবধে বাচস্তাস্তাঃ কৃষ্ণধনঞ্জয়ৌ ॥১৫॥
অসৌ মধ্যে কৃতঃ ষড়্ভির্ধার্ত্তরাষ্ট্রৈর্মহারথৈঃ।
চক্ষুর্বিষয়সংপ্রাপ্তো ন নৌ মোক্ষ্যতি সৈন্ধবঃ ॥১৬॥
যদ্যস্য সমরে গোপ্তা শক্রো দেবগণৈঃ সহ।
তথাপ্যেনং হনিষ্যাব ইতি কৃষ্ণাবভাষতাম্ ॥১৭॥

ভারতকৌমুদী

আশেতি। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা, কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥১২॥
তামিতি। তৌ কৃষ্ণৌ। ভোজানীকং কৃতবর্ম্মসৈন্যম্ ॥১৩॥
ইতীতি। নিরাশাঃ স্বপক্ষজয়লাভে। নাশশংসিরে আশাবিষয়ং ন চক্রুঃ ॥১৪॥
মিথ ইতি। মিথঃ পরস্পরম্। তাস্তা বক্ষ্যমাণাঃ ॥১৫॥
অসাবিতি। ধার্ত্তরাষ্ট্রৈর্ধৃতরাষ্ট্রপক্ষীয়ৈঃ। নৌ আবয়োঃ, সৈন্ধবো জয়দ্রথঃ ॥১৬॥
যদীতি। গোপ্তা রক্ষিতা। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥১৭॥

প্রভাবশালী রাজা! আপনার পুত্রগণের এইরূপ প্রবল আশা ছিল যে, কৃষ্ণ ও অর্জ্জুন দ্রোণ ও কৃতবর্ম্মার হাত হইতেই মুক্তি পাইবেন না ॥১২॥

কিন্তু মহারাজ! শত্রুসন্তাপকারী সেই কৃষ্ণ ও অর্জ্জুন তাঁহাদের সে আশা নিষ্ফল করিয়া দুস্তর দ্রোণের সৈন্য ও কৃতবর্ম্মার সৈন্য উত্তীর্ণ হইলেন ॥১৩॥

কৃষ্ণ ও অর্জ্জুন প্রজ্বলিত দুইটা অগ্নির ন্যায় উক্ত উভয় সৈন্য অতিক্রম করিয়া আসিয়াছেন দেখিয়া কৌরবেরা জয়লাভেও নিরাশ হইলেন এবং জয়দ্রথের জীবনের আশাও করিতে পারিলেন না ॥১৪॥

নিজেরা নির্ভয়, অথ চ শত্রুগণের ভয়বর্দ্ধক কৃষ্ণ ও অর্জ্জুন জয়দ্রথবধবিষয়ে পরস্পর সেই সেই কথা বলিতে লাগিলেন—॥১৫॥

'কৌরবপক্ষের ছয় জন মহারথ জয়দ্রথকে মধ্যে রাখিয়াছেন; এ অবস্থাতেও ঐ জয়দ্রথ যখন আমাদের দৃষ্টিগোচর হইয়াছে, তখন সে মুক্তি পাইবে না ॥১৬॥

(১২)…রাজন্! সিন্ধুরাজস্য জীবিতে…বা নি। (১৬)…ন মে মোক্ষ্যতি সৈন্ধবঃ—বা নি।

ইতি কৃষ্ণৌ মহাবাহূ মিথোঽকথয়তাং তদা।
সিন্ধুরাজমবেক্ষন্তৌ ত্বৎপুত্রাস্তচ্চ শুশ্রুবুঃ ॥১৮॥
অতীত্য মরুধন্বানং প্রয়াতৌ তৃষিতৌ গজৌ।
পীত্বা বারি সমাশ্বস্তৌ তদ্বৎ কৃষ্ণাবদৃশ্যতাম্ ॥১৯॥
ব্যাঘ্রসিংহগজাকীর্ণানতিক্রম্য চ পর্ব্বতান্।
বণিজাবিব দৃশ্যেতাং হীনমৃত্যূ জরাতিগৌ ॥২০॥
তথাহি মুখবর্ণোঽয়মনয়োরিতি মেনিরে।
তাবকা বীক্ষ্য মুক্তৌ তৌ বিক্রোশন্তি স্ম সর্বতঃ ॥২১॥
দ্রোণাদাশীবিষাকারাজ্জ্বলিতাদিব পাবকাৎ।
অন্যেভ্যঃ পার্থিবেভ্যশ্চ ভাস্বন্তাবিব ভাস্করৌ ॥২২॥

ভারতকৌমুদী

ইতীতি। অবেক্ষন্তৌ অবেক্ষমাণৌ ॥১৮॥
অতীত্যেতি। মরুধন্বানং মরুভূমিম্। অদৃশ্যতাম্ অদৃশ্যেতাম্ ॥১৯॥
ব্যাঘ্রেতি। দৃশ্যেতামিত্যড়াগমাভাব আর্ষঃ। হীনমৃত্যূ ইব, জরাতিগাবিব চেত্যর্থঃ ॥২০॥
তথেতি। তথাহি তথৈব। বিক্রোশন্তি যুদ্ধায় সহচরানাহ্বয়ন্তি স্ম ॥২১॥

স্বয়ং ইন্দ্রও দেবগণের সহিত মিলিত হইয়া যদি উহার রক্ষক হন, তথাপি আমরা উহাকে বধ করিব' কৃষ্ণ ও অর্জ্জুন এইরূপ বলিলেন ॥১৭॥

মহাবাহু কৃষ্ণ ও অর্জ্জুন জয়দ্রথকে দেখিতে থাকিয়া তখন এইরূপ বলিতে লাগিলেন; অথ চ আপনার পুত্রেরা তাহা শুনিলেন ॥১৮॥

তৃষ্ণার্ত্ত দুইটা হাতী মরুভূমি অতিক্রম করিয়া যাইয়া জলপান করিয়া যেমন আশ্বস্ত হয়, কৃষ্ণ ও অর্জ্জুনকে সেইরূপ আশ্বস্ত দেখা যাইতে লাগিল ॥১৯॥

সিংহ, ব্যাঘ্র ও হস্তীতে পরিপূর্ণ পর্ব্বত সকল অতিক্রম করিয়া গেলে পর দুই জন বণিকের তুল্য কৃষ্ণ ও অর্জ্জুনকে যেন জরা-মৃত্যুশূন্যের ন্যায় দেখা যাইতে থাকিল ॥২০॥

সেইরূপই ইঁহাদের মুখবর্ণ দেখা যাইতেছে এইরূপ আপনার পক্ষের যোদ্ধারা মনে করিতে লাগিলেন এবং তাঁহাদিগকে মুক্ত দেখিয়া সকল দিক্ হইতে সহচরগণকে ডাকিতে থাকিলেন ॥২১॥

(১৮)···মিথঃ কথয়তাং তদা···ত্বৎপুত্রা বহু চুক্রুশুঃ—বা নি। (১৯) প্রয়াস্তৌ···সমাশ্বস্তৌ তথৈবাস্তামরিন্দমৌ—বা নি।

তৌ মুক্তৌ সাগরপ্রখ্যাদ্দ্রোণানীকাদরিন্দমৌ।
অদৃশ্যেতাং মুদা যুক্তৌ সমুত্তীর্য্যার্ণবং যথা ॥২৩॥ (যুগ্মকম্)
শস্ত্রৌঘান্মহতো মুক্তৌ দ্রোণহার্দ্দিক্যবিক্ষতৌ।
রোচমানাবদৃশ্যেতামিন্দ্রাগ্নিসদৃশৌ রণে ॥২৪॥
উদ্ভিন্নরুধিরৌ কৃষ্ণৌ ভারদ্বাজস্য সায়কৈঃ।
শিতৈশ্চিতৌ ব্যরোচেতাং কর্ণিকারৈরিবাচলৌ ॥২৫॥
দ্রোণগ্রাহহ্রদান্মুক্তৌ শক্ত্যাশীবিষসঙ্কটাৎ।
অয়ঃশরোগ্রমকরাৎ ক্ষত্রিয়প্রবরাম্ভসঃ ॥২৬॥

ভারতকৌমুদী

দ্রোণাদিতি। আশীবিষাকারাৎ তীক্ষ্ণবিষসর্পতুল্যাৎ। ভাস্বন্তৌ দীপ্তিমন্তৌ। অর্ণবং সমুত্তীর্য্য যথা মুদা যুক্তৌ, তথা মুদা যুক্তাবদৃশ্যেতামিতি সম্বন্ধঃ ॥২২—২৩॥

শস্ত্রৌঘাদিতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মা ॥২৪॥

উদ্ভিন্নেতি। উদ্ভিন্নরুধিরৌ নির্গতরক্তৌ, কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। চিতৌ ব্যাপ্তৌ ॥২৫॥

দ্রোণেতি। শক্তয়ঃ অস্ত্রবিশেষা এবাশীবিষাস্তীক্ষ্ণবিষাঃ সর্পাস্তৈঃ সঙ্কটাৎ ব্যাপ্তাৎ, অয়ঃশরা লৌহময়বাণা এব উগ্রমকরা যস্মিন্ তস্মাৎ, ক্ষত্রিয়প্রবরা এবাম্ভাংসি জলানি যস্য তস্মাৎ, দ্রোণ এব গ্রাহো জলজন্তুর্যস্মিন্ তাদৃশাৎ কৌরবসৈন্যহ্রদান্মুক্তৌ কৃষ্ণৌ ॥২৬॥

ভারতভাবদীপঃ

স্রংসন্ত ইতি ॥১—২॥ অমর্ষশ্চিরানুবদ্ধকোপঃ ॥৩—৪॥ প্রভাকরৌ চন্দ্রাদিত্যৌ ॥৫—১৮॥ মরুধন্বানং মরুস্থলম্ ॥১৯—২৫॥ দ্রোণ এব গ্রাহো যস্মিন্ হ্রদ ইব হ্রদস্তস্মাৎ

আমরা দেখিলাম—মানুষ সমুদ্র উত্তীর্ণ হইয়া যেমন আনন্দিত হয়, সেইরূপ শত্রুদমনকারী কৃষ্ণ ও অর্জ্জুন তীক্ষ্ণবিষ-সর্পের তুল্য ও প্রজ্বলিত অগ্নির সমান দ্রোণ, অন্য সকল রাজা এবং সমুদ্রতুল্য দ্রোণসৈন্য হইতে উত্তীর্ণ হইয়া আনন্দিত হইয়াছেন ॥২২—২৩॥

বিশাল শস্ত্রসমূহ হইতে মুক্ত এবং দ্রোণ ও কৃতবর্ম্মার অস্ত্রে ক্ষত-বিক্ষতদেহ কৃষ্ণ ও অর্জ্জুনকে রণস্থলে ইন্দ্র ও অগ্নির ন্যায় দীপ্তিমান্ দেখা যাইতে লাগিল ॥২৪॥

তৎকালে কর্ণিকারব্যাপ্ত দুইটা পর্ব্বতের ন্যায় কৃষ্ণ ও অর্জ্জুন দ্রোণের নিশিত শরনিকরে ব্যাপ্ত এবং রক্তাক্ত দেহে শোভা পাইতে লাগিলেন ॥২৫॥

দ্রোণ যাহার জলজন্তু, শক্তি যাহাতে তীক্ষ্ণবিষ সর্প, লৌহময় বাণ যাহার

---

(২৪)…দ্রোণহার্দ্দিক্যরক্ষিতাৎ…বা নি।

জ্যাঘোষতলনির্হ্রাদাদ্‌গদানিস্ত্রিংশবিদ্যুতঃ।
দ্রোণাস্ত্রমেঘান্নির্ম্মুক্তৌ সূর্য্যেন্দূ তিমিরাদিব ॥২৭॥
বাহুভ্যামিব সন্তীর্ণৌ সিন্ধুষষ্ঠাঃ সমুদ্রগাঃ।
তপান্তে সরিতঃ পূর্ণা মহাগ্রাহসমাকুলাঃ ॥২৮॥
ইতি কৃষ্ণৌ মহেম্বাসৌ যশসা লোকবিশ্রুতৌ।
সর্ব্বভূতান্যমন্যন্ত দ্রোণাস্ত্রবলবারণাৎ ॥২৯॥
জয়দ্রথং সমীপস্থমবেক্ষন্তৌ জিঘাংসয়া।
রুরুং নিপানে লিপ্সন্তৌ ব্যাঘ্রবত্তাবতিষ্ঠতাম্ ॥৩০॥

ভারতকৌমুদী

জ্যেতি। সূর্য্যেন্দূ তিমিরাদিব, জ্যাঘোষঃ তলনির্হ্রাদো হস্তাবাপশব্দশ্চ নির্হ্রাদ ইব যস্ত তস্মাৎ, গদা নিস্ত্রিংশঃ কৃপাণশ্চ বিদ্যুদিব যত্র তস্মাচ্চ, দ্রোণাস্ত্রং মেঘ ইব তস্মাৎ, নির্ম্মুক্তৌ নির্গতৌ। কৃষ্ণাবিত্যনুবৃত্তিঃ। একার্থে বহূক্তিঃ কবিস্বভাবাৎ ॥২৭॥

বাহুভ্যামিতি। তপান্তে গ্রীষ্মকালাবসানে, পূর্ণা বৃষ্টিজলৈঃ, অতএব মহদ্ভির্গ্রাহৈর্জ্জলজন্তুভিঃ সমাকুলা ব্যাপ্তাঃ, সিন্ধুস্তদাখ্যা নদী ষষ্ঠী যাসাং তাঃ, সমুদ্রগাঃ, সরিতঃ শতদ্রুবিপাশেরাবতীচন্দ্রভাগাবিতস্তাখ্যা মহাবেগা নদীঃ, বাহুভ্যামিব সন্তীর্ণৌ, দ্রোণতরণাদিতি ভাবঃ ॥২৮॥

ইতীতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, মহেম্বাসৌ মহাধনুর্দ্ধরাবমন্যন্ত। তত্র হেতুর্দ্রোণেত্যাদিঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

দ্রোণানীকাদিত্যর্থঃ ॥২৬॥ দ্রোণাস্ত্রাণ্যেব মেঘঃ ॥২৭॥ সিন্ধুঃ ষষ্ঠী যাসাং তাশ্চ শতদ্রুবিপাশেরাবতীচন্দ্রভাগাবিতস্তাঃ। এতা হি নিতান্তদুস্তরাঃ সমুদ্রগা ইতি সরিতাং বিশেষণং মহানদীত্ব-

ভীষণ মকর এবং ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা যাহার জল ছিলেন, কৃষ্ণ ও অর্জ্জুন সেই সৈন্যহ্রদ হইতে মুক্ত হইয়া আসিলেন ॥২৬॥

গর্জ্জনের ন্যায় ধনুর গুণের শব্দ ও হস্তাবাপের ধ্বনি হইতেছিল, বিদ্যুতের তুল্য গদা ও তরবারি প্রকাশ পাইতেছিল এবং মেঘের ন্যায় দ্রোণের অস্ত্র চলিতেছিল; তখন চন্দ্র ও সূর্য্য যেমন অন্ধকার হইতে মুক্ত হন, সেইরূপ কৃষ্ণ ও অর্জ্জুন তাহা হইতে মুক্ত হইয়াছিলেন ॥২৭॥

বর্ষাকালে জলে পরিপূর্ণ ও ভীষণ জলজন্তুগণে সমাকীর্ণ সমুদ্রগামিনী সিন্ধু-প্রভৃতি ছয়টা নদীকে যেন কৃষ্ণ ও অর্জ্জুন বাহুযুগলদ্বারা উত্তীর্ণ হইয়া আসিয়াছিলেন ॥২৮॥

এইভাবে দ্রোণের অস্ত্র ও সৈন্য নিবারণ করায় তত্রত্য লোকেরা যশের গুণে জগদ্বিখ্যাত কৃষ্ণ ও অর্জ্জুনকে মহাধনুর্দ্ধর বলিয়াই মনে করিল ॥২৯॥

(২৯) · দ্রোণাস্ত্রবলবিস্ময়াৎ—পি বা বঙ্গ বর্দ্ধ। (৩০)· রুরুং বনান্তে···নি।

যথা হি মুখবর্ণোঽয়মনয়োরিতি মেনিরে।
তব যোধা মহারাজ! হতমেব জয়দ্রথম্ ॥৩১॥
লোহিতাক্ষৌ মহাবাহূ সংযত্তৌ কৃষ্ণপাণ্ডবৌ।
সিন্ধুরাজমভিপ্রেক্ষ্য হৃষ্টৌ ব্যনদতাং মুহুঃ ॥৩২॥
শৌরেরভীষুহস্তস্য পার্থস্য চ ধনুষ্মতঃ।
তয়োরাসীৎ প্রভা রাজন্! সূর্য্যপাবকয়োরিব ॥৩৩॥
হর্ষশ্চৈব তয়োরাসীদ্‌দ্রোণানীকপ্রমুক্তয়োঃ।
সমীপে সৈন্ধবং দৃষ্ট্বা শ্যেনয়োরামিষং যথা ॥৩৪॥
তৌ তু সৈন্ধবমালোক্য বর্ত্তমানমিবান্তিকে।
সহসা পেততুঃ ক্রুদ্ধৌ ক্ষিপ্রং শ্যেনাবিবামিষম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

জয়দ্রথমিতি। রুরুং হরিণবিশেষম্, নিপানে জলাশয়সমীপে ॥৩০॥
যথেতি। অয়ং হর্ষপ্রসন্নঃ। ইতি তথা, জয়দ্রথং হতমেব মেনিরে ইতি সম্বন্ধঃ ॥৩১॥
লোহিতেতি। সংযত্তৌ জয়ায় যত্নবন্তৌ। ব্যনদতাং সিংহনাদমকুরুতাম্ ॥৩২॥
শৌরেরিতি। শৌরেঃ কৃষ্ণস্য, অভীষুহস্তস্য অশ্বমুখরজ্জুহস্তস্য ॥৩৩॥
হর্ষ ইতি। সৈন্ধবং জয়দ্রথম্। আমিষং মাংসম্ ॥৩৪॥
তাবিতি। পেততুঃ হন্তুমগ্রেসরৌ বভূবতুঃ ॥৩৫॥

তৎপরে হরিণকে লাভ করিবার ইচ্ছা করিয়া ব্যাঘ্র যেমন জলাশয়ের নিকটে অবস্থান করে, সেইরূপ অর্জ্জুন এবং কৃষ্ণও জয়দ্রথকে নিকটে দেখিয়া তাঁহাকে বধ করিবার ইচ্ছায় অবস্থান করিতে লাগিলেন ॥৩০॥

মহারাজ! আপনার পক্ষের যোদ্ধারা সেই সময়ে এইরূপ মনে করিতে লাগিলেন যে, উঁহাদের মুখের বর্ণ যখন এইরূপ দেখা যাইতেছে, তখন জয়দ্রথ নিহতই হইয়াছেন ॥৩১॥

ক্রমে রক্তনয়ন, মহাবাহু এবং জয়ে যত্নবান্ কৃষ্ণ ও অর্জ্জুন জয়দ্রথকে দেখিয়া আনন্দিত হইয়া মুহুর্মুহু সিংহনাদ করিতে থাকিলেন ॥৩২॥

রাজা! তখন অগ্নি ও সূর্য্যের ন্যায় অশ্বরজ্জুধারী কৃষ্ণ ও গাণ্ডীবধারী অর্জ্জুনের গুরুতর তেজ প্রকাশ পাইতে লাগিল ॥৩৩॥

মাংস দেখিয়া শ্যেনপক্ষীর যেমন আনন্দ হয়, সেইরূপ জয়দ্রথকে নিকটে দেখিয়া দ্রোণসৈন্যমুক্ত কৃষ্ণ ও অর্জ্জুনের আনন্দ হইল ॥৩৪॥

শ্যেনপক্ষী যেমন মাংসের উপরে দ্রুত নিপতিত হয়, সেইরূপ জয়দ্রথকে

(৩২)…সংযুক্তৌ কৃষ্ণপাণ্ডবৌ…বা নি।

তৌ তু দৃষ্ট্বা ব্যতিক্রান্তৌ হৃষীকেশধনঞ্জয়ৌ।
সিন্ধুরাজস্য রক্ষার্থং পরাক্রান্তঃ সুতস্তব ॥৩৬॥
দ্রোণেনাবদ্ধকবচো রাজা দুর্য্যোধনস্তদা।
যযাবেকরথেনাজৌ হয়সংস্কারবিৎ প্রভো ॥৩৭॥ (যুগ্মকম্)
কৃষ্ণপার্থৌ মহেষ্বাসৌ ব্যতিক্রম্যাথ তে সুতঃ।
অগ্রতঃ পুণ্ডরীকাক্ষং প্রতীয়ায় নরাধিপঃ ॥৩৮॥
ততঃ সর্ব্বেষু সৈন্যেষু বাদিত্রাণি প্রহৃষ্টবৎ।
প্রাবাদ্যন্ত ব্যতিক্রান্তে তব পুত্রে ধনঞ্জয়ম্ ॥৩৯॥
সিংহনাদরবাশ্চাসন্ শঙ্খশব্দবিমিশ্রিতাঃ।
দুর্য্যোধনং তত্র দৃষ্ট্বা কৃষ্ণয়োঃ প্রমুখে স্থিতম্ ॥৪০॥

ভারতকৌমুদী

তাবিতি। ব্যতিক্রান্তৌ দ্রোণসৈন্যমতিক্রম্য গতৌ। হয়সংস্কারবিৎ অশ্বচালনা-কৌশলাদ্যভিজ্ঞঃ। অস্মিন্ কালে দুর্য্যোধনো দ্রোণসমীপ আসীদতো দ্রোণাতিক্রমে তদতি-ক্রমোঽপি জাত ইতি বোধ্যম্ ॥৩৬—৩৭॥

কৃষ্ণেতি। ব্যতিক্রম্য পার্শ্বেনাতীত্য। পুণ্ডরীকাক্ষং কৃষ্ণং প্রতি, ইয়ায় জগাম ॥৩৮॥

তত ইতি। ব্যতিক্রান্তে পার্শ্বেনাতিক্রম্য সম্মুখং গতে ॥৩৯॥

সিংহেতি। কৃষ্ণয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ, প্রমুখে সম্মুখে ॥৪০॥

নিকটে দেখিয়া কৃষ্ণ ও অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া তাঁহার উপরে দ্রুত আপতিত হইলেন ॥৩৫॥

রাজা! সেই কৃষ্ণ ও অর্জ্জুন দ্রোণসৈন্য অতিক্রম করিয়া চলিয়া গেলেন দেখিয়া পরাক্রমশালী, অশ্বচালনাদিকৌশলবিৎ ও দ্রোণকর্ত্তৃক বদ্ধকবচ আপনার পুত্র রাজা দুর্য্যোধন তখন জয়দ্রথকে রক্ষা করিবার জন্য একরথেই যুদ্ধে প্রস্থান করিলেন ॥৩৬—৩৭॥

মহারাজ! ক্রমে আপনার পুত্র রাজা দুর্য্যোধন পার্শ্ব দিয়া মহাধনুর্দ্ধর কৃষ্ণ ও অর্জ্জুনকে অতিক্রম করিয়া একেবারে কৃষ্ণের সম্মুখে যাইয়া উপস্থিত হইলেন ॥৩৮॥

দুর্য্যোধন অর্জ্জুনকে অতিক্রম করিয়া গেলে, সমস্ত কৌরবসৈন্যমধ্যের বাদ্যকারেরা আনন্দিত হইয়াই যেন বাদ্য বাজাইতে লাগিল ॥৩৯॥

তখন দুর্য্যোধন যাইয়া কৃষ্ণ ও অর্জ্জুনের সম্মুখে উপস্থিত হইয়াছেন দেখিয়া কৌরবসৈন্যমধ্যে শঙ্খধ্বনির সহিত সিংহনাদ হইতে থাকিল ॥৪০॥

(৩৭)···দুর্য্যোধনস্ততঃ···বা নি।

যে চ তে সিন্ধুরাজস্য গোপ্তারঃ পাবকোপমাঃ।
তেঽপ্যহৃষ্যন্ত সমরে দৃষ্ট্বা পুত্রং তব প্রভো! ॥৪১॥
দৃষ্ট্বা দুর্য্যোধনং কৃষ্ণো ব্যতিক্রান্তং সহানুগম্।
অব্রবীদর্জ্জুনং রাজন্! প্রাপ্তকালমিদং বচঃ ॥৪২॥
শ্রীবাসুদেব উবাচ। *
সুযোধনমতিক্রান্তমেনং পশ্য ধনঞ্জয়!।
আপদ্‌গতমিমং মন্যে নাস্ত্যস্য সদৃশো রথঃ ॥৪৩॥
দূরপাতী মহেষ্বাসঃ কৃতাস্ত্রো যুদ্ধদুর্ম্মদঃ।
দৃঢ়াস্ত্রশ্চিত্রযোধী চ ধার্ত্তরাষ্ট্রো মহাবলঃ ॥৪৪॥
অত্যন্তসুখসংবৃদ্ধো মানিতশ্চ মহারথঃ।
কৃতী চ সততং পার্থ! নিত্যং দ্বেষ্টি চ পাণ্ডবান্ ॥৪৫॥

ভারতকৌমুদী

য ইতি। তে কর্ণাদয়ঃ, গোপ্তারো রক্ষকাঃ। পুত্রং দুর্য্যোধনম্ ॥৪১॥
দৃষ্ট্বেতি। ব্যতিক্রান্তমাত্মানাবিতি শেষঃ। প্রাপ্তকালং কালোচিতম্ ॥৪২॥
সুযোধনমিতি। অতিক্রান্তম্ আবামতিক্রম্য গতম্। আপদ্‌গতম্, আবয়োর্বিষয়ত্বাৎ ॥৪৩॥
দূরেতি। দূরে পাতয়তি অস্ত্রাণি ক্ষিপতীতি সঃ, কৃতাস্ত্রঃ শিক্ষিতসর্বাস্ত্রঃ ॥৪৪॥
অত্যন্তেতি। মানিতঃ সঞ্জাতাভিমানঃ। কৃতী সর্বকার্য্যেষু নিপুণঃ ॥৪৫॥

রাজা! অগ্নির তুল্য তেজস্বী সেই যাঁহারা জয়দ্রথের রক্ষক ছিলেন, তাঁহারাও যুদ্ধে আপনার পুত্রকে দেখিয়া আনন্দিত হইলেন ॥৪১॥

রাজা! কৃষ্ণ দুর্য্যোধনকে অনুচরবর্গের সহিত অতিক্রান্ত দেখিয়া অর্জ্জুনের নিকট এই কালোচিত বাক্য বলিলেন—॥৪২॥

কৃষ্ণ বলিলেন—'অর্জ্জুন! দেখ—দুর্য্যোধন আমাদিগকে অতিক্রম করিয়া গিয়াছে। কিন্তু আমি ইহাকে বিপদাপন্ন বলিয়া মনে করি। সে যাহা হউক, ইহার তুল্য রথী নাই ॥৪৩॥

কারণ, দুর্য্যোধন দূরে অস্ত্রনিক্ষেপী, মহাধনুর্দ্ধর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত, যুদ্ধে দুর্দ্ধর্ষ, দৃঢ়াস্ত্র, বিচিত্রযোধী ও মহাবল ॥৪৪॥

(৪১)…তে প্রাহৃষ্যন্ত সমরে…বা নি। (৪২) ইতঃ পরম্ '…একোনশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '…একাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি। * বাসুদেব উবাচ—বা নি। (৪৩)…এতং পশ্য…বা নি, অত্যদ্ভুতমিমং মন্যে…বা। অত্র নো দ্যূতমায়ত্তম্—নি, বিজয়ায়েতরায় বা—বা নি।

তেন যুদ্ধমহং মন্যে প্রাপ্তকালং তবানঘ!।
অত্র বো দ্যূতমায়ত্তং বিজয়স্যেতরস্য বা ॥৪৬॥
অত্র ক্রোধবিষং পার্থ! বিমুঞ্চ চিরসংভৃতম্।
এষ মূলমনর্থানাং পাণ্ডবানাং মহারথঃ ॥৪৭॥
সোঽয়ং প্রাপ্তস্তবাক্ষেপং পশ্য সাফল্যমাত্মনঃ।
কথং হি রাজা রাজ্যার্থী ত্বয়া গচ্ছেত সংযুগম্ ॥৪৮॥
দিষ্ট্যা ত্বিদানীং সংপ্রাপ্ত এষ তে বাণগোচরম্।
যথায়ং জীবিতং জহ্যাত্তথা কুরু ধনঞ্জয়! ॥৪৯॥
ঐশ্বর্য্যমদসংমূঢ়ো নৈষ দুঃখমুপেযিবান্।
ন চ তে সংযুগে বীর্য্যং জানাতি পুরুষর্ষভ! ॥৫০॥

ভারতকৌমুদী

তেনেতি। প্রাপ্তকালং কালোচিতম্। বো যুষ্মাকং তব দুর্য্যোধনস্য চেত্যর্থঃ, দ্যূতং যুদ্ধরূপম্ ॥৪৬॥

অত্রেতি। অত্র দুর্য্যোধনে। বিমুঞ্চ নিক্ষিপ ॥৪৭॥

স ইতি। আক্ষেপম্ অস্ত্রক্ষেপবিষয়তাম্। রাজা দুর্য্যোধনঃ ॥৪৮॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। জীবিতং জীবনম্, জহ্যাৎ ত্যজেৎ ॥৪৯॥

এবং অত্যন্তসুখলালিত, অভিমানী, মহারথ ও সর্ব্বদা কার্য্যনিপুণ। কিন্তু অর্জুন! এ সর্বদাই পাণ্ডবগণের উপরে বিদ্বেষ করে ॥৪৫॥

অতএব নিষ্পাপ অর্জ্জুন! আমি মনে করি—উহার সহিত যুদ্ধ করা তোমার উচিত। কারণ, জয় বা পরাজয়ের হেতু যুদ্ধরূপ দ্যূতক্রীড়া এখন তোমাদের দুই জনেরই অধীন ॥৪৬॥

সুতরাং পৃথানন্দন! তোমার চিরসঞ্চিত ক্রোধবিষ এখন উহার উপরে নিক্ষেপ কর। কারণ, এই মহারথ দুর্য্যোধনই পাণ্ডবগণের সমস্ত অনর্থের মূল ॥৪৭॥

এই সেই দুর্য্যোধন তোমার অস্ত্রক্ষেপের স্থানে উপস্থিত হইয়াছে। অতএব তুমি নিজের সফলতার বিষয় পর্য্যালোচনা কর। আমি চিন্তা করি—রাজ্যার্থী দুর্য্যোধন কি প্রকারে তোমার সহিত যুদ্ধে সম্মিলিত হইবে? ॥৪৮॥

অর্জ্জুন! আজ ভাগ্যবশতঃ এ তোমার বাণের বিষয়ে আসিয়াছে; অতএব এ যাহাতে জীবন ত্যাগ করে, তাহা কর ॥৪৯॥

(৪৭) ..পাণ্ডবানাং মহাত্মনাম্—নি।

ত্বাং হি লোকাস্ত্রয়ঃ পার্থ! সসুরাসুরমানুষাঃ।
নোৎসহন্তে রণে জেতুং কিমুতৈকঃ সুযোধনঃ ॥৫১॥
স দিষ্ট্যা সমনুপ্রাপ্তস্তব পার্থ! রথান্তিকম্।
জহ্যেনং বৈ মহাবাহো! যথা বৃত্রং পুরন্দরঃ ॥৫২॥
এষ হ্যনর্থে সততং পরাক্রান্তস্তবানঘ!।
নিকৃত্যা ধর্ম্মরাজস্তু দ্যূতে বঞ্চিতবানয়ম্ ॥৫৩॥
বহূনি সুনৃশংসানি কৃতান্যেতেন মানদ!।
যুষ্মাসু পাপমতিনা হ্যপাপেষু চ নিত্যদা ॥৫৪॥
তমনার্য্যং সদা ক্ষুদ্রং পরুষং কামচারিণম্।
আর্য্যাং যুদ্ধে মতিং কৃত্বা জহি পার্থাবিচারয়ন্ ॥৫৫॥

ভারতকৌমুদী

ঐশ্বর্য্যেতি। উপেযিবান্ সুখেন লালিতত্বাদনুভূতবান্। সংযুগে যুদ্ধে ॥৫০॥
ত্বামিতি। নোৎসহন্তে অদ্বিতীয়বীরত্বান্ন শক্লুবন্তি ॥৫১॥
স ইতি। দিষ্ট্যা ভাগ্যেন। জহি বিনাশয়। বৃত্রং বৃত্রাসুরম্ ॥৫২॥
এষ ইতি। সততং ব্যাপৃত ইতি শেষঃ। নিকৃত্যা শাঠ্যেন ॥৫৩॥
বহূনীতি। সুনৃশংসানি বিষদানাদীনি ॥৫৪॥
তমিতি। অনার্য্যম্ অসজ্জনম্, পরুষং নিষ্ঠুরম্। আর্য্যাং ছলশূন্যত্বাং সাধ্বীম্ ॥৫৫॥

পুরুষশ্রেষ্ঠ! ঐশ্বর্য্যমদমূঢ় এই দুর্য্যোধন কখনও দুঃখভোগ করে নাই, কিংবা যুদ্ধে তোমার কতটুকু শক্তি আছে, তাহাও জানে না ॥৫০॥

পৃথানন্দন! দেবতা, অসুর ও মানুষের সহিত ত্রিভুবনও যুদ্ধে তোমাকে জয় করিতে সমর্থ হয় না; তাহাতে এক দুর্য্যোধন আর কি করিবে ॥৫১॥

পার্থ! সেই দুর্য্যোধন আজ ভাগ্যক্রমে তোমার রথের নিকটে উপস্থিত হইয়াছে। অতএব মহাবাহু! ইন্দ্র যেমন বৃত্রাসুরকে বধ করিয়াছিলেন, তুমিও সেইরূপ ইহাকে বধ কর ॥৫২॥

নিষ্পাপ অর্জ্জুন! পরাক্রমশালী এই দুর্য্যোধন সর্ব্বদাই তোমার অনর্থ-সম্পাদনে নিরত আছে এবং এ, দ্যূতক্রীড়ায় শঠতাপূর্ব্বক ধর্ম্মরাজকে বঞ্চিত করিয়াছিল ॥৫৩॥

মানী জনের মানকারক! এই পাপমতি দুর্য্যোধন সর্ব্বদাই নিষ্পাপ তোমাদের উপরে বহুতর অতিনৃশংস ব্যবহার করিয়াছে ॥৫৪॥

(৫৪)…অপাপেষ্বেব…বা,…অপাপেষ্বপি…নি। (৫৫)…সদা ক্রুদ্ধং পুরুষং কামরূপিণম্ …বা নি।

নিকৃত্যা রাজ্যহরণং বনবাসঞ্চ পাণ্ডব !।
পরিক্লেশঞ্চ কৃষ্ণায়া হৃদি কৃত্বা পরাক্রম ॥৫৬॥
দিষ্ট্যৈষ তব বাণানাং গোচরে পরিবর্ত্ততে।
প্রতিঘাতায় কার্য্যস্য দিষ্ট্যায়ং পতিতোঽগ্রতঃ ॥৫৭॥
দিষ্ট্যা জানাতি সংগ্রামে যোদ্ধব্যং হি ত্বয়া সহ।
দিষ্ট্যাদ্য সফলাঃ পার্থ ! সর্ব্বে কামা হ্যকামিতাঃ ॥৫৮॥
তস্মাজ্জহি রণে পার্থ ! ধার্ত্তরাষ্ট্রং কুলাধমম্।
যথেন্দ্রেণ হতঃ পূর্বং জম্ভো দেবাসুরে মৃধে ॥৫৯॥
অস্মিন্ হতে ত্বয়া সৈন্যমনাথং ভিদ্যতামিদম্।
বৈরস্যাস্যাস্ত্ববভৃথো মূলং ছিন্ধি দুরাত্মনাম্ ॥৬০॥

ভারতকৌমুদী

নিকৃত্যেতি। নিকৃত্যা শাঠ্যেন। পরিক্লেশং বস্ত্রহরণাদিনা, কৃষ্ণায়া দ্রৌপদ্যাঃ ॥৫৬॥
দিষ্ট্যেতি। গোচরে বিষয়ে। প্রতিঘাতায় বাধনায়, কার্য্যস্য জয়দ্রথবধস্য ॥৫৭॥
দিষ্ট্যেতি। কামা অভীষ্টবিষয়াঃ, অকামিতা ইতঃ পূর্বমসম্ভাবিতাঃ ॥৫৮॥
তস্মাদিতি। জম্ভো নামাসুরঃ, মৃধে যুদ্ধে ॥৫৯॥
অস্মিন্নিতি। অবভৃথো যজ্ঞান্তস্নানং সমাপ্তিরিত্যর্থঃ, মূলং প্রধানম্ ॥৬০॥

অতএব পৃথানন্দন ! কোন বিচার না করিয়া যুদ্ধবিষয়ে সৎ বুদ্ধি করিয়া সর্ব্বদা দুর্জন, ক্ষুদ্রপ্রকৃতি, নিষ্ঠুরস্বভাব ও স্বেচ্ছাচারী সেই দুর্য্যোধনটাকে বধ কর ॥৫৫॥

পাণ্ডুনন্দন ! শঠতাপূর্ব্বক রাজ্যহরণ, বনবাসে প্রেরণ এবং সর্বতোভাবে দ্রৌপদীর ক্লেশ উৎপাদন স্মরণ করিয়া পরাক্রম প্রকাশ কর ॥৫৬॥

অর্জ্জুন ! ভাগ্যবশতই আজ দুর্য্যোধন তোমার বাণের পথে রহিয়াছে এবং ভাগ্যবশতই এ, কর্ত্তব্য কার্য্যের ব্যাঘাত করিবার জন্য সম্মুখে পড়িয়াছে ॥৫৭॥

ভাগ্যক্রমেই জানিয়াছে যে, রণস্থলে তোমার সহিত যুদ্ধ করিতে হইবে। আর ভাগ্যক্রমেই আজ পূর্ব্বে অসম্ভাবিত সমস্ত অভীষ্ট বিষয় সফল হইতে চলিয়াছে ॥৫৮॥

অতএব অর্জ্জুন। পূর্ব্বকালে ইন্দ্র যেমন দেবাসুরযুদ্ধে জম্ভাসুরকে বধ করিয়াছিলেন, তুমিও আজ সেইরূপ যুদ্ধে কুরুকুলাধম দুর্য্যোধনকে বধ কর ॥৫৯॥

(৬০)···বৈরস্য দিষ্ট্যা সহজং মূলম্···নি।

সঞ্জয় উবাচ।

তং তথেত্যব্রবীৎ পার্থঃ কৃত্যরূপমিদং মম।
সর্বমন্যদনাদৃত্য গচ্ছ যত্র সুযোধনঃ ॥৬১॥
যেনৈতদ্দীর্ঘকালং নো ভুক্তং রাজ্যমকণ্টকম্।
অপ্যস্য যুধি বিক্রম্য ছিন্দ্যাং মূর্দ্ধানমাহবে ॥৬২॥
অপি তস্যা হ্যনর্হায়াঃ পরিক্লেশস্য মাধব !।
কৃষ্ণায়াঃ শক্নুয়াং গন্তুং পদং কেশপ্রধর্ষণে ॥৬৩॥
ইত্যেবংবাদিনৌ কৃষ্ণৌ হৃষ্টৌ শ্বেতান্ হয়োত্তমান্।
প্রেষয়ামাসতুঃ সংখ্যে প্রেপ্সন্তৌ তং নরাধিপম্ ॥৬৪॥
তয়োঃ সমীপং সংপ্রাপ্য পুত্রস্তে ভরতর্ষভ !।
ন চকার ভয়ং প্রাপ্তে ভয়ে মহতি মারিষ ! ॥৬৫॥

ভারতকৌমুদী

তমিতি। কৃত্যরূপম্ অবশ্যকর্ত্তব্যম্। সর্বং কার্য্যম্, অনাদৃত্য পরিহায় ॥৬১॥
যেনেতি। নঃ অস্মাকম্। অপিশব্দঃ সম্ভাবনায়াম্। পরত্রাপ্যেবম্ ॥৬২॥
অপীতি। অনর্হায়াঃ তাদৃশক্লেশভোগাযোগ্যায়াঃ। পদং নিষ্ক্রয়স্থানম্ ॥৬৩॥
ইতীতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। প্রেপ্সন্তৌ প্রাপ্তুমিচ্ছন্তৌ ॥৬৪॥
তয়োরিতি। পুত্রো দুর্য্যোধনঃ। হে মারিষ! আর্য্য! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥৬৫॥

এ নিহত হইলে, রক্ষকশূন্য এই সৈন্যদিগকে ছিন্ন-ভিন্ন কর, এই শত্রুতার সমাপ্তি হইয়া যাউক, দুরাত্মাদের মূলচ্ছেদ কর' ॥৬০॥

সঞ্জয় বলিলেন—'তখন অর্জ্জুন কৃষ্ণকে কহিলেন—'তাহাই হউক, ইহাই আমার অবশ্যকর্ত্তব্য। অতএব কৃষ্ণ! অন্য কার্য্য পরিত্যাগ করিয়া—যেখানে দুর্য্যোধন রহিয়াছে, সেইখানে যাও ॥৬১॥

দীর্ঘকাল যাবৎ নিষ্কণ্টকভাবে যে আমাদের রাজ্য ভোগ করিয়াছে, যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া তাহারই মস্তকচ্ছেদন করিব ॥৬২॥

কৃষ্ণ! তাদৃশ ক্লেশভোগের অযোগ্যা দ্রৌপদীর সেই সকল ক্লেশের ও কেশাকর্ষণের ক্লেশের পরিশোধ করিতে অবশ্যই সমর্থ হইব' ॥৬৩॥

কৃষ্ণ ও অর্জুন এইরূপ বলিতে থাকিয়া আনন্দিত হইয়া দুর্য্যোধনকে পাইবার ইচ্ছা করিয়া শ্বেতবর্ণ উত্তম অশ্বগুলিকে রণস্থলে চালাইয়া দিলেন ॥৬৪॥

(৬৪) অপি তস্য হ্যনর্হায়াঃ পরিক্লেশস্য···নি।

তদস্য ক্ষত্রিয়াস্তত্র সর্ব্ব এবাভ্যপূজয়ন্।
যদর্জ্জুনহৃষীকেশৌ প্রত্যুদ্যাতোঽবিচারয়ন্ ॥৬৬॥
ততঃ সর্ব্বস্য সৈন্যস্য তাবকস্য বিশাংপতে!।
মহানাদো হ্যভূত্তত্র দৃষ্ট্বা রাজানমাহবে ॥৬৭॥
তস্মিন্ জনসমুন্নাদে প্রবৃত্তে ভৈরবে সতি।
কদর্থীকৃত্য তে পুত্রঃ প্রত্যমিত্রমবারয়ৎ ॥৬৮॥
আবারিতস্তু কৌন্তেয়স্তব পুত্রেণ ধন্বিনা।
সংরম্ভমগমদ্ভূয়ঃ স চ তস্মিন্ পরন্তপঃ ॥৬৯॥
তৌ দৃষ্ট্বা প্রতিসংরব্ধৌ দুর্য্যোধনধনঞ্জয়ৌ।
অভ্যবৈক্ষন্ত রাজানো ভীমরূপৌ সমন্ততঃ ॥৭০॥

ভারতকৌমুদী

তদিতি। অভ্যপূজয়ন্ প্রাশংসন্ ॥৬৬॥
তত ইতি। মহানাদ আনন্দকোলাহলঃ ॥৬৭॥
তস্মিন্নিতি। কদর্থীকৃত্য পন্থানমবরুধ্য। প্রত্যমিত্রং শত্রুমর্জ্জুনমভিমুখীভূয় ॥৬৮॥
আবারিত ইতি। সংরম্ভং ক্রোধম্। স তব পুত্রশ্চ, তস্মিন্ কৌন্তেয়ে ॥৬৯॥
তাবিতি। প্রতিসংরব্ধৌ পরস্পরং প্রতি ক্রুদ্ধৌ। সমন্ততঃ সর্বতঃ ॥৭০॥

ভরতশ্রেষ্ঠ মাননীয় রাজা! আপনার পুত্র কৃষ্ণ ও অর্জুনের নিকটে যাইয়া গুরুতর ভয় উপস্থিত হইলেও ভয় করিলেন না ॥৬৫॥

তিনি যে কোন বিবেচনা না করিয়া কৃষ্ণ ও অর্জুনের সম্মুখে গেলেন, সকল ক্ষত্রিয়ই তাঁহার সেই কার্য্যের প্রশংসা করিলেন ॥৬৬॥

নরনাথ! তাহার পর যুদ্ধে রাজাকে দেখিয়া আপনার পক্ষের সমস্ত সৈন্যের মধ্যেই বিশাল আনন্দকোলাহল হইতে লাগিল ॥৬৭॥

সেই ভয়ঙ্কর জনকোলাহল উপস্থিত হইলে, আপনার পুত্র পথরোধ করিয়া অর্জ্জুনকে বারণ করিতে লাগিলেন ॥৬৮॥

আপনার ধনুর্দ্ধর পুত্র বারণ করিলে, অর্জ্জুন অত্যন্তক্রুদ্ধ হইলেন এবং শত্রুসন্তাপী দুর্য্যোধনও তাঁহার প্রতি সেইরূপ ক্রুদ্ধ হইয়া পড়িলেন ॥৬৯॥

দুর্য্যোধন ও অর্জ্জুনকে পরস্পর ক্রুদ্ধ দেখিয়া রাজারা সকল দিক্ হইতেই সেই ভয়ঙ্করমূর্ত্তি দুই জনের প্রতি কেবল দৃষ্টিপাতই করিতে লাগিলেন ॥৭০॥

(৬৬) তদস্য ক্ষত্রিয়াঃ কর্ম্ম…নি,…প্রত্যুদ্যাতো হ্যবারয়ৎ—বা নি। (৭০)…ভীমরূপাঃ সমন্ততঃ—বা নি।

দৃষ্ট্বা তু পার্থং সংরব্ধং বাসুদেবঞ্চ মারিষ ! ।
প্রহসন্নিব পুত্রস্তে যোদ্ধুকামঃ সমাহ্বয়ৎ ॥৭১॥
ততঃ প্রহৃষ্টৌ দাশার্হঃ পাণ্ডবশ্চ ধনঞ্জয়ঃ ।
ব্যক্রোশতাং মহানাদং দধ্মতুশ্চাম্বুজোত্তমৌ ॥৭২॥
তৌ হৃষ্টরূপৌ সংপ্রেক্ষ্য কৌরবেয়াশ্চ সর্ব্বশঃ ।
নিরাশাঃ সমপদ্যন্ত পুত্রস্য তব জীবিতে ॥৭৩॥
শোকমীয়ুঃ পরঞ্চৈব কুরবঃ সর্ব্ব এব তে ।
অমন্যন্ত চ পুত্রং তে বৈশ্বানরমুখে হুতম্ ॥৭৪॥
তথা তু দৃষ্ট্বা যোধাস্তে প্রহৃষ্টৌ কৃষ্ণপাণ্ডবৌ ।
হতো রাজা হতো রাজেত্যূচু রাজন্ ! ভয়ার্দ্দিতাঃ ॥৭৫॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি । সংরব্ধং ক্রুদ্ধম্ । সমাহ্বয়ৎ পার্থমেব ॥৭১॥

তত ইতি । দাশার্হঃ কৃষ্ণঃ । ব্যক্রোশতামুচ্চৈরাহ্বয়তাম্, মহান্ নাদো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা, দধ্মতুর্বাদয়ামাসতুঃ, অম্বুজোত্তমৌ পাঞ্চজন্যদেবদত্তনামানৌ শঙ্খৌ ॥৭২॥

তাবিতি । তৌ কৃষ্ণার্জ্জুনৌ । সমপদ্যন্ত অজায়ন্ত ॥৭৩॥

শোকমিতি । ঈয়ুঃ প্রাপুঃ । বৈশ্বানরমুখে অগ্নিমধ্যে, হুতং নিক্ষিপ্তম্ ॥৭৪॥

তথেতি । প্রহর্ষদর্শনাদেবোৎসাহাতিরেকপ্রতীতের্হননসম্ভাবনেত্যাশয়ঃ ॥৭৫॥

মাননীয় রাজা ! আপনার পুত্র (দুর্য্যোধন) অর্জুন ও কৃষ্ণকে ক্রুদ্ধ দেখিয়া যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া হাসিতে হাসিতেই যেন অর্জুনকে আহ্বান করিলেন ॥৭১॥

তদনন্তর কৃষ্ণ এবং অর্জুনও আনন্দিত হইয়া দুর্য্যোধনকে যুদ্ধে আহ্বান করিলেন এবং উত্তম শঙ্খ দুইটা বাজাইলেন, তাহাতে বিশাল ধ্বনি হইল ॥৭২॥

তখন কৌরবেরা সকলে কৃষ্ণ ও অর্জুনকে আনন্দিত দেখিয়া আপনার পুত্রের জীবনের প্রতি নিরাশ হইয়া পড়িলেন ॥৭৩॥

ক্রমে সেই কৌরবেরা সকলেই অত্যন্ত শোকার্ত্ত হইলেন এবং আপনার পুত্রকে অগ্নিমধ্যে নিক্ষিপ্ত বলিয়া মনে করিলেন ॥৭৪॥

রাজা ! আপনার পক্ষের যোদ্ধারা কৃষ্ণ ও অর্জুনকে সেইরূপ প্রহৃষ্ট দেখিয়া ভয়ার্ত্ত হইয়া বলিয়া উঠিলেন যে, 'রাজা নিহত হইলেন, রাজা নিহত হইলেন' ॥৭৫॥

(৭৪) শোকমাপুঃ পরে চৈব…বা, শোকমীয়ুঃ পরে চৈব…বঙ্গ বর্দ্ধ, শোকমাপুঃ পরঞ্চৈব …নি । (৭৫)·· উচিরে চ ভয়াদ্দিতাঃ—বা নি,…উচুরেবং ভয়ার্দ্দিতাঃ—পি ।

জনস্য সংনিনাদং তং শ্রুত্বা দুর্য্যোধনোঽব্রবীৎ।
ব্যেতু বো ভীরহং কৃষ্ণৌ প্রেষয়িষ্যামি মৃত্যবে ॥৭৬॥
ইত্যুক্ত্বা সৈনিকান্ সর্ব্বান্ জয়াপেক্ষী নরাধিপঃ।
পার্থমাভাষ্য সংরম্ভাদিদং বচনমব্রবীৎ ॥৭৭॥
পার্থ! যচ্ছিক্ষিতং তেঽস্ত্রং দিব্যং মানুষমেব চ।
তদ্দর্শয় ময়ি ক্ষিপ্রং যদি জাতোঽসি পাণ্ডুনা ॥৭৮॥
যদ্বলং তব বীর্য্যঞ্চ কেশবস্য তথৈব চ।
তৎ কুরুষ্ব ময়ি ক্ষিপ্রং পশ্যামি তব পৌরুষম্ ॥৭৯॥
অস্মৎপরোক্ষং কর্ম্মাণি প্রবদন্তি কৃতানি তে।
স্বামিসৎকারযুক্তানি যানি তানীহ দর্শয় ॥৮০॥

ভারতকৌমুদী

জনস্যেতি। ব্যেতু অপগচ্ছতু, বো যুষ্মাকম্, ভীর্ভয়ম্, কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥৭৬॥
ইতীতি। জয়াপেক্ষী জয়াভিলাষী। আভাষ্য সম্বোধ্য, সংরম্ভাৎ ক্রোধাৎ ॥৭৭॥
পার্থেতি। তে ত্বয়া, দিবি স্বর্গে ভবমিতি দিব্যম্, মানুষাণামিদমিতি মানুষম্ ॥৭৮॥
যদিতি। যচ্চ তব বলম্, তথৈব কেশবস্য যদ্বীর্য্যঞ্চেতি সম্বন্ধঃ। কুরুষ্ব প্রযোজয় ॥৭৯॥
অস্মদিতি। কর্ম্মাণি নিবাতকবচবধাদীনি। স্বামিনামিন্দ্রাদীনাং সৎকারেণ যুক্তানি ॥৮০॥

ভারতভাবদীপঃ

দ্যোতনার্থম্ ॥২৮—৩৭॥ অগ্রতঃ প্রমুখে ॥৩৮—৪২॥ নাস্তীত্যর্জ্জুনোত্তেজনম্ ॥৪৩—৪৭॥ আক্ষেপং শরগোচরম্ ॥৪৮—৬২॥ পদং প্রতিপদম্ ॥৬৩—৭৯॥ স্বামিসংকারো বীরপ্রধানো

তখন দুর্য্যোধন সেই জনকোলাহল শুনিয়া বলিলেন যে, আপনাদের ভয় দূরীভূত হউক, আমিই কৃষ্ণ ও অর্জুনকে যমালয়ে প্রেরণ করিব' ॥৭৬॥

জয়াভিলাষী রাজা দুর্য্যোধন সমস্ত সৈন্যকে এইরূপ বলিয়া অর্জুনকে সম্বোধন করিয়া ক্রোধবশতঃ এই কথা বলিলেন—॥৭৭॥

'অর্জুন! তুমি যদি পাণ্ডুর পুত্র হইয়া থাক, তবে স্বর্গীয় বা মর্ত্ত্যলোকীয় যে সকল অস্ত্র শিক্ষা করিয়াছ, তাহা সত্বর আমার উপরে প্রদর্শন কর ॥৭৮॥

তোমার যে বল আছে এবং কৃষ্ণেরও যে শক্তি রহিয়াছে, তাহাও সত্বর আমার উপরে প্রয়োগ কর; তোমার পুরুষকার দেখি ॥৭৯॥

(৭৬)…সংনিনাদং তু…বা নি। (৭৮)…দিব্যং পার্থিবমেব চ…বা নি। (৭৯)…পশ্যামস্তব পৌরুষম্—বা নি। (৮০) শ্লোকাৎ পরম্ '…শততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '…দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বার্জ্জুনং রাজা ত্রিভির্মর্ম্মাতিগৈঃ শরৈঃ।
প্রত্যবিধ্যন্মহাবেগৈশ্চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥৮১॥
বাসুদেবঞ্চ দশভিঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে।
প্রতোদঞ্চাস্য ভল্লেন ছিত্ত্বা ভূমাবপাতয়ৎ ॥৮২॥
তং চতুর্দশভিঃ পার্থশ্চিত্রপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
অবিধ্যত্তূর্ণমব্যগ্রস্তেঽস্যাভ্রশ্যন্ত বর্ম্মণঃ ॥৮৩॥
তেষাং বৈফল্যমালোক্য পুনর্নব চ পঞ্চ চ।
প্রাহিণোন্নিশিতান্ বাণাংস্তেঽপ্যভ্রশ্যন্ত বর্ম্মণঃ ॥৮৪॥

ভারতকৌমুদী

এবমিতি। রাজা দুর্য্যোধনঃ, মর্ম্ম হৃদয়ং ভিত্ত্বা অতিগচ্ছন্তীতি তৈঃ ॥৮১॥
গদামেবাগ্রহীৎ ক্রুদ্ধশ্চিক্ষেপ চ পরন্তপঃ ॥৩৭॥
তে গদে সহসা মুক্তে সমাসাদ্য পরস্পরম্।
সংঘর্ষাৎ পাবকং মুক্ত্বা সমেয়াতাং মহীতলে ॥৩৮॥
ততো দ্রোণো ভৃশং ক্রুদ্ধো ধর্ম্মরাজস্য মারিষ !।
চতুর্ভির্নিশিতৈস্তীক্ষ্ণৈর্হয়ান্ জঘ্নে শরোত্তমৈঃ ॥৩৯॥
ধনুশ্চৈকেন বাণেন চিচ্ছেদেন্দ্রায়ুধোপমম্।
কেতুমেকেন চিচ্ছেদ পাণ্ডবঞ্চার্দ্দয়ত্ত্রিভিঃ ॥৪০॥
হতাশ্বাত্তু রথাত্তূর্ণমবপ্লুত্য যুধিষ্ঠিরঃ।
তস্থাবূর্দ্ধভুজো রাজা ব্যায়ুধো ভরতর্ষভ ! ॥৪১॥

ভারতকৌমুদী

তামিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্। চিক্ষেপ চ তাং গদাম্ ॥৩৭॥
তে ইতি। মুক্তে নিক্ষিপ্তে। মুক্ত্বা আবিষ্কৃত্য, সমেয়াতামগচ্ছতাম্ ॥৩৮॥
তত ইতি। হয়ান্ চতুরো ঘোটকান্ ॥৩৯॥
ধনুরিতি। কেতুং ধ্বজম্। পাণ্ডবং যুধিষ্ঠিরম্, প্রকরণাৎ ॥৪০॥
হতেতি। ঊর্দ্ধভুজঃ অস্ত্রনিবারণার্থম্, ব্যায়ুধো নিরস্ত্রঃ ॥৪১॥

মাননীয় রাজা ! তখন ক্ষত্রিয়মর্দ্দন দ্রোণ সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া তৎক্ষণাৎ যুধিষ্ঠিরের প্রতি একটা গদা নিক্ষেপ করিলেন ॥৩৬॥

সেই গদাটা বেগে আসিতেছে দেখিয়া শত্রুসন্তাপকারী যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া একটা গদাই গ্রহণ করিলেন এবং তাহা নিক্ষেপ করিলেন ॥৩৭॥

দ্রোণ ও যুধিষ্ঠির-নিক্ষিপ্ত সেই গদা দুইটা তৎক্ষণাৎ পরস্পর সম্মিলিত হইয়া সংঘর্ষবশতঃ অগ্নি আবিষ্কার করিয়া ভূতলে পতিত হইল ॥৩৮॥

মাননীয় রাজা ! তদনন্তর দ্রোণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া শিলাশাণিত ও সুতীক্ষ্ণ চারিটা উত্তম বাণদ্বারা যুধিষ্ঠিরের চারিটা অশ্বকে বিনাশ করিলেন ॥৩৯॥

এবং তিনি একটা বাণদ্বারা যুধিষ্ঠিরের ইন্দ্রধনুর তুল্য ধনুখানা কাটিয়া ফেলিলেন, অপর একটা বাণদ্বারা তাঁহার ধ্বজটাকে ছেদন করিলেন, আর তিনটা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৪০॥

(৩৭)···চিক্ষেপ চ পরন্তপ !···বা নি। (৪০) চিচ্ছেদৈকেন ভল্লেন ধনুশ্চেন্দ্রধ্বজোপমম্···বা নি।

বিরথং তং সমালোক্য ব্যায়ুধঞ্চ বিশেষতঃ।
দ্রোণো ব্যমোহয়চ্ছত্রূন্ সর্বসৈন্যানি চ প্রভো! ॥৪২॥
মুঞ্চন্নিষুগণাংস্তীক্ষ্ণাল্লঁঘুহস্তো দৃঢ়ব্রতঃ।
অভিদুদ্রাব রাজানং সিংহো মৃগমিবোল্বণঃ ॥৪৩॥
তমভিদ্রুতমালোক্য দ্রোণেনামিত্রঘাতিনা।
হাহেতি সহসা শব্দঃ পাণ্ডূনাং সমজায়ত ॥৪৪॥
হৃতো রাজা হৃতো রাজা ভারদ্বাজেন মারিষ!।
ইত্যাসীত্তুমুলঃ শব্দঃ পাণ্ডুসৈন্যস্য সর্বতঃ ॥৪৫॥
ততস্ত্বরিতমারুহ্য সহদেবরথং নৃপঃ।
অপায়াজ্জবনৈরশ্বৈঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে যুধিষ্ঠিরাপযানে একনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বিরথমিতি। ব্যমোহয়ৎ সম্মোহনাস্ত্রপ্রয়োগেণ, শত্রূন্ শত্রুভূতানি ॥৪২॥
মুঞ্চন্নিতি। ইষুগণান্ বাণসমূহান্। উল্বণো যুদ্ধোন্মত্তঃ ॥৪৩॥
তমিতি। অভিদ্রুতং গ্রহণায় দ্রুতং প্রাপ্তম্। পাণ্ডূনাং পাণ্ডবসৈন্যানাম্ ॥৪৪॥
হৃত ইতি। রাজা যুধিষ্ঠিরঃ, ভারদ্বাজেন দ্রোণেন ॥৪৫॥

ভরতশ্রেষ্ঠ! রথের অশ্বগুলি নিহত হইলে, নিরস্ত্র রাজা যুধিষ্ঠির সত্বর রথ হইতে লাফাইয়া পড়িয়া ঊর্দ্ধবাহু হইয়া দাঁড়াইলেন ॥৪১॥

রাজা! দ্রোণ যুধিষ্ঠিরকে রথবিহীন, বিশেষতঃ নিরস্ত্র দেখিয়া সম্মোহনাস্ত্রে সমস্ত শত্রুসৈন্যকে মোহিত করিয়া ফেলিলেন ॥৪২॥

পরে লঘুহস্ত, দৃঢ়প্রতিজ্ঞ ও যুদ্ধোন্মত্ত দ্রোণ তীক্ষ্ণ বাণ সকল নিক্ষেপ করিতে থাকিয়া—সিংহ যেমন হরিণের দিকে ধাবিত হয়, সেইরূপ যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৪৩॥

শত্রুহন্তা দ্রোণ সত্বর যুধিষ্ঠিরের দিকে যাইতেছেন দেখিয়া তৎক্ষণাৎ পাণ্ডবসৈন্যমধ্যে হাহাশব্দ উত্থিত হইল ॥৪৪॥

মাননীয় রাজা! 'দ্রোণ যুধিষ্ঠিরকে হরণ করিলেন, দ্রোণ যুধিষ্ঠিরকে হরণ করিলেন' এইরূপ তুমুল শব্দ সকল দিকে পাণ্ডবসৈন্যমধ্যে হইতে লাগিল ॥৪৫॥

(৪২)···সর্বসৈন্যানি চাভিভো!—বা নি। (৪৪)···হাহেতি সুমহান্ শব্দঃ· নি। (৪৫) ইত্যাসীৎ সুমহান্ শব্দঃ···বা নি। * '···চতুরধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···ষড়ধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

দ্বিনবতিতমোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।

বৃহৎক্ষত্রং তথায়ান্তং কৈকেয়ং দৃঢ়বিক্রমম্।
ক্ষেমধূর্ত্তির্মহারাজ! বিব্যাধোরসি মার্গণৈঃ ॥১॥
বৃহৎক্ষত্রস্তু তং রাজন্! নবত্যা নতপর্ব্বণাম্।
আজঘ্নে ত্বরিতো যুদ্ধে দ্রোণানীকবিভিৎসয়া ॥২॥
ক্ষেমধূর্ত্তিস্তু সংক্রুদ্ধঃ কৈকেয়স্য মহাত্মনঃ।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন পীতেন নিশিতেন চ ॥৩॥
অথৈনং ছিন্নধন্বানং শরেণানতপর্ব্বণা।
বিব্যাধ সমরে তূর্ণং প্রবরং সর্ব্বধন্বিনাম্ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। অপায়াৎ রণস্থলাদপাসরৎ, জবনৈর্বেগবদ্ভিঃ ॥৪৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে একনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

বৃহদিতি। উরসি বক্ষসি, মার্গণৈর্বাণৈঃ ॥১॥

বৃহদিতি। নতপর্ব্বণাম্ ঈষদ্বক্রোপান্তানাং বাণানাম্ ॥২॥

ক্ষেমেতি। পীতেন প্রাক্‌পীতশক্রুরক্তেন তৎসজাতীয়েন, নিশিতেন সুধারেণ ॥৩॥

তদনন্তর কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির সত্বর যাইয়া সহদেবের রথে আরোহণ করিয়া বেগবান্ অশ্বগণের গুণে রণস্থল হইতে অপসৃত হইলেন' ॥৪৬॥

———০:::০———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! মহাবিক্রমশালী কেকয়দেশীয় বৃহৎক্ষত্র আসিতে লাগিলে, ক্ষেমধূর্ত্তি বাণদ্বারা তাঁহার বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥১॥

রাজা! তখন বৃহৎক্ষত্র ত্বরান্বিত হইয়া দ্রোণসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া নব্বইটা বাণদ্বারা ক্ষেমধূর্ত্তিকে আঘাত করিলেন ॥২॥

পরে ক্ষেমধূর্ত্তি অত্যন্তক্রুদ্ধ হইয়া রক্তপায়ী ও সুধার একটা ভল্লদ্বারা মহাত্মা বৃহৎক্ষত্রের ধনু ছেদন করিলেন ॥৩॥

(১) বৃহৎক্ষত্রমথায়ান্তম্···বা নি, (৩)···নিশিতেন হ—বা নি।

অথান্যদ্ধনুরাদায় বৃহৎক্ষত্রো হসন্নিব।
ব্যশ্বসূতরথং চক্রে ক্ষেমধূর্ত্তিং মহারথম্ ॥৫॥
ততোঽপরেণ ভল্লেন পীতেন নিশিতেন চ।
জহার নৃপতেঃ কায়াচ্ছিরো জ্বলিতকুণ্ডলম্ ॥৬॥
তচ্ছিন্নং সহসা তস্য শিরঃ কুঞ্চিতমূর্দ্ধজম্।
সকিরীটং মহীং প্রাপ্য বভৌ জ্যোতিরিবাম্বরাৎ ॥৭॥
তং নিহত্য রণে হৃষ্টো বৃহৎক্ষত্রো মহাবলঃ।
সহসা ভ্যপতৎ সৈন্যং তাবকং পার্থকারণাৎ ॥৮॥
ধৃষ্টকেতুমথায়ান্তং দ্রোণহেতোঃ পরাক্রমী।
বীরধন্বা মহেষ্বাসো বারয়ামাস ভারত! ॥৯॥

ভারতকৌমুদী

অথেতি। এনং বৃহৎক্ষত্রম্। বিব্যাধ ক্ষেমধূর্ত্তিরিত্যন্বয়ঃ ॥৪॥
অথেতি। বিগতা অশ্বাঃ সূতঃ সারথিঃ রথশ্চ যস্য তং তাদৃশম্ ॥৫॥
তত ইতি। নৃপতেঃ ক্ষেমধূর্ত্তেঃ। জ্বলিতে উজ্জ্বলে কুণ্ডলে যস্য তৎ ॥৬॥
তদিতি। কুঞ্চিতা বক্রা মূর্দ্ধজাঃ কেশা যস্য তৎ। জ্যোতিগ্রহঃ ॥৭॥
তমিতি। পার্থকারণাৎ অর্জ্জুনসাহায্যহেতোঃ ॥৮॥
ধৃষ্টেতি। দ্রোণহেতোঃ অর্জ্জুনসাহায্যার্থে গমনায় দ্রোণাতিক্রমার্থম্ ॥৯॥

তাহার পর তিনি একটা নতপর্ব্ব বাণদ্বারা সত্বর ছিন্নকার্ম্মুক সর্ব্বধনুর্দ্ধর-শ্রেষ্ঠ বৃহৎক্ষত্রকে বিদ্ধ করিলেন ॥৪॥

তৎপরে বৃহৎক্ষত্র হাসিতে হাসিতেই যেন অন্য ধনু লইয়া মহারথ ক্ষেমধূর্ত্তির অশ্ব, সারথি ও রথ বিনষ্ট করিলেন ॥৫॥

এবং তদনন্তর তিনি অন্য একটা রক্তপায়ী সুধার ভল্লদ্বারা ক্ষেমধূর্ত্তির দেহ হইতে উজ্জ্বলকুণ্ডলযুক্ত মস্তক হরণ করিলেন ॥৬॥

তৎক্ষণাৎ ক্ষেমধূর্ত্তির সেই কুঞ্চিতকেশ ছিন্ন মস্তকটী কিরীটের সহিত ভূতলে পতিত হইয়া আকাশ হইতে নিপতিত কোন তেজোময় গ্রহের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৭॥

মহাবল বৃহৎক্ষত্র যুদ্ধে ক্ষেমধূর্ত্তিকে বধ করিয়া আনন্দিত হইয়া অর্জ্জুনের সাহায্য করিবার জন্য তৎক্ষণাৎ আসিয়া আপনার সৈন্যের উপরে পতিত হইলেন ॥৮॥

(৮)···সহসাভ্যপতৎ···বা নি।

তৌ পরস্পরমাসাদ্য শরদংষ্ট্রৌ তরস্বিনৌ।
শরৈরনেকসাহস্রৈরন্যোন্যমভিজঘ্নতুঃ ॥১০॥
তাবুভৌ নরশার্দ্দূলৌ যুযুধাতে পরস্পরম্।
মহাবনে তীব্রমদৌ বারণাবিব যূথপৌ ॥১১॥
গিরিগহ্বরমাসাদ্য শার্দ্দূলাবিব রোষিতৌ।
যুযুধাতে মহারাজ! পরস্পরবধৈষিণৌ ॥১২॥
তদ্‌যুদ্ধমাসীত্তুমুলং প্রেক্ষণীয়ং বিশাংপতে!।
সিদ্ধচারণসংঘানাং বিস্ময়াদ্ভুতদর্শনম্ ॥১৩॥
বীরধন্বা ততঃ ক্রুদ্ধো ধৃষ্টকেতোঃ শরাসনম্।
দ্বিধা চিচ্ছেদ ভল্লেন প্রহসন্নিব ভারত! ॥১৪॥

ভারতকৌমুদী

তাবিতি। শরা দংষ্ট্রা দন্তা ইব যয়োস্তৌ, তরস্বিনৌ বলবন্তৌ ॥১০॥
তাবিতি। বারণৌ হস্তিনৌ, যূথপৌ হস্তিসমূহরক্ষকৌ ॥১১॥
গিরীতি। রোষিতৌ পরস্পরপ্রহারাৎ সঞ্জাতরোষৌ ॥১২॥
তদিতি। বিগতঃ স্ময়োঽহঙ্কারো যস্মাত্তদ্বিস্ময়মদ্ভুতঞ্চ দর্শনং যস্য তৎ ॥১৩॥
বীরেতি। শরান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি শরাসনং ধনুঃ ॥১৪॥

ভরতনন্দন! তাহার পর পরাক্রমশালী ধৃষ্টকেতু দ্রোণকে অতিক্রম করিবার জন্য আসিতে লাগিলে, মহাধনুর্দ্ধর বীরধন্বা তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৯॥

দন্তের ন্যায় বাণধারী ও বলবান্ সেই দুই বীর পরস্পর প্রাপ্ত হইয়া বহুতর বাণদ্বারা পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥১০॥

মহাবনমধ্যে তীব্রমদশালী ও হস্তিযূথপতি দুইটা হস্তীর ন্যায় সেই নরশ্রেষ্ঠেরা দুই জন পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন ॥১১॥

মহারাজ! ক্রুদ্ধ দুইটা ব্যাঘ্র যেমন পরস্পরবধার্থী হইয়া পর্ব্বতগুহার ভিতরে যুদ্ধ করে, তাঁহারাও সেইরূপ যুদ্ধ করিতে থাকিলেন ॥১২॥

নরনাথ! সেই যুদ্ধটা তুমুল ও দর্শনযোগ্যরূপে হইতে লাগিল এবং তাহা দেখিয়া সিদ্ধ-চারণগণের অহঙ্কার দূরীভূত হইল ও বিস্ময় জন্মিল ॥১৩॥

ভরতনন্দন! তাহার পর বীরধন্বা ক্রুদ্ধ হইয়া হাসিতে হাসিতেই যেন একটা ভল্লদ্বারা ধৃষ্টকেতুর ধনুখানাকে দুই খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন ॥১৪॥

(১২)·· যুযুধাতে মহাবীর্য্যৌ পরস্পরজিঘাংসয়া—বা নি।

তদুৎসৃজ্য ধনুশ্ছিন্নং চেদিরাজো মহারথঃ।
শক্তিং জগ্রাহ বিপুলাং রুক্মদণ্ডাময়স্ময়ীম্ ॥১৫॥
তান্তু শক্তিং মহাবীর্য্যাং ভুজেনোদ্যম্য ভারত!।
চিক্ষেপ সহসা মত্তো বীরধন্বরথং প্রতি ॥১৬॥
স তয়া বীরঘাতিন্যা শক্ত্যা ত্বভিহতো ভৃশম্।
নির্ভিন্নহৃদয়স্তূর্ণং নিপপাত রথান্মহীম্ ॥১৭॥
তস্মিন্ নিপতিতে শূরে ত্রিগর্ত্তানাং মহারথে।
বলং তেঽভজ্যত বিভো! পাণ্ডবৈশ্চ সমন্ততঃ ॥১৮॥
সহদেবে ততঃ ষষ্টিং সায়কান্ দুর্ম্মুখোঽক্ষিপৎ।
ননাদ চ মহানাদং তর্জয়ন্ পাণ্ডবং রণে ॥১৯॥

ভারতকৌমুদী

তদিতি। উৎসৃজ্য বিহায়। রুক্মদণ্ডাং স্বর্ণদণ্ডাম্, অয়স্ময়ীং লৌহময়ীম্ ॥১৫॥
তামিতি। উদ্যম্য উত্তোল্য। রথং প্রতি ক্ষেপেণৈব বীরধন্বানং প্রতি ক্ষেপো জাতঃ ॥১৬॥
স ইতি। নির্ভিন্নহৃদয়ো বিদীর্ণবক্ষাঃ, নিপপাত জগাম ॥১৭॥
তস্মিন্নিতি। বলং সৈন্যম্, অভজ্যত সংঘচ্যুতমক্রিয়ত ॥১৮॥
সহেতি। ননাদ চকার। পাণ্ডবং সহদেবং প্রকরণাৎ ॥১৯॥

মহারথ ধৃষ্টকেতু সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া বিশালা, স্বর্ণদণ্ডা ও লৌহময়ী একটা শক্তি গ্রহণ করিলেন ॥১৫॥

ভরতনন্দন! যুদ্ধমদমত্ত ধৃষ্টকেতু হস্তদ্বারা সেই সুদৃঢ় শক্তিটা উত্তোলন করিয়া তৎক্ষণাৎ তাহা বীরধন্বার রথের দিকে নিক্ষেপ করিলেন ॥১৬॥

সেই বীরঘাতিনী শক্তিদ্বারা গুরুতর আহত ও বিদীর্ণহৃদয় হইয়া বীরধন্বা সত্বর রথ হইতে ভূতলে নিপতিত হইলেন ॥১৭॥

রাজা! বীর ও ত্রিগর্ত্তদেশীয় মহারথ সেই বীরধন্বা নিপতিত হইলে, পাণ্ডবেরা সকল দিকেই আপনার সৈন্য বিশ্লিষ্ট করিতে লাগিলেন ॥১৮॥

মহারাজ! তাহার পর আপনার পুত্র দুর্ম্মুখ সহদেবের প্রতি ষাটটা বাণ নিক্ষেপ করিলেন এবং তাঁহাকে ভর্ৎসনা করিতে থাকিয়া বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥১৯॥

(১৫) হেমদণ্ডাময়স্ময়ীম্—বা নি। (১৬)…দোর্ভ্যামায়ম্য ভারত!…সহসা যত্তঃ… বা নি। (১৭) তয়া তু বীরঘাতিন্যা…বা নি। (১৮)…ত্রৈগর্ত্তানাং… মহারথে… পাণ্ডবেয়ৈঃ সমন্ততঃ—বা নি।

মাদ্রেয়স্তু ততঃ ক্রুদ্ধো দুর্ম্মুখং দশভিঃ শরৈঃ।
ভ্রাতা ভ্রাতরমায়ান্তং বিব্যাধ প্রহসন্নিব ॥২০॥
তং রণে রভসং দৃষ্ট্বা সহদেবং মহাবলম্।
দুর্ম্মুখো নবভির্বাণৈস্তাড়য়ামাস ভারত! ॥২১॥
দুর্ম্মুখস্য তু ভল্লেন ছিত্ত্বা কেতুং মহাবলঃ।
জঘান চতুরো বাহাংশ্চতুর্ভির্নিশিতৈঃ শরৈঃ ॥২২॥
অথাপরেণ ভল্লেন পীতেন নিশিতেন চ।
চিচ্ছেদ সারথেঃ কায়াচ্ছিরো জ্বলিতকুণ্ডলম্ ॥২৩॥
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেণ কৌরবস্য মহদ্ধনুঃ।
সহদেবো রণে ছিত্ত্বা তঞ্চ বিব্যাধ পঞ্চভিঃ ॥২৪॥
হতাশ্বস্তু রথং ত্যক্ত্বা দুর্ম্মুখো বিমনাস্তদা।
আরুরোহ রথং রাজন্! নিরমিত্রস্য ভারত! ॥২৫॥

ভারতকৌমুদী

মাদ্রেয় ইতি। মাদ্রেয়ো মাদ্রীপুত্রঃ সহদেবঃ ॥২০॥

তমিতি। রভসং বেগবন্তম্ ॥২১॥

দুর্ম্মুখস্যেতি। মহাবলঃ সহদেবঃ। বাহান্ দুর্ম্মুখরথস্থাশ্বান্ ॥২২॥

অথেতি। পীতেন প্রাক্পীতশক্ররক্তেন তৎসজাতীয়েনেত্যর্থঃ। চিচ্ছেদ পাতয়ামাস ॥২৩॥

ক্ষুরেতি। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণবিশেষেণ, কৌরবস্য দুর্ম্মুখস্য ॥২৪॥

তৎপরে ভ্রাতা দুর্ম্মুখ আসিতে লাগিলে, ভ্রাতা সহদেব ক্রুদ্ধ হইয়া হাসিতে হাসিতেই যেন দশটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২০॥

ভরতনন্দন! মহাবল সহদেবকে যুদ্ধে বেগবান্ দেখিয়া দুর্ম্মুখ নয়টা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥২১॥

মহাবল সহদেব একটা ভল্লদ্বারা দুর্ম্মুখের ধ্বজ ছেদন করিয়া চারিটা সুধার বাণদ্বারা তাঁহার চারিটা অশ্বকে বধ করিলেন ॥২২॥

তৎপরে তিনি শক্ররক্তপায়ী সুধার অন্য একটা ভল্লদ্বারা দুর্ম্মুখের সারথির দেহ হইতে উজ্জ্বলকুণ্ডলযুক্ত মস্তকটা ছেদন করিয়া ফেলিলেন ॥২৩॥

তদনন্তর সহদেব একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা দুর্ম্মুখের বিশাল ধনু ছেদন করিয়া পাঁচটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২৪॥

(২০)···দুর্ম্মুখঞ্চ শিতৈঃ শরৈঃ···বা নি···ভ্রাতরমায়ত্তঃ···নি। (২৩)···নিশিতেন হ···নি। (২৪) ক্ষুরপ্রেণ চ তীক্ষ্ণেন কৌরব্যস্য···বা নি।

সহদেবস্ততঃ ক্রুদ্ধো নিরমিত্রং মহাহবে।
জঘান পৃতনামধ্যে ভল্লেন পরবীরহা ॥২৬॥
স পপাত রথোপস্থান্নিরমিত্রো জনেশ্বর!।
ত্রিগর্ত্তরাজস্য সুতো ব্যথয়ংস্তব বাহিনীম্ ॥২৭॥
তন্তু হত্বা মহাবাহুঃ সহদেবো ব্যরোচত।
যথা দাশরথী রামঃ খরং হত্বা মহাবলম্ ॥২৮॥
হাহাকারো মহানাসীৎ ত্রিগর্ত্তানাং জনেশ্বর!।
রাজপুত্রং হতং দৃষ্ট্বা নিরমিত্রং মহাবলম্ ॥২৯॥
নকুলস্তে সুতং রাজন্! বিকর্ণং পৃথুলোচনম্।
মুহূর্ত্তাজ্জিতবান্ সংখ্যে তদদ্ভুতমিবাভবৎ ॥৩০॥

ভারতকৌমুদী

হতেতি। বিমনাঃ পরাজয়াদ্বিষণ্ণচিত্তঃ। নিরমিত্রস্য ত্রিগর্ত্তরাজপুত্রস্য ॥২৫॥
সহেতি। পৃতনায়াঃ কৌরবসৈন্যস্যৈব মধ্যে। পরবীরহা বিপক্ষবীরহন্তা ॥২৬॥
স ইতি। রথস্য উপস্থাৎ উপরিদেশাৎ। ব্যথয়ং স্বপতনেনৈব ॥২৭॥
তমিতি। ব্যরোচত বীরশ্রিয়া অশোভত। খরং নাম রাক্ষসম্ ॥২৮॥
হাহেতি। দৃষ্ট্বা স্থিতানামিত্যধ্যাহারান্নৈককর্ত্তৃকত্বহানিঃ ॥২৯॥
নকুল ইতি। পৃথুলোচনং বিশালনেত্রম্। মুহূর্ত্তাজ্জয় এবাদ্ভুতঃ ॥৩০॥

ভরতনন্দন রাজা! তখন দুর্ম্মুখ বিষণ্ণচিত্ত হইয়া হতাশ্ব রথ ত্যাগ করিয়া নিরমিত্রের রথে যাইয়া আরোহণ করিলেন ॥২৫॥

তাহার পর বিপক্ষবীরহন্তা ক্রুদ্ধ সহদেব একটা ভল্লদ্বারা মহাযুদ্ধে কৌরব-সৈন্যমধ্যেই নিরমিত্রকে বধ করিলেন ॥২৬॥

নরনাথ! তখন ত্রিগর্ত্তরাজপুত্র নিরমিত্র আপনার সৈন্যদিগকে ব্যথিত করিয়া রথের উপর হইতে পতিত হইলেন ॥২৭॥

তৎকালে মহাবাহু সহদেব নিরমিত্রকে বধ করিয়া মহাবল-খর-বধের পর দশরথনন্দন রামের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥২৮॥

নরনাথ! রাজপুত্র মহাবল নিরমিত্রকে নিহত দেখিয়া ত্রিগর্ত্তসৈন্যদের মধ্যে গুরুতর হাহাকার হইতে লাগিল ॥২৯॥

রাজা! ওদিকে নকুল যুদ্ধে মুহূর্ত্তকালমধ্যে আপনার পুত্র বিশালনয়ন বিকর্ণকে জয় করিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৩০॥

(২৬)···জঘান পৃথুধারেণ···বা নি। (২৯)···নিরমিত্রং মহারথম্—পি বা নি। (৩০)···জিতবাল্লোঁকে · বা নি।

সাত্যকিং ব্যাঘ্রদত্তস্তু শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
চক্রেঽদৃশ্যং সাশ্বসূতং সধ্বজং পৃতনান্তরে ॥৩১॥
তান্ নিবার্য্য শরান্ শূরঃ শৈনেয়ঃ কৃতহস্তবৎ।
সাশ্বসূতধ্বজং বাণৈর্ব্যাঘ্রদত্তমপাতয়ৎ ॥৩২॥
কুমারে নিহতে তস্মিন্ মাগধস্য সুতে প্রভো!।
মাগধাঃ সর্ব্বতো যত্তা যুযুধানমুপাদ্রবন্ ॥৩৩॥
বিসৃজন্তঃ শরাংশ্চৈব তোমরাংশ্চ সহস্রশঃ।
ভিন্দিপালাংস্তথা প্রাসান্ মুদ্গরান্ মুসলানপি।
অযোধয়ন্ রণে শূরাঃ সাত্বতং যুদ্ধকোবিদম্ ॥৩৪॥
তাংস্তু সর্ব্বান্ স বলবান্ সাত্যকির্যুদ্ধদুর্ম্মদঃ।
নাতিকৃচ্ছ্রাদ্ধসন্নেব বিজিগ্যে পুরুষর্ষভঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

সাত্যকিমিতি। ব্যাঘ্রদত্তো মগধরাজপুত্রঃ। অশ্বৈঃ সূতেন সারথিনা চ সহে্তিতম্ ॥৩১॥

তানিতি। শৈনেয়ঃ শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ, কৃতহস্তঃ শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকস্তদ্বৎ ॥৩২॥

কুমার ইতি। যত্তা জয়ায় যত্নবন্তঃ সন্তঃ, যুযুধানং সাত্যকিম্ ॥৩৩॥

বিসৃজন্ত ইতি। সাত্বতং সাত্বতবংশীয়ং সাত্যকিম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥

তানিতি। নাতিকৃচ্ছ্রাৎ অনতিকষ্টাৎ, বিজিগ্যে বিশেষেণৈব জিতবান্ ॥৩৫॥

অন্যদিকে মগধরাজপুত্র ব্যাঘ্রদত্ত নতপর্ব্ব বাণসমূহদ্বারা সৈন্যমধ্যে অশ্ব, সারথি ও ধ্বজের সহিত সাত্যকিকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৩১॥

তখন বীর সাত্যকি শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকের ন্যায় সেই বাণগুলিকে নিবারণ করিয়া অশ্ব, সারথি ও ধ্বজের সহিত ব্যাঘ্রদত্তকে নিপাতিত করিলেন ॥৩২॥

রাজা! সেই মগধরাজপুত্র কুমার ব্যাঘ্রদত্ত নিহত হইলে, মগধসৈন্যেরা সর্বপ্রকারে যত্নবান্ হইয়া সাত্যকির দিকে ধাবিত হইল ॥৩৩॥

সেই বীরেরা যুদ্ধে সহস্র সহস্র বাণ, তোমর, ভিন্দিপাল, প্রাস, মুদ্গর ও মুসল নিক্ষেপ করিতে থাকিয়া যুদ্ধবিশারদ সাত্যকিকে প্রহার করিতে থাকিল ॥৩৪॥

তখন বলবান্, যুদ্ধদুর্দ্ধর্ষ ও পুরুষশ্রেষ্ঠ সাত্যকি হাসিতে হাসিতেই অনতিকষ্টে সেই সমস্ত মগধসৈন্যকে জয় করিলেন ॥৩৫॥

মাগধান্ দ্রবতো দৃষ্ট্বা হতশেষান্ সমন্ততঃ।
বলং তেঽভজ্যত বিভো ! যুযুধানশরার্দ্দিতম্ ॥৩৬॥
নাশয়িত্বা রণে সৈন্যং ত্বদীয়ং মাধবোত্তমঃ।
বিধুন্বানো ধনুঃশ্রেষ্ঠং ব্যভ্রাজত মহাযশাঃ ॥৩৭॥
ভজ্যমানং বলং রাজন্ ! সাত্বতেন মহাত্মনা।
নাভ্যবর্ত্তত যুদ্ধায় ত্রাসিতং দীর্ঘবাহুনা ॥৩৮॥
ততো দ্রোণো ভৃশং ক্রুদ্ধঃ সহসোদ্ধৃত্য চক্ষুষী।
সাত্যকিং সত্যকর্ম্মাণং স্বয়মেবাভিদুদ্রুবে ॥৩৯॥
দ্রৌপদেয়ান্ মহেষ্বাসান্ সৌমদত্তির্মহাযশাঃ।
একৈকং পঞ্চভির্বিদ্ধ্বা পুনর্বিব্যাধ সপ্তভিঃ ॥৪০॥
তে পীড়িতা ভৃশং তেন রৌদ্রেণ সহসা বিভো !।
প্রমূঢ়া নৈব বিবিদুর্ম্মৃধে কৃত্যং স্ম কিঞ্চন ॥৪১॥

ভারতকৌমুদী

মাগধানিতি। দ্রবতঃ পলায়মানান্। যুযুধানস্য সাত্যকেঃ শরৈরর্দ্দিতম্ ॥৩৬॥
নাশয়িত্বেতি। মাধবোত্তমো মধুবংশশ্রেষ্ঠঃ সাত্যকিঃ। বিধুন্বানঃ সঞ্চালয়ন্ ॥৩৭॥
ভজ্যেতি। সাত্বতেন সাত্যকিনা। নাভ্যবর্ত্তত অভিমুখং ন জাতম্ ॥৩৮॥
তত ইতি। উদ্ধৃত্য যুদ্ধাবস্থাদর্শনার্থমুত্তোল্য। অভিদুদ্রুবে অভিদধাব ॥৩৯॥
দ্রৌপেতি। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্, সৌমদত্তির্ভূরিশ্রবোভিন্নঃ সোমদত্তপুত্রঃ ॥৪০॥

রাজা ! হতাবশিষ্ট মাগধসৈন্যেরা সকল দিকে পলায়ন করিতেছে দেখিয়া সাত্যকিশরপীড়িত আপনার সৈন্যগণ ভগ্ন হইয়া পড়িল ॥৩৬॥

তখন মহাযশা মধুবংশশ্রেষ্ঠ সাত্যকি যুদ্ধে আপনার সৈন্যদিগকে বিনষ্ট করিয়া উত্তম ধনু সঞ্চালন করিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥৩৭॥

রাজা ! মহাত্মা ও দীর্ঘবাহু সাত্যকি আপনার সৈন্যদিগকে বিত্রাসিত ও ভগ্ন করিয়া দিলে, তাহারা আর যুদ্ধ করিবার জন্য ফিরিল না ॥৩৮॥

তাহার পর দ্রোণাচার্য্য অত্যন্ত ক্রুদ্ধ হইয়া নয়নযুগল উত্তোলন করিয়া তৎক্ষণাৎ সত্যকর্ম্মা সাত্যকির দিকে নিজেই ধাবিত হইলেন ॥৩৯॥

ওদিকে সৌমদত্তি মহাধনুর্দ্ধর দ্রৌপদীর পুত্রগণের এক এক জনকে পাঁচ পাঁচ বাণে বিদ্ধ করিয়া পুনরায় সাত সাত বাণে বিদ্ধ করিলেন ॥৪০॥

(৩৭)...ত্বদীয়ন্তু সমন্ততঃ নি। (৩৯) ইতঃ পরম্ '...পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বঙ্গ বৰ্দ্ধ, '...সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা রা নি।

নাকুলিস্তু শতানীকঃ সৌমদত্তিং নরর্ষভম্ ।
দ্বাভ্যাং বিদ্ধানদদ্হৃষ্টঃ শরাভ্যাং শত্রুতাপনঃ ॥৪২॥
তথেতরে রণে যত্তাস্ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ ।
বিব্যধুঃ সমরে তূর্ণং সৌমদত্তিমমর্ষণম্ ॥৪৩॥
স তান্ প্রতি মহারাজ ! চিক্ষেপ পঞ্চ সায়কান্ ।
একৈকং হৃদি চাজঘ্নে একৈকেন মহাযশাঃ ॥৪৪॥
ততস্তে ভ্রাতরঃ পঞ্চ শরৈর্বিদ্ধা মহাত্মনা ।
পরিবার্য্য রথৈর্বীরং বিব্যধুঃ সায়কৈর্ভৃশম্ ॥৪৫॥
আর্জ্জুনিস্তু হয়াংস্তস্য চতুর্ভির্নিশিতৈঃ শরৈঃ ।
প্রেষয়ামাস সংক্রুদ্ধো যমস্য সদনং প্রতি ॥৪৬॥

ভারতকৌমুদী

ত ইতি। রৌদ্রেণ উগ্রস্বভাবেন সৌমদত্তিনা। কৃত্যং কর্ত্তব্যম্ ॥৪১॥
নাকুলিরিতি। নাকুলির্নকুলপুত্রঃ। বিদ্ধা তাড়য়িত্বা ॥৪২॥
তথেতি। ইতরে প্রতিবিন্ধ্যাদয়ঃ, যত্তা যত্নবন্তঃ সন্তঃ। অজিহ্মগৈর্বাণৈঃ ॥৪৩॥
স ইতি। তেষাং পঞ্চানাং সায়কানামেকৈকেন সায়কেন ॥৪৪॥
তত ইতি। বিদ্ধাস্তাড়িতাঃ, মহাত্মনা সৌমদত্তিনা। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৪৫॥
আর্জ্জুনিরিতি। আর্জ্জুনির্দ্রৌপদ্যামর্জ্জুনাজ্জাতঃ শ্রুতকর্ম্মা নাম ॥৪৬॥

রাজা ! উগ্রমূর্ত্তি সৌমদত্তি হঠাৎ দারুণ পীড়ন করিলে, দ্রৌপদীর পুত্রেরা বিমুগ্ধ হইয়া যুদ্ধে কোন কর্ত্তব্য বুঝিতে পারিলেন না ॥৪১॥

কিন্তু শত্রুতাপন নকুলনন্দন শতানীক দুইটা বাণে নরশ্রেষ্ঠ সৌমদত্তিকে বিদ্ধ করিয়া হৃষ্ট হইয়া সিংহনাদ করিলেন ॥৪২॥

এবং শতানীকের অপর ভ্রাতারা যুদ্ধে যত্নবান্ হইয়া তিন তিনটা বাণদ্বারা সত্বর যুদ্ধে ক্রুদ্ধ সৌমদত্তিকে বিদ্ধ করিলেন ॥৪৩॥

মহারাজ ! তাহার পর সৌমদত্তি তাঁহাদের প্রতি পাঁচটা বাণ নিক্ষেপ করিলেন ; তাহার এক একটা যাইয়া তাঁহাদের এক এক জনের হৃদয়ে আঘাত করিল ॥৪৪॥

মহাত্মা সৌমদত্তি বাণদ্বারা বিদ্ধ করিলে, সেই পঞ্চ ভ্রাতা রথদ্বারা পরিবেষ্টন করিয়া বাণদ্বারা তাঁহাকে গুরুতর তাড়ন করিতে লাগিলেন ॥৪৫॥

ক্রমে অর্জ্জুননন্দন শ্রুতকর্ম্মা অত্যন্তক্রুদ্ধ হইয়া চারিটা সুধার বাণদ্বারা সৌমদত্তির চারিটা অশ্বকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৪৬॥

---

(৪২) নাকুলিশ্চ···শত্রুকর্শনঃ—বা নি।

ভৈমসেনির্ধনুশ্ছিত্ত্বা সৌমদত্তের্মহাত্মনঃ।
ননাদ বলবন্নাদং বিব্যাধ চ শিতৈঃ শরৈঃ ॥৪৭॥
যৌধিষ্ঠিরির্ধ্বজং তস্য ছিত্ত্বা ভূমাবপাতয়ৎ।
নাকুলিশ্চাশ্বযন্তারং রথনীড়াদপাতয়ৎ ॥৪৮॥
সাহদেবিস্তু তং জ্ঞাত্বা ভ্রাতৃভির্বিমুখীকৃতম্।
ক্ষুরপ্রেণ শিরো রাজন্! নিচকর্ত্ত মহাত্মনঃ ॥৪৯॥
তচ্ছিরো ন্যপতদ্ভূমৌ তপনীয়বিভূষিতম্।
অভাসয়দ্রণোদ্দেশং বালসূর্য্যসমপ্রভম্ ॥৫০॥
সৌমদত্তেঃ শিরো দৃষ্ট্বা নিপতত্তন্মহাত্মনঃ।
বিত্রস্তাস্তাবকা রাজন্! প্রদুদ্রুবুরনেকধা ॥৫১॥

ভারতকৌমুদী

ভৈমেতি। ভৈমসেনির্দ্রৌপদ্যাং ভীমসেনাজ্জাতঃ সুতসোমো নাম ॥৪৭॥

যৌধীতি। যৌধিষ্ঠিরির্দ্রৌপদ্যাং যুধিষ্ঠিরাজ্জাতঃ প্রতিবিন্ধ্যো নাম। নাকুলির্দ্রৌপদ্যাং নকুলাজ্জাতঃ শতানীকো নাম, অশ্বানাং যন্তারং চালয়িতারং সারথিম্, রথ এব নীড়ং কুলায়স্তস্মাৎ। রথস্য নীড়রূপতয়া বর্ণনেন সারথেঃ পক্ষিরূপত্বং ব্যজ্যতে ॥৪৮॥

সাহেতি। সাহদেবির্দ্রৌপদ্যাং সহদেবাজ্জাতঃ শ্রুতসেনো নাম। নিচকর্ত্ত চিচ্ছেদ ॥৪৯॥

তদিতি। তপনীয়ৈঃ স্বর্ণালঙ্কারৈর্বিভূষিতম্। রণোদ্দেশং রণস্থলম্ ॥৫০॥

সৌমেতি। প্রদুদ্রুবুঃ পলায়াঞ্চক্রিরে, অনেকধা বহুভিঃ পথিভিঃ ॥৫১॥

ভীমের পুত্র সুতসোম মহাত্মা সৌমদত্তির ধনু ছেদন করিয়া নিশিত শরনিকরদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥৪৭॥

যুধিষ্ঠিরের পুত্র প্রতিবিন্ধ্য তাঁহার ধ্বজটাকে কাটিয়া ফেলিলেন, আর নকুলের পুত্র শতানীক তাঁহার সারথিকে রথনীড় হইতে নিপাতিত করিলেন ॥৪৮॥

আর, রাজা! ভ্রাতারা সৌমদত্তিকে পরাঙ্মুখ করিয়াছেন দেখিয়া সহদেব-নন্দন শ্রুতসেন একটা ক্ষুরপ্রদ্বারা সেই মহাত্মার মস্তকচ্ছেদন করিলেন ॥৪৯॥

স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত ও নবোদিত সূর্য্যের ন্যায় উজ্জ্বল সেই মস্তকটী ভূতলে নিপতিত হইল এবং সেই রণস্থল উদ্ভাসিত করিল ॥৫০॥

---

(৪৮)···নাকুলিশ্চাথ যন্তারং রথনীড়াদপাহরৎ—বা নি। (৫০)···ভাসয়ংস্তং রণোদ্দেশম্ ···পি বঙ্গ বর্দ্ধ বা।

অলম্বুষস্তু সমরে ভীমসেনং মহাবলম্।
যোধয়ামাস সংক্রুদ্ধো লক্ষ্মণং রাবণির্যথা ॥৫২॥
সম্প্রযুদ্ধৌ রণে দৃষ্ট্বা তাবুভৌ নররাক্ষসৌ।
বিস্ময়ঃ সর্ব্বভূতানাং প্রহর্ষশ্চাভবত্তদা ॥৫৩॥
আর্য্যশৃঙ্গিং ততো ভীমো নবভির্নিশিতৈঃ শরৈঃ।
বিব্যাধ প্রহসন্ রাজন্! রাক্ষসেন্দ্রমমর্ষণম্ ॥৫৪॥
তদ্রক্ষঃ সমরে বিদ্ধং কৃত্বা নাদং ভয়াবহম্।
অভ্যদ্রবত্ততো ভীমং যে চ তস্য পদানুগাঃ ॥৫৫॥
স ভীমং পঞ্চভির্বিদ্ধ্বা শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
ভীমানুগান্ জঘানাশু রথাংস্ত্রিশতমোজসা।
পুনশ্চতুঃশতান্ হত্বা ভীমং বিব্যাধ পত্রিণা ॥৫৬॥

ভারতকৌমুদী

অলম্বুষ ইতি। রাবণিরিন্দ্রজিৎ ॥৫২॥

সমিতি। সম্যক্ প্রকৃষ্টঞ্চ যুদ্ধং যয়োস্তৌ ॥৫৩॥

আর্য্যেতি। আর্য্যশৃঙ্গিম্ ঋষ্যশৃঙ্গপুত্রমলম্বুষম্। অমর্ষণং ক্রুদ্ধম্ ॥৫৪॥

তদিতি। রক্ষো রাক্ষসঃ, বিদ্ধং ভীমশরতাড়িতং সৎ। পদানুগা অনুচরাঃ ॥৫৫॥

স ইতি। ত্রীণি শতানি যস্মিন্ কর্ম্মণি তৎ, রথানিত্যস্যার্থং বিশেষণং বা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৬॥

রাজা! আপনার সৈন্যেরা মহাত্মা সোমদত্তির মস্তকটীকে পতিত হইতে দেখিয়া ভীত হইয়া নানাদিকে পলায়ন করিতে লাগিল ॥৫১॥

অন্যদিকে ইন্দ্রজিৎ যেমন লক্ষ্মণের সহিত যুদ্ধ করিয়াছিলেন, সেইরূপ অলম্বুষ ক্রুদ্ধ হইয়া রণস্থলে মহাবল ভীমসেনের সহিত যুদ্ধ করিতে থাকিল ॥৫২॥

তখন সেই মানুষ ও রাক্ষস দুই জনকে রণস্থলে যুদ্ধ করিতে দেখিয়া তত্রত্য সমস্ত লোকের বিস্ময় ও আনন্দ জন্মিল ॥৫৩॥

রাজা! তদনন্তর ভীমসেন হাস্য করিতে থাকিয়া নয়টা সুধার বাণদ্বারা ক্রুদ্ধ রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষকে বিদ্ধ করিলেন ॥৫৪॥

সেই রাক্ষস যুদ্ধে বিদ্ধ হইয়া ভয়ঙ্কর গর্জন করিয়া ভীমের এবং যাহারা তাঁহার অনুগামী ছিল তাহাদের প্রতি ধাবিত হইল ॥৫৫॥

(৫৩)…সর্বভূতানাং ভয়ঞ্চাসীৎ সুদারুণম্—নি। (৫৬)…ভৈমান্ পরিজঘানাশু রথাংস্ত্রিশতমাহবে—বা নি।

সোঽতিবিদ্ধস্তদা ভীমো রাক্ষসেন মহাবলঃ।
নিষসাদ রথোপস্থে মূর্চ্ছয়াভিপরিপ্লুতঃ ॥৫৭॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং মারুতিঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
বিকৃষ্য কার্ম্মুকং ঘোরং ভারসাধনমুত্তমম্।
অলম্বুষং শরৈস্তীক্ষ্ণৈরর্দ্দয়ামাস ভারত! ॥৫৮॥
স বিদ্ধো বহুভির্বাণৈর্নীলাঞ্জনচয়োপমঃ।
শুশুভে সর্ব্বতো রাজন্! প্রফুল্ল ইব কিংশুকঃ ॥৫৯॥
স বধ্যমানঃ সমরে ভীমচাপচ্যুতৈঃ শরৈঃ।
স্মরন্ ভ্রাতৃবধঞ্চৈব পাণ্ডবেন মহাত্মনা ॥৬০॥
ঘোরং রূপমথো কৃত্বা ভীমসেনমভাষত।
তিষ্ঠেদানীং রণে পার্থ! পশ্য মেঽদ্য পরাক্রমম্ ॥৬১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। নিষসাদ উপবিবেশ, রথস্য উপস্থে উপরিভাগে ॥৫৭॥

প্রতীতি। মারুতির্বায়ুপুত্রো ভীমঃ। ভারসাধনং সুদৃঢ়ম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৮॥

স ইতি। নীলাঞ্জনচয়োপমো নীলকজ্জলসমূহতুল্যঃ। প্রফুল্লঃ পুষ্পিতঃ ॥৫৯॥

স ইতি। ভ্রাতুর্বকস্য বধম্, পাণ্ডবেন ভীমেন। রূপং মূর্ত্তিম্ ॥৬০—৬১॥

ক্রমে অলম্বুষ পাঁচটা নতপর্ব্ব বাণদ্বারা ভীমসেনকে বিদ্ধ করিয়া আপন শক্তির প্রভাবে সত্বর ভীমের অনুগামী তিন শত রথীকে বধ করিল; আবার চারি শত রথীকে বধ করিয়া একটা বাণদ্বারা ভীমকে বিদ্ধ করিল ॥৫৬॥

রাক্ষস অত্যন্ত বিদ্ধ করিলে, মহাবল ভীমসেন তখন মূর্চ্ছায় আক্রান্ত হইয়া রথের উপরে উপবেশন করিলেন ॥৫৭॥

ভরতনন্দন! তদনন্তর ভীমসেন চৈতন্য লাভ করিয়া ক্রোধে অধীর হইয়া উত্তম, সুদৃঢ় ও ভয়ঙ্কর ধনু আকর্ষণপূর্ব্বক তীক্ষ্ণ বাণসমূহদ্বারা অলম্বুষকে পীড়ন করিতে লাগিলেন ॥৫৮॥

রাজা! তখন নীলকজ্জলরাশিতুল্য অলম্বুষ সমস্ত অঙ্গে বহুতর বাণে বিদ্ধ হইয়া পুষ্পিত কিংশুকবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিল ॥৫৯॥

অলম্বুষ তখন ভীমের কার্ম্মুকনির্গত বাণে আহত হইতে থাকিয়া এবং সেই মহাত্মা ভীমই যে ভ্রাতা বককে বধ করিয়াছিলেন তাহা স্মরণ করিয়া ভয়ঙ্কর

(৫৭)…তথা ভীমঃ…বা নি। (৫৮)…অর্দ্দয়ামাস সর্ব্বতঃ—বা নি।

বকো নাম সুদুর্ব্বুদ্ধে ! রাক্ষসপ্রবরো বলী।
পরোক্ষং মম তদ্বৃত্তং যদ্‌ভ্রাতা মে হতস্ত্বয়া ॥৬২॥
এবমুক্ত্বা ততো ভীমমন্তর্দ্ধানং গতস্তদা।
মহতা শরবর্ষেণ ভৃশং স সমবাকিরৎ ॥৬৩॥
ভীমস্তু সমরে রাজন্ ! অদৃশ্যে রাক্ষসে তদা।
আকাশং পূরয়ামাস শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৬৪॥
স বধ্যমানো ভীমেন নিমেষাদ্রথমাস্থিতঃ।
জগাম ধরণীঞ্চৈব ক্ষুদ্রঃ খং সহসাগমৎ ॥৬৫॥
উচ্চাবচানি রূপাণি চকার সুবহূনি চ।
উচ্চাবচাস্তথা বাচো ব্যাজহার সমন্ততঃ ॥৬৬॥

ভারতকৌমুদী

বক ইতি। পরোক্ষমসমক্ষম্, বৃত্তং জাতম্ ॥৬২॥
এবমিতি। সঃ অলম্বুষঃ, সমবাকিরৎ আবৃণোৎ ॥৬৩॥
ভীম ইতি। আকাশং রণস্থলোপরিদেশম্, পূরয়ামাস অলম্বুষস্থিত্যনুমানাৎ ॥৬৪॥
স ইতি। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ। ক্ষুদ্রো নীচাশয়ঃ, খমাকাশম্ ॥৬৫॥

মূর্ত্তি ধারণপূর্ব্বক ভীমকে বলিল—'ভীম ! তুই এখন রণস্থলে অবস্থান কর্, আজ আমার পরাক্রম দেখ্ ॥৬০—৬১॥

অতিদুর্ব্বুদ্ধি ভীম ! তুই, আমার ভ্রাতা রাক্ষসশ্রেষ্ঠ বলবান্ বককে যে বধ করিয়াছিলি, সে ঘটনা আমার অসমক্ষে হইয়াছিল' ॥৬২॥

অলম্বুষ ভীমকে এইরূপ বলিয়া তখনই অন্তর্হিত হইয়া গুরুতর বাণবর্ষণদ্বারা ভীমকে আবৃত করিয়া ফেলিল ॥৬৩॥

রাজা ! অলম্বুষ অদৃশ্য হইয়া গেলে, ভীমসেন তখন নতপর্ব বাণসমূহদ্বারা রণস্থলের আকাশ পূর্ণ করিয়া ফেলিলেন ॥৬৪॥

ভীমসেন আঘাত করিতে লাগিলে, নীচাশয় রাক্ষস নিমেষমধ্যে রথারোহণ করিয়া ভূতলে গমন করিল, আবার তৎক্ষণাৎ আকাশে উঠিল ॥৬৫॥

সে নানাবিধ বহুতর রূপ ধারণ করিতে লাগিল এবং সকল দিক্ হইতে নানাবিধ বাক্য বলিতে থাকিল ॥৬৬॥

---

(৬৩)···ভৃশং তং সমবাকিরৎ—বা নি। (৬৫) ··জগাম ধরণীং ক্ষুদ্রঃ খঞ্চৈব সহসাগমৎ পি বঙ্গ বৰ্দ্ধ। (৬৬) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'অণুর্বৃহৎ পুনঃ স্থূলো নাদান্ মুঞ্চন্নিবাম্বুদঃ' ইতি পাদদ্বয়মধিকং বঙ্গ বৰ্দ্ধ বা নি।

নিপেতুর্গগনাচ্চৈব শরধারাঃ সহস্রশঃ।
শক্তয়ঃ কুণপাঃ প্রাসাঃ শূলপট্টিশতোমরাঃ ॥৬৭॥
শতঘ্ন্যঃ পরিঘাশ্চৈব ভিন্দিপালাঃ পরশ্বধাঃ।
শিলাঃ খড়্গা হুলাশ্চৈব ঋষ্টির্বজ্রাণি চৈব হ ॥৬৮॥ (যুগ্মকম্)
সা রাক্ষসবিসৃষ্টা তু শস্ত্রবৃষ্টিঃ সুদারুণা।
জঘান পাণ্ডুপুত্রস্য সৈনিকান্ রণমূর্দ্ধনি ॥৬৯॥
তেন পাণ্ডবসৈন্যানাং মৃদিতা যুধি বারণাঃ।
হয়াশ্চ বহবো রাজন্! পত্তয়শ্চ তথা পুনঃ।
রথেভ্যো রথিনঃ পেতুস্তস্য নুন্নাঃ স্ম সায়কৈঃ ॥৭০॥
শোণিতোদাং রথাবর্ত্তাং হস্তিগ্রাহসমাকুলাম্।
ছত্রহংসাং কর্দ্দমিনীং বাহুপন্নগসঙ্কুলাম্ ॥৭১॥
নদীং প্রবর্ত্তয়ামাস রক্ষোগণসমাকুলাম্।
বহন্তীং বহুধা রাজন্! চেদিপাঞ্চালসৃঞ্জয়ান্ ॥৭২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উচ্চেতি। উচ্চাবচানি নানাবিধানি, "উচ্চাবচং নৈকবিধম্" ইত্যমরঃ ॥৬৬॥
নিপেতুরিতি। শক্ত্যাদীনি তদানীন্তনাস্ত্রাণি। ঋষ্টিশ্চ পপাত ॥৬৭—৬৮॥
সেতি। রাক্ষসেন বিসৃষ্টা নিক্ষিপ্তা। পাণ্ডুপুত্রস্য ভীমস্য ॥৬৯॥
তেনেতি। মৃদিতা মর্দ্দিতাঃ, বারণা গজাঃ। নুন্না আহতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭০॥
শোণিতেতি। শোণিতমেব উদকং যস্যাস্তাম্, রথা এবাবর্ত্তা জলভ্রময়ো যস্যাস্তাম্, হস্তিন এব গ্রাহা জলজন্তবস্তৈঃ সমাকুলাং ব্যাপ্তাম্। ছত্রাণ্যেব শুভ্রতয়া হংসা যত্র তাম্, কর্দ্দমা ঘনীভূতরক্তান্যেব পঙ্কা অস্যাঃ সন্তীতি তাম্, বাহব এব পন্নগাঃ সর্পাস্তৈঃ সঙ্কুলাং ব্যাপ্তাম্। প্রবর্ত্তয়ামাস অলম্বুষ ইত্যনুবৃত্তিঃ, রক্ষোগণৈ রাক্ষসসমূহৈঃ সমাকুলাম্ ॥৭১—৭২॥

এবং আকাশ হইতে সহস্র সহস্র বাণধারা, শক্তি, কুণপ, প্রাস, শূল, পট্টিশ, তোমর, শতঘ্নী, পরিঘ, ভিন্দিপাল, পরশু, শিলা, খড়্গ, হুল, ঋষ্টি ও বজ্র পতিত হইতে লাগিল ॥৬৭—৬৮॥

অলম্বুষনিক্ষিপ্ত সেই দারুণ অস্ত্রবৃষ্টি রণস্থলে ভীমের সৈন্যগণকে বধ করিতে থাকিল ॥৬৯॥

রাজা! অলম্বুষ যুদ্ধে পাণ্ডবসৈন্যের বহুতর হস্তী, অশ্ব ও পদাতিকে মর্দ্দন করিল এবং তাহার বাণে বিদীর্ণ হইয়া রথীরা রথ হইতে পতিত হইল ॥৭০॥

(৬৮)…বিঘ্না বজ্রাণি…পি,…চৈবাবিঘ্না বজ্রাণি…বঙ্গ বর্দ্ধ,…ঋষ্টীর্বজ্রাণি…নি।

তং তথা সমরে রাজন্! বিচরন্তমভীতবৎ।
পাণ্ডবা ভৃশসংবিগ্নাঃ প্রাপশ্যংস্তস্য বিক্রমম্ ॥৭৩॥
তাবকানাস্তু সৈন্যানাং সংহর্ষঃ সমজায়ত।
বাদিত্রনিনদশ্চোগ্রঃ সুমহাল্লোঁমহর্ষণঃ ॥৭৪॥
তং শ্রুত্বা নিনদং ঘোরং তব সৈন্যস্য পাণ্ডবঃ।
নামৃষ্যত যথা নাগস্তলশব্দং সমীরিতম্ ॥৭৫॥
ততঃ ক্রোধাভিতাম্রাক্ষো নির্দ্দহন্নিব পাবকঃ।
সন্দধে ত্বাষ্ট্রমস্ত্রং স স্বয়ং ত্বষ্টেব মারুতিঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

তমিতি। ভৃশসংবিগ্না অতীবোদ্বিগ্নাঃ। বিক্রমঞ্চ প্রাপশ্যন্ ॥৭৩॥
তাবকানামিতি। সংহর্ষঃ সমজায়ত স্বপক্ষজয়সম্ভাবনাৎ ॥৭৪॥
তমিতি। পাণ্ডবো ভীমঃ। নামৃষ্যত নাসহত, নাগঃ সর্পঃ, তলশব্দং করতলধ্বনিম্ ॥৭৫॥
তত ইতি। ত্বষ্টা নাম প্রজাপতির্বিশ্বকর্ম্মা বা, মারুতির্ভীমসেনঃ ॥৭৬॥

রাজা! ক্রমে অলম্বুষ একটা রক্তের নদী প্রবর্ত্তিত করিল; রক্ত ছিল তাহার জল, রথ ছিল আবর্ত্ত (ঘোলা), হস্তী ছিল জলজন্তু, ছত্র ছিল হংস, ঘনীভূত রক্ত ছিল কর্দ্দম, এবং বাহু ছিল সর্পস্বরূপ; রাক্ষসেরা সে নদীটাকে ব্যাপ্ত করিয়াছিল; আর সে নদীটা বহুপথে চেদি, পাঞ্চাল ও সৃঞ্জয়সৈন্যগণকে বহন করিতেছিল ॥৭১—৭২॥

রাজা! অলম্বুষ নির্ভয়ের ন্যায় সমরাঙ্গনে বিচরণ করিতে লাগিলে, পাণ্ডবেরা অত্যন্ত উদ্বিগ্ন হইয়া তাহাকে দেখিতে লাগিলেন এবং তাহার বিক্রমের পর্য্যালোচনা করিতে থাকিলেন ॥৭৩॥

তৎকালে আপনার সৈন্যগণের বিশেষ আনন্দ জন্মিল এবং ভীষণ, বিশাল ও লোমহর্ষণ বাদ্যধ্বনি হইতে লাগিল ॥৭৪॥

সর্প যেমন করতলধ্বনি শুনিয়া সহ্য করিতে পারে না, সেইরূপ ভীমসেন আপনার সৈন্যগণের সেই ভীষণ কোলাহল শুনিয়া সহ্য করিতে পারিলেন না ॥৭৫॥

তাহার পর ভীমসেন ক্রোধে আরক্তনয়ন হইয়া অগ্নির ন্যায় যেন দগ্ধ করিতে থাকিয়া স্বয়ং ত্বষ্টা প্রজাপতির তুল্য ত্বাষ্ট্র অস্ত্র সন্ধান করিলেন ॥৭৬॥

(৭৪)… প্রহর্ষঃ সমজায়ত…বা নি। (৭৬)…স্বয়ং ত্বষ্টেব মারিষ।—পি।

ততঃ শরসহস্রাণি প্রাদুরাসন্ সমন্ততঃ।
তৈঃ শরৈস্তব সৈন্যস্য বিদ্রবঃ সুমহানভূৎ ॥৭৭॥
তদস্ত্রং প্রেষিতং তেন ভীমসেনেন সংযুগে।
রাক্ষসস্য মহামায়াং হত্বা রাক্ষসমার্দ্দয়ৎ ॥৭৮॥
স বধ্যমানো বহুধা ভীমসেনেন রাক্ষসঃ।
সন্ত্যজ্য সংযুগে ভীমং দ্রোণানীকমথাব্রজৎ ॥৭৯॥
তস্মিংস্তু নির্জিতে রাজন্! রাক্ষসেন্দ্রে মহাত্মনা।
অনাদয়ন্ সিংহনাদৈঃ পাণ্ডবাঃ সর্বতো দিশম্ ॥৮০॥
অপূজয়ন্ মারুতিঞ্চ সংহৃষ্টাস্তে মহাবলম্।
প্রহ্লাদং সমরে জিত্বা যথা শক্রং মরুদ্গণাঃ ॥৮১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
জয়দ্রথবধে অলম্বুষাপযানে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। ততস্ত্বাষ্ট্রাদস্ত্রাৎ। বিদ্রবঃ সম্প্রহারঃ ॥৭৭॥
তদিতি। প্রেষিতং নিক্ষিপ্তম্, তত্ত্বাষ্ট্রমস্ত্রং কর্ত্তৃ। হত্বা বিনাশ্য ॥৭৮॥
স ইতি। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ। অব্রজৎ আত্মরক্ষার্থমগচ্ছৎ ॥৭৯॥
তস্মিন্নিতি। মহাত্মনা মহাবলেন ভীমসেনেন। সর্বতঃ সর্বান্ ॥৮০॥

মহারাজ! সেই ত্বাষ্ট্র অস্ত্র হইতে সকল দিকে সহস্র সহস্র বাণ প্রাদুর্ভূত হইল; সেই বাণসমূহে আপনার সৈন্যের গুরুতর উৎপীড়ন হইতে লাগিল ॥৭৭॥

যুদ্ধে ভীমসেননিক্ষিপ্ত সেই অস্ত্র অলম্বুষের মহামায়া বিনষ্ট করিয়া তাহাকে গুরুতর পীড়ন করিল ॥৭৮॥

ভীমসেন বহুপ্রকারে প্রহার করিতে লাগিলে, অলম্বুষ ভীমসেনকে পরিত্যাগ করিয়া দ্রোণসৈন্যের মধ্যে চলিয়া গেল ॥৭৯॥

রাজা! মহাবল ভীমসেন সেই রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষকে জয় করিলে, পাণ্ডবেরা সিংহনাদদ্বারা সমস্ত দিক্ নিনাদিত করিলেন ॥৮০॥

(৭৮) তদস্ত্রং প্রেরিতম্···বা নি। (৭৯)···সন্ত্যজ্য সমরে···দ্রোণানীকমুপাদ্রবৎ—বা নি। (৮১)·প্রহ্লাদমিব দৈতেয়াঃ···নি। * '···ষড়ধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

ত্রিনবতিতমোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।

অলম্বুষং তথা যুদ্ধে বিচরন্তমভীতবৎ।
হৈড়িম্বঃ প্রযযৌ তূর্ণং বিব্যাধ চ শিতৈঃ শরৈঃ ॥১॥
তয়োঃ প্রতিভয়ং যুদ্ধমাসীদ্রাক্ষসসিংহয়োঃ।
কুর্বতোর্বিবিধা মায়াঃ শক্রশম্বরয়োরিব ॥২॥
অলম্বুষো ভৃশং ক্রুদ্ধো ঘটোৎকচমতাড়য়ৎ।
তয়োর্যুদ্ধং সমভবদ্রক্ষোগ্রামণিমুখ্যয়োঃ।
যাদৃগেব পুরা বৃত্তং রামরাবণয়োঃ প্রভো! ॥৩॥

ভারতকৌমুদী

অপূজয়ন্নিতি। মারুতিং ভীমম্। জিত্বা স্থিতম্। মরুতাং দেবানাং গণাঃ ॥৮১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

অলম্বুষমিতি। যুদ্ধে বিচরন্তং দ্রোণানীকং প্রবিশ্যাপি। হৈড়িম্বো ঘটোৎকচঃ ॥১॥

তয়োরিতি। প্রতিভয়ং ভয়ঙ্করম্। শক্রশম্বরয়োরিন্দ্রশম্বরাসুরয়োঃ ॥২॥

অলম্বুষ ইতি। গ্রামণীনি প্রধানানি রক্ষাংসীতি রক্ষোগ্রামণীনি প্রধানরাক্ষসাঃ অগ্নি-

ক্রমে পূর্ব্বকালে দেবতারা যুদ্ধে প্রহ্লাদবিজয়ী ইন্দ্রের যেমন সম্মান করিয়াছিলেন, সেইরূপ পাণ্ডবেরা আনন্দিত হইয়া মহাবল ভীমসেনের সম্মান করিতে লাগিলেন' ॥৮১॥

———০::০———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অলম্বুষ দ্রোণসৈন্যের মধ্যে যাইয়াও নির্ভয়ের ন্যায় যুদ্ধে বিচরণ করিতে লাগিল; তখন ঘটোৎকচ সত্বর তাহার দিকে গমন করিল এবং শিলাশাণিত বাণসমূহদ্বারা তাহাকে বিদ্ধ করিল ॥১॥

ইন্দ্র ও শম্বরাসুরের ন্যায় সেই রাক্ষসশ্রেষ্ঠেরা দুই জন নানাবিধ মায়া প্রকাশ করিতে থাকিয়া যুদ্ধ করিতে থাকায় সে যুদ্ধ ভয়ঙ্করভাবেই হইতে লাগিল ॥২॥

ঘটোৎকচস্তু বিংশত্যা নারাচানাং স্তনান্তরে।
অলম্বুষমথো বিদ্ধা সিংহবন্ন্যনদন্মুহুঃ ॥৪॥
তথৈবালম্বুষো রাজন্! হৈড়িম্বং যুদ্ধদুর্ম্মদম্।
বিদ্ধা বিদ্ধানদদ্ধৃষ্টঃ পূরয়ন্ খং সমন্ততঃ ॥৫॥
তথা তৌ ভৃশসংক্রুদ্ধৌ রাক্ষসেন্দ্রৌ মহাবলৌ।
নির্বিশেষমযুধ্যেতাং মায়াভিরিতরেতরম্ ॥৬॥
মায়াশতস্রজৌ দৃপ্তৌ মোহয়ন্তৌ পরস্পরম্।
মায়াযুদ্ধে কুশলিনৌ মায়াযুদ্ধমযুধ্যতাম্ ॥৭॥

ভারতকৌমুদী

শ্লোকাদিবদ্বিশেষণস্থ পরনিপাতঃ, নপুংসকত্বাচ্চ হ্রস্বঃ, তেষ্বপি মুখ্যয়োঃ প্রধানয়োঃ। বৃত্তং জাতম্। "গ্রামণীর্নাপিতে পুংসি শ্রেষ্ঠে গ্রামাধিপে ত্রিষু" ইত্যমরঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥

ঘটোৎকচ ইতি। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি। বিদ্ধা তাড়য়িত্বা ॥৪॥

তথেতি। হৈড়িম্বং হিড়িম্বায়াঃ পুত্রং ঘটোৎকচম্। খমাকাশম্ ॥৫॥

তথেতি। নির্বিশেষং তারতম্যরহিতং যথা স্যাত্তথা ॥৬॥

মায়েতি। মায়াশতং স্রজতঃ কুরুত ইতি মায়াশতস্রজৌ, দৃপ্তৌ দর্পযুক্তৌ ॥৭॥

অলম্বুষ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া ঘটোৎকচকে তাড়ন করিল। রাজা! পূর্ব্বকালে রাম ও রাবণের যেরূপ যুদ্ধ হইয়াছিল, ক্রমে সেই প্রধানরাক্ষসশ্রেষ্ঠ দুই জনের সেইরূপই যুদ্ধ হইতে থাকিল ॥৩॥

ক্রমে ঘটোৎকচ কুড়িটা নারাচদ্বারা অলম্বুষের বক্ষস্থল বিদ্ধ করিয়া বার বার সিংহের ন্যায় গর্জন করিল ॥৪॥

রাজা! অলম্বুষও সেইরূপই যুদ্ধদুর্দ্ধর্ষ ঘটোৎকচকে বিদ্ধ করিয়া করিয়া হৃষ্ট হইয়া সকল দিকের আকাশ পূর্ণ করিতে থাকিয়া সিংহনাদ করিতে লাগিল ॥৫॥

মহাবল সেই রাক্ষসশ্রেষ্ঠেরা দুই জন অত্যন্তক্রুদ্ধ হইয়া মায়াদ্বারা নির্বিশেষভাবে পরস্পর যুদ্ধ করিতে থাকিল ॥৬॥

মায়াযুদ্ধে নিপুণ, বহুতরমায়াকারী, পরস্পর মোহজনক ও দর্পযুক্ত ঘটোৎকচ ও অলম্বুষ মায়াযুদ্ধই করিতে লাগিল ॥৭॥

(৭) মায়াশতস্রজৌ নিত্যম্‌···বা নি।

যাং যাং ঘটোৎকচো যুদ্ধে মায়াং দর্শয়তে নৃপ ! ।
তাং তামলম্বুষো রাজন্ ! মায়য়ৈব নিজঘ্নিবান্ ॥৮॥
তং তথা যুধ্যমানস্তু মায়াযুদ্ধবিশারদম্ ।
অলম্বুষং রাক্ষসেন্দ্রং দৃষ্ট্বাক্রুধ্যন্ত পাণ্ডবাঃ ॥৯॥
ত এনং ভৃশসংক্রুদ্ধাঃ সর্ব্বতঃ প্রবরা রথৈঃ ।
অভ্যদ্রবন্ত সংরব্ধা ভীমসেনাদয়ো নৃপ ! ॥১০॥
ত এনং কোষ্ঠকীকৃত্য রথবংশেন মারিষ ! ।
সর্বতো ব্যকিরন্ বাণৈরুল্কাভিরিব কুঞ্জরম্ ॥১১॥
স তেষামস্ত্রবেগং তং প্রতিহত্য স্বমায়য়া ।
তস্মাদ্রথব্রজান্মুক্তো বনদাহাদিব দ্বিপঃ ॥১২॥
স বিস্ফার্য্য ধনুর্ঘোরমিন্দ্রাশনিসমস্বনম্ ।
মারুতিং পঞ্চবিংশত্যা ভৈমসেনিঞ্চ পঞ্চভিঃ ॥১৩॥

ভারতকৌমুদী

যামিতি। দর্শয়তে আবিষ্করোতি স্ম। নিজঘ্নিবান্ ব্যনাশয়ৎ ॥৮॥
তমিতি। তথা মায়য়া ॥৯॥
ত ইতি। সর্ব্বতঃ অভ্যদ্রবন্ত অভ্যধাবন্, সংরব্ধাঃ সোৎসাহাঃ ॥১০॥
ত ইতি। কোষ্ঠকীকৃত্য পরিবেষ্ট্য, রথানাং বংশেন সমূহেন ॥১১॥
স ইতি। রথানাং ব্রজাৎ সমূহাৎ, মুক্তো নির্গতঃ ॥১২॥

নরনাথ রাজা ! ঘটোৎকচ যুদ্ধে যে যে মায়া দেখাইতে লাগিল, অলম্বুষও মায়াদ্বারাই সেই সেই মায়া নষ্ট করিতে থাকিল ॥৮॥

মায়াযুদ্ধবিশারদ ও রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষকে সেইভাবে যুদ্ধ করিতে দেখিয়া পাণ্ডবেরা ক্রুদ্ধ হইলেন ॥৯॥

রাজা ! তখন অত্যন্তক্রুদ্ধ ও উৎসাহসম্পন্ন ভীমসেনপ্রভৃতি প্রধান বীরেরা রথারোহণে সকল দিক্ হইতে অলম্বুষের প্রতি ধাবিত হইলেন ॥১০॥

মাননীয় রাজা ! তাঁহারা রথসমূহদ্বারা অলম্বুষকে পরিবেষ্টন করিয়া উল্কাদ্বারা যেমন হস্তীকে আঘাত করে, সেইরূপ সকল দিক্ হইতে বাণদ্বারা তাহাকে আঘাত করিতে লাগিলেন ॥১১॥

তখন অলম্বুষ আপন মায়াদ্বারা তাঁহাদের সেই অস্ত্রবেগ প্রতিহত করিয়া হস্তী যেমন বনদাহ হইতে মুক্ত হয়, সেইরূপ তাঁহাদের রথসমূহ হইতে মুক্ত হইল ॥১২॥

যুধিষ্ঠিরং ত্রিভির্বিদ্ধা সহদেবঞ্চ সপ্তভিঃ।
নকুলঞ্চ ত্রিসপ্তত্যা দ্রৌপদেয়াংশ্চ মারিষ!।
পঞ্চভিঃ পঞ্চভির্বিদ্ধা সিংহনাদং চকার হ ॥১৪॥ (যুগ্মকম্)
তং ভীমসেনো নবভিঃ সহদেবশ্চ সপ্তভিঃ।
যুধিষ্ঠিরঃ শতেনৈব রাক্ষসং প্রত্যবিধ্যত।
নকুলস্তু চতুঃষষ্ট্যা দ্রৌপদেয়াস্ত্রিভিস্ত্রিভিঃ ॥১৫॥
হৈড়িম্বো রাক্ষসং বিদ্ধা যুদ্ধে পঞ্চাশতা শরৈঃ।
পুনর্বিব্যাধ সপ্তত্যা ননাদ চ মহাবলঃ ॥১৬॥
তস্য নাদেন মহতা কম্পিতেয়ং বসুন্ধরা।
সপর্বতবনা রাজন্! সপাদপজলাশয়া ॥১৭॥

ভারতকৌমুদী

স ইতি। মারুতিং মরুতো বায়োঃ পুত্রম্ ভীমম্, ভৈমসেনিং ঘটোৎকচম্। দ্রৌপদেয়ান্ দ্রৌপদীপুত্রান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩—১৪॥

তমিতি। নবভির্বাণৈরিতি শেষঃ। রাক্ষসমলম্বুষম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫॥

হৈড়িম্ব ইতি। হৈড়িম্বো ঘটোৎকচঃ, রাক্ষসমলম্বুষম্ ॥১৬॥

তস্যেতি। পর্ব্বতৈর্বনৈশ্চ সহেতি সা, পাদপৈর্বৃক্ষৈর্জলাশয়ৈশ্চ সহেতি সা চ ॥১৭॥

মাননীয় রাজা! পরে অলম্বুষ ইন্দ্রের বজ্রের তুল্য শব্দকারী ভয়ঙ্কর ধনু বিস্ফারিত করিয়া পঁচিশটা বাণদ্বারা ভীমকে, পাঁচটাদ্বারা ঘটোৎকচকে, তিনটাদ্বারা যুধিষ্ঠিরকে, সাতটাদ্বারা সহদেবকে, তিয়াত্তরটাদ্বারা নকুলকে এবং পাঁচ পাঁচটাদ্বারা দ্রৌপদীর পুত্রগণকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিল ॥১৩—১৪॥

তখন ভীমসেন নয়টা, সহদেব সাতটা, যুধিষ্ঠির একশত, নকুল চৌষট্টিটা এবং দ্রৌপদীর পুত্রেরা প্রত্যেকে তিন তিনটা বাণদ্বারা অলম্বুষকে প্রতিবিদ্ধ করিলেন ॥১৫॥

আর মহাবল ঘটোৎকচ পঞ্চাশটা বাণদ্বারা অলম্বুষকে বিদ্ধ করিয়া পুনরায় সত্তরটাদ্বারা বিদ্ধ করিল এবং সিংহনাদ করিয়া উঠিল ॥১৬॥

রাজা! ঘটোৎকচের সেই বিশাল সিংহনাদে পর্ব্বত, বন, বৃক্ষ ও জলাশয়ের সহিত এই পৃথিবীটাই কাঁপিতে লাগিল ॥১৭॥

(১৪)···ঘোরং নাদং ননাদ হ—বা নি।

সোঽতিবিদ্ধো মহেষ্বাসঃ সর্ব্বতস্তৈর্মহারথৈঃ।
পুনর্বিব্যাধ তান্ সর্ব্বান্ পঞ্চভিঃ পঞ্চভিঃ শরৈঃ ॥১৮॥
তং ক্রুদ্ধং রাক্ষসং যুদ্ধে প্রতিক্রুদ্ধস্তু রাক্ষসঃ।
হৈড়িম্বো ভরতশ্রেষ্ঠ! প্রতিবিব্যাধ সপ্তভিঃ ॥১৯॥
সোঽতিবিদ্ধো বলবতা রাক্ষসেন্দ্রো মহাবলঃ।
ব্যসৃজচ্ছায়কাংস্তীক্ষ্ণান্ স্বর্ণপুঙ্খান্ শিলাশিতান্ ॥২০॥
তে শরা নতপর্ব্বাণো হৈড়িম্বং বিবিশুর্ভৃশম্।
রুষিতাঃ পন্নগা যদ্বদ্গিরিমুগ্রং মহাবলাঃ ॥২১॥
ততস্তে পাণ্ডবা রাজন্! সমন্তান্নিশিতান্ শরান্।
প্রেষয়ামাসুরুদ্বিগ্না হৈড়িম্বশ্চ ঘটোৎকচঃ ॥২২॥

ভারতকৌমুদী

স ইতি। সঃ অলম্বুষঃ, মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥১৮॥
তমিতি। রাক্ষসমলম্বুষম্। হৈড়িম্বো হিড়িম্বায়াঃ পুত্রো ঘটোৎকচঃ ॥১৯॥
স ইতি। সঃ অলম্বুষঃ। শিলাশিতান্ শিলাসু ঘর্ষণেন সুধারীকৃতান্ ॥২০॥
ত ইতি। নতপর্বাণ ঈষদ্বক্রোপান্তাঃ। মহাবলত্বাভাবে গিরিপ্রবেশো ন স্যাদিত্যাশয়ঃ ॥২১॥
তত ইতি। প্রেষয়ামাসুর্নিচিক্ষিপুঃ, উদ্বিগ্না ব্যস্তচিত্তাঃ ॥২২॥

সেই মহারথেরা সকল দিক্ হইতে অত্যন্তবিদ্ধ করিলে, মহাধনুর্দ্ধর অলম্বুষ পুনরায় পাঁচ পাঁচটা বাণদ্বারা তাঁহাদের সকলকে তাড়ন করিল ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ! তখন প্রতিক্রুদ্ধ রাক্ষস ঘটোৎকচ যুদ্ধে সাতটা বাণদ্বারা ক্রুদ্ধ রাক্ষস অলম্বুষকে প্রতিতাড়ন করিল ॥১৯॥

বলবান্ ঘটোৎকচ অত্যন্তবিদ্ধ করিলে, রাক্ষসশ্রেষ্ঠ মহাবল অলম্বুষও ঘটোৎকচের প্রতি স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত ও তীক্ষ্ণ বহুতর বাণ নিক্ষেপ করিল ॥২০॥

তখন ক্রুদ্ধ মহাবল সর্পগণ যেমন ভীষণ পর্ব্বতের ভিতরে প্রবেশ করে, সেইরূপ সেই নতপর্ব বাণগুলি যাইয়া ঘটোৎকচের শরীরে গুরুতরভাবে প্রবেশ করিল ॥২১॥

রাজা! তাহার পর সেই পাণ্ডবেরা এবং হিড়িম্বার পুত্র ঘটোৎকচ ব্যস্ত হইয়া সকল দিক্ হইতে সুধার বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥২২॥

(১৮) সোঽতিবিদ্ধো মহেষ্বাসৈঃ···বা নি। (২০)···শায়কাংস্তূর্ণম্···পি বা নি। (২১) ···বিবিশূ রাক্ষসং তদা·· হৃষিতাঃ···গিরিশৃঙ্গম্···বা।

স বধ্যমানঃ সমরে পাণ্ডবৈর্জিতকাশিভিঃ।
মর্ত্যধর্ম্মমনুপ্রাপ্তঃ কর্ত্তব্যং নান্বপশ্যত ॥২৩॥
ততঃ সমরশৌণ্ডোঽসৌ ভৈমসেনির্মহাবলঃ।
সমীক্ষ্যৈনং তথাবস্থং বধায়াস্য মনো দধে ॥২৪॥
বেগঞ্চক্রে মহান্তঞ্চ রাক্ষসেন্দ্ররথং প্রতি।
দগ্ধত্রিকূটশৃঙ্গাভং ভিন্নাঞ্জনচয়োপমম্ ॥২৫॥
রথাদ্রথমভিদ্রুত্য ক্রুদ্ধো হৈড়িম্বিরাক্ষিপৎ।
উদ্ববর্হ রথাচ্চাপি তং নাগং গরুড়ো যথা ॥২৬॥
সমুৎক্ষিপ্য চ বাহুভ্যামাবিধ্য চ পুনঃ পুনঃ।
নিষ্পিপেষ ক্ষিতৌ ক্ষিপ্রং পূর্ণকুম্ভমিবাশ্মনি ॥২৭॥
বললাঘবসম্পন্নঃ সম্পন্নো বিক্রমেণ চ।
ভৈমসেনী রণে ক্রুদ্ধঃ সর্ব্বসৈন্যান্যভীষয়ৎ ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। জিতেন জয়েন কাশন্তে দীপ্যন্তে ইতি তৈঃ। মর্ত্যধর্ম্মং মরণস্বভাবম্ ॥২৩॥
তত ইতি। সমরে শৌণ্ডো মত্তঃ, ভৈমসেনির্ভীমসেনপুত্রো ঘটোৎকচঃ ॥২৪॥
বেগমিতি। দগ্ধং যৎ ত্রিকূটস্য পর্বতস্য শৃঙ্গং তদাভম্ ।২৫॥
রথাদিতি। অভিদ্রুত্য দ্রুতং গত্বা, আক্ষিপৎ আকর্ষৎ, উদ্ববর্হ উত্তোলয়ামাস ॥২৬॥
সমিতি। আবিধ্য ঘূর্ণয়িত্বা। অশ্মনি পাষাণে ॥২৭॥

বিজয়শোভী পাণ্ডবেরা যুদ্ধে আঘাত করিতে লাগিলে, অলম্বুষ মৃত্যুযোগ্য হইয়া কর্ত্তব্য স্থির করিতে পারিল না ॥২৩॥

তদনন্তর যুদ্ধমত্ত মহাবল ঘটোৎকচ অলম্বুষকে তদবস্থ দেখিয়া উহাকে বধ করিবার জন্য মনোনিবেশ করিল ॥২৪॥

পরে ঘটোৎকচ, ত্রিকূটপর্ব্বতের দগ্ধ শৃঙ্গতুল্য এবং স্নিগ্ধ কজ্জলরাশির সদৃশ অলম্বুষের রথের দিকে গুরুতর বেগ করিল (দ্রুত গমন করিল) ॥২৫॥

তৎপরে ক্রুদ্ধ ঘটোৎকচ আপন রথ হইতে অলম্বুষের রথে লাফাইয়া পড়িয়া গরুড় যেমন সর্প আকর্ষণ ও উত্তোলন করে, সেইরূপ অলম্বুষকে আকর্ষণ ও রথ হইতে উত্তোলন করিল ॥২৬॥

ক্রমে ঘটোৎকচ বাহুযুগলদ্বারা অলম্বুষকে উৎক্ষিপ্ত এবং বার বার ঘূর্ণিত করিয়া প্রস্তরে পূর্ণকুম্ভের ন্যায় সত্বর ভূতলে নিষ্পেষণ করিল ॥২৭॥

(২৪) ততঃ সমরশৌণ্ডো বৈ···সমীক্ষ্য তদবস্থং তম্··· বা।

স বিস্ফারিতসর্বাঙ্গশ্চূর্ণিতাস্থিবিভীষণঃ।
ঘটোৎকচেন বীরেণ হতঃ শালকটঙ্কটঃ ॥২৯॥
ততঃ সুমনসঃ পার্থা হতে তস্মিন্ নিশাচরে।
চুক্রুশুঃ সিংহনাদাংশ্চ বাসাংস্যাদুধুবুশ্চ হ ॥৩০॥
তাবকাশ্চ হতং দৃষ্ট্বা রাক্ষসেন্দ্রং মহাবলম্।
অলম্বুষং ভীমরূপং বিশীর্ণমিব পর্ব্বতম্।
হাহাকারমকুর্ব্বন্ত সৈন্যানি ভরতর্ষভ ! ॥৩১॥
জনাশ্চ তদ্দদৃশিরে রক্ষঃ কৌতূহলান্বিতাঃ।
যদৃচ্ছয়া নিপতিতং ভূমাবঙ্গারকং যথা ॥৩২॥
ঘটোৎকচস্তু তদ্ধত্বা রক্ষো বলবতাং বরঃ।
মুমোচ বলবন্নাদং বলং হত্বেব বাসবঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

বলেতি। বলেন শক্ত্যা লাঘবেন শীঘ্রকারিতয়া চ সম্পন্নঃ ॥২৮॥

স ইতি। শালকটঙ্কটায়াঃ পুত্র ইতি শালকটঙ্কটঃ ॥২৯॥

তত ইতি। সুমনস আনন্দিতচিত্তাঃ। চুক্রুশুরুচ্চৈশ্চক্রুঃ। আদুধুবুঃ কম্পয়ামাসুঃ ॥৩০॥

তাবকা ইতি। তাবকাঃ প্রধানযোদ্ধারঃ। সৈন্যানি চ তাবকানি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

জনা ইতি। রক্ষো রাক্ষসমলম্বুষম্। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া। অঙ্গারকং মঙ্গলগ্রহম্ ॥৩২॥

বলবান্, শীঘ্রকারী, বিক্রমসম্পন্ন ও ক্রুদ্ধ ঘটোৎকচ সেইভাবে যুদ্ধে সমস্ত-সৈন্যের ভয় উৎপাদন করিল ॥২৮॥

তখন অলম্বুষের সমস্ত অঙ্গ প্রসারিত হইল, অস্থি সকল চূর্ণ হইয়া গেল এবং সে ভয় জন্মাইতে লাগিল। এইভাবে শালকটঙ্কটার পুত্র অলম্বুষ বীর ঘটোৎকচকর্ত্তৃক নিহত হইল ॥২৯॥

সেই রাক্ষস নিহত হইলে, তখন পাণ্ডবেরা আনন্দিত হইয়া উচ্চ সিংহনাদ এবং উর্দ্ধে বস্ত্রসঞ্চালন করিতে লাগিলেন ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ ! আর আপনার পক্ষের প্রধান যোদ্ধারা এবং সৈন্যেরা মহাবল ও ভীষণ মূর্ত্তি রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষকে বিশীর্ণ পর্বতের ন্যায় নিহত দেখিয়া হাহাকার করিতে থাকিলেন ॥৩১॥

সাধারণ লোকেরা কৌতুকান্বিত হইয়া ঈশ্বরের ইচ্ছায় ভূতলে নিপতিত মঙ্গলগ্রহের ন্যায় সেই রাক্ষসকে দেখিতে লাগিল ॥৩২॥

---

(৩১)…হাহাকারমকার্ষুশ্চ…বা নি। (৩৩)…বলবতাং বরম্…বা নি।

সম্পূজ্যমানঃ পিতৃভিঃ সবান্ধবৈর্ঘটোৎকচঃ কর্ম্মণি দুষ্করে কৃতে।
রিপুং নিহত্যাভিননন্দ বৈ তদা হ্যলম্বুষং পক্বমলম্বুষং যথা ॥৩৪॥
ততো নিনাদঃ সুমহান্ সমুচ্ছ্রিতঃ সশঙ্খনানাবিধবাণঘোষবান্।
নিশম্য তং প্রত্যনদংস্তু কৌরবাস্ততোধ্বনির্ভুবনমথাস্পৃশদ্ভৃশম্ ॥৩৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে অলম্বুষনিপাতে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ঘটোৎকচ ইতি। বলবৎ সাতিশয়ম্, বলং নামাসুরম্, বাসব ইন্দ্রঃ ॥৩৩॥
সমিতি। পিতৃভির্যুধিষ্ঠিরাদিভিঃ। অলম্বুষং রাক্ষসম্, অলম্বুষং মুণ্ডীরীফলম্ ॥৩৪॥
তত ইতি। সমুচ্ছ্রিতঃ পাণ্ডবপক্ষে উত্থিতঃ, শঙ্খেন শঙ্খধ্বনিনা সহ নানাবিধবাণানাং ঘোষঃ শব্দোঽস্যাস্তীতি সঃ। অত্র প্রথমপাদত্রয়ে বংশস্থবিলং চতুর্থে তু রুচিরেত্যুপজাতির্বৃত্তম্ ॥৩৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অলম্বুষমিতি ॥১—২২॥ মর্ত্ত্যধর্ম্মং মরণযোগ্যতাম্ ॥২৩—২৫॥ আক্ষিপৎ গৃহীতবান্ ॥২৬॥ আবিধ্য ভ্রাময়িত্বা ॥২৭—২৮॥ বিস্ফারিতানি পৃথগ্ভূতানি সর্ব্বাঙ্গানি ॥২৯—৩৪॥ ভুবনং স্বর্লোকম্ ॥৩৫॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৩॥

কিন্তু বলিশ্রেষ্ঠ ঘটোৎকচ সেই রাক্ষসকে বধ করিয়া বলাসুরবধের পরে ইন্দ্রের ন্যায় বিশাল সিংহনাদ করিল ॥৩৩॥

ঘটোৎকচ দুষ্কর কার্য্য সম্পাদন করিলে, বান্ধবগণের সহিত যুধিষ্ঠির প্রভৃতি পাণ্ডবেরা ঘটোৎকচের প্রশংসা করিতে লাগিলেন; ঘটোৎকচও তখন পক্ক মুণ্ডীরফলের ন্যায় শত্রু অলম্বুষকে নিষ্পেষণপূর্ব্বক বধ করিয়া সর্ব্বতোভাবে আনন্দিত হইল ॥৩৪॥

তাহার পর পাণ্ডবপক্ষে শঙ্খধ্বনি ও নানাবিধ বাণধ্বনির সহিত অতিবিশাল আনন্দকোলাহল উত্থিত হইল; তাহা শুনিয়া কৌরবেরাও তাহার প্রতিকোলাহল করিলেন। তদনন্তর সেই উভয়ধ্বনি জগৎ স্পর্শ করিল' ॥৩৫॥

---

(৩৪) স পূজ্যমানঃ···বা নি। (৩৫)···প্রত্যনদংস্ত পাণ্ডবাঃ···বা নি। * '···সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···নবাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

চতুর্নবতিতমোঽধ্যায়ঃ।

—————ঃ-০-ঃ—————

ধৃতরাষ্ট্র উবাচ।

ভারদ্বাজং কথং যুদ্ধে যুযুধানো ন্যবারয়ৎ।

সঞ্জয়াচক্ষ্ব তত্ত্বেন পরং কৌতূহলং হি মে ॥১॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্নেকমনাঃ সংগ্রামং লোমহর্ষণম্।

দ্রোণস্য পাণ্ডবৈঃ সার্দ্ধং যুযুধানপুরোগমৈঃ ॥২॥

বধ্যমানং বলং দৃষ্ট্বা যুযুধানেন মারিষ!।

অভ্যদ্রবৎ স্বয়ং দ্রোণঃ সাত্যকিং সত্যবিক্রমম্ ॥৩॥

তমাপতন্তং সহসা ভারদ্বাজং মহারথম্।

সাত্যকিঃ পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমার্পয়ৎ ॥৪॥

ভারতকৌমুদী

ভারেতি। ভারদ্বাজং দ্রোণম্। যুযুধানঃ সাত্যকিঃ। তত্ত্বেন যাথার্থ্যেন ॥১॥

শৃণ্বিতি। যুযুধানঃ সাত্যকিঃ পুরোগমঃ অগ্রগামী যেষাং তৈঃ ॥২॥

বধ্যেতি। বলং কৌরবসৈন্যম্। হে মারিষ! আর্য্য!। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ ॥৩॥

তমিতি। ক্ষুদ্রকাণাং তদাখ্যানাং বাণবিশেষাণাম্, সমার্পয়দপীড়য়ৎ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! সাত্যকি যুদ্ধে কিভাবে দ্রোণকে নিবারণ করিল, তাহা তুমি যথার্থরূপে বল; তাহা শুনিবার জন্য আমার গুরুতর কৌতূহল জন্মিয়াছে' ॥১॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনি একাগ্রচিত্ত হইয়া সাত্যকিপ্রভৃতি পাণ্ডবপক্ষের সহিত দ্রোণের লোমহর্ষণ যুদ্ধের বৃত্তান্ত শ্রবণ করুন ॥২॥

মাননীয় মহারাজ! সাত্যকি কৌরবসৈন্য বধ করিতেছেন দেখিয়া দ্রোণ নিজেই যথার্থবিক্রমশালী সাত্যকির দিকে ধাবিত হইলেন ॥৩॥

মহারথ দ্রোণ বেগে আসিতে লাগিলে, সাত্যকি পঁচিশটা ক্ষুদ্রকদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥৪॥

---

(১)···পরং কৌতূহলং মম—বর্দ্ধ। (২) শৃণু রাজন্! মহাপ্রাজ্ঞ!···বা নি। (৩)··· সাত্যকিঃ সত্যবিক্রমঃ—বঙ্গ বর্দ্ধ।

দ্রোণোঽপি যুধি বিক্রান্তো যুযুধানং সমাহিতঃ।
অবিধ্যৎ পঞ্চভিস্তূর্ণং হেমপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥৫॥
তে বর্ম্ম ভিত্ত্বা সুদৃঢ়ং দ্বিষৎপিশিতভোজনাঃ।
অভ্যয়ুর্ধরণীং রাজন্! শ্বসন্ত ইব পন্নগাঃ ॥৬॥
দীর্ঘবাহুস্ততঃ ক্রুদ্ধস্তোত্ত্রার্দ্দিত ইব দ্বিপঃ।
দ্রোণং পঞ্চাশতাবিধ্যন্নারাচৈরগ্নিসন্নিভৈঃ ॥৭॥
ভারদ্বাজো রণে বিদ্ধো যুযুধানেন সত্বরম্।
সাত্যকিং বহুভির্বাণৈর্যতমানমবিধ্যত ॥৮॥
ততঃ ক্রুদ্ধো মহেষ্বাসো ভূয় এব মহাবলঃ।
সাত্বতং পীড়য়ামাস শরেণানতপর্বণা ॥৯॥
স বধ্যমানঃ সমরে ভারদ্বাজেন সাত্যকিঃ।
নাভ্যপদ্যত কর্ত্তব্যং কিঞ্চিদেব বিশাংপতে! ॥১০॥

ভারতকৌমুদী

দ্রোণ ইতি। সমাহিতঃ সাত্যকিপ্রহারে কৃতমনোযোগঃ ॥৫॥
ত ইতি। বর্ম্ম সাত্যকেঃ কবচম্। দ্বিষৎপিশিতভোজনাঃ শত্রুমাংসভোজিনঃ ॥৬॥
দীর্ঘেতি। দীর্ঘবাহুঃ সাত্যকিঃ, তোত্ত্রার্দ্দিতঃ অঙ্কুশতাড়িতঃ, দ্বিপো হস্তী ॥৭॥
ভারেতি। ভারদ্বাজো দ্রোণঃ, যুযুধানেন সাত্যকিনা। যতমানং জয়ায় ॥৮॥
তত ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরো দ্রোণঃ। সাত্বতং সাত্বতবংশীয়ং সাত্যকিম্ ॥৯॥

যুদ্ধে বিক্রমশালী দ্রোণও মনোযোগী হইয়া স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত পাঁচটা বাণদ্বারা সত্বর সাত্যকিকে বিদ্ধ করিলেন ॥৫॥

রাজা! শত্রুমাংসভোজী সেই বাণগুলি যাইয়া সাত্যকির সুদৃঢ় বর্ম্ম ভেদ করিয়া নিশ্বাসত্যাগী সর্পের ন্যায় ভূমিতে প্রবেশ করিল ॥৬॥

তদনন্তর দীর্ঘবাহু সাত্যকি অঙ্কুশতাড়িত হস্তীর ন্যায় ক্রুদ্ধ হইয়া অগ্নিতুল্য পঞ্চাশটা নারাচদ্বারা দ্রোণকে তাড়ন করিলেন ॥৭॥

সাত্যকি তাড়ন করিলে এবং জয়ের জন্য যত্ন করিতে থাকিলে, দ্রোণ সত্বর বহুতর বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৮॥

তাহার পরে আবার ক্রুদ্ধ, মহাধনুর্দ্ধর ও মহাবল দ্রোণ একটা নতপর্ব বাণদ্বারা সাত্যকিকে পীড়ন করিলেন ॥৯॥

(৫)···হেমপুঙ্খৈঃ শরৈঃ শিতৈঃ—বা নি। (৬)···বল্মীকমিব পন্নগাঃ—নি। (৭) দীর্ঘবাহুরভিক্রুদ্ধঃ···নি। (৯)···ব্রাতেন নতপর্বণাম্—বা নি।

বিষণ্ণবদনশ্চাপি যুযুধানোঽভবন্নৃপ ! ।
ভারদ্বাজং রণে দৃষ্ট্বা বিসৃজন্তং শিতান্ শরান্ ॥১১॥
তন্তু সংপ্রেক্ষ্য তে পুত্রাঃ সৈনিকাশ্চ বিশাংপতে ! ।
প্রহৃষ্টমনসো ভূত্বা সিংহবদ্ব্যনদন্ মুহুঃ ॥১২॥
তং শ্রুত্বা নিনদং ঘোরং পীড্যমানঞ্চ মাধবম্ ।
যুধিষ্ঠিরোঽব্রবীদ্রাজা সর্ব্বসৈন্যানি ভারত ! ॥১৩॥
এষ বৃষ্ণিবরো বীরঃ সাত্যকিঃ সত্যবিক্রমঃ ।
গ্রস্যতে যুধি বীরেণ ভানুমানিব রাহুণা ॥১৪॥
অভিদ্রবত গচ্ছধ্বং সাত্যকির্যত্র যুধ্যতে ।
ধৃষ্টদ্যুম্নঞ্চ পাঞ্চাল্যমিদমাহ জনাধিপঃ ॥১৫॥

ভারতকৌমুদী

স ইতি। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ। নাভ্যপদ্যত অবধারয়িতুং নাশক্নোৎ ॥১০॥
বিষণ্ণেতি। বিসৃজন্তং নিক্ষিপন্তম্, শিতান্ শিলাঘর্ষণেন সুধারীকৃতান্ ॥১১॥
তমিতি। তং তদবস্থং সাত্যকিম্ ॥১২॥
তমিতি। মাধবং মধুবংশীয়ং সাত্যকিম্ ॥১৩॥
এষ ইতি। বৃষ্ণিবরো বৃষ্ণিবংশশ্রেষ্ঠঃ। বীরেণ দ্রোণেন, ভানুমান্ সূর্য্যঃ ॥১৪॥
অভীতি। অভিদ্রবত দ্রোণমাক্রামত। জনাধিপো যুধিষ্ঠিরঃ ॥১৫॥

নরনাথ! দ্রোণ যুদ্ধে আঘাত করিতে থাকিলে, সাত্যকি কোন কর্ত্তব্যই স্থির করিতে পারিলেন না ॥১০॥

রাজা! বরং সাত্যকি যুদ্ধে দ্রোণকে অনবরত নিশিত শর নিক্ষেপ করিতে দেখিয়া বিষণ্ণবদন হইয়া পড়িলেন ॥১১॥

নরনাথ! আপনার পুত্রেরা ও সৈন্যেরা সাত্যকিকে সেইরূপ দেখিয়া আনন্দিত হইয়া মুহুর্মুহু সিংহনাদ করিতে লাগিলেন ॥১২॥

ভরতনন্দন! সেই ভয়ঙ্কর সিংহনাদ ও সাত্যকির পীড়নবৃত্তান্ত শুনিয়া রাজা যুধিষ্ঠির তাঁহার সমস্ত সৈন্যকে বলিলেন—॥১৩॥

'রাহু যেমন সূর্য্যকে গ্রাস করে, সেইরূপ বীর দ্রোণ এই বৃষ্ণিবংশশ্রেষ্ঠ, বীর ও যথার্থবিক্রমশালী সাত্যকিকে যুদ্ধে গ্রাস করিতে প্রবৃত্ত হইয়াছেন ॥১৪॥

অতএব সাত্যকি যেখানে যুদ্ধ করিতেছেন, তোমরা সেইখানে যাও, দ্রোণকে আক্রমণ কর'। পরে যুধিষ্ঠির পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্নকে এই কথা বলিলেন—॥১৫॥

অভিদ্রব দ্রুতং দ্রোণং কিমু তিষ্ঠসি পার্ষত !।
ন পশ্যসি ভয়ং ঘোরং দ্রোণান্নঃ সমুপস্থিতম্ ॥১৬॥
অসৌ দ্রোণো মহেম্বাসো যুযুধানেন সংযুগে।
ক্রীড়তে তন্তুবদ্ধেন পক্ষিণা বালকো যথা ॥১৭॥
তত্রৈব সর্ব্বে গচ্ছন্তু ভীমসেনমুখা রথাঃ।
ত্বয়ৈব সহিতা যত্তা যুযুধানরথং প্রতি ॥১৮॥
পৃষ্ঠতোঽনুগমিষ্যামি ত্বামহং সহসৈনিকঃ।
সাত্যকিং মোক্ষয়স্বাদ্য যমদংষ্ট্রান্তরং গতম্ ॥১৯॥
এবমুক্ত্বা ততো রাজা সর্ব্বসৈন্যেন পাণ্ডবঃ।
অভ্যদ্রবদ্রণে দ্রোণং যুযুধানস্য কারণাৎ ॥২০॥
তত্রারাবো মহানাসীদ্দ্রোণমেকং যুযুৎসতাম্।
পাণ্ডবানাঞ্চ ভদ্রং তে সৃঞ্জয়ানাঞ্চ সর্ব্বশঃ ॥২১॥

ভারতকৌমুদী

অভীতি। অভিদ্রব অভিধাব। হে পার্ষত ! পৃষতপৌত্র !। ঘোরং মহৎ।১৬॥
অসাবিতি। মহান্ ইম্বাসো ধনুর্যস্য স মহাধনুর্দ্ধর ইত্যর্থঃ। তন্তুবদ্ধেন সূত্রবদ্ধেন ॥১৭॥
তত্রেতি। ভীমসেনমুখা ভীমসেনপ্রভৃতয়ঃ। যত্তাঃ সাত্যকিরক্ষণায় যত্নবন্তঃ ॥১৮॥
পৃষ্ঠত ইতি। অনু পরম্। যমস্য দংষ্ট্রান্তরং দন্তশ্রেণীদ্বয়াভ্যন্তরম্ ॥১৯॥
এবমিতি। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ। যুযুধানস্য কারণাৎ সাত্যকে রক্ষাহেতোঃ ॥২০॥

'পৃষতনন্দন ! আপনি দাঁড়াইয়া আছেন কেন ? দ্রোণ হইতে আমাদের যে গুরুতর ভয় উপস্থিত হইয়াছে, তাহা দেখিতেছেন না ? ॥১৬॥

বালক যেমন সূত্রবদ্ধ পক্ষিদ্বারা খেলা করে, সেইরূপ মহাধনুর্দ্ধর ঐ দ্রোণ যুদ্ধে সাত্যকিদ্বারা খেলা করিতেছেন ॥১৭॥

অতএব ভীমসেনপ্রভৃতি রথীরা সকলে যত্নবান্ হইয়া আপনার সহিত সেই স্থানেই সাত্যকির রথের দিকে গমন করুন ॥১৮॥

আমি সৈন্যগণের সহিত মিলিত হইয়া আপনার পিছনে যাইব। আপনি আজ যমের দন্তশ্রেণীদ্বয়ের মধ্যগত সাত্যকিকে মুক্ত করুন' ॥১৯॥

রাজা যুধিষ্ঠির এই কথা বলিয়া সমস্ত সৈন্যের সহিত মিলিত হইয়া যুদ্ধে সাত্যকিকে রক্ষা করিবার জন্য দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥২০॥

(১৭)·· ক্রীড়তে সূত্রবদ্ধেন···বা নি। (১৮)···ভীমসেনপুরোগমাঃ···সহিতাঃ সর্বে···বা নি। (২০)· সর্বসৈন্যেন ভারত !—বা নি। (২১)·· দ্রোণমেকং জিঘাংসতাম্···বঙ্গ বর্দ্ধ।

তে সমেত্য নরব্যাঘ্রা ভারদ্বাজং মহারথম্ ।
অভ্যবর্ষন্ শরৈস্তীক্ষ্ণৈঃ কঙ্কবর্হিণবাজিতৈঃ ॥২২॥
স্ময়ন্নেব তু তান্ বীরান্ দ্রোণঃ প্রত্যগ্রহীৎ স্বয়ম্ ।
অতিথীনাগতান্ যদ্বৎ সলিলেনাসনেন চ ॥২৩॥
তর্পিতাস্তে শরৈস্তস্য ভারদ্বাজস্য ধন্বিনঃ ।
আতিথেয়গৃহং প্রাপ্য তর্প্যন্তেঽতিথয়ো যথা ॥২৪॥
ভারদ্বাজন্তু তে সর্ব্বে ন শেকুঃ প্রতিবীক্ষিতুম্ ।
মধ্যন্দিনমনুপ্রাপ্তং সহস্রাংশুমিব প্রভো ! ॥২৫॥
তাংস্তু সর্ব্বান্ মহেষ্বাসান্ দ্রোণঃ শস্ত্রভৃতাং বরঃ ।
অতাপয়চ্ছরব্রাতৈর্গভস্তিভিরিবাংশুমান্ ॥২৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। আরাবঃ কোলাহলঃ। যুযুৎসতাং যোদ্ধুমিচ্ছতাম্। ভদ্রং মঙ্গলমস্তু ॥২১॥

ত ইতি। কঙ্কবর্হিণয়োঃ পক্ষিণোর্বাজাঃ পক্ষা এষু সঞ্জাতাঃ স্থিতা ইতি তৈঃ ॥২২॥

স্ময়ন্নিতি। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্। অতিথীন্ ধাম্মিকো গৃহস্থ ইতি শেষঃ ॥২৩॥

তর্পিতা ইতি। বীরা বীরাং প্রহারপ্রাপ্ত্যা তৃপ্যন্ত্যেবেতি ভাবঃ। আতিথেয়ঃ সদ্গৃহস্থঃ ॥২৪॥

ভারেতি। ভারদ্বাজং দ্রোণম্। সহস্রাংশুং সূর্য্যম্ ॥২৫॥

এক দ্রোণের সহিত যুদ্ধ করিবার অভিলাষী সমস্ত পাণ্ডব ও সৃঞ্জয়গণের তখন বিশাল কোলাহল হইতে লাগিল। মহারাজ! আপনার মঙ্গল হউক ॥২১॥

সেই নরশ্রেষ্ঠেরা উপস্থিত হইয়া মহারথ দ্রোণের উপরে কঙ্ক (হাড়গিলা) ও ময়ূরের পক্ষযুক্ত তীক্ষ্ণ বাণ সকল বর্ষণ করিতে লাগিলেন ॥২২॥

ধার্ম্মিক গৃহস্থ যেমন জল ও আসন দান করিয়া আগত অতিথিগণকে গ্রহণ করেন, সেইরূপ দ্রোণ স্বয়ং ঈষৎ হাস্য করিয়াই সেই বীরগণকে গ্রহণ করিলেন ॥২৩॥

অতিথিরা যেমন ধার্ম্মিক গৃহস্থের গৃহে উপস্থিত হইয়া অতিথিসৎকার পাইয়া তৃপ্তিলাভ করেন, সেইরূপ সেই ধনুর্দ্ধরেরা দ্রোণের নিকট হইতে শরাঘাত পাইয়া তৃপ্তিলাভ করিলেন ॥২৪॥

কিন্তু রাজা! তাঁহারা সকলে মধ্যন্দিনগত সূর্য্যতুল্য দ্রোণের প্রতি দৃষ্টিপাতও করিতে সমর্থ হইলেন না ॥২৫॥

(২৩) স্ময়ন্নিব তু তান্ সর্ব্বান্…বঙ্গ বৰ্দ্ধ। (২৪)…নৃপতেঽতিথয়ো যথা—পি বৰ্দ্ধ।

বধ্যমানা মহারাজ ! পাণ্ডবাঃ সৃঞ্জয়াস্তথা।
ত্রাতারং নাধ্যগচ্ছন্ত পঙ্কমগ্না ইব দ্বিপাঃ ॥২৭॥
দ্রোণস্য চ ব্যদৃশ্যন্ত বিসর্পন্তো মহাশরাঃ।
গভস্তয় ইবার্কস্য প্রতপন্তঃ সমন্ততঃ ॥২৮॥
তস্মিন্ দ্রোণেন নিহতাঃ পাঞ্চালাঃ পঞ্চবিংশতিঃ।
মহারথাঃ সমাখ্যাতা ধৃষ্টদ্যুম্নস্য সম্মতাঃ ॥২৯॥
পাণ্ডূনাং সর্ব্বসৈন্যেষু পাঞ্চালানাং তথৈব চ।
দ্রোণং স্ম দদৃশুঃ শূরং বিনিঘ্নন্তং বরান্ বরান্ ॥৩০॥
কৈকেয়ানাং শতং হত্বা বিদ্রাব্য চ সমন্ততঃ।
দ্রোণস্তস্থৌ মহারাজ ! ব্যাদিতাস্য ইবান্তকঃ ॥৩১॥

ভারতকৌমুদী

তানিতি। শরানাং ব্রাতৈঃ সমূহৈঃ, গভস্তিভিঃ কিরণৈঃ, অংশুমান্ সূর্য্যঃ ॥২৬॥
বধ্যেতি। বধ্যমানা আহন্যমানাঃ। ত্রাতারং রক্ষকম্। নাধ্যগচ্ছন্ত নালভন্ত ॥২৭॥
দ্রোণস্যেতি। বিসর্পন্তঃ সর্ব্বত্র প্রসরন্তঃ। গভস্তয়ঃ কিরণাঃ ॥২৮॥
তস্মিন্নিতি। তস্মিন্ কালে। সম্মতাঃ প্রিয়ত্বেন বীরত্বেন চাভিমতাঃ ॥২৯॥
পাণ্ডূনামিতি। পাণ্ডূনাং পাণ্ডবানাম্। স্মশব্দঃ পাদপূরণে। বরান্ বরান্ বীরান্ ॥৩০॥
কৈকেয়ানামিতি। বিদ্রাব্য অপসার্য্য। ব্যাদিতাস্যঃ প্রকটিতবদনঃ ॥৩১॥

অথ চ সূর্য্য যেমন কিরণদ্বারা সকলকে সন্তপ্ত করেন, সেইরূপ অস্ত্রধারি-শ্রেষ্ঠ দ্রোণ বাণসমূহদ্বারা সেই সমস্ত মহাধনুর্দ্ধরকে সন্তপ্ত করিতে লাগিলেন ॥২৬॥

মহারাজ ! দ্রোণ আঘাত করিতে লাগিলে, পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ কর্দ্দমমগ্ন হস্তিগণের ন্যায় কাহাকেও রক্ষক পাইলেন না ॥২৭॥

সকল দিকে সন্তাপকারী সূর্য্যের কিরণসমূহের ন্যায় দ্রোণের বিশাল শরসমূহকে সকল দিকে বিচরণ করিতে দেখা গেল ॥২৮॥

সেই সময়ে দ্রোণ, মহারথ বলিয়া বিখ্যাত এবং ধৃষ্টদ্যুম্নের অভিমত পাঞ্চালদেশীয় পঁচিশ জন বীরকে বধ করিলেন ॥২৯॥

আর মহাবীর দ্রোণ, পাণ্ডবগণ ও পাঞ্চালগণের সমস্ত সৈন্যের মধ্যে প্রধান প্রধান বীরকে বধ করিতেছেন দেখা গেল ॥৩০॥

মহারাজ ! কৈকেয়গণের মধ্যে এক শত বীরকে বধ করিয়া এবং অন্য বীর-

(২৭) বধ্যমানা রণে রাজন্ !··পি বঙ্গ বৰ্দ্ধ। (২৯) তদা দ্রোণেন···বৰ্দ্ধ।

পাঞ্চালান্ সৃঞ্জয়ান্ মৎস্যান্ কৈকেয়াংশ্চ নরাধিপ ! ।
দ্রোণোঽজয়ন্মহাবাহুঃ শতশোঽথ সহস্রশঃ ॥৩২॥
তেষাং সমভবচ্ছব্দো বধ্যতাং দ্রোণসায়কৈঃ ।
বনৌকসামিবারণ্যে দহ্যতাং ধূমকেতুনা ॥৩৩॥
তত্র দেবাঃ সগন্ধর্ব্বাঃ পিতরশ্চাব্রুবন্ নৃপ ! ।
এতে দ্রবন্তি পাঞ্চালাঃ পাণ্ডবাশ্চ সসৈনিকাঃ ॥৩৪॥
তং তথা সমরে দ্রোণং নিঘ্নন্তং সোমকান্ রুষা ।
ন চাপ্যভিযযুঃ কেচিদপরে নৈব বিব্যধুঃ ॥৩৫॥
বর্ত্তমানে তথা রৌদ্রে তস্মিন্ বীরবরক্ষয়ে ।
অশৃণোৎ সহসা পার্থঃ পাঞ্চজন্যস্য নিস্বনম্ ।
পূরিতো বাসুদেবেন শঙ্খরাট্ স্বনতে ভৃশম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

পাঞ্চালানিতি। এতে দেশবাচিনঃ শব্দা দেশিষু লক্ষ্যন্তে ॥৩২॥

তেষামিতি। বধ্যতাং বধ্যমানানাম্। দহ্যতাং দহ্যমানানাম্, ধূমকেতুনা অগ্নিনা ॥৩৩॥

তত্রেতি। দ্রবন্তি দ্রোণপ্রহারাতিশয়াৎ পলায়ন্তে ॥৩৪॥

তমিতি। নৈব বিব্যধুঃ নৈব তাড়য়িতুং শেকুঃ, প্রহারার্ত্তত্বাৎ ॥৩৫॥

গণকে সকল দিকে অপসারিত করিয়া দ্রোণ প্রকটিতবদন যমের ন্যায় অবস্থান করিতে লাগিলেন ॥৩১॥

নরনাথ ! তাহার পর মহাবাহু দ্রোণ—পাঞ্চাল, সৃঞ্জয়, মৎস্য ও কেকয়-দেশবাসী শত শত ও সহস্র সহস্র বীরকে জয় করিলেন ॥৩২॥

অগ্নি বনমধ্যে দগ্ধ করিতে লাগিলে বন্য জন্তুগণের যেমন আর্ত্তনাদ হইতে থাকে, সেইরূপ দ্রোণ বাণদ্বারা বধ করিতে লাগিলে সেই সৈন্যগণের আর্ত্তনাদ হইতে লাগিল ॥৩৩॥

রাজা ! তখন আকাশস্থ দেবগণ, গন্ধর্ব্বগণ ও পিতৃগণ বলিতে লাগিলেন—'এই পাণ্ডবগণ ও পাঞ্চালগণ সৈন্যগণের সহিত পলায়ন করিতেছেন' ॥৩৪॥

দ্রোণ ক্রোধবশতঃ যুদ্ধে সেইভাবে সোমকদিগকে সংহার করিতে লাগিলে, কোন যোদ্ধারাই তাঁহার অভিমুখে যাইতে পারিলেন না, কিংবা তাঁহাকে তাড়ন করিতে সমর্থ হইলেন না ॥৩৫॥

(৩৩)···বিদ্ধানাং দ্রোণসায়কৈঃ···বা নি। (৩৫)··সোমকান্ রণে···বা নি। (৩৬)···পূরিতে বাসুদেবেন শঙ্খরাজে মহাত্মনা—নি।

যুধ্যমানেষু বীরেষু সৈন্ধবস্যাভিরক্ষিষু।
নদৎসু ধার্ত্তরাষ্ট্রেষু বিজয়স্য রথং প্রতি ॥৩৭॥
গাণ্ডীবস্য চ নির্ঘোষে বিপ্রনষ্টে সমন্ততঃ।
কশ্মলাভিহতো রাজা চিন্তয়ামাস পাণ্ডবঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
ন নূনং স্বস্তি পার্থায় যথা স্বনতি শঙ্খরাট্।
কৌরবাশ্চ যথা হৃষ্টা বিনদন্তি মুহুর্মুহুঃ ॥৩৯॥
এবং স চিন্তয়িত্বা তু ব্যাকুলেনান্তরাত্মনা।
অজাতশত্রুঃ কৌন্তেয়ঃ সাত্বতং প্রত্যভাষত ॥৪০॥
বাষ্পগদ্গদয়া বাচা মুহ্যমানো মুহুর্মুহুঃ।
কৃত্যস্যানন্তরাপেক্ষী শৈনেয়ং শিনিপুঙ্গবম্ ॥৪১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বর্ত্তেতি। পার্থো যুধিষ্ঠিরঃ। দূরস্থেঽপি শ্রবণোপপত্তিমাহ পূরিত ইতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥

যুধ্যেতি। সৈন্ধবস্য জয়দ্রথস্য। বিজয়স্যার্জ্জুনস্য। কশ্মলেন মোহেনাভিহতঃ ॥৩৭—৩৮॥

চিন্তাপ্রকারমাহ নেতি। স্বস্তি মঙ্গলম্, পার্থায়ার্জ্জুনায়। যথাশব্দদ্বয়ং হেত্বর্থে ॥৩৯॥

এবমিতি। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ, সাত্বতং সাত্বতবংশীয়ম্। কৃত্যস্য কর্ত্তব্যস্য, অনন্তরাপেক্ষী আনন্তর্য্যান্বেষী তৎপরকর্ত্তব্যানুসন্ধায়ীত্যর্থঃ, শৈনেয়ং সাত্যকিম্ ॥৪০—৪১॥

সেই ভাবে সেই ভীষণ বীরবরক্ষয় চলিতে লাগিলে, যুধিষ্ঠির হঠাৎ পাঞ্চজন্য-শঙ্খের ধ্বনি শুনিতে পাইলেন। কেন না, কৃষ্ণ মুখবায়ুদ্বারা পূর্ণ করিতে-ছিলেন বলিয়া সেই শঙ্খশ্রেষ্ঠ গুরুতর ধ্বনি উৎপাদন করিতেছিল ॥৩৬॥

জয়দ্রথের রক্ষক বীরেরা যুদ্ধ করিতে লাগিলে, ধার্ত্তরাষ্ট্রেরা অর্জ্জুনের রথের নিকটে সিংহনাদ করিতে থাকিলে এবং সকল দিকে গাণ্ডীবধনুর শব্দ তিরো-হিত হইলে, রাজা যুধিষ্ঠির মোহে অভিভূত হইয়া চিন্তা করিলেন—॥৩৭-৩৮॥

'যে হেতু পাঞ্চজন্যধ্বনি হইতেছে এবং কৌরবেরা আনন্দিত হইয়া মুহুর্মুহু সিংহনাদ করিতেছে, সে হেতু নিশ্চয়ই অর্জ্জুন কুশলে নাই' ॥৩৯॥

এইরূপ চিন্তা করিয়া কুন্তীনন্দন যুধিষ্ঠির মোহে মুহুর্মুহু অভিভূত হইয়া পরকর্ত্তব্য বিষয়ের বিবেচনা করিয়া ব্যাকুল চিত্তে ও বাষ্পগদ্গদ বাক্যে সাত্বত-বংশীয় শিনিকুলশ্রেষ্ঠ সাত্যকিকে বলিলেন ॥৪০—৪১॥

(৪০) এবং সঞ্চিন্তয়িত্বা তু…বা নি।

যুধিষ্ঠির উবাচ।

যঃ স ধর্ম্মঃ পুরা দৃষ্টঃ সদ্ভিঃ শৈনেয় ! শাশ্বতঃ।
সাম্পরায়ে সুহৃৎকৃত্যে তস্য কালোঽয়মাগতঃ ॥৪২॥
সর্ব্বেষপি চ যোধেষু চিন্তয়ন্ শিনিপুঙ্গব ! ।
ত্বত্তঃ সুহৃত্তমং কঞ্চিন্নাভিজানামি সাত্যকে ! ॥৪৩॥
যো হি প্রীতমনা নিত্যং যশ্চ নিত্যমনুব্রতঃ।
কার্য্যে স সাম্পরায়ে চ নিযোজ্য ইতি মে মতিঃ ॥৪৪॥
যথা চ কেশবো নিত্যং পাণ্ডবানাং পরায়ণম্।
তথা ত্বমপি বার্ষ্ণেয় ! কৃষ্ণতুল্যপরাক্রমঃ ॥৪৫॥
সোঽহং ভারং সমাধাস্যে ত্বরিতং বোঢ়ুমর্হসি।
অভিপ্রায়ঞ্চ মে নিত্যং ন বৃথা কর্ত্তুমর্হসি ॥৪৬॥
স ত্বং ভ্রাতুর্বয়স্যস্য গুরোরপি চ সংযুগে।
কুরু কৃচ্ছ্রে সহায়ার্থমর্জ্জুনস্য নরর্ষভ ! ॥৪৭॥

ভারতকৌমুদী

য ইতি। সদ্ভির্মুনিভিঃ, শাশ্বতশ্চিরন্তনঃ। সাম্পরায়ে যুদ্ধসম্বন্ধিনি ॥৪২॥
সর্ব্বেম্বিতি। যোধেষু স্বপক্ষগতেষু। ত্বত্তঃ তবাপেক্ষয়া ॥৪৩॥
য ইতি। অনুব্রতঃ অনুকূলঃ। সাম্পরায়ে যুদ্ধসম্বন্ধিনি, নিযোজ্যঃ প্রেষ্যঃ।৪৪॥
যথেতি। পরায়ণং পরমাশ্রয়ঃ। হে বার্ষ্ণেয় ! বৃষ্ণিবংশ্য ! ॥৪৫॥
স ইতি। সমাধাস্যে ত্বয়ি স্থাপয়িষ্যে। বৃথা নিষ্ফলম্ ॥৪৬॥

যুধিষ্ঠির বলিলেন—'সাত্যকি ! সাধুজনেরা পূর্ব্বে সেই যে চিরন্তন ধর্ম্মের বিষয় পর্য্যালোচনা করিয়া গিয়াছেন, যুদ্ধসম্বন্ধী সুহৃৎকার্য্যবিষয়ে এই তাহার কাল আসিয়াছে ॥৪২॥

শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি ! আমি চিন্তা করিয়া আমার সমস্ত যোদ্ধার মধ্যেও তোমা অপেক্ষা প্রধান সুহৃৎ কাহাকেও দেখিতেছি না ॥৪৩॥

যিনি সর্ব্বদা সন্তুষ্টচিত্ত এবং যিনি সকল সময়েই অনুকূল থাকেন, যুদ্ধের কার্য্যে তাঁহাকেই নিযুক্ত করা উচিত ইহাই আমার ধারণা ॥৪৪॥

অথ চ বৃষ্ণিনন্দন ! কৃষ্ণ যেমন সর্ব্বদাই পাণ্ডবগণের পরম আশ্রয়, কৃষ্ণের তুল্য পরাক্রমশালী তুমিও সেইরূপই বট ॥৪৫॥

অতএব আমি তোমার উপরে কোন ভার আরোপণ করিব, তুমি তাহা সত্বর বহন করিতে পার। তুমি সর্ব্বদাই আমার ইচ্ছা সফল করিয়া থাক ॥৪৬॥

(৪৫) যথা বা…বর্দ্ধ। (৪৬)…ত্বয়ি তং বোঢ়ুমর্হসি…পি বা নি।

ত্বং হি সত্যব্রতঃ শূরো মিত্রাণামভয়ঙ্করঃ।
লোকে বিখ্যায়সে বীর! কর্ম্মভিঃ সত্যবাগিতি ॥৪৮॥
যো হি শৈনেয়! মিত্রার্থে যুধ্যমানস্ত্যজেত্তনুম্।
পৃথিবীং বা দ্বিজাতিভ্যো যো দদ্যাৎ স সমো ভবেৎ ॥৪৯॥
শ্রুতাশ্চ বহবোঽস্মাভী রাজানো যে দিবং গতাঃ।
দত্ত্বেমাং পৃথিবীং কৃৎস্নাং ব্রাহ্মণেভ্যো যথাবিধি ॥৫০॥
এবং ত্বামপি ধর্ম্মাত্মন্! প্রযাচেঽহং কৃতাঞ্জলিঃ।
পৃথিবীদানতুল্যং স্যাদধিকং বা ফলং বিভো! ॥৫১॥
এক এব সদা কৃষ্ণো মিত্রাণামভয়ঙ্করঃ।
রণে সংত্যজতি প্রাণান্ দ্বিতীয়স্ত্বঞ্চ সাত্যকে! ॥৫২॥

ভারতকৌমুদী

স ইতি। গুরোরস্ত্রশিক্ষকস্য। সহায়ার্থং সহায়প্রয়োজনং সাহায্যম্ ॥৪৭॥
ত্বমিতি। সত্যব্রতশ্চিরসত্যপরায়ণঃ। বিখ্যায়সে বিশেষেণোচ্যসে ॥৪৮॥
অথার্জ্জুনসাহায্যার্থগমনে যদি মে মৃত্যুর্ভবেদিত্যাহ য ইতি। স·দ্বিবিধো জনঃ ॥৪৯॥
নন্বু ব্রাহ্মণেভ্যো ভূমিদানে কিং ফলমিত্যাহ শ্রুতা ইতি। কৃৎস্নাং সর্বপ্রকারাম্ ॥৫০॥
এবমিতি। প্রযাচে অর্জ্জুনসাহায্যার্থে গমনম্। ফলং যুদ্ধে মৃত্যাবিতি শেষঃ ॥৫১॥
কৃষ্ণতুল্যতয়া সাত্যকিং স্তৌতি তত্র গমনায় এক ইতি। সংত্যজতি ত্যক্তুমুদ্যুঙ্‌ক্তে ॥৫২॥

নরশ্রেষ্ঠ! অর্জ্জুন তোমার ভ্রাতা, সখা এবং অস্ত্রশিক্ষক। অতএব তুমি অর্জ্জুনের এই বিপদে সাহায্য কর ॥৪৭॥

বীর! তুমি সত্যপরায়ণ, বলবান্, মিত্রগণের অভয়দাতা এবং জগতে কর্ম্মদ্বারা সত্যবাদী বলিয়া বিখ্যাত হইয়াছ ॥৪৮॥

সাত্যকি! যে লোক মিত্রের জন্য যুদ্ধ করিতে থাকিয়া দেহত্যাগ করে, কিংবা যে লোক ব্রাহ্মণদিগকে ভূমি দান করে, সেই দ্বিবিধ লোকই সমান হইয়া থাকে ॥৪৯॥

যাঁহারা যথাবিধানে ব্রাহ্মণদিগকে সর্বপ্রকার ভূমি দান করিয়া স্বর্গে গমন করিয়াছেন, সেপ্রকার বহু রাজার বৃত্তান্ত আমরা শুনিয়াছি ॥৫০॥

ধর্ম্মাত্মন্! আমি কৃতাঞ্জলি হইয়া তোমার নিকটেও ইহা প্রার্থনা করিতেছি। কারণ, প্রভাবসম্পন্ন! যুদ্ধে মৃত্যু হইলে, ভূমিদানতুল্য, কিংবা তদপেক্ষাও অধিক ফল হইয়া থাকে ॥৫১॥

(৪৯)···পৃথিবীঞ্চ···বা নি।

বিক্রান্তস্য চ শূরস্য যুদ্ধাৎ প্রার্থয়তো যশঃ।
শূর এব সহায়ঃ স্যান্নেতরঃ প্রাকৃতো জনঃ ॥৫৩॥
ঈদৃশে হি পরামর্দ্দে বর্ত্তমানস্য মাধব!।
ত্বদন্যো হি রণে গোপ্তা বিজয়স্য ন বিদ্যতে ॥৫৪॥
শ্লাঘন্নেব হি কর্ম্মাণি শতশস্তব পাণ্ডবঃ।
মম সংজনয়ন্ হর্ষং পুনঃ পুনরকীর্ত্তয়ৎ ॥৫৫॥
লঘুহস্তশ্চিত্রযোধী তথা লঘুপরাক্রমঃ।
প্রাজ্ঞঃ সর্বাস্ত্রবিচ্ছূরো ন চ মুহ্যতি সংযুগে ॥৫৬॥
মহাস্কন্ধো মহোরস্কো মহাবাহুর্মহাধনুঃ।
মহাবলো মহাবীর্য্যঃ স মহাত্মা মহারথঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

অথাত্রান্যো ন কিং নিযুজ্যত ইত্যাহ বিক্রান্তস্যেতি। প্রাকৃতঃ সাধারণঃ ॥৫৩॥
ঈদৃশ ইতি। পরামর্দ্দে দারুণসংঘর্ষে। গোপ্তা রক্ষকঃ, বিজয়স্যার্জ্জুনস্য ॥৫৪॥
সাত্যকের্যোগ্যতাং ব্যনক্তি শ্লাঘন্নিতি। শ্লাঘন্ গর্বং কুর্ব্বন্। পাণ্ডবে হর্জ্জুনঃ ॥৫৫॥
অথ কেন রূপেণাকীর্ত্তয়দিত্যাহ দ্বাভ্যাং লঘ্বিতি। লঘুহস্তো দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যহস্তঃ ৫৬॥
মহেতি। মহোরস্কো বিশালবক্ষাঃ। বলং দৈহিকী শক্তিঃ, বীর্য্যঞ্চ মানসিকী শক্তিঃ ॥৫৭॥

সাত্যকি! মিত্রগণের অভয়জনক এক কৃষ্ণই সর্ব্বদা যুদ্ধে প্রাণত্যাগের উদ্‌যোগ করেন, দ্বিতীয়—তুমিও তাহা করিয়া থাক ॥৫২॥

বিক্রমশালী এবং যুদ্ধ হইতে যশঃপ্রার্থী বীরের সহায় বীরই হইয়া থাকেন; কিন্তু অপর সাধারণ লোক হয় না ॥৫৩॥

মধুবংশীয় বীর! তুমি ভিন্ন অপর কোন ব্যক্তিই ঈদৃশ যুদ্ধসংঘর্ষে প্রবৃত্ত অর্জ্জুনের রক্ষক হইতে পারে না ॥৫৪॥

দেখ—অর্জ্জুন আত্মশ্লাঘা করতঃ আমার আনন্দ জন্মাইতে থাকিয়া বার বার তোমার শত শত কার্য্যের উল্লেখ করিয়াছেন ॥৫৫॥

'সাত্যকি—লঘুহস্ত, বিচিত্রযোধী, দ্রুতপরাক্রমপ্রকাশকারী, বুদ্ধিমান্, সর্বাস্ত্রবিৎ, বীর এবং তিনি যুদ্ধে মোহিত হন না ॥৫৬॥

আর সাত্যকি—পীনস্কন্ধ, বিশালবক্ষা, মহাবাহু, মহাধন্বা, মহাবল, মহাবীর্য্য, মহাত্মা ও মহারথ ॥৫৭॥

(৫৩)···যুদ্ধে প্রার্থয়তঃ·· বা নি। (৫৬) লব্ধাস্ত্রশ্চিত্রযোধী চ···পি, লঘুহস্তশ্চিত্রযোধী চ ·· বঙ্গ বর্দ্ধ। (৫৭)·· মহাবাহুর্মহাহনুঃ·· বা নি।

শিষ্যো মম সখা চৈব প্রিয়োঽস্যাহং প্রিয়শ্চ মে।
যুযুধানঃ সহায়ো মে প্রমথিষ্যতি কৌরবান্ ॥৫৮॥
অস্মদর্থঞ্চ রাজেন্দ্র! সংনহ্যেদ্‌যদি কেশবঃ।
রামো বাপ্যনিরুদ্ধো বা প্রদ্যুম্নো বা মহারথঃ ॥৫৯॥
গদো বা সারণো বাপি শাম্বো বা সহ বৃষ্ণিভিঃ।
সহায়ার্থং মহারাজ! সংগ্রামোত্তমমূর্দ্ধনি ॥৬০॥
তথাপ্যহং নরব্যাঘ্রং শৈনেয়ং সত্যবিক্রমম্।
সাহায্যে বিনিযোক্ষ্যামি নাস্তি মেঽন্যো হি তৎসমঃ ॥৬১॥ (বিশেষকম্)
ইতি দ্বৈতবনে তাত! মামুবাচ ধনঞ্জয়ঃ।
পরোক্ষে ত্বদ্‌গুণাংস্তথ্যান্ কথয়ন্নার্য্যসংসদি ॥৬২॥
তস্য ত্বমেনং সঙ্কল্পং ন বৃথা কর্ত্তুমর্হসি।
ধনঞ্জয়স্য বার্ষ্ণেয়! মম ভীমস্য চোভয়োঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

উপযোগিত্বমপ্যকীর্ত্তয়দিত্যাহ শিষ্য ইতি। শিষ্যঃ অস্ত্রশিক্ষায়াম্। প্রিয়ঃ সঃ ॥৫৮॥

তৎফলমাহ ত্রিভির্বিশেষকেণ অস্মদিতি। সংনহ্যেৎ যুদ্ধসজ্জাং কুর্য্যাৎ। গদসারণাবপি যদুবংশ্যৌ। সহায়ার্থং সাহায্যনিমিত্তম্। শৈনেয়ং সাত্যকিম্ ॥৫৯—৬১॥

নন্ কদেত্থমকীর্ত্তয়দিত্যাহ ইতীতি। আর্য্যসংসদি ব্রাহ্মণাদিসজ্জনসভায়াম্ ॥৬২॥

তস্যেতি। তস্য ধনঞ্জয়স্যেতি সম্বন্ধঃ। বৃথা নিষ্ফলম্ ॥৬৩॥

বিশেষতঃ সাত্যকি আমার শিষ্য ও সখা, আর আমি তাঁহার প্রিয় এবং তিনি আমার প্রিয়। সুতরাং সাত্যকি আমার সহায় হইয়া কৌরবগণকে মন্থন করিবেন ॥৫৮॥

অতএব রাজশ্রেষ্ঠ! যদি স্বয়ং কৃষ্ণও আমাদের জন্য যুদ্ধসজ্জা করেন, কিংবা মহারাজ! যদি রাম, অনিরুদ্ধ, মহারথ প্রদ্যুম্ন, গদ, সারণ, অথবা অপর বৃষ্ণিবংশীয়গণের সহিত শাম্বও মহাযুদ্ধে আমাদের সহায়তা করিবার জন্য প্রস্তুত হন, তথাপি আমি—নরশ্রেষ্ঠ ও যথার্থবিক্রমশালী সাত্যকিকে সাহায্য করার জন্য নিযুক্ত করিব। কারণ, তাঁহার তুল্য অপর কেহ আমার নাই' ॥৫৯—৬১॥

বৎস! অর্জ্জুন দ্বৈতবনে সজ্জনসভায় বসিয়া তোমার অসমক্ষে তোমার যথার্থ গুণসমূহের বর্ণনা করিতে থাকিয়া আমার নিকট এই কথাগুলি বলিয়াছিলেন ॥৬২॥

যচ্চাপি তীর্থানি চরন্নগচ্ছং দ্বারকাং প্রতি।
তত্রাহমপি তে ভক্তিমর্জ্জুনং প্রতি দৃষ্টবান্ ॥৬৪॥
ন তৎ সৌহৃদমন্যেষু ময়া শৈনেয় ! লক্ষিতম্।
যথা ত্বমস্মান্ ভজসে বর্ত্তমানানুপপ্লবে ॥৬৫॥
সোঽভিজাতশ্চ ভক্তশ্চ সখ্যস্যাচার্য্যকস্য চ।
সৌহৃদস্য চ বীর্য্যস্য কুলীনত্বস্য মাধব ! ॥৬৬॥
সত্যস্য চ মহাবাহো ! অনুকম্পার্থমেব চ।
অনুরূপং মহেষ্বাস ! কর্ম্ম ত্বং কর্ত্তুমর্হসি ॥৬৭॥ (যুগ্মকম্)
সুযোধনো হি সহসা গতো দ্রোণেন দংশিতঃ।
পূর্ব্বমেব তু যাতাস্তে কৌরবাণাং মহারথাঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

যদিতি। যদ্যত্র। অর্জ্জুনং প্রতি তদসমক্ষেঽপীত্যাশয়ঃ ॥৬৪॥

নেতি। ভজসে সাহায্যবিধানেন সেবসে, উপপ্লবে যুদ্ধোপদ্রবে ॥৬৫॥

স ইতি। অভিজাতঃ সংকুলোৎপন্নস্ত্বম্। আচার্য্যকস্য গুরুগৌরবস্য। অনুকম্পার্থমস্মাসু দয়াপ্রকাশার্থম্। হে মহেষ্বাস ! মহাধনুর্দ্ধর ! ॥৬৬—৬৭॥

ভারতভাবদীপঃ

ভারদ্বাজমিতি ॥১—৪০॥ কৃত্যস্য জয়দ্রথবধস্য, অনন্তরাপেক্ষী অবিঘ্নাকাঙ্ক্ষী ॥৪১॥ যঃ স ধর্ম্মো মৈত্রীলক্ষণঃ, সাম্পরায়ে আপৎকালে ॥৪২—৪৬॥ বয়স্যস্য স্নিগ্ধস্য, সহায়ার্থং সহায়প্রয়োজনম্ ॥৪৭॥ সত্যব্রতো দৃঢ়নিশ্চয়ঃ ॥৪৮—৬৪॥ উপপ্লবে বিমর্দ্দে ॥৬৫—৬৬॥

বৃষ্ণিনন্দন ! তুমি সেই অর্জ্জুনের, আমার ও ভীমসেনের এই সঙ্কল্প নিষ্ফল করিতে পার না ॥৬৩॥

তা'র পর তীর্থপর্য্যটন করিতে করিতে যখন দ্বারকায় গিয়াছিলাম, তখনও আমি অর্জ্জুনের প্রতি তোমার ভক্তি দেখিয়াছি ॥৬৪॥

সাত্যকি ! বর্ত্তমান সময়ে আমরা ভীষণ বিপ্লবে রহিয়াছি, এ অবস্থাতেও তুমি আমাদের যেরূপ সেবা করিতেছ, এরূপ সৌহার্দ্দ আমি অন্যের দেখি নাই ॥৬৫॥

অতএব মধুবংশীয় মহাধনুর্দ্ধর মহাবাহু ! তুমি সদ্বংশজাত এবং আমাদের ভক্ত বলিয়া আমাদের প্রতি দয়া প্রকাশ করিবার জন্য সখিত্ব, গুরুগৌরব, সৌহার্দ্দ, বল, কুলীনত্ব ও সত্যের অনুরূপ কার্য্য করা তোমার উচিত ॥৬৬—৬৭॥

(৬৬) সোঽভিজাত্যা চ ভক্ত্যা চ···বা নি। (৬৭)···অনুরূপং মহাবাহো ! বর্দ্ধ। (৬৮)···পূর্ব্বমেবানুযাতাস্তে বা···নি।

সুমহান্ নিনদশ্চৈব শ্রূয়তে বিজয়ং প্রতি।
স শৈনেয়! জবেনাশু গন্তুমর্হসি মাধব! ॥৬৯॥
ভীমসেনো বয়ঞ্চৈব সংযত্তাঃ সহসৈনিকাঃ।
দ্রোণমাবারয়িষ্যামো যদি ত্বাং প্রতি যোৎস্যতে ॥৭০॥
পশ্য শৈনেয়! সৈন্যানি দ্রবমাণানি সংযুগে।
মহান্তঞ্চ রণে শব্দং দীর্য্যমাণাঞ্চ বাহিনীম্ ॥৭১॥
মহামারুতবেগেন সমুদ্রমিব পর্ব্বসু।
ধার্ত্তরাষ্ট্রবলং তাত! বিক্ষিপ্তং সব্যসাচিনা ॥৭২॥
রথৈর্বিপরিধাবদ্ভিঃ মনুষ্যৈশ্চ হয়ৈঃ সহ।
সৈন্যং রজঃ সমুদ্ধূতমেতৎ সংপরিবর্ত্ততে ॥৭৩॥

ভারতকৌমুদী

সুযোধন ইতি। গতঃ অর্জ্জুনং প্রতি, দংশিতঃ কবচবন্ধনেন সজ্জিতঃ ॥৬৮॥
সুমহানিতি। বিজয়ং প্রতি অর্জ্জুনসমীপে। জবেন বেগেন ॥৬৯॥
ভীমেতি। সংযত্তাঃ তব প্রবেশার্থে যত্নবন্তঃ সন্তঃ ॥৭০॥
পশ্যেতি। সৈন্যানি কুরুপক্ষস্য, দ্রবমাণানি পলায়মানানি ॥৭১॥
মহেতি। পর্বসু পূর্ণিমামাবস্যাসু। বিক্ষিপ্তমুদ্বেলিতম্। পশ্যেত্যনুবৃত্তিঃ ॥৭২॥

ওদিকে দ্রোণ কবচবন্ধনপূর্ব্বক সজ্জিত করিয়া দেওয়ার পরে দুর্য্যোধন তৎক্ষণাৎ অর্জ্জুনের দিকে গিয়াছেন এবং কৌরবপক্ষের মহারথেরা ত পূর্ব্বেই সেখানে গমন করিয়াছেন ॥৬৮॥

অর্জ্জুনের দিকেও গুরুতর কোলাহল শুনা যাইতেছে। অতএব মধুবংশীয় সাত্যকি! সত্বর বেগে তোমার সেখানে গমন করা উচিত ॥৬৯॥

দ্রোণ যদি তোমার বিরুদ্ধে যুদ্ধ করেন, তাহা হইলে ভীমসেন ও আমি সৈন্যগণের সহিত মিলিত ও যত্নবান্ হইয়া তাঁহাকে বারণ করিব ॥৭০॥

সাত্যকি! দেখ—কৌরবসৈন্য পলায়ন করিতেছে, বিশাল কোলাহল হইতেছে এবং কৌরববাহিনী বিশ্লিষ্ট হইয়া যাইতেছে ॥৭১॥

বৎস! আরও দেখ—মহাবায়ুবেগ যেমন পূর্ণিমা বা অমাবস্যায় সমুদ্রকে উদ্বেলিত করে, সেইরূপ অর্জ্জুনও কৌরবসৈন্য উদ্বেলিত করিয়াছেন ॥৭২॥

পরিধাবিত রথ ও অশ্বের সহিত মনুষ্যেরা এই সৈন্যধূলি উত্তোলন করিয়াছে ॥৭৩॥

---

(৬৯)…গন্তুমর্হসি মানদ!—বা নি। (৭১)…দীর্য্যমাণাঞ্চ ভারতীম্—বা নি। (৭৩)…হয়ৈশ্চ হ…বা নি।

সংবৃতঃ সিন্ধুসৌবীরৈর্নখর প্রাসযোধিভিঃ।
অত্যন্তোপচিতৈঃ শূরৈঃ ফাল্গুনঃ পরবীরহা ॥৭৪॥
নৈতদ্বলমসংবার্য্য শক্যো হন্তুং জয়দ্রথঃ।
এতে হি সৈন্ধবস্যার্থে সর্বে সন্ত্যক্তজীবিতাঃ ॥৭৫॥
শরশক্তিধ্বজবরং হয়নাগসমাকুলম্।
পশ্যৈতদ্ধার্ত্তরাষ্ট্রাণামনীকং সুদুরাসদম্ ॥৭৬॥
শৃণু দুন্দুভিনির্ঘোষং শঙ্খশব্দাংশ্চ পুষ্কলান্।
সিংহনাদরবাংশ্চৈব রথনেমিস্বনাংস্তথা ॥৭৭॥
নাগানাং শৃণু শব্দঞ্চ পত্তীনাঞ্চ সহস্রশঃ।
সাদিনাং দ্রবতাঞ্চৈব শৃণু কম্পয়তাং মহীম্ ॥৭৮॥
পুরস্তাৎ সৈন্ধবানীকং দ্রোণানীকস্য পৃষ্ঠতঃ।
বহুত্বাদ্ধি নরব্যাঘ্র! দেবেন্দ্রমপি পীড়য়েৎ ॥৭৯॥

ভাবতকৌমুদী

রথৈরিতি। সৈন্যানামিদং সৈন্যম্, ইদমর্থে অণ্, রজো ধূলিঃ, সমুদ্ধূতমুত্তোলিতম্ ॥৭৩॥
সংবৃত ইতি। অত্যন্তোপচিতৈরতীব বৃদ্ধিং প্রাপ্তৈঃ, ফাল্গুনঃ অর্জ্জুনঃ ॥৭৪॥
নেতি। শক্যঃ অর্জ্জুনেন। সৈন্ধবস্য জয়দ্রথস্য, সন্ত্যক্তজীবিতা জীবনত্যাগায়োদ্যতাঃ ॥৭৫॥
শরেতি। শরৈঃ শক্তিভির্ধ্বজৈশ্চ বরমুত্তমম, হয়ৈরশ্বৈর্নাগৈর্গজৈশ্চ সমাকুলম্ ॥৭৬॥
শৃণ্বিতি। পুষ্কলান্ প্রচুরান্। রথানাং নেমিস্বনান্ চক্রপ্রান্তশব্দান্ ॥৭৭॥
নাগানামিতি। নাগানাং হস্তিনাম্। সাদিনামশ্বারোহিণাম্, দ্রবতাং ধাবতাম্ ॥৭৮॥

নখ ও প্রাসযোধী সিন্ধু ও সৌবীরদেশীয় বীরেরা অত্যন্ত বৃদ্ধি পাইয়া বিপক্ষবীরহন্তা অর্জ্জুনকে পরিবেষ্টন করিয়াছেন ॥৭৪॥

অর্জ্জুন এই সৈন্যগণকে নিবারণ না করিয়া জয়দ্রথকে বধ করিতে পারিবেন না। কারণ, ইহারা সকলেই জয়দ্রথকে রক্ষা করিবার জন্য জীবনত্যাগে উদ্যত হইয়াছে ॥৭৫॥

সাত্যকি! দেখ—বাণ, শক্তি, ধ্বজ, হস্তী ও অশ্বে পরিপূর্ণ এই কৌরবসৈন্য অত্যন্ত দুর্দ্ধর্ষ হইয়া দাঁড়াইয়াছে ॥৭৬॥

সাত্যকি! শোন, দুন্দুভিনির্ঘোষ, প্রচুর শঙ্খধ্বনি, সিংহনাদ ও রথচক্রের শব্দ হইতেছে ॥৭৭॥

আরও শোন, সহস্র সহস্র হস্তী, পদাতি ও অশ্বারোহী সমরভূমি কম্পিত করিয়া ধাবিত হইয়াছে, তাহাদেরও শব্দ হইতেছে ॥৭৮॥

(৭৫)···শক্যো জেতুং জয়দ্রথঃ · বা নি। (৭৯)···দ্রোণানীকঞ্চ পৃষ্ঠতঃ···বা নি।

অপর্য্যন্তে বলে মগ্নো জহ্যাদপি চ জীবিতম্।
তস্মিংশ্চ নিহতে যুদ্ধে কথং জীবেত মাদৃশঃ ॥৮০॥
সর্ব্বথাহমনুপ্রাপ্তঃ সুকৃচ্ছ্রং বত জীবিতম্।
শ্যামো যুবা গুড়াকেশো দর্শনীয়শ্চ পাণ্ডবঃ ॥৮১॥
লঘ্বস্ত্রশ্চিত্রযোধী চ প্রবিষ্টস্তাত! ভারতীম্।
সূর্য্যোদয়ে মহাবাহুর্দিবসশ্চাতিবর্ত্ততে ॥৮২॥ (যুগ্মকম্)
তন্ন জানামি বার্ষ্ণেয়! যদি জীবতি বা ন বা।
কুরূণাঞ্চাপি তৎ সৈন্যং সাগরপ্রতিমং মহৎ ॥৮৩॥
এক এব চ বীভৎসুঃ প্রবিষ্টস্তাত! ভারতীম্।
অবিষহ্যাং মহাবাহুঃ সুরৈরপি মহাহবে ॥৮৪॥

ভারতকৌমুদী

পুরস্তাদিতি। পুরস্তাজ্জয়দ্রথাগ্রবর্ত্তি, সৈন্ধবানীকং জয়দ্রথসৈন্যং কর্ত্তৃ ॥৭৯॥

অপর্য্যন্ত ইতি। অপর্য্যন্তে অসীমে, বলে বিপক্ষসৈন্যে, মগ্নোঽর্জ্জুনঃ ॥৮০॥

সর্ব্বথেতি। সুকৃচ্ছ্রমতীবকষ্টযুক্তম্, বত খেদে। গুড়াকা নিদ্রা তস্যা ঈশো নিয়ন্তা জিতনিদ্র ইত্যর্থঃ, পাণ্ডবোঽর্জ্জুনঃ। সূর্য্যোদয়ে প্রবিষ্ট ইতি সম্বন্ধঃ। ভারতীং কৌরবীং সেনাম্।৮১—৮২॥

তদিতি। জীবতি পাণ্ডবোঽর্জ্জুন ইত্যনুবৃত্তিঃ। হেত্বন্তরমাহ কুরূণামিতি ॥৮৩॥

নরশ্রেষ্ঠ! দ্রোণসৈন্যের পিছনে ও জয়দ্রথের অগ্রে জয়দ্রথের সৈন্য রহিয়াছে, সেগুলি বহুতর বলিয়া দেবরাজকেও পীড়ন করিতে পারে ॥৭৯॥

অর্জ্জুন এই অসীমসৈন্যমধ্যে মগ্ন হইয়া হয় ত জীবনত্যাগও করিতে পারেন। তিনি যুদ্ধে নিহত হইলে, আমার মত লোক কি করিয়া জীবন ধারণ করিবে ॥৮০॥

হায়! আমার জীবন অতিকষ্টময় হইয়া পড়িয়াছে। বৎস সাত্যকি! শ্যামবর্ণ, যুবক, সর্ব্বদা সতর্ক, দর্শনীয়মূর্ত্তি, দ্রুত অস্ত্রনিক্ষেপী, বিচিত্রযোধী ও মহাবাহু অর্জ্জুন সূর্য্যোদয়ে কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিয়াছেন, আর এখন দিন প্রায় চলিয়া গিয়াছে ॥৮১—৮২॥

অতএব বৃষ্ণিনন্দন! জানি না—তিনি জীবিত আছেন কি না; বিশেষতঃ সেই কৌরবসৈন্যও সমুদ্রের ন্যায় বিশাল ॥৮৩॥

(৮১) সর্বথাহমনুপ্রাপ্তঃ সুকৃচ্ছ্রং ত্বয়ি জীবতি···বা, সর্বথা সমনুপ্রাপ্তঃ সুকৃচ্ছ্রং ত্বয়ি জীবতি·· নি। (৮৪) ··শূরৈরপি মহামৃধে—বর্দ্ধ।

ন চ মে বর্ত্ততে বুদ্ধিরস্য যুদ্ধে কথঞ্চন।
দ্রোণোঽপি রভসো যুদ্ধে মম পীড়য়তে বলম্।
প্রত্যক্ষং তে মহাবাহো! যথাসৌ চরতি দ্বিজঃ ॥৮৫॥
যুগপচ্চ সমেতানাং কার্য্যাণাং ত্বং বিচক্ষণঃ।
মহার্থং লঘুসংযুক্তং কর্ত্তুমর্হসি মানদ! ॥৮৬॥
তস্য মে সর্ব্বকার্য্যেষু কার্য্যমেতন্মতং মহৎ।
অর্জ্জুনস্য পরিত্রাণং কর্ত্তব্যমিতি সংযুগে ॥৮৭॥
নাহং শোচামি দাশার্হং গোপ্তারং জগতঃ প্রভুম্।
স শক্তো হি রণে ত্রাতুং ত্রীঁল্লোঁকানপি সঙ্গতান্ ॥৮৮॥
বিজেতুং পুরুষব্যাঘ্রঃ সত্যমেতদ্ব্রবীমি তে।
কিং পুনর্ধার্ত্তরাষ্ট্রস্য বলমেতৎ সুদুর্বলম্ ॥৮৯॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

এক ইতি। বীভৎসুরর্জ্জুনঃ। ভাবতীং কৌরবীং সেনাম্। অবিষহ্যাং বিষোঢ়ুমশক্যাম্ ॥৮৪॥

নেতি। ন বর্ত্ততে, অর্জ্জুনানিষ্টাশঙ্কয়াবসাদাপাতাদিতি ভাবঃ। রভসো বেগবান্। যথা যতঃ। দ্বিজো দ্রোণঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৫॥

যুগপদিতি। কার্য্যাণাং সম্পাদনে। মহার্থং মহাপ্রয়োজনম্, লঘুসংযুক্তং দ্রুতম্ ॥৮৬॥

তস্যেতি। কিং তন্মহৎ কার্য্যমিত্যাহ অর্জ্জুনস্যেতি ॥৮৭॥

নমু কৃষ্ণার্থং কিং ন চিন্তয়সীত্যাহ নেতি। দাশার্হং কৃষ্ণম্, গোপ্তারং রক্ষকম্। সঙ্গতান্ সম্মিলিতান্। বিজেতুঞ্চ শক্ত ইতি সম্বন্ধঃ, প্রভুত্বাদেবেত্যাশয়ঃ ॥৮৮—৮৯॥

বৎস! একমাত্র মহাবাহু অর্জ্জুনই মহাযুদ্ধে দেবগণেরও অসহ্য কৌরব-সৈন্যমধ্যে প্রবেশ করিয়াছেন ॥৮৪॥

কোন প্রকারেই আজ যুদ্ধে আমার বুদ্ধি প্রবৃত্ত হইতেছে না। এদিকে দ্রোণও যুদ্ধে বেগবান্ হইয়া আমার সৈন্যগণকে পীড়ন করিতেছেন। মহাবাহু! যে হেতু তোমার সমক্ষেই ঐ ব্রাহ্মণ বিচরণ করিতেছেন ॥৮৫॥

মানী লোকের সম্মানকারক! তুমি একদা অনেক কার্য্য সম্পাদনে বিচক্ষণ। সুতরাং তুমি সত্বর গুরুতর প্রয়োজন সম্পাদন কর ॥৮৬॥

যুদ্ধে অর্জ্জুনকে রক্ষা করা কর্ত্তব্য; সমস্ত কার্য্যের মধ্যে এই কার্য্যটাই প্রধান বলিয়া আমার ধারণা ॥৮৭॥

---

(৮৬) যুগপৎ সমবেতানাম্···মাধব!—পি·বা নি। (৮৭)···এতন্মতং সদা···বঙ্গ·বর্দ্ধ। (৮৮)···জগতঃ পতিম্···রণে তাত!···নি।

অর্জ্জুনস্ত্বেব বার্ষ্ণেয়! পীড়িতো বহুভির্যুধি।
প্রজহ্যাৎ সমরে প্রাণাংস্তস্মাদ্বিন্দামি কশ্মলম্ ॥৯০॥
তস্য ত্বং পদবীং গচ্ছ গচ্ছেয়ুস্ত্বাদৃশা যথা।
তাদৃশস্ত্বেদৃশে কালে মাদৃশেনাভিনোদিতঃ ॥৯১॥
রণে বৃষ্ণিপ্রবীরাণাং দ্বাবেবাতিরথৌ স্মৃতৌ।
প্রদ্যুম্নশ্চ মহাবাহুস্ত্বঞ্চ সাত্বত! বিশ্রুতঃ ॥৯২॥
অস্ত্রে নারায়ণসমঃ সঙ্কর্ষণসমো বলে।
বীরতায়াং নরব্যাঘ্র! ধনঞ্জয়সমো হ্যসি ॥৯৩॥
ভীষ্মদ্রোণাবতিক্রম্য সর্ব্বযুদ্ধবিশারদম্।
ত্বামদ্য পুরুষব্যাঘ্র! লোকে সন্তঃ প্রচক্ষতে ॥৯৪॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। প্রজহ্যাৎ ত্যজেৎ। বিন্দামি প্রাপ্নোমি, কশ্মলং মোহম্ ॥৯০॥
তস্যেতি। তাদৃশস্য বিপক্ষপরিবেষ্টিতস্য তস্যার্জ্জুনস্য। অভিনোদিতঃ প্রেরিতঃ ॥৯১॥
রণেইতি। বৃষ্ণিপ্রবীরাণাং বৃষ্ণিবংশীয়প্রধানবীরাণাং মধ্যে। বিশ্রুতো বিখ্যাতঃ ॥৯২॥
অস্ত্র ইতি। নারায়ণসমঃ কৃষ্ণতুল্যঃ, সঙ্কর্ষণসমো রামসমানঃ ॥৯৩॥

জগতের রক্ষক ও প্রভু কৃষ্ণের জন্য আমি শোক করি না। কেন না, পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ সম্মিলিত ত্রিভুবনকেও রক্ষা করিতে বা জয় করিতে সমর্থ হন; তাহাতে দুর্য্যোধনের অতিদুর্ব্বল এই সৈন্যের কথা আর কি বলিব। একথা আমি তোমার নিকট সত্য বলিতেছি ॥৮৮—৮৯॥

কিন্তু বৃষ্ণিনন্দন! বহু যোদ্ধা যুদ্ধে পীড়ন করিতে লাগিলে, হয় ত অর্জ্জুন প্রাণত্যাগ করিবেন। সেই জন্যই আমার মোহ উপস্থিত হইতেছে ॥৯০॥

সাত্যকি! আমি প্রেরণ করিতেছি। সুতরাং এইরূপ সময়ে তোমার ন্যায় বীরেরা যে ভাবে গমন করেন, তুমি সেই ভাবে অর্জ্জুনসদৃশ বীরের পথে গমন কর ॥৯১॥

সাত্বতবংশীয়! বৃষ্ণিবংশের প্রধান বীরগণের মধ্যে লোকে দুই জনকেই অতিরথ বলিয়া মনে করে—এক প্রদ্যুম্ন, আর দ্বিতীয়—মহাবাহু বলিয়া বিখ্যাত তুমি ॥৯২॥

নরশ্রেষ্ঠ! তুমি অস্ত্রে কৃষ্ণের তুল্য, বলে বলরামের সমান এবং বীরত্বে অর্জ্জুনের সদৃশ ॥৯৩॥

---

(৯০) অর্জ্জুনস্ত্বেষঃ···বা নি। (৯২)···মাদৃশৈরভিচোদিতঃ—পি বঙ্গ বর্দ্ধ। (৯৪)··· ত্বামেব পুরুষব্যাঘ্রম্—বা নি।

নাসাধ্যং বিদ্যতে লোকে সাত্যকেরিতি মাধব ! ।
যদত্র ত্বাস্তু বক্ষ্যামি তৎ কুরুষ্ব মহাবল ! ॥৯৫॥
সম্ভাবনাং হি লোকস্য মম পার্থস্য চোভয়োঃ ।
নান্যথা তাং মহাবাহো ! সংপ্রকর্ত্তুমিহার্হসি ॥৯৬॥
পরিত্যজ্য প্রিয়ান্ প্রাণান্ রণে চর বিভীতবৎ ।
ন হি শৈনেয় ! দাশার্হা যুদ্ধে রক্ষন্তি জীবিতম্ ॥৯৭॥
অযুদ্ধমনবস্থানং সংগ্রামে চ পলায়নম্ ।
ভীরূণাং সম্মতো মার্গো নৈষ দাশার্হসেবিতঃ ॥৯৮॥

ভারতকৌমুদী

ভীষ্মেতি। অতিক্রম্য অনুল্লিখ্যেত্যর্থঃ। প্রচক্ষতে ব্রুবন্তি ॥৯৪॥
নেতি। নাসাধ্যং সাধয়িতুমশক্যং কার্য্যম্। ইতি হেতোঃ ॥৯৫॥
সম্ভাবনামিতি। সম্ভাবনামুক্তরূপাং ধারণাম্। পার্থস্যার্জ্জুনস্য ॥৯৬॥
পরীতি। প্রাণান্ প্রাণরক্ষণাশাম্। বিভীতবৎ নির্ভয় ইব। দাশার্হা যাদবাঃ ॥৯৭॥
অযুদ্ধমিতি। অযুদ্ধং যুদ্ধাকরণম্, অনবস্থানং সম্মুখে ॥৯৮॥

ভারতভাবদীপঃ

সত্যস্যাঙ্গীকারস্য অনুকম্পার্থমর্জ্জুনানুপালননিমিত্তম্ ॥৬৭—৮৬॥ মহার্থং মহান্তমর্থম্, লঘুসংযুক্তমবিলম্বসম্পন্নম্॥৮৭—৯৩॥ বীরতায়ামুৎসাহকরণত্বে ॥৯৪—৯৫॥ সম্ভাবনাস্থিতা জ্ঞানং কুলশীলশ্রুতাদিষু বিভীতবদভীতঃ ॥৯৬—৯৭॥ অনবস্থানমস্থৈর্য্যম্ ॥৯৮—১০৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥৯৪॥

পুরুষশ্রেষ্ঠ ! জগতে সজ্জনেরা ভীষ্ম ও দ্রোণের উল্লেখ না করিয়া এখন তোমাকেই সর্ব্বযুদ্ধবিশারদ বলিয়া থাকেন ॥৯৪॥

মধুবংশীয় মহাবল ! জগতে সাত্যকির অসাধ্য কার্য্য নাই ; এই জন্যই আমি এখন তোমাকে যাহা বলিব, তাহা কর ॥৯৫॥

মহাবাহু ! তোমার সম্বন্ধে সাধারণ লোকের, আমার ও অর্জ্জুনের যে ধারণা আছে, তুমি এখন তাহার অন্যথা করিতে পার না ॥৯৬॥

সাত্যকি ! তুমি প্রিয় প্রাণের মমতা পরিত্যাগ করিয়া নির্ভয়ের ন্যায় যুদ্ধে বিচরণ কর। কারণ, যদুবংশীয়েরা যুদ্ধে জীবনরক্ষার অপেক্ষা করেন না ॥৯৭॥

সমরাঙ্গনে যাইয়া যুদ্ধ না করা, কিংবা সম্মুখে না থাকা, অথবা তথা হইতে পলায়ন করা, এগুলি ভীরুলোকদিগের অভিমত পথ ; কিন্তু যদুবংশীয়েরা ইহার কোন পথই অবলম্বন করেন না ॥৯৮॥

(৯৮)···ভীরূণামসতাং মার্গঃ···বা নি।

তবার্জ্জুনো গুরুস্তাত! ধর্ম্মাত্মা শিনিপুঙ্গব!।
বাসুদেবো গুরুশ্চাপি তথা পার্থস্য ধীমতঃ ॥৯৯॥
কারণদ্বয়মেতদ্ধি জানংস্ত্বামহমব্রুবম্।
মাবমংস্থা বচো মহ্যং গুরুস্তব গুরোরহম্ ॥১০০॥
বাসুদেবমতঞ্চৈব মম চৈবার্জ্জুনস্য চ।
সত্যমেতন্ময়োক্তং তে যাহি যত্র ধনঞ্জয়ঃ ॥১০১॥
এতদ্বচনমাজ্ঞায় মম সত্যপরাক্রম!।
প্রবিশৈতদ্বলং তাত! ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ম্মতেঃ ॥১০২॥
প্রবিশ্য চ যথান্যায়ং সঙ্গম্য চ মহারথৈঃ।
যথার্হমাত্মনঃ কর্ম্ম রণে সাত্বত! দর্শয় ॥১০৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে যুধিষ্ঠিরবাক্যে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তবেতি। বাসুদেবস্তব তথা ধীমতঃ পার্থস্য অর্জ্জুনস্যাপি গুরুরিতি সম্বন্ধঃ ॥৯৯॥

কারণেতি। অহম্, এতৎ কারণদ্বয়ম্ অযুদ্ধাদীনাং দাশার্হৈরসেবিতত্বং তব চ কৃষ্ণার্জ্জুন-গুরুকত্বম্, জানন্ স্মরন্ হি, ত্বামিদমব্রুবম্। মহ্যং মম বচো মাবমংস্থা নাবজানীহি। যেন হি অহম্, তব গুরোরর্জ্জুনস্য কৃষ্ণস্য চ গুরুঃ, জ্যেষ্ঠভ্রাতৃত্বাৎ ॥১০০॥

বাস্বিতি। মম চৈবার্জ্জুনস্য চ মতমিত্যর্থঃ। গুরুগণমতমবশ্যরক্ষ্যমিত্যাশয়ঃ ॥১০১॥

এতদিতি। আজ্ঞায় সর্ব্বথা যুক্তিযুক্ততয়া জ্ঞাত্বা। বলং সৈন্যম্ ॥১০২॥

প্রবিশ্যেতি। সঙ্গম্য মিলিত্বা, মহারথৈঃ কর্ণাদিভিঃ সহ। যথার্হমনুরূপম্ ॥১০৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

বৎস শিনিবংশশ্রেষ্ঠ! ধর্ম্মাত্মা অর্জ্জুন তোমার গুরু, আর কৃষ্ণ তোমার এবং ধীমান্ অর্জ্জুনেরও গুরু (অস্ত্রশিক্ষক) ॥৯৯॥

এই দুইটা কারণ স্মরণ করিয়াই আমি তোমাকে এইরূপ বলিলাম। তুমি আমার বাক্যে অবজ্ঞা করিও না। কারণ, আমি তোমার গুরুরও গুরু ॥১০০॥

ইহা কৃষ্ণের, আমার ও অর্জ্জুনের মত। ইহা আমি তোমার নিকট সত্য বলিলাম। সুতরাং অর্জ্জুন যেখানে আছেন, সেইখানে যাও ॥১০১॥

বৎস সত্যপরাক্রম! আমার বাক্য যুক্তিযুক্ত মনে করিয়া দুর্ম্মতি দুর্য্যোধনের এই সৈন্যমধ্যে যাইয়া প্রবেশ কর ॥১০২॥

* '... অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...দশাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ।

———ঃ-০-ঃ———

সঞ্জয় উবাচ।

প্রীতিযুক্তঞ্চ ধর্ম্ম্যঞ্চ মধুরাক্ষরমেব চ।
কালযুক্তঞ্চ চিত্রঞ্চ যুক্তং যচ্চাভিভাষিতম্ ॥১॥
ধর্ম্মরাজস্য তদ্বাক্যং নিশম্য শিনিপুঙ্গবঃ।
সাত্যকির্ভরতশ্রেষ্ঠ! প্রত্যুবাচ যুধিষ্ঠিরম্ ॥২॥ (যুগ্মকম্)
শ্রুতং তে গদতো বাক্যং সর্ব্বমেতন্ময়াচ্যুত!।
ন্যায়যুক্তঞ্চ চিত্রঞ্চ ফাল্গুনার্থে যশস্করম্ ॥৩॥
এবংবিধে তথা কালে মাদৃশং প্রেক্ষ্য সত্তম!।
বক্তুমর্হসি রাজেন্দ্র! যথা পার্থং তথৈব মাম্ ॥৪॥

ভারতকৌমুদী

প্রীতীতি। ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতম্। কালযুক্তং কালোচিতম্। নিশম্য শ্রুত্বা ॥১—২॥

শ্রুতমিতি। ফাল্গুনার্থে অর্জ্জুনার্থে বাক্যং গদত ইতি সম্বন্ধঃ। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট! ॥৩॥

এবমিতি। এবংবিধে বিপৎসঙ্কুলরূপে। পার্থমর্জ্জুনম্ ॥৪॥

সাত্বতবংশীয় সাত্যকি! যথানিয়মে প্রবেশ করিয়া বিপক্ষ মহারথগণের সহিত মিলিত হইয়া যুদ্ধে নিজের অনুরূপ কার্য্য দেখাও' ॥১০৩॥

———০ঃঃ০———

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! প্রীতিসম্পন্ন, ধর্ম্মসঙ্গত, মধুরবর্ণ, কালোচিত, বিচিত্র ও যুক্তিযুক্ত যে সকল বাক্য যুধিষ্ঠির কহিলেন, শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি যুধিষ্ঠিরের সেই সকল বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে বলিলেন—॥১—২॥

'ধার্ম্মিকশ্রেষ্ঠ! আপনি অর্জ্জুনের জন্য যে সকল ন্যায়সঙ্গত, বিচিত্র ও যশস্কর বাক্য বলিতেছিলেন, সে সমস্তই আমি শ্রবণ করিয়াছি ॥৩॥

সাধুশ্রেষ্ঠ রাজেন্দ্র! এইরূপ সময়ে আমার তুল্য ব্যক্তিকে দেখিয়া আপনি যেমন অর্জ্জুনকে বলিতে পারেন, আমাকেও তেমনই বলিতে পারেন ॥৪॥

(১) প্রীতিযুক্তঞ্চ হৃদ্যঞ্চ…পি মা নি। (৪)…মাদৃশং প্রেক্ষ্য সাম্প্রতম্…বঙ্গ বর্দ্ধ।

ন মে ধনঞ্জয়স্যার্থে প্রাণা রক্ষ্যাঃ কথঞ্চন।
ত্বৎপ্রযুক্তঃ পুনরহং কিং ন কুর্য্যাং মহাহবে ॥৫॥
লোকত্রয়ং যোধয়েয়ং সদেবাসুরমানুষম্।
ত্বৎপ্রযুক্তো নরেন্দ্রেন্দ্র! কিমুতৈতৎ সুতুর্ব্বলম্ ॥৬॥
সুযোধনবলং ত্বদ্য যোধয়িষ্যে সমন্ততঃ।
বিজেষ্যে চ রণে রাজন্! সত্যমেতদ্ব্রবীমি তে ॥৭॥
কুশল্যহং কুশলিনং সমাসাদ্য ধনঞ্জয়ম্।
হতে জয়দ্রথে রাজন্! পুনরেষ্যামি তেঽন্তিকম্ ॥৮॥
অবশ্যন্তু ময়া সর্ব্বং বিজ্ঞাপ্যস্ত্বং নরাধিপ!।
বাসুদেবস্য যদ্বাক্যমর্জ্জুনস্য চ ধীমতঃ ॥৯॥
দৃঢ়ং ত্বভিহিতশ্চাহমর্জ্জুনেন পুনঃ পুনঃ।
মধ্যে চ সর্ব্বসৈন্যস্য বাসুদেবস্য শৃণ্বতঃ ॥১০॥

ভারতকৌমুদী

নেতি। ধনঞ্জয়ো মে প্রাণাধিক ইত্যাশয়ঃ। ত্বয়া প্রযুক্তো নিযুক্তঃ ॥৫॥
লোকেতি। এতদঙ্গুল্যা নির্দ্দিষ্টং দুর্য্যোধনসৈন্যম্ ॥৬॥
সুযোধনেতি। সমন্ততঃ সর্বাসু দিক্ষু স্থিতমপীতি শেষঃ ॥৭॥
কুশলীতি। কুশলী অক্ষতদেহঃ, কুশলিনমক্ষতদেহম্ ॥৮॥
অবশ্যমিতি। এতদর্থমপি ভবান্ মাং প্রেষয়তীতি ভাবঃ ॥৯॥

অর্জ্জুনের বিষয়ে আমার প্রাণ কোন প্রকারেই রক্ষণীয় হইতে পারে না। বিশেষতঃ আপনি আদেশ করায় আমি মহাযুদ্ধে কি না করিব? ॥৫॥

নরেন্দ্রশ্রেষ্ঠ! আপনি আদেশ করিলে, আমি দেবতা, অসুর ও মানুষের সহিত ত্রিজগতের সঙ্গেও যুদ্ধ করিতে পারি; তাহাতে দুর্য্যোধনের এই অতিদুর্ব্বল সৈন্যের কথা আর কি বলিব? ॥৬॥

রাজা! আজ আমি সর্বদিগ্বর্ত্তী দুর্য্যোধনসৈন্যের সহিত যুদ্ধ করিব এবং যুদ্ধে জয়লাভও করিব; ইহা আমি আপনাকে সত্য বলিতেছি ॥৭॥

রাজা! আমি কুশলী থাকিয়া কুশলী অর্জ্জুনের নিকটে যাইয়া জয়দ্রথ নিহত হইলে পুনরায় আপনার নিকট আসিব ॥৮॥

এবং নরনাথ! কৃষ্ণের ও ধীমান্ অর্জ্জুনের যে বাক্য সে সমস্তই আমি আসিয়া অবশ্যই আপনাকে জানাইতে পারিব (ইহা ঠিক্) ॥৯॥

(৭)···বিজিষ্যে চ···পি বঙ্গ বৰ্দ্ধ। (১০) দৃঢ়ং ত্বভিপরীতোঽহম্··পি বঙ্গ বর্দ্ধ,···মধ্যে সর্ব্বস্য সৈন্যস্য···বা নি।

অস্ত মাধব ! রাজানমপ্রমত্তোঽনুপালয় ।
আর্য্যাং যুদ্ধে মতিং কৃত্বা যাবদ্ধন্মি জয়দ্রথম্ ॥১১॥
ত্বয়ি বাহং মহাবাহো ! প্রদ্যুম্নে বা মহারথে ।
নৃপং নিক্ষিপ্য গচ্ছেয়ং নিরপেক্ষো জয়দ্রথম্ ॥১২॥
জানীষে হি রণে দ্রোণং রভসং শ্রেষ্ঠসম্মতম্ ।
প্রতিজ্ঞা চাপি তে নিত্যং শ্রুতা দ্রোণস্য মাধব ! ॥১৩॥
গ্রহণং ধর্ম্মরাজস্য ভারদ্বাজোঽনুগৃধ্যতি ।
শক্তশ্চাপি রণে দ্রোণো নিগ্রহীতুং যুধিষ্ঠিরম্ ॥১৪॥
এবং ত্বয়ি সমাধায় ধর্ম্মরাজং নরোত্তমম্ ।
অহমগ্ত গমিষ্যামি সৈন্ধবস্থ বধং প্রতি ॥১৫॥

ভারতকৌমুদী

দৃঢ়মিতি। দৃঢ়ং সনির্বন্ধমিত্যর্থঃ। পরার্দ্ধেন স্বোক্তিপ্রামাণ্যং সূচিতম্ ॥১০॥
অত্যেতি। অপ্রমত্তঃ সাবধানঃ। আর্য্যাং সাধ্বীং প্রতারণারহিতামিত্যর্থঃ ॥১১॥
ত্বয়ীতি। নিক্ষিপ্য নিক্ষেপভাবেন সংস্থাপ্য, নিরপেক্ষো যুধিষ্ঠিরাপেক্ষাশূন্যঃ ॥১২॥
জানীষ ইতি। রভসং বেগবন্তম্, শ্রেষ্ঠসম্মতং বীরশ্রেষ্ঠতয়া সর্বাভিমতম্ ॥১৩॥
গ্রহণমিতি। ভারদ্বাজো দ্রোণঃ, অনুগৃধ্যতি আকাঙ্ক্ষতি ॥১৪॥
এবমিতি। সমাধায় রক্ষণীয়ত্বেন সংস্থাপ্য। সৈন্ধবস্য জয়দ্রথস্য ॥১৫॥

কিন্তু অর্জ্জুন (যাইবার সময়ে) সমগ্র সৈন্যের মধ্যে এবং কৃষ্ণের সমক্ষে সনির্বন্ধভাবে বার বার আমাকে বলিয়া গিয়াছেন—॥১০॥

'সাত্যকি ! আমি যে পর্য্যন্ত জয়দ্রথকে বধ করি, সে পর্য্যন্ত আজ তুমি যুদ্ধে সদ্‌বুদ্ধি করিয়া সাবধান থাকিয়া রাজাকে (যুধিষ্ঠিরকে) রক্ষা কর ॥১১॥

মহাবাহু ! তোমার নিকটে, কিংবা মহারথ প্রদ্যুম্নের নিকটে রাজাকে গচ্ছিত রাখিয়া নিরপেক্ষ হইয়া আমি জয়দ্রথের নিকট যাইতে পারি ॥১২॥

সাত্যকি ! তুমি জান যে, দ্রোণ যুদ্ধে বেগবান্ এবং বীরশ্রেষ্ঠ বলিয়া সকলের অভিমত ; আর তুমি সর্ব্বদাই দ্রোণের প্রতিজ্ঞার কথা শুনিয়া থাক ॥১৩॥

দ্রোণ ধর্ম্মরাজকে ধরিবার ইচ্ছা করেন এবং দ্রোণ যুদ্ধে যুধিষ্ঠিরকে ধরিতে সমর্থও বটেন ॥১৪॥

(১২) ত্বয়ি চাহম্···বা নি। (১৩)···কুরুষু শ্রেষ্ঠসম্মতম্···বা নি। (১৪) গ্রহণে ধর্ম্মরাজস্য ভারদ্বাজোঽপি গৃধ্যতি···বা নি। (১৫)···সৈন্ধবস্য বধায় হি—বা নি।

জয়দ্রথমহং হত্বা ধ্রুবমেষ্যামি মাধব ! ।
ধর্ম্মরাজং ন চেদ্দ্রোণো নিগৃহ্লীয়াদ্রণে বলাৎ ॥১৬॥
নিগৃহীতে নরশ্রেষ্ঠে ভারদ্বাজেন মাধব ! ।
সৈন্ধবস্য বধো ন স্যান্মমাপ্রীতিস্তথা ভবেৎ ॥১৭॥
এবং গতে নরশ্রেষ্ঠে পাণ্ডবে চ যুধিষ্ঠিরে।
অস্মাকং গমনং ব্যক্তং বনং প্রতি ভবেৎ পুনঃ ॥১৮॥
সোঽয়ং জয়ো মম ব্যক্তং ব্যর্থ এব ভবিষ্যতি।
যদি দ্রোণো রণে ক্রুদ্ধো নিগৃহ্লীয়াদ্যুধিষ্ঠিরম্ ॥১৯॥
স ত্বমদ্য মহাবাহো ! প্রিয়ার্থং মম মাধব ! ।
জয়ার্থঞ্চ যশোঽর্থঞ্চ রক্ষ রাজানমাহবে ॥২০॥

ভারতকৌমুদী

জয়দ্রথমিতি। নিগৃহ্লীয়াৎ বিজিত্য গৃহ্লীয়াৎ ॥১৬॥
অথ তস্য নিগ্রহে কিং ভবেদিত্যাহ নিগৃহীত ইতি। বধো ন স্যাদস্মাকমবসাদাৎ ॥১৭॥
মাস্তু সৈন্ধববধ ইত্যাহ এবমিতি। পুনর্দ্যূতক্রীড়য়া পূর্ব্ববন্নির্ব্বাসনাবশ্যম্ভাবাৎ ॥১৮॥
তথাহে দোষান্তরঞ্চাহ স ইতি। অয়ং ভীষ্মাদিবধনিবন্ধনঃ সঞ্জাতো জয়ঃ ॥১৯॥
স ইতি। রাজানং যুধিষ্ঠিরম্, আহবে দ্রোণযুদ্ধে ॥২০॥

ভারতভাবদীপঃ

প্রীতীতি ॥১—৩॥ সম্মতমন্বুরক্তম্ ॥৪—৯॥ অভি পরীতো যন্ত্রিতঃ ॥১০—১৪॥ এবমীদৃশ্যামপি কার্য্যগতৌ, সমাধায় নিক্ষিপ্য ॥১৫—১৭॥ এবংগতে গ্রহণং প্রাপ্তে ॥১৮॥

এই জন্যই আমি আজ নরশ্রেষ্ঠ ধর্ম্মরাজকে তোমার উপরে ন্যস্ত করিয়া জয়দ্রথবধার্থে গমন করিব ॥১৫॥

সাত্যকি! দ্রোণ যদি যুদ্ধে বলপূর্ব্বক ধর্ম্মরাজকে ধরিতে না পারেন, তবে নিশ্চয়ই আমি জয়দ্রথকে বধ করিয়া আগমন করিব ॥১৬॥

আর যদি দ্রোণ নরশ্রেষ্ঠ ধর্ম্মরাজকে ধরিতে পারেন, তাহা হইলে জয়দ্রথবধ ত হইবেই না, প্রত্যুত আমার গুরুতর দুঃখ হইবে ॥১৭॥

পাণ্ডুনন্দন নরশ্রেষ্ঠ যুধিষ্ঠির ধৃত হইলে, নিশ্চয়ই পুনরায় আমাদের বনগমন হইবে ॥১৮॥

বিশেষতঃ দ্রোণ ক্রুদ্ধ হইয়া যুদ্ধে যদি যুধিষ্ঠিরকে ধরিতে পারেন, তবে নিশ্চয়ই আমার এই জয় ব্যর্থই হইয়া যাইবে ॥১৯॥

(১৮)…পাণ্ডবে সত্যবাদিনি…বা নি।

স ভবান্ ময়ি নিক্ষেপো নিক্ষিপ্তঃ সব্যসাচিনা।
ভারদ্বাজভয়ং নিত্যং পশ্যমানেন তে প্রভো! ॥২১॥
তস্যাপি চ মহাবাহো! নিত্যং পশ্যামি সংযুগে।
নান্যং হি প্রতিযোদ্ধারং রৌক্মিণেয়াদৃতে প্রভো!।
মাঞ্চাপি মন্যতে যুদ্ধে ভারদ্বাজস্য ধীমতঃ ॥২২॥
সোঽহং সম্ভাবনামেতামাচার্য্যবচনঞ্চ তৎ।
পৃষ্ঠতো নোৎসহে কর্ত্তুং ত্বাং বা ত্যক্তুং মহীপতে! ॥২৩॥
আচার্য্যো লঘুহস্তত্বাদভেদ্যকবচাবৃতঃ।
উপলভ্য রণে ক্রীড়েদ্‌যথা শকুনিনা শিশুঃ ॥২৪॥

ভারতকৌমুদী

এতাবতার্জ্জুনবাক্যান্যনূদ্য সাত্যকির্নিষ্কর্ষমাহ স ইতি। নিক্ষেপো রক্ষিতদ্রব্যরূপঃ ॥২১॥

অথ তবাগমনে অর্জ্জুনস্য কা গতিরিত্যাহ তস্যেতি। তস্যার্জ্জুনস্যাপি প্রতিযোদ্ধারমিতি সম্বন্ধঃ। রৌক্মিণেয়াৎ রামাৎ। মাঞ্চাপি ভারদ্বাজস্য মন্যতে প্রতিযোদ্ধারমিতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

স ইতি। সম্ভাবনাং ময়ি তব স্থাপনাম্, আচার্য্যস্য গুরোরর্জ্জুনস্য বচনম্ ॥২৩॥

আচার্য্য ইতি। আচার্য্যো দ্রোণঃ। উপলভ্য ত্বাং প্রাপ্য। শকুনিনা কাষ্ঠপক্ষিণা ॥২৪॥

অতএব মহাবাহু সাত্যকি! তুমি আজ আমার প্রীতি, জয় ও যশের জন্য যুদ্ধে রাজাকে রক্ষা করিতে থাক' ॥২০॥

সুতরাং মহারাজ! অর্জ্জুন সর্ব্বদা দ্রোণ হইতে ভয়ের আশঙ্কা করিয়া আপনাকে আমার হাতে গচ্ছিত রাখিয়া গিয়াছেন ॥২১॥

মহাবাহু রাজা! একমাত্র বলরাম ব্যতীত সে অর্জ্জুনেরও অন্য প্রতিযোদ্ধা আমি দেখিতে পাই না; আবার অর্জ্জুনও আমাকেই ধীমান্ দ্রোণের প্রতিযোদ্ধা বলিয়া মনে করেন ॥২২॥

অতএব রাজা! অর্জ্জুনের এই নির্ভর, কিংবা সেই গুরুদেবের সেই বাক্য আমি পিছনে রাখিতে ইচ্ছা করি না এবং আপনাকেও ত্যাগ করিতে পারি না ॥২৩॥

(আমি চলিয়া গেলে,) অভেদ্যকবচাবৃতদেহ দ্রোণাচার্য্য যুদ্ধে আপনাকে পাইয়া লঘুহস্ততানিবন্ধন—বালক যেমন দারুময় পক্ষিদ্বারা খেলা করে, সেইরূপ আপনাদ্বারা খেলা করিবেন ॥২৪॥

(২২)···ফলং পশ্যসি সংযুগে···পি বঙ্গ বর্দ্ধ।

যদি কাষ্ঠির্ধনুষ্পাণিরিহ স্যান্মকরধ্বজঃ।
তস্মৈ ত্বাং বিসৃজেয়ং বৈ স ত্বাং রক্ষেদ্‌যথার্জ্জুনঃ ॥২৫॥
কুরু ত্বমাত্মনো গুপ্তিং কস্তে গোপ্তা গতে ময়ি।
যঃ প্রতীয়াদ্রণে দ্রোণং যাবদ্‌গচ্ছামি পাণ্ডবম্ ॥২৬॥
মা চ তে ভয়মত্যাস্তু রাজন্নর্জ্জুনসম্ভবম্।
ন স জাতু মহাবাহুর্ভারমুদ্যম্য সীদতি ॥২৭॥
যে চ সৌবীরকা বীরাস্তথা সৈন্ধবপৌরবাঃ।
উদীচ্যা দাক্ষিণাত্যাশ্চ যে চান্যেঽপি মহারথাঃ ॥২৮॥
যে চ কর্ণমুখা রাজন্! রথোদারাঃ প্রকীর্ত্তিতাঃ।
এতেঽর্জ্জুনস্য ক্রুদ্ধস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ ॥২৯॥ (যুগ্মকম্)
উদ্‌যুক্তা পৃথিবী সর্বা সসুরাসুরমানুষা।
সরাক্ষসগণা রাজন্! সকিন্নরমহোরগা ॥৩০॥

ভারতকৌমুদী

যদীতি। কাষ্ঠিঃ কৃষ্ণপুত্রঃ প্রদ্যুম্নঃ। মকরো ধ্বজে যস্য সঃ ॥২৫॥
কুর্বিতি। গুপ্তিং রক্ষাম্, গোপ্তা রক্ষকঃ। পাণ্ডবমর্জ্জুনম্ ॥২৬॥
মেতি। অর্জ্জুনে সম্ভবতীতি তৎ। জাতু কদাচিৎ। সীদতি অবসাদেন তৎ ত্যজতি ॥২৭॥
য ইতি। সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়াঃ। কর্ণমুখাঃ কর্ণাদয়ঃ। কলামংশম্ ॥২৮—২৯॥

তবে কৃষ্ণনন্দন মকরধ্বজ প্রদ্যুম্ন যদি ধনুর্দ্ধর অবস্থায় এখানে থাকিতেন, তাহা হইলে আমি আপনাকে তাঁহার হস্তে ন্যস্ত করিতাম; তিনি আপনাকে অর্জ্জুনের ন্যায় রক্ষা করিতেন ॥২৫॥

আমি চলিয়া গেলে, আপনিই আপনার রক্ষা করুন। না হইলে, আমি যেপর্য্যন্ত অর্জ্জুনের নিকট যাইব (ও থাকিব), সে পর্য্যন্ত যিনি দ্রোণের প্রতিপক্ষে যাইতে পারেন, এমন কোন্ লোক আপনার রক্ষক হইবেন? ॥২৬॥

সে যাহা হউক, রাজা! আপনার যেন অর্জ্জুনের বিষয়ে কোন ভয় হয় না। কারণ, মহাবাহু অর্জ্জুন কোন ভার লইয়া তাহা বহনে অবসন্ন হন না ॥২৭॥

বিপক্ষে সৌবীর, সিন্ধু, উত্তর ও দক্ষিণ দেশীয় যে সকল বীর আছেন, কিংবা পুরুবংশীয় বা অন্য যে সকল মহারথ রহিয়াছেন, অথবা কর্ণপ্রভৃতি যে সকল বীর মহারথ বলিয়া কথিত হইয়া থাকেন, তাঁহারা ক্রুদ্ধ অর্জ্জুনের ষোল ভাগের একভাগেরও যোগ্য নহেন ॥২৮—২৯॥

(২৮) যে চ সৌবীরক যোধাঃ…পি বা নি।

জঙ্গমৈঃ স্থাবরৈঃ সার্দ্ধং নালং পার্থস্য সংযুগে।
এবং জ্ঞাত্বা মহারাজ! ব্যেতু তে ভীর্ধনঞ্জয়ে ॥৩১॥ (যুগ্মকম্)
যত্র বীরৌ মহেষ্বাসৌ কৃষ্ণৌ সত্যপরাক্রমৌ।
ন তত্র কর্ম্মণো ব্যাপৎ কথঞ্চিদপি বিদ্যতে ॥৩২॥
দৈবং কৃতাস্ত্রতাং যোগমমর্ষমপি চাহবে।
কৃতজ্ঞতাং দয়াঞ্চৈব ভ্রাতুস্ত্বমনুচিন্তয় ॥৩৩॥
ময়ি চাপি সহায়ে তে গচ্ছমানেঽর্জ্জুনং প্রতি।
দ্রোণে চিত্রাস্ত্রতাং সংখ্যে রাজংস্ত্বমনুচিন্তয় ॥৩৪॥
আচার্য্যো হি ভৃশং রাজন্! নিগ্রহে তব গৃধ্যতি।
প্রতিজ্ঞামাত্মনো রক্ষন্ সত্যাং কর্ত্তুঞ্চ ভারত! ॥৩৫॥

ভারতকৌমুদী

উদিতি। উদ্যুক্তা যোদ্ধুমুদ্যতা। নালং জয়ায় ন সমর্থা। ব্যেতু অপগচ্ছতু ॥৩০—৩১॥
যত্রেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। ব্যাপৎ বিশিষ্টা বিপৎ ॥৩২॥
দৈবমিতি। দৈবং শুভাদৃষ্টম্, যোগং যুদ্ধোপায়ম্। ভ্রাতুরর্জ্জুনস্য ॥৩৩॥
ময়ীতি। চিত্রাস্ত্রতাং বিচিত্রাস্ত্রক্ষেপিতাম্, সংখ্যে যুদ্ধে ॥৩৪॥

ভারতভাবদীপঃ

ব্যক্তং কদাচিৎ ॥১৯—২০॥ তস্য নিক্ষেপণস্য ফলং সাধ্যম্ ॥২১॥ হি যস্মাৎ ॥২২—২৫॥ যাবদ্ গচ্ছামি গমিষ্যামি ॥২৬॥ অর্জ্জুনস্য সম্ভবমর্জ্জনবিষয়ম্ ॥২৭—৩২॥ দৈবমমানুষত্বাম্, যোগমভি-

রাজা! দেবতা, অসুর, মানুষ, রাক্ষস, কিন্নর ও মহানাগসমূহের সহিত সমগ্র পৃথিবী অন্যান্য স্থাবর ও জঙ্গমের সহিত মিলিত হইয়াও যুদ্ধে অর্জ্জুনকে জয় করিতে সমর্থ হয় না। মহারাজ! এইরূপ জানিয়া অর্জ্জুনসম্বন্ধে আপনার ভয় দূরীভূত হউক ॥৩০—৩১॥

যেখানে মহাবীর, মহাধনুর্দ্ধর ও যথার্থপরাক্রমশালী কৃষ্ণ ও অর্জ্জুন থাকেন, সেখানে কোন প্রকারে কার্য্যে বিপদ্ হইতে পারে না ॥৩২॥

মহারাজ! আপনি আপনার ভ্রাতার (অর্জ্জুনের) শুভাদৃষ্ট, সর্ব্বাস্ত্রজ্ঞতা, যুদ্ধোপায়াভিজ্ঞতা, ক্রোধ, কৃতজ্ঞতা ও দয়া এই গুণগুলি স্মরণ করুন ॥৩৩॥

রাজা! আমি আপনার সহায় রহিয়াছি; এ অবস্থায় আমিও অর্জ্জুনের দিকে চলিয়া গেলে, দ্রোণ যুদ্ধে কিরূপ বিচিত্র অস্ত্র ক্ষেপ করিতে থাকিবেন, তাহাও ভাবিয়া দেখুন ॥৩৪॥

(৩৩)·· অমর্ষং শৌর্য্যমাহবে···নি। (৩৪) ময়ি চাপ্যপযাতে বৈ···পি, ময়ি চাপ্যুপযাতে বৈ···বর্দ্ধ।

কুরুষ্বাত্মাত্মনো গুপ্তিং কস্তে গোপ্তা গতে ময়ি।
যস্যাহং প্রত্যয়াৎ পার্থ! গচ্ছেয়ং ফাল্গুনং প্রতি ॥৩৬॥
নহ্যহং ত্বামনিক্ষিপ্য কৌরবেন্দ্র! মহারণে।
ক্বচিদ্‌যাস্যামি কৌন্তেয়! সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৩৭॥
এতদ্বিচার্য্য বহুশো বুদ্ধ্যা বুদ্ধিমতাং বর!।
দৃষ্ট্বা শ্রেয়ঃ পরং বুদ্ধ্যা ততো রাজন্! প্রশাধি মাম্ ॥৩৮॥

যুধিষ্ঠির উবাচ।

এবমেতন্মহাবাহো! যথা বদসি মাধব!।
নহি শুধ্যতি মে ভাবঃ শ্বেতাশ্বং প্রতি মারিষ! ॥৩৯॥

ভারতকৌমুদী

আচার্য্য ইতি। গৃধ্যতি অভিলষতি। সত্যাং কর্ত্তুঞ্চ গৃধ্যতীতি সম্বন্ধঃ ॥৩৫॥
কুরুষ্বেতি। গুপ্তিং রক্ষাম্, গোপ্তা রক্ষকঃ। প্রত্যয়াদ্বিশ্বাসাৎ ॥৩৬॥
নহীতি। অনিক্ষিপ্য কস্মিংশ্চিদ্বীরে নিক্ষেপরূপেণাসংস্থাপ্য ॥৩৭॥
এতদিতি। দৃষ্ট্বা আলোচ্য। প্রশাধি আদিশ ॥৩৮॥
এবমিতি। শুধ্যতি প্রসীদতি আশঙ্কারহিতো ভবতীত্যর্থঃ, ভাবো মনঃ, শ্বেতাশ্বমর্জ্জুনম্ ॥৩৯॥

রাজা! দ্রোণাচার্য্য নিজের প্রতিজ্ঞা রক্ষা করতঃ আপনাকে ধরিবার জন্য বিশেষ ইচ্ছা করেন এবং সেই প্রতিজ্ঞা সত্য করিবারও ইচ্ছা করেন ॥৩৫॥

পৃথানন্দন! যাঁহার উপরে বিশ্বাস করিয়া আমি অর্জ্জুনের দিকে যাইব, আপনার সেরূপ রক্ষক কে আছেন? সুতরাং আমি চলিয়া গেলে আপনি নিজেই নিজের রক্ষা করিবেন ॥৩৬॥

অতএব কৌরবশ্রেষ্ঠ কুন্তীনন্দন! আমি আপনাকে অপর কোন বীরের হাতে গচ্ছিত না রাখিয়া মহাযুদ্ধে অন্য কোন স্থানে যাইতে পারিব না; ইহা আপনার নিকট সত্য বলিতেছি ॥৩৭॥

বুদ্ধিযুক্তশ্রেষ্ঠ রাজা! আপনি আপন বুদ্ধিতে এ বিষয় বহু বিবেচনা করিয়া এবং নিজবুদ্ধিতে পরম মঙ্গল পর্য্যালোচনা করিয়া পরে আমাকে আদেশ করুন' ॥৩৮॥

(৩৭) ন হ্যহং ত্বাং মহারাজ! অনিক্ষিপ্য মহাহবে।…কৌরব্য!…বা নি। (৩৯)…ন তু মে শুধ্যতে ভাবঃ…বা নি।

করিষ্যে পরমং যত্নমাত্মনো রক্ষণং প্রতি।
গচ্ছ ত্বং সমনুজ্ঞাতো যত্র যাতো ধনঞ্জয়ঃ ॥৪০॥
আত্মসংরক্ষণং সংখ্যে গমনঞ্চার্জ্জুনং প্রতি।
বিচার্য্যৈতৎ স্বয়ং বুদ্ধ্যা গমনং তত্র রোচয়ে ॥৪১॥
স ত্বমাতিষ্ঠ যানায় যত্র যাতো ধনঞ্জয়ঃ।
মমাপি রক্ষণং ভীমঃ করিষ্যতি মহাবলঃ ॥৪২॥
পার্ষতশ্চ সসোদর্য্যঃ পার্থিবাশ্চ মহাবলাঃ।
দ্রৌপদেয়াশ্চ মাং তাত! রক্ষিষ্যন্তি ন সংশয়ঃ ॥৪৩॥
কৈকেয়া ভ্রাতরঃ পঞ্চ রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
বিরাটো দ্রুপদশ্চৈব শিখণ্ডী চ মহারথঃ ॥৪৪॥
ধৃষ্টকেতুশ্চ বলবান্ কুন্তিভোজশ্চ মাতুলঃ।
নকুলঃ সহদেবশ্চ পাঞ্চালাঃ সৃঞ্জয়াস্তথা।
এতে মাং সহিতাস্তাত! রক্ষিষ্যন্তি ন সংশয়ঃ ॥৪৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

করিষ্য ইতি। সমনুজ্ঞাতো ময়েতি শেষঃ ॥৪০॥
আত্মেতি। সংখ্যে যুদ্ধে। এতদুভয়ম্। রোচয়ে প্রাধান্যাদিত্যাশয়ঃ ॥৪১॥
স ইতি। আতিষ্ঠ রথমারোহ, যানায় গমনায় ॥৪২॥
পার্ষত ইতি। পার্ষতঃ পৃষতপৌত্রো ধৃষ্টদ্যুম্নঃ। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ ॥৪৩॥

যুধিষ্ঠির বলিলেন—'মধুবংশীয় মহাবাহু! তুমি যাহা বলিতেছ, তাহা সত্য বটে; কিন্তু অর্জ্জুনের বিষয়ে আমার মন যে প্রসন্ন হইতেছে না ॥৩৯॥

সুতরাং আমি আত্মরক্ষার বিষয়ে বিশেষ যত্ন করিব। অতএব অর্জ্জুন যেখানে গিয়াছেন, আমার আদেশ অনুসারে তুমি সেইখানে যাও ॥৪০॥

যুদ্ধে আত্মরক্ষা এবং অর্জ্জুনের দিকে তোমার গমন, এই উভয় আপন বুদ্ধিতে বিবেচনা করিয়া তোমার সেখানে গমনই সঙ্গত মনে করিতেছি ॥৪১॥

অতএব অর্জ্জুন যেখানে গিয়াছেন, সেইখানে যাইবার জন্য তুমি রথে আরোহণ কর, আর মহাবল ভীমসেন আমাকে রক্ষা করিবেন ॥৪২॥

তা'র পর বৎস! সহোদরগণের সহিত ধৃষ্টদ্যুম্ন, মহাবল রাজারা এবং দ্রৌপদীর পুত্রেরা আমাকে রক্ষা করিবেন; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৪৩॥

(৪০)…রক্ষণং হৃহম্…বা নি। (৪৫)…কুন্তিভোজশ্চ মারিষ!…পি বঙ্গ বর্দ্ধ… এতে সমাহিতাস্তাত!…বা নি।

ন দ্রোণঃ সহ সৈন্যেন কৃতবর্ম্মা চ সংযুগে।
সমাসাদয়িতুং শক্তো ন চ মাং ধর্ষয়িষ্যতঃ ॥৪৬॥
ধৃষ্টদ্যুম্নশ্চ সমরে দ্রোণং ক্রুদ্ধং পরন্তপ!।
বারয়িষ্যতি বিক্রম্য বেলেব মকরালয়ম্ ॥৪৭॥
যত্র স্থাস্যতি সংগ্রামে পার্ষতঃ পরবীরহা।
ন দ্রোণসৈন্যং বলবৎ ক্রামেত্তত্র কথঞ্চন ॥৪৮॥
এষ দ্রোণবিনাশায় সমুৎপন্নো হুতাশনাৎ।
কবচী সশরঃ খড়্গী চর্ম্মী চ বরভূষণঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

কৈকেয়া ইতি। কৈকেয়াঃ কেকয়দেশবাসিনঃ। সহিতা মিলিতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪—৪৫॥

নেতি। সমাসাদয়িতুং প্রাপ্তুম্। ধর্ষয়িষ্যতো নিগ্রহীতুং শক্ষ্যতঃ ॥৪৬॥

ধৃষ্টেতি। বেলা তীরম্, মকরালয়ং সমুদ্রম্ ॥৪৭॥

যত্রেতি। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। বলবৎ শক্তিযুক্তমপি, ক্রামেদাক্রামেৎ ॥৪৮॥

এষ ইতি। এষ পার্ষতঃ। বরভূষণ উত্তমালঙ্কারযুক্তঃ ॥৪৯॥

বৎস সাত্যকি! কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা, রাক্ষস ঘটোৎকচ, বিরাট, দ্রুপদ, মহারথ শিখণ্ডী, বলবান্ ধৃষ্টকেতু, মাতুল কুন্তিভোজ, নকুল, সহদেব, পাঞ্চালগণ ও সৃঞ্জয়গণ, ইঁহারা মিলিত হইয়া আমাকে রক্ষা করিতে পারিবেন; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৪৪—৪৫॥

দ্রোণ ও কৃতবর্ম্মা সৈন্যগণের সহিত মিলিত হইয়াও যুদ্ধে আমাকে ধরিতে বা পীড়ন করিতে সমর্থ হইবেন না ॥৪৬॥

পরন্তপ! তীর যেমন সমুদ্রকে বারণ করে, সেইরূপ ধৃষ্টদ্যুম্ন বিক্রম প্রকাশ করিয়া যুদ্ধে ক্রুদ্ধ দ্রোণকে বারণ করিতে পারিবেন ॥৪৭॥

বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন সমরাঙ্গনের যে স্থানে থাকিবেন, দ্রোণের প্রবল সৈন্যও সে স্থানে আসিয়া কোন প্রকারে আক্রমণ করিতে পারিবে না ॥৪৮॥

এই ধৃষ্টদ্যুম্ন দ্রোণবিনাশের জন্যই কবচ, বাণ, তরবারি ও চর্ম্ম ধারণ করিয়া এবং উত্তম অলঙ্কারে অলঙ্কৃত হইয়া অগ্নি হইতে উৎপন্ন হইয়াছিলেন ॥৪৯॥

বিস্রব্ধো গচ্ছ শৈনেয় ! মা কার্ষীর্ম্ময়ি সংভ্রমম্ ।
ধৃষ্টদ্যুম্নো রণে ক্রুদ্ধং দ্রোণমাবারয়িষ্যতি ॥৫০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিং প্রতি যুধিষ্ঠিরবাক্যে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(ঃ*ঃ)———

ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ।

———ঃ-০-ঃ———

সঞ্জয় উবাচ ।

ধর্ম্মরাজস্য তদ্বাক্যং নিশম্য শিনিপুঙ্গবঃ ।
পার্থাচ্চ ভয়মাশংসন্ পরিত্যাগান্মহীপতেঃ ॥১॥
অপবাদং হ্যাত্মনশ্চ লোকাদ্রক্ষন্ বিশেষতঃ ।
ন মাং ভীত ইতি ব্রূয়ুঃ প্রয়ান্তং ফাল্গুনং প্রতি ॥২॥
নিশ্চিত্য বহুধৈবং স সাত্যকির্যুদ্ধদুর্ম্মদঃ ।
ধর্ম্মরাজমিদং বাক্যমব্রবীৎ পুরুষর্ষভঃ ॥৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

বিস্রব্ধ ইতি। বিস্রব্ধো বিশ্বস্তঃ। সংভ্রমং ভয়ম্ ॥৫০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভারতভাবদীপঃ

জ্ঞানম্ ॥৩৩—৩৬॥ ক্বচিৎ কস্মিংশ্চিৎ অনিক্ষিপ্যত্যেন্বয়ঃ ॥৩৭॥ দৃষ্ট্বা নিশ্চিত্য ॥৩৮—৪১॥ আতিষ্ঠ প্রক্রমস্ব ॥৪৩—৪৯॥ ময়ি মামধিকৃত্য, সম্ভবমুদ্বেগম্ ॥৫০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৫॥

অতএব সাত্যকি ! তুমি বিশ্বস্ত চিত্তে গমন কর, আমার সম্বন্ধে কোন ভয় করিও না। ধৃষ্টদ্যুম্নই যুদ্ধে ক্রুদ্ধ দ্রোণকে বারণ করিবেন' ॥৫০॥

———০::০———

সঞ্জয় বলিলেন—'মহারাজ ! যুধিষ্ঠিরের সেই বাক্য শ্রবণ করিয়া শিনি-

* '…নবাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '…একাদশাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

(২)…লোকাৎ পশ্যন্…তে মাং ভীতমিতি ব্রূয়ুঃ…বা,…আয়াস্তম্…পি বা বঙ্গ বৰ্দ্ধ।

কৃতাঞ্চেন্মন্যসে রক্ষাং স্বস্তি তেঽস্তু বিশাংপতে ! ।
অনুযাস্যামি বীভৎসুং করিষ্যে বচনং তব ॥৪॥
ন হি মে পাণ্ডবাৎ কশ্চিত্ত্রিষু লোকেষু বিদ্যতে ।
যো বৈ প্রিয়তরো রাজন্ ! সত্যমেতদ্ব্রবীমি তে ॥৫॥
তস্যাহং পদবীং যাস্যে সন্দেশাত্তব মানদ ! ।
ত্বৎকৃতে নহি মে কিঞ্চিদকর্ত্তব্যং কথঞ্চন ॥৬॥
যথা হি মে গুরোর্বাক্যং বিশিষ্টং দ্বিপদাং বর ! ।
তথা তবাপি বচনং বিশিষ্টতরমেব চ ॥৭॥

ভারতকৌমুদী

ধর্ম্মেতি। পার্থাদর্জ্জুনাৎ, আশংসন্ সম্ভাবয়ন্, মহীপতের্যুধিষ্ঠিরস্য। অপেতি পক্ষান্তরে। ফাল্গুনমর্জ্জুনম্। বহুধা বিবেচনেন, এবমর্জ্জুনান্তিকে গমনম্ ॥১—৩॥

কৃতামিতি। কৃতাং ভীমাদিভির্নির্ব্যূঢাম্। স্বস্তি মঙ্গলম্। বীভৎসুমর্জ্জুনম্ ॥৪॥

নেতি। পাণ্ডবাদর্জ্জুনাৎ, যঃ প্রিয়তরঃ, ঈদৃশঃ কশ্চিন্ন বিদ্যত ইতি সম্বন্ধঃ ॥৫॥

তস্যেতি। পদবীং পন্থানম্, সন্দেশাদাদেশাৎ। ত্বৎকৃতে ভবন্নিমিত্তম্ ॥৬॥

যথেতি। গুরোরর্জ্জুনস্য। বিশিষ্টতরম্, তস্যাপি গুরুত্বাদিত্যাশয়ঃ ॥৭॥

বংশশ্রেষ্ঠ, যুদ্ধদুর্দ্ধর্ষ ও পুরুষপ্রধান সাত্যকি এইরূপ বিবেচনা করিতে লাগিলেন যে, যুধিষ্ঠিরকে পরিত্যাগ করিয়া গেলে, অর্জ্জুনের আদেশ লঙ্ঘন করার ভয়; আবার না গেলে, নিজের লোকাপবাদ হইবে; আর যদি অর্জ্জুনের দিকে যাই, তবে আর লোকে আমাকে ভীত বলিবে না; এইরূপ বহুপ্রকার বিবেচনাপূর্ব্বক গমনই স্থির করিয়া যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥১—৩॥

'নরনাথ! ভীমপ্রভৃতি আপনাকে রক্ষা করিতে পারিবেন, ইহা যদি মনে করেন, তবে আপনার মঙ্গল হউক; আমি অর্জ্জুনের অনুগমন করিব এবং আপনার আদেশ পালন করিব ॥৪॥

রাজা! আমি আপনার নিকট ইহা সত্য বলিতেছি যে, যিনি অর্জ্জুন অপেক্ষাও আমার প্রিয়তর হইবেন, এমন কোন লোক ত্রিভুবনেই নাই ॥৫॥

অতএব সম্মানজনক রাজা! আমি আপনার আদেশে অর্জ্জুনের নিকট যাইব। কারণ, আপনার জন্য আমার কোন কার্য্য অকর্ত্তব্য নহে ॥৬॥

মনুষ্যশ্রেষ্ঠ! গুরুবাক্য (অর্জ্জুনের আদেশ) যেমন আমার নিকট বিশিষ্ট, তেমন আপনার বাক্যও বিশিষ্টতর ॥৭॥

প্রিয়ে হি তব বর্ত্তেতে ভ্রাতরৌ কৃষ্ণপাণ্ডবৌ।
তয়োঃ প্রিয়ে স্থিতঞ্চৈব বিদ্ধি মাং রাজপুঙ্গব!॥৮॥
তবাজ্ঞাং শিরসা গৃহ্য পাণ্ডবার্থমহং প্রভো!।
ভিত্ত্বেদং দুর্ভিদং সৈন্যং প্রযাস্যে নরসত্তম!॥৯॥
দ্রোণানীকং বিশাম্যেষ ক্রুদ্ধো ঝষ ইবার্ণবম্।
তত্র যাস্যামি যত্রাসৌ রাজা রাজন্! জয়দ্রথঃ॥১০॥
যত্র সেনাং সমাশ্রিত্য ভীতস্তিষ্ঠতি ফাল্গুনাৎ।
গুপ্তো রথবরশ্রেষ্ঠৈর্দ্রৌণিকর্ণকৃপাদিভিঃ॥১১॥
ইতস্ত্রিযোজনং মন্যে তমধ্বানং বিশাংপতে!।
যত্র তিষ্ঠতি পার্থোঽসৌ জয়দ্রথবধোদ্যতঃ॥১২॥
ত্রিযোজনগতস্যাপি তস্য যাস্যাম্যহং পদম্।
আসৈন্ধববধাদ্রাজন্! সুদৃঢ়েনান্তরাত্মনা॥১৩॥

ভারতকৌমুদী

প্রিয় ইতি। কৃষ্ণো যুধিষ্ঠিরস্য মাতুলপুত্ররূপো ভ্রাতা, পাণ্ডবোঽর্জ্জুনশ্চ সহোদরঃ॥৮॥
তবেতি। গৃহ্য গৃহীত্বা, পাণ্ডবার্থমর্জ্জুনসাহায্যার্থম্॥৯॥
দ্রোণেতি। বিশামি প্রবিশামি। ঝষো মৎস্যঃ॥১০॥
যত্রেতি। ফাল্গুনাদর্জ্জুনাৎ। গুপ্তো রক্ষিতঃ। দ্রৌণিরশ্বত্থামা॥১১॥
ইত ইতি। অধ্বানং পন্থানম্। পার্থঃ অর্জ্জুনঃ॥১২॥

রাজশ্রেষ্ঠ! আপনার ভ্রাতা কৃষ্ণ ও অর্জ্জুন আপনার প্রিয়কার্য্যে নিরতই রহিয়াছেন; আবার আমাকেও তাঁহাদের প্রিয়কার্য্যে নিরত বলিয়া অবগত হউন॥৮॥

প্রভু নরশ্রেষ্ঠ! আমি আপনার আদেশ মস্তকে ধারণপূর্ব্বক এই দুর্ভেদ্যসৈন্য ভেদ করিয়া অর্জ্জুনের সাহায্য করিবার জন্য প্রস্থান করিব॥৯॥

রাজা! মৎস্য যেমন সমুদ্রে প্রবেশ করে, সেইরূপ এই আমি ক্রুদ্ধ হইয়া দ্রোণসৈন্যমধ্যে প্রবেশ করিতেছি। ঐ জয়দ্রথরাজা যেখানে রহিয়াছেন, আমি সেইখানেই যাইব॥১০॥

এবং অর্জ্জুন হইতে ভীত জয়দ্রথ—রথিশ্রেষ্ঠ অশ্বত্থামা, কর্ণ ও কৃপপ্রভৃতি-কর্তৃক রক্ষিত হইয়া সৈন্য আশ্রয় করিয়া যেখানে অবস্থান করিতেছেন॥১১॥

নরনাথ! আমি মনে করি—ঐ অর্জ্জুন জয়দ্রথবধে উদ্যত হইয়া যেস্থানে রহিয়াছেন, সেস্থান এস্থান হইতে তিন যোজন হইবে॥১২॥

(১১) যত্র সেনাস্তমাশ্রিত্য ··নি।

অনাদিষ্টস্তু গুরুণা কো নু যুধ্যেত মাদৃশঃ।
আদিষ্টস্তু ত্বয়া রাজন্! কো ন যুধ্যেত মাদৃশঃ ॥১৪॥
অভিজানামি তং দেশং যত্র যাস্যাম্যহং প্রভো!।
বহুশক্তিগদাপ্রাসচর্ম্মখড়্গার্ষ্টিতোমরম্।
ইষ্বস্ত্রবরসংবাধং ক্ষোভয়িষ্যে বলার্ণবম্ ॥১৫॥
যদেতৎ কুঞ্জরানীকং সহস্রমনুপশ্যসি।
কুলমঞ্জনকং নাম যত্রৈতে বীর্য্যশালিনঃ ॥১৬॥
আস্থিতা বহুভির্ম্লেচ্ছৈর্যুদ্ধশৌণ্ডৈঃ প্রহারিভিঃ।
নাগা মেঘনিভা রাজন্! ক্ষরন্ত ইব তোয়দাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

ত্রীতি। পদং স্থানম্। আসৈন্ধববধাৎ জয়দ্রথবধাৎ পূর্বমেব ॥১৩॥

অনাদিষ্ট ইতি। গুরুণা অস্ত্রশিক্ষকাদিনা। ত্বয়া গুরোরর্জ্জুনস্যাপি গুরুণা ॥১৪॥

অথাত্মনোঽসাধারণবীরত্বং সূচয়িতুমেকত্রিংশতা শ্লোকৈর্ভৈষ্মকৌরবসেনায়া গহনত্বং বর্ণয়তি। অভীতি। বহবঃ শক্তিগদাপ্রাসচর্ম্মখড়্গার্ষ্টিতোমরা যত্র তম্। তথা ইষুভির্বাণৈঃ অপরৈরস্ত্রবরৈশ্চ সংবাধং সঙ্কীর্ণং নিরন্তরমিতি যাবৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

যদিতি। কুঞ্জরানীকং হস্তিসৈন্যম্। কুলং হস্তিসমূহঃ, অঞ্জনকং তদ্বর্ণত্বাৎ ॥১৬॥

আস্থিতা ইতি। আস্থিতা আরূঢ়াঃ। যুদ্ধে শৌণ্ডৈর্মত্তৈঃ। নাগা গজাঃ ॥১৭॥

রাজা! তিনি তিন যোজন দূরে থাকিলেও, আমি অতিদৃঢ় চিত্তে জয়দ্রথবধের পূর্ব্বেই তাঁহার নিকটে উপস্থিত হইব ॥১৩॥

রাজা! গুরুজন আদেশ না করিলে, আমার মত কোন্ লোক যুদ্ধ করে? আবার আপনার মত গুরুজন আদেশ করিলেই বা আমার মত কোন্ ব্যক্তি যুদ্ধ না করে? ॥১৪॥

প্রভু! আমি যে স্থানে যাইব, সে স্থানের অবস্থা সর্ব্বতোভাবে জানি; সে স্থানে বহুতর শক্তি, গদা, কুন্ত, চর্ম্ম, তরবারি, ঋষ্টি ও তোমর চলিতেছে। আর বাণ ও অন্যান্য প্রধান অস্ত্রে পরিপূর্ণ বিপক্ষসৈন্যসমুদ্রকে আমি বিক্ষুব্ধ করিব ॥১৫॥

মহারাজ! এই যে সহস্র হস্তিসৈন্য দেখিতেছেন এবং যাহাতে এই বলবান্ বীরেরা রহিয়াছেন, ইহা 'অঞ্জনক'—নামে হস্তিসমূহ ॥১৬॥

রাজা! যুদ্ধমত্ত ও প্রহারনিপুণ বহুতর ম্লেচ্ছ যাহাতে আরোহণ

(১৫)…শূলশক্তি…বা,…হলশক্তি…নি বঙ্গ বর্দ্ধ। (১৭)…নাগা নগনিভাঃ… নি।

নৈতে জাতু নিবর্ত্তেরন্ প্রেষিতা হস্তিসাদিভিঃ।
অন্যত্র হি বধাদেষাং নাস্তি রাজন্! পরাজয়ঃ ॥১৮॥
অথ যান্ রথিনো রাজন্! সমন্তাদনুপশ্যসি।
এতে রুক্মরথা নাম রাজপুত্রা মহারথাঃ ॥১৯॥
রথেষ্বশ্বেষু নিপুণা নাগেষু চ বিশাংপতে!।
ধনুর্ব্বেদে গতাঃ পারং মুষ্টিযুদ্ধে চ কোবিদাঃ ॥২০॥
গদাযুদ্ধবিশেষজ্ঞা নিযুদ্ধকুশলাস্তথা।
খড়্গপ্রহরণে যুক্তাঃ সম্পাতে চাসিচর্ম্মণোঃ ॥২১॥
শূরাশ্চ কৃতবিদ্যাশ্চ স্পর্দ্ধন্তে চ পরস্পরম্।
নিত্যঞ্চ সমরে রাজন্! বিজিগীষন্তি মানবান্ ॥২২॥
কর্ণেন বিহিতা রাজন্! দুঃশাসনমনুব্রতাঃ।
এতাংস্তু বাসুদেবোঽপি রথোদারান্ প্রশংসতি ॥২৩॥

ভারতকৌমুদী

নেতি। জাতু কদাচিৎ। হস্তিসাদিভির্হস্ত্যারোহিভিঃ ॥১৮॥
অথেতি। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু। রুক্মরথা স্বর্ণময়রথাঃ ॥১৯॥
রথেষ্বিতি। নাগেষু হস্তিষু। কোবিদা বিচক্ষণাঃ। এত ইত্যনুবৃত্তিঃ ॥২০॥
গদেতি। নিযুদ্ধে বাহুযুদ্ধে কুশলাঃ। যুক্তা দক্ষাঃ, সম্পাতে সঞ্চালনে ॥২১॥
শূরা ইতি। বিজিগীষন্তি বিজেতুমিচ্ছন্তি, মানবান্ সর্ব্বানেব ॥২২॥

করিয়াছে, এই সেই মেঘতুল্য হস্তিগণ মেঘেরই ন্যায় মদজল বর্ষণ করিতেছে ॥১৭॥

রাজা! আরোহীরা সঞ্চালন করিলে, এই হস্তিগুলি কখনও নিবৃত্তি পায় না এবং বধ ব্যতীত ইহাদের পরাজয়ও হয় না ॥১৮॥

রাজা! তাহার পর সকল দিকে যে সকল রথীকে দেখিতেছেন, ইহারা রাজপুত্র ও মহারথ এবং ইঁহাদের নাম—'রুক্মরথ' ॥১৯॥

নরনাথ! আর ইঁহারা রথ, অশ্ব ও হস্তিযুদ্ধে নিপুণ, ধনুর্ব্বেদের পারগামী ও মুষ্টিযুদ্ধে বিচক্ষণ ॥২০॥

বিশেষতঃ ইঁহারা গদাযুদ্ধে বিশেষজ্ঞ, বাহুযুদ্ধে বিশারদ এবং তরবারি-প্রহারে ও অসিচর্ম্মসঞ্চালনে দক্ষ ॥২১॥

রাজা! ইঁহারা বীর, কৃতবিদ্য, পরস্পর স্পর্দ্ধা করিয়া থাকেন এবং যুদ্ধে সর্ব্বদা সকল মানুষকেই জয় করিবার ইচ্ছা করেন ॥২২॥

সততং প্রিয়কামাশ্চ কর্ণস্যৈতে বশে স্থিতাঃ।
তস্যৈব বচনাদ্রাজন্! নিবৃত্তাঃ শ্বেতবাহনাৎ ॥২৪॥
তে ন ক্ষতা ন চ শ্রান্তা দৃঢ়াবরণকার্ম্মুকাঃ।
মদর্থে বিষ্ঠিতা নূনং ধার্ত্তরাষ্ট্রস্য শাসনাৎ ॥২৫॥
এতান্ প্রমথ্য সংগ্রামে প্রিয়ার্থং তব কৌরব!।
প্রযাস্যামি ততঃ পশ্চাৎ পদবীং সব্যসাচিনঃ ॥২৬॥
যানেতানপরান্ রাজন্! নাগান্ সপ্তশতানিহ।
প্রেক্ষসে বর্ম্মসংছন্নান্ কিরাতৈঃ সমিধিষ্ঠিতান্ ॥২৭॥
কিরাতরাজো যান্ প্রাদাদ্বিজিতঃ সব্যসাচিনা।
স্বলঙ্কৃতাংস্তথা প্রেষ্যানিচ্ছন্ জীবিতমাত্মনঃ ॥২৮॥
আসন্নেতে পুরা রাজন্! তব কর্ম্মকরা দৃঢ়ম্।
ত্বামেবাদ্য যুযুৎসন্তে পশ্য কালস্য পর্য্যয়ম্ ॥২৯॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

কর্ণেনেতি। দুঃশাসনং প্রতি অনুব্রতা অনুকূলাঃ। রথোদারান্ মহারথান্ ॥২৩॥
সততমিতি। শ্বেতবাহনাৎ অর্জ্জুনাৎ তেন সহ যুদ্ধাদিত্যর্থঃ ॥২৪॥
ত ইতি। মদর্থে ময়া সহ যুদ্ধার্থে, বিষ্ঠিতা অবস্থিতাঃ, শাসনাদাদেশাৎ ॥২৫॥
এতানিতি। পদবীং পন্থানম্, সব্যসাচিনঃ অর্জ্জুনস্য ॥২৬॥
যানিতি। নাগান্ গজান্। প্রাদাৎ অর্জ্জুনায়। ইচ্ছন্ অর্জ্জুনাদেব রক্ষিতুমিতি শেষঃ। যুযুৎসন্তে ছিদ্রপ্রাপ্ত্যা বিপক্ষাবলম্বনাদিতি ভাবঃ। পর্য্যয়ং পরিবর্ত্তনম্ ॥২৭—২৯॥

নরনাথ! কর্ণ ইঁহাদিগকে দুঃশাসনের অনুবর্ত্তী করিয়া দিয়াছেন এবং কৃষ্ণও ইঁহাদিগকে মহারথ বলিয়া প্রশংসা করেন ॥২৩॥

রাজা! ইঁহারা সর্বদা কর্ণের প্রিয়কার্য্য করিবার অভিলাষী এবং তাঁহারই বশীভূত বলিয়া তাঁহারই আদেশে অর্জ্জুনের সহিত যুদ্ধ করেন নাই ॥২৪॥

ইঁহারা যুদ্ধে ক্ষত-বিক্ষত হন নাই বা পরিশ্রান্তও হন নাই; অথচ ইঁহাদের বর্ম্ম ও ধনু দৃঢ়। তা'র পর ইঁহারা নিশ্চয়ই দুর্য্যোধনের আদেশে আমার সহিত যুদ্ধ করিবার জন্য অবস্থান করিতেছেন ॥২৫॥

কৌরবনন্দন! অতএব আমি আপনার প্রিয়কার্য্য করিবার জন্য যুদ্ধে ইঁহাদিগকে মথিত করিয়া তাহার পরে অর্জ্জুনের পথে গমন করিব ॥২৬॥

রাজা! আপনি—বর্ম্মাবৃতদেহ ও কিরাতগণে অধিষ্ঠিত এই অপর যে

(২৫) তে ন ক্লান্তাঃ…মদর্থেঽধিষ্ঠিতাঃ…বা নি। (২৮)…গৃহীতঃ সব্যসাচিনা…বা নি।

এষামেতে মহামাত্রাঃ কিরাতা যুদ্ধদুর্ম্মদাঃ।
হস্তিশিক্ষাবিদশ্চৈব সর্বে চৈবাগ্নিযোনয়ঃ ॥৩০॥
এতে বিনির্জিতাঃ সর্ব্বে সংগ্রামে সব্যসাচিনা।
মদর্থমদ্য সংযত্তা দুর্য্যোধনবশানুগাঃ ॥৩১॥
এতান্ হত্বা শরৈ রাজন্! কিরাতান্ যুদ্ধদুর্ম্মদান্।
সৈন্ধবস্য বধে যত্তমনুযাস্যামি পাণ্ডবম্ ॥৩২॥
যে ত্বেতে সুমহানাগা অঞ্জনস্য কুলোদ্ভবাঃ।
কর্কশাশ্চ বিনীতাশ্চ প্রভিন্নকরটামুখাঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

এষামিতি। মহামাত্রা আরোহিণঃ, "মহামাত্রঃ প্রধানে স্যাদারোহকসমৃদ্ধয়োঃ" ইতি হেমচন্দ্রঃ ॥৩০॥

তত ইতি। সংযত্তা জয়ায় যত্নবন্তঃ সন্তঃ স্থিতা ইতি শেষঃ ॥৩১॥

এতানিতি। সৈন্ধবস্য জয়দ্রথস্য, যত্তং যত্নবন্তম্, পাণ্ডবমর্জ্জুনম্ ॥৩২॥

ভারতভাবদীপঃ

ধর্ম্মেতি ॥১—১২॥ আসৈন্ধববধাৎ সৈন্ধববধাৎ প্রাগেব ॥১৩—১৪॥ শূলাদিতোমরান্ত-মর্শাস্ত্রজন্তম্ ॥১৫॥ সহস্রঃ সহস্রপ্রতিমম্ ॥১৬—২০॥ সম্পাতে বিহরণে ॥২১—৩২॥ অঞ্জনস্য অরুণোপবাহস্য ॥৩৩॥ স্নিগ্ধনীলাম্বুদপ্রখ্যাঃ সুবিভক্তপদৈর্যুতাঃ সুবিভক্তমহাশীর্ষাঃ

সপ্তশত হস্তী দেখিতেছেন এবং কিরাতরাজ (রাজসূয়ের সময়ে) অর্জ্জুন-কর্তৃক বিজিত হইয়া তাঁহার হস্ত হইতে নিজের জীবন রক্ষা করিবার ইচ্ছা করিয়া সুন্দর অলঙ্কৃত ও আজ্ঞাবহ যে হস্তীগুলিকে (উপঢৌকনস্বরূপ) অর্জ্জুনকে দান করিয়াছিলেন; রাজা! এইগুলি পূর্বে আপনারই দৃঢ়ভাবে কার্য্যকারী ছিল; কিন্তু আজ ইহারা আপনার সহিতই যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছে!। দেখুন—কালের কি পরিবর্ত্তন ॥২৭—২৯॥

ইহাদের আরোহী এই সকল যুদ্ধদুর্দ্ধর্ষ কিরাত হস্তিগণকে শিক্ষা দান করিতে জানে এবং ইহারা সকলেই অগ্নি হইতে উৎপন্ন ॥৩০॥

অর্জ্জুন যুদ্ধে ইহাদের সকলকেই জয় করিয়া গিয়াছেন। সুতরাং এখন ইহারা দুর্য্যোধনের আদেশে আমাকে জয় করিবার জন্য যত্নবান্ হইয়া রহিয়াছে ॥৩১॥

অতএব রাজা! আমি বাণদ্বারা এই যুদ্ধদুর্দ্ধর্ষ কিরাতগণকে জয় করিয়া জয়দ্রথবধে যত্নবান্ অর্জ্জুনের অনুসরণ করিব ॥৩২॥

(৩০) তেষামেতে…পি বঙ্গ বর্দ্ধ। (৩১) এতে বিনির্জিতাঃ সংখ্যে সংগ্রামে…বা নি।

মহাবাহু ধর্ম্মরাজ যুধিষ্ঠির লোকাপবাদের ভয়ে ক্রমে সাত্যকির রথের বিষয়েই অধিক চিন্তা করিতে লাগিলেন—॥৮॥

'সুহৃদ্‌গণের অভয়দাতা শিনিবংশনন্দন বীর সাত্যকিকে আমি মহাযুদ্ধে অর্জ্জুনের পথে প্রেরণ করিয়াছি ॥৯॥

---

(৬)···বরবানরকেতনম্···নাশৃণোদ্ব্যথিতেন্দ্রিয়ঃ—পি। (৯)·· মহামৃধে···পি।

তদিদং হ্যেকমেবাসীদ্দ্বিধা জাতং মনোঽদ্য মে।
সাত্যকিশ্চ হি মে জ্ঞেয়ঃ পাণ্ডবশ্চ ধনঞ্জয়ঃ ॥১০॥
সাত্যকিং প্রেষয়িত্বা তু পাণ্ডবস্য পদানুগম্।
সাত্বতস্যাপি কং যুদ্ধে প্রেষয়িষ্যে পদানুগম্ ॥১১॥
করিষ্যামি প্রযত্নেন ভ্রাতুরন্বেষণং যদি।
যুযুধানমনন্বিষ্য লোকো মাং গর্হয়িষ্যতি ॥১২॥
ভ্রাতুরন্বেষণং কৃত্বা ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
পরিত্যজতি বার্ষ্ণেয়ং সাত্যকিং সত্যবিক্রমম্ ॥১৩॥
লোকাপবাদভীরুত্বাৎ সোঽহং পার্থং বৃকোদরম্।
পদবীং প্রেষয়িষ্যামি মাধবস্য মহাত্মনঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তদিতি। একম্ একার্জ্জুনচিন্তাকুলম্, দ্বিধা চিন্তাদ্বয়ান্বিতম্ ॥১০॥
সাত্যকিমিতি। পাণ্ডবস্যার্জ্জুনস্য, পদানুগং স্থানানুচরম্। সাত্বতস্য সাত্যকেঃ ॥১১॥
করিষ্যামীতি। ভ্রাতুরর্জ্জুনস্য। যুযুধানং সাত্যকিম্ ॥১২॥
গর্হাপ্রকারমাহ ভ্রাতুরিতি। পরিত্যজতি অন্বেষণবিষয়ে ॥১৩॥
লোকেতি। পার্থং পৃথাপুত্রম্। পদবীং পন্থানম্, মাধবস্য সাত্যকেঃ ॥১৪॥

সুতরাং পূর্ব্বে আমার মন একচিন্তায় আকুল ছিল, এখন দুই চিন্তায় আকুল হইয়াছে। সুতরাং সাত্যকির সংবাদও লইতে হইবে এবং অর্জ্জুনের বার্ত্তাও জানিতে হইবে ॥১০॥

'অর্জ্জুনের পিছনে সাত্যকিকে পাঠাইয়া এখন সাত্যকির পিছনে কাহাকে পাঠাই? ॥১১॥

আমি যদি সাত্যকির অন্বেষণ না করিয়া যত্নপূর্ব্বক কেবল ভ্রাতা অর্জ্জুনেরই অন্বেষণ করি, তবে লোকে আমাকে নিন্দা করিবে ॥১২॥

'ধর্ম্মরাজ যুধিষ্ঠির ভ্রাতার অন্বেষণ করিয়া যথার্থবিক্রমশালী বৃষ্ণিবংশীয় সাত্যকিকে পরিত্যাগ করিলেন (অন্বেষণ করিলেন না' এই কথা লোকে বলিবে) ॥১৩॥

সুতরাং আমি লোকাপবাদের ভয় করি বলিয়া মহাত্মা সাত্যকির পথে পৃথানন্দন ভীমসেনকে প্রেরণ করিব ॥১৪॥

---

(১০) দ্বৈধং চিত্তমিদং মেঽদ্য পার্থসাত্বতয়োঃ কৃতে⋯পি,⋯দ্বিধা জাতং মমাদ্য বৈ—বা নি। (১২)⋯লোকো মাং গর্হয়েত্ততঃ—পি। (১৩)⋯সাত্বতং সত্যবিক্রমম্—পি। (১৪) লোকাপবাদভীতত্বাৎ⋯বঙ্গ বৰ্দ্ধ।

যথৈব চ মম প্রীতিরর্জ্জুনে শক্রসূদনে।
তথৈব বৃষ্ণিবীরেঽপি সাত্বতে যুদ্ধদুর্ম্মদে ॥১৫॥
অতিভারে নিযুক্তশ্চ ময়া শৈনেয়নন্দনঃ।
স তু মিত্রোপরোধেন গৌরবাচ্চ মমানঘঃ।
প্রবিষ্টো ভারতীং সেনাং মকরঃ সাগরং যথা ॥১৬॥
অসৌ হি শ্রূয়তে শব্দঃ শূরাণামনিবর্ত্তিনাম্।
মিথঃ সংযুধ্যমানানাং বৃষ্ণিবীরেণ ধীমতা ॥১৭॥
প্রাপ্তকালস্তু বলবন্নিশ্চিতং বহুধা হি মে।
তত্র বৈ পাণ্ডবেয়স্য ভীমসেনস্য ধন্বিনঃ।
গমনং রোচতে মহ্যং যত্র যাতৌ মহারথৌ ॥১৮॥
ন চাপ্যশক্যং ভীমস্য বিদ্যতে ভুবি কিঞ্চন।
শক্তো হ্যেষ রণে যত্তঃ পৃথিব্যাং সর্বধন্বিনাম্।
স্ববাহুবলমাশ্রিত্য প্রতিব্যূহিতুমঞ্জসা ॥১৯॥

ভারতকৌমুদী

যথেতি। শক্রসূদনে শক্রদমনে। সাত্বতে সাত্যকৌ ॥১৫॥

অতীতি। অতিভারে অতিদুষ্করব্যাপারে। ভারতীং কৌরবীম্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৬॥

অসাবিতি। মিথঃ পরস্পরম্, বৃষ্ণিবীরেণ সাত্যকিনা সহ ॥১৭॥

প্রাপ্তেতি। প্রাপ্তকালং কালোচিতম্, বলবদ্দৃঢ়ম্। মহারথৌ অর্জ্জুনসাত্যকী। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৮॥

শক্রসূদন অর্জ্জুনের উপরে আমার যেরূপ প্রীতি রহিয়াছে, বৃষ্ণিবীর ও যুদ্ধদুর্দ্ধর্ষ সাত্যকির উপরেও আমার সেইরূপ প্রীতিই আছে ॥১৫॥

আমি অতিদুষ্কর কার্য্যে সাত্যকিকে নিযুক্ত করিয়াছি; আবার সেই নিষ্পাপ সাত্যকিও সুহৃদের সাহায্যের জন্য এবং আমার গৌরবে—মকর যেমন সমুদ্রে প্রবেশ করে, সেইরূপ কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিয়াছেন ॥১৬॥

বৃষ্ণিবীর ও বুদ্ধিমান্ সাত্যকির সহিত যুধ্যমান অনিবর্ত্তী বীরগণের ঐ পরস্পর কোলাহল শুনা যাইতেছে ॥১৭॥

আমি বহু বিবেচনা করিয়া কালোচিত এই বিষয় দৃঢ় নিশ্চয় করিয়াছি যে, মহারথ অর্জ্জুন ও সাত্যকি যেখানে গিয়াছেন, ধনুর্দ্ধর পাণ্ডুনন্দন ভীমসেনেরও সেইখানেই গমন করা উচিত ॥১৮॥

[1] (১৫) যথৈব মে পুরা প্রীতিঃ···পি। (১৮)···বলবন্নিশ্চিত্য···পি বঙ্গ বর্দ্ধ। (১৯) ন চাপ্যসহ্যম্···পি বা নি,·· সর্বধন্বিনঃ··· ভীমসেনোঽরিমর্দ্দনঃ—পি।

যস্য বাহুবলং সর্ব্বে সমাশ্রিত্য মহাত্মনঃ।
বনবাসান্নিবৃত্তাঃ স্মো ন চ যুদ্ধেষু নির্জ্জিতাঃ ॥২০॥
ইতো গতে ভীমসেনে সাত্বতং প্রতি পাণ্ডবে।
সনাথৌ ভবিতারৌ হি যুধি সাত্যকিফাল্গুনৌ ॥২১॥
কামং ত্বশোচনীয়ৌ তৌ রণে ফাল্গুনসাত্যকী।
রক্ষিতৌ বাসুদেবেন স্বয়ঞ্চাস্ত্রবিশারদৌ ॥২২॥
অবশ্যন্তু ময়া কার্য্যমাত্মনঃ শোকনাশনম্।
তস্মাদ্ভীমং নিযোক্ষ্যামি সাত্বতস্য পদানুগম্।
ততঃ প্রতিকৃতং মন্যে বিধানং সাত্যকিং প্রতি ॥২৩॥

ভারতকৌমুদী

নেতি। যত্তো যত্নবান্ সন্। প্রতিব্যূহিতুং ব্যূহপ্রতিপক্ষে গন্তুম্, অঞ্জসা দ্রুতম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

যস্যেতি। স্মো বয়ম্। যুদ্ধেষু দ্রৌপদ্যাঃ স্বয়ংবরকালীনাদিষু ॥২০॥

ইত ইতি। সাত্বতং সাত্যকিম্। সনাথৌ সরক্ষকৌ। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥২১॥

আত্মানমাশ্বাসয়তি কামমিতি। কামং পর্য্যাপ্তম্ ॥২২॥

অবশ্যমিতি। শোকনাশনমুদ্বেগনিবৃত্তিঃ প্রতিকৃতং সর্বথা বিহিতম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৩॥

জগতে ভীমের অসাধ্য কিছুই নাই। কারণ, ইনি চেষ্টা করিলে আপন বাহুবল অবলম্বন করিয়াই পৃথিবীতে সমস্ত ধনুর্দ্ধরব্যূহের প্রতিপক্ষে দ্রুত গমন করিতে সমর্থ হন ॥১৯॥

যে মহাত্মার বাহুবল অবলম্বন করিয়া আমরা সকলে বনবাস হইতে ফিরিয়া আসিয়াছি, কোন যুদ্ধেও পরাজিত হই নাই ॥২০॥

পাণ্ডুনন্দন ভীমসেন এস্থান হইতে সাত্যকির দিকে গমন করিলে, সাত্যকি ও অর্জ্জুন যুদ্ধে সহায়সম্পন্ন হইবেন ॥২১॥

যুদ্ধে অর্জ্জুন ও সাত্যকির বিষয়ে কোন প্রকারেই আমার শোক করিবার হেতু নাই। কারণ, কৃষ্ণ তাঁহাদিগকে রক্ষা করিতেছেন; বিশেষতঃ তাঁহারা নিজেরাও অস্ত্রে বিচক্ষণ ॥২২॥

তবে অবশ্যই আমার নিজের উদ্বেগ নিবৃত্তি করা উচিত। অতএব আমি ভীমকে সাত্যকির অনুচর নিযুক্ত করিব। তাহা হইলে, সাত্যকির বিষয়ে উপযুক্ত কার্য্যই করা হইবে বলিয়া মনে করি' ॥২৩॥

(২০)···নিবৃত্তাঃ স্ম ন চ··· বঙ্গ বর্দ্ধ বা নি। (২২) কামং ন শোচনীয়ৌ···বর্দ্ধ।

এবং নিশ্চিত্য মনসা ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ।
যন্তারমব্রবীদ্রাজা ভীমং প্রতি নয়স্ব মাম্ ॥২৪॥
ধর্ম্মরাজবচঃ শ্রুত্বা সারথির্হয়কোবিদঃ ।
রথং হেমপরিষ্কারং ভীমান্তিকমুপানয়ৎ ॥২৫॥
ভীমসেনমনুপ্রাপ্য প্রাপ্তকালমনুস্মরন্ ।
কশ্মলং প্রাবিশদ্রাজা তত্তদ্বহু সমাদিশন্ ॥২৬॥
স কশ্মলসমাবিষ্টো ভীমমাহূয় পার্থিবঃ ।
অব্রবীদ্বচনং রাজন্ ! কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥২৭॥
যঃ স দেবান্ সগন্ধর্বান্ দৈত্যাংশ্চৈকরথোঽজয়ৎ ।
তস্য লক্ষ্ম ন পশ্যামি ভীমসেনানুজস্য তে ॥২৮॥
ততোঽব্রবীদ্ধর্ম্মরাজং ভীমসেনস্তথাগতম্ ।
নৈবাদ্রাক্ষং ন চাশ্রৌষং তব কশ্মলমীদৃশম্ ॥২৯॥

ভারতকৌমুদী

এবমিতি । যন্তারং নিজসারথিম্ ॥২৪॥

ধর্ম্মেতি । হয়কোবিদঃ অশ্বচালনাদৌ দক্ষঃ । হেম্না পরিষ্কারঃ শোভা যস্য তম্ ॥২৫॥

ভীমেতি । প্রাপ্তকালং কালোচিতং প্রেষণম্ । কশ্মলং স্নেহাতিরেকান্মোহম্ ॥২৬॥

স ইতি । কশ্মলসমাবিষ্টো ভ্রাতৃস্নেহান্মোহাকুলতাপ্রাপ্তঃ ॥২৭॥

য ইতি । দেবান্ খাণ্ডবদাহে, দৈত্যান্ নিবাতকবচাদীন্ । লক্ষ্ম ধ্বজচিহ্নম্ ॥২৮॥

ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠির মনে মনে এইরূপ স্থির করিয়া সারথিকে বলিলেন—'আমাকে ভীমের নিকট লইয়া চল' ॥২৪॥

যুধিষ্ঠিরের বাক্য শুনিয়া অশ্বশাস্ত্রবিশারদ সারথি স্বর্ণশোভিত রথখানাকে ভীমের নিকট লইয়া গেল ॥২৫॥

তখন যুধিষ্ঠির ভীমের নিকট উপস্থিত হইয়া কালোচিত কর্ত্তব্য স্মরণ করিয়া সেই সেই বহু বিষয় আদেশ করিবার পক্ষে আকুলচিত্ত হইলেন ॥২৬॥

রাজা ! কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির ভ্রাতৃস্নেহে আকুল হইয়া ভীমসেনকে আহ্বান করিয়া এই কথা বলিলেন—॥২৭॥

'ভীমসেন ! সেই যিনি একরথে গন্ধর্ব্বগণের সহিত দেবগণকে এবং দৈত্যগণকে জয় করিয়াছিলেন, তোমার সেই কনিষ্ঠ ভ্রাতার চিহ্ন দেখিতে পাইতেছি না ! ॥২৮॥

(২৮) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি। (২৯) পূর্বার্দ্ধাৎ পরম্ 'ভীমসেন উবাচ' বঙ্গ বর্দ্ধ।

পুরা হি দুঃখদীর্ণানাং ভবান্ গতিরভূদ্ধি নঃ।
উত্তিষ্ঠোত্তিষ্ঠ রাজেন্দ্র! শাধি কিং করবাণি তে ॥৩০॥
ন হ্যসাধ্যমকার্য্যং বা বিদ্যতে মম মানদ!।
আজ্ঞাপয় কুরুশ্রেষ্ঠ! মা চ শোকে মনঃ কৃথাঃ ॥৩১॥
তমব্রবীদশ্রুপূর্ণঃ কৃষ্ণসর্প ইব শ্বসন্।
ভীমসেনমিদং বাক্যং প্রম্লানবদনো নৃপঃ ॥৩২॥
শ্রূয়তে পাঞ্চজন্যস্য যথা শঙ্খস্য নিস্বনঃ।
পূরিতো বাসুদেবেন সংরব্ধেন যশস্বিনা ॥৩৩॥
নূনমদ্য হতঃ শেতে তব ভ্রাতা ধনঞ্জয়ঃ।
তস্মিন্ বিনিহতে নূনং যুধ্যতেঽসৌ জনার্দ্দনঃ ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত ইতি। তথা গতং মোহেনোপবিষ্টম্, উত্তিষ্ঠোত্তিষ্ঠেতি পরত্রাভিধানাৎ ॥২৯॥
পুরেতি। পুরা অর্জ্জুনস্যাস্ত্রশিক্ষার্থস্বর্গগমনাদিকালে। শাধি উপদিশ ॥৩০॥
নেতি। হে মানদ! মাননীয়ানাং মানকারক!। মা কৃথা ন কুরু ॥৩১॥
তমিতি। অশ্রুপূর্ণঃ, অর্জ্জুনানিষ্টাশঙ্কাবশাদেবেতি ভাবঃ ॥৩২॥
শ্রূয়ত ইতি। পূরিতো মুখবায়ুপূরণেন জনিতঃ, সংরব্ধেন ক্রুদ্ধেন। নূনং ধ্রুবম্ ॥৩৩ ৩৪॥

তখন ভীমসেন মোহে উপবিষ্ট যুধিষ্ঠিরকে বলিলেন—'আমি আপনার এরূপ মোহ কখনও দেখি নাই, বা শুনিও নাই ॥২৯॥

রাজশ্রেষ্ঠ! পূর্ব্বে আমরা যখন দুঃখে আকুল হইয়া পড়িতাম, তখন আপনিই আমাদিগকে আশ্বস্ত করিতেন। অতএব আপনি উঠুন উঠুন, আদেশ করুন, আমি আপনার কি করিব ॥৩০॥

মানী লোকের সম্মানকারক কৌরবশ্রেষ্ঠ! জগতে আমার অসাধ্য বা অকর্ত্তব্য কোন কার্য্য নাই। সুতরাং আপনি আদেশ করুন, শোকের দিকে মন দিবেন না' ॥৩১॥

তখন অশ্রুপূর্ণনয়ন ও মলিনবদন যুধিষ্ঠির কৃষ্ণসর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া ভীমসেনকে এই কথা বলিলেন—॥৩২॥

'ভীমসেন! যশস্বী কৃষ্ণ ক্রুদ্ধ হইয়া পাঞ্চজন্যশঙ্খের ধ্বনি করিতেছেন, তাহা যখন শুনা যাইতেছে, তখন নিশ্চয়ই তোমার ভ্রাতা অর্জ্জুন নিহত হইয়া শয়ন করিয়াছেন এবং তিনি নিহত হওয়ায় নিশ্চয়ই কৃষ্ণ যুদ্ধ করিতেছেন ॥৩৩—৩৪॥

(৩১) অতঃ পরম্, 'সঞ্জয় উবাচ' নি। (৩২)···কৃষ্ণোরগ ইব···পি।

যস্য সত্ত্ববতো বীর্য্যমুপজীবন্তি পাণ্ডবাঃ।
যং ভয়েম্বনুগচ্ছন্তি সহস্রাক্ষমিবামরাঃ ॥৩৫॥
স শূরঃ সৈন্ধবপ্রেপ্সুরন্বয়াদ্ভারতীং চমূম্।
তস্য বৈ গমনং বিদ্মো ভীম! নাবর্ত্তনং পুনঃ ॥৩৬॥ (যুগ্মকম্)
শ্যামো যুবা গুড়াকেশো দর্শনীয়ো মহাভুজঃ।
ব্যূঢ়োরস্কো বৃষস্কন্ধো মত্তবারণবিক্রমঃ ॥৩৭॥
চকোরনেত্রস্তাম্রাক্ষো দ্বিষতামঘবর্দ্ধনঃ।
তদিদং মম ভদ্রং তে শোকস্থানমরিন্দম! ॥৩৮॥ (যুগ্মকম্)
অর্জ্জুনার্থং মহাবাহো! সাত্বতস্য চ কারণাৎ।
বর্দ্ধতে হবিষেবাগ্নিরিধ্যমানঃ পুনঃ পুনঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

যস্যেতি। সত্ত্ববতো বলবতঃ। সহস্রাক্ষমিন্দ্রম্। সঃ অর্জ্জুনঃ, সৈন্ধবপ্রেপ্সুর্জয়দ্রথং গ্রহীতুমিচ্ছুঃ, অন্বয়াৎ অন্বগচ্ছৎ, ভারতীং কৌরবীম্। বিদ্মো জানীমঃ ॥৩৫—৩৬॥

শ্যাম ইতি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশো নিয়ন্তা সর্বদা সতর্ক ইত্যর্থঃ। ব্যূঢ়ং দৃঢ়বিশালম্ উরো বক্ষো যস্য সঃ। অঘবর্দ্ধনঃ শোকবর্দ্ধনঃ। তে তব ভদ্রং মঙ্গলমস্তু ॥৩৭—৩৮॥

অর্জ্জুনেতি। সাত্বতস্য সাত্যকেঃ। বর্দ্ধতে শোক ইতি শেষঃ। ইধ্যমানো দীপ্যমানঃ ॥৩৯॥

ভীম! পাণ্ডবেরা যে বলবানের বল অবলম্বন করিয়া রহিয়াছেন এবং দেবতারা যেমন ভয় উপস্থিত হইলে ইন্দ্রের অনুসরণ করেন, সেইরূপ পাণ্ডবেরা ভয় উপস্থিত হইলে যাঁহার অনুসরণ করিয়া থাকেন, সেই বীর (অর্জ্জুন) জয়দ্রথকে আক্রমণ করিবার ইচ্ছায় কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিয়াছেন। কিন্তু তাঁহার গমনের বিষয়ই জানি, ফিরিয়া আসিবার বিষয় আর জানি না ॥৩৫—৩৬॥

তিনি শ্যামবর্ণ, যুবক, সর্ব্বদা সতর্ক, সুদৃশ্যমূর্ত্তি, মহাবাহু, দৃঢ় ও বিশালবক্ষা, বৃষের ন্যায় উন্নতস্কন্ধ, মত্ত হস্তীর ন্যায় বিক্রমশালী, চকোরের ন্যায় সুন্দর ও তাম্রনয়ন এবং শত্রুগণের শোকবর্দ্ধক। অরিন্দম! তাঁহার এই ঘটনাই আমার শোকের কারণ। তোমার মঙ্গল হউক ॥৩৭—৩৮॥

মহাবাহু! ঘৃতদ্বারা প্রজ্জ্বালিত করিলে অগ্নি যেমন বৃদ্ধি পায়, সেইরূপ অর্জ্জুন ও সাত্যকির জন্য আমার শোক অতিশয় বৃদ্ধি পাইতেছে ॥৩৯॥

---

(৩৫)…ন্ত্যপজীবন্তি…অভিগচ্ছন্তি · বা নি। (৩৭)…দর্শনীয়ো মহারথঃ। ব্যূঢ়োরস্কো মহাবাহুঃ…বঙ্গ বর্দ্ধ বা নি।

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

দ্রোণপর্ব্ব

নবমখণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকস্কুরিবর্ত্মস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৪৪ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং ১৲ সাধারণপক্ষে মূল্যং ১।০

তস্য লক্ষ্ম ন পশ্যামি তেন বিন্দামি কশ্মলম্।
তং বিদ্ধি পুরুষব্যাঘ্রং সাত্বতঞ্চ মহারথম্ ॥৪০॥
স ত্বং মহারথং পশ্চাদনুযাতস্তবানুজম্।
তমপশ্যন্ মহাবাহুমহং বিন্দামি কশ্মলম্ ॥৪১॥
পার্থে তস্মিন্ হতে চৈব যুধ্যতে নূনমগ্রণীঃ।
সহায়ো নাস্য বৈ কশ্চিত্তেন বিন্দামি কশ্মলম্ ॥৪২॥
একঃ কৃষ্ণো রণে নূনং যুধ্যতে যুদ্ধদুর্ম্মদঃ।
যস্য বীর্য্যবতো বীর্য্যমুপজীবন্তি পাণ্ডবাঃ ॥৪৩॥
নহি শুধ্যতি মে ভাবস্তয়োরেবং পরন্তপ !।
স তত্র গচ্ছ কৌন্তেয় ! যত্র যাতো ধনঞ্জয়ঃ ॥৪৪॥
সাত্যকিশ্চ মহাবীর্য্যঃ কর্ত্তব্যং যদি মন্যসে।
বচনং মম ধর্ম্মজ্ঞ ! জ্যেষ্ঠো ভ্রাতা ভবামি তে ॥৪৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। লক্ষ্ম চিহ্নম্। বিন্দামি প্রাপ্নোমি, কশ্মলং মোহম্ ॥৪০॥
স ইতি। স আসক্তিবশাৎ সাত্যকিঃ। অনুজমর্জ্জুনম্। ত্বং সাত্যকিম্ ॥৪১॥
পার্থ ইতি। পার্থে অর্জ্জুনে। অগ্রণীর্বীরাণামগ্রগণ্যঃ কৃষ্ণঃ ॥৪২॥
নন্বু বীরাণামগ্রণীত্বাত্তত্র কিং ভয়মিত্যাহ এক ইতি। একো নিঃসহায়ঃ ॥৪৩॥
নহীতি। শুধ্যতি প্রসীদতি, ভাব আত্মা। সাত্যকিশ্চ যত্র যাত ইতি সম্বন্ধঃ ॥৪৪—৪৫॥

তাঁহাদের চিহ্ন দেখিতেছি না; সেই জন্যই উদ্বেগে আকুল হইয়াছি। অতএব ভীম ! তুমি সেই পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনের ও মহারথ সাত্যকির সংবাদ অবগত হও ॥৪০॥

সেই সাত্যকি পরে তোমার কনিষ্ঠভ্রাতা মহারথ অর্জ্জুনের অনুসরণ করিয়াছেন; আমি সেই মহাবাহুকেও না দেখিয়া উদ্বেগে আকুল হইয়াছি ॥৪১॥

নিশ্চয়ই অর্জ্জুন নিহত হইলে পর বীরাগ্রগণ্য কৃষ্ণ যুদ্ধ করিতেছেন; অথ চ উঁহার কেহই সহায় নাই। তাহাতেই আমি উদ্বেগে বিহ্বল হইয়া পড়িয়াছি ॥৪২॥

পাণ্ডবেরা যে বলবানের বল অবলম্বন করিয়া রহিয়াছেন, সেই যুদ্ধদুর্দ্ধর্ষ কৃষ্ণ নিশ্চয়ই একাকী রণস্থলে যুদ্ধ করিতেছেন ॥৪৩॥

ন তেঽর্জ্জুনস্তথা জ্ঞেয়ো জ্ঞাতব্যঃ সাত্যকির্যথা।
চিকীর্ষুর্মৎপ্রিয়ং পার্থ! স যাতঃ সব্যসাচিনঃ।
পদবীং দুর্গমাং ঘোরামগম্যামকৃতাত্মভিঃ ॥৪৬॥
দৃষ্ট্বা কুশলিনৌ কৃষ্ণৌ সাত্বতঞ্চৈব সাত্যকিম্।
সংবিদং মম কুর্য্যাস্ত্বং সিংহনাদেন পাণ্ডব! ॥৪৭॥

ভীম উবাচ।

ব্রহ্মেশানেন্দ্রবরুণানবহদ্ যঃ পুরা রথঃ।
তমাস্থায় গতৌ কৃষ্ণৌ ন তয়োর্বিদ্যতে ভয়ম্ ॥৪৮॥

ভারতকৌমুদী

নেতি। চিকীর্ষুঃ কর্ত্তুমিচ্ছুঃ। অকৃতাত্মভির্যুদ্ধশিক্ষায়ামকৃতযত্নৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥

দৃষ্ট্বেতি। সংবিদং সঙ্কেতম্, "সংবিৎ সঙ্কেতকেঽপি স্যাৎ" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥৪৭॥

ব্রহ্মেতি। ঈশানঃ শিবঃ। আস্থায় আরুহ্য, কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥৪৮॥

ভারতভাবদীপঃ

ব্যূহেষ্বিতি ॥১—৫॥ বানরর্ষভলক্ষণং বানরপ্রধানং ধ্বজম্, বরবানরকেতনমিতি পাঠে বা ॥৬—১২॥ সত্যো দৃঢ়প্রতিজ্ঞঃ ॥১৮—২২॥ সাত্যকিং প্রতি বিধানং কৃতমিত্যন্বয়ঃ ॥২৩—৩৭॥ চকোরনেত্রো রক্তান্তায়তনয়নঃ, তাম্রাস্যো রক্তগৌরমুখঃ ॥৩৮—৪৬॥ সংবিদং

অতএব পরন্তপ কুন্তীনন্দন! তাঁহাদের এই অবস্থা চলিতে থাকায় আমার মন শুদ্ধ (নিরুদ্বেগ) হইতেছে না। ভীম! আমি তোমার জ্যেষ্ঠভ্রাতা হই। সুতরাং ধর্ম্মজ্ঞ! তুমি যদি আমার বাক্য রক্ষণীয় বলিয়া মনে কর, তবে মহাবীর অর্জ্জুন ও সাত্যকি যেখানে রহিয়াছেন, তুমি সেইখানে যাও ॥৪৪—৪৫॥

পৃথানন্দন! তোমার যেভাবে সাত্যকির সংবাদ জানিতে হইবে, সেভাবে অর্জ্জুনের সংবাদ জানিতে হইবে না। সাত্যকি আমার প্রিয়কার্য্য করিবার ইচ্ছা করিয়া যুদ্ধানভিজ্ঞ লোকের অগম্য ভয়ঙ্কর দুর্গম অর্জ্জুনের পথে গিয়াছেন ॥৪৬॥

পাণ্ডুনন্দন! তুমি—কৃষ্ণ, অর্জ্জুন ও সাত্যকিকে কুশলী দেখিয়া সিংহনাদ করিয়া আমাকে সেই সঙ্কেত জানাইবে ॥৪৭॥

ভীম বলিলেন—'মহারাজ! যে রথ পূর্ব্বে ব্রহ্মা, রুদ্র, ইন্দ্র ও বরুণকে বহন করিত, সেই রথে আরোহণ করিয়া কৃষ্ণ ও অর্জ্জুন গিয়াছেন। সুতরাং তাঁহাদের কোন ভয় নাই ॥৪৮॥

(৪৬) ন মেঽর্জ্জুনস্তথা জ্ঞেয়ঃ···বা নি। (৪৭) ইতঃ পরম্ 'চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '·· ষড়্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

আজ্ঞাং তে শিরসা বিভ্রদেষ গচ্ছামি মা শুচঃ।
সমেত্য তান্ নরব্যাঘ্রাংস্তব দাস্যামি সংবিদম্ ॥৪৯॥

সঞ্জয় উবাচ।

এতাবদুক্ত্বা প্রযযৌ পরিহায় যুধিষ্ঠিরম্।
ধৃষ্টদ্যুম্নায় বলবান্ সুহৃদ্ভ্যশ্চ পুনঃ পুনঃ ॥৫০॥
ধৃষ্টদ্যুম্নঞ্চেদমাহ ভীমসেনো মহাবলঃ।
বিদিতং তে মহাবাহো! যথা দ্রোণো মহারথঃ।
গ্রহণে ধর্ম্মরাজস্য সর্বোপায়েন বর্ত্ততে ॥৫১॥
ন চ মে গমনে কৃত্যং তাদৃক্ পার্ষত! বিদ্যতে।
যাদৃক্ সংরক্ষণং দ্রোণাদ্রাজ্ঞঃ কৃত্যতমং হি নঃ ॥৫২॥
এবমুক্তোঽস্মি পার্থেন প্রতিবক্তুং ন চোৎসহে।
প্রযাস্যে তত্র যত্রাজৌ মুমূর্ষুঃ সৈন্ধবঃ স্থিতঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

তর্হি কিং ন গমিষ্যসীত্যাহ আজ্ঞামিতি। বিভ্রৎ ধারয়ন্। সংবিদং সঙ্কেতম্ ॥৪৯॥
এতাবদিতি। প্রযযৌ ভীমঃ প্রযাতুমুদযুঙ্ক্তে স্ম, পরিহায় নিক্ষিপ্য ॥৫০॥
ধৃষ্টেতি। বর্ত্ততে অভিলাষীতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১॥
নেতি। কৃত্যং প্রয়োজনম্। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য, কৃত্যতমং প্রধানং প্রয়োজনম্ ॥৫২॥

তথাপি আপনার আদেশ মস্তকে ধারণ করিয়া এই আমি যাইতেছি, আপনি শোক করিবেন না। আমি সেই নরশ্রেষ্ঠগণের নিকটে যাইয়া আপনার নিকট সঙ্কেত করিব' ॥৪৯॥

সঞ্জয় বলিলেন—'বলবান্ ভীমসেন এইটুকুমাত্র বলিয়া ধৃষ্টদ্যুম্ন ও অন্যান্য বন্ধুগণের নিকটে যুধিষ্ঠিরকে বার বার গচ্ছিত রাখিয়া গমন করিবার উদ্‌যোগ করিলেন ॥৫০॥

এবং মহাবল ভীমসেন ধৃষ্টদ্যুম্নকে এই কথা বলিলেন—'মহাবাহু! আপনার জানা আছে যে, মহারথ দ্রোণ সমস্ত উপায়ে যুধিষ্ঠিরকে ধরিবার অভিলাষী আছেন ॥৫১॥

অতএব পৃষতনন্দন! দ্রোণ হইতে রাজাকে রক্ষা করা আমাদের যেরূপ প্রধান প্রয়োজন, আমার গমনে সেরূপ প্রয়োজন নাই ॥৫২॥

(৫১) পার্ষতঞ্চাব্রবীদ্বীরম্…পি। (৫২) · যাদৃশং রক্ষণে রাজ্ঞঃ কার্য্যমাত্যয়িকং হি নঃ—বা নি। (৫৩)…যত্রাসৌ…বা নি।

ধর্ম্মরাজস্য বচনে স্থাতব্যমবিশঙ্কয়া।
যাস্যামি পদবীং ভ্রাতুঃ সাত্বতস্য চ ধীমতঃ ॥৫৪॥
সোঽস্য যত্তো রণে পার্থং পরিরক্ষ যুধিষ্ঠিরম্।
এতদ্ধি সর্বকার্য্যাণাং পরমং কৃত্যমাহবে ॥৫৫॥
তমব্রবীন্মহারাজ! ধৃষ্টদ্যুম্নো বৃকোদরম্।
ঈপ্সিতং তে করিষ্যামি গচ্ছ পার্থাবিচারয়ন্ ॥৫৬॥
নাহত্বা সমরে দ্রোণো ধৃষ্টদ্যুম্নং কথঞ্চন।
নিগ্রহং ধর্ম্মরাজস্য করিষ্যতি মহাহবে ॥৫৭॥
ততো নিক্ষিপ্য রাজানং ধৃষ্টদ্যুম্নে মহাত্মনি।
অভিবাদ্য গুরুং জ্যেষ্ঠং প্রযযৌ যত্র ফাল্গুনঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

এবমিতি। পার্থেন যুধিষ্ঠিরেণ। ন চোৎসহে অনুজ্ঞাতুং চ শক্নোমি ॥৫৩॥
ধর্ম্মেতি। পদবীং পন্থানম্, ভ্রাতুরর্জ্জুনস্য, সাত্বতস্য সাত্যকেঃ ॥৫৪॥
স ইতি। যত্তো যত্নবান্ সন্। কৃত্যং কার্য্যম্, আহবে যুদ্ধে ॥৫৫॥
তমিতি। ঈপ্সিতমভীষ্টং ধর্ম্মরাজস্য রক্ষণম্ ॥৫৬॥
নেতি। নিগ্রহং পরাভূয় গ্রহণম্, করিষ্যতি কর্ত্তুং শক্ষ্যতি ॥৫৭॥
তত ইতি। জ্যেষ্ঠং যুধিষ্ঠিরম্, প্রযযৌ প্রয়াতুমারেভে ॥৫৮॥

তথাপি রাজা আমাকে এইরূপ বলিয়াছেন। সুতরাং তাহার প্রতিবাদ করিতে পারি না। মুমূর্ষু জয়দ্রথ রণস্থলে যেখানে রহিয়াছে, অবশ্যই সেখানে যাইব ॥৫৩॥

বিনা বিচারে ধর্ম্মরাজের বাক্যের অধীন হইয়া আমাকে থাকিতে হইবে। সুতরাং আমি ভ্রাতা অর্জ্জুনের ও ধীমান্ সাত্যকির পথে যাইব ॥৫৪॥

অতএব আপনি আজ যুদ্ধে যত্নবান্ হইয়া পৃথানন্দন যুধিষ্ঠিরকে রক্ষা করিতে থাকুন। ইহাই যুদ্ধে সমস্ত কার্য্যের মধ্যে আপনার প্রধান কার্য্য' ॥৫৫॥

মহারাজ! তখন ধৃষ্টদ্যুম্ন ভীমসেনকে বলিলেন—'পৃথানন্দন! আমি আপনার অভীষ্ট কার্য্য করিব; আপনি নিঃশঙ্কচিত্তে যাইতে পারেন ॥৫৬॥

দ্রোণ যুদ্ধে ধৃষ্টদ্যুম্নকে বধ না করিয়া কোন প্রকারেই মহাযুদ্ধে ধর্ম্মরাজকে ধরিতে পারিবেন না' ॥৫৭॥

(৫৪)…স্থাতব্যমিতি পার্ষত!… পি। (৫৭) ময়ি জীবতি কৌন্তেয়! ভারদ্বাজঃ কথঞ্চন।…প্রকরিষ্যতি সংযুগে—পি। (৫৮)…ধৃষ্টদ্যুম্নায় পাণ্ডবঃ…বঙ্গ বর্দ্ধ,…ধৃষ্টদ্যুম্নে চ পাণ্ডবম্…বা নি।

পরিষ্বক্তশ্চ কৌন্তেয়ো ধর্ম্মরাজেন ভারত ! ।
আঘ্রাতশ্চ তথা মূর্দ্ধ্নি শ্রাবিতশ্চাশিষঃ শুভাঃ ॥৫৯॥
ভীমসেনো মহাবাহুঃ কবচী শুভকুণ্ডলী ।
সগদঃ সতলত্রাণঃ স রথী রথিনাং বরঃ ॥৬০॥
তস্য কাঞ্চায়সং বর্ম্ম হেমচিত্রং মহর্দ্ধিমৎ ।
বিবভৌ পর্ব্বতং শ্লিষ্টঃ সবিদ্যুদিব তোয়দঃ ॥৬১॥
পীতরক্তাসিতসিতৈর্বাসোভিশ্চ সুবেষ্টিতঃ ।
কণ্ঠত্রাণেন চ বভৌ সেন্দ্রায়ুধ ইবাম্বুদঃ ॥৬২॥

ভারতকৌমুদী

পরীতি। পরিষ্বক্ত আলিঙ্গিতঃ, কৌন্তেয়ো ভীমসেনঃ ॥৫৯॥

ভীমেতি। রথিনাং বরঃ স মহাবাহুর্ভীমসেনঃ, কবচী, শুভকুণ্ডলী সুন্দরকুণ্ডলযুগলবান্, সগদো গদয়া সহিতঃ, সতলত্রাণো হস্তাবাপযুক্তঃ, রথী রথারোহী চ বভূব ॥৬০॥

তস্যেতি। কৃষ্ণস্য সারভূততয়া কৃষ্ণবর্ণস্য অয়সো লৌহস্যেদমিতি কাঞ্চায়সম্। মহর্দ্ধিমৎ মহামূল্যম্। শ্লিষ্ট আশ্রিতঃ। কর্ত্তরি ক্তঃ। তোয়দো মেঘঃ ॥৬১॥

পীতেতি। অসিতানি কৃষ্ণানি, সিতানি শুক্লানি। কণ্ঠত্রাণেন কণ্ঠাবরণেন ॥৬২॥

ভারতভাবদীপঃ

জ্ঞাপনম্ ॥৪৭—৫১॥ আত্যয়িকম্ অতিশয়িতম্, দ্বিশব্দোঽভিমুখীকরণে, এবমনন্তরোক্তম্ ॥৫২—৬৬॥ (পাঠান্তরে) "অনলো গোহিরণ্যঞ্চ দূর্ব্বা গোরোচনামৃতম্। অক্ষতং দধি

তাহার পর ভীমসেন যুধিষ্ঠিরকে মহাত্মা ধৃষ্টদ্যুম্নের হস্তে গচ্ছিত রাখিয়া গুরু জ্যেষ্ঠভ্রাতা যুধিষ্ঠিরকে অভিবাদন করিয়া—যেখানে অর্জ্জুন ছিলেন সেই দিকে গমন করিবার উদ্‌যোগ করিলেন ॥৫৮॥

ভরতনন্দন ! তখন যুধিষ্ঠির ভীমসেনকে আলিঙ্গন ও তাঁহার মস্তকাঘ্রাণ করিলেন এবং তাঁহাকে বহুতর শুভাশীর্ব্বাদ শুনাইলেন ॥৫৯॥

রথিশ্রেষ্ঠ ও মহাবাহু ভীমসেন কবচ, সুন্দর দুইটী কুণ্ডল, গদা ও চর্ম্ম-নির্ম্মিত হস্তাবরণ ধারণ করিয়া রথে আরোহণ করিলেন ॥৬০॥

তখন কৃষ্ণবর্ণলৌহ-(ইস্পাত) নির্ম্মিত, স্বর্ণখচিত ও মহামূল্য ভীমের বর্ম্মটা—পর্ব্বতাশ্লিষ্ট বিদ্যুৎসংযুক্ত মেঘের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৬১॥

(৫৯)…ধর্ম্মরাজেন মাকৃতিঃ…বা নি। ইতঃ পরমিদং শ্লোকত্রয়মধিকম্—'কৃত্বা প্রদক্ষিণং বিপ্রানর্চ্চিতাংস্তুষ্টমানসান্। আলভ্য মঙ্গলান্যষ্টৌ পীত্বা কৈরাতকং মধু॥ দ্বিগুণদ্রবিণো ধীমান্ মদবিহ্বললোচনঃ। বিপ্রৈঃ কৃতস্বস্ত্যয়নো বিজয়োৎপাদসূচিতঃ॥ পশ্যন্নিবাত্মনো বৃদ্ধিং বিজয়ানন্দকারিণীম্। অনুলোমানিলৈশ্চাশু প্রচোদিতজয়োদয়ঃ॥' পি বঙ্গ বর্দ্ধ বা।
(৬০)…সাঙ্গদঃ সতলত্রাণঃ… পি,…অঙ্গদী সতলত্রাণঃ…বঙ্গ বর্দ্ধ।

প্রয়াতে ভীমসেনে তু তব সৈন্যং যুযুৎসয়া।
পাঞ্চজন্যরবো ঘোরঃ পুনরাসীদ্বিশাংপতে ! ॥৬৩॥
তং শ্রুত্বা নিনদং ঘোরং ত্রৈলোক্যত্রাসনং মহৎ।
পুনর্ভীমং মহাবাহুং ধর্ম্মরাজোঽভ্যভাষত ॥৬৪॥
এষ বৃষ্ণিপ্রবীরেণ ধ্মাতঃ সলিলজো মহান্।
পৃথিবীঞ্চান্তরীক্ষঞ্চ নিনাদয়তি শঙ্খরাট্ ॥৬৫॥
নূনং ব্যসনমাপন্নে সুমহৎ সব্যসাচিনি।
কুরুভির্যুধ্যতে সার্দ্ধং সর্ব্বৈশ্চক্রধরঃ স্বয়ম্ ॥৬৬॥
নূনমার্য্যা মহৎ কুন্তী পাপমদ্য নিদর্শনম্।
দ্রৌপদী চ সুভদ্রা চ পশ্যন্তি সহ বন্ধুভিঃ ॥৬৭॥
স ভীম ! ত্বরয়া যুক্তো যাহি যত্র ধনঞ্জয়ঃ।
মুহ্যন্তীব হি মে সর্ব্বা ধনঞ্জয়দিদৃক্ষয়া ॥৬৮॥

ভারতকৌমুদী

প্রেতি। প্রয়াতে প্রয়াতুমুদ্যতে। যুযুৎসযা যোদ্ধুমিচ্ছয়া ॥৬৩॥
তমিতি। মহদিতি ক্লীবত্বমার্ষম্। ভীমং ভীমসেনম্ ॥৬৪॥
এষ ইতি। বৃষ্ণিপ্রবীরেণ কৃষ্ণেন, ধ্মাতো মুখবায়ুনা পূরিতঃ ॥৬৫॥
নূনমিতি। ব্যসনং বিপদম্, আপন্নে প্রহারেণ প্রাপ্তে। চক্রধরঃ কৃষ্ণঃ ॥৬৬॥
নূনমিতি। পাপং পাপজনিতানিষ্টসূচকম্, নিদর্শনং লক্ষণম্ ॥৬৭॥

আর ভীমসেনও পীত, রক্ত, কৃষ্ণ ও শুক্লবর্ণ বস্ত্রে পরিবেষ্টিত হইয়া কণ্ঠত্রাণ ধারণ করিয়া ইন্দ্রায়ুধযুক্ত মেঘের তুল্য শোভা পাইতে থাকিলেন ॥৬২॥

নরনাথ ! ক্রমে ভীমসেন যুদ্ধ করিবার ইচ্ছায় আপনার সৈন্যের দিকে প্রস্থান করিবার উদ্যম করিলে, পুনরায় ভয়ঙ্কর পাঞ্চজন্যশঙ্খের ধ্বনি হইল ॥৬৩॥

ত্রিভুবনের ত্রাসজনক সেই ভয়ঙ্কর মহাধ্বনি শুনিয়া যুধিষ্ঠির পুনরায় মহাবাহু ভীমসেনকে বলিলেন—॥৬৪॥

'এই জলজাত শঙ্খরাজ পাঞ্চজন্য কৃষ্ণের মুখবায়ুতে পূর্ণ হইয়া পৃথিবী ও আকাশ নিনাদিত করিতেছে ॥৬৫॥

নিশ্চয়ই অর্জ্জুন মহাবিপদাপন্ন হইলে, স্বয়ং কৃষ্ণই সমস্ত কৌরবের সহিত যুদ্ধ করিতেছেন ॥৬৬॥

নিশ্চয়ই আজ পূজনীয়া কুন্তীদেবী, দ্রৌপদী ও সুভদ্রা অন্যান্য বন্ধুদের সহিত অনিষ্টসূচক লক্ষণ সকল দেখিতেছেন ॥৬৭॥

দিশশ্চ প্রদিশশ্চৈব পার্থ! সাত্বতকারণাৎ।
গচ্ছ গচ্ছেতি গুরুণা সোঽনুজ্ঞাতো বৃকোদরঃ ॥৬৯॥ (যুগ্মকম্)
ততঃ পাণ্ডুসুতো রাজন্! ভীমসেনঃ প্রতাপবান্।
বদ্ধগোধাঙ্গুলীত্রাণঃ প্রগৃহীতশরাসনঃ ॥৭০॥
জ্যেষ্ঠেন প্রহিতো ভ্রাত্রা ভ্রাতা ভ্রাতুঃ প্রিয়ঙ্করঃ।
আহত্য দুন্দুভিং ভীমঃ শঙ্খং প্রধ্মাপ্য চাসকৃৎ ॥৭১॥
বিনদ্য সিংহনাদাংশ্চ জ্যাং বিকর্ষন্ পুনঃ পুনঃ।
দর্শয়ন্ ঘোরমাত্মানমমিত্রান্ সহসাভ্যয়াৎ ॥৭২॥ (বিশেষকম্)
তমূহুর্জবনা দান্তা বিকুর্ব্বাণা হয়োত্তমাঃ।
বিশোকেনাভিসংযত্তা মনোমারুতরংহসঃ ॥৭৩॥

ভারতকৌমুদী

স ইতি। ধনঞ্জয়স্য দিদৃক্ষয়া দর্শনেচ্ছয়া। গুরুণা জ্যেষ্ঠভ্রাত্রা ॥৬৮—৬৯॥

তত ইতি। বদ্ধে ধৃতে গোধা হস্তাবাপঃ অঙ্গুলীত্রাণঞ্চ তে যেন সঃ। ভ্রাতুরর্জ্জুনস্য। বিনদ্য কৃত্বা। জ্যাং ধনুর্গুণম্। আত্মানং স্বদেহম্, অমিত্রান্ শত্রূন্ ॥৭০—৭২॥

তমিতি। জবনা বেগবন্তঃ, দান্তাঃ শিক্ষিতাঃ, বিকুর্বাণা বিশিষ্টাং গতিং কুর্ব্বন্তঃ, বিশোকেন তদাখ্যেন সারথিনা, অভিসংযত্তাঃ সর্বতো যত্নেন ধৃতাঃ, মনসো মারুতস্য বায়োরিব চ রংহো বেগো যেষাং তে, হয়োত্তমা উত্তমাশ্বাঃ, তং ভীমম্, উহুর্নীতবন্তঃ ॥৭৩॥

ভারতভাবদীপঃ

চেত্যষ্টৌ মঙ্গলানি প্রচক্ষতে ॥"। বিজয়োৎপাদসূচিকাং সূচিতবিজয়োৎপাদিকাম্। আযা নান্যা মাতেতি যাবৎ, নিদর্শনং নিমিত্তম্ ॥৬৭॥ মুহ্যন্তি মোহেনাব্রিয়ন্তে ॥৬৮—৭৩॥

অতএব ভীম! অর্জ্জুন যেখানে রহিয়াছেন, তুমি সত্বর সেখানে যাও। পৃথানন্দন! অর্জ্জুনকে দেখিবার জন্য এবং সাত্যকির জন্য আমার যেন সমস্ত দিক্ ও বিদিকের মোহ উপস্থিত হইয়াছে। সুতরাং যাও যাও' এইভাবে যুধিষ্ঠির ভীমকে আদেশ করিলেন ॥৬৮—৬৯॥

রাজা! তদনন্তর ভ্রাতার প্রিয়কার্য্যকারী, অথ চ ভয়ঙ্কর মূর্ত্তি ও প্রতাপশালী পাণ্ডুনন্দন ভীমসেন জ্যেষ্ঠসহোদরকর্ত্তৃক প্রেরিত হইয়া তলত্রাণ, অঙ্গুলীত্রাণ ও ধনু ধারণপূর্ব্বক বার বার দুন্দুভিধ্বনি, শঙ্খধ্বনি ও সিংহনাদ করিয়া বার বার ধনুর গুণ আকর্ষণ করিতে থাকিয়া নিজের ভয়ঙ্কর মূর্ত্তি দেখাইতে দেখাইতে শত্রুগণের দিকে বেগে ধাবিত হইলেন ॥৭০—৭২॥

(৬৯)…সাত্বতস্য চ কারণাৎ…বঙ্গ বর্দ্ধ বা নি। (৭২) বিনদ্য সিংহনাদেন…বা নি।
(৭৩)…বিরুবন্তো হয়োত্তমাঃ। বিশোকেন সুসংযত্তাঃ…বা নি।

আরুজন্ বিরুজন্ পার্থো জ্যাং স্পৃশংশ্চৈব পাণিনা।
সোঽনুকর্ষন্ বিকর্ষংশ্চ সেনাগ্রং সমলোড়য়ৎ ॥৭৪॥
তং প্রয়ান্তং মহাবাহুং পাঞ্চালাঃ সহসোমকাঃ।
পৃষ্ঠতোঽনুযযুঃ শূরা মঘবন্তমিবামরাঃ ॥৭৫॥
তং সসেনা মহারাজ! সোদর্য্যাঃ পর্য্যবারয়ন্।
দুঃশাসনশ্চিত্রসেনঃ কুণ্ডভেদী বিবিংশতিঃ ॥৭৬॥
দুর্ম্মুখো দুঃসহশ্চৈব বিকর্ণোঽথ শলস্তথা।
বিন্দানুবিন্দৌ সুমুখো দীর্ঘবাহুঃ সুদর্শনঃ ॥৭৭॥
বৃন্দারকঃ সুহস্তশ্চ সুষেণো দীর্ঘলোচনঃ।
অভয়ো রৌদ্রকর্ম্মা চ সুবর্ম্মা দুর্ব্বিমোচনঃ ॥৭৮॥

ভারতকৌমুদী

আরুজন্নিতি। স পার্থো ভীমঃ, পাণিনা, বিকর্ষন্ তূণাদ্বাণামুদ্ধরন্, জ্যাং ধনুর্গুণং স্পৃশন্, অনুকর্ষন্ আকর্ষংশ্চ, আরুজন্ ক্ষেপেণ পীড়য়ন্, বিরুজন্ ভগ্নং কুর্ব্বন্, সেনাগ্রং সমলোড়য়ৎ ॥৭৪॥

তমিতি। সোমকৈঃ সহেতি সহসোমকাঃ। মঘবন্তমিন্দ্রম্ ॥৭৫॥

তমিতি। সেনয়া সহেতি সসেনাঃ, সোদর্য্যাঃ সহোদরাঃ। কে তে ইত্যাহ দুঃশা

ভারতভাবদীপঃ

আরুজন্ রুন্তন্, বিরুজন্ বিরুধান্, বিকর্ষন্ অত্যর্থং কর্ষন্, সংপ্রকর্ষন্ সংপ্রকর্ষেণ বিলিখন্, বিকর্ষন্ বিক্ষিপন্ ॥৭৪—১১৪॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১০॥

তখন বেগবান্, শিক্ষিত, সুন্দরগতিশালী এবং মন ও বায়ুর ন্যায় দ্রুতগামী উত্তম অশ্বগণ সারথি বিশোককর্তৃক সযত্নে ধৃত হইয়া ভীমসেনকে বহন করিতে লাগিল ॥৭৩॥

ক্রমে ভীমসেন হস্তদ্বারা তূণীর হইতে বাণ উত্তোলন, ধনুর্গুণস্পর্শ ও তাহা আকর্ষণ করতঃ, বিপক্ষের সৈন্যদিগকে পীড়ন ও সংঘচ্যুত করিতে থাকিয়া কৌরবসেনার সম্মুখভাগ আলোড়ন করিতে লাগিলেন ॥৭৪॥

মহাবাহু ভীমসেন সেইভাবে অগ্রসর হইতে লাগিলে, দেবতারা যেমন ইন্দ্রের অনুসরণ করিতেন, সেইরূপ বীর পাঞ্চালেরা সোমকগণের সহিত মিলিত হইয়া ভীমসেনের অনুসরণ করিতে থাকিল ॥৭৫॥

(৭৪)...জ্যাং বিকর্ষংশ্চ পাণিনা। সম্প্রকর্ষন্ বিকর্ষংশ্চ...বা নি। (৭৭)...বিন্দানুবিন্দৌ দুর্দ্ধর্ষৌ...বঙ্গ বর্দ্ধ।

বিবিধৈ রথিনাং শ্রেষ্ঠাঃ সহ সৈন্যৈঃ সহানুগৈঃ।
সংযত্তাঃ সমরে শূরা ভীমসেনমুপাদ্রবন্ ॥৭৯॥ (কলাপকম্)
তান্ সমীক্ষ্য তু কৌন্তেয়ো ভীমসেনঃ পরাক্রমী।
অভ্যবর্ত্তত বেগেন সিংহঃ ক্ষুদ্রমৃগানিব ॥৮০॥
তে মহাস্ত্রাণি দিব্যানি তত্র বীরা ব্যদর্শয়ন্।
ছাদয়ন্তঃ শরৈর্ভীমং মেঘাঃ সূর্য্যমিবোদিতম্ ॥৮১॥
স তানতীত্য বেগেন দ্রোণানীকমুপাদ্রবৎ।
অগ্রতশ্চ গজানীকং শরবর্ষৈরবাকিরৎ ॥৮২॥

ভারতকৌমুদী

সনেতি। সুমুখোঽপ্যেকঃ। বৃন্দারকো নাম। সংযত্তা জয়ায় যত্নবন্তঃ ॥৭৬—৭৯॥
তানিতি। অভ্যবর্ত্তত অভ্যধাবৎ। ক্ষুদ্রা যে মৃগাঃ পশবস্তান্ ॥৮০॥
ত ইতি। দিব্যানি অলৌকিকানি। ব্যদর্শয়ন্ মধ্যে মধ্যে আবিরকুর্বন্ ॥৮১॥
স ইতি। স ভীমঃ। দ্রোণানীকমুপাদ্রবৎ তস্যৈব প্রাধান্যাদিত্যাশয়ঃ ॥৮২॥

মহারাজ! তখন সহোদরেরা সেনা লইয়া তাঁহাকে বারণ করিবার ইচ্ছা করিলেন। (অর্থাৎ) দুঃশাসন, চিত্রসেন, কুণ্ডভেদী, বিবিংশতি, দুর্ম্মুখ, দুঃসহ, বিকর্ণ, শল, বিন্দ, অনুবিন্দ, সুমুখ, দীর্ঘবাহু, সুদর্শন, বৃন্দারক, সুহস্ত, সুষেণ, দীর্ঘলোচন, অভয়, রৌদ্রকর্ম্মা, সুবর্ম্মা, ও দুর্ব্বিমোচন এই একুশ জন রথিশ্রেষ্ঠ বীর জয়ে যত্নবান্ হইয়া নানাবিধ সৈন্য ও অনুচরের সহিত ভীমসেনের দিকে ধাবিত হইলেন ॥৭৬—৭৯॥

তখন পরাক্রমশালী কুন্তীনন্দন ভীমসেন তাঁহাদিগকে দেখিয়া—সিংহ যেমন ক্ষুদ্র পশুগণের প্রতি বেগে ধাবিত হয়, সেইরূপ বেগে তাঁহাদের প্রতি ধাবিত হইলেন ॥৮০॥

ক্রমে মেঘ যেমন উদিত সূর্য্যকে আচ্ছাদন করে, সেইরূপ সেই বীরেরা বাণদ্বারা ভীমসেনকে আচ্ছাদন করতঃ অলৌকিক মহাস্ত্র সকল আবিষ্কার করিতে লাগিলেন ॥৮১॥

কিন্তু ভীমসেন বেগে তাঁহাদিগকে অতিক্রম করিয়া দ্রোণসৈন্যের দিকে ধাবিত হইলেন এবং বাণবর্ষণদ্বারা সম্মুখবর্ত্তী হস্তিসৈন্য পীড়ন করিতে থাকিলেন ॥৮২॥

(৮১)…বীরা অদর্শয়ন্…বা নি,· ·বারয়ন্তঃ শরৈঃ…বঙ্গ বর্দ্ধ।

সোঽচিরেণৈব কালেন তদ্‌গজানীকমাশুগৈঃ।
দিশঃ সর্ব্বাঃ সমং ব্যাপ্য ব্যধমৎ পবনাত্মজঃ ॥৮৩॥
ত্রাসিতাঃ শরভস্যেব গর্জ্জিতেন বনে মৃগাঃ।
প্রাদ্রবন্ দ্বিরদাঃ সর্ব্বে নদন্তো ভৈরবান্ রবান্ ॥৮৪॥
পুনশ্চাতীত্য বেগেন দ্রোণানীকমুপাদ্রবৎ।
তমবারয়দাচার্য্যো বেলোদ্‌বৃত্তমিবার্ণবম্ ॥৮৫॥
ললাটেঽতাড়য়চ্চৈনং নারাচেন স্ময়ন্নিব।
ঊর্দ্ধরশ্মিরিবাদিত্যো বিবভৌ তত্র পাণ্ডবঃ ॥৮৬॥
স মন্যমানস্ত্বাচার্য্যো মমায়ং ফাল্গুনো যথা।
ভীমঃ করিষ্যতে পূজামিত্যুবাচ বৃকোদরম্ ॥৮৭॥

ভারতকৌমুদী

স ইতি। সমং যুগপৎ, ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৮৩॥
ত্রাসিতা ইতি। শরভস্য মহাহিংস্রজন্তুবিশেষস্যেব। নদন্তঃ কুর্বন্তঃ ॥৮৪॥
পুনরিতি। আচার্য্যো দ্রোণঃ, বেলা তীরম্, উদ্‌বৃত্তং পূরোচ্ছলিতম্ ॥৮৫॥
ললাট ইতি। স্ময়ন্ ঈষদ্ধসন্ আচার্য্য ইত্যনুবৃত্তিঃ। পাণ্ডবো ভীমঃ ॥৮৬॥
স ইতি। ফাল্গুনঃ অর্জ্জুনঃ। পূজাং প্রাদক্ষিণ্যেন সম্মানম্ ॥৮৭॥

পরে পবননন্দন ভীমসেন অচিরকালমধ্যেই বাণদ্বারা একদা সমস্ত দিক্ ব্যাপ্ত করিয়া সেই হস্তিসৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥৮৩॥

তখন বনে অপর পশুগণ যেমন শরভের গর্জ্জনে ভীত হইয়া পলায়ন করে, সেইরূপ সেই সমস্ত হস্তী ভীত হইয়া ভয়ঙ্কর রব করিতে করিতে পলায়ন করিতে থাকিল ॥৮৪॥

পরে ভীমসেন সেই হস্তিসৈন্য অতিক্রম করিয়া বেগে দ্রোণসৈন্যের দিকে ধাবিত হইলেন। তখন তীর যেমন উচ্ছলিত সমুদ্রকে বারণ করে, সেইরূপ দ্রোণ ভীমকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৮৫॥

এবং দ্রোণ ঈষৎ হাস্য করতই যেন একটা নারাচদ্বারা ভীমের ললাটদেশে তাড়ন করিলেন। তখন ভীম ঊর্দ্ধরশ্মি সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৮৬॥

পরে 'অর্জ্জুনের তুল্যই এই ভীম আমার সম্মান করিবে' এইরূপ মনে করিয়া দ্রোণাচার্য্য ভীমকে এই কথা বলিলেন—॥৮৭॥

(৮৩)···দিশঃ সর্বাঃ সমভ্যেত্য···বঙ্গ বর্দ্ধ,···দিশঃ সর্বাঃ সমালোক্য ব্যধমৎ পাণ্ডুনন্দনঃ—বা নি।

ভীমসেন ! ন তে শক্যং প্রবেষ্টুমরিবাহিনীম্।
মামনির্জ্জিত্য কৌন্তেয় ! শত্রুমদ্য মহাহবে ॥৮৮॥
যদ্যসৌ তেঽনুজঃ কৃষ্ণঃ প্রবিষ্টোঽনুমতে মম।
অনীকং ন তু শক্যং মে প্রবেষ্টুমিহ বৈ ত্বয়া ॥৮৯॥
অথ ভীমস্তু তচ্ছ্রুত্বা গুরোর্বাক্যমপেতভীঃ।
ক্রুদ্ধঃ প্রোবাচ বৈ দ্রোণং রক্তাপাঙ্গেক্ষণঃ শ্বসন্ ॥৯০॥
তবার্জ্জুনো নানুমতে ব্রহ্মবন্ধো ! রণাজিরম্।
প্রবিষ্টঃ স হি দুর্দ্ধর্ষঃ শত্রুস্যাপি বিশেদ্বলম্ ॥৯১॥
যেন বৈ পরমাং পূজাং কুর্ব্বতা মানিতো হ্যসি।
নার্জ্জুনোঽহং ঘৃণী দ্রোণ ! ভীমসেনোঽস্মি তে রিপুঃ ॥৯২॥

ভারতকৌমুদী

ভীমেতি। শক্যমিতি ভাবে যপ্। অতএব "ন কর্ত্তৃকর্ম্মপ্রাপ্তৌ" ইতি কর্ম্মণি ষষ্ঠী-নিষেধাং "কাং দিশং গন্তব্যম্" ইতি কাদম্বরীপ্রয়োগবদরিবাহিনীমিতি কর্ম্মণি দ্বিতীয়ৈব ॥৮৮॥

যদীতি। কৃষ্ণোঽর্জ্জুনঃ, অনুমতে অনুমতৌ। ন শক্যম্, অনুমত্যভাবে ॥৮৯॥

অথেতি। অপেতভীঃ ত্যক্তভয়ঃ রক্তৌ ক্রোধাল্লোহিতৌ অপাঙ্গৌ প্রান্তৌ যয়োস্তে তথা ঈক্ষণে নেত্রে যস্য সঃ ॥৯০॥

তবেতি। হে ব্রহ্মবন্ধো ! ক্ষত্রিয়বৃত্তিকত্বাদ্‌ব্রাহ্মণাধম ! রণাজিরং রণাঙ্গনম্ ॥৯১॥

যেনেতি। যেনার্জ্জুনেন। সোঽর্জ্জুনঃ, ঘৃণী দয়ালুঃ ॥৯২॥

'কুন্তীনন্দন ভীমসেন ! আমি তোমাদের শত্রু। সুতরাং আজ আমাকে এই মহাযুদ্ধে জয় না করিয়া তুমি শত্রুসৈন্যমধ্যে প্রবেশ করিতে পারিবে না ॥৮৮॥

যদিও তোমার কনিষ্ঠভ্রাতা অর্জ্জুন আমার অনুমতিক্রমে প্রবেশ করিয়া থাকেন, তথাপি তুমি আমার সৈন্যমধ্যে প্রবেশ করিতে সমর্থ হইবে না' ॥৮৯॥

তদনন্তর নির্ভয়চিত্ত ভীমসেন গুরুর সেই কথা শুনিয়া ক্রুদ্ধ ও রক্তনয়ন হইয়া শ্বাস ত্যাগ করিতে থাকিয়া তাঁহাকে বলিলেন—॥৯০॥

'ব্রাহ্মণাধম ! অর্জ্জুন তোমার অনুমতিক্রমে সমরাঙ্গনে প্রবেশ করেন নাই। কেন না, তিনি দুর্দ্ধর্ষ ইন্দ্রের সৈন্যমধ্যেও প্রবেশ করিতে পারেন ॥৯১॥

দ্রোণ ! যে অর্জ্জুন তোমার বিশেষ গৌরব করিয়া সম্মান করিয়াছেন, আমি সেই দয়ালু অর্জ্জুন নহি ; আমি তোমার শত্রু ভীমসেন ॥৯২॥

(৮৯) যদি তে সানুজঃ কৃষ্ণঃ···বঙ্গ বর্দ্ধ।

পিতা নস্ত্বং গুরুর্বন্ধুস্তথা পুত্রাশ্চ তে বয়ম্।
ইতি মন্যামহে সর্ব্বে ভবন্তং প্রণতাঃ স্থিতাঃ।
অদ্য তদ্বিপরীতং তে বদতোঽস্মাসু দৃশ্যতে ॥৯৩॥
যদি শত্রুং ত্বমাত্মানং মন্যসেঽদ্য তথাস্ত্বিহ।
এষ তে সদৃশং শত্রোঃ কর্ম্ম ভীমং করোম্যহম্ ॥৯৪॥
অথোদ্‌ভ্রাম্য গদাং ভীমঃ কালদণ্ডমিবান্তকঃ।
দ্রোণায় প্রাসৃজদ্রাজন্! স রথাদবপুপ্লুবে ॥৯৫॥
সাশ্বসূতধ্বজং যানং দ্রোণস্যাপোথয়ত্তদা।
তং পুনঃ পরিবব্রুস্তে তব পুত্রা মহারথাঃ ॥৯৬॥

ভারতকৌমুদী

পিতেতি। পুত্রাঃ পুত্রতুল্যাঃ। বিপরীতম্, শত্রুমিত্যুক্তত্বাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৯৩॥
যদীতি। তথা শত্রুত্বমেব। ভীমং ভয়ানকম্ ॥৯৪॥
অথেতি। স দ্রোণঃ, অবপুপ্লুবে লম্ফনেনাবাতরৎ ॥৯৫॥
সাশ্বেতি। যানং রথম্। পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে ॥৯৬॥

আপনি আমাদের পিতৃতুল্য, গুরু ও সুহৃদ্; আবার আমরাও আপনার পুত্রতুল্য; ইহা আমরা সকলে মনে করি; তাই চিরদিন আপনার নিকট অবনত ছিলাম; কিন্তু আজ আপনি আমাদের প্রতি তাহার বিপরীত বলিতেছেন-দেখিতেছি ॥৯৩॥

যদি আজ আপনি আপনাকে আমাদের শত্রু বলিয়াই মনে করেন, তবে এখন তাহাই হউক। এই আমি আপনার সম্বন্ধে শত্রুর উপযুক্ত ভয়ঙ্কর কার্য্য করিতেছি' ॥৯৪॥

রাজা! তাহার পর যম যেমন কালদণ্ড ঘূর্ণিত করিয়া নিক্ষেপ করেন, সেইরূপ ভীম গদা ঘূর্ণিত করিয়া দ্রোণের দিকে নিক্ষেপ করিলেন। তখন দ্রোণ রথ হইতে লাফাইয়া পড়িলেন ॥৯৫॥

তখন সেই গদাটা যাইয়া অশ্ব, সারথি ও ধ্বজের সহিত দ্রোণের রথখানাকে পোথিত করিল। এই সময়ে আপনার সেই মহারথ পুত্রেরা যাইয়া পুনরায় ভীমসেনকে পরিবেষ্টন করিলেন ॥৯৬॥

(৯৩)···পুত্রা হি তে···বঙ্গ বর্দ্ধ। (৯৪)···ভীমঃ কর্ম্ম করোম্যহম্—পি,···ভীমঃ কর্ম্ম করিষ্যতি—বা নি। (৯৬) পূর্বার্দ্ধাৎ পরম্ 'প্রামৃদ্নাচ্চ বহূন্ যোধান্ বায়ুর্বৃক্ষানিবৌজসা' ইতি পাদদ্বয়মধিকং পি বা বঙ্গ বর্দ্ধ।

অন্যন্তু রথমাস্থায় দ্রোণঃ প্রহরতাং বরঃ।
বৃহদ্বারং সমাসাদ্য যুদ্ধায় সমবস্থিতঃ ॥৯৭॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! ভীমসেনঃ পরাক্রমী।
অগ্রতঃ স্যন্দনানীকং শরবর্ষৈরবাকিরৎ ॥৯৮॥
তে বধ্যমানা ভীমেন তব পুত্রা মহারথাঃ।
ভীমং ভীমবলং যুদ্ধেঽযোধয়ন্ত জয়ৈষিণঃ ॥৯৯॥
ততো দুঃশাসনঃ ক্রুদ্ধো রথশক্তিং বিচিক্ষিপে।
যমদণ্ডোপমাং গুর্ব্বীং জিঘাংসুঃ পাণ্ডুনন্দনম্ ॥১০০॥
আপতন্তীং মহাশক্তিং তব পুত্রপ্রচোদিতাম্।
দ্বিধা চিচ্ছেদ তাং ভীমস্তদদ্ভুতমিবাভবৎ ॥১০১॥

ভারতকৌমুদী

অন্যমিতি। আস্থায় আরুহ্য, প্রহরতাং যোদ্ধৃণাম্ ॥৯৭॥
তত ইতি। স্যন্দনানীকং রথিসৈন্যম্, অবাকিরৎ অপীড়য়ৎ ॥৯৮॥
ত ইতি। ভীমবলং ভয়ঙ্করশক্তিকম্ ॥৯৯॥
তত ইতি। গুর্ব্বীং মহতীম্, জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ, পাণ্ডুনন্দনং ভীমম্ ॥১০০॥
আপতন্তীমিতি। পুত্রেণ দুঃশাসনেন প্রচোদিতাং ক্ষিপ্তাম্ ॥১০১॥

ওদিকে যোদ্ধৃশ্রেষ্ঠ দ্রোণ অন্য একখানা রথে আরোহণ করিয়া বৃহদ্বারে যাইয়া যুদ্ধের জন্যই অবস্থান করিতে লাগিলেন ॥৯৭॥

মহারাজ! তাহার পর পরাক্রমশালী ভীমসেন ক্রুদ্ধ হইয়া বাণবর্ষণদ্বারা সম্মুখবর্ত্তী রথী সৈন্যদিগকে পীড়ন করিতে থাকিলেন ॥৯৮॥

ভীমসেন আঘাত করিতে থাকিলে, আপনার সেই মহারথ পুত্রেরা জয়াভিলাষী হইয়া সমরাঙ্গনে ভয়ঙ্কর শক্তিশালী ভীমের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৯৯॥

তদনন্তর দুঃশাসন ক্রুদ্ধ হইয়া ভীমসেনকে বধ করিবার ইচ্ছা করিয়া যমদণ্ডের তুল্য বিশাল একটা রথশক্তি নিক্ষেপ করিলেন ॥১০০॥

আপনার পুত্রনিক্ষিপ্ত সেই মহাশক্তি আসিতে লাগিলে, ভীমসেন সেটাকে দুই খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥১০১॥

(৯৭) অন্যঞ্চ রথমারুহ্য··· বৃহদ্বারং সমাস্থায়···পি। (৯৮) ···ভীমসেনঃ প্রতাপবান্··· পি। (১০০)···সর্বপারশবীং দীপ্তাম্···পি।

অথান্যৈস্ত্র শিতৈর্বাণৈঃ সংক্রুদ্ধঃ কুণ্ডভেদিনম্ ।
সুষেণং দীর্ঘনেত্রঞ্চ ত্রিভিস্ত্রীনবধীদ্বলী ॥১০২॥
ততো বৃন্দারকং বীরং কুরূণাং কীর্ত্তিবর্দ্ধনম্ ।
পুত্রাণাং তব শূরাণাং যুধ্যতামবধীৎ পুনঃ ॥১০৩॥
অভয়ং রৌদ্রকর্ম্মাণং দুর্বিমোচনমেব চ ।
ত্রিভিস্ত্রীনবধীদ্ভীমঃ পুনরেব সুতাংস্তব ॥১০৪॥
বধ্যমানা মহারাজ ! পুত্রাস্তব বলীয়সা ।
বাহ্যং মৃত্যুভয়ং কৃত্বা সমাবক্রুর্বৃকোদরম্ ॥১০৫॥
তে শরৈর্ভীমকর্ম্মাণং ববৃষুঃ পাণ্ডবং যুধি ।
মেঘা ইব তপাপায়ে ধারাভির্ধরণীধরম্ ॥১০৬॥
স তদ্বাণময়ং বর্ষমশ্মবর্ষমিবাচলঃ ।
প্রতীচ্ছন্ পাণ্ডুদায়াদো ন প্রাব্যথত শত্রুহা ॥১০৭॥

ভারতকৌমুদী

অথেতি । শিতৈঃ সুধারৈঃ । বলী ভীমসেনঃ ॥১০২॥
তত ইতি । বৃন্দারকং নাম । যুধ্যতাং যুধ্যমানানাম্ ॥১০৩॥
অভয়মিতি । ত্রিভির্বাণৈরিত্যনুবৃত্তিঃ ॥১০৪॥
বধ্যেতি । বলীয়সা ভীমসেনেন । বাহ্যং হৃদয়াদ্বহির্ভূতম্ ॥১০৫॥
ত ইতি । তপাপায়ে গ্রীষ্মাবসানে, ধরণীধরং পর্বতম্ ॥১০৬॥

তাহার পর বলবান্ ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া অন্য সুধার তিনটা বাণদ্বারা কুণ্ডভেদী, সুষেণ ও দীর্ঘনেত্র এই তিন জনকে বধ করিলেন ॥১০২॥

তৎপরে আবার কৌরবগণের কীর্ত্তিবর্দ্ধক এবং যুধ্যমান আপনার বীর পুত্রগণের মধ্যে মহাবীর বৃন্দারককে বিনাশ করিলেন ॥১০৩॥

পুনরায় ভীম তিনটা বাণদ্বারা আপনার পুত্র অভয়, রৌদ্রকর্ম্মা ও দুর্ব্বিমোচন এই তিন জনকে সংহার করিলেন ॥১০৪॥

মহারাজ ! বলবান্ ভীম বধ করিতে লাগিলে, আপনার অপর পুত্রেরা মৃত্যুভয় ত্যাগ করিয়া ভীমসেনকে পরিবেষ্টন করিলেন ॥১০৫॥

ক্রমে মেঘ যেমন বর্ষাকালে পর্ব্বতের উপরে জলধারা বর্ষণ করে, সেইরূপ তাঁহারা যুদ্ধে ভয়ঙ্করকর্ম্মা ভীমের উপরে বাণধারা বর্ষণ করিতে লাগিলেন ॥১০৬॥

(১০২) অথান্যৈর্নিশিতৈর্বাণৈঃ পাণ্ডবঃ কুণ্ডভেদিনম্…ত্রিভিস্তান্…পি। (১০৬)…আতপাপায়ে…পি।

বিন্দানুবিন্দৌ সহিতৌ সুবর্ম্মাণঞ্চ তে সুতম্।
প্রহসন্নিব কৌন্তেয়ঃ শরৈর্নিন্যে যমক্ষয়ম্ ॥১০৮॥
ততঃ সুদর্শনং বীরং পুত্রং তে ভরতর্ষভ !।
বিব্যাধ সমরে তূর্ণং স পপাত মমার চ ॥১০৯॥
সোঽচিরেণৈব কালেন তদ্রথানীকমাশুগৈঃ।
দিশঃ সর্ব্বাঃ সমভ্যেত্য ব্যধমৎ পাণ্ডুনন্দনঃ ॥১১০॥
ততো বৈ রথঘোষেণ গর্জিতেন মৃগা ইব।
বধ্যমানাশ্চ সমরে পুত্রাস্তব বিশাংপতে !।
প্রাদ্রবন্ সরথাঃ সর্ব্বে ভীমসেনভয়ার্দ্দিতাঃ ॥১১১॥
অনুযায় তু কৌন্তেয়ঃ পুত্রাণাং তে মহদ্বলম্।
বিব্যাধ সমরে রাজন্ ! কৌরবেয়ান্ সমন্ততঃ ॥১১২॥

ভারতকৌমুদী

স ইতি। অশ্মবর্ষং শিলাবৃষ্টিম্, অচলঃ পর্বতঃ। প্রতীচ্ছন্ গৃহ্নন্ ॥১০৭॥
বিন্দেতি। কৌন্তেয়ো ভীমঃ। যমক্ষয়ং যমালয়ম্ ॥১০৮॥
তত ইতি। সুদর্শনং নাম। বিব্যাধ ভীমঃ শরেণ তাড়য়ামাস ॥১০৯॥
স ইতি। রথানীকং রথিসৈন্যম্, আশুগৈর্বাণৈঃ। ব্যধমৎ ন্যপীড়য়ৎ ॥১১০॥
তত ইতি। গর্জিতেন সিংহস্য। প্রাদ্রবন্ পলায়ন্ত। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১১॥
অন্বিতি। কৌরবেয়ান্ ত্বৎপুত্রাংশ্চ, সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু ॥১১২॥

তখন পর্ব্বত যেমন শিলাবৃষ্টি গ্রহণ করিয়া ব্যথিত হয় না, সেইরূপ শত্রু-হন্তা ভীমসেন তাঁহাদের বাণবর্ষণ গ্রহণ করিয়া ব্যথিত হইলেন না ॥১০৭॥

পরে ভীমসেন হাসিতে হাসিতেই যেন বাণদ্বারা আপনার পুত্র সম্মিলিত বিন্দ ও অনুবিন্দকে এবং সুবর্ম্মাকে যমালয়ে প্রেরণ করিলেন ॥১০৮॥

ভরতশ্রেষ্ঠ! তৎপরে ভীম সত্বর আপনার পুত্র বীর সুদর্শনকে বিদ্ধ করিলেন; তৎক্ষণাৎ তিনি পতিত হইলেন ও প্রাণত্যাগ করিলেন ॥১০৯॥

এইভাবে ভীমসেন সকল দিকে বিচরণ করিতে থাকিয়া বাণদ্বারা অচির-কালমধ্যেই সেই রথী সৈন্যদিগকে নিপীড়ন করিলেন ॥১১০॥

নরনাথ! তদনন্তর সিংহের গর্জ্জনে হরিণগণের ন্যায় আপনার পুত্রেরা সকলে ভীমের রথের শব্দে ও আঘাতে ভয়ার্ত্ত হইয়া রথ লইয়া পলায়ন করিতে লাগিলেন ॥১১১॥

(১০৯) ইতঃ প্রভৃতি শ্লোকেষু বিবিধা এব পাঠভেদা লক্ষ্যন্তে।

বধ্যমানা মহারাজ ! ভীমসেনেন তাবকাঃ ।
ত্যক্ত্বা ভীমং রণাজ্জগ্মুশ্চোদয়ন্তো হয়োত্তমান্ ॥১১৩॥
তাংস্তু নির্জিত্য সমরে ভীমসেনো মহাবলঃ ।
সিংহনাদরবং চক্রে বাহুশব্দঞ্চ পাণ্ডবঃ ॥১১৪॥
তলশব্দঞ্চ সুমহৎ কৃত্বা ভীমো মহাবলঃ ।
ভীষয়িত্বা রথানীকং হত্বা যোধান্ বরান্ বরান্ ।
অতীত্য রথিনশ্চাপি দ্রোণানীকমুপাদ্রবৎ ॥১১৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে ভীমপ্রবেশে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০*০—

ভারতকৌমুদী

বধ্যেতি। চোদয়ন্তশ্চালয়ন্তঃ, হয়োত্তমান্ উত্তমাশ্বান্ ॥১১৩॥

তানিতি। সিংহনাদ এব রবস্তম্ ॥১১৪॥

তলেতি। তলশব্দং করতলদ্বয়ধ্বনিম্। সুমহদিতি ক্রিয়াবিশেষণম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—(::)—

রাজা ! তখন ভীমসেন আপনার পুত্রদের সেই বিশাল সৈন্যের অনুসরণ করিয়া সকল দিকেই কৌরবগণকে তাড়ন করিতে থাকিলেন ॥১১২॥

মহারাজ ! ভীমসেন বধ করিতে লাগিলে, আপনার পক্ষের যোদ্ধারা ভীমকে ত্যাগ করিয়া উত্তম অশ্বগুলিকে চালাইতে থাকিয়া রণস্থল হইতে চলিয়া গেলেন ॥১১৩॥

মহাবল পাণ্ডুনন্দন ভীমসেন এইভাবে তাঁহাদিগকে যুদ্ধে জয় করিয়া সিংহনাদ ও বাহ্বাস্ফোটন করিলেন ॥১১৪॥

ক্রমে মহাবল ভীমসেন বিশাল করতলধ্বনি করিয়া, রথী সৈন্যদের ভয় জন্মাইয়া প্রধান প্রধান যোদ্ধাকে বধ করিয়া, সেই রথীদিগকে অতিক্রমপূর্ব্বক দ্রোণসৈন্যের দিকে ধাবিত হইলেন' ॥১১৫॥

—:০:—

* '...পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '...সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা, অধ্যায়সমাপ্তির্নাস্তি নি।

একাদশাধিকশততমোহধ্যায়ঃ।

——:-০-:——

সঞ্জয় উবাচ।

তং জিঘাংসন্তমায়ান্তং পাণ্ডবং প্রহসন্ রণে।
বিবারয়িষুরাচার্য্যঃ শরবর্ষৈরবাকিরৎ ॥১॥
পিবন্নিব শরৌঘাংস্তান্ দ্রোণচাপপরিচ্যুতান্।
সোহভ্যদ্রবত সোদর্য্যান্ মোহয়ন্ মায়য়া বলম্ ॥২॥
তং মৃধে বেগমাস্থায় পরং পরমধন্বিনঃ।
চোদিতাস্তব পুত্রেণ সর্ব্বতঃ পর্য্যবারয়ন্ ॥৩॥
স তথা সংবৃতো ভীমঃ প্রহসন্নিব ভারত!।
উদযচ্ছদ্‌গদাং তেভ্যঃ সুঘোরাং সিংহবন্নদন্।
অবাসৃজচ্চ বেগেন শত্রুপক্ষবিনাশিনীম্ ॥৪॥

ভারতকৌমুদী

তমিতি। জিঘাংসন্তং বিপক্ষান্ হন্তমিচ্ছন্তম্। বিবারয়িষুর্বারয়িতুমিচ্ছুঃ ॥১॥
পিবন্নিতি। সোদর্য্যান্ ধার্ত্তরাষ্ট্রান্, মায়য়া অস্ত্রাদিকৌশলেন ॥২॥
তমিতি। পরমধন্বিনো মহাধনুর্দ্ধরাঃ। চোদিতাঃ প্রেরিতাঃ, পুত্রেণ দুর্য্যোধনেন ॥৩॥
স ইতি। উদযচ্ছৎ উদতোলয়ৎ। অবাসৃজৎ নিক্ষিপৎ। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ভীমসেন বিপক্ষদিগকে বধ করিবার ইচ্ছায় আসিতে লাগিলে, দ্রোণাচার্য্য তাঁহাকে বারণ করিবার ইচ্ছা করিয়া হাস্য করতঃ বাণবর্ষণ করিতে লাগিলেন ॥১॥

তখন ভীমসেন দ্রোণকার্ম্মুকনির্গত সেই বাণসমূহকে যেন পান করিতে থাকিয়া অস্ত্রকৌশলে শত্রুসৈন্যের মোহ উৎপাদন করতঃ ধার্ত্তরাষ্ট্রগণের দিকে ধাবিত হইলেন ॥২॥

সেই সময়ে আপনার পুত্রের (দুর্য্যোধনের) আদেশে মহাধনুর্দ্ধরেরা গুরুতর বেগ অবলম্বন করিয়া সকল দিক্ হইতে যাইয়া ভীমকে পরিবেষ্টন করিলেন ॥৩॥

ভরতনন্দন! ভীমসেন সেইরূপ পরিবেষ্টিত হইয়া হাস্য করতই যেন

(১) সমুত্তীর্ণং রথানীকং পাণ্ডবং বিহসন্ রণে···বা নি। (২)···বলমায়য়া—পি।

ইন্দ্রাশনিরিবেন্দ্রেণ প্রবিদ্ধা সুমহাত্মনা।
প্রামথ্নাৎ সা মহারাজ! সৈনিকাংস্তব সংযুগে ॥৫॥
ঘোষেণ মহতা রাজন্! পূরয়ন্তীব মেদিনীম্।
জ্বলন্তী তেজসা ভীমা ত্রাসয়ামাস তে সুতান্ ॥৬॥
তাং পতন্তীং মহাবেগাং দৃষ্ট্বা তেজোঽভিসংবৃতাম্।
প্রাদ্রবংস্তাবকাঃ সর্বে নদন্তো ভৈরবান্ রবান্ ॥৭॥
তঞ্চ শব্দমসংসহ্যং তস্যাঃ সংলক্ষ্য মারিষ!।
প্রাপতন্ মনুজাস্তত্র রথেভ্যো রথিনস্তথা ॥৮॥
তে হন্যমানা ভীমেন গদাহস্তেন তাবকাঃ।
প্রাদ্রবন্ত রণে ভীতা ব্যাঘ্রাঘ্রাতা মৃগা ইব ॥৯॥

ভারতকৌমুদী

ইন্দ্রেতি। অশনির্বজ্রম্। প্রবিদ্ধা ক্ষিপ্তা, সুমহাত্মনা অতিমহাবলেন ভীমেন ॥৫॥
ঘোষেণেতি। মেদিনীং সমরভূমিম্। ভীমা ভীষণা সা গদা ॥৬॥
তামিতি। প্রাদ্রবন্ অপাসরন্। নদন্তঃ কুর্বন্তঃ, রবান্ কোলাহলান্ ॥৭॥
তমিতি। তস্যা গদায়াঃ, সংলক্ষ্য আকর্ণ্য। মনুজাঃ পদাতয়ঃ ॥৮॥
ত ইতি। প্রাদ্রবন্ত পলায়ন্ত। ব্যাঘ্রেণ আঘ্রাতা আক্রান্তাঃ ॥৯॥

সিংহের ন্যায় গর্জ্জন করিতে থাকিয়া তাঁহাদের উদ্দেশে অতিভীষণ গদা উত্তোলনপূর্ব্বক বেগে সেই শত্রুপক্ষবিনাশিনী গদা নিক্ষেপ করিলেন ॥৪॥

মহারাজ! ইন্দ্রনিক্ষিপ্ত বজ্রের ন্যায় মহাবলভীমনিক্ষিপ্ত সেই গদাটা যাইয়া আপনার বহু সৈন্যকে মথিত করিল ॥৫॥

রাজা! সেই ভীষণ গদা নিজের বিশাল শব্দে সমরভূমিকে যেন পূর্ণ করিতে থাকিয়া এবং তেজে আলোকিত হইয়া আপনার পুত্রগণের ত্রাস উৎপাদন করিয়াছিল ॥৬॥

সেই মহাবেগা ও তেজোবেষ্টিতা গদা আসিতেছে দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারা সকলে ভয়ঙ্কর কোলাহল করিতে করিতে সরিয়া গেলেন ॥৭॥

মাননীয় রাজা! গদাটার সেই অসহ্য শব্দ শুনিয়া পদাতিরা ভূতলে পড়িয়া গেল এবং রথীরাও রথ হইতে পতিত হইলেন ॥৮॥

গদাধারী ভীমসেন বধ করিতে লাগিলে, আপনার পক্ষের সেই সৈন্যেরা ভীত হইয়া ব্যাঘ্রাক্রান্ত হরিণগণের ন্যায় পলায়ন করিতে লাগিল ॥৯॥

(৫)…প্রহিতা মহতী গদা…পি,…প্রবিদ্ধা সংহতাত্মনা…নি। (৭)…তেজোঽভিবৃংহিতাম্…পি।

স তান্ বিদ্রাব্য কৌন্তেয়ঃ সংখ্যেঽমিত্রান্ দুরাসদান্।
সুপর্ণ ইব বেগেন পক্ষিরাড়ভ্যগাচ্চমূম্ ॥১০॥
তথা তু বিপ্রকুর্ব্বাণং রথযূথপযূথপম্।
ভীমসেনং মহারাজ! ভারদ্বাজঃ সমভ্যয়াৎ ॥১১॥
দ্রোণস্তু সমরে ভীমং বারয়িত্বা শরোর্ম্মিভিঃ।
অকরোৎ সহসা নাদং পাণ্ডূনাং ভয়মাদধৎ ॥১২॥
তদ্‌যুদ্ধমাসীৎ সুমহদ্‌ঘোরং দেবাসুরোপমম্।
দ্রোণস্য চ মহারাজ! ভীমস্য চ মহাত্মনঃ ॥১৩॥
যদা তু বিশিখৈস্তীক্ষ্ণৈর্দ্রোণচাপপরিচ্যুতৈঃ।
বধ্যতে স্ম রণে বীরঃ শতশোঽথ সহস্রশঃ ॥১৪॥
তদা রথাদবপ্লুত্য বেগমাস্থায় পাণ্ডবঃ।
নিমীল্য নয়নে রাজন্! পদাতির্দ্রোণমভ্যয়াৎ ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। অমিত্রান্ শত্রূন্। সুপর্ণো গরুড়ঃ ॥১০॥
তথেতি। বিপ্রকুর্ব্বাণং বিদ্রাবয়ন্তম্, রথযূথপযূথপং রথসমূহরক্ষকসমূহরক্ষকম্ ॥১১॥
দ্রোণ ইতি। শরোর্ম্মিভির্বাণশ্রেণিভিঃ। পাণ্ডূনাং পাণ্ডবসৈন্যানাম্ ॥১২॥
তদিতি। দেবাসুরোপমং দেবাসুরযুদ্ধতুল্যম্ ॥১৩॥
যদেতি। বধ্যতে আহন্যতে। পাণ্ডবো ভীমঃ। নয়ননিমীলনং তাদৃগবস্থায়াং বীরধর্ম্মঃ। পদাতিঃ পাদচারী সন্, অভ্যয়াৎ হঠেনাক্রমণার্থমভ্যগচ্ছৎ ॥১৪—১৫॥

ভীমসেন সেই দুর্দ্ধর্ষ শত্রুগণকে যুদ্ধে পরাভূত করিয়া পক্ষিরাজ গরুড়ের ন্যায় বেগে বিপক্ষসৈন্যমধ্যে গমন করিলেন ॥১০॥

মহারাজ! বহুরথরক্ষক ভীমসেন সেইভাবে আলোড়ন করিতে লাগিলে, দ্রোণ তাঁহার দিকে ধাবিত হইলেন ॥১১॥

ক্রমে দ্রোণ বাণসমূহদ্বারা ভীমসেনকে বারণ করিয়া তৎক্ষণাৎ পাণ্ডবপক্ষের ভয় উৎপাদন করতঃ সিংহনাদ করিলেন ॥১২॥

মহারাজ! তখন দ্রোণ ও মহাবল ভীমসেনের সেই মহাযুদ্ধ দেবাসুর-যুদ্ধের ন্যায় ভয়ঙ্করভাবে হইতে লাগিল ॥১৩॥

(১২)···পাণ্ডূনাং ভয়বর্দ্ধনম্—পি। (১৩) ততস্তয়োর্মহদ্‌যুদ্ধম্·পি। (১৪)··দ্রোণ-চাপচ্যুতৈঃ শরৈঃ। বধ্যতে সমরে বীরঃ···বঙ্গ বৰ্দ্ধ,··দ্রোণচাপবিনিঃসৃতৈঃ ···বা নি। (১৫) ততো রথাদবপ্লুত্য···পি বা নি।

যথা হি গোবৃষো বর্ষং প্রতিগৃহ্লাতি লীলয়া।
তথা ভীমো নরব্যাঘ্রঃ শরবর্ষং সমগ্রহীৎ ॥১৬॥
স বধ্যমানঃ সমরে রথং দ্রোণস্য মারিষ!।
ঈষায়াং পাণিনা গৃহ্য প্রচিক্ষেপ মহাবলঃ ॥১৭॥
দ্রোণস্তু সত্বরো রাজন্! ক্ষিপ্তো ভীমেন সংযুগে।
রথমন্যং সমাস্থায় ব্যূহদ্বারমুপাযযৌ ॥১৮॥
তস্মিন্ ক্ষণে তু সংযন্তা তূর্ণমশ্বানচোদয়ৎ।
ভীমসেনস্য কৌরব্য! তদদ্ভুতমিবাভবৎ ॥১৯॥
ততঃ স্বরথমাস্থায় ভীমসেনো মহাবলঃ।
অভ্যদ্রবত বেগেন তব পুত্রস্য বাহিনীম্ ॥২০॥

ভারতকৌমুদী

যথেতি। গোবৃষো মহাবৃষভঃ। লীলয়া অনায়াসেন। শরবর্ষং দ্রোণস্য ॥১৬॥
স ইতি। বধ্যমান আহন্যমানঃ। ঈষায়াং তির্য্যগ্দারুণি, গৃহ্য গৃহীত্বা ॥১৭॥
দ্রোণ ইতি। সমাস্থায় আরুহ্য, উপাযযৌ প্রতিবিধানাক্ষমত্বাৎ ॥১৮॥
তস্মিন্নিতি। সংযন্তা সারথিঃ। নিবিড়বিপক্ষমধ্যে রথচালনমেবাদ্ভুতম্ ॥১৯॥
তত ইতি। আস্থায় আরুহ্য। অভ্যদ্রবত অভ্যধাবৎ ॥২০॥

রাজা! যখন মহাবীর ভীমসেন দ্রোণকার্ম্মুকনির্গত শত শত ও সহস্র সহস্র তীক্ষ্ণ বাণদ্বারা আহত হইতে লাগিলেন, তখন তিনি রথ হইতে লাফাইয়া পড়িয়া নয়নযুগল মুদ্রিত করিয়া বেগ অবলম্বনপূর্ব্বক পাদচারে দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥১৪—১৫॥

তৎকালে মহাবৃষ যেমন অবলীলাক্রমে বৃষ্টি গ্রহণ করে, সেইরূপ নরশ্রেষ্ঠ ভীমসেন দ্রোণের বাণবর্ষণ গ্রহণ করিতে লাগিলেন ॥১৬॥

মাননীয় রাজা! দ্রোণ বাণদ্বারা তাড়ন করিতে থাকিলেও, মহাবল ভীমসেন যাইয়া হস্তদ্বারা দ্রোণের রথের ঈষা (তেরচা কাঠ) ধারণ করিয়া রথখানাকে নিক্ষেপ করিলেন ॥১৭॥

রাজা! ভীম নিক্ষেপ করিলে, দ্রোণ সত্বর অন্য রথে আরোহণ করিয়া ব্যূহদ্বারে চলিয়া গেলেন ॥১৮॥

কৌরবনন্দন! সেই সময়ে ভীমের সারথি সত্বর অশ্বগুলিকে ভীমের দিকে চালাইয়া দিল; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥১৯॥

(১৮) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'দৃশ্যতে তাবকৈর্যোধৈর্বিস্ময়োৎফুল্ললোচনৈঃ। পরিহৃত্য রথং দ্রোণশ্চ ক্ষিপ্তং তং মহীতলে॥' ইতি পাদচতুষ্টয়মধিকং পি বা নি।

সংমৃদ্নন্ ক্ষত্রিয়ানাজৌ বাতো বৃক্ষানিবোদ্ধতঃ।
অগচ্ছদ্দারয়ন্ সেনাং সিন্ধুবেগো নগানিব ॥২১॥
ভোজানীকং সমাসাদ্য হার্দ্দিক্যেন তু রক্ষিতম্।
প্রমথ্য বহুধা রাজন্! ভীমসেনঃ সমভ্যয়াৎ ॥২২॥
সন্ত্রাসয়ন্ননীকানি তলশব্দেন মারিষ!।
আর্দ্দয়ৎ সর্ব্বসৈন্যানি শার্দ্দূল ইব গোবৃষান্ ॥২৩॥
ভোজানীকমতিক্রম্য কাম্বোজানাঞ্চ বাহিনীম্।
তথা ম্লেচ্ছগণাংশ্চান্যান্ বহূন্ যুদ্ধবিশারদান্ ॥২৪॥
সাত্যকিঞ্চাপি সংপ্রেক্ষ্য যুধ্যমানং মহারথম্।
রথেন যত্তঃ কৌন্তেয়ো বেগেন প্রযযৌ তদা ॥২৫॥
ভীমসেনো মহারাজ! দ্রষ্টুকামো ধনঞ্জয়ম্।
অতীত্য সমরে যোধাংস্তাবকান্ পাণ্ডুনন্দনঃ ॥২৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

সংমৃদ্নন্নিতি। উদ্ধতো বেগবান্। সিন্ধোর্নদ্যা বেগঃ, নগান্ পর্বতান্ ॥২১॥
ভোজেতি। হার্দ্দিক্যেন হৃদিকপুত্রেণ কৃতবর্ম্মণা। প্রমথ্য আলোড্য ॥২২॥
সন্ত্রাসয়ন্নিতি। তলশব্দেন করতলধ্বনিনা। গোবৃষান্ মহাবৃষভান্ ॥২৩॥
ভোজেতি। অতিক্রম্য জয়েন। যত্তো যত্নবান্। যোধান্ যোদ্ধৄন্ ॥২৪—২৬॥

তাহার পর মহাবল ভীমসেন আপন রথে আরোহণ করিয়া বেগে আপনার পুত্রের সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥২০॥

বেগবান্ বায়ু যেমন বৃক্ষসমূহকে মর্দ্দন করে, সেইরূপ ভীমসেন যুদ্ধে ক্ষত্রিয়গণকে মর্দ্দন করিতে থাকিয়া—নদীর বেগ যেমন পর্ব্বতসমূহ বিদীর্ণ করিয়া গমন করে, তেমন কৌরবসৈন্য বিদীর্ণ করতঃ গমন করিতে লাগিলেন ॥২১॥

রাজা! ক্রমে ভীমসেন কৃতবর্ম্মরক্ষিত ভোজসৈন্যের নিকটে উপস্থিত হইয়া তাহা আলোড়ন করিয়া যাইতে থাকিলেন ॥২২॥

মাননীয় রাজা! ব্যাঘ্র যেমন বিশাল বৃষগণকে পীড়ন করে, সেইরূপ ভীমসেন করতলশব্দে সৈন্যগণের ত্রাস উৎপাদন করতঃ তাহাদিগকে পীড়ন করিতে লাগিলেন ॥২৩॥

(২২)…প্রমথ্য তরসা বীরস্তদপ্যতিবলোঽভ্যয়াৎ—পি বা নি। (২৪)…দরদানাঞ্চ বাহিনীম্…পি বা নি, অথ ম্লেচ্ছগণান্…পি। (২৫)…প্রযযৌ ততঃ—পি।

সোঽপশ্যদর্জ্জুনং তত্র যুধ্যমানং মহারথম্।
সৈন্ধবস্য বধার্থায় পরাক্রান্তং পরাক্রমী ॥২৭॥
তং দৃষ্ট্বা পুরুষব্যাঘ্রশ্চুক্রোশ মহতো রবান্।
প্রাবৃট্‌কালে মহারাজ! নদন্নিব বলাহকঃ ॥২৮॥
তং তস্য সুমহানাদং পার্থঃ শুশ্রাব নর্দ্দতঃ।
বাসুদেবশ্চ কৌরব্য! ভীমসেনস্য সংযুগে ॥২৯॥
তৌ শ্রুত্বা যুগপদ্বীরৌ নিনদং তস্য শুষ্মিণঃ।
পুনঃ পুনঃ প্রাণদতাং দিদৃক্ষন্তৌ বৃকোদরম্ ॥৩০॥
ততঃ পার্থো মহানাদং মুঞ্চন্ বৈ মাধবশ্চ হ।
অভ্যয়াতাং মহারাজ! নদন্তৌ গোবৃষাবিব ॥৩১॥

ভারতকৌমুদী

স ইতি। স ভীমসেনঃ। সৈন্ধবস্য সিন্ধুরাজস্য জয়দ্রথস্য ॥২৭॥
তমিতি। চুক্রোশ চকার। প্রাবৃট্‌কালে বর্ষাসময়ে। বলাহকো মেঘঃ ॥২৮॥
তমিতি। পার্থঃ অর্জ্জুনঃ, বাসুদেবসাহচর্য্যাৎ। সংযুগে যুদ্ধে ॥২৯॥
তাবিতি। বীরৌ কৃষ্ণার্জ্জুনৌ। শুষ্মিণস্তেজঃসন্তাপবতঃ। দিদৃক্ষন্তৌ দ্রষ্টুমিচ্ছন্তৌ ॥৩০॥
তত ইতি। মাধবঃ কৃষ্ণঃ। অভ্যয়াতামুৎসাহেনাগ্রবর্ত্তিনাবভবতাম্ ॥৩১॥

মহারাজ! কুন্তীপুত্র পাণ্ডুনন্দন ভীমসেন এইভাবে ভোজসৈন্য, কাম্বোজ-সৈন্য ও যুদ্ধবিশারদ অপর বহু ম্লেচ্ছগণকে অতিক্রম করিয়া, যুধ্যমান মহারথ সাত্যকিকে দেখিতে পাইয়া, অর্জ্জুনদর্শনার্থে যত্নবান্ হইয়া, আপনার পক্ষের অপর যোদ্ধাদিগকেও অতিক্রমপূর্ব্বক রথারোহণে বেগে গমন করিতে থাকিলেন ॥২৪—২৬॥

পরে পরাক্রমশালী ভীমসেন মহারথ ও পরাক্রান্ত অর্জ্জুনকে জয়দ্রথবধের জন্য যুদ্ধ করিতে দেখিলেন ॥২৭॥

মহারাজ! পুরুষশ্রেষ্ঠ ভীমসেন অর্জ্জুনকে দেখিয়া বর্ষাকালে গর্জ্জনকারী মেঘের ন্যায় বিশাল সিংহনাদ করিলেন ॥২৮॥

কৌরবনন্দন! কৃষ্ণ ও অর্জ্জুন রণস্থলে গর্জ্জনকারী ভীমসেনের সেই মহানাদ শুনিতে পাইলেন ॥২৯॥

তেজস্বী ভীমসেনের সেই সিংহনাদ শুনিয়া তাঁহাকে দেখিবার ইচ্ছা করিয়া মহাবীর কৃষ্ণ ও অর্জ্জুন একদা বার বার সিংহনাদ করিলেন ॥৩০॥

(২৭)···সৈন্ধবস্য বধার্থং হি···পি বা নি। (২৯) তং তস্য নিনদং ঘোরম্···পি বা নি।
(৩০)·· দিদৃক্ষূ তৌ বৃকোদরম্—পি।

ভীমসেনরবং শ্রুত্বা ফাল্গুনস্য চ ধন্বিনঃ।
অপ্রীয়ত মহারাজ! ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৩২॥
বিশোকশ্চাভবদ্রাজা শ্রুত্বা তং নিনদং তয়োঃ।
ধনঞ্জয়স্য চ রণে জয়মাশাস্তবান্ বিভুঃ ॥৩৩॥
তথা তু নর্দ্দমানে বৈ ভীমসেনে মদোৎকটে।
স্মিতং কৃত্বা মহাবাহুর্ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
হৃদ্‌গতং মনসা প্রাহ ধ্যাত্বা ধর্ম্মভৃতাং বরঃ ॥৩৪॥
দত্তা ভীম! ত্বয়া সংবিৎ কৃতং গুরুবচস্তথা।
নহি তেষাং জয়ো যুদ্ধে যেষাং দ্বেষ্টাসি পাণ্ডব! ॥৩৫॥
দিষ্ট্যা জীবতি সংগ্রামে সব্যসাচী ধনঞ্জয়ঃ।
দিষ্ট্যা চ কুশলী বীরঃ সাত্যকিঃ সত্যবিক্রমঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

ভীমেতি। ফাল্গুনস্য অর্জ্জুনস্য ॥৩২॥
বিশোক ইতি। বিশোকো নিরুদ্বেগঃ। আশাস্তবান্ আশাবিষয়ীকৃতবান্ ॥৩৩॥
তথেতি। মদোৎকটে মত্ততোদ্ধতে। স্মিতং মন্দহাস্যম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥
দত্তেতি। সংবিৎ সঙ্কেতঃ, গুরুবচো জ্যেষ্ঠভ্রাতুর্মে বাক্যপালনম্ ॥৩৫॥

মহারাজ! ক্রমে কৃষ্ণ ও অর্জ্জুন সিংহনাদ ছাড়িয়া গর্জ্জনকারী দুইটা মহাবৃষের ন্যায় অগ্রসর হইতে লাগিলেন ॥৩১॥

মহারাজ! এদিকে ধর্ম্মপুত্র যুধিষ্ঠির ভীমসেনের ও ধনুর্দ্ধর অর্জ্জুনের সেই সিংহনাদ শুনিয়া সন্তুষ্ট হইলেন ॥৩২॥

এবং প্রভাবশালী রাজা যুধিষ্ঠির তাঁহাদের সিংহনাদ শুনিয়া নিরুদ্বেগ হইলেন, আর যুদ্ধে অর্জ্জুনের জয়ের আশাও করিলেন ॥৩৩॥

মদমত্ত ভীমসেন সেইরূপ গর্জ্জন করিলে, মহাবাহু ও ধার্ম্মিকশ্রেষ্ঠ ধর্ম্মপুত্র যুধিষ্ঠির ঈষৎ হাস্য করিয়া চিন্তাপূর্ব্বক মনের ভাব মনে মনে বলিতে লাগিলেন—॥৩৪॥

'ভীমসেন! তুমি অর্জ্জুন ও সাত্যকির জীবনসঙ্কেত জানাইয়াছ এবং জ্যেষ্ঠভ্রাতার আদেশ পালন করিয়াছ। পাণ্ডব! তুমি যাহাদের উপরে বিদ্বেষ কর, তাহাদের জয় হয় না ॥৩৫॥

ভাগ্যবশতঃ সব্যসাচী অর্জ্জুন যুদ্ধে জীবিত আছেন এবং বীর ও যথার্থ-বিক্রমশালী সাত্যকিও কুশলে আছেন ॥৩৬॥

দিষ্ট্যা শৃণোমি গর্জন্তৌ বাসুদেবধনঞ্জয়ৌ ।
যেন শক্রং রণে জিত্বা তর্পিতো হব্যবাহনঃ ।
স হন্তা দ্বিষতাং সংখ্যে দিষ্ট্যা জীবতি ফাল্গুনঃ ॥৩৭॥
যস্য বাহুবলং সর্ব্বে বয়মাশ্রিত্য জীবিতাঃ ।
স হন্তা রিপুসৈন্যানাং দিষ্ট্যা জীবতি ফাল্গুনঃ ॥৩৮॥
নিবাতকবচা যেন দেবৈরপি সুদুর্জয়াঃ ।
নির্জিতা ধনুষৈকেন দিষ্ট্যা পার্থঃ স জীবতি ॥৩৯॥
কৌরবান্ সহিতান্ সর্ব্বান্ গোগ্রহার্থে সমাগতান্ ।
যোঽজয়ন্মৎস্যনগরে দিষ্ট্যা পার্থঃ স জীবতি ॥৪০॥
কালকেয়সহস্রাণি চতুর্দ্দশ মহারণে ।
যোঽবধীদ্ভুজবীর্য্যেণ দিষ্ট্যা পার্থঃ স জীবতি ॥৪১॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। সব্যসাচী উভয়হস্তেনাস্ত্রসম্বন্ধী ॥৩৬॥
দিষ্ট্যেতি। শৃণোমি তয়োর্গর্জনমিত্যর্থঃ। তর্পিতঃ খাণ্ডবদাহেন। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৭॥
যস্যেতি। হন্তেতি তৃচ্। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥৩৮॥
নিবাতেতি। নিবাতকবচাস্তদাখ্যা অসুরাঃ। বনপর্ব্ববৃত্তান্তোঽয়ম্ ॥৩৯॥
কৌরবানিতি। বিরাটপর্ব্বণি বৃত্তান্তোঽয়ং দ্রষ্টব্যঃ। পার্থোঽর্জ্জুনঃ ॥৪০॥
কালেতি। কালকেয়াস্তদাখ্যা অসুরাস্তেষাং সহস্রাণি ॥৪১॥

ভাগ্যবশতঃ আমি কৃষ্ণ ও অর্জ্জুনের গর্জ্জন শুনিলাম। যিনি (খাণ্ডবদাহে) ইন্দ্রকে জয় করিয়া অগ্নিদেবের তৃপ্তিসাধন করিয়াছিলেন, যুদ্ধে শত্রুহন্তা সেই অর্জ্জুন ভাগ্যবশতঃ জীবিত আছেন ॥৩৭॥

যাঁহার বাহুবল অবলম্বন করিয়া আমরা সকলে জীবিত রহিয়াছি, শত্রুহন্তা সেই অর্জ্জুন ভাগ্যবশতঃ জীবিত রহিয়াছেন ॥৩৮॥

যিনি দেবগণেরও অতিদুর্জ্জয় নিবাতকবচগণকে এক ধনুদ্দ্বারা জয় করিয়াছিলেন, ভাগ্যবশতঃ সেই অর্জ্জুন জীবিত আছেন ॥৩৯॥

যিনি বিরাটনগরে গোগ্রহণের জন্য সমাগত সম্মিলিত সমস্ত কৌরবকে জয় করিয়াছিলেন, ভাগ্যবশতঃ সেই অর্জ্জুন জীবিত আছেন ॥৪০॥

যিনি বাহুবলে মহাযুদ্ধে চতুর্দ্দশসহস্র কালকেয় অসুর বধ করিয়াছিলেন, ভাগ্যবশতঃ সেই অর্জ্জুন জীবিত আছেন ॥৪১॥

---

(৩৭)···জীবতি ফল্গুনঃ—নি।

গন্ধর্ব্বরাজং বলিনং দুর্য্যোধনকৃতেন বৈ।
জিতবান্ যোঽস্ত্রবীর্য্যেণ দিষ্ট্যা পার্থঃ স জীবতি ॥৪২॥
কিরীটমালী বলবান্ শ্বেতাশ্বঃ কৃষ্ণসারথিঃ।
মম প্রিয়শ্চ সততং দিষ্ট্যা জীবতি ফাল্গুনঃ ॥৪৩॥
পুত্রশোকাভিসন্তপ্তশ্চিকীর্ষন্ কর্ম্ম দুষ্করম্।
জয়দ্রথবধান্বেষী প্রতিজ্ঞাং কৃতবান্ হি যঃ।
কচ্চিৎ স সৈন্ধবং সংখ্যে হনিষ্যতি ধনঞ্জয়ঃ ॥৪৪॥
কচ্চিত্তীর্ণপ্রতিজ্ঞং হি বাসুদেবেন রক্ষিতম্।
অনস্তমিত আদিত্যে সমেষ্যাম্যহমর্জ্জুনম্ ॥৪৫॥
কচ্চিৎ সৈন্ধবকো রাজা দুর্য্যোধনহিতে রতঃ।
নন্দয়িষ্যত্যমিত্রাণি ফাল্গুনেন নিপাতিতঃ ॥৪৬॥
কচ্চিদ্দুর্য্যোধনো রাজা ফাল্গুনেন নিপাতিতম্।
দৃষ্ট্বা সৈন্ধবকং সংখ্যে শমমস্মাসু ধাস্যতি ॥৪৭॥

ভারতকৌমুদী

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ইহার পর কর্ণ যথাবিধানে সজ্জিত অন্য একখানা রথে আরোহণ করিয়া বায়ুসঞ্চালিত সমুদ্রের ন্যায় পুনরায় ভীমের দিকে ধাবিত হইলেন ॥৩॥

নরনাথ! তখন আপনার পুত্রেরা কর্ণকে ক্রুদ্ধ দেখিয়া ভীমকে যমের মুখে প্রবিষ্ট বলিয়া মনে করিতে লাগিলেন ॥৪॥

ক্রমে কর্ণ ভয়ঙ্কর ধনুষ্টঙ্কার ও হস্তাবাপের (চর্ম্মনির্ম্মিত হস্তাবরণের) শব্দ করিয়া ভীমসেনের রথের প্রতি ধাবিত হইলেন ॥৫॥

(২)···বীর্য্যশ্লাঘী মহারথঃ···পি। (৪)···বৈশ্বানরমুখে হুতম্—পি বা নি। (৫)···চাপশব্দং মহৎ কৃত্বা···বঙ্গ বৰ্দ্ধ। (৬) পুনরেব ততো রাজন্! মহানাসীৎ-সুদারুণম্। বিমর্দ্দঃ সূতপুত্রস্য ভীমস্য চ বিশাংপতে!—বৰ্দ্ধ,· ·ভীমস্য চ মহাত্মনঃ—বা নি।

সংরব্ধৌ হি মহাবাহূ পরস্পরবধৈষিণৌ।
অন্যোন্যমীক্ষাঞ্চক্রাতে দহন্তাবিব লোচনৈঃ ॥৭॥
ক্রোধরক্তেক্ষণৌ তীব্রৌ নিশ্বসন্তাবিবোরগৌ।
শূরাবন্যোন্যমাসাদ্য ততক্ষতুররিন্দমৌ ॥৮॥
ব্যাঘ্রাবিব সুসংরব্ধৌ শ্যেনাবিব চ শীঘ্রগৌ।
শরভাবিব সংক্রুদ্ধৌ যুযুধাতে পরস্পরম্ ॥৯॥
ততো ভীমঃ স্মরন্ ক্লেশানক্ষদ্যূতে বনেঽপি চ।
বিরাটনগরে চৈব প্রাপ্তং দুঃখমরিন্দমঃ ॥১০॥
রাষ্ট্রাণাং স্ফীতরত্নানাং হরণঞ্চ তবাত্মজৈঃ।
সততঞ্চ পরিক্লেশান্ সপুত্রেণ ত্বয়া কৃতান্ ॥১১॥
যৎ কুন্তীং দগ্ধুমৈচ্ছঃ স্ম সপুত্রাং ত্বমনাগসম্।
কৃষ্ণায়াশ্চ পরিক্লেশং সভামধ্যে দুরাত্মভিঃ ॥১২॥
কেশপক্ষগ্রহঞ্চৈব দুঃশাসনকৃতং তথা।
পরুষাণি চ বাক্যানি কর্ণেনোক্তানি ভারত! ॥১৩॥

ভারতকৌমুদী

সম্বিতি। সংরব্ধৌ ক্রুদ্ধৌ। ঈক্ষাঞ্চক্রাতে দদৃশতুঃ। দ্বয়োশ্চতুষ্ট্বাল্লোচনৈরিতি বহুবচনম্ ॥৭॥

ক্রোধেতি। তীব্রৌ দ্বয়ে তীব্রোদ্যমৌ। উরগৌ সর্পৌ। ততক্ষতুঃ প্রজহ্রতুঃ ॥৮॥

ব্যাঘ্রাবিতি। সুসংরব্ধৌ অতীবোৎসাহিনৌ। শরভৌ ভীষণৌ হিংস্রজন্তুবিশেষৌ ॥৯॥

অথ নবভিঃ শ্লোকৈঃ কুলকেন ধৃতরাষ্ট্রাদিতিরস্কারং সূচয়ন্ ভীমস্য কৌরবকৃতাত্যাচার-

রাজা! তখন মহাবীর কর্ণ ও মহাতেজা ভীমের পুনরায় ভীষণ যুদ্ধ হইতে লাগিল ॥৬॥

ক্রুদ্ধ, মহাবাহু ও পরস্পরবধাভিলাষী কর্ণ ও ভীম নয়নদ্বারা যেন দগ্ধ করিতে থাকিয়া পরস্পর দর্শন করিতে লাগিলেন ॥৭॥

পরে ক্রোধে আরক্তনয়ন, তীব্রোদ্যম, মহাবীর ও শত্রুদমনকারী কর্ণ ও ভীম দুইটা সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করতঃ পরস্পরকে পাইয়া প্রহার করিতে থাকিলেন ॥৮॥

দুইটা ব্যাঘ্রের ন্যায় অত্যন্ত উৎসাহী, দুইটা শ্যেনপক্ষীর তুল্য দ্রুতগামী এবং দুইটা শরভের (মহাভীষণ হিংস্রজন্তুর) সমান ক্রুদ্ধ কর্ণ ও ভীম পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন ॥৯॥

((৮)···যুদ্ধেঽন্যোন্যং সমাসাদ্য···বঙ্গ বর্দ্ধ।

পতিমন্যং পরীপ্সস্ব ন সন্তি পতয়স্তব।
নরকং পতিতাঃ সর্ব্বে পার্থাঃ ষণ্ডতিলোপমাঃ ॥১৪॥
সমক্ষং তব কৌরব্য! যদূচুঃ কৌরবাস্তদা।
দাসীভাবেন কৃষ্ণাঞ্চ ভোক্তুকামাঃ সুতাস্তব ॥১৫॥
যচ্চাপি তান্ প্রব্রজতঃ কৃষ্ণাজিননিবাসিনঃ।
পরুষাণ্যুক্তবান্ কর্ণঃ সভায়াং সন্নিধৌ তব ॥১৬॥
তৃণীকৃত্য চ যৎ পার্থাংস্তব পুত্রো ববল্গ হ।
বিষমস্থান্ সমস্থো হি সংরম্ভাদ্গতচেতনঃ ॥১৭॥
বাল্যাৎ প্রভৃতি চারিঘ্নস্তানি দুঃখানি চিন্তয়ন্।
নিরবিদ্যত ধর্ম্মাত্মা জীবিতেন বৃকোদরঃ ॥১৮॥ (কুলকম্)

ভারতকৌমুদী

স্মরণেনাত্মনির্বেদমাহ তত ইতি। অক্ষদ্যূতে পাশকক্রীড়ায়াম্। রাষ্ট্রাণাং রাজ্যানাম্, স্ফীতরত্নানাং ধনপূর্ণানাম্। ঐচ্ছো জতুগৃহদাহেনাভিলষিতবান্। অনাগসং নিরপরাধাম্। কৃষ্ণায়া দ্রৌপদ্যাঃ। কেশপক্ষগ্রহং কেশপাশধারণম্। পরুষাণি নিষ্ঠুরাণি। কিমুক্তানীত্যত্র-বদতি পতিমিতি। পরীপ্সস্ব গৃহাণ। ষণ্ডাঃ ক্লীবা অঙ্কুরজননাশক্তা যে তিলাস্তদুপমাঃ প্রতিবিধানাশক্তত্বাদিত্যাশয়ঃ। কৃষ্ণাং দ্রৌপদীম্। কৃষ্ণাজিননিবাসিনঃ পরিহিতকৃষ্ণমৃগ-চর্ম্মণঃ। তৃণীকৃত্য তৃণবদবজ্ঞায়। পুত্রো দুঃশাসনঃ, ববল্গ ননর্ত্ত। বিষমস্থান্ বিপৎপতিতান্, সমস্থঃ পূর্ববৎ রাজপুত্রস্থানস্থঃ, সংরম্ভাৎ আমোদোৎসাহাৎ, গতচেতনস্তিরোহিতবিবেকঃ। অরিঘ্নঃ শত্রুহন্তা। নিরবিদ্যত বিকৃতবান্ ॥১০—১৮॥

ভরতনন্দন মহারাজ! তদনন্তর শত্রুদমনকারী, শত্রুহন্তা ও ধর্ম্মাত্মা বৃকোদর ভীমসেন এই সকল বিষয় স্মরণ করিয়া মনে মনে আত্মধিক্কার করিতে থাকিলেন। দ্যূতক্রীড়ায় ও বনে নানাবিধ ক্লেশ, বিরাটনগরে দুঃখভোগ, আপনার পুত্রগণকৃত ধনসমৃদ্ধ-রাজ্যহরণ, পুত্রদের সহিত আপনার কৃত নিরন্তর কষ্ট, আপনি পুত্রদের সহিত নিরপরাধা কুন্তীকে যে জতুগৃহে দাহ করিবার ইচ্ছা করিয়াছিলেন তাহা, সভামধ্যে দুরাত্মগণকৃত দ্রৌপদীর ক্লেশ, দুঃশাসনকৃত দ্রৌপদীর কেশাকর্ষণ, কর্ণোক্ত নিষ্ঠুর বাক্য সকল—(অর্থাৎ) "দ্রৌপদি! তুমি অন্য পতি গ্রহণ কর। কেন না, তোমার পতিরা ত নাই, তাহারা সকলে ত নরকে পতিত হইয়াছে এবং কৌরবনন্দন! তখন আপনার সমক্ষেই আপনার পুত্রেরা দাসীভাবে দ্রৌপদীকে ভোগ করিবার ইচ্ছা করিয়া

(১৪)···পরীপ্স ত্বম্···পি। (১৫)···কৌরব্য! ভূয়শ্চ কুরবস্তদা · পি। (১৮)···স্থানি দুঃখানি···পি বা নি।

ততো বিস্ফার্য্য সুমহদ্ধেমপৃষ্ঠং দুরাসদম্।
চাপং ভরতশার্দ্দূলস্ত্যক্তাত্মা কর্ণমভ্যয়াৎ ॥১৯॥
স সায়কময়ৈর্জালৈর্ভীমঃ কর্ণরথং প্রতি।
ভানুমদ্ভিঃ শিলাধৌতৈর্ভানোঃ প্রাচ্ছাদয়ৎ প্রভাম্ ॥২০॥
ততঃ প্রহস্যাধিরথিস্তূর্ণমস্য শিলাশিতৈঃ।
ব্যধমদ্ভীমসেনস্য শরজালানি পত্রিভিঃ ॥২১॥
মহারথো মহাবাহুর্মহাবেগো মহাবলঃ।
বিব্যাধাধিরথির্ভীমং নবভির্নিশিতৈঃ শরৈঃ ॥২২॥
স তোত্ত্রৈরিব মাতঙ্গো বার্য্যমাণঃ পতত্রিভিঃ।
অভ্যধাবদসংভ্রান্তঃ সূতপুত্রং বৃকোদরঃ ॥২৩॥

ভারতকৌমুদী

তত ইতি। হেমপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্। ত্যক্তাত্মা প্রাণত্যাগোদ্যতঃ সন্ ॥১৯॥
স ইতি। ভানুমদ্ভির্নির্ম্মলতয়া কিরণবদ্ভিঃ, শিলাধৌতৈঃ শিলায়াং ঘর্ষণেন পরিষ্কৃতৈঃ ॥২০॥
তত ইতি। আধিরথিঃ অধিরথপুত্রঃ কর্ণঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ। পত্রিভির্বাণৈঃ ॥২১॥
মহেতি। আধিরথিঃ কর্ণঃ। নিশিতৈঃ সুধারৈঃ ॥২২॥

যাহা বলিয়াছিলেন তাহা, পাণ্ডবেরা কৃষ্ণমৃগের চর্ম্ম পরিধান করিয়া বনে চলিলে সভামধ্যে আপনার নিকটে কর্ণ যে সকল নিষ্ঠুর কথা বলিয়াছিলেন তাহা, বিবেকবিহীন আপনার পুত্র দুঃশাসন সমানস্থানে থাকিয়া আনন্দোৎসাহে বিষমবিপদাপন্ন পাণ্ডবগণকে তৃণের ন্যায় অবজ্ঞা করিয়া যে নৃত্য করিয়াছিলেন তাহা এবং বাল্যকাল হইতে আপনাদের চক্রান্তে যে সকল দুঃখ পাইয়াছিলেন, সেইগুলি চিন্তা করিয়া ভীমসেন জীবনে নির্ব্বিণ্ণ হইয়াছিলেন ॥১০—১৮॥

তাহার পর ভরতশ্রেষ্ঠ ভীমসেন জীবনত্যাগে উদ্যত হইয়া স্বর্ণখচিতপৃষ্ঠ ও দুর্দ্ধর্ষ বিশাল ধনু বিস্ফারিত করিয়া কর্ণের দিকে ধাবিত হইলেন ॥১৯॥

পরে ভীমসেন কর্ণের রথের দিকে নিক্ষিপ্ত শিলাশাণিত উজ্জ্বল বাণময় জালদ্বারা সূর্য্যের আলোক আবৃত করিয়া ফেলিলেন ॥২০॥

তদনন্তর কর্ণ হাস্য করিয়া সত্বর শিলাশাণিত শরসমূহদ্বারা ভীমসেনের শরজাল প্রতিহত করিলেন ॥২১॥

পরে মহারথ, মহাবাহু, মহাবেগ ও মহাবল কর্ণ নয়টা সুধার বাণদ্বারা ভীমসেনকে বিদ্ধ করিলেন ॥২২॥

(২১) তূর্ণমস্যন্ শিতান্ শরান্···নি। (২২)···মহাবাহুর্মহাবলঃ···নবভির্বিশিখৈস্তদা—পি;···নবভির্নিশিতৈস্তদা—বা নি।

তমাপতন্তং বেগেন রভসং পাণ্ডবর্ষভম্ ।
কর্ণঃ প্রত্যুদ্যযৌ যোদ্ধুং মত্তো মত্তমিব দ্বিপম্ ॥২৪॥
ততঃ প্রধ্মাপ্য জলজং ভেরীশতসমস্বনম্ ।
অক্ষুভ্যত বলং হর্ষাদুদ্ধূত ইব সাগরঃ ॥২৫॥
তদুদ্ধূতং বলং দৃষ্ট্বা নাগাশ্বরথপত্তিমৎ ।
ভীমঃ কর্ণং সমাসাদ্য চ্ছাদয়ামাস সায়কৈঃ ॥২৬॥
অশ্বানৃক্ষসবর্ণাংশ্চ হংসবর্ণৈর্হয়োত্তমৈঃ ।
ব্যামিশ্রয়দ্রণে কর্ণঃ পাণ্ডবং ছাদয়ন্ শরৈঃ ॥২৭॥
ঋক্ষবর্ণান্ হয়ান্ হংসৈর্মিশ্রান্ মারুতরংহসঃ ।
নিরীক্ষ্য তব পুত্রাণাং হাহাকৃতমভূদ্বলম্ ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। তোত্ত্রৈরঙ্কুশৈঃ। পতত্রিভির্বাণৈঃ। অসংভ্রান্তঃ অবিচলিতঃ।২৩॥
তমিতি। রভসং হৃষ্টচিত্তম্, পাণ্ডবর্ষভং ভীমম্। মত্তো দ্বিপ এব ॥২৪॥
তত ইতি। প্রধ্মাপ্য বাদয়িত্বা, জলজং শঙ্খম্। উদ্ধূতো বায়ুদ্বেলিতঃ।২৫॥
তদিতি। বলং সৈন্যম্, নাগা হস্তিনঃ অশ্বা রথাঃ পত্তয়ঃ পদাতয়শ্চাস্য সন্তীতি তৎ ॥২৬॥
অশ্বানিতি। ঋক্ষসবর্ণান্ ভল্লূকবৎ কৃষ্ণবর্ণান্। ব্যামিশ্রয়ৎ সমযোজয়ৎ ॥২৭॥

হস্তিপক অঙ্কুশদ্বারা হস্তীকে যেমন বারণ করে, সেইরূপ কর্ণ বাণদ্বারা বারণ করিলেও ভীমসেন অবিচলিত চিত্তে কর্ণের দিকে অগ্রসর হইতে লাগিলেন ॥২৩॥

ভীমসেন হৃষ্টচিত্তে বেগে আসিতে লাগিলে, মত্তহস্তী যেমন মত্তহস্তীর প্রতি গমন করে, তেমন কর্ণ যুদ্ধ করিবার জন্য তাঁহার প্রতি গমন করিলেন ॥২৪॥

তাহার পর কৌরবসৈন্যেরা আনন্দে শত ভেরীর তুল্য ধ্বনিকারী শঙ্খ বাজাইয়া উদ্বেলিত সমুদ্রের ন্যায় ভীমের দিকে চলিল ॥২৫॥

হস্তী, অশ্ব, রথ ও পদাতিশালী সেই সৈন্য আসিতেছে দেখিয়া ভীমসেন অগ্রসর হইয়া বাণদ্বারা কর্ণকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৬॥

তখন কর্ণও যুদ্ধে বাণদ্বারা ভীমকে আচ্ছাদন করিতে করিতে হংসের ন্যায় শুভ্রবর্ণ স্বকীয় উত্তম অশ্বগুলির সহিত ভীমের ভল্লুকবর্ণ অশ্বগুলিকে মিলিত করিলেন ॥২৭॥

(২৪)···রভসং পাণ্ডুনন্দনম্·· মত্তং মত্ত ইব দ্বিপঃ—বঙ্গ বর্দ্ধ।

তে হয়া বহ্বশোভন্ত মিশ্রিতা বাতরংহসঃ।
সিতাসিতা মহারাজ! যথা ব্যোম্নি বলাহকাঃ ॥২৯॥
সংরব্ধৌ ক্রোধতাম্রাক্ষৌ প্রেক্ষ্য কর্ণবৃকোদরৌ।
সন্ত্রস্তাঃ সমকম্পন্ত ত্বদীয়া বৈ মহারথাঃ ॥৩০॥
যমরাষ্ট্রোপমং ঘোরমাসীদায়োধনং তয়োঃ।
দুর্দ্দর্শং ভরতশ্রেষ্ঠ! প্রেতরাজপুরং যথা ॥৩১॥
সমাজমিব তচ্চিত্রং প্রেক্ষমাণা মহারথাঃ।
নালক্ষয়ন্ জয়ং ব্যক্তমেকৈকস্য তদা রণে ॥৩২॥

ভারতকৌমুদী

ঋক্ষেতি। হংসৈঃ হংসবচ্ছুভ্রবর্ণৈর্হয়ৈঃ কর্ণাশ্বৈঃ "শঙ্খবর্ণাংশ্চ তানশ্বান্" ইতি পরত্রোক্তেঃ ॥২৮॥

ত ইতি। সিতাসিতাঃ শুক্লকৃষ্ণাঃ। বলাহকাঃ সিতাসিতা এব মেঘাঃ ॥২৯॥

সমিতি। সংরব্ধৌ ক্রুদ্ধৌ। সমকম্পন্ত কিং স্যাদিত্যাশঙ্কাবশাৎ ॥৩০॥

যমেতি। যমরাষ্ট্রোপমং মৃতপূর্ণত্বাৎ। আয়োধনং রণস্থলম্ ॥৩১॥

সমাজমিতি। সমাজং নটসংঘক্রিয়মাণমভিনয়ম্, তদ্যুদ্ধম্। ব্যক্তং স্পষ্টম্ ॥৩২॥

ভারতভাবদীপঃ

স্বয়মিতি ॥১—২৭॥ কর্কৈঃ শ্বেতৈঃ ॥২৮—৩১॥ সমাজং রঙ্গম্ একস্যৈব কস্যচিৎ নান্যস্য ॥৩২—৪১॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৫॥

কর্ণের হংসের ন্যায় শুভ্রবর্ণ অশ্বগুলির সহিত ভীমের ভল্লুকবর্ণ অশ্বগণ মিলিত হইয়াছে দেখিয়া আপনার পুত্রগণের সৈন্যেরা ভয়ে হাহাকার করিতে লাগিল ॥২৮॥

মহারাজ! বায়ুর ন্যায় বেগবান্ এবং শুক্ল ও কৃষ্ণবর্ণ সেই অশ্বগুলি পরস্পর মিলিত হইয়া আকাশে শুক্ল ও কৃষ্ণবর্ণ মেঘসমূহের ন্যায় বিশেষ শোভা পাইতে লাগিল ॥২৯॥

ক্রুদ্ধ ও ক্রোধে আরক্তনয়ন কর্ণ ও ভীমসেনকে দেখিয়া আপনার পক্ষের মহারথেরা ভীত হইয়া কাঁপিতে লাগিলেন ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ! যমের রাজ্যের ন্যায় তাঁহাদের সেই ভয়ঙ্কর রণস্থলটা যমনগরের তুল্যই দুষ্প্রেক্ষ্য হইয়া পড়িল ॥৩১॥

(৩০)...ক্রোধরক্তাক্ষৌ...পি। (৩১)... দুর্দ্ধর্ষং ভরতশ্রেষ্ঠ!...পি।

তয়োঃ প্রৈক্ষন্ত সম্মর্দ্দং সন্নিকৃষ্টং মহাস্ত্রয়োঃ।
তব দুর্ম্মন্ত্রিতে রাজন্! সপুত্রস্য বিশাংপতে! ॥৩৩॥
ছাদয়ন্তৌ হি শত্রুঘ্নাবন্যোন্যং সায়কৈঃ শিতৈঃ।
শরজালাবৃতং ব্যোম চক্রাতেঽদ্ভুতবিক্রমৌ ॥৩৪॥
তাবন্যোন্যং জিঘাংসন্তৌ শরৈস্তীক্ষ্ণৈর্ম্মহারথৌ।
প্রেক্ষণীয়তরাবাস্তাং বৃষ্টিমন্তাবিবাম্বুদৌ ॥৩৫॥
সুবর্ণবিকৃতান্ বাণান্ প্রমুঞ্চন্তাবরিন্দমৌ।
ভাস্বরং ব্যোম চক্রাতে তাবুল্কাভিরিব প্রভো! ॥৩৬॥
তাভ্যাং মুক্তাঃ শরা রাজন্! গার্দ্ধ্রপত্রাশ্চকাশিরে।
শ্রেণ্যঃ শরদি মত্তানাং সারসানামিবাম্বরে ॥৩৭॥

ভারতকৌমুদী

তয়োরিতি। সম্মর্দ্দং সংঘর্ষং যুদ্ধমিতি যাবং, সন্নিকৃষ্টং পরস্পরমেলনজাতম্ ॥৩৩॥
ছাদয়ন্তাবিতি। শত্রুঘ্নৌ রিপুহন্তারৌ। শিতৈঃ সুধারৈঃ। চক্রাতে কৃতবন্তৌ ॥৩৪॥
তাবিতি। জিঘাংসন্তৌ হন্তুমিচ্ছন্তৌ। প্রেক্ষণীয়তরৌ সুদৃশ্যৌ। অম্বুদো মেঘৌ ॥৩৫॥
সুবর্ণেতি। সুবর্ণবিকৃতান্ স্বর্ণখচিতান্, প্রমুঞ্চন্তৌ নিক্ষিপন্তৌ। ভাস্বরমুজ্জ্বলম্ ॥৩৬॥
তাভ্যামিতি। গৃধ্রাণাং পক্ষিণামিমানীতি গার্দ্ধ্রাণি পত্রাণি পক্ষা যেষু তে ॥৩৭॥

মহারথেরা নাট্যাভিনয়ের ন্যায় তাঁহাদের সেই বিচিত্র যুদ্ধ দেখিতে থাকিয়া তখন যুদ্ধে তাঁহাদের এক একজনের জয় স্পষ্ট লক্ষ্য করিতে পারিলেন না ॥৩২॥

নরনাথ রাজা! আপনার ও আপনার পুত্রগণের কুমন্ত্রণাঘটিত সেই মহাস্ত্রশালী কর্ণ ও ভীমের সন্নিহিত যুদ্ধ সকলে দেখিতে লাগিল ॥৩৩॥

অদ্ভুতবিক্রমশালী এবং শত্রুহন্তা কর্ণ ও ভীম সুধার বাণসমূহদ্বারা পরস্পর আবৃত করিতে থাকিয়া আকাশটাকেই শরজালে আবৃত করিয়া ফেলিলেন ॥৩৪॥

সেই মহারথেরা দুই জন তীক্ষ্ণ বাণসমূহদ্বারা পরস্পর বধ করিবার ইচ্ছা করিয়া বারিবর্ষী দুইটা মেঘের ন্যায় সুদৃশ্য হইলেন ॥৩৫॥

রাজা! শত্রুদমনকারী কর্ণ ও ভীমসেন স্বর্ণখচিত বাণ সকল নিক্ষেপ করিতে থাকিয়া উল্কাদ্বারাই যেন আকাশটাকে উজ্জ্বল করিয়া ফেলিলেন ॥৩৬॥

রাজা! শরৎকালে আকাশে মত্ত সারসপক্ষিশ্রেণীর ন্যায় তাঁহাদের নিক্ষিপ্ত গৃধ্রপক্ষযুক্ত বাণ সকল প্রকাশ পাইতে লাগিল ॥৩৭॥

(৩৬)· উল্কাভিরিব চ প্রভো!—বঙ্গ বর্দ্ধ,···মহোল্কাভিরিব প্রভো!—বা নি।

সংসক্তং সূতপুত্ত্রেণ দৃষ্ট্বা ভীমমরিন্দমম্।
অতিভারমমন্যেতাং ভীমে কৃষ্ণধনঞ্জয়ৌ ॥৩৮॥
তত্রাধিরথিভীমাভ্যাং শরৈর্মুক্তৈর্দৃঢ়াহতাঃ।
ইষুপাতমতিক্রম্য পেতুরশ্বনরদ্বিপাঃ ॥৩৯॥
পতদ্ভিঃ পতিতৈশ্চান্যৈর্গতাসুভিরনেকশঃ।
কৃতো মহান্ মহারাজ! পুত্ত্রাণাং তে জনক্ষয়ঃ ॥৪০॥
মনুষ্যাশ্বগজানাঞ্চ শরীরৈর্গতজীবিতৈঃ।
ক্ষণেন ভূমিঃ সংজজ্ঞে সংবৃতা ভরতর্ষভ! ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
জয়দ্রথবধে ভীমপ্রবেশে ভীমকর্ণযুদ্ধে
পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

সমিতি। সংসক্তং যুদ্ধে সম্মিলিতম্। অতিভারম্ অতিভারবদ্দুঃসহমাক্রমণম্ ॥৩৮॥
তত্রেতি। আধিরথিঃ কর্ণঃ। ইষুপাতং বাণপতনদেশমতিক্রম্য বাণবেগাদেব ॥৩৯॥
পতদ্ভিরিতি। গতাসুভিরাঘাতান্নির্গতপ্রাণৈঃ ॥৪০॥
মনুষ্যেতি। গতজীবিতৈর্মৃতৈঃ। ভূমিঃ সমরাঙ্গনম্, সংজজ্ঞে সঞ্জাতা ॥৪১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

শত্রুদমনকারী ভীমসেন কর্ণের সহিত মিলিত হইয়াছেন দেখিয়া কৃষ্ণ ও অর্জ্জুন ভীমসেনসম্বন্ধে গুরুতর ভার বলিয়া মনে করিতে লাগিলেন ॥৩৮॥

তখন কর্ণও ভীমনিক্ষিপ্ত বাণে গুরুতর আহত হইয়া হস্তী, অশ্ব ও মনুষ্যগণ বাণপতনের স্থান অতিক্রম করিয়া যাইয়া যাইয়া পতিত হইতে থাকিল ॥৩৯॥

মহারাজ! পতিত ও পতনশীল অন্য অনেক লোক প্রাণহীন হইতে থাকায় আপনার পুত্ত্রদের গুরুতর লোকক্ষয় হইতে লাগিল ॥৪০॥

ভরতশ্রেষ্ঠ! প্রাণহীন মনুষ্য, অশ্ব ও হস্তীর শরীরে ক্ষণকালমধ্যে সমরভূমি আবৃত হইয়া গেল' ॥৪১॥

——:০:——

(৩৯)…পেতুরশ্বরথদ্বিপাঃ…পি। (৪১) মনুষ্যবাজিনাগানাম্…পি। * '…ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ,…'দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ।

:-০-:

ধৃতরাষ্ট্র উবাচ।

অত্যদ্ভুতমহং মন্যে ভীমসেনস্য বিক্রমম্।
যৎ কর্ণং যোধয়ামাস সমরে লঘুবিক্রমম্ ॥১॥
ত্রিদশানপি চোদ্যুক্তান্ সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ।
বারয়েদ্যো রণে কর্ণঃ সযক্ষাসুরমানবান্ ॥২॥
স কথং পাণ্ডবং যুদ্ধে রাজমানমিব শ্রিয়া।
নাতরৎ সংযুগে তাত! তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥৩॥ (যুগ্মকম্)
কথঞ্চ যুদ্ধং ভূয়োঽভূত্তয়োঃ প্রাণদুরোদরে।
অত্র মন্যে সমায়ত্তৌ যুদ্ধে জয়পরাজয়ৌ ॥৪॥

ভারতকৌমুদী

অতীতি। যোধয়ামাস ভীম ইতি শেষঃ। লঘুঃ শীঘ্রো বিক্রমো মহাশক্তিপ্রকাশো যস্য তম্ ॥১॥

ত্রিদশানিতি। বারয়েৎ বারয়িতুং শক্নুয়াৎ। নাতরৎ অতিক্রমিতুং জেতুং নাশক্নোৎ ॥২-৩॥

কথমিতি। কথং কীদৃশম্। প্রাণা এব দুরোদরং পণো যত্র তস্মিন্। সমায়ত্তৌ দৈবাধীনৌ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'আমি ভীমসেনের বিক্রমকে অত্যদ্ভুত বলিয়াই মনে করি। যেহেতু তিনি যুদ্ধে দ্রুতবিক্রমকারী কর্ণের সহিত যুদ্ধ করিয়াছিলেন ॥১॥

বৎস সঞ্জয়! সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ যে কর্ণ যুদ্ধে উদ্যত যক্ষ, অসুর ও মানুষের সহিত দেবগণকেও যুদ্ধে বারণ করিতে পারেন, সেই কর্ণ যুদ্ধে বীরশোভায় শোভিত ভীমসেনকে রণস্থলে কেন অতিক্রম করিতে পারেন নাই, তাহা তুমি আমার নিকট বল ॥২—৩॥

তাঁহাদের পুনরায় কিরূপ যুদ্ধ হইল? দেখ—সঞ্জয়! এই প্রাণপণের যুদ্ধে জয় ও পরাজয় দৈবায়ত্ত বলিয়াই আমি মনে করি ॥৪॥

(৩)···ভ্রাজমানমিব শ্রিয়া···বা নি। (৪)···জযো বাঽজয় এব বা—বঙ্গ বর্দ্ধ,···জয়ো বাঽজয় এব চ—বা নি।

কর্ণং প্রাপ্য রণে সূত ! মম পুত্রঃ সুযোধনঃ।
জেতুমুৎসহতে পার্থান্ সগোবিন্দান্ সসাত্বতান্ ॥৫॥
শ্রুত্বা তু নির্জিতং কর্ণমসকৃদ্ভীমকর্ম্মণা।
ভীমসেনেন সমরে মোহ আবিশতীব মাম্ ॥৬॥
বিনষ্টান্ কৌরবান্ মন্যে পুত্রস্য মম দুর্নয়ৈঃ।
নহি কর্ণো মহেষ্বাসান্ পার্থান্ জেষ্যতি সঞ্জয় ! ॥৭॥
কৃতবান্ যানি যুদ্ধানি কর্ণঃ পাণ্ডুসুতৈঃ সহ।
সর্বত্র পাণ্ডবাঃ কর্ণমজয়ন্ত রণাজিরে ॥৮॥
অজয্যাঃ পাণ্ডবাস্তাত ! দেবৈরপি সবাসবৈঃ।
ন চ তদ্বুধ্যতে মন্দঃ পুত্রো দুর্য্যোধনো মম ॥৯॥
ধনং ধনেশ্বরস্যেব হৃত্বা পার্থস্য মে সুতঃ।
মধুপ্রেপ্সুরিবাবুদ্ধিঃ প্রপাতং নাববুধ্যতে ॥১০॥

ভারতকৌমুদী

কর্ণমিতি। উৎসহতে ইচ্ছতি, পার্থান্ পাণ্ডবান্, সসাত্বতান্ সাত্যকিসহিতান্ ॥৫॥
শ্রুত্বেতি। আবিশতীব সর্ব্বথা নৈরাশ্যাদিতি ভাবঃ ॥৬॥
বিনষ্টানিতি। পুত্রস্য দুর্য্যোধনস্য, দুর্নয়ৈদুষ্টনীতিভিঃ। জেষ্যতি জেতুং শক্ষ্যতি ॥৭॥
কৃতবানিতি। রণাজিরে রণাঙ্গনে ॥৮॥
তত্র সমাধত্তে অজয্যা ইতি। অজয্যা জেতুমশক্যাঃ। সবাসবৈঃ সেন্দ্রৈঃ ॥৯॥

সঞ্জয় ! আমার পুত্র দুর্য্যোধন যুদ্ধে কর্ণকে পাইয়া কৃষ্ণ ও সাত্যকির সহিত পাণ্ডবগণকে জয় করিবার ইচ্ছা করিয়া থাকেন ॥৫॥

কিন্তু ভীমকর্ম্মা ভীমসেন যুদ্ধে সেই কর্ণকে বার বার জয় করিয়াছেন শুনিয়া আমার যেন মোহ উপস্থিত হইতেছে ॥৬॥

সুতরাং সঞ্জয় ! আমার পুত্রের (দুর্য্যোধনের) দুর্নীতিতে কৌরবগণকে আমি বিনষ্ট বলিয়াই মনে করি। কর্ণ মহাধনুর্দ্ধর পাণ্ডবগণকে জয় করিতে পারিবেন না ॥৭॥

কর্ণ পাণ্ডবগণের সহিত যত যুদ্ধ করিয়াছেন, সকল যুদ্ধেই পাণ্ডবেরা রণস্থলে কর্ণকে জয় করিয়াছেন ॥৮॥

সুতরাং বৎস ! ইন্দ্রের সহিত দেবতারাও পাণ্ডবগণকে জয় করিতে পারেন না। কিন্তু আমার পুত্র নির্বোধ দুর্য্যোধন তাহা বোঝে না ॥৯॥

(৬)…ভীমসেনেন বিক্রম্য…পি। (৮)…অজয়ংস্তে রণাজিরে—নি। (৯) অজেয়াঃ পাণ্ডবাঃ…বা নি।

নিকৃত্যা নিকৃতিপ্রজ্ঞো রাজ্যং হৃত্বা মহাত্মনাম্ ।
জিতমিত্যেব মন্বানঃ পাণ্ডবানবমন্যতে ॥১১॥
পুত্রস্নেহাভিভূতেন ময়া চাপ্যকৃতাত্মনা ।
ধর্ম্মে স্থিতা মহাত্মানো নিকৃতাঃ পাণ্ডুনন্দনাঃ ॥১২॥
শমকামঃ সদা পার্থো দীর্ঘাপেক্ষী যুধিষ্ঠিরঃ ।
অশক্ত ইতি মন্বানৈঃ পুত্রৈর্মম নিরাকৃতঃ ॥১৩॥
তানি দুঃখান্যনেকানি বিপ্রকারাংশ্চ সর্ব্বশঃ ।
হৃদি কৃত্বা মহাবাহুর্ভীমোঽযুধ্যত সূতজম্ ॥১৪॥
তস্মান্মে সঞ্জয় ! ব্রূহি কর্ণভীমৌ যথা রণে ।
অযুধ্যেতাং যুধি শ্রেষ্ঠৌ পরস্পরবধৈষিণৌ ॥১৫॥

ভারতকৌমুদী

ধনমিতি। ধনেশ্বরস্য কুবেরস্য, পার্থস্য যুধিষ্ঠিরস্য। প্রপাতমুচ্চদেশাৎ পতনম্ ॥১০॥
নিকৃত্যেতি। নিকৃত্যা শাঠ্যেন, নিকৃতিপ্রজ্ঞঃ শাঠ্যনিপুণো দুর্য্যোধনঃ ॥১১॥
পুত্রেতি। অকৃতাত্মনা অশিক্ষিতবুদ্ধিনা। নিকৃতা নানাপ্রকারেণ নির্যাতিতাঃ ॥১২॥
শমেতি। শমকামঃ শান্তিকামী, দীর্ঘাপেক্ষী শান্ত্যর্থমেব দীর্ঘকালপ্রতীক্ষী ॥১৩॥
তানীতি। বিপ্রকারান্ অস্মৎকৃতা নির্যাতনাঃ। সূতজং কর্ণম্ ॥১৪॥
তস্মাদিতি। পরস্পরবধৈষিণাবিতি স্বধারণানুসারাদুক্তম্। বস্তুতস্তু কর্ণো ন ভীমসেন-

নির্বোধ মধুলোভী লোক যেমন উচ্চদেশ হইতে পতন বোঝে না, সেইরূপ আমার বুদ্ধিশূন্য পুত্র কুবেরের ন্যায় যুধিষ্ঠিরের ধন হরণ করিয়া রাজ্যচ্যুতির বিষয় বোঝে নাই ॥১০॥

শাঠ্যনিপুণ দুর্য্যোধন শঠতাপূর্ব্বক মহাত্মা পাণ্ডবদের রাজ্য হরণ করিয়া তাহা জয় করিয়াছে এইরূপই বুঝিয়া পাণ্ডবগণকে অবজ্ঞা করিয়াছে ॥১১॥

আবার আমিও পুত্রস্নেহে অভিভূত এবং অশিক্ষিতবুদ্ধি ; তাই ধার্ম্মিক ও মহাত্মা পাণ্ডবদিগকে নানাপ্রকারে নির্যাতন করিয়াছি ॥১২॥

ওদিকে পৃথানন্দন যুধিষ্ঠির সর্ব্বদাই শান্তি কামনা করেন এবং তাহার জন্য দীর্ঘকাল অপেক্ষাও করিয়াছেন ; কিন্তু আমার পুত্রেরা তাঁহাকে অসমর্থ মনে করিয়া নির্যাতন করিয়াছে ॥১৩॥

সেই অনেক দুঃখ ও সমস্ত নির্যাতন মনে করিয়া মহাবাহু ভীমসেন কর্ণের সহিত যুদ্ধ করিয়াছেন ॥১৪॥

(১১)···পাণ্ডবানবমন্যত—পি। (১৩) শমকামঃ সসোদর্য্যো দীর্ঘপ্রেক্ষী···ইতি মত্বা তু···নি।

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্! যথা বৃত্তঃ সংগ্রামঃ কর্ণভীময়োঃ।
পরস্পরবধপ্রেপ্স্বোর্বনে কুঞ্জরয়োরিব ॥১৬॥
রাজন্! বৈকর্ত্তনো ভীমং ক্রুদ্ধঃ ক্রুদ্ধমরিন্দমম্।
পরাক্রান্তং পরাক্রম্য বিব্যাধ ত্রিংশতা শরৈঃ ॥১৭॥
মহাবেগৈঃ প্রসন্নাগ্রৈঃ শাতকুম্ভপরিষ্কৃতৈঃ।
আহনদ্ভরতশ্রেষ্ঠ! ভীমং বৈকর্ত্তনঃ শরৈঃ ॥১৮॥
তস্যাস্যতো ধনুর্ভীমশ্চকর্ত্ত বিশিখৈস্ত্রিভিঃ।
রথনীড়াচ্চ যন্তারং ভল্লেনাপাতয়ৎ ক্ষিতৌ ॥১৯॥
স কাঙ্ক্ষন্ ভীমসেনস্য বধং বৈকর্ত্তনো ভৃশম্।
শক্তিং কনকবৈদূর্য্যচিত্রদণ্ডাং পরামৃশৎ ॥২০॥

ভারতকৌমুদী

বধৈষী আসীৎ ভ্রাতৃস্নেহাৎ কুন্তীবাক্যস্মরণাৎ স্বপ্রতিজ্ঞাবশাচ্চেতি বোধ্যম্। তৎ সর্বমুদ্যোগপর্ব্বণি দ্রষ্টব্যম্ ॥১৫॥

শৃণ্বিতি। বৃত্তো জাতঃ। অত্রাপি কুন্তীবাক্যাদিবিস্মরণাৎ পরস্পরেত্যাদ্যুক্তম্ ॥১৬॥

রাজন্নিতি। বৈকর্ত্তনঃ কর্ণঃ। বিব্যাধ তাড়য়ামাস ॥১৭॥

মহেতি। প্রসন্নাগ্রৈর্নির্ম্মলমুখৈঃ, শাতকুম্ভপরিষ্কৃতৈঃ স্বর্ণখচিতৈঃ। আহনদাহতবান্ ॥১৮॥

তস্যেতি। অস্যতঃ শরান্ ক্ষিপতঃ। চকর্ত্ত চিচ্ছেদ। রথ এব নীড়ং কুলায়স্তস্মাৎ ॥১৯॥

অতএব সঞ্জয়! যুদ্ধবিষয়শ্রেষ্ঠ এবং পরস্পরবধৈষী কর্ণ ও ভীম রণস্থলে যেভাবে যুদ্ধ করিয়াছিলেন, তাহা তুমি আমার নিকট বল' ॥১৫॥

সঞ্জয় বলিলেন—'রাজা! বনে দুইটা হস্তীর ন্যায় পরস্পরবধৈষী কর্ণ ও ভীমের যেরূপ যুদ্ধ হইয়াছিল, তাহা আপনি শ্রবণ করুন ॥১৬॥

রাজা! ক্রুদ্ধ কর্ণ পরাক্রম প্রকাশ করিয়া ত্রিশটা বাণদ্বারা ক্রুদ্ধ, অরিন্দম ও পরাক্রমশালী ভীমসেনকে তাড়ন করিলেন ॥১৭॥

ভরতশ্রেষ্ঠ! পুনরায় কর্ণ মহাবেগশালী, নির্ম্মলমুখ ও স্বর্ণখচিত বহুতর বাণদ্বারা ভীমসেনকে আঘাত করিলেন ॥১৮॥

এইভাবে কর্ণ বাণক্ষেপ করিতে লাগিলে, ভীমসেন তিনটা বাণদ্বারা তাঁহার ধনু ছেদন করিলেন এবং একটা ভল্লদ্বারা তাঁহার সারথিকে ভূতলে নিপাতিত করিলেন ॥১৯॥

(১৮)…অহনস্তরতশ্রেষ্ঠ! ভীমো বৈকর্ত্তনং শরৈঃ—পি,·· অহনৎ · বঙ্গ বৰ্দ্ধ,…নান্তরস্তরতশ্রেষ্ঠ!…নি। (১৯)…চকর্ত্ত নিশিতৈঃ শরৈঃ·· পি।

প্রগৃহ্য চ মহাশক্তিং কালশক্তিমিবাপরাম্ ।
সমুৎক্ষিপ্য চ রাধেয়ঃ সন্ধায় চ মহাবলঃ ।
চিক্ষেপ ভীমসেনায় জীবিতান্তকরীমিব ॥২১॥
শক্তিং বিসৃজ্য রাধেয়ঃ পুরন্দর ইবাশনিম্ ।
ননাদ সুমহানাদং বলবান্ সূতনন্দনঃ ।
তঞ্চ নাদং তদা শ্রুত্বা পুত্রাস্তে হৃষিতাভবন্ ॥২২॥
তাং কর্ণভুজনির্ম্মুক্তামর্কবৈশ্বানরপ্রভাম্ ।
শক্তিং বিয়তি চিচ্ছেদ ভীমঃ সপ্তভিরাশুগৈঃ ॥২৩॥
ছিত্ত্বা শক্তিং তদা ভীমো নির্ম্মুক্তোরগসন্নিভাম্ ।
মার্গমাণ ইব প্রাণান্ সূতপুত্রস্য মারিষ ! ॥২৪॥
প্রাহিণোৎ কৃতসংরম্ভঃ শরান্ বর্হিণবাসসঃ ।
স্বর্ণপুঙ্খান্ শিলাধৌতান্ যমদণ্ডোপমান্ যুধি ॥২৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। কনকবৈদূর্য্যৈঃ স্বর্ণ বৈদূর্য্যমণিভিশ্চিত্রো দণ্ডো যস্যাস্তাম্, পরামৃশদস্পৃশৎ ॥২০॥

প্রগৃহ্যেতি। কালশক্তিং সংহারিণীং শক্তিম্। সমুৎক্ষিপ্য তূণাৎ সমুত্তোল্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

শক্তিমিতি। হৃষিতাভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২২॥

তামিতি। অর্কবৈশ্বানরপ্রভাং সূর্য্যাগ্নিবদুজ্জ্বলাম্। বিয়তি আকাশে ॥২৩॥

ছিত্ত্বেতি। নির্ম্মুক্তস্ত্যক্তচর্ম্মা য উরগঃ সর্পস্তৎসন্নিভাম্। মার্গমাণো গ্রহণায়ান্বিষ্যন্। কৃতসংরম্ভঃ কৃতক্রোধঃ, বর্হিণা ময়ূরাস্তৎপক্ষা বাসাংসি আবরণানি যেষাং তান্ ॥২৪—২৫॥

তখন কর্ণ ভীমসেনকে বধ করিবার ইচ্ছা করিয়া স্বর্ণ ও বৈদূর্য্যমণিখচিত একটা শক্তি স্পর্শ করিলেন ॥২০॥

এবং মহাবল কর্ণ জীবননাশক অপর কালশক্তির তুল্য সেই মহাশক্তিটা গ্রহণ, উত্তোলন ও সন্ধান করিয়া ভীমসেনের উপরে নিক্ষেপ করিলেন ॥২১॥

ইন্দ্র যেমন বজ্র নিক্ষেপ করেন, সেইরূপ বলবান্ সারথিনন্দন কর্ণ সেই শক্তি নিক্ষেপ করিয়া অতিবিশাল সিংহনাদ করিলেন। তখন আপনার পুত্রেরা সেই সিংহনাদ শুনিয়া আনন্দিত হইলেন ॥২২॥

ওদিকে ভীমসেন সাতটা বাণদ্বারা আকাশেই কর্ণবাহুনিক্ষিপ্ত সূর্য্য ও অগ্নির ন্যায় উজ্জ্বল সেই শক্তিটাকে ছেদন করিলেন ॥২৩॥

(২১)…কালরাত্রিমিবাপরাম্…নি। (২৩)…শক্তিং চিচ্ছেদ ভীমস্তু তদা সপ্তভিরাশুগৈঃ—বর্দ্ধ। (২৪)… মার্গমাণামিব…নি। (২৫)…যমদণ্ডোপমান্ মৃধে—পি।

কর্ণোঽপ্যন্যদ্ধনুর্গৃহ্য হেমপৃষ্ঠং দুরাসদম্।
বিকৃষ্য চ মহাতেজা ব্যসৃজৎ সায়কান্ বহূন্ ॥২৬॥
তান্ পাণ্ডুপুত্রশ্চিচ্ছেদ নবভির্নতপর্ব্বভিঃ।
বসুষেণেন নির্ম্মুক্তান্ নব রাজন্! মহাশরান্।
ছিত্ত্বা ভীমো মহারাজ! নাদং সিংহ ইবানদৎ ॥২৭॥
তৌ বৃষাবিব নর্দ্দন্তৌ বলিনৌ বাসিতান্তরে।
শার্দ্দূলাবিব চান্যোন্যমামিষার্থেঽভ্যগর্জতাম্ ॥২৮॥
অন্যোন্যং প্রজিহীর্ষন্তাবন্যোন্যস্যান্তরৈষিণৌ।
অন্যোন্যমভিবীক্ষেতাং গোষ্ঠেষ্বিব মহর্ষভৌ ॥২৯॥

ভারতকৌমুদী

কর্ণ ইতি। গৃহ্য গৃহীত্বা, হেমপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্। বিকৃষ্যাকৃষ্য ॥২৬॥
তানিতি। তান্ তন্মধ্যে প্রধানীভূতান্। বসুষেণেন কর্ণেন। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৭॥
তাবিতি। বাসিতা ঋতুমতী গৌস্তদন্তরে তদর্থে। আমিষার্থে মাংসার্থে ॥২৮॥
অন্যোন্যমিতি। প্রজিহীর্ষন্তৌ প্রহর্ত্তুমিচ্ছন্তৌ, অন্তরৈষিণৌ ছিদ্রান্বেষিণৌ। অভি-বীক্ষেতাম্ অপশ্যতাম্। হন্তন্যাং বৃদ্ধ্যাভাব আর্ষঃ। মহর্ষভৌ মহাবৃষৌ ॥২৯॥

মাননীয় রাজা! তখন ভীমসেন ত্যক্তচর্ম্মা সর্পের তুল্য শক্তিটাকে ছেদন করিয়া আরও ক্রুদ্ধ হইয়া কর্ণের প্রাণই যেন অন্বেষণ করিতে থাকিয়া তাঁহার উপরে ময়ূরপক্ষাবৃত, স্বর্ণপুঙ্খ, শিলাঘর্ষণপরিষ্কৃত ও যমদণ্ডতুল্য বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥২৪—২৫॥

ইতোমধ্যে মহাতেজা কর্ণও স্বর্ণখচিতপৃষ্ঠ ও দুর্দ্ধর্ষ অন্য ধনু লইয়া এবং তাহা আকর্ষণ করিয়া বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥২৬॥

মহারাজ! তখন পাণ্ডুপুত্র ভীমসেন নতপর্ব্ব নয়টা বাণদ্বারা কর্ণনিক্ষিপ্ত প্রধান নয়টা বাণকে ছেদন করিলেন এবং ছেদন করিয়া সিংহের ন্যায় গর্জন করিলেন ॥২৭॥

পরে ঋতুমতী গাভীর জন্য দুইটা বৃষের ন্যায় এবং মাংসের জন্য দুইটা ব্যাঘ্রের তুল্য কর্ণ ও ভীমসেন পরস্পর গর্জন করিতে লাগিলেন ॥২৮॥

গোষ্ঠে দুইটা মহাবৃষের ন্যায় কর্ণ ও ভীমসেন পরস্পর প্রহার করিবার ইচ্ছা করিয়া পরস্পর ছিদ্রান্বেষী হইয়া পরস্পর দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥২৯॥

(২৯)…অন্যোন্যস্য চ বৈরিণৌ…পি।

মহাগজাবিবাসাদ্য বিষাণাগ্রৈঃ পরস্পরম্ ।
শরৈঃ পূর্ণায়তোৎসৃষ্টৈরন্যোন্যমভিজঘ্নতুঃ ॥৩০॥
নির্দ্দহন্তৌ মহারাজ ! শরবৃষ্ট্যা পরস্পরম্ ।
অন্যোন্যস্যান্তরপ্রেপ্সূ কোপাদ্‌বিবৃতলোচনৌ ॥৩১॥
প্রহসন্তৌ তদান্যোন্যং ভর্ৎসয়ন্তৌ মুহুর্মুহুঃ ।
শঙ্খশব্দঞ্চ কুর্ব্বাণৌ যুযুধাতে পরস্পরম্ ॥৩২॥ (যুগ্মকম্)
তস্য ভীমঃ পুনশ্চাপং মুষ্টৌ চিচ্ছেদ মারিষ ! ।
শঙ্খবর্ণাংশ্চ তানশ্বান্ বাণৈর্নিন্যে যমক্ষয়ম্ ॥৩৩॥
তথা কৃচ্ছ্রগতং দৃষ্ট্বা কর্ণং দুর্য্যোধনো নৃপ ! ।
বেপমান ইব ক্রোধাদ্‌ব্যাদিদেশাথ দুর্জ্জয়ম্ ॥৩৪॥
গচ্ছ দুর্জ্জয় ! রাধেয়ং পুরা গ্রসতি পাণ্ডবঃ ।
জহি তূবরকং ক্ষিপ্রং কর্ণস্য বলমাদধৎ ॥৩৫॥

ভারতকৌমুদী

মহেতি। বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ। পূর্ণমায়তেনাকৃষ্টেন ধনুষা উৎসৃষ্টৈঃ ক্ষিপ্তৈঃ ॥৩০॥

নিরিতি। নির্দ্দহন্তৌ সন্তাপয়ন্তৌ। অন্তরপ্রেপ্সূ ছিদ্রলিপ্সূ বিবৃতলোচনৌ বিস্ফারিত-নয়নৌ। হাসো বীরব্যভিচারী ॥৩১—৩২॥

তস্যেতি। তস্য কর্ণস্য। যমক্ষয়ং যমালয়ম্ ॥৩৩॥

তথেতি। কৃচ্ছ্রগতং কষ্টপ্রাপ্তম্। বেপমানঃ কম্পমানঃ। দুর্জ্জয়ং তদাখ্যং ভ্রাতরম্ ॥৩৪॥

দন্তাগ্রদ্বারা নিকটবর্ত্তী দুইটা বিশাল হস্তীর ন্যায় তাঁহারা পূর্ণাকৃষ্ট-কার্ম্মুক-নিক্ষিপ্ত বাণদ্বারা পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥৩০॥

মহারাজ ! বাণবর্ষণদ্বারা পরস্পর সন্তপ্ত করিতে থাকিয়া, পরস্পর ছিদ্রান্বেষী ও ক্রোধে প্রসারিতনয়ন হইয়া এবং মুহুর্মুহু হাস, ভর্ৎসনা ও শঙ্খধ্বনি করতঃ তাঁহারা তখন পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন ॥৩১—৩২॥

মাননীয় রাজা ! ক্রমে ভীমসেন পুনরায় কর্ণের ধনুর মুষ্টিদেশ ছেদন করিলেন এবং বাণদ্বারা কর্ণের শঙ্খবর্ণ সেই অশ্বগুলিকে যমালয়ে পাঠাই-লেন ॥৩৩॥

রাজা ! তখন দুর্য্যোধন কর্ণকে সেইরূপ বিপদাপন্ন দেখিয়া ক্রোধে যেন কাঁপিতে থাকিয়া দুর্জ্জয়কে আদেশ করিলেন—॥৩৪॥

(৩১)···অন্তরপ্রেক্ষৌ···পি,···অন্যোন্যমভিবীক্ষন্তৌ ··বা নি। (৩৪)···দুর্য্যোধনো নৃপঃ···পি বা নি।

এবমুক্তস্তথেত্যুক্ত্বা তব পুত্রস্তবাত্মজম্।
অভ্যদ্রবদ্ভীমসেনং ব্যাসক্তং বিকিরন্ শরৈঃ ॥৩৬॥
স ভীমং দশভির্ব্বাণৈরশ্বানষ্টভিরার্পয়ৎ।
যড়্ভিঃ সূতং ত্রিভিঃ কেতুং পুনস্তঞ্চাপি সপ্তভিঃ ॥৩৭॥
ভীমসেনোঽপি সংক্রুদ্ধঃ সাশ্বযন্তারমাশুগৈঃ।
দুর্জয়ং ভিন্নমর্ম্মাণমনয়দ্যমসাদনম্ ॥৩৮॥
স্বলঙ্কৃতং ক্ষিতৌ ক্ষুণ্ণং চেষ্টমানং যথোরগম্।
রুদন্নার্ত্তস্তব সুতং কর্ণশ্চক্রে প্রদক্ষিণম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

গচ্ছেতি। পুরা পরকালে, পাণ্ডবো ভীমঃ। তুবরকং কুৎসিতং শ্মশ্রুহীনং ভীমম্, "অজাতশৃঙ্গো গৌঃ কালেঽপ্যশ্মশ্রুর্না চ তুবরঃ" ইত্যমরঃ। কুৎসায়াং কপ্রত্যয়ঃ। আদধজ্জনয়ন্ ॥৩৫॥

এবমিতি। পুত্রো দুর্জয়ঃ, আত্মজং দুর্য্যোধনম্। ব্যাসক্তং যুদ্ধে ব্যাপৃতম্ ॥৩৬॥
স ইতি। অশ্বান্ ভীমস্যৈব, আর্পয়দপীড়য়ৎ। সূতং সারথিম্, তং ভীমম্ ॥৩৭॥
ভীমেতি। অশ্বৈর্যন্ত্রা সারথিনা চ সহেতি তম্। ভিন্নমর্ম্মাণং বিদীর্ণবক্ষসম্ ॥৩৮॥
স্বলঙ্কৃতমিতি। ক্ষুণ্ণং লুণ্ঠিতম্। চক্রে বাৎসল্যাৎ কারুণ্যাচ্চ ॥৩৯॥

'দুর্জয়! হয় ত পাণ্ডবটা পরে কর্ণকে গ্রাস করিয়াই ফেলিবে। অতএব তুমি যাও, কর্ণের শক্তিবৃদ্ধি করতঃ সত্বর শ্মশ্রুহীনটাকে বধ কর' ॥৩৫॥

দুর্য্যোধন এইরূপ বলিলে, আপনার পুত্র দুর্জয় আপনার পুত্র দুর্য্যোধনকে 'তাহাই হউক' এই কথা বলিয়া বাণক্ষেপ করিতে করিতে যুদ্ধব্যাপৃত ভীমের দিকে ধাবিত হইলেন ॥৩৬॥

ক্রমে দুর্জয় দশটা বাণদ্বারা ভীমকে, আটটাদ্বারা তাঁহার অশ্বগুলিকে, ছয়টাদ্বারা সারথিকে, তিনটাদ্বারা ধ্বজটাকে এবং আবার সাতটা বাণদ্বারা ভীমকে তাড়ন করিলেন ॥৩৭॥

তখন ভীমসেনও অত্যন্তক্রুদ্ধ হইয়া বাণদ্বারা অশ্ব ও সারথির সহিত দুর্জয়ের বক্ষ বিদীর্ণ করিয়া তাঁহাকে যমভবনে প্রেরণ করিলেন ॥৩৮॥

এই সময়ে কর্ণ শোকে পীড়িত হইয়া রোদন করিতে থাকিয়া সুন্দর অলঙ্কৃত, ভূলুণ্ঠিত এবং সর্পের ন্যায় স্পন্দমান দুর্জয়কে প্রদক্ষিণ করিলেন ॥৩৯॥

(৩৭)···নবভির্বাণৈরশ্বানষ্টভিরার্দ্দয়ৎ···নি। (৩৮) ভীমসেনোঽভিসংক্রুদ্ধঃ···পি। (৩৯) বাঢ়ং হতম্···বেষ্টমানম্···নি।

স তু তং বিরথং কৃত্বা স্মরন্নত্যন্তবৈরিণম্ ।
সমাচিনোদ্বাণগণৈঃ শতঘ্নীমিব শঙ্কুভিঃ ॥৪০॥
তথাপ্যতিরথঃ কর্ণো ভিদ্যমানস্তু সায়কৈঃ ।
ন জহৌ সমরে ভীমং ক্রুদ্ধরূপং পরন্তপঃ ॥৪১॥
স তথা বিরথঃ কর্ণঃ পুনর্ভীমেন নির্জিতঃ ।
রথমন্যং সমাস্থায় সদ্যো বিব্যাধ পাণ্ডবম্ ॥৪২॥
অথ কর্ণঃ শরব্রাতৈর্ভীমসেনং সমার্পয়ৎ ।
ননাদ বলবন্নাদং পুনর্বিব্যাধ চোরসি ॥৪৩॥
তং ভীমো দশভির্ব্বাণৈঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ।
পুনর্বিব্যাধ বিংশত্যা শরাণাং নতপর্ব্বণাম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

স ইতি। স ভীমঃ। অত্যন্তবৈরিণমত্যন্তবৈরিতয়া। সমাচিনোৎ ব্যাপ্নোৎ ॥৪০॥
তথেতি। ভিদ্যমানো বিদার্য্যমাণঃ। ন জহৌ ন তত্যাজ, যতঃ পরন্তপঃ ॥৪১॥
স ইতি। সমাস্থায় আরুহ্য, বিব্যাধ তাড়য়ামাস, পাণ্ডবং ভীমম্ ॥৪২॥
অথেতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, সমার্পয়দপীড়য়ৎ। ননাদ চকার, বলবৎ বিশালম্ ॥৪৩॥
তমিতি। স্তনান্তরে বক্ষসি। নতপর্ব্বণামীষদ্বক্রোপান্তানাম্ ॥৪৪॥

কিন্তু ভীমসেন কর্ণকে রথবিহীন করিয়া তাঁহার মহাশত্রুতা স্মরণ করতঃ শঙ্কু-(পেরেক) দ্বারা শতঘ্নীর ন্যায় বাণসমূহদ্বারা তাঁহাকে ব্যাপ্ত করিয়া ফেলিলেন ॥৪০॥

অতিরথ ও শত্রুসন্তাপী কর্ণ ভীমের বাণে বিদীর্ণ হইতে থাকিয়াও যুদ্ধে ক্রুদ্ধ ভীমসেনকে ত্যাগ করিলেন না ॥৪১॥

ভীমকর্ত্তৃক সেইভাবে পুনরায় পরাজিত ও রথবিহীন কর্ণ অন্য রথে আরোহণ করিয়া তৎক্ষণাৎ ভীমকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৪২॥

তাহার পর কর্ণ বাণসমূহদ্বারা ভীমসেনকে পীড়ন করিলেন, পরে বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন, আবার তাঁহার বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৪৩॥

(৪১)…শতঘ্নীভিশ্চ শঙ্কুভিঃ…পি বা নি,…পরন্তপ! বঙ্গ বর্দ্ধ। ইতঃ পরম্, '…একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥ সঞ্জয় উবাচ' বঙ্গ বর্দ্ধ, '…ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥ সঞ্জয় উবাচ' বা রা নি। (৪২) শ্লোকাৎ পরম্ 'মহাগজাবিবাসাদ্য বিষাণাগ্রৈঃ পরস্পরম্। শরৈঃ পূর্ণায়তোৎসৃষ্টৈরন্যোন্যমভিজঘ্নতুঃ ॥" শ্লোকোঽয়মধিকঃ প্রাগবিকলমেবোক্তত্বাৎ বঙ্গ বর্দ্ধ বা। (৪৩)…ননাদ চ মহানাদম্…পি। (৪৪)…প্রত্যবিধ্যদজিহ্মগৈঃ…পি বা।নি

কর্ণস্তু নবভির্ভীমং বিদ্ধা রাজন্! স্তনান্তরে।
ধ্বজমেকেন বিব্যাধ সায়কেন শিতেন হ ॥৪৫॥
সায়কানাং ততঃ পার্থস্ত্রিষষ্ট্যা প্রত্যবিধ্যত।
তোত্ত্রৈরিব মহানাগং কশাভিরিব বাজিনম্ ॥৪৬॥
সোঽতিবিদ্ধো মহারাজ! পাণ্ডবেন যশস্বিনা।
সৃক্বণী লেলিহন্ বীরঃ কোপসংরক্তলোচনঃ ॥৪৭॥
ততঃ শরং মহারাজ! সর্বকায়াবদারণম্।
প্রাহিণোদ্ভীমসেনায় বলায়েন্দ্র ইবাশনিম্ ॥৪৮॥
স নির্ভিদ্য রণে পার্থং সূতপুত্রধনুশ্চ্যুতঃ।
অগচ্ছদ্দারয়ন্ ভূমিং চিত্রপুঙ্খঃ শিলীমুখঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

কর্ণ ইতি। নবভিঃ সায়কৈঃ। শিতেন শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতেন ॥৪৫॥
সায়কানামিতি। পার্থঃ পৃথায়াঃ কুন্ত্যাঃ পুত্রো ভীমঃ। তোত্ত্রৈরঙ্কুশৈঃ ॥৪৬।
স ইতি। লেলিহন্ রসনয়া পুনঃ পুনঃ স্পৃশন্, কোপসংরক্তলোচনোঽভবৎ ॥৪৭॥
তত ইতি। প্রাহিণোৎ কর্ণ ইতি শেষঃ, বলায় তদাখ্যায়াসুরায় ॥৪৮॥
স ইতি। চিত্রপুঙ্খঃ স্বর্ণাদিখচিতত্বান্নানাবর্ণমূলদেশঃ, শিলীমুখো বাণঃ ॥৪৯॥

তখন ভীমসেন দশটা বাণদ্বারা কর্ণের বক্ষস্থল প্রতিবিদ্ধ করিলেন, পরে আবার কুড়িটা নতপর্ব্ব বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৪৪॥

রাজা! তৎপরে কর্ণ নয়টা বাণদ্বারা ভীমের বক্ষ বিদ্ধ করিয়া একটা সুধার বাণদ্বারা তাঁহার ধ্বজ বিদ্ধ করিলেন ॥৪৫॥

তদনন্তর অঙ্কুশদ্বারা মহাহস্তীর ন্যায় এবং কশাদ্বারা ঘোটকের তুল্য ভীমসেন তেষট্টিটা বাণদ্বারা কর্ণকে প্রতিবিদ্ধ করিলেন ॥৪৬॥

মহারাজ! যশস্বী ভীমসেন অত্যন্তবিদ্ধ করিলে, মহাবীর কর্ণ ক্রোধে আরক্তনয়ন হইয়া ওষ্ঠপ্রান্ত লেহন করিতে লাগিলেন ॥৪৭॥

মহারাজ! তৎপরে ইন্দ্র যেমন বলাসুরের উপরে বজ্র নিক্ষেপ করিয়াছিলেন, সেইরূপ কর্ণ ভীমের উপরে একটা সর্ব্বদেহবিদারক বাণ নিক্ষেপ করিলেন ॥৪৮॥

কর্ণের কার্ম্মুকনির্গত বিচিত্রপুঙ্খ সেই বাণটা যাইয়া ভীমসেনকে বিদীর্ণ করিয়া ভূমিও বিদারণপূর্ব্বক তাহাতে প্রবেশ করিল ॥৪৯॥

তেতা ভীমো মহাবাহুঃ ক্রোধসংরক্তলোচনঃ।
বজ্রকল্পাং চতুষ্কিষ্কুং গুর্বীং রুক্মাঙ্গদাং গদাম্।
প্রাহিণোৎ সূতপুত্রায় ষড়স্রামবিচারয়ন্ ॥৫০॥
তয়া জঘানাধিরথেঃ সদশ্বান্ সাধুবাহিনঃ।
গদয়া ভারত! ক্রুদ্ধো বজ্রেণেন্দ্র ইবাসুরান্ ॥৫১॥
ততো ভীমো মহাবাহুঃ ক্ষুরাভ্যাং ভরতর্ষভ!।
ধ্বজমাধিরথেশ্ছিত্ত্বা সূতমভ্যহনচ্ছরৈঃ ॥৫২॥
হতাশ্বসূতমুৎসৃজ্য স রথং পতিতধ্বজম্।
বিস্ফারয়ন্ ধনুঃ কর্ণস্তস্থৌ ভারত! দুর্ম্মনাঃ ॥৫৩॥
তত্রাদ্ভুতমপশ্যাম রাধেয়স্য পরাক্রমম্।
বিরথো রথিনাং শ্রেষ্ঠো বারয়ামাস যদ্রিপুম্ ॥৫৪॥

ভারতকৌমুদী

তত ইতি। চতুষ্কিষ্কুং চতুর্হস্তাম্, "কিষ্কুর্হস্তে বিতস্তৌ চ" ইত্যমরঃ। গুর্বীং ভারবতীম, রুক্মাঙ্গদাং মধ্যে স্বর্ণপট্টবেষ্টিতাম্। ষড়স্রাং ষট্কোণাম্, অবিচারয়ন্ অসন্দধৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥

তয়েতি। আধিরথেঃ কর্ণস্য, সাধুবাহিনঃ সুষ্ঠুরথচালকান্ ॥৫১॥

তত ইতি। ক্ষুরাভ্যাং ক্ষুরপ্রাখ্যবাণাভ্যাম্। সূতং সারথিম্ ॥৫২॥

হতেতি। দুর্ম্মনা অশ্বসারথিধ্বজবিনাশাদ্দুঃখিতচিত্তঃ ॥৫৩॥

তত্রেতি। রাধেয়স্য অধিরথপত্ন্যা রাধাখ্যায়াঃ পুত্রস্য কর্ণস্য। রিপুং ভীমম্ ॥৫৪॥

তাহার পর মহাবাহু ভীমসেন ক্রোধে আরক্তনয়ন হইয়া, কোথায় আঘাত করিবেন তাহার বিচার না করিয়া বজ্রতুল্যা, চতুর্হস্তপরিমিতা, ভারবতী, স্বর্ণপট্টবেষ্টিতা ও ষট্কোণা গদাটাকে কর্ণের দিকে নিক্ষেপ করিলেন ॥৫০॥

ভরতনন্দন! তখন ইন্দ্র যেমন বজ্রদ্বারা অসুর বধ করিতেন, সেইরূপ ভীমসেন সেই গদাদ্বারা সুষ্ঠুরথবাহক কর্ণের উত্তম অশ্বগুলিকে বধ করিলেন ॥৫১॥

ভরতশ্রেষ্ঠ! তদনন্তর আবার মহাবাহু ভীমসেন দুইটা ক্ষুরপ্রদ্বারা কর্ণের ধ্বজ ছেদন করিয়া বাণদ্বারা তাঁহার সারথিকে বধ করিলেন ॥৫২॥

ভরতনন্দন! অশ্ব ও সারথি নিহত এবং ধ্বজ পতিত হইলে, কর্ণ রথ পরিত্যাগ করিয়া ধনু বিস্ফারণ করতঃ অবস্থান করিতে লাগিলেন ॥৫৩॥

(৫০)···সর্বৈশৈক্যাং চতুষ্কিষ্কুম্···পি বঙ্গ বর্দ্ধ,···ষড়শ্রীম্···পি,···ষড়শ্রিম্··· বর্দ্ধ। (৫৩)··· রথং স পতিতধ্বজম্···বর্দ্ধ।

বিরথং রথিনাং শ্রেষ্ঠং দৃষ্ট্বাধিরথিমাহবে।
দুর্য্যোধনস্ততো রাজন্নভ্যভাষত দুর্ম্মুখম্ ॥৫৫॥
এষ দুর্ম্মুখ! রাধেয়ো ভীমেন বিরথীকৃতঃ।
তং রথেন নরশ্রেষ্ঠং সম্পাদয় মহারথম্ ॥৫৬॥
দুর্য্যোধনবচঃ শ্রুত্বা ততো ভারত! দুর্ম্মুখঃ।
ত্বরমাণোঽভ্যয়াৎ কর্ণং ভীমঞ্চাবারয়চ্ছরৈঃ ॥৫৭॥
দুর্ম্মুখং প্রেক্ষ্য সংগ্রামে সূতপুত্রপদানুগম্।
বায়ুপুত্রঃ প্রহৃষ্টোঽভূৎ সৃক্কণী পরিসংলিহন্ ॥৫৮॥
ততঃ কর্ণং মহারাজ! বারয়িত্বা শিলীমুখৈঃ।
দুর্ম্মুখায় রথং তূর্ণং প্রেষয়ামাস পাণ্ডবঃ ॥৫৯॥
তস্মিন্ ক্ষণে মহারাজ! নবভির্নতপর্ব্বভিঃ।
সুমুখৈর্দুর্ম্মুখং ভীমঃ প্রেষয়ামাস মৃত্যবে ॥৬০॥

ভারতকৌমুদী

বিরথমিতি। আধিরথিং কর্ণম্। দুর্ম্মুখং তদাখ্যং ভ্রাতরম্ ॥৫৫॥
এষ ইতি। সম্পাদয় সম্পন্নং কুরু ॥৫৬॥
দুর্য্যোধনেতি। অভ্যয়াদভ্যগচ্ছৎ ॥৫৭॥
দুর্ম্মুখমিতি। সূতপুত্রপদানুগং কর্ণপৃষ্ঠচরম্। বায়ুপুত্রো ভীমঃ ॥৫৮॥
তত ইতি। শিলীমুখৈর্বাণৈঃ। পাণ্ডবো ভীমসেনঃ ॥৫৯॥

তখন আমরা কর্ণের অদ্ভুত পরাক্রম দেখিতে লাগিলাম; যে হেতু রথিশ্রেষ্ঠ কর্ণ রথবিহীন হইয়াও শত্রুকে বারণ করিতে থাকিলেন ॥৫৪॥

রাজা! ওদিকে দুর্য্যোধন রথিশ্রেষ্ঠ কর্ণকে যুদ্ধে রথবিহীন দেখিয়া দুর্ম্মুখকে বলিলেন—॥৫৫॥

'দুর্ম্মুখ! ভীম এই কর্ণকে রথবিহীন করিয়াছে। অতএব তুমি যাইয়া নরশ্রেষ্ঠ ও মহারথ কর্ণকে রথসম্পন্ন কর (রথে আরোহণ করাও)' ॥৫৬॥

ভরতনন্দন! তাহার পর দুর্ম্মুখ দুর্য্যোধনের বাক্য শুনিয়া সত্বর কর্ণের দিকে গমন করিলেন এবং বাণসমূহদ্বারা ভীমকে বারণ করিতে লাগিলেন ॥৫৭॥

দুর্ম্মুখকে যুদ্ধে কর্ণের পৃষ্ঠবর্ত্তী হইতে দেখিয়া ভীমসেন ওষ্ঠপ্রান্ত লেহন করতঃ আনন্দিত হইলেন ॥৫৮॥

মহারাজ! তদনন্তর ভীমসেন বাণদ্বারা কর্ণকে বারণ করিয়া সত্বর দুর্ম্মুখের দিকে রথ চালাইয়া দিলেন ॥৫৯॥

(৫৮) ..পরিলেলিহন্—বর্দ্ধ। (৬০)...সুপুঙ্খৈর্দুর্ম্মুখং ভীমঃ শরৈর্নিন্যে যমক্ষয়ম্—পি নি।

ততস্তমেবাধিরথিঃ স্যন্দনং দুর্ম্মুখে হতে।
আস্থিতঃ প্রবভৌ রাজন্! দীপ্যমান ইবাংশুমান্ ॥৬১॥
শয়ানং ভিন্নমর্ম্মাণং দুর্ম্মুখং শোণিতোক্ষিতম্।
দৃষ্ট্বা কর্ণোঽশ্রুপূর্ণাক্ষো মুহূর্ত্তমভ্যবর্ত্তত ॥৬২॥
তং গতাসুমতিক্রম্য কৃত্বা কর্ণঃ প্রদক্ষিণম্।
দীর্ঘমুষ্ণং শ্বসন্ বীরো ন কিঞ্চিৎ প্রত্যপদ্যত ॥৬৩॥
তস্মিংস্তু বিবরে রাজন্! নারাচান্ গার্ধ্রবাসসঃ।
প্রাহিণোৎ সূতপুত্রায় ভীমসেনশ্চতুর্দ্দশ ॥৬৪॥
তে তস্য কবচং ভিত্ত্বা স্বর্ণপুঙ্খা মহৌজসঃ।
হেমচিত্রা মহারাজ! দ্যোতয়ন্তো দিশো দশ ॥৬৫॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। সুমুখৈঃ সুধারাগ্রৈর্বাণৈঃ ॥৬০॥
তত ইতি। আধিরথিঃ কর্ণঃ, স্যন্দনং রথম্। আস্থিত আরূঢ়ঃ। অংশুমান্ সূর্য্যঃ ॥৬১॥
শয়ানমিতি। ভিন্নমর্ম্মাণং বিদীর্ণবক্ষসম্। অভ্যবর্ত্তত শোকাদবাতিষ্ঠত ॥৬২॥
তমিতি। গতাসুং মৃতম্। প্রত্যপদ্যত কর্ত্তব্যমবাধারয়ৎ ॥৬৩॥
তস্মিন্নিতি। বিবরে অবসরে। গার্ধ্রবাসসো গৃধ্রপক্ষাবৃতান্ ॥৬৪॥
ত ইতি। দ্যোতয়ন্ত আসন্নিতি শেষঃ। যুগ্মকাঙ্গীকারে মহারাজপদদ্বিরুক্ত্যাপত্তিঃ ॥৬৫॥

মহারাজ! সেই সময়ে ভীম নয়টা নতপর্ব্ব ও সুধার বাণদ্বারা দুর্ম্মুখকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৬০॥

রাজা! দুর্ম্মুখ নিহত হইলে পর কর্ণ তাঁহার সেই রথেই আরোহণ করিয়া দীপ্তিশালী সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৬১॥

ক্রমে কর্ণ দুর্ম্মুখকে বিদীর্ণহৃদয়ে ও রক্তাক্তদেহে শয়িত দেখিয়া অশ্রুপূর্ণ-নয়ন হইয়া মুহূর্ত্তকাল তাঁহার দিকে চাহিয়া রহিলেন ॥৬২॥

মহাবীর কর্ণ তখন মৃত দুর্ম্মুখকে প্রদক্ষিণ করিয়া অতিক্রমপূর্ব্বক দীর্ঘ ও উষ্ণ নিশ্বাস ত্যাগ করতঃ কোন কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥৬৩॥

রাজা! সেই অবসরে ভীমসেন কর্ণের উপরে গৃধ্রপক্ষযুক্ত চৌদ্দটা নারাচ নিক্ষেপ করিলেন ॥৬৪॥

মহারাজ! স্বর্ণপুঙ্খ, স্বর্ণবিচিত্র ও মহাতেজা সেই নারাচগুলি যাইয়া কর্ণের কবচ ভেদ করিয়া দশ দিক্ আলোকিত করিল ॥৬৫॥

(৬২)···মুহূর্ত্তং নাভ্যবর্ত্তত—পি নি। (৬৩) ন কিঞ্চিৎ প্রত্যভাষত—বঙ্গ বর্দ্ধ। (৬৫)···স্বর্ণচিত্রং মহৌজসঃ···পি বা নি, ব্যশোভন্ত দিশো দশ—বা নি।

অপিবন্ সূতপুত্রস্য শোণিতং রক্তভোজনাঃ।
ক্রুদ্ধা ইব মহারাজ! ভুজগাঃ কালচোদিতাঃ ॥৬৬॥
প্রসর্পমাণা মেদিন্যাং তে ব্যরোচন্ত মার্গণাঃ।
অর্দ্ধপ্রবিষ্টাঃ সংরব্ধা বিলানীব মহোরগাঃ ॥৬৭॥
তং প্রত্যবিধ্যদ্রাধেয়ো জাম্বূনদবিভূষিতৈঃ।
চতুর্দ্দশভিরত্যুগ্রৈর্নারাচৈরবিচারয়ন্ ॥৬৮॥
তে ভীমসেনস্য ভুজং সব্যং নির্ভিদ্য পত্রিণঃ।
প্রাবিশন্ মেদিনীং ভীমাঃ ক্রৌঞ্চং পত্ররথা ইব ॥৬৯॥
তে ব্যরোচন্ত নারাচাঃ প্রবিশন্তো বসুন্ধরাম্।
গচ্ছত্যস্তং দিনকরে দীপ্যমানা ইবাংশবঃ ॥৭০॥
স নির্ভিন্নো রণে ভীমো নারাচৈর্ম্মর্ম্মভেদিভিঃ।
সুস্রাব রুধিরং ভূরি পর্ব্বতঃ সলিলং যথা ॥৭১॥

ভারতকৌমুদী

অপিবন্নিতি। রক্তভোজনা রুধিরপায়িনঃ। কালেন চোদিতাঃ প্রেরিতাঃ ॥৬৬॥
প্রেতি। প্রসর্পমাণাঃ প্রবিশন্তঃ। মার্গণা বাণাঃ। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ ॥৬৭॥
তমিতি। জাম্বূনদেন স্বর্ণেন বিভূষিতৈঃ। অবিচারয়ন্ সন্ধানে ॥৬৮॥
ত ইতি। সব্যং বামম্, পত্রিণো বাণাঃ। ক্রৌঞ্চং গিরিম্, পত্ররথাঃ পক্ষিণঃ ॥৬৯॥
ত ইতি। নারাচানাং রক্তাক্তত্বাং সায়ং দিনকরাংশূনাঞ্চ রক্তত্বাং সাম্যম্ ॥৭০॥
স ইতি। সুস্রাব দেহান্নিঃসারয়ামাস। সলিলং বর্ষজলম্ ॥৭১॥

মহারাজ! কালপ্রেরিত ক্রুদ্ধ সর্পগণের ন্যায় রক্তপায়ী সেই নারাচগুলি কর্ণেরও রক্ত পান করিয়াছিল ॥৬৬॥

ক্রুদ্ধ মহাসর্পগণ যেমন গর্ত্তের ভিতরে অর্দ্ধপ্রবিষ্ট হইয়া প্রকাশ পায়, তেমন সেই বাণগুলিও ভূতলে অর্দ্ধ প্রবেশ করিয়া প্রকাশ পাইতে লাগিল ॥৬৭॥

পরে কর্ণও সন্ধানবিষয়ে কোন বিচার না করিয়া স্বর্ণভূষিত ভয়ঙ্কর চৌদ্দটা নারাচদ্বারা ভীমকে প্রতিবিদ্ধ করিলেন ॥৬৮॥

তখন সেই বাণগুলি যাইয়া ভীমসেনের বামবাহু ভেদ করিয়া—পক্ষিগণ যেমন ক্রৌঞ্চপর্বতে প্রবেশ করে, সেইরূপ ভূতলে প্রবেশ করিল ॥৬৯॥

সূর্য্য অস্ত গমন করিতে লাগিলে, তাঁহার রক্তোজ্জ্বল কিরণের ন্যায় সেই রক্তাক্ত নারাচগুলি ভূতলে প্রবেশ করিতে থাকিয়া শোভা পাইতে লাগিল ॥৭০॥

স ভীমস্ত্রিভিরায়স্তঃ সূতপুত্রং পতত্রিভিঃ।
সুপর্ণবেগৈর্বিব্যাধ সারথিঞ্চাস্য সপ্তভিঃ ॥৭২॥
স বিহ্বলো মহারাজ! কর্ণো ভীমশরাহতঃ।
প্রাদ্রবজ্জবনৈরশ্বৈ রণং হিত্বা মহাভয়াৎ ॥৭৩॥
ভীমসেনস্তু বিস্ফার্য্য চাপং হেমপরিষ্কৃতম্।
আহবেঽতিরথোঽতিষ্ঠজ্জ্বলন্নিব হুতাশনঃ ॥৭৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ভীমপ্রবেশে কর্ণপলায়নে ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। আয়স্তো বেদনাখিন্নঃ, পতত্রিভির্বাণৈঃ। সুপর্ণস্য গরুড়স্যেব বেগো যেষাং তৈঃ ॥৭২॥

স ইতি। প্রাদ্রবৎ পলায়িত, জবনৈর্বেগবদ্ভিঃ। হিত্বা ত্যক্ত্বা ॥৭৩॥

ভীমেতি। হেমপরিষ্কৃতং স্বর্ণশোভিতম্। আহবে রণস্থলে ॥৭৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অত্যদ্ভুতমিতি ॥১—৩॥ প্রাণদ্যুরোদরে প্রাণদ্যূতে ॥৪—৭১॥ সুষ্ঠু পর্ণানাং পত্রাণাং বেগো যেষাম্ ॥৭২—৭৪॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৬॥

ভীমসেন যুদ্ধে মর্ম্মভেদী নারাচদ্বারা বিদীর্ণ হইয়া—পর্ব্বত যেমন গাত্র হইতে বৃষ্টির জল নিঃসারণ করে, তেমন গাত্র হইতে প্রচুর রক্ত নিঃসারণ করিতে থাকিলেন ॥৭১॥

পরে বেদনাক্রান্ত ভীমসেন গরুড়ের ন্যায় বেগবান্ তিনটা বাণদ্বারা কর্ণকে এবং সাতটা বাণদ্বারা উহার সারথিকে বিদ্ধ করিলেন ॥৭২॥

মহারাজ! তখন কর্ণ ভীমের বাণে আহত ও বিহ্বল হইয়া গুরুতর ভয়ে রণস্থল ত্যাগ করিয়া বেগবান্ অশ্বগণের গুণে দ্রুত পলায়ন করিলেন ॥৭৩॥

কিন্তু অতিরথ ভীমসেন স্বর্ণশোভিত ধনু বিস্ফারণ করিয়া প্রজ্বলিত অগ্নির ন্যায় রণস্থলে অবস্থান করিতে লাগিলেন' ॥৭৪॥

(৭২)···আয়ত্তঃ···সমন্ত্রবেগৈর্বিব্যাধ···পি। (৭৩)···রণং হিত্বা মহাযশাঃ—পি, রণং ত্যক্ত্বা মহাযশাঃ—বঙ্গ বৰ্দ্ধ। * '···দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '···চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ।

———:-০-:———

ধৃতরাষ্ট্র উবাচ।

দৈবমেব পরং মন্যে ধিক্ পৌরুষমনর্থকম্।
যত্রাধিরথিরায়ত্তো নাতরৎ পাণ্ডবং রণে ॥১॥
কর্ণঃ পার্থান্ সগোবিন্দান্ জেতুমুৎসহতে রণে।
ন চ কর্ণসমং যোধং লোকে পশ্যামি কঞ্চন।
ইতি দুর্য্যোধনস্যাহমশ্রৌষং জল্পতো মুহুঃ ॥২॥
কর্ণো হি বলবান্ শূরো দৃঢ়ধন্বা জিতক্লমঃ।
ইতি মামব্রবীৎ সূত! মন্দো দুর্য্যোধনঃ পুরা ॥৩॥
বস্যুয়েণাসহায়ং মাং নালং দেবাপি সংযুগে।
কিমু পাণ্ডুসুতা রাজন্! গতসত্ত্বা বিচেতসঃ ॥৪॥

ভারতকৌমুদী

দৈবমিতি। যত্র যেন হেতুনা, আধিরথিঃ কর্ণঃ, আয়ত্তো জয়ে যত্নবানপি ॥১॥

কর্ণ ইতি। উৎসহতে শক্নোতি। জল্পতঃ প্রলপতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥

কর্ণ ইতি। শূরো যুদ্ধে শিক্ষিতঃ। মন্দো মূঢ়ঃ, প্রকৃতানবগমাৎ ॥৩॥

বস্বিতি। বস্যুয়েণঃ কর্ণঃ সহায়ো যস্য তম্, নালং জেতুং শক্তা ন ভবন্তি। দেবাপীতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। গতসত্ত্বা দুর্ব্বলাঃ, বিচেতসো দুরবস্থত্বাদ্বিষণ্ণচিত্তাঃ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'আমি দৈবকেই প্রধান বলিয়া মনে করি, আর অনর্থক পুরুষকারকে ধিক্কার দিই। যে হেতু কর্ণ জয়ে যত্নবান্ হইয়াও যুদ্ধে ভীমকে জয় করিতে পারিলেন না ॥১॥

'কর্ণ যুদ্ধে কৃষ্ণের সহিত পাণ্ডবগণকে জয় করিতে পারেন। আমি জগতে কর্ণের সমান কোন যোদ্ধা দেখিতে পাই না' দুর্যোধনকে এইরূপ মুহুর্মুহু বলিতে আমি শুনিয়াছি ॥২॥

'কর্ণ বলবান্, বীর, দৃঢ়কার্ম্মুক ও ক্লান্তিশূন্য'। সঞ্জয়! মূঢ় দুর্য্যোধন পূর্ব্বে আমাকে এইরূপও বলিত ॥৩॥

(আরও বলিত যে,) রাজা! কর্ণ আমার সহায় থাকিলে, দেবতারাও

(১) যত্রাধিরথিরায়স্তঃ···বর্দ্ধ।

তত্র তং নির্জিতং দৃষ্ট্বা ভুজঙ্গমিব নির্বিষম্ ।
যুদ্ধাৎ কর্ণমপক্রান্তং কিং স্বিদ্দুর্য্যোধনোঽব্রবীৎ ॥৫॥
অহো ! দুর্ম্মুখমেবৈকং যুদ্ধানামবিশারদম্ ।
প্রাবেশয়দ্ধুতবহং পতঙ্গমিব মোহিতঃ ॥৬॥
অশ্বত্থামা মদ্ররাজঃ কৃপঃ কর্ণশ্চ সঙ্গতাঃ ।
ন শক্তাঃ প্রমুখে স্থাতুং নূনং ভীমস্য সঞ্জয় ! ॥৭॥
তেঽপি চাস্য মহাঘোরং বলং নাগাযুতোপমম্ ।
জানন্তো ব্যবসায়ঞ্চ ক্রূরং মারুততেজসঃ ॥৮॥
কিমর্থং ক্রূরকর্ম্মাণং যমকালান্তকোপমম্ ।
বলসংরম্ভবীর্য্যজ্ঞাঃ কোপয়িষ্যন্তি সংযুগে ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত্রেতি । অপক্রান্তং পলায়িতম্ ॥৫॥

অহো ইতি । দুর্ম্মুখমিত্যুপলক্ষণং দুর্জ্জয়মপি । মোহিতো দুর্য্যোধনঃ ॥৬॥

অশ্বেতি । মদ্ররাজঃ শল্যঃ । সঙ্গতাঃ সম্মিলিতা অপি । প্রমুখে সম্মুখে ॥৭॥

ত ইতি । নাগাযুতোপমম্ অযুতহস্তিবলতুল্যম্ । ব্যবসায়মধ্যবসায়ম্, মারুতস্য বায়োরিব তেজো যস্য তস্য । কালে আয়ুঃশেষসময়ে অন্তকো বন্ধনকারী চাসৌ যমশ্চেতি স যমকালান্তক উপমা যস্য তম্ । অগ্নিস্তোকাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ । বলং মানসিকীং শক্তিং সংরম্ভং ক্রোধং বীর্য্যং সাহসঞ্চ জানন্তীতি তে, কিমর্থং কোপয়িষ্যন্তি ॥৮—৯॥

আমাকে যুদ্ধে জয় করিতে পারেন না ; তাহাতে দুর্ব্বল ও বিষণ্ণচিত্ত পাণ্ডবদের কথা আর কি বলিব' ॥৪॥

তাহাতে সেই কর্ণকে বিষবিহীন সর্পের ন্যায় পরাজিত এবং যুদ্ধ হইতে পলায়িত দেখিয়া দুর্য্যোধন কি বলিলেন ? ॥৫॥

হায় ! মোহিত দুর্য্যোধন অগ্নির ভিতরে পতঙ্গের ন্যায় যুদ্ধে অপটু এক-মাত্র দুর্ম্মুখকে ও দুর্জ্জয়কে যুদ্ধে প্রবেশ করাইয়াছিল ॥৬॥

সঞ্জয় ! অশ্বত্থামা, শল্য, কৃপ ও কর্ণ ইহারা মিলিত হইয়াও নিশ্চয়ই ভীমের সম্মুখে থাকিতে সমর্থ হন না ॥৭॥

তাঁহারাও বায়ুর তুল্য তেজস্বী ভীমসেনের দশসহস্র হস্তীর তুল্য মহাভয়ঙ্কর দৈহিক বল, কঠিন অধ্যবসায়, মানসিক বল, ক্রোধ ও সাহসের বিষয় জানেন বলিয়া কালান্তক যমের তুল্য ক্রূরকর্ম্মা ভীমসেনকে কি জন্য যুদ্ধে ক্রুদ্ধ করিবেন ? ॥৮—৯॥

কর্ণস্ত্বেকো মহাবাহুঃ স্ববাহুবলমাশ্রিতঃ।
ভীমসেনমনাদৃত্য রণেঽযুধ্যত সূতজঃ ॥১০॥
যোঽজয়ৎ সমরে কর্ণং পুরন্দর ইবাসুরম্।
ন স পাণ্ডুসুতো জেতুং শক্যঃ কেনচিদাহবে ॥১১॥
দ্রোণং যঃ সংপ্রমথ্যৈকঃ প্রবিষ্টো মম বাহিনীম্।
ভীমো ধনঞ্জয়ান্বেষী কস্তমর্চ্ছে´জ্জিজীবিষুঃ ॥১২॥
কো হি সঞ্জয়! ভীমস্য স্থাতুমুৎসহতেঽগ্রতঃ।
উদ্যতাশনিহস্তস্য মহেন্দ্রস্যেব দানবঃ ॥১৩॥
প্রেতরাজপুরং প্রাপ্য নিবর্ত্তেতাপি মানবঃ।
ন ভীমসেনং সংপ্রাপ্য নিবর্ত্তেত কদাচন ॥১৪॥

ভারতকৌমুদী

কর্ণ ইতি। অনাদৃত্য অবজ্ঞায়। অতএব তৎপরাজয়ো নাসম্ভব ইতি ভাবঃ ॥১০॥
য ইতি। পুরন্দর ইন্দ্রঃ। পাণ্ডুসুতো ভীমসেনঃ। আহবে যুদ্ধে ॥১১॥
দ্রোণমিতি। অর্চ্ছে´ৎ পীড়য়েৎ। অর্চ্ছ´ পীড়ায়ামিত্যাযো ধাতুরন্যত্রাপি দৃষ্টঃ ॥১২॥
ক ইতি। উৎসহতে শক্নোতি। উদ্যতা অশনির্বজ্রং যত্র স তাদৃশো হস্তো যস্য তস্য ॥১৩॥
প্রেতেতি। প্রেতরাজপুরং যমভবনম্। অপিশব্দঃ সম্ভাবনায়াম্ ॥১৪॥

কিন্তু তাঁহাদের মধ্যে একমাত্র মহাবাহু সূতনন্দন কর্ণই আপন বাহুবল অবলম্বন করিয়া অনাদরপূর্বক রণস্থলে ভীমের সহিত যুদ্ধ করিয়াছিলেন ॥১০॥

ইন্দ্র যেমন অসুর জয় করেন, তেমন যিনি যুদ্ধে কর্ণকে জয় করিয়াছেন, সেই ভীমসেনকে যুদ্ধে কেহই জয় করিতে সমর্থ হয় না ॥১১॥

ধনঞ্জয়ান্বেষী যে ভীমসেন একাকী দ্রোণকে পরাভূত করিয়া আমার সৈন্য-মধ্যে প্রবেশ করিয়াছেন, সেই ভীমসেনকে জীবনার্থী কোন্ ব্যক্তি পীড়ন করিতে যায়? ॥১২॥

সঞ্জয়! উদ্যতবজ্রহস্ত ইন্দ্রের সম্মুখে দানবের ন্যায় ভীমের সম্মুখে কোন্ ব্যক্তি অবস্থান করিতে সমর্থ হয়? ॥১৩॥

মানুষ যমের বাড়ী যাইয়াও ফিরিতে পারে; কিন্তু ভীমের নিকটে উপস্থিত হইয়া কখনও ফিরিতে পারে না ॥১৪॥

---

(১০)···স্ববাহুবলদর্পিতঃ···বা,···স্ববাহুবলদর্পিতম্···নি। (১২)···কস্তমাচ্ছে´জ্জিজীবেষুঃ —বা নি।

পতঙ্গা ইব বহ্নিং তে প্রাবিশন্নল্পচেতসঃ।
যে ভীমসেনং সংক্রুদ্ধমন্বধাবন্ বিমোহিতাঃ ॥১৫॥
যত্তৎ সভায়াং ভীমেন মম পুত্রবধাশ্রয়ম্।
শপ্তং সংরম্ভিণোগ্রেণ কুরূণাং শৃণ্বতাং তদা ॥১৬॥
তন্নূনমভিসঞ্চিন্ত্য দৃষ্ট্বা কর্ণঞ্চ নির্জিতম্।
দুঃশাসনঃ সহ ভ্রাত্রা ভয়াদ্ভীমাদুপারমৎ ॥১৭॥ (যুগ্মকম্)
যশ্চ সঞ্জয়! দুর্বুদ্ধিরব্রবীৎ সমিতৌ মুহুঃ।
কর্ণো দুঃশাসনোঽহঞ্চ জেষ্যামো যুধি পাণ্ডবান্ ॥১৮॥
স নূনং বিরথং দৃষ্ট্বা কর্ণং ভীমেন নির্জিতম্।
প্রত্যাখ্যানাচ্চ কৃষ্ণস্য ভৃশং তপ্যতি সঞ্জয়! ॥১৯॥ (যুগ্মকম্)
দৃষ্ট্বা ভ্রাতৄন্ হতান্ যুদ্ধে ভীমসেনেন দংশিতান্।
আত্মাপরাধে সুমহন্নূনং তপ্যতি পুত্রকঃ ॥২০॥

ভারতকৌমুদী

পতঙ্গা ইতি। অল্পচেতসঃ প্রাঙ্মৃত্যোরজ্ঞানাদল্পবুদ্ধয়ঃ ॥১৫॥

যদিতি। শপ্তং শপথঃ কৃতঃ, সংরম্ভিণা ক্রুদ্ধেন। তদা বনগমনকালে। তথা চ সভা-পর্ব্বণি চতুঃসপ্ততিতমাধ্যায়ে—"ধার্ত্তরাষ্ট্রান্ রণে হত্বা মিষতাং সর্ব্বধন্বিনাম্। শমং গন্তাস্মি ন চিরাৎ সত্যমেতদ্ব্রবীমি বঃ॥" ভ্রাত্রা দুর্য্যোধনেন। উপারমৎ ন্যবর্ত্তত ॥১৬—১৭॥

য ইতি। যো দুর্য্যোধনঃ। সমিতৌ সভায়াম্। প্রত্যাখ্যানাৎ সন্ধৌ ॥১৮—১৯॥

দৃষ্ট্বেতি। দংশিতান্ সন্নদ্ধান্। আত্মাপরাধে বিষয়ে। পুত্রকো দুর্য্যোধনঃ ॥২০॥

যে মূর্খেরা ক্রুদ্ধ ভীমের দিকে ধাবিত হইয়াছিল, সেই অল্পবুদ্ধিরা পতঙ্গের ন্যায় (ফড়িংএর মত) অগ্নিতে প্রবেশ করিয়াছিল ॥১৫॥

ক্রুদ্ধ ও উগ্রমূর্ত্তি ভীম সেই সময়ে সভামধ্যে কৌরবগণের সমক্ষে আমার পুত্রগণের বধবিষয়ে সেই যে প্রতিজ্ঞা করিয়াছিল, নিশ্চয়ই তাহা স্মরণ করিয়া এবং কর্ণকে পরাজিত দেখিয়া দুঃশাসন, ভ্রাতা দুর্য্যোধনের সহিত ভয়ে ভীমের নিকট হইতে ফিরিয়াছিল ॥১৬—১৭॥

সঞ্জয়! যে দুর্বুদ্ধি দুর্য্যোধন সভামধ্যে বার বার বলিয়াছিল যে, 'আমি, কর্ণ ও দুঃশাসন আমরাই যুদ্ধে পাণ্ডবগণকে জয় করিব' সে দুর্য্যোধন নিশ্চয়ই কর্ণকে ভীমকর্ত্তৃক নির্জিত ও বিরথীকৃত দেখিয়া এবং সন্ধিবিষয়ে কৃষ্ণকে প্রত্যাখ্যান করায় গুরুতর সন্তপ্ত হইতেছে ॥১৮—১৯॥

(১৮)···অব্রবীৎ সমরে মুহুঃ···বঙ্গ বর্দ্ধ।

কো হি জীবিতমন্বিচ্ছন্ প্রতীপং পাণ্ডবং ব্রজেৎ।
ভীমং ভীমায়ুধং ক্রুদ্ধং সাক্ষাৎ কালমিব স্থিতম্ ॥২১॥
বড়বামুখমধ্যস্থো মুচ্যেতাপি হি মানবঃ।
ন ভীমমুখসংপ্রাপ্তো মুচ্যেতেতি মতির্মম ॥২২॥
ন পার্থা ন চ পাঞ্চালা ন চ কেশবসাত্যকী।
জানতে যুধি সংরব্ধা জীবিতং পরিরক্ষিতুম্।
অহো মম সুতানাং হি বিপন্নং সূত! জীবিতম্ ॥২৩॥

সঞ্জয় উবাচ।

যঃ সংশোচসি কৌরব্য! বর্ত্তমানে মহাভয়ে।
ত্বমস্য জগতো মূলং বিনাশস্য ন সংশয়ঃ ॥২৪॥
স্বয়ং বৈরং মহৎ কৃত্বা পুত্রাণাং বচনে স্থিতঃ।
উচ্যমানো ন গৃহ্ণীষে মর্ত্ত্যঃ পথ্যমিবৌষধম্ ॥২৫॥

ভারতকৌমুদী

ক ইতি। প্রতীপং প্রতিকূলং যথা স্যাত্তথা। কালং যমম্ ॥২১॥
বড়বেতি। বড়বামুখমধ্যস্থো বাড়বাগ্নিমধ্যগতঃ। অপিঃ সম্ভাবনায়াম্ ॥২২॥
নেতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ। পরিরক্ষিতুং পরিরক্ষ্য জেতুম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥
য ইতি। জগতঃ সর্ব্বস্য, মূলং কারণম্ ॥২৪॥

আমার মূর্খ পুত্রটা যুদ্ধসজ্জায় সজ্জিত ভ্রাতৃগণকে ভীমকর্ত্তৃক যুদ্ধে নিহত দেখিয়া নিশ্চয়ই নিজের অপরাধের বিষয়ে গুরুতর অনুতাপ করিতেছে ॥২০॥

জীবনার্থী কোন্ ব্যক্তি সাক্ষাৎ যমের ন্যায় অবস্থিত ভীষণাস্ত্রধারী ক্রুদ্ধ ভীমের প্রতিকূলে গমন করিতে পারে? ॥২১॥

মানুষ বাড়বানলের মধ্যে পড়িয়াও মুক্ত হইতে পারে; কিন্তু ভীমের সম্মুখে যাইয়া মুক্ত হইতে পারে না, ইহাই আমার ধারণা ॥২২॥

পাণ্ডবগণ, পাঞ্চালগণ, কৃষ্ণ ও সাত্যকি ইহারা ক্রুদ্ধ হইয়া যুদ্ধে বিপক্ষের জীবন রক্ষা করিতেই জানেন না। হায় সঞ্জয়! আমার পুত্রগণের জীবন বিপন্নই হইয়াছে' ॥২৩॥

সঞ্জয় বলিলেন—'কৌরবনন্দন! বর্ত্তমান মহাভয়বিষয়ে যে আপনি শোক করিতেছেন, সেই আপনিই এই সর্ব্বনাশের মূল; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২৪॥

(২১)···সাক্ষাৎ কালমবস্থিতম্—বর্দ্ধ। (২২)···মুচ্যেতাপি চ মানবঃ· বর্দ্ধ।

স্বয়ং পীত্বা মহারাজ ! কালকূটং সুদুর্জরম্ ।
তস্যেদানীং ফলং কৃৎস্নমবাপ্নোহি নরোত্তম ! ॥২৬॥
যত্তু কুৎসয়সে যোধান্ যুধ্যমানান্ যথাবলম্ ।
তত্র তে বর্ণয়িষ্যামি যথা যুদ্ধমবর্ত্তত ॥২৭॥
দৃষ্ট্বা কর্ণন্তু পুত্রাস্তে ভীমসেনপরাজিতম্ ।
নামৃষ্যন্ত মহেষ্বাসাঃ সোদর্য্যাঃ পঞ্চ ভারত ! ॥২৮॥
দুর্ম্মর্ষণো দুঃসহশ্চ দুর্ম্মদো দুর্দ্ধরো জয়ঃ ।
পাণ্ডবং চিত্রসন্নাহাস্তং প্রতীপমুপাদ্রবন্ ॥২৯॥
তে সমন্তান্মহাবাহুং পরিবার্য্য বৃকোদরম্ ।
দিশঃ শরৈঃ সমাবৃণ্বন্ শলভানামিব ব্রজৈঃ ॥৩০॥

ভারতকৌমুদী

কথং মূলমিত্যাহ স্বয়মিতি। উচ্যমানো হিতমিতি শেষঃ। মর্ত্ত্য আসন্নমৃত্যুঃ ॥২৫॥
স্বয়মিতি। সুদুর্জরং জীর্ণীকর্ত্তুমশক্যম্। স্বয়ং বৈরং কৃতং স্বয়মেব ফলং ভুঙ্‌ক্ষ্বেত্যাশয়ঃ ॥২৬॥
যদিতি। কুৎসয়সে "নিষ্পৌরুষমনর্থকম্" ইত্যনেন নিন্দসি। যথাবলং যথাশক্তি ॥২৭॥
দৃষ্ট্বেতি। নামৃষ্যন্ত নাসহন্ত, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥২৮॥
পঞ্চ সোদর্য্যানাহ দুর্ম্মর্ষণ ইতি। চিত্রসন্নাহা বিচিত্রসজ্জাঃ, প্রতীপং প্রতিকূলম্ ॥২৯॥
তে ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। ব্রজৈঃ সমূহৈঃ ॥৩০॥

আপনি পুত্রগণের বাক্য অনুসারে চলিয়া নিজেই গুরুতর শত্রুতা ঘটাইয়া—মুমূর্ষু ব্যক্তি যেমন হিতকর ঔষধ গ্রহণ করে না, সেইরূপ—বলিলেও হিতোপদেশ গ্রহণ করেন নাই ॥২৫॥

নরশ্রেষ্ঠ মহারাজ! আপনি নিজে অতিদুর্জর কালকূটবিষ পান করিয়া এখন তাহার সমগ্র ফল ভোগ করুন ॥২৬॥

যোদ্ধারা শক্তি অনুসারে যুদ্ধ করিতেছিলেন, তথাপি আপনি তাঁহাদিগকে যে নিন্দা করিতেছেন, সে বিষয়ে আমি আপনার নিকটে—যে ভাবে যুদ্ধ হইয়াছিল, তাহা বলিব ॥২৭॥

ভরতনন্দন! আপনার পুত্র সেই মহাধনুর্দ্ধর পঞ্চ সহোদর কর্ণকে ভীমকর্ত্তৃক পরাজিত দেখিয়া সহ্য করিলেন না ॥২৮॥

বিচিত্র সজ্জায় সজ্জিত দুর্ম্মর্ষণ, দুঃসহ, দুর্ম্মদ, দুর্দ্ধর ও জয় এই পঞ্চ সহোদর ভীমসেনের প্রতিকূলে ধাবিত হইলেন ॥২৯॥

আগচ্ছতস্তান্ সহসা কুমারান্ দেবরূপিণঃ।
প্রতিজগ্রাহ সমরে ভীমসেনো হসন্নিব ॥৩১॥
তব দৃষ্ট্বা তু তনয়ান্ ভীমসেনপুরোগতান্।
অভ্যবর্ত্তত রাধেয়ো ভীমসেনং মহাবলম্ ॥৩২॥
বিসৃজন্ বিশিখাংস্তীক্ষ্নান্ স্বর্ণপুঙ্খান্ শিলাশিতান্।
তস্তু ভীমোঽভ্যয়াত্তূর্ণং বার্য্যমাণঃ সুতৈস্তব ॥৩৩॥ (যুগ্মকম্)
কুরবস্তু ততঃ কর্ণং পরিবার্য্য সমন্ততঃ।
অবাকিরন্ ভীমসেনং শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৩৪॥
তান্ বাণৈঃ পঞ্চবিংশত্যা সাশ্বান্ রাজন্! নরর্ষভান্।
সসূতান্ ভীমধনুষো ভীমো নিন্যে যমক্ষয়ম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

আগচ্ছত ইতি। হাসোঽত্র বীরব্যভিচারী ভাবঃ ॥৩১॥
তবেতি। অভ্যবর্ত্তত তেষাং সাহায্যবিধানায়। তং রাধেয়ম্ ॥৩২—৩৩॥
কুরব ইতি। পরিবার্য্য সাহায্যার্থং পরিবেষ্ট্য। অবাকিরন্ অপীড়য়ন্ ॥৩৪॥
তানিতি। পঞ্চবিংশত্যা অশ্বৈশ্চ পঞ্চভিরিতি বোধ্যম্। অন্যথা সর্ব্বেষাং বধানুপপত্তিঃ ॥৩৫॥

তাঁহারা সকল দিকে মহাবাহু ভীমকে বেষ্টন করিয়া পতঙ্গসমূহতুল্য বাণ-সমূহদ্বারা সমস্ত দিক্ আবৃত করিলেন ॥৩০॥

দেবরূপী সেই কুমারেরা বেগে আসিতে লাগিলে, ভীমসেন হাস্য করতই যেন তাঁহাদিগকে যুদ্ধে গ্রহণ করিলেন ॥৩১॥

মহারাজ! আপনার পুত্রেরা ভীমের সম্মুখবর্ত্তী হইয়াছেন দেখিয়া কর্ণও শিলাশাণিত, তীক্ষ্ণ ও স্বর্ণপুঙ্খ বাণ সকল নিক্ষেপ করিতে করিতে মহাবল ভীমের অভিমুখে গমন করিলেন। তখন আপনার পুত্রেরা বারণ করিতে থাকিলেও ভীম সত্বর কর্ণের দিকে চলিলেন ॥৩২—৩৩॥

তদনন্তর কৌরবসৈন্যেরা সকল দিকে কর্ণকে বেষ্টন করিয়া নতপর্ব্ব শরসমূহদ্বারা ভীমকে পীড়ন করিতে লাগিল ॥৩৪॥

রাজা! তখন ভীমসেন পঁচিশটা ও পাঁচটা বাণদ্বারা কুড়িটা ঘোড়া ও পাঁচজন সারথির সহিত সেই ভয়ঙ্করধনুর্দ্ধর নরশ্রেষ্ঠ পাঁচ জনকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৩৫॥

(৩২)…ভীমসেনপুরোগমান্…পি বা নি। (৩৩)…সুপুঙ্খান্ সুশিলাশিতান্…পি।

প্রাপতন্ স্যন্দনেভ্যস্তে সার্দ্ধং সূতৈর্গতাসবঃ।
চিত্রপুষ্পধরা ভগ্না বাতেনেব মহাদ্রুমাঃ ॥৩৬॥
তত্রাদ্ভুতমপশ্যাম ভীমসেনস্য বিক্রমম্।
সংবার্য্যাধিরথিং বাণৈর্যজ্জঘান তবাত্মজান্ ॥৩৭॥
স বার্য্যমাণো ভীমেন শিতৈর্বাণৈঃ সমন্ততঃ।
সূতপুত্রো মহারাজ! ভীমসেনমবৈক্ষত ॥৩৮॥
তং ভীমসেনঃ সংরম্ভাৎ ক্রোধসংরক্তলোচনঃ।
বিস্ফার্য্য সুমহচ্চাপং মুহুঃ কর্ণমবৈক্ষত ॥৩৯॥
তবাত্মজাংস্তু পতিতান্ দৃষ্ট্বা কর্ণঃ প্রতাপবান্।
ক্রোধেন মহতাবিষ্টো নির্বিণ্ণোঽভূৎ স জীবিতে ॥৪০॥
আগস্কৃতমিবাত্মানং মেনে চাধিরথিস্তদা।
যৎ প্রত্যক্ষং তব সুতা ভীমেন নিহতা রণে ॥৪১॥

ভারতকৌমুদী

প্রেতি। স্যন্দনেভ্যো রথেভ্যঃ। চিত্রপুষ্পধরা ইত্যনেন তেষাং বিচিত্রবেশত্বং সূচিতম্ ॥৩৬॥
তত্রেতি। সংবার্য্য নিবার্য্য, আধিরথিং কর্ণম্ ॥৩৭॥
স ইতি। শিতৈঃ সুধারৈঃ। অবৈক্ষত সক্রোধমপশ্যৎ ॥৩৮॥
তমিতি। সংরম্ভাৎ ক্রোধাদবৈক্ষতেতি সম্বন্ধঃ ॥৩৯॥
তবেতি। নির্বিণ্ণো ধিক্কারদাতা, রক্ষিতুমশক্তত্বাৎ ॥৪০॥

তৎকালে বায়ুভগ্ন বিচিত্রপুষ্পধারী মহাবৃক্ষসমূহের ন্যায় সেই ধার্ত্তরাষ্ট্রেরা সারথিগণের সহিত প্রাণহীন হইয়া রথ হইতে পতিত হইলেন ॥৩৬॥

মহারাজ! তখন আমরা ভীমসেনের অদ্ভুত বিক্রম দেখিলাম। যেহেতু তিনি বাণদ্বারা কর্ণকে বারণ করিয়াও আপনার পুত্রগণকে বধ করিলেন ॥৩৭॥

বিশেষয়ন্ সূতপুত্রং ভীমস্তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৪৫॥
পুনশ্চাসৃজদুগ্রাণি শরবর্ষাণি পাণ্ডবঃ।
অমর্ষী বলবান্ ক্রুদ্ধো দিধক্ষন্নিব পাবকঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

স ইতি। উপারোহং উপগম্যারোহং প্রাধান্যং প্রাপ্যেত্যর্থঃ। তস্য ভীমস্য ।৪১॥

তয়োরিতি। বায়ুভূতানি বায়ুস্বরূপাণি বায়ুবদ্বেগবন্তীত্যর্থঃ ।৪২॥

অন্যোন্যেতি। মনুজসিংহয়োর্নরশ্রেষ্ঠয়োঃ। পাবকো বহ্নিঃ ॥৪৩॥

তস্মা ইতি। কর্ম্মারপরিমার্জিতান্ শিল্পিপরিষ্কৃতান্। সুবর্ণবিকৃতান্ স্বর্ণখচিতান্ ।৪৪॥

তানিতি। অশাতয়ৎ অচ্ছিনৎ। বিশেষয়ন্ স্বাপেক্ষয়া ন্যূনীকুর্ব্বন্ ॥৪৫॥

পুনরিতি। অমর্ষী অসহিষ্ণুঃ। দিধক্ষন্ দগ্ধুমিচ্ছন্ ॥৪৬॥

ক্রমে কর্ণ নানাবিধ বাণদ্বারা ভীমসেনকে আবৃত করতঃ অবজ্ঞাপূর্ব্বক সেই মহাত্মার শক্তির উপরে যেন আরোহণ করিয়াছিলেন ॥৪১॥

মাননীয় রাজা ! তাঁহারা দুই জন শরজাল বর্ষণ করিতে থাকিলে, বায়ুর ন্যায় বেগবান্ সেই শরজালগুলিকে পরস্পর সংলগ্ন অবস্থায় দেখা যাইতে লাগিল ॥৪২॥

ভরতশ্রেষ্ঠ ! নরশ্রেষ্ঠ কর্ণ ও ভীমসেনের পরস্পর বাণসংঘর্ষবশতঃ আকাশে অগ্নি উৎপন্ন হইতে লাগিল ॥৪৩॥

ক্রমে কর্ণ ক্রুদ্ধ হইয়া ভীমকে বধ করিবার ইচ্ছা করিয়া শিল্পিপরিমার্জিত, সুধার ও স্বর্ণখচিত বাণ সকল তাঁহার উপরে নিক্ষেপ করিতে থাকিলেন ॥৪৪॥

এই সময়ে ভীমসেন আপনা অপেক্ষা কর্ণকে ন্যূন প্রমাণ করিবার ইচ্ছা করিয়া বাণদ্বারা কর্ণের এক একটা বাণকে তিন তিন খণ্ডে ছেদন করিলেন এবং বলিলেন— 'থাক' ॥৪৫॥

(৪৪) তথা কর্ণঃ⋯বঙ্গ বর্দ্ধ বা নি।

তত*চটচটাশব্দো গোধাঘাতাদভূত্তয়োঃ।
তলশব্দশ্চ সুমহান্ সিংহনাদশ্চ ভৈরবঃ।
রথনেমিনিনাদশ্চ জ্যাশব্দশ্চৈব দারুণঃ ॥৪৭॥
যোধা ব্যুপারমন্ যুদ্ধাদ্দিদৃক্ষন্তঃ পরাক্রমম্।
কর্ণপাণ্ডবয়ো রাজন্! পরস্পরবধৈষিণোঃ ॥৪৮॥
দেবর্ষিসিদ্ধগন্ধর্ব্বাঃ সাধু সাধ্বিত্যপূজয়ন্।
মুমুচুঃ পুষ্পবর্ষঞ্চ বিদ্যাধরগণাস্তথা ॥৪৯॥
ততো ভীমো মহাবাহুঃ সংরম্ভী দৃঢ়বিক্রমঃ।
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য শরৈর্বিব্যাধ সূতজম্ ॥৫০॥
কর্ণোঽপি ভীমসেনস্য নিবার্য্যেষূন্ মহাবলঃ।
প্রাহিণোন্নব নারাচানাশীবিষসমান্ রণে ॥৫১॥

ভারতকৌমুদী

তত ইতি। গোধায়া অঙ্গুলিত্রস্যাঘাতাৎ। জ্যা ধনুর্গুণঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৭॥
যোধা ইতি। ব্যুপারমন্ বিরতা অভবন্, দিদৃক্ষন্তো দ্রষ্টুমিচ্ছন্তঃ ॥৪৮॥
দেবেতি। দেবাদয়ো গগনবর্ত্তিনঃ। অপূজয়ন্ প্রাশংসন্ ॥৪৯॥
তত ইতি। সংরম্ভী ক্রোধী। বিব্যাধ তাড়য়ামাস, সূতজং কর্ণম্ ॥৫০॥
কর্ণ ইতি। ইষূন্ বাণান্। প্রাহিণোৎ চিক্ষেপ, আশীবিষোপমান্ সর্পতুল্যান্ ॥৫১॥

পরে দহনাগ্নী অগ্নির ন্যায় ক্রোধোত্তেজিত, অসহিষ্ণু ও বলবান্ ভীমসেন পুনরায় কর্ণের উপরে ভয়ঙ্কর বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৪৬॥

তদনন্তর তাঁহাদের অঙ্গুলিত্রের আঘাতে চটচটাশব্দ, গুরুতর হস্তাবরণের শব্দ, ভীষণ সিংহনাদ, রথচক্রের শব্দ ও দারুণ ধনুর গুণের শব্দ হইতে থাকিল ॥৪৭॥

রাজা! তখন পরস্পর বধৈষী কর্ণ ও ভীমের পরাক্রম দেখিবার ইচ্ছা করিয়া যোদ্ধারা যুদ্ধ হইতে বিরত হইলেন ॥৪৮॥

আর আকাশবর্ত্তী দেবগণ, ঋষিগণ, সিদ্ধগণ ও গন্ধর্বগণ 'সাধু সাধু' বলিয়া প্রশংসা করিতে লাগিলেন এবং বিদ্যাধরেরা পুষ্প বর্ষণ করিতে থাকিলেন ॥৪৯॥

তদনন্তর উৎসাহী, দৃঢ়বিক্রমশালী ও মহাবাহু ভীমসেন অস্ত্রদ্বারা কর্ণের অস্ত্রগুলিকে নিবারণ করিয়া বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৫০॥

মহাবল কর্ণও ভীমের বাণগুলিকে বারণ করিয়া তাঁহার উপরে সর্পতুল্য নয়টা নারাচ নিক্ষেপ করিলেন ॥৫১॥

তাবদ্ভিরথ তান্ ভীমো ব্যোম্নি চিচ্ছেদ পত্রিভিঃ।
নারাচান্ সূতপুত্রস্য তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৫২॥
ততো ভীমো মহাবাহুঃ শরং ক্রুদ্ধান্তকোপমম্।
মুমোচাবিরথেব্বীরো যমদণ্ডমিবাপরম্ ॥৫৩॥
তমাপতন্তং চিচ্ছেদ রাধেয়ঃ প্রহসন্নিব।
ত্রিভিঃ শরৈঃ শরং রাজন্! পাণ্ডবস্য প্রতাপবান্ ॥৫৪॥
পুনশ্চাসৃজদুগ্রাণি শরবর্ষাণি পাণ্ডবঃ।
তস্য তান্যাদদে কর্ণঃ সর্ব্বাণ্যস্ত্রাণ্যভীতবৎ।
যুধ্যমানস্য ভীমস্য সূতপুত্রোঽস্ত্রমায়য়া ॥৫৫॥
তস্যেষুধী ধনুর্জ্যাঞ্চ বাণৈঃ সন্নতপর্ব্বভিঃ।
রশ্মীন্ যোক্ত্রাণি চাশ্বানাং ক্রুদ্ধঃ কর্ণোঽচ্ছিনন্মৃধে ॥৫৬॥
তস্যাশ্বাংশ্চ পুনর্হত্বা সূতং বিব্যাধ পত্রিভিঃ।
সোঽপসৃত্য দ্রুতং সূতো যুধামন্যো রথং যযৌ ॥৫৭॥

ভারতকৌমুদী

তাবদ্ভিরিতি। তাবদ্ভির্নবভিরেব। পত্রিভির্বাণৈঃ ॥৫২॥
তত ইতি। অবিরথেঃ কর্ণস্যোপরি ॥৫৩॥
তমিতি। রাধেয়ঃ কর্ণঃ। পাণ্ডবস্য ভীমস্য ॥৫৪॥
পুনরিতি। অস্ত্রমায়য়া অস্ত্রবারণকৌশলেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৫॥
তস্যেতি। ইষুধী তূণদ্বয়ম্। রশ্মীন্ মুখরজ্জুঃ, যোক্ত্রাণি বন্ধনরজ্জুঃ ॥৫৬॥

তাহার পর ভীমসেন ততগুলি (নয়টা) বাণদ্বারা কর্ণের নারাচগুলিকে আকাশেই ছেদন করিলেন এবং 'থাক থাক' এইরূপ বলিলেন ॥৫২॥

তৎপরে মহাবাহু ও বীর ভীমসেন ক্রুদ্ধ যমের তুল্য এবং অপর যমদণ্ডের সমান একটা বাণ কর্ণের দিকে নিক্ষেপ করিলেন ॥৫৩॥

রাজা! ভীমের সেই বাণটা আসিতে লাগিলে, প্রতাপশালী কর্ণ হাসিতে হাসিতেই যেন তিনটা বাণদ্বারা তাহা ছেদন করিলেন ॥৫৪॥

তখন ভীমসেন পুনরায় ভীষণ বাণ বর্ষণ করিতে লাগিলেন। তৎকালে সূতনন্দন কর্ণ নির্ভয়ের ন্যায় অস্ত্রনিবারণের কৌশলে যুধ্যমান ভীমসেনের সেই সমস্ত অস্ত্রই গ্রহণ করিতে থাকিলেন ॥৫৫॥

তৎপরে কর্ণ ক্রুদ্ধ হইয়া নতপর্ব্ব বাণসমূহদ্বারা ভীমের তূণদ্বয়, ধনুর গুণ এবং অশ্বগণের মুখরজ্জু ও বন্ধনরজ্জু ছেদন করিলেন ॥৫৬॥

বিহসন্নিব ভীমস্য ক্রুদ্ধঃ কালানলদ্যুতিঃ।
ধ্বজং চিচ্ছেদ রাধেয়ঃ পতাকাঞ্চ ব্যশাতয়ৎ ॥৫৮॥
স বিধন্বা মহাবাহুরথ শক্তিং পরামৃশৎ।
তামবাসৃজদাবিধ্য ক্রুদ্ধঃ কর্ণরথং প্রতি ॥৫৯॥
তামদিরথিরায়স্তঃ শক্তিং কাঞ্চনভূষণাম্।
আপতন্তীং মহোল্কাভাং চিচ্ছেদ দশভিঃ শরৈঃ ॥৬০॥
সাপতদ্দশধা ছিন্না কর্ণস্য নিশিতৈঃ শরৈঃ।
অস্যতঃ সূতপুত্রস্য মিত্রার্থে চিত্রযোধিনঃ ॥৬১॥
স চর্ম্মাদত্ত কৌন্তেয়ো জাতরূপপরিষ্কৃতম্।
খড়্গঞ্চান্যতরং প্রেপ্সুর্জয়ং মরণমেব বা ॥৬২॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য ভীমস্য। সূতং সারথিম্, বিব্যাধ কর্ণঃ, পত্রিভির্বাণৈঃ ॥৫৭॥
বিহসন্নিতি। কালানলদ্যুতিঃ প্রলয়কালীনবহ্নিবত্তেজস্বী। ব্যশাতয়দচ্ছিনৎ ॥৫৮॥
স ইতি। স ভীমঃ, বিধন্বা ধনুঃশূন্যঃ। পরামৃশদগৃহ্ণাৎ। আবিধ্য ঘূর্ণয়িত্বা ॥৫৯॥
তামিতি। আধিরথিঃ কর্ণঃ, আয়স্তঃ শ্রান্তোঽপি ॥৬০॥
সেতি। অস্যতঃ অস্ত্রাণি ক্ষিপতঃ, মিত্রার্থে সুহৃদো দুর্য্যোধনস্যার্থে ॥৬১॥
স ইতি। আদত্ত অগৃহ্ণাৎ, জাতরূপপরিষ্কৃতং স্বর্ণালঙ্কৃতম্। প্রেপ্সুঃ প্রাপ্তুমিচ্ছুঃ ॥৬২॥

এবং তিনি পুনরায় বাণসমূহদ্বারা ভীমের অশ্বগুলিকে বধ করিয়া সারথিকে বিদ্ধ করিলেন। তখন সেই সারথি রথ হইতে নামিয়া দ্রুত যাইয়া যুধামন্যুর রথে আরোহণ করিল ॥৫৭॥

পরে ক্রুদ্ধ এবং প্রলয়কালের অগ্নির ন্যায় তেজস্বী কর্ণ হাসিতে হাসিতেই যেন ভীমের ধ্বজ ও পতাকা ছেদন করিলেন ॥৫৮॥

তদনন্তর কার্ম্মুকবিহীন মহাবাহু ভীম একটা শক্তি গ্রহণ করিলেন এবং সেটাকে ঘূর্ণিত করিয়া কর্ণের রথের দিকে নিক্ষেপ করিলেন ॥৫৯॥

স্বর্ণভূষিত সেই শক্তিটা বিশাল উল্কার ন্যায় আসিতে লাগিলে, কর্ণ শ্রান্ত থাকিয়াও দশটা বাণদ্বারা সেটাকে ছেদন করিলেন ॥৬০॥

মিত্র দুর্য্যোধনের জন্য অস্ত্রক্ষেপকারী ও বিচিত্রযোধী সূতপুত্র কর্ণের সুধার বাণসমূহে দশ খণ্ডে ছিন্ন হইয়া সেই শক্তিটা পতিত হইল ॥৬১॥

(৫৯) মহাবাহু রথশক্তিম্···পি। (৬২) ··মৃত্যবে চ জয়ায় বা—পি,·· মৃত্যোরগ্রে জয়স্য বা—বর্দ্ধ,···অন্যতরপ্রেপ্সুঃ···নি।

তদস্য তরসা কর্ণো ব্যধমচ্চর্ম্ম সুপ্রভম্।
শরৈর্ব্বহুভিরত্যুগ্রৈঃ প্রহসন্নিব ভারত ! ॥৬৩॥
স বিচর্ম্মা মহারাজ ! বিরথঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
অসিং প্রাসৃজদাবিধ্য ত্বরন্ কর্ণরথং প্রতি ॥৬৪॥
স ধনুঃ সূতপুত্রস্য সজ্যং ছিত্ত্বা মহানসিঃ।
পপাত ভুবি রাজেন্দ্র ! ক্রুদ্ধঃ সর্প ইবাম্বরাৎ ॥৬৫॥
ততঃ প্রহস্যাধিরথিরন্যদাদায় কার্ম্মুকম্।
শত্রুঘ্নং সমরে ক্রুদ্ধো দৃঢ়জ্যং বেগবত্তরম্ ॥৬৬॥
ব্যায়চ্ছৎ স শরান্ কর্ণঃ কুন্তীপুত্রজিঘাংসয়া।
সহস্রশো মহারাজ ! রুক্মপুঙ্খান্ সুতেজনান্ ॥৬৭॥ (যুগ্মকম্)
স বধ্যমানো বলবান্ কর্ণচাপচ্যুতৈঃ শরৈঃ।
বিহায়সং প্রাক্রমদ্বৈ কর্ণস্য ব্যথয়ন্ মনঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

তদিতি। তরসা বেগেন, ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৬৩॥
স ইতি। বিচর্ম্মা বিনষ্টচর্ম্মা। আবিধ্য ঘূর্ণয়িত্বা ॥৬৪॥
স ইতি। সজ্যং গুণযুক্তম্। অম্বরাদাকাশাৎ ॥৬৫॥
তত ইতি। দৃঢ়জ্যং দৃঢ়গুণম্। ব্যায়চ্ছৎ ব্যায়ামেন শ্রমেণ অক্ষিপৎ ॥৬৬—৬৭॥

তখন ভীমসেন জয় বা মৃত্যু ইহার একটার প্রার্থী হইয়া স্বর্ণালঙ্কৃত চর্ম্ম (ঢাল) এবং তরবারি গ্রহণ করিলেন ॥৬২॥

ভরতনন্দন ! তৎকালে কর্ণ হাসিতে হাসিতেই যেন অতিভীষণ বহুতর বাণদ্বারা সত্বর ভীমের সেই সুন্দর চর্ম্ম-(ঢাল) খানা বিনষ্ট করিলেন ॥৬৩॥

মহারাজ ! পরে চর্ম্মশূন্য ও রথবিহীন ভীমসেন ক্রোধে অস্থির হইয়া সেই তরবারিখানা ঘূর্ণিত করিয়া সত্বর কর্ণের রথের দিকে নিক্ষেপ করিলেন ॥৬৪॥

রাজশ্রেষ্ঠ ! তখন সেই বিশাল তরবারিখানা যাইয়া কর্ণের গুণযুক্ত ধনু ছেদন করিয়া আকাশ হইতে ক্রুদ্ধ সর্পের ন্যায় ভূতলে পতিত হইল ॥৬৫॥

মহারাজ ! তাহার পর কর্ণ হাস্য করিয়া ক্রুদ্ধ হইয়া শত্রুনাশক, দৃঢ়গুণ-যুক্ত ও গুরুতরবেগশালী অন্য ধনু লইয়া যুদ্ধে ভীমকে বধ করিবার ইচ্ছা করিয়া স্বর্ণপুঙ্খ ও উজ্জ্বলাকৃতি সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিলেন ॥৬৬—৬৭॥

(৬৮)···বৈহায়সং প্রাক্রমদ্বৈ···বা নি, কর্ণস্য রথমাবিশৎ—নি।

স তস্য চরিতং দৃষ্ট্বা সংগ্রামে বিজয়ৈষিণঃ ।
লয়মাস্থায় রাধেয়ো ভীমসেনমবঞ্চয়ৎ ॥৬৯॥
তঞ্চ দৃষ্ট্বা রথোপস্থে নিলীনং ব্যথিতেন্দ্রিয়ম্ ।
ধ্বজমস্য সমারুহ্য তস্থৌ ভীমো মহীতলে ॥৭০॥
তদস্য কুরবঃ সর্ব্বে চারণাশ্চাভ্যপূজয়ন্ ।
যদিয়েষ রথাৎ কর্ণং হন্তুং তার্ক্ষ্য ইবোরগম্ ॥৭১॥
স চ্ছিন্নধন্বা বিরথঃ স্বধর্ম্মমনুপালয়ন্ ।
স্বরথং পৃষ্ঠতঃ কৃত্বা যুদ্ধায়ৈব ব্যবস্থিতঃ ॥৭২॥
তদ্বিহত্যাস্য রাধেয়স্তত এনং সমভ্যয়াৎ ।
সংরম্ভাৎ পাণ্ডবং সংখ্যে যুদ্ধায় সমবস্থিতম্ ॥৭৩॥

ভারতকৌমুদী

স ইতি। বিহায়সং গগনম্, প্রাক্রমৎ লম্ফেনারোহৎ, ব্যথয়ন্ উদ্বেজয়ন্ ॥৬৮॥
স ইতি। লয়ং স্তম্ভপার্শ্বে লুক্কায়িতভাবম্। অবঞ্চয়ৎ তৎপ্রহারপরিহারাৎ ॥৬৯॥
তমিতি। ব্যথিতেন্দ্রিয়মুদ্বিগ্নচিত্তম্। সমারুহ্য রথারোহণায়াবলম্ব্য ॥৭০॥
তদিতি। চারণা গগনবর্ত্তিনো দেবযোনিবিশেষাঃ। তার্ক্ষ্যো গরুড়ঃ ॥৭১॥
স ইতি। স্বধর্ম্মমপৃষ্ঠপ্রদর্শনরূপং ক্ষত্রিয়ধর্ম্মম্ ॥৭২॥
তদিতি। তৎ আক্রমণম্, বিহত্য প্রাগুক্তপ্রকারেণ প্রতিহত্য। সংরম্ভাদুৎসাহাৎ ॥৭৩॥

কর্ণের ধনু হইতে নির্গত বাণ সকল যাইয়া আঘাত করিতে লাগিলে, বলবান্ ভীম কর্ণের মন উদ্বিগ্ন করিয়া লাফ দিয়া আকাশে উঠিলেন ॥৬৮॥

তখন যুদ্ধে জয়াভিলাষী ভীমসেনের চরিত্র দেখিয়া কর্ণ রথস্তম্ভের পার্শ্বে লুক্কায়িত হইয়া তাঁহাকে বঞ্চিত করিলেন ॥৬৯॥

কর্ণকে রথমধ্যে লুক্কায়িত ও উদ্বিগ্ন দেখিয়া ভীমসেন তাঁহার ধ্বজদণ্ড ধারণ করিয়া ভূতলে দাঁড়াইলেন ॥৭০॥

কৌরবেরা সকলে এবং আকাশবর্ত্তী চারণেরা ভীমসেনের সেই কার্য্যের সর্ব্বতোভাবে প্রশংসা করিতে লাগিলেন। যে হেতু গরুড় যেমন সর্প বধ করিবার ইচ্ছা করেন, সেইরূপ ভীমসেন রথ হইতে কর্ণকে বধ করিবার ইচ্ছা করিয়াছিলেন ॥৭১॥

পরে ছিন্নকার্ম্মুক ও রথবিহীন ভীমসেন ক্ষত্রিয়ধর্ম্ম রক্ষা করতঃ আপন রথ পিছনে রাখিয়া যুদ্ধ করিবার জন্যই দাঁড়াইলেন ॥৭২॥

(৬৯)…ধ্বজালয়স্থো রাধেয়ঃ…নি। (৭০) তমদৃষ্ট্বা…নি। (৭১)… চারণাশ্চাপ্যপূজয়ন্…পি বঙ্গ বৰ্দ্ধ। (৭৩) তদ্বিচিন্ত্য স রাধেয়ঃ…নি।

তৌ সমেতৌ মহারাজ! স্পর্দ্ধমানৌ মহাবলৌ।
জীমূতাবিব ঘর্ম্মান্তে গর্জমানৌ নরর্ষভৌ ॥৭৪॥
তয়োরাসীৎ সম্প্রহারঃ ক্রুদ্ধয়োর্নরসিংহয়োঃ।
অমৃষ্যমাণয়োঃ সংখ্যে দেবদানবয়োরিব ॥৭৫॥
ক্ষীণশস্ত্রস্তু কৌন্তেয়ঃ কর্ণেন সমভিদ্রুতঃ।
দৃষ্ট্বার্জ্জুনহতান্ নাগান্ পতিতান্ পর্ব্বতোপমান্।
রথমার্গবিঘাতার্থং ব্যায়ুধঃ প্রবিবেশ হ ॥৭৬॥
হস্তিনাং ব্রজমাসাদ্য রথদুর্গং প্রবিশ্য চ।
পাণ্ডবো জীবিতাকাঙ্ক্ষী রাধেয়ং নাভ্যহারয়ৎ ॥৭৭॥
ব্যবস্থানমথাকাঙ্ক্ষন্ ধনঞ্জয়শরৈর্হতম্।
উদ্যম্য কুঞ্জরং পার্থস্তস্থৌ পরপুরঞ্জয়ঃ।
মহৌষধিসমাযুক্তং হনূমানিব পর্ব্বতম্ ॥৭৮॥

ভারতকৌমুদী

তাবিতি। সমেতৌ পুনর্যুদ্ধায় মিলিতৌ। জীমূতৌ মেঘৌ, ঘর্ম্মান্তে গ্রীষ্মান্তে।৭৪॥

তয়োরিতি। সংপ্রহারো যুদ্ধম্। অমৃষ্যমাণয়োরসহমানয়োঃ ॥৭৫॥

ক্ষীণেতি। সমভিদ্রুত আক্রান্তঃ। নাগান্ গজান্। ব্যায়ুধো নিরস্ত্রঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৬॥

হস্তিনামিতি। ব্রজং সমূহম্, রথদুর্গং ধ্বস্তরথরাশিম্। নাভ্যহারয়ৎ নাক্রামৎ ॥৭৭॥

ব্যবেতি। ব্যবস্থানমবস্থিতিম্। উদ্যম্য স্বদেহাবরণায়োত্তোল্য। ষট্পাদঃ শ্লোকঃ ॥৭৮॥

এদিকে কর্ণ ভীমসেনের সেই আক্রমণ ব্যর্থ করিয়া উৎসাহবশতঃ যুদ্ধের জন্যই অবস্থিত ভীমের দিকে ধাবিত হইলেন ॥৭৩॥

মহারাজ! তাহার পর দুইটা মেঘের ন্যায় গর্জনকারী, পরস্পর স্পর্দ্ধাশালী, মহাবল ও নরশ্রেষ্ঠ কর্ণ এবং ভীম পুনরায় যুদ্ধে মিলিত হইলেন ॥৭৪॥

ক্রমে ক্রুদ্ধ ও অসহিষ্ণু নরশ্রেষ্ঠ কর্ণ ও ভীমের দেব ও দানবের তুল্য যুদ্ধ হইতে লাগিল ॥৭৫॥

কর্ণ আসিয়া ক্ষীণশস্ত্র ভীমকে আক্রমণ করিলে, নিরস্ত্র ভীমসেন অর্জ্জুননিহত ও পতিত পর্ব্বতপ্রমাণ হস্তীগুলিকে দেখিয়া কর্ণের রথপথনিবারণের জন্য তাহার মধ্যে প্রবেশ করিলেন ॥৭৬॥

ভীমসেন জীবনার্থী হইয়া হস্তিসমূহমধ্যে যাইয়া এবং বিনষ্ট রথরাশির ভিতরে প্রবেশ করিয়া থাকিতে লাগিলেন, কিন্তু কর্ণকে আর আক্রমণ করিলেন না ॥৭৭॥

তমস্য বিশিখৈঃ কর্ণো ব্যধমৎ কুঞ্জরং পুনঃ।
হস্ত্যঙ্গান্যথ কর্ণায় প্রাহিণোৎ পাণ্ডুনন্দনঃ ॥৭৯॥
চক্রাণ্যশ্বাংস্তথা চান্যদ্‌যদ্‌যৎ পশ্যতি ভূতলে।
তত্তদাদায় চিক্ষেপ ক্রুদ্ধঃ কর্ণায় পাণ্ডবঃ।
তদস্য সর্বং চিচ্ছেদ ক্ষিপ্তং ক্ষিপ্তং শিতৈঃ শরৈঃ ॥৮০॥
ভীমোঽপি মুষ্টিমুদ্যম্য বজ্রগর্ভং সুদারুণম্।
হন্তুমৈচ্ছৎ সূতপুত্রং সংস্মরন্নর্জ্জুনং ক্ষণাৎ ॥৮১॥
শক্তোঽপি নাবধীৎ কর্ণং সমর্থঃ পাণ্ডুনন্দনঃ।
রক্ষমাণঃ প্রতিজ্ঞাং তাং যা কৃতা সব্যসাচিনা ॥৮২॥ (যুগ্মকম্)
তমেবং ব্যাকুলং ভীমং ভূয়ো ভূয়ঃ শিতৈঃ শরৈঃ।
মূর্চ্ছয়াভিপরীতাঙ্গমকরোৎ সূতনন্দনঃ ॥৮৩॥

ভারতকৌমুদী

তমিতি। তং কুঞ্জরম্। ব্যধমৎ ছিত্ত্বা ব্যনাশয়ৎ ॥৭৯॥

চক্রাণীতি। অন্যৎ পতিতাস্ত্রাদিকম্। পাণ্ডবো ভীমঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৮০॥

ভীম ইতি। বজ্রগর্ভং বজ্রতুল্যম্। তাম্ "অহং কর্ণং হনিষ্যামি" ইতি প্রাগুক্তাম্ ॥৮১ ৮২॥

তমিতি। অভিপরীতাঙ্গমাক্রান্তচিত্তম্ ॥৮৩॥

বিপক্ষনগরবিজয়ী ভীমসেন অবস্থান করিবার ইচ্ছা করিয়া অর্জ্জুনবাণে নিহত হস্তী তুলিয়া ধরিয়া—বিশল্যকরণীযুক্ত গন্ধমাদন পর্ব্বত ধরিয়া হনূমানের ন্যায় দাঁড়াইতে লাগিলেন ॥৭৮॥

কর্ণ আবার তখন বাণদ্বারা সেই হস্তী কাটিয়া ফেলিতে থাকিলেন। তৎকালে ভীমও সেই হস্তীর অঙ্গ সকল কর্ণের দিকে নিক্ষেপ করিতে লাগিলেন ॥৭৯॥

সেইরূপ ক্রুদ্ধ ভীমসেন চক্র, অশ্ব এবং ভূতলে অন্য যাহা যাহা দেখিতে লাগিলেন, তাহা তাহাই লইয়া কর্ণের উপরে ক্ষেপ করিতে থাকিলেন; কর্ণও সুধার বাণসমূহদ্বারা সে সমস্ত ছেদন করিতে লাগিলেন ॥৮০॥

শক্তিশালী পাণ্ডুনন্দন ভীমসেন ক্রমে বজ্রতুল্য দারুণ মুষ্টি উত্তোলন করিয়া কর্ণকে বধ করিবার ইচ্ছা করিলেন; কিন্তু ক্ষণকালমধ্যেই অর্জ্জুনকে স্মরণ করিয়া তিনি যে প্রতিজ্ঞা করিয়াছিলেন, তাহা রক্ষা করিবার জন্য সমর্থ হইয়াও কর্ণকে বধ করিলেন না ॥৮১—৮২॥

ভীম এইভাবে আকুল হইয়া উঠিলেন; তখন কর্ণ সুধার বাণসমূহদ্বারা বার বার প্রহার করিয়া তাঁহাকে মূর্চ্ছিতপ্রায় করিয়া ফেলিলেন ॥৮৩॥

ব্যায়ুধং নাবধীচ্চৈনং কর্ণঃ কুন্ত্যা বচঃ স্মরন্।
ধনুষোঽগ্রেণ তং কর্ণস্ত্বভিদ্রুত্য পরামৃশৎ ॥৮৪॥
বিহসন্নিব রাধেয়ো বাক্যমেতদুবাচ হ।
পুনঃ পুনস্তূবরক! মূঢ়কৌদরিকেতি চ।
অকৃতাস্ত্রক! মা যৌৎসীর্বাল! সংগ্রামকাতর! ॥৮৫॥
যত্র ভোজ্যং বহুবিধং ভক্ষ্যং পেয়ঞ্চ পাণ্ডব!।
তত্র ত্বং দুর্ম্মতে! যোগ্যো ন যুদ্ধেষু কদাচন ॥৮৬॥
মূলপুষ্পফলাহারো ব্রতেষু নিয়মেষু চ।
উচিতস্ত্বং বনে ভীম! ন ত্বং যুদ্ধবিশারদঃ ॥৮৭॥

ভারতকৌমুদী

ব্যায়ুধমিতি। বচ উদ্‌যোগপর্ব্বোক্তম্। অভিদ্রুত্য দ্রুতং গত্বা, পরামৃশদস্পৃশৎ ॥৮৪॥

বিহসন্নিতি। হে তূবরক! শ্মশ্রুশূন্যবদন! "অজাতশৃঙ্গো গৌঃ কালেঽপ্যশ্মশ্রুর্না চ তূবরঃ" ইত্যমরঃ। সর্বত্র কুৎসায়াং কপ্রত্যয়ঃ। মূঢ়ক! মোহাবিষ্ট!। বাল! মূর্খ!। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৫॥

যত্রেতি। ভক্ষ্যং চর্ব্ব্যম্। যোগ্যস্তৎসংকারনিপুণত্বাদিতি ভাবঃ ॥৮৬॥

মূলেতি। মূলানি পুষ্পাণি ফলানি চ আহরতি আনয়তীতি সঃ। কস্মণ্যাণ্ ॥৮৭॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৪০॥ উপাসেদং সন্নিকর্ষমগাৎ ॥৬১॥ বায়ুভূতানি বাতোদ্ধতান্যতিবেগবন্তি বা ॥৪২—৬৮॥ লয়মঙ্গসঙ্কোচম্ ॥৭৯—৮০॥ তদ্রথাদি সাধনং সর্ব্বত্র নিষ্ক্রম্য বজ্রগর্ভমনভিহিতাঙ্গুষ্ঠম্ ॥৮১॥ সমর্থঃ সমীচীনার্থো ধর্ম্মাপেক্ষীতি যাবৎ ॥৮২—৮৪॥ তূবরকো

কিন্তু কর্ণ কুন্তীর বাক্য স্মরণ করিয়া অস্ত্রবিহীন ভীমকে বধ করিলেন না; তবে দ্রুত যাইয়া ধনুর অগ্রদ্বারা তাঁহাকে স্পর্শ করিলেন ॥৮৪॥

এবং কর্ণ হাস্য করিতে করিতেই যেন বার বার এই কথা বলিলেন—'শ্মশ্রুহীন! মূঢ়! ঔদরিক! অশিক্ষিতাস্ত্র! মূর্খ! যুদ্ধকাতর! তুই আর যুদ্ধ করিস্ না ॥৮৫॥

পাণ্ডুর পুত্র! দুর্ম্মতি! যেখানে নানাবিধ খাদ্য, পেয় ও চর্ব্ব্য বস্তু থাকে, তুই সেই স্থানেরই যোগ্য; কিন্তু কখনও যুদ্ধের যোগ্য নহিস্ ॥৮৬॥

ভীম! তুই বনমধ্যে ব্রত বা নিয়মের সময়ে ফল, মূল, ও পুষ্প আহরণের যোগ্য; কিন্তু যুদ্ধ জানিস্ই না ॥৮৭॥

(৮৫)…বাণসংঘাতকাতর!—পি।

ক্ক যুদ্ধং ক্ক মুনিত্বঞ্চ বনং গচ্ছ বৃকোদর ! ।
ন ত্বং যুদ্ধোচিতস্তাত ! বনবাসরতির্ভবান্ ॥৮৮॥
সূদান্ ভৃত্যজনান্ দাসাংস্ত্বং গৃহে ত্বরয়ন্ ভৃশম্ ।
যোগ্যস্তাড়য়িতুং ক্রোধাদ্ভোজনার্থং বৃকোদর ! ॥৮৯॥
মুনির্ভূত্বাথবা ভীম ! ফলান্যদ্ধি সুদুর্ম্মতে ! ।
বনায় ব্রজ কৌন্তেয় ! ন ত্বং যুদ্ধবিশারদঃ ॥৯০॥
ফলমূলাশনে যুক্তস্ত্বং তথাতিথিপূজনে ।
ন ত্বাং শস্ত্রসমুদ্যোগে যোগ্যং মন্যে বৃকোদর ! ॥৯১॥
কৌমারে যানি বৃত্তানি বিপ্রিয়াণি বিশাংপতে ! ।
তানি সর্ব্বাণি চাপ্যেনং রূক্ষাণ্যশ্রাবয়দ্ভৃশম্ ॥৯২॥
অথৈনং তত্র সংলীনমস্পৃশদ্ধনুষা পুনঃ ।
প্রহসংশ্চ পুনর্ব্বাক্যং ভীমমাহ বৃষস্তদা ॥৯৩॥

ভারতকৌমুদী

ক্কেতি। যুদ্ধে উচিতো যোগ্যঃ, তাত ! বৎস !, বনবাসে রতিরনুরাগো যস্য সঃ ॥৮৮॥
সূদানিতি। সূদান্ পাচকান্, ভৃত্যজনান্ পাকস্থানস্থান্, দাসান্ ভোজনগৃহগতান্ ॥৮৯॥
মুনিরিতি। অদ্ধি ভুঙ্‌ক্ষ্ব। অথ ফলানি কুত্র লভ্যন্ত ইত্যাহ বনায়েতি ॥৯০॥
ফলেতি। ফলমূলয়োরশনে ভোজনে, যুক্তো যোগ্যঃ। শস্ত্রাণাং সমুদ্যোগে প্রয়োগে ॥৯১॥
কৌমার ইতি। বৃত্তানি জাতানি, বিপ্রিয়াণি বিষদানাদীন্যপ্রিয়াণি ॥৯২॥
অথেতি। তত্র হস্তিদেহান্তরালে। বৃষঃ কর্ণঃ ॥৯৩॥

যুদ্ধই বা কোথায়, আর মুনিত্বই বা কোথায়। অতএব বৎস বৃকোদর ! তুই বনে গমন কর্। কেন না, তুই যুদ্ধের যোগ্য নহিস্, বনবাসেরই অনুরাগী ॥৮৮॥

বৃকোদর ! তুই সত্বর ভোজন করিবার জন্য আপন গৃহে ক্রোধবশতঃ পাচক, পাকগৃহের ভৃত্য ও ভোজনগৃহের ভৃত্যদিগকে গুরুতর তাড়ন করিবারই যোগ্য ॥৮৯॥

কুন্তীর পুত্র ! অতিদুর্ম্মতি ! ভীম ! তুই মুনি হইয়া ফলভক্ষণ করিতে থাক্, বনে গমন কর্। কারণ, তুই যুদ্ধ জানিস্ই না ॥৯০॥

বৃকোদর ! তুই ফলমূলভক্ষণে ও অতিথিসৎকারেই যোগ্য ; কিন্তু আমি তোকে অস্ত্রপ্রয়োগে যোগ্য বলিয়াই মনে করি না' ॥৯১॥

নরনাথ ! বাল্যকালে যে সকল অপ্রিয় কার্য্য হইয়াছিল, সেই সকল রূক্ষ কার্য্যও কর্ণ ভীমকে বিশেষভাবে শুনাইলেন ॥৯২॥

যোদ্ধব্যং মারিষান্যত্র ন যোদ্ধব্যস্তু মাদৃশৈঃ।
মাদৃশৈর্যুধ্যমানানামেতচ্চান্যচ্চ বিদ্যতে ॥৯৪॥
গচ্ছ বা যত্র তৌ কৃষ্ণৌ তৌ ত্বাং রক্ষিষ্যতো রণে।
গৃহং বা গচ্ছ কৌন্তেয়! কিং তে যুদ্ধেন বালক! ॥৯৫॥
এবং তং বিরথং কৃত্বা কর্ণো রাজন্! ব্যকত্থত।
প্রমুখে বৃষ্ণিসিংহস্য পার্থস্য চ মহাত্মনঃ ॥৯৬॥
ততো রাজন্! শিলাধৌতান্ শরান্ শাখামৃগধ্বজঃ।
প্রাহিণোৎ সূতপুত্রায় কেশবেন প্রচোদিতঃ ॥৯৭॥

ভারতকৌমুদী

যোদ্ধব্যমিতি। হে মারিষ! আর্য্য!। সোল্লুণ্ঠনং সম্বোধনমিদম্। এতদ্দুঃখম্ ॥৯৪॥
গচ্ছেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। হে বালক! মূর্খ!। কুৎসায়াং কপ্রত্যয়ঃ ॥৯৫॥
এবমিতি। ব্যকত্থত গর্ব্বমকরোৎ। বৃষ্ণিসিংহস্য কৃষ্ণস্য, পার্থস্য অর্জ্জুনস্য ॥৯৬॥

ভারতভাবদীপঃ

বহ্বাশী ॥৮৫—৮৬॥ ব্রতেষু নিয়মেষু আগন্তুকেষু ॥৮৭—৯২॥ সংলীনং সঙ্কুচিতাঙ্গম্ ॥৯৩—৯৫॥
ব্যকত্থয়ৎ ভর্ৎসিতবান্ ॥৯৬—১১০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২০॥

তাহার পর কর্ণ পুনরায় ধনুর অগ্রদ্বারা হস্তীর অন্তরালে লুক্কায়িত ভীমকে স্পর্শ করিলেন এবং হাসিতে হাসিতে পুনরায় এই কথা ভীমকে বলিলেন—॥৯৩॥

'সভ্য! অন্য স্থানে তোমার যুদ্ধ করা উচিত, আমাদের ন্যায় বীরগণের সহিত যুদ্ধ করা উচিত নহে। কারণ, আমাদের তুল্য বীরগণের সহিত যুদ্ধ করিলে, তোমাদের এইরূপ দুঃখ এবং অন্যরূপ অনেক দুঃখ হইবে ॥৯৪॥

মূর্খ! কুন্তীপুত্র! যেখানে কৃষ্ণ ও অর্জ্জুন রহিয়াছেন, তুমি সেইখানে যাও; তাঁহারা তোমাকে যুদ্ধে রক্ষা করিবেন; অথবা তুমি ঘরে যাও, তোমার যুদ্ধের প্রয়োজন কি' ॥৯৫॥

রাজা! কর্ণ ভীমসেনকে রথবিহীন করিয়া মহাত্মা কৃষ্ণ ও অর্জ্জুনের সম্মুখে এইরূপ গর্ব্ব করিলেন ॥৯৬॥

রাজা! তদনন্তর কৃষ্ণের অনুমতিক্রমে অর্জ্জুন কর্ণের প্রতি শিলাপরিমার্জিত বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৯৭॥

(৯৬)···কর্ণো রাজন্! ব্যকত্থয়ৎ··· পি।

ততঃ পার্থভুজোৎসৃষ্টাঃ শরাঃ কনকভূষণাঃ।
গাণ্ডীবপ্রভবাঃ কর্ণং হংসাঃ ক্রৌঞ্চমিবাবিশন্ ॥৯৮॥
স ভুজঙ্গৈরিবাবিষ্টৈর্গাণ্ডীবপ্রেষিতৈঃ শরৈঃ।
ভীমসেনাদপাসেধৎ সূতপুত্রং ধনঞ্জয়ঃ ॥৯৯॥
স ছিন্নধন্বা ভীমেন ধনঞ্জয়শরাহতঃ।
কর্ণো ভীমাদপায়াসীদ্রথেন মহতা দ্রুতম্ ॥১০০॥
ভীমোঽপি সাত্যকের্বাহং সমারুহ্য নরর্ষভঃ।
অন্বয়াদ্ভ্রাতরং সংখ্যে পাণ্ডবং সব্যসাচিনম্ ॥১০১॥
ততঃ কর্ণং সমুদ্দিশ্য ত্বরমাণো ধনঞ্জয়ঃ।
নারাচং ক্রোধতাম্রাক্ষঃ প্রৈষীন্মৃত্যুমিবান্তকঃ ॥১০২॥

ভারতকৌমুদী

তত ইতি। শিলাধৌতান্ শিলাঘর্ষণেন পরিষ্কৃতান্, শাখামৃগধ্বজঃ কপিধ্বজোঽর্জ্জুনঃ ॥৯৭॥
তত ইতি। গাণ্ডীবাৎ প্রভবন্তি নির্গচ্ছন্তীতি তে। ক্রৌঞ্চং তদাখ্যং পর্বতম্ ।৯৮॥
স ইতি। আবিষ্টৈর্গর্ত্তপ্রবেশোদ্যতৈঃ। অপাসেধৎ অপাসারয়ৎ ॥৯৯॥
স ইতি। ছিন্নধন্বা কৃপাণক্ষেপেণ। অপায়াসীৎ অপাসরৎ ॥১০০॥
ভীম ইতি। উহ্যতে অনেনেতি বাহো রথস্তম্। অন্বয়াদন্বগচ্ছৎ ॥১০১॥
তত ইতি। প্রৈষীৎ ন্যক্ষিপৎ ॥১০২॥

তাহার পর অর্জ্জুনের বাহুনিক্ষিপ্ত, গাণ্ডীব হইতে নির্গত, স্বর্ণভূষিত বাণসমূহ যাইয়া—হংসগণ যেমন ক্রৌঞ্চপর্ব্বতে প্রবেশ করে, সেইরূপ কর্ণের দেহে প্রবেশ করেতে লাগিল ॥৯৮॥

ক্রমে অর্জ্জুন গর্ত্তপ্রবেশোদ্যত সর্পের ন্যায় গাণ্ডীবনিক্ষিপ্ত বাণদ্বারা কর্ণকে ভীমসেনের নিকট হইতে সরাইয়া দিলেন ॥৯৯॥

ওদিকে ভীম কর্ণের ধনু ছেদন করিয়াছিলেন, অর্জ্জুনও বাণদ্বারা তাঁহাকে আঘাত করিতেছিলেন। সুতরাং কর্ণ বিশাল-রথারোহণে সত্বর ভীমের নিকট হইতে সরিয়া গেলেন ॥১০০॥

নরশ্রেষ্ঠ ভীমও সাত্যকির রথে আরোহণ করিয়া রণস্থলে ভ্রাতা অর্জ্জুনের অনুসরণ করিতে লাগিলেন ॥১০১॥

তদনন্তর ক্রোধে আরক্তনয়ন অর্জ্জুন ত্বরান্বিত হইয়া কর্ণকে লক্ষ্য করিয়া—যম যেমন মৃত্যুকে প্রেরণ করেন, সেইরূপ একটা নারাচ নিক্ষেপ করিলেন ॥১০২॥

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

দ্রোণপর্ব্ব

দশমখণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকস্থরিবর্ত্মস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৪৪ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং ১৲ সাধারণপক্ষে মূল্যং ১।০

স গরুত্মানিবাকাশে প্রার্থয়ন্ ভুজগোত্তমম্।
নারাচোঽভ্যপতৎ কর্ণং তূর্ণং গাণ্ডীবচোদিতঃ ॥১০৩॥
তমন্তরীক্ষে নারাচং দ্রৌণিশ্চিচ্ছেদ পত্রিণা।
ধনঞ্জয়ভয়াৎ কর্ণমুজ্জিহীর্ষন্ মহারথঃ ॥১০৪॥
ততো দ্রৌণিং চতুঃষষ্ট্যা বিব্যাধ কুপিতোঽর্জ্জুনঃ।
শিলীমুখৈর্ম্মহারাজ! মা গাস্তিষ্ঠেতি চাব্রবীৎ ॥১০৫॥
স তু মত্তগজাকীর্ণমনীকং রথসঙ্কুলম্।
তূর্ণমভ্যাবিশদ্দ্রৌণির্ধনঞ্জয়শরার্দ্দিতঃ ॥১০৬॥
ততঃ সুবর্ণপৃষ্ঠানাং চাপানাং কূজতাং রণে।
শব্দং গাণ্ডীবঘোষেণ কৌন্তেয়োঽভ্যভবদ্বলী ॥১০৭॥
ধনঞ্জয়স্তথা যান্তং পৃষ্ঠতো দ্রৌণিমভ্যয়াৎ।
নাতিদীর্ঘমিবাধ্বানং শরৈঃ সংত্রাসয়ন্ বলী ॥১০৮॥

ভারতকৌমুদী

স ইতি। গরুত্মান্ গরুড়ঃ। গাণ্ডীবেন চোদিতঃ প্রেরিতঃ ॥১০৩॥
তমিতি। দ্রৌণিরশ্বত্থামা, পত্রিণা বাণেন। উজ্জিহীর্ষন্ উদ্ধর্ত্তুমিচ্ছন ॥১০৪॥
তত ইতি। বিব্যাধ তাড়য়ামাস। শিলীমুখৈর্বাণৈঃ, মা গাঃ ন গচ্ছ ॥১০৫॥
স ইতি। অনীকং কৌরবসৈন্যম্। অভ্যাবিশৎ আত্মরক্ষার্থং প্রাবিশৎ ॥১০৬॥
তত ইতি। কূজতামব্যক্তং শব্দং কুর্ব্বতাম্। কৌন্তেয়োঽর্জ্জুনঃ, অভ্যভবত্তিরশ্চকার ॥১০৭॥

তখন গাণ্ডীবনিক্ষিপ্ত সেই নারাচটা—বিশালসর্পাভিলাষী গরুড়ের ন্যায় কর্ণকে লক্ষ্য করিয়া দ্রুত আকাশে উঠিল ॥১০৩॥

এই সময়ে মহারথ অশ্বত্থামা অর্জ্জুনের ভয় হইতে কর্ণকে উদ্ধার করিবার ইচ্ছা করিয়া একটা বাণদ্বারা আকাশেই সেই নারাচটাকে ছেদন করিলেন ॥১০৪॥

মহারাজ! তাহাতে অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া চৌষট্টিটা বাণদ্বারা অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন এবং বলিলেন—'যাইও না, থাক' ॥১০৫॥

তৎপরে অর্জ্জুনশরপীড়িত অশ্বত্থামা মত্তহস্তিসমাকীর্ণ ও রথপরিপূর্ণ কৌরবসৈন্যমধ্যে যাইয়া সত্বর প্রবেশ করিলেন ॥১০৬॥

তদনন্তর বলবান্ অর্জ্জুন গাণ্ডীবের শব্দে স্বর্ণখচিতপৃষ্ঠ ও অব্যক্তশব্দকারী অপর ধনুগুলির শব্দকে অভিভূত করিলেন ॥১০৭॥

(১০৪) তমন্তরিক্ষে নারাচম্·· নি। (১০৮) · পৃষ্ঠতো দ্রৌণিমন্বগাৎ—পি।

বিদার্য্য দেহান্ নারাচৈর্নরবারণবাজিনাম্ ।
কঙ্কবর্হিণবাসোভির্বলং ব্যধমদর্জ্জুনঃ ॥১০৯॥
তদ্বলং ভরতশ্রেষ্ঠ ! সবাজিদ্বিপমানবম্ ।
পাকশাসনিরায়স্তঃ পার্থঃ সংনিজঘান হ ॥১১০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে ভীমপ্রবেশে ভীমকর্ণযুদ্ধে বিংশত্য-
ধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——***——

একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ।

————ঃ-০-ঃ————

ধৃতরাষ্ট্র উবাচ ।
অহন্যহনি মে দীপ্তং যশঃ পততি সঞ্জয় ! ।
হতা মে বহবো যোধা মন্যে কালস্য পর্য্যয়ম্ ॥১॥

ভারতকৌমুদী

ধনঞ্জয় ইতি। অদ্ধানং পন্থানম্, সংপ্রাসদন্ দ্রৌণিমেব ॥১০৮॥
বিদার্য্যেতি। কঙ্কবর্হিণবাসোভিঃ কঙ্কময়ূরপক্ষাবৃতৈঃ ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥১০৯॥
তদিতি। পাকশাসনিরর্জ্জুনঃ, আয়স্তঃ শ্রান্তোঽপি ॥১১০॥
ইতি মহামহোপাধ্যায ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

অহনীতি। দীপ্তমুজ্জ্বলম্, পততি স্খলতি। পর্য্যয়ং পরিবর্ত্তনম্ ॥১॥

অশ্বত্থামা সেইভাবে যাইতে লাগিলে, বলবান্ অর্জ্জুন বাণদ্বারা সন্ত্রস্ত করতঃ অশ্বত্থামার পিছনে অনতিদীর্ঘ পথ গমন করিলেন ॥১০৮॥

পরে অর্জ্জুন কঙ্ক ও ময়ূরপক্ষযুক্ত নারাচসমূহদ্বারা দেহ বিদীর্ণ করিয়া করিয়া কৌরবপক্ষের হস্তী, অশ্ব ও মনুষ্য বিনাশ করিতে লাগিলেন ॥১০৯॥

ভরতশ্রেষ্ঠ! অর্জ্জুন পরিশ্রান্ত হইয়াও হস্তী, অশ্ব ও মনুষ্যের সহিত কৌরবসৈন্য সংহার করিতে থাকিলেন' ॥১১০॥

(১০৯)…বরবারণবাজিনাম্ ‧ পি। * '…সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '…একোনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি। (১) অহন্যহনি চোদ্দীপ্তম্ ‧‧পি।

ধনঞ্জয়ঃ সুসংক্রুদ্ধঃ প্রবিষ্টো মামকং বলম্।
রক্ষিতং দ্রৌণিকর্ণাভ্যামপ্রবেশ্যং সুরৈরপি ॥২॥
তাভ্যামূর্জিতবীর্য্যাভ্যামাপ্যায়িতপরাক্রমঃ।
সহিতঃ কৃষ্ণভীমাভ্যাং শিনীনামৃষভেণ চ ॥৩॥ (যুগ্মকম্)
তদা প্রভৃতি মাং শোকো দহত্যগ্নিরিবাশ্রয়ম্।
গ্রস্তানিব প্রপশ্যামি ভূমিপালান্ সসৈন্ধবান্ ॥৪॥
অপ্রিয়ং সুমহৎ কৃত্বা সিন্ধুরাজঃ কিরীটিনঃ।
চক্ষুর্বিষয়মাপন্নঃ কথং জীবিতমাপ্নুয়াৎ ॥৫॥
অনুমানাচ্চ পশ্যামি নাস্তি সঞ্জয়! সৈন্ধবঃ।
যুদ্ধন্তু তদ্‌যথা বৃত্তং তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥৬॥

ভারতকৌমুদী

ধনেতি। দ্রৌণিরশ্বত্থামা। ঊর্জিতবীর্য্যাভ্যাং শিক্ষাভ্যাসাদিনা ক্রমবৃদ্ধিপ্রাপ্তবলাভ্যাম্, আপ্যায়িতপরাক্রমো বর্দ্ধিতবিক্রমঃ। শিনীনামৃষভেণ শিনিবংশশ্রেষ্ঠেন সাত্যকিনা চ ॥২—৩॥

তদেতি। আশ্রয়ম্ আধারীভূতং কাষ্ঠাদিকম্। সসৈন্ধবান্ জয়দ্রথসহিতান্ ॥৪॥

অপ্রিয়মিতি। অপ্রিয়ম্ অভিমন্যুবধরূপম্। আপন্নঃ প্রাপ্তঃ ॥৫॥

অনিতি। পশ্যামি জানামি। সৈন্ধবঃ সিন্ধুরাজো জয়দ্রথঃ। বৃত্তং জাতম্ ॥৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! দিনে দিনে আমার উজ্জল যশ স্খলিত হইতেছে, আমার বহুতর যোদ্ধা নিহত হইয়াছেন। সুতরাং আমি মনে করি—কালের পরিবর্ত্তন হইয়াছে ॥১॥

অশ্বত্থামা ও কর্ণ যাহা রক্ষা করিতেছিলেন, সুতরাং যাহা দেবগণেরও প্রবেশের অযোগ্য ছিল, অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া আমার সেই সৈন্যমধ্যে আসিয়া প্রবেশ করিয়াছে। তা'র পর আবার মহাবল কৃষ্ণ ও ভীম তাহার পরাক্রম বর্দ্ধিত করিয়াছেন এবং শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকিও আসিয়া তাহার সহিত মিলিত হইয়াছেন ॥২—৩॥

(ইহা যখন শুনিলাম,) তদবধি—অগ্নি যেমন আশ্রয় দগ্ধ করে, সেইরূপ শোক আমাকে দগ্ধ করিতেছে। (স্থূল কথা—) এখন অর্জ্জুন যেন জয়দ্রথের সহিত রাজগণকে গ্রাস করিয়াছে বলিয়া মনে করিতেছি ॥৪॥

হায়! সিন্ধুরাজ অর্জ্জুনের গুরুতর অপ্রিয় কার্য্য করিয়া এখন তাহার দৃষ্টির বিষয় হইয়া কি করিয়া জীবন রক্ষা করিবেন ॥৫॥

(৪)·· অগ্নিরিবাশয়ম্·· বঙ্গ বর্দ্ধ বা নি।

যশ্চ বিক্ষোভ্য মহতীঃ সেনামালোড্য চাসকৃৎ।
একঃ প্রবিষ্টঃ সংক্রুদ্ধো নলিনীমিব কুঞ্জরঃ ॥৭॥
তস্য মে বৃষ্ণিবীরস্য ব্রূহি যুদ্ধং যথাতথম্।
ধনঞ্জয়ার্থে যত্তস্য কুশলো হ্যসি সঞ্জয়! ॥৮॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

তথা তু বৈকর্ত্তনপীড়িতং তং ভীমং প্রয়ান্তং পুরুষপ্রবীরম্।
সমীক্ষ্য রাজন্! নরমুখ্যমধ্যে শিনিপ্রবীরোঽনুযযৌ রথেন ॥৯॥
নদন্ যথা বজ্রধরস্তপান্তে জ্বলন্ যথা জলদান্তে চ সূর্য্যঃ।
নিঘ্নন্নমিত্রান্ ধনুষা দৃঢ়েন সংকম্পয়ংস্তব পুত্রস্য সেনাম্ ॥১০॥ (যুগ্মকম্)
তং যান্তমশ্বৈ রজতপ্রকাশৈরায়োধনে বীরবরং নদন্তম্।
নাশক্নুবন্ বারয়িতুং ত্বদীয়াঃ সর্বে তথা ভারত! মাধবাগ্র্যম্ ॥১১॥

ভারতকৌমুদী

য ইতি। নলিনীং পদ্মসরসীম্। তস্য সাত্যকেঃ। যত্তস্য যত্নবতঃ, কুশলঃ উক্তিনিপুণঃ ॥৭—৮॥

তথেতি। বৈকর্ত্তনেন কর্ণেন পীড়িতম্। শিনিপ্রবীরঃ সাত্যকিঃ। বজ্রধরো মেঘঃ, তপান্তে গ্রীষ্মাবসানে। জলদান্তে মেঘাপগমে। অমিত্রান্ শত্রূন্ ॥৯—১০॥

তমিতি। রজতপ্রকাশৈ রজতবচ্ছুভ্রবর্ণৈঃ, আয়োধনে রণাঙ্গনে ॥১১॥

সুতরাং সঞ্জয়! আমি অনুমানে বুঝিতেছি—জয়দ্রথ নাই। (সে যাহা হউক,) সঞ্জয়! সেই যুদ্ধ যেরূপ হইয়াছিল, তাহা তুমি আমার নিকট বল ॥৬॥

হস্তী যেমন পদ্মময় সরোবর বিক্ষুব্ধ ও আলোড়িত করে, সেইরূপ যিনি ক্রুদ্ধ হইয়া একাকী বার বার বিশাল সৈন্য বিক্ষুব্ধ ও আলোড়িত করিয়া প্রবিষ্ট হইয়াছিলেন, অর্জ্জুনের জয়ের জন্য যত্নবান্ ও বৃষ্ণিবংশশ্রেষ্ঠ সেই সাত্যকির যুদ্ধের বৃত্তান্ত যথাযথভাবে আমার নিকট বল। সঞ্জয়! তুমি বলিতে বড়ই নিপুণ' ॥৭—৮॥

সঞ্জয় বলিলেন—রাজা! পুরুষপ্রবীর ভীমসেন কর্ণকর্ত্তৃক পীড়িত হইয়া সেইভাবে বীরগণমধ্যে গমন করিতেছেন দেখিয়া শিনিবংশপ্রবীর সাত্যকি রথারোহণে তাঁহার পশ্চাতে যাইতে লাগিলেন। তৎকালে তিনি গ্রীষ্মাবসানে মেঘের ন্যায় গর্জন করিতে থাকিয়া এবং মেঘ অপসৃত হইলে সূর্য্যের তুল্য তেজস্বী হইয়া দৃঢ় ধনুদ্বারা শত্রুগণকে সংহার করতঃ আপনার পুত্রের সৈন্যগণকে কাঁপাইতে থাকিয়া যাইতেছিলেন ॥৯—১০॥

(১১)···বীরতরং নদন্তম্··· ব। নি।

অমর্ষপূর্ণস্ত্বনিবৃত্তযোধী শরাসনী কাঞ্চনবর্ম্মধারী।
অলম্বুষঃ সাত্যকিং মাধবাগ্র্যমবারয়দ্রাজবরোঽভিপত্য ॥১২॥
তয়োরভূদ্ভারত! সম্প্রহারো যথাবিধো নৈব বভূব কশ্চিৎ।
প্রৈক্ষন্ত এবাহবশোভিনৌ তৌ যোধাস্ত্বদীয়াশ্চ পরে চ সর্বে ॥১৩॥
অবিধ্যদেনং দশভিঃ পৃষৎকৈরলম্বুষো রাজবরঃ প্রসহ্য।
অনাগতানেব তু তান্ পৃষৎকাংশ্চিচ্ছেদ বাণৈঃ শিনিপুঙ্গবোঽপি ॥১৪॥
পুনঃ স বাণৈস্ত্রিভিরগ্নিকল্পৈরাকর্ণপূর্ণৈর্নিশিতৈঃ সুপুঙ্খৈঃ।
বিব্যাধ দেহাবরণং বিদার্য্য তে সাত্যকেরাবিবিশুঃ শরীরম্ ॥১৫॥

ভারতকৌমুদী

অমর্ষেতি। অনিবৃত্তযোধী অপলায়নেন যুদ্ধকারী, শরাসনী ধনুষ্মান্ ॥১২॥
তয়োরিতি। সম্প্রহারো যুদ্ধম্। পদয়োঃ সন্ধেরৈকল্পিকত্বাৎ প্রৈক্ষন্ত এবেতি ন সন্ধিঃ ॥১৩॥
অবিধ্যদিতি। পৃষৎকৈর্বাণৈঃ। রাজবর ইত্যনেন রাক্ষসত্বাদিভিঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

অহন্যহনীতি ॥১—১২॥ প্রৈক্ষন্ত প্রেক্ষকাঃ। বভূবেতি এব বভূবেত্যন্বয়ঃ ॥১৩॥ প্রসহ্য অনাদৃত্য ॥১৪—২৭॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২১॥

ভরতনন্দন! বীরশ্রেষ্ঠ ও মধুবংশপ্রধান সাত্যকি রণস্থলে গর্জন করিতে থাকিয়া রজতের ন্যায় শুভ্রবর্ণ ঘোটকচালিত রথে যাইতে লাগিলে, আপনার পক্ষের সমস্ত যোদ্ধাও তাঁহাকে বারণ করিতে সমর্থ হইলেন না ॥১১॥

তখন ক্রোধে পরিপূর্ণ, যুদ্ধে অপলায়ী, ধনুর্দ্ধর ও স্বর্ণময়কবচধারী রাজশ্রেষ্ঠ অলম্বুষ অগ্রবর্ত্তী হইয়া মধুবংশশ্রেষ্ঠ সাত্যকিকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥১২॥

ভরতনন্দন! তাহার পর, পূর্ব্বে যেরূপ কোন যুদ্ধ আর হয় নাই, সেইরূপ তাঁহাদের যুদ্ধ হইতে লাগিল। তখন আপনার পক্ষের ও বিপক্ষের যোদ্ধারা সকলে সেই যুদ্ধশোভী বীর দুই জনকে দেখিতে লাগিলেন ॥১৩॥

পরে রাজশ্রেষ্ঠ অলম্বুষ দশটা বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিবার জন্য তাহা ক্ষেপ করিলেন; সাত্যকিও বাণদ্বারা অনাগত অবস্থাতেই সেগুলিকে ছেদন করিলেন ॥১৪॥

অলম্বুষ পুনরায় কর্ণপর্য্যন্ত ধনু আকর্ষণ করিয়া সুধার ও সুপুঙ্খ অগ্নিতুল্য তিনটা বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিলেন। তখন সেই বাণগুলি যাইয়া সাত্যকির বর্ম্ম ভেদ করিয়া তাঁহার শরীরে প্রবেশ করিল ॥১৫॥

(১৫) ··আবিবিশুঃ পৃষৎকাঃ—পি।

তৈঃ কায়মস্যাগ্ন্যনিলপ্রভাবৈর্বিদার্য্য বাণৈর্নিশিতৈর্জ্বলদ্ভিঃ।
আজঘ্নিবাংস্তান্ রজতপ্রকাশানশ্বাংশ্চতুর্ভিশ্চতুরঃ প্রসহ্য ॥১৬॥
তথা তু তেনাভিহতস্তরস্বী নপ্তা শিনেশ্চক্রধরপ্রভাবঃ।
অলম্বুষস্যোত্তমবেগবদ্ভিরশ্বাংশ্চতুর্ভির্নিজঘান বাণৈঃ ॥১৭॥
অথাস্য সূতস্য শিরো নিকৃত্য ভল্লেন কালানলসন্নিভেন।
সকুণ্ডলং পূর্ণশশিপ্রকাশং ভ্রাজিষ্ণু বক্ত্রং নিচকর্ত্ত দেহাৎ ॥১৮॥
নিহত্য তং পার্থিবপুত্রপৌত্রং সংখ্যে যদূনামৃষভঃ প্রমাথী।
ততোঽন্বয়াদর্জ্জুনমেব বীরঃ সৈন্যানি রাজংস্তব সন্নিবার্য্য ॥১৯॥
অন্বাগতং বৃষ্ণিবরং সমীক্ষ্য তথারিমধ্যে পরিবর্ত্তমানম্।
ঘ্নন্তং কুরূণামিষুভির্বলানি পুনঃ পুনর্বায়ুমিবাভ্রপূগান্ ॥২০॥
ততোঽবহন্ সৈন্ধবাঃ সাধু দান্তা গোক্ষীরকুন্দেন্দুহিমপ্রকাশাঃ।
সুবর্ণজালাবততাঃ সদশ্বা যতো যতঃ কাময়তে নৃসিংহঃ ॥২১॥ (নপ্তকম্)

ভারতকৌমুদী

পুনরিতি। আকর্ণপূর্ণৈঃ আকর্ণাকৃষ্টবস্তনিক্ষিপ্তৈঃ। তে বাণাঃ ॥১৫॥
তৈরিতি। অস্য সাত্যকেঃ, অগ্নিবদুজ্জ্বলৈঃ অনিলবদ্বেগবদ্ভিশ্চ। প্রসহ্য হঠেন ॥১৬॥
তথেতি। তরস্বী বলবান্, শিনের্নপ্তা পৌত্রঃ, চক্রধরপ্রভাবঃ কৃষ্ণতুল্যপ্রভাবঃ ॥১৭॥
অথেতি। সূতস্য সারথেঃ, নিকৃত্য ছিত্ত্বা। ভ্রাজিষ্ণু উজ্জ্বলম্, নিচকর্ত্ত চিচ্ছেদ ॥১৮॥
নিহত্যেতি। পার্থিবস্যৈব পুত্রশ্চাসৌ পৌত্রশ্চেতি তম্। প্রমাথী শত্রুমর্দ্দী ॥১৯॥

অলম্বুষ সেই বাণগুলিদ্বারা সাত্যকির দেহ বিদীর্ণ করিয়া অগ্নির ন্যায় উজ্জ্বল, বায়ুর তুল্য বেগবান্ ও সুধার অপর চারিটা বাণদ্বারা সাত্যকির রজততুল্য শুভ্রবর্ণ চারিটা অশ্বকে সবলে আঘাত করিলেন ॥১৬॥

অলম্বুষ সেইভাবে আঘাত করিলে, বলবান্ ও কৃষ্ণের তুল্য প্রভাবশালী সাত্যকি মহাবেগযুক্ত চারিটা বাণদ্বারা অলম্বুষের চারিটা অশ্বকে বধ করিলেন ॥১৭॥

তৎপরে সাত্যকি অলম্বুষের সারথির মস্তক ছেদন করিয়া প্রলয়কালের অগ্নির ন্যায় উজ্জ্বল একটা ভল্লদ্বারা কুণ্ডলযুক্ত, পূর্ণচন্দ্রের ন্যায় সুন্দর ও উজ্জ্বল অলম্বুষের মুখখানিকে দেহ হইতে কাটিয়া ফেলিলেন ॥১৮॥

রাজা! তদনন্তর যদুবংশশ্রেষ্ঠ ও শত্রুবিমর্দ্দী মহাবীর সাত্যকি রাজার পুত্র ও রাজারই পৌত্র অলম্বুষকে বধ করিয়া আপনার সৈন্যগণকে বারণপূর্ব্বক অর্জ্জুনের দিকেই গমন করিতে লাগিলেন ॥১৯॥

(১৭)··চক্রধরপ্রবীরঃ···পি। (২০)···বৃষ্ণিবীরম্···বা নি।

অথাত্মজাস্তে সহিতাভিপেতুরন্যে চ যোধাস্ত্বরিতাস্ত্বদীয়াঃ।
কৃত্বা মুখং ভারত! যোধমুখ্যং দুঃশাসনং ত্বৎসুতমাজমীঢ়! ॥২২॥
তে সর্ব্বতঃ সম্পরিবার্য্য সংখ্যে শৈনেয়মাজঘ্নুরনীকসাহাঃ।
স চাপি তান্ প্রবরঃ সাত্বতানাং ন্যবারয়দ্বাণজালেন বীরঃ ॥২৩॥
নিবার্য্য তাংস্তূর্ণমমিত্রঘাতী নপ্তা শিনেঃ পত্রিভিরগ্নিকল্পৈঃ।
দুঃশাসনস্যাভিজঘান বাহানুদ্যম্য বাণাসনমাজমীঢ়!।
ততোঽর্জ্জুনো হর্ষমবাপ সংখ্যে কৃষ্ণশ্চ দৃষ্ট্বা পুরুষপ্রবীরম্ ॥২৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে অলম্বুষরাজবধে একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অস্থিতি। অভ্যাগতং শকটসঙ্কটান্নির্গতম্। অভ্রপুগান্ মেঘসমূহান্। সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়াঃ, সাধু সম্যক্, দান্তাঃ শিক্ষিতাঃ, গোক্ষীরাদিবচ্ছুভ্রা ইত্যর্থঃ। স্বর্ণজালেন সংবৃতাঃ আবৃতদেহাঃ ॥২০—২১॥

অথেতি। সহিতাভিপেতুরিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। মুখমগ্রবর্ত্তিনম্ ॥২২॥

তইতি। সম্পরিবার্য্য পরিবেষ্ট্য। অনীকং শত্রুসৈন্যং সহন্ত ইতি তে। নপ্তা ॥২৩॥

বৃষ্ণিবংশশ্রেষ্ঠ সাত্যকি এক শকটসঙ্কট হইতে নির্গত হইয়া অন্য শত্রুসমূহমধ্যে আসিয়া পড়িয়াছেন এবং বায়ু যেমন মেঘসমূহ বিনাশ করে, সেইরূপ বাণদ্বারা বার বার কৌরবসৈন্য বিনাশ করিতেছেন, এই সমস্ত দেখিয়া সিন্ধুদেশীয়, সম্যক্ শিক্ষিত, গোদুগ্ধ, কুন্দপুষ্প, চন্দ্র ও হিমের ন্যায় শুভ্রবর্ণ এবং স্বর্ণজালে আবৃতদেহ উত্তম অশ্বগণ—নরশ্রেষ্ঠ সাত্যকি যে দিকে যে দিকে যাইবার ইচ্ছা করিতে লাগিলেন, সেই দিকে সেই দিকেই তাঁহাকে বহন করিয়া লইয়া যাইতে লাগিল ॥২০—২১॥

অজমীঢ়বংশীয় ভরতনন্দন! তাহার পর আপনার পুত্রেরা এবং আপনার পক্ষের অন্য যোদ্ধারা সম্মিলিত ও ত্বরান্বিত হইয়া আপনার পুত্র যোদ্ধৃশ্রেষ্ঠ দুঃশাসনকে অগ্রবর্ত্তী করিয়া সাত্যকির অভিমুখে ধাবিত হইলেন ॥২২॥

বিপক্ষসৈন্যনিবারণনিপুণ সেই বীরেরা সকল দিকে সাত্যকিকে বেষ্টন করিয়া আঘাত করিতে লাগিলেন। তখন সাত্বতবংশশ্রেষ্ঠ মহাবীর সাত্যকিও বাণসমূহদ্বারা তাঁহাদিগকে বারণ করিতে থাকিলেন ॥২৩॥

(২৩)··অনীকসংঘাঃ···পি। * '··অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বর্দ্ধ বঙ্গ, '··চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

———(:*:)———

সঞ্জয় উবাচ।

তমুদ্যতং মহাবাহুং দুঃশাসনরথং প্রতি।
ত্বরিতং ত্বরণীয়েষু ধনঞ্জয়জয়ৈষিণম্ ॥১॥
ত্রিগর্ত্তানাং মহেষ্বাসাঃ সুবর্ণবিকৃতধ্বজাঃ।
সেনাসমুদ্রমাবিষ্টমনন্তং পর্য্যবারয়ন্ ॥২॥ (যুগ্মকম্)
অথৈনং রথবংশেন সর্ব্বতঃ সন্নিবার্য্য তে।
অবাকিরন্ শরব্রাতৈঃ ক্রুদ্ধাঃ পরমধন্বিনঃ ॥৩॥

ভারতকৌমুদী

নিবার্য্যেতি। মহান্ অশ্বান্, বাণাসনং ধনুঃ। পুরুষপ্রবীরং সাত্যকিম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——*o——

তমিতি। ত্বরণীয়েষু ত্বরয়া সম্পাদ্যেষু কর্ম্মসু। আবিষ্টং প্রবিষ্টম্ ॥১—২॥

অথেতি। রথানাং বংশেন সমূহেন, সন্নিবার্য্য পরিবেষ্ট্য। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ ॥৩॥

এবং অজমীঢ়নন্দন! শত্রুহন্তা সাত্যকি সত্বর তাঁহাদিগকে বারণ করিয়া ধনু উত্তোলনপূর্ব্বক অগ্নিতুল্য বাণসমূহদ্বারা দুঃশাসনের অশ্বগুলিকে বধ করিলেন। পরে কৃষ্ণ ও অর্জ্জুন পুরুষশ্রেষ্ঠ সাত্যকিকে দেখিয়া আনন্দ লাভ করিলেন' ॥১৪॥

———:o:———

সঞ্জয় বলিলেন—'অর্জ্জুনের জয়াভিলাষী মহাবাহু সাত্যকি দুঃশাসনের রথের দিকে গমন করিতে উদ্যত এবং সত্বর কর্ত্তব্য কার্য্যের প্রতি ত্বরান্বিত হইয়া অনন্ত কৌরবসৈন্যসমুদ্রমধ্যে প্রবেশ করিলে, স্বর্ণখচিতধ্বজ ত্রিগর্ত্তদেশীয় মহাধনুর্দ্ধরেরা যাইয়া তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥১—২॥

অনন্তর সেই মহাধনুর্দ্ধরেরা ক্রুদ্ধ হইয়া রথসমূহদ্বারা সাত্যকিকে পরিবেষ্টন করিয়া তাঁহার উপরে বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন ॥৩॥

(১)…ধনঞ্জয়জয়ৈষিণঃ—পি। (২) …সমাবৃতং পর্য্যবারয়ন্—পি।

অজয়দ্রাজপুত্ত্রাংস্তান্ যতমানান্ মহারণে।
একঃ পঞ্চাশতং শত্রূন্ সাত্যকিঃ সত্যবিক্রমঃ ॥৪॥
সম্প্রাপ্য ভারতীমধ্যং তলঘোষসমাকুলম্।
অসিশক্তিগদাপূর্ণমপ্লবং সলিলং যথা ॥৫॥ (যুগ্মকম্)
তত্রাদ্ভুতমপশ্যাম শৈনেয়চরিতং রণে।
প্রতীচ্যাং দিশি তং দৃষ্ট্বা প্রাচ্যাং পশ্যাম লাঘবাৎ ॥৬॥
উদীচীং দক্ষিণাং প্রাচীং প্রতীচীং বিদিশস্তথা।
নৃত্যন্নিবাচরচ্ছূরো যথা রথশতং তথা ॥৭॥
তদ্দৃষ্ট্বা চরিতং তস্য সিংহবিক্রান্তগামিনঃ।
ত্রিগর্ত্তাঃ সংন্যবর্ত্তন্ত সন্তপ্তাঃ স্বজনং প্রতি ॥৮॥
তমন্যে শূরসেনানাং শূরাঃ সংখ্যে ন্যবারয়ন্।
নিয়চ্ছন্তঃ শরব্রাতৈর্মত্তং দ্বিপমিবাঙ্কুশৈঃ ॥৯॥

ভারতকৌমুদী

অজয়দিতি। যতমানান্ জয়ে। ভারতী কৌরবী সেনা তস্যা মধ্যম্, তলঘোষেণ হস্তাবরণশব্দেন সমাকুলং ব্যাপ্তম্। অপ্লবং তরিশূন্যম্, সলিলং সমুদ্রজলম্ ॥৪—৫॥

তত্রেতি। শৈনেয়চরিতং সাত্যকিকার্য্যম্। লাঘবাৎ দ্রুতগমনাৎ ॥৬॥

উদীচীমিতি। বিদিশো দিগন্তরালানি। শূরঃ সাত্যকিঃ ॥৭॥

তদিতি। সিংহ ইব বিক্রান্তেন বিক্রমেণ গচ্ছতীতি তস্য। সন্তপ্তাঃ শোকেন ॥৮॥

তমিতি। নিয়চ্ছন্তঃ স্বস্থান এব স্থাপয়ন্তঃ, শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ ॥৯॥

ক্রমে যথার্থবিক্রমশালী সাত্যকি নৌকাশূন্য সমুদ্রজলের তুল্য, অসি, শক্তি ও গদায় পরিপূর্ণ এবং হস্তাবরণের শব্দে সমাকুল কৌরবসৈন্যমধ্যে উপস্থিত হইয়া একাকীই মহাযুদ্ধে জয়ে যত্নশীল সেই পঞ্চাশ জন শত্রু রাজপুত্ত্রকে জয় করিলেন ॥৪—৫॥

তখন আমরা যুদ্ধে সাত্যকির অদ্ভুত চরিত্র দেখিলাম। যে হেতু তাহাকে পশ্চিমদিকে দেখিয়া দ্রুতগামিতাবশতঃ পরক্ষণেই পূর্ব্বদিকে দেখিয়াছিলাম ॥৬॥

শত রথীর ন্যায় একমাত্র রথী বীর সাত্যকি নৃত্য করিতে করিতেই যেন উত্তর, দক্ষিণ, পূর্ব্ব, পশ্চিম ও কোণ দিকে বিচরণ করিতে লাগিলেন ॥৭॥

সিংহের ন্যায় বিক্রমের সহিত বিচরণকারী সাত্যকির সেই আচরণ দেখিয়া এবং আত্মীয়-স্বজন নিহত হওয়ায় শোকে সন্তপ্ত হইয়া ত্রিগর্ত্তেরা যুদ্ধ হইতে নিবৃত্তি পাইল ॥৮॥

(৫)·· অপ্লবং সাগরং যথা—নি।

তৈর্ব্যবাহরদার্য্যাত্মা মুহূর্ত্তমিব সাত্যকিঃ।
ততঃ কলিঙ্গৈর্যুযুধে সোঽচিন্ত্যবলবিক্রমঃ ॥১০॥
তাঞ্চ সেনামতিক্রম্য কলিঙ্গানাং দুরত্যয়াম্।
অথ পার্থং মহাবাহুর্ধনঞ্জয়মুপাসদৎ ॥১১॥
তরন্নিব জলে শ্রান্তো যথা স্থলমুপেযিবান্।
তং দৃষ্ট্বা পুরুষব্যাঘ্রং যুযুধানঃ সমাশ্বসৎ ॥১২॥
তমায়ান্তমভিপ্রেক্ষ্য কেশবঃ পার্থমব্রবীৎ।
অসাবায়াতি শৈনেয়স্তব পার্থ! পদানুগঃ ॥১৩॥
এষ শিষ্যঃ সখা চৈব তব সত্যপরাক্রমঃ।
সর্ব্বান্ যোধাংস্তৃণীকৃত্য বিজিগ্যে পুরুষর্ষভঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তৈরিতি। ব্যবাহরৎ যুদ্ধমকরোৎ, আর্য্যাত্মা দুরভিসন্ধিশূন্যচিত্তঃ ॥১০॥

তামিতি। দুরত্যয়াং দুস্তরাম্। উপাসদৎ উপাগমৎ ॥১১॥

তরন্নিতি। উপেযিবান্ প্রাপ্তবান্। যুযুধানঃ সাত্যকিঃ ॥১২॥

তমিতি। পার্থমর্জ্জুনম্। শৈনেয়ঃ সাত্যকিঃ। পদানুগঃ অনুচরঃ ॥১৩॥

এষ ইতি। তৃণীকৃত্য তৃণবদবজ্ঞায়, বিজিগ্যে বিজিতবান্ ॥১৪॥

সেই সময়ে শূরসেনদেশীয় বীরেরা অঙ্কুশদ্বারা মত্তহস্তীর ন্যায় বাণসমূহদ্বারা সাত্যকিকে স্বস্থানেই রাখিয়া যুদ্ধে বারণ করিতে লাগিলেন ॥৯॥

তখন অচিন্তনীয়বলবিক্রমশালী সাত্যকি মুহূর্ত্তকাল তাঁহাদের সঙ্গে সদ্ভাবে যুদ্ধ করিলেন, পরে কলিঙ্গদেশীয়গণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥১০॥

ক্রমে মহাবাহু সাত্যকি সেই দুস্তর কলিঙ্গসৈন্যও অতিক্রম করিয়া পৃথানন্দন অর্জ্জুনের নিকটে উপস্থিত হইলেন ॥১১॥

জলে সন্তরণকারী লোক পরিশ্রান্ত হইয়া স্থল পাইয়া যেমন আশ্বস্ত হয়, সেইরূপ সাত্যকি পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনকে দেখিয়া আশ্বস্ত হইলেন ॥১২॥

ওদিকে কৃষ্ণ সাত্যকিকে আসিতে দেখিয়া অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! ঐ তোমার অনুচর সাত্যকি আসিতেছেন ॥১৩॥

যথার্থবিক্রমশালী এই পুরুষশ্রেষ্ঠ তোমার শিষ্য ও সখা; ইনি সমস্ত বিপক্ষযোদ্ধাকে তৃণের ন্যায় অবজ্ঞাপূর্ব্বক জয় করিয়াছেন ॥১৪॥

(১০)···মুহূর্ত্তাদেব···বা নি।

এষ কৌরবযোধানাং কৃত্বা ঘোরমুপদ্রবম্।
তব প্রাণৈঃ প্রিয়তমঃ কিরীটিন্নেতি সাত্যকিঃ ॥১৫॥
এষ দ্রোণং তথা ভোজং কৃতবর্ম্মাণমেব চ।
কদর্থীকৃত্য বিশিখৈঃ ফাল্গুনাভ্যেতি সাত্যকিঃ ॥১৬॥
ধর্ম্মরাজপ্রিয়ান্বেষী হত্বা যোধান্ বরান্ বরান্।
শূরশ্চৈব কৃতাস্ত্রশ্চ ফাল্গুনাভ্যেতি সাত্যকিঃ ॥১৭॥
কৃত্বা সুদুষ্করং কর্ম্ম সৈন্যমধ্যে মহাবলঃ।
তব দর্শনমন্বিচ্ছন্ পাণ্ডবাভ্যেতি সাত্যকিঃ ॥১৮॥
বহূনেকরথেনাজৌ যোধয়িত্বা মহারথান্।
আচার্য্যপ্রমুখান্ পার্থ! প্রয়াত্যেষ স সাত্যকিঃ ॥১৯॥
স্ববাহুবলমাশ্রিত্য বিদার্য্য চ বরূথিনীম্।
প্রেষিতো ধর্ম্মরাজেন পার্থৈষোঽভ্যেতি সাত্যকিঃ ॥২০॥

ভারতকৌমুদী

অর্জ্জুনায় সানন্দমাহ এষ ইত্যাদি। উপদ্রবমুৎপীড়নম্। প্রাণৈস্তুল্য ইতি শেষঃ ॥১৫॥
এষ ইতি। ভোজং ভোজবংশীয়ম্। কদর্থীকৃত্য বিজিত্য, হে ফাল্গুন! অর্জ্জুন! ॥১৬॥
ধর্ম্মেতি। ধর্ম্মরাজপ্রিয়ং স্বামন্বিষ্যতীতি সঃ। কৃতাস্ত্রঃ শিক্ষিতসর্ব্বাস্ত্রঃ ॥১৭॥
কৃত্বেতি। কর্ম্ম ভূরিবিপক্ষজয়রূপম্। অন্বিচ্ছন্ কর্ত্তুমভিলষন্ ॥১৮॥
বহূনিতি। আচার্য্যপ্রমুখান্ দ্রোণপ্রভৃতীন্। প্রয়াতি আযাতি ॥১৯॥
স্বেতি। বরূথিনীং কৌরবসেনাম্। হে পার্থ! পৃথানন্দন! ॥২০॥

অর্জ্জুন! তোমার প্রাণের তুল্য প্রিয়তম সাত্যকি কৌরবযোদ্ধাদের ভয়ঙ্কর উৎপীড়ন করিয়া এই আসিতেছেন ॥১৫॥

অর্জ্জুন! সাত্যকি বাণদ্বারা দ্রোণ ও ভোজবংশীয় কৃতবর্ম্মাকে জয় করিয়া এই আগমন করিতেছেন ॥১৬॥

অর্জ্জুন! বীর ও সমস্ত অস্ত্রে সুশিক্ষিত সাত্যকি তোমার অন্বেষণে প্রবৃত্ত হইয়া কৌরবপক্ষের প্রধান প্রধান যোদ্ধাকে বধ করিয়া আসিতেছেন ॥১৭॥

পাণ্ডুনন্দন! মহাবল সাত্যকি তোমার দর্শনার্থী হইয়া বিপক্ষসৈন্যমধ্যে অতিদুষ্কর কার্য্য করিয়া আগমন করিতেছেন ॥১৮॥

পৃথানন্দন! সাত্যকি একরথে দ্রোণপ্রভৃতি বহুতর মহারথের সহিত যুদ্ধ করিয়া এই আসিতেছেন ॥১৯॥

(১৯)…প্রয়াত্যেষ হি সাত্যকিঃ—বঙ্গ বৰ্দ্ধ। (২০)…প্রেষিতো ধর্ম্মপুত্রেণ…পি বঙ্গ বৰ্দ্ধ।

যস্য নাস্তি সমো যোধো কৌরবেষু কথঞ্চন।
সোঽয়মায়াতি কৌন্তেয়! সাত্যকির্যুদ্ধদুর্ম্মদঃ ॥২১॥
কুরুসৈন্যাদ্বিমুক্তো বৈ সিংহো মধ্যাদ্‌গবামিব।
নিহত্য বহুলাঃ সেনাঃ পার্থৈষোঽভ্যেতি সাত্যকিঃ ॥২২॥
এষ রাজসহস্রাণাং বক্ত্রৈঃ পঙ্কজসন্নিভৈঃ।
আস্তীর্য্য বসুধাং পার্থ! ক্ষিপ্রমায়াতি সাত্যকিঃ ॥২৩॥
এষ দুর্য্যোধনং জিত্বা ভ্রাতৃভিঃ সহিতং রণে।
নিহত্য জলসন্ধঞ্চ ক্ষিপ্রমায়াতি সাত্যকিঃ ॥২৪॥
রুধিরৌঘবতীং কৃত্বা নদীং শোণিতকর্দ্দমাম্।
তৃণবদ্ব্যস্য কৌরব্যান্ ক্ষিপ্রমায়াতি সাত্যকিঃ ॥২৫॥

ভারতকৌমুদী

যস্যেতি। তাদৃশত্বাদেবাগন্তুং সমর্থ ইতি ভাবঃ ॥২১॥
কুরিতি। বিমুক্তো নির্গতঃ ॥২২॥
এষ ইতি। আস্তীর্য্য আচ্ছাদ্য, বসুধাং সমরভূমিম্ ॥২৩॥
এষ ইতি। জলসন্ধং নিহত্য চেতি লোকপরম্পরয়া শ্রুত্বাভিহিতম্ ॥২৪॥
রুধিরেতি। রুধিরৌঘবতীং রক্তপ্রবাহশালিনীম্। ব্যস্য নিরস্য অপসার্য্য ॥২৫॥

অর্জ্জুন! সাত্যকি ধর্ম্মরাজকর্ত্তৃক প্রেরিত হইয়া আপন বাহুবলমাত্র অবলম্বন করিয়া শত্রুসৈন্য বিদারণপূর্ব্বক এই আগমন করিতেছেন ॥২০॥

কুন্তীনন্দন! কৌরবগণের মধ্যে কোন প্রকারে যাঁহার তুল্য যোদ্ধা নাই, এই সেই যুদ্ধদুর্দ্ধর্ষ সাত্যকি আসিতেছেন ॥২১॥

পৃথানন্দন! সিংহ যেমন গোমধ্য হইতে নির্গত হয়, সেইরূপ সাত্যকি বহুতর সৈন্য বধ করিয়া কৌরবসৈন্য হইতে নির্গত হইয়া এই আসিতেছেন ॥২২॥

অর্জ্জুন! সাত্যকি বহুসহস্র ক্ষত্রিয়ের পদ্মতুল্য মুখদ্বারা সমরভূমি আচ্ছাদিত করিয়া এই সত্বর আগমন করিতেছেন ॥২৩॥

সাত্যকি ভ্রাতাদের সহিত দুর্য্যোধনকে যুদ্ধে জয় করিয়া জলসন্ধকে সংহারপূর্ব্বক এই সত্বর আসিতেছেন ॥২৪॥

রক্তের প্রবাহযুক্ত এবং রক্তেরই কর্দ্দমসমন্বিত একটা নদী প্রবাহিত করিয়া কৌরবগণকে অপসারণপূর্ব্বক সাত্যকি দ্রুত আগমন করিতেছেন' ॥২৫॥

(২৫)... এষ হ্যায়াতি সাত্যকিঃ—পি বঙ্গ বর্দ্ধ।

ততোঽপ্রহৃষ্টঃ কৌন্তেয়ঃ কেশবং বাক্যমব্রবীৎ।
ন মে প্রিয়ং মহাবাহো! যন্মামভ্যেতি সাত্যকিঃ ॥২৬॥
ন হি জানামি বৃত্তান্তং ধর্ম্মরাজস্য কেশব!।
সাত্বতেন বিহীনঃ স যদি জীবতি বা ন বা ॥২৭॥
এতেন হি মহাবাহো! রক্ষিতব্যঃ স পার্থিবঃ।
তমেষ কথমুৎসৃজ্য মম কৃষ্ণ! পদানুগঃ ॥২৮॥
রাজা দ্রোণায় চোৎসৃষ্টঃ সৈন্ধবশ্চানিপাতিতঃ।
প্রত্যুদ্যাতি চ শৈনেয়মেষ ভূরিশ্রবা রণে।
সোঽয়ং গুরুতরো ভারঃ সৈন্ধবার্থে সমাহিতঃ ॥২৯॥
জ্ঞাতব্যশ্চ হি মে রাজা রক্ষিতব্যশ্চ সাত্যকিঃ।
জয়দ্রথশ্চ হন্তব্যো লম্বতে চ দিবাকরঃ ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। অপ্রহৃষ্ট উদ্বিগ্নচিত্তঃ, যুধিষ্ঠিরবিপদাশঙ্কয়েতি ভাবঃ ॥২৬॥

নেতি। হি যস্মাৎ। সাত্বতেন সাত্যকিনা ॥২৭॥

এতেনেতি। পদানুগঃ অনুচরো জাত ইতি শেষঃ ॥২৮॥

রাজেতি। রাজা যুধিষ্ঠিরঃ। শৈনেয়ং সাত্যকিম্। সমাহিতো মযা ধৃতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

জ্ঞাতব্য ইতি। রাজা যুধিষ্ঠিরস্তদ্বৃত্তান্ত ইত্যর্থঃ। লম্বতে পশ্চিমাকাশাং সংসতে ॥৩০॥

তদনন্তর অর্জ্জুন বিষণ্ণচিত্ত হইয়া কৃষ্ণকে এই কথা বলিলেন—'মহাবাহু! সাত্যকি যে আমার নিকট আসিতেছেন, ইহা আমার প্রীতিজনক হয় নাই ॥২৬॥

কারণ, কৃষ্ণ! আমি ত ধর্ম্মরাজের সংবাদ জানি না। তিনি সাত্যকি-বিহীন হইয়া জীবিত আছেন কি না ধারণা করিতে পারিতেছি না ॥২৭॥

মহাবাহু কৃষ্ণ! ধর্ম্মরাজকে রক্ষা করা ইহার উচিত ছিল। সুতরাং কেন ইনি তাঁহাকে ত্যাগ করিয়া আমার অনুবর্ত্তী হইলেন? ॥২৮॥

ধর্ম্মরাজকে দ্রোণের হস্তে উৎসর্গ করা হইল, জয়দ্রথকেও বধ করিতে পারি নাই, এদিকেও এই ভূরিশ্রবা যুদ্ধে সাত্যকির দিকে যাইতেছেন। সুতরাং এক জয়দ্রথবধের জন্য আমি গুরুতর ভার লইলাম ॥২৯॥

ওদিকে ধর্ম্মরাজের বৃত্তান্ত আমার জানিতে হইবে, এদিকে সাত্যকিকে

(২৬) ততঃ প্রহৃষ্টঃ··· পি বা নি।

শ্রান্তশ্চৈব মহাবাহুরল্পবাণশ্চ সাম্প্রতম্ ।
পরিশ্রান্তা হয়াশ্চাস্য হয়যন্তা চ মাধব ! ॥৩১॥
ন চ ভূরিশ্রবাঃ শ্রান্তঃ সসহায়শ্চ কেশব ! ।
অপীদানীং ভবেদস্য ক্ষেমমস্মিন্ সমাগমে ॥৩২॥
কচ্চিন্ন সাগরং তীর্ত্বা সাত্যকিঃ সত্যবিক্রমঃ ।
গোষ্পদং প্রাপ্য সীদেত মহৌজাঃ শিনিপুঙ্গবঃ ॥৩৩॥
অপি কৌরব্যমুখ্যেন কৃতাস্ত্রেণ মহাত্মনা ।
সমেত্য ভূরিশ্রবসা স্বস্তিমান্ সাত্যকির্ভবেৎ ॥৩৪॥
ব্যতিক্রমমিমং মন্যে ধর্ম্মরাজস্য কেশব ! ।
আচার্য্যাদ্ভয়মুৎসৃজ্য যঃ প্রৈষয়ত সাত্যকিম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

শ্রান্ত ইতি । মহাবাহুঃ সাত্যকিঃ । হয়যন্তা সারথিঃ ॥৩১॥
নেতি । অস্য সাত্যকেঃ, ক্ষেমং মঙ্গলম্, সমাগমে ভূরিশ্রবসা সহ যুদ্ধে মেলনে ॥৩২॥
কচ্চিদিতি । সাগরং তদ্রূপং দ্রোণাদিকম্ । গোষ্পদং তদ্রূপং ভূরিশ্রবসম্ ॥৩৩॥
অপীতি । কৃতাস্ত্রেণ শিক্ষিতসর্বাস্ত্রেণ । সমেত্য মিলিত্বা, স্বস্তিমান্ কুশলী ॥৩৪॥
ব্যতীতি । ব্যতিক্রমং কর্ত্তব্যবৈপরীত্যম্ । আচার্য্যাৎ দ্রোণাৎ ॥৩৫॥

রক্ষা করিতে হইবে এবং জয়দ্রথকেও বধ করিতে হইবে ; সূর্য্যও পশ্চিমাকাশে ঝুলিয়া পড়িয়াছেন ॥৩০॥

কৃষ্ণ ! সাত্যকিও পরিশ্রান্ত হইয়াছেন, এখন উঁহার বাণও অল্পই আছে, ঘোড়াগুলিও ক্লান্ত হইয়াছে এবং সারথিও শ্রান্ত হইয়া পড়িয়াছে ॥৩১॥

কিন্তু ভূরিশ্রবা পরিশ্রান্ত নহেন, বিশেষতঃ উঁহার সহায় রহিয়াছে। অতএব কৃষ্ণ ! এই যুদ্ধে এখন সাত্যকির মঙ্গল হইবে ত ? ॥৩২॥

যথার্থবিক্রমশালী, মহাতেজা ও শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি সমুদ্র পার হইয়া এখন গোষ্পদে আসিয়া অবসন্ন হইবেন কি ? ॥৩৩॥

কুরুবংশশ্রেষ্ঠ, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত ও মহাত্মা ভূরিশ্রবার সহিত যুদ্ধে মিলিত হইয়া সাত্যকি কুশলী হইবেন কি ? ॥৩৪॥

কৃষ্ণ ! আমি এটাকে ধর্ম্মরাজের বিপরীত কার্য্য করা হইয়াছে বলিয়া মনে করি ; যিনি দ্রোণের ভয় ত্যাগ করিয়া সাত্যকিকে পাঠাইয়াছেন ॥৩৫॥

(৩১)···অল্পপ্রাণশ্চ সাম্প্রতম্··পি বা নি। (৩৩) কচ্চিন্ন··পি বা নি।

গ্রহণং ধর্ম্মরাজস্য খগঃ শ্যেন ইবামিষম্ ।
নিত্যমাশংসতে দ্রোণঃ কচ্চিৎ স্যাৎ কুশলী নৃপঃ ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যক্যর্জ্জুনদর্শনে দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ।

———:-০-:———

সঞ্জয় উবাচ ।

তমাপতন্তং সংপ্রেক্ষ্য সাত্বতং যুদ্ধদুর্ম্মদম্ ।
ক্রোধাদ্ভূরিশ্রবা রাজন্ ! সহসা সমুপাদ্রবৎ ॥১॥
তমব্রবীন্মহাবাহুঃ কৌরব্যঃ শিনিপুঙ্গবম্ ।
অদ্য প্রাপ্তোঽসি দিষ্ট্যা মে চক্ষুর্বিষয়মিত্যুত ॥২॥

ভারতকৌমুদী

গ্রহণমিতি । খগঃ পক্ষী, আমিষং মাংসম্ । আশংসতে ইচ্ছতি । নৃপো যুধিষ্ঠিরঃ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তমিতি । আপতন্তমাগচ্ছন্তম্, সাত্বতং সাত্যকিম্ । সমুপাদ্রবৎ অভ্যধাবৎ ॥১॥

তমিতি । কৌরব্যো ভূরিশ্রবাঃ । দিষ্ট্যা ভাগ্যেন । উতশব্দঃ পাদপূরণে ॥২॥

শ্যেনপক্ষী যেমন মাংস গ্রহণ করিবার ইচ্ছা করে, সেইরূপ দ্রোণ সর্ব্বদাই ধর্ম্মরাজকে গ্রহণ করিবার ইচ্ছা করেন। অতএব ধর্ম্মরাজ কুশলী হইবেন কি ? ॥৩৬॥

———:০:———

সঞ্জয় বলিলেন—‘রাজা ! যুদ্ধদুর্দ্ধর্ষ সাত্যকি আসিতেছেন দেখিয়া ভূরিশ্রবা ক্রোধে তাঁহার দিকে বেগে ধাবিত হইলেন ॥১॥

পরে মহাবাহু ভূরিশ্রবা সাত্যকিকে বলিলেন—‘সাত্যকি ! তুমি আজ ভাগ্যবশতঃ আমার দৃষ্টির বিষয় হইয়াছ ॥২॥

* ‘…একোনচত্বাবিংশদধিকশততমোঽধ্যায়ঃ’ বঙ্গ বর্দ্ধ, ‘…একচত্বারিংশদধিকশত তমোঽধ্যায়ঃ’ বা রা নি। (২) তমব্রবীন্মহারাজ ! · বঙ্গ বর্দ্ধ বা নি।

চিরাভিলষিতং কামমহং প্রাপ্স্যামি সংযুগে।
নহি মে মোক্ষ্যসে জীবন্ যদি নোৎসৃজসে রণম্ ॥৩॥
অদ্য ত্বাং সমরে হত্বা নিত্যং শূরাভিমানিনম্।
নন্দয়িষ্যামি দাশার্হ ! কুরুরাজং সুযোধনম্ ॥৪॥
অদ্য মদ্বাণনির্দগ্ধং পতিতং ধরণীতলে।
দ্রক্ষ্যতস্ত্বাং রণে বীরৌ সহিতৌ কেশবার্জ্জুনৌ ॥৫॥
অদ্য ধর্ম্মসুতো রাজা শ্রুত্বা ত্বাং নিহতং ময়া।
সব্রীড়ো ভবিতা সদ্যো যেনাসীহ প্রবেশিতঃ ॥৬॥
অদ্য মে বিক্রমং পার্থো বিজ্ঞাস্যতি ধনঞ্জয়ঃ।
ত্বয়ি ভূমৌ বিনিহতে শয়নে রুধিরোক্ষিতে ॥৭॥
চিরাভিলষিতো হ্যেষ ত্বয়া সহ সমাগমঃ।
পুরা দেবাসুরে যুদ্ধে শক্রস্য বলিনা যথা ॥৮॥

ভারতকৌমুদী

চিরেতি। কামং পর্য্যাপ্তম্। উৎসৃজসে ত্যজসি ॥৩॥
অদ্যেতি। নন্দয়িষ্যামি সন্তোষয়িষ্যামি, হে দাশার্হ ! দাশার্হবংশীয় ! ॥৪॥
অদ্যেতি। মম বাণেন নিদগ্ধং নিহতম্। সহিতৌ মিলিতৌ ॥৫॥
অদ্যেতি। সব্রীড়ঃ সলজ্জঃ। তত্র হেতুমাহ যেনেতি ॥৬॥
অদ্যেতি। বিনিহতে ময়ৈব। রুধিরোক্ষিতে রক্তসিক্তগাত্রে ॥৭॥
চিরেতি। সমাগমো যুদ্ধে মেলনম্। বলিনা বলিনামকেনাসুরেণ ॥৮॥

আজ আমি যুদ্ধে চিরাভিলষিত বিষয় পর্য্যাপ্তরূপে লাভ করিব। কারণ, তুমি যদি রণস্থল পরিত্যাগ না কর, তবে আজ জীবিত অবস্থায় আমার নিকট হইতে মুক্তি পাইবে না ॥৩॥

সাত্যকি ! আমি আজ যুদ্ধে সর্ব্বদা বীরাভিমানী তোমাকে বধ করিয়া কুরুরাজ দুর্য্যোধনকে আনন্দিত করিব ॥৪॥

বীর ও মিলিত কৃষ্ণ ও অর্জ্জুন আজ তোমাকে যুদ্ধে আমার বাণে নিহত ও ভূতলে পতিত দেখিবেন ॥৫॥

যিনি তোমাকে কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করাইয়াছেন, সেই রাজা যুধিষ্ঠির আজ তোমাকে নিহত শুনিয়া তৎক্ষণাৎ লজ্জিত হইবেন ॥৬॥

তুমি নিহত হইয়া রক্তসিক্ত অবস্থায় ভূতলে শয়ন করিলে, আজ পৃথানন্দন অর্জ্জুন আমার বিক্রম জানিতে পারিবেন ॥৭॥

অদ্য যুদ্ধং মহাঘোরং তব দাস্যামি সাত্বত !।
ততো জ্ঞাস্যসি তত্ত্বেন মদ্বীর্য্যবলপৌরুষম্ ॥৯॥
অদ্য সংযমনীং তাত ! যাতা ত্বং নিহতো রণে।
যথা রামানুজেনাজৌ রাবনির্লক্ষ্মণেন হ ॥১০॥
অদ্য কৃষ্ণশ্চ পার্থশ্চ ধর্ম্মরাজশ্চ মাধব !।
হতে ত্বয়ি নিরুৎসাহা রণং ত্যক্ষ্যন্ত্যসংশয়ম্ ॥১১॥
অদ্য তেঽপচিতিং কৃত্বা শিতৈর্মাধব ! সায়কৈঃ।
তৎস্ত্রিয়ো নন্দয়িষ্যামি যে ত্বয়া নিহতা রণে ॥১২॥
মচ্চক্ষুর্বিষয়ং প্রাপ্তো ন ত্বং মাধব ! মোক্ষ্যসে।
সিংহস্য বিষয়ং প্রাপ্তো যথা ক্ষুদ্রমৃগস্তথা ॥১৩॥

ভারতকৌমুদী

অদ্যেতি। বীর্য্যং মানসিকী শক্তিঃ, বলং দৈহিকী শক্তিঃ, পৌরুষমধ্যবসায়শ্চ তৎ ॥৯॥
অদ্যেতি। সংযমনীং তদাখ্যাং যমপুরীম্, যাতা যাস্যসি। রাবণিরিন্দ্রজিৎ ॥১০॥
অদ্যেতি। পার্থোঽর্জ্জুনঃ কৃষ্ণসাহচর্য্যাৎ, হে মাধব ! মধুবংশ্য ! সাত্যকে ! ॥১১॥
অদ্যেতি। অপচিতিং ক্ষয়ম্, "ক্ষয়ার্চ্চয়োরপচিতিঃ" ইত্যমরঃ। শিতৈঃ সুধারৈঃ ॥১২॥
মদিতি। সিংহস্য বিষয়ং চক্ষুর্গোচরম্ ॥১৩॥

পূর্ব্বকালে দেবাসুরযুদ্ধে বলির সহিত সম্মেলন যেমন ইন্দ্রের চিরাভিলষিত ছিল, তেমন তোমার সহিত এই সম্মেলন আমার চিরাভিলষিত ছিল ॥৮॥

সাত্যকি ! আজ আমি তোমার সহিত অতিভীষণ যুদ্ধ করিব ; তাহাতেই তুমি যথার্থরূপে আমার বল, বীর্য্য ও পুরুষকার জানিতে পারিবে ॥৯॥

বৎস ! (বাছা !) রামের অনুজলক্ষ্মণকর্ত্তৃক নিহত হইয়া ইন্দ্রজিৎ যেমন যমপুরীতে গিয়াছিলেন, তুমিও আজ তেমন যুদ্ধে নিহত হইয়া যমপুরীতে যাইবে ॥১০॥

সাত্যকি ! তুমি নিহত হইলে, কৃষ্ণ, অর্জ্জুন ও ধর্ম্মরাজ নিরুৎসাহ হইয়া নিশ্চয়ই যুদ্ধ পরিত্যাগ করিবেন ॥১১॥

মধুবংশীয় ! আজ সুধার বাণদ্বারা তোমাকে বিনাশ করিয়া—তুমি যাহা-দিগকে যুদ্ধে বধ করিয়াছ, তাহাদের স্ত্রীগণকে আনন্দিত করিব ॥১২॥

সাত্যকি ! ক্ষুদ্র মৃগ যেমন সিংহের দৃষ্টির বিষয় প্রাপ্ত হইয়া মুক্তি পায় না, তেমন তুমিও আমার দৃষ্টির বিষয় প্রাপ্ত হইয়া মুক্তি পাইবে না' ॥১৩॥

(১০) অদ্য সংযমনীং যাতা ময়া ত্বম্—বা নি। (১৩) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

যুযুধানস্তু তং রাজন্! প্রত্যুবাচ হসন্নিব।
কৌরবেয়! ন সন্ত্রাসো বিদ্যতে মম সংযুগে ॥১৪॥
নাহং ভীষয়িতুং শক্যো বাঙ্মাত্রেণ তু কেবলম্।
স মাং নিহন্যাৎ সংগ্রামে যো মাং কুর্য্যান্নিরায়ুধম্ ॥১৫॥
সমাস্তু শাশ্বতীর্হন্যাদ্ যো মাং হন্যাদ্ধি সংযুগে।
কিং বৃথোক্তেন বহুনা কর্ম্মণা তৎ সমাচর ॥১৬॥
শারদস্যেব মেঘস্য গর্জিতং নিষ্ফলং হি তে।
শ্রুত্বা ত্বদ্গর্জিতং বীর! হাস্যং হি মম জায়তে ॥১৭॥
চিরকালেপ্সিতং লোকে যুদ্ধমদ্যাস্তু কৌরব!।
ত্বরতে মে মতিস্তাত! তব যুদ্ধাভিকাঙ্ক্ষিণী।
নাহত্বাহং নিবর্ত্তিষ্যে ত্বামদ্য পুরুষাধম! ॥১৮॥

ভারতকৌমুদী

যুযুধান ইতি। যুযুধানঃ সাত্যকিঃ। কৌরবেয়! কুরুবংশ্য! ॥১৪॥
নেতি। ভীষয়িতুং ভয়ং প্রাপয়িতুম্। নিরায়ুধং নিরস্ত্রম্ ॥১৫॥
সমা ইতি। সমা বৎসরান্, শাশ্বতীর্বহ্বীঃ, হন্যাৎ শত্রূনিতি শেষঃ ॥১৬॥
শারদস্যেতি। শারদস্য শরৎকালীনস্য, গর্জিতং স্তনিতং গর্বোক্তিশ্চ ॥১৭॥
চিরেতি। চিরকালেপ্সিতং ত্বয়েব ময়াপি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

রাজা! তখন সাত্যকি যেন হাসিতে হাসিতে ভূরিশ্রবাকে বলিলেন—'কৌরবনন্দন! যুদ্ধে আমার ভয় নাই ॥১৪॥

কেবল বাক্যদ্বারা আমাকে ভীত করিতে পারিবে না। যে লোক যুদ্ধে আমাকে নিরস্ত্র করিতে পারিবে, সে-ই আমাকে বধ করিতে সমর্থ হইবে ॥১৫॥

যে লোক আমাকে যুদ্ধে বধ করিতে পারিবে, সে লোক চিরকালই শত্রুসংহার করিতে সমর্থ হইবে। সে যাহা হউক, বহুতর বৃথা বাক্যে ফল কি, তুমি সেই উক্তিগুলি কার্য্যে পরিণত কর ॥১৬॥

বীর! শরৎকালের মেঘগর্জনের ন্যায় তোমার গর্জন নিষ্ফল। সুতরাং তোমার গর্জন শুনিয়া আমার হাস্য জন্মিতেছে ॥১৭॥

কৌরব! তোমার ও আমার চিরকালের অভীষ্ট যুদ্ধ আজ হউক; বৎস! তোমার সহিত যুদ্ধাভিলাষিণী আমার মতি ত্বরান্বিত হইয়াছে। পুরুষাধম! আজ আমি তোকে বধ না করিয়া নিবৃত্তি পাইব না' ॥১৮॥

---

(১৬)·· কর্ম্মণা তু সমাচর—বঙ্গ বর্দ্ধ। (১৮)···ত্বামদ্য পুরুষর্ষভ!—পি।

অন্যোন্যং তৌ তথা বাগ্‌ভিস্তক্ষন্তৌ নরপুঙ্গবৌ।
জিঘাংসূ পরমক্রুদ্ধাবভিজঘ্নতুরাহবে ॥১৯॥
সমেতৌ তৌ মহেষ্বাসৌ শুষ্মিণৌ স্পর্দ্ধিনৌ রণে।
দ্বিরদাবিব সংক্রুদ্ধৌ বাসিতার্থে মদোৎকটৌ ॥২০॥
ভূরিশ্রবাঃ সাত্যকিশ্চ ববর্ষতুররিন্দমৌ।
শরবর্ষাণি ঘোরাণি মেঘাবিব পরস্পরম্ ॥২১॥
সৌমদত্তিস্তু শৈনেয়ং প্রচ্ছাদ্যেষুভিরাশুগৈঃ।
জিঘাংসুর্ভরতশ্রেষ্ঠ! বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥২২॥
দশভিঃ সাত্যকিং বিদ্ধা সৌমদত্তিরথাপরান্।
মুমোচ নিশিতান্ বাণান্ জিঘাংসুঃ শিনিপুঙ্গবম্ ॥২৩॥

ভারতকৌমুদী

অন্যোন্যমিতি। তক্ষন্তৌ তনূকুর্বন্তৌ ব্যথয়ন্তাবিত্যর্থঃ ॥১৯॥

সমেতাবিতি। শুষ্মিণৌ ক্রোধোষ্মবন্তৌ। বাসিতার্থে ঋতুমত্যা হস্তিন্যাঃ কৃতে ॥২০॥

ভূরীতি। বরমতুশক্রভুরিত্যর্থঃ ॥২১॥

সৌমেতি। সৌমদত্তিঃ সোমদত্তপুত্রো ভূরিশ্রবাঃ, শৈনেয়ং সাত্যকিম্, আশুগৈদ্রুত-গামিভিঃ ॥২২॥

দশভিরিতি। নিশিতান্ সুধারান্, জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ ॥২৩॥

মহারাজ! অত্যন্তক্রুদ্ধ নরশ্রেষ্ঠ ভূরিশ্রবা ও সাত্যকি সেইরূপ বাক্যদ্বারা পরস্পর আঘাত করিয়া যুদ্ধে পরস্পর জিঘাংসু হইয়া প্রহার করিতে প্রবৃত্ত হইলেন ॥১৯॥

ঋতুমতী হস্তিনীর জন্য মদমত্ত ও ক্রুদ্ধ দুইটা হস্তীর ন্যায় মহাধনুর্দ্ধর, ক্রোধে উত্তেজিত ও পরস্পর স্পর্দ্ধাকারী ভূরিশ্রবা এবং সাত্যকি যুদ্ধে মিলিত হইলেন ॥২০॥

ক্রমে শত্রুদমনকারী ভূরিশ্রবা ও সাত্যকি দুইটা মেঘের ন্যায় পরস্পর বাণবর্ষণ করিতে লাগিলেন ॥২১॥

ভরতশ্রেষ্ঠ! ভূরিশ্রবা সাত্যকিকে বধ করিবার ইচ্ছা করিয়া দ্রুতগামী বাণসমূহদ্বারা তাঁহাকে আচ্ছাদনপূর্ব্বক পুনরায় সুধার বাণসমূহদ্বারা তাড়ন করিলেন ॥২২॥

তৎপরে আবার ভূরিশ্রবা সাত্যকিকে বিনাশ করিবার ইচ্ছায় দশটি বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিয়া পুনরায় অপর সুধার বাণসমূহ নিক্ষেপ করিলেন ॥২৩॥

তানস্য বিশিখাংস্তীক্ষ্ণানন্তরীক্ষে বিশাংপতে ! ।
অপ্রাপ্তানস্ত্রমায়াভিরগ্রসৎ সাত্যকিঃ প্রভো ! ॥২৪॥
তৌ পৃথগস্ত্রবর্ষাভ্যামবর্ষেতাং পরস্পরম্ ।
উত্তমাভিজনৌ বীরৌ কুরুবৃষ্ণিযশস্করৌ ॥২৫॥
তৌ নখৈরিব শার্দ্দূলৌ দন্তৈরিব মহাদ্বিপৌ ।
রথশক্তিভিরন্যোন্যং বিশিখৈশ্চাপ্যকৃন্ততাম্ ॥২৬॥
নির্ভিন্দন্তৌ হি গাত্রাণি বিক্ষরন্তৌ চ শোণিতম্ ।
ব্যষ্টম্ভয়েতামন্যোন্যং প্রাণদ্যূতাভিদেবিনৌ ॥২৭॥
এবমুত্তমকর্ম্মাণৌ কুরুবৃষ্ণিযশস্করৌ ।
পরস্পরমযুধ্যেতাং বারণাবিব যূথপৌ ॥২৮॥
তাবদীর্ঘেণ কালেন ব্রহ্মলোকপুরস্কৃতৌ ।
যিযাসন্তৌ পরং স্থানমন্যোন্যং সংজগর্জতুঃ ॥২৯॥

ভারতকৌমুদী

তানিতি। অস্ত্রাণাং মায়াভিঃ প্রয়োগকৌশলৈঃ, অগ্রসৎ বানাশয়দিত্যর্থঃ ॥২৪॥

তাবিতি। অবর্ষেতাং প্রাহরতাম্। উত্তমাভিজনৌ সংকুলৌ ॥২৫॥

তাবিতি। মহাদ্বিপৌ বিশালহস্তিনৌ। অকৃন্ততাং ছিন্নবন্তৌ ॥২৬॥

নিরিতি। ব্যষ্টম্ভয়েতাং বিহ্বলৌ কৃতবন্তৌ, প্রাণদ্যূতেন অভিদীব্যতঃ ক্রীড়ত ইতি তৌ ॥২৭॥

এবমিতি। বারণৌ গজৌ, যূথপৌ গজসমূহরক্ষকৌ ॥২৮॥

নরনাথ প্রভু ! ভূরিশ্রবার সেই তীক্ষ্ণ বাণ সকল না আসিতেই সাত্যকি অস্ত্রপ্রয়োগের কৌশলে আকাশেই সেগুলিকে ছেদন করিলেন ॥২৪॥

সৎকুলজাত, মহাবীর ও কুরু-বৃষ্ণিবংশের যশস্কর ভূরিশ্রবা ও সাত্যকি পৃথক্ পৃথক্ অস্ত্রবর্ষণ করিয়া পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥২৫॥

নখদ্বারা দুইটা ব্যাঘ্রের ন্যায় এবং দন্তদ্বারা দুইটা মহাহস্তীর তুল্য ভূরিশ্রবা ও সাত্যকি রথশক্তি ও বাণদ্বারা পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥২৬॥

প্রাণদ্বারা দ্যূতক্রীড়ায় প্রবৃত্ত ভূরিশ্রবা ও সাত্যকি পরস্পর অঙ্গবিদারণ ও রক্ত নিঃসারণ করিতে থাকিয়া পরস্পর আকুল করিয়া তুলিলেন ॥২৭॥

উত্তমকার্য্যকারী এবং কুরু ও বৃষ্ণিবংশের যশস্কর ভূরিশ্রবা ও সাত্যকি দুইটা যূথপতি হস্তীর ন্যায় পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন ॥২৮॥

(২৭)···প্রাণদ্যূতাভিবেদিনৌ—পি।

সাত্যকিঃ সৌমদত্তিশ্চ শরবৃষ্ট্যা পরস্পরম্।
হৃষ্টবদ্ধার্ত্তরাষ্ট্রাণাং পশ্যতামভ্যবর্ষতাম্ ॥৩০॥
সংপ্রেক্ষন্ত জনাস্তৌ তু যুধ্যমানৌ যূথাং পতী।
যূথপৌ বাসিতাহেতোঃ প্রযুদ্ধাবিব কুঞ্জরৌ ॥৩১॥
অন্যোন্যস্য হয়ান্ হত্বা ধনুষী বিনিকৃত্য চ।
বিরথাবসিযুদ্ধায় সমেয়াতাং মহারণে ॥৩২॥
আর্ষভে চর্ম্মণী চিত্রে প্রগৃহ্য বিপুলে শুভে।
বিকোষৌ চাপ্যসী কৃত্বা সমরে তৌ বিচেরতুঃ ॥৩৩॥
চরন্তৌ বিবিধান্ মার্গান্ মণ্ডলানি চ ভাগশঃ।
মুহুরাজঘ্নতুঃ ক্রুদ্ধাবন্যোন্যমরিমর্দ্দনৌ ॥৩৪॥
সখড়্গৌ চিত্রবর্ম্মাণৌ সনিষ্কাঙ্গদভূষণৌ।
ভ্রান্তমুদ্‌ভ্রান্তমাবিদ্ধমাপ্লুতং বিপ্লুতং দ্রুতম্।
সম্পাতং সমুদীর্ণঞ্চ দর্শয়ন্তৌ যশস্বিনৌ ॥৩৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তাবিতি। ব্রহ্মলোকঃ পুরস্কৃতো যুদ্ধমৃত্যুনা সম্মুখবর্ত্তী কৃতো যাভ্যাং তৌ ॥২৯॥
সাত্যকিরিতি। অভ্যবর্ষতাং প্রাহরতাম্ ॥৩০॥
সমিতি। যূথাং পতী যুদ্ধনিয়ন্তারৌ। বাসিতা ঋতুমতী হস্তিনী তস্যা হেতোঃ ॥৩১॥
অন্যোন্যস্যেতি। বিনিকৃত্য ছিত্ত্বা। সমেয়াতাং মিলিতাবভবতাম্ ॥৩২॥
আর্ষভে ইতি। ঋষভস্য বৃষস্য ইমে ইত্যার্ষভে। বিকোষৌ কোষমুক্তৌ ॥৩৩॥

তাঁহারা অল্পকালমধ্যেই ব্রহ্মলোকলাভের আশা করিয়া কিংবা অন্য কোন উত্তম স্থানে যাইবার ইচ্ছা করিয়া পরস্পর গর্জ্জন করিতে থাকিলেন ॥২৯॥

সাত্যকি ও ভূরিশ্রবা হৃষ্ট হইয়াই যেন বাণবৃষ্টিদ্বারা ধার্ত্তরাষ্ট্রগণের সমক্ষে পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥৩০॥

একটা ঋতুমতী হস্তিনীর সঙ্গমের জন্য যুদ্ধে প্রবৃত্ত দুইটা যূথপতি হস্তীর ন্যায় যোদ্ধৃশ্রেষ্ঠ ভূরিশ্রবা ও সাত্যকিকে যুধ্যমান অবস্থায় সমস্ত লোক দেখিতে থাকিল ॥৩১॥

ক্রমে তাঁহারা পরস্পরের অশ্ববধ ও কার্ম্মুকচ্ছেদন করিয়া রথবিহীন হইয়া অসিযুদ্ধ করিবার জন্য মহাযুদ্ধে মিলিত হইলেন ॥৩২॥

পরে তাঁহারা বিচিত্র, বিশাল ও সুন্দর দুইখানা বৃষচর্ম্ম (ঢাল) লইয়া দুই-খানা তরবারিকে কোষমুক্ত করিয়া সমরাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন ॥৩৩॥

(৩৫)···বিপ্লুতং স্রুতম্···বা নি।

অসিভ্যাং সম্প্রজহ্রাতে পরস্পরমরিন্দমৌ।
উভৌ ছিদ্রৈষিণৌ বীরাবুভৌ চিত্রং ববল্গতুঃ ॥৩৬॥
দর্শয়ন্তাবুভৌ শিক্ষাং লাঘবং সৌষ্ঠবং তথা।
রণে রণকৃতাং শ্রেষ্ঠাবন্যোন্যং পর্য্যকর্ষতাম্ ॥৩৭॥
মুহূর্ত্তমিব রাজেন্দ্র! সমাহত্য পরস্পরম্।
পশ্যতাং সর্বসৈন্যানাং বীরাবাশ্বসতাং পুনঃ ॥৩৮॥
অসিভ্যাং চর্ম্মণী চিত্রে শতচন্দ্রে নরাধিপ!।
নিকৃত্য পুরুষব্যাঘ্রৌ বাহুযুদ্ধং প্রচক্রতুঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

চরন্তাবিতি। ভাগশো ভাগে ভাগে। নিষ্কঃ কণ্ঠগতম্ অঙ্গদঞ্চ বাহুগতং ভূষণং তাভ্যাং সহেতি তৌ। ভ্রান্তং ভ্রমণাত্মকং গমনম্। এবমন্যত্র। উদ্‌ভ্রান্তম্ উত্থায়োত্থায় ভ্রমণম্, আবিদ্ধং পরস্পরাঙ্গসংসক্তম্, আপ্লুতং পুর উৎপতনম্, বিপ্লুতং পশ্চাদুৎপতনম্, দ্রুতং শীঘ্রগমনম্, সম্পাতং বেগাৎ পরোপরি পতনম্, সমুদীর্ণং পরসম্পাতে বেগাদুৎপতনম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪—৩৫॥

অসিভ্যামিতি। ছিদ্রৈষিণৌ প্রহারাবকাশান্বেষিণৌ। ববল্গতুর্ননৃততুঃ ॥৩৬॥

দর্শয়ন্তাবিতি। লাঘবং প্রহারাদৌ শীঘ্রতাম্, সৌষ্ঠবং প্রহারে সম্যক্‌ত্বম্ ॥৩৭॥

মুহূর্ত্তমিতি। আশ্বসতাং শ্বাসত্যাগমকুরুতাম্ ॥৩৮॥

অসিভ্যামিতি। শতং চন্দ্রাশ্চন্দ্রাকারাণি রৌপ্যচিহ্নানি যয়োস্তে। নিকৃত্য ছিত্ত্বা ॥৩৯॥

তদনন্তর তরবারি ও বিচিত্রবর্ম্মধারী, কণ্ঠভূষণ ও বাহুভূষণসমন্বিত, শত্রুমর্দ্দনসমর্থ এবং যশস্বী ভূরিশ্রবা ও সাত্যকি ক্রুদ্ধ হইয়া নানাবিধ পথে বিচরণ এবং ভাগে ভাগে মণ্ডলাকারে ভ্রমণ করতঃ ভ্রান্ত, উদ্‌ভ্রান্ত, আবিদ্ধ, আপ্লুত, বিপ্লুত, দ্রুত, সম্পাত ও সমুদীর্ণ এই অষ্টবিধ গতি দেখাইতে থাকিয়া পরস্পর মুহুর্মুহু আঘাত করিতে থাকিলেন ॥৩৪—৩৫॥

শত্রুদমনকারী দুই বীরই তরবারিদ্বারা পরস্পর প্রহার, ছিদ্রান্বেষণ এবং বিচিত্র, উল্লম্ফন ও প্রলম্ফন করিতে লাগিলেন ॥৩৬॥

যোদ্ধৃশ্রেষ্ঠ দুই জনই শিক্ষা, শীঘ্রতা ও সমীচীনতা দেখাইতে থাকিয়া যুদ্ধে পরস্পর আকর্ষণ করিতে থাকিলেন ॥৩৭॥

রাজশ্রেষ্ঠ! দুই বীরই সমস্ত সৈন্যের সমক্ষে পরস্পর আঘাত করিয়া পুনরায় শ্বাসত্যাগ করিতে (হাপাইতে) লাগিলেন ॥৩৮॥

নরনাথ! পুরুষশ্রেষ্ঠ ভূরিশ্রবা ও সাত্যকি তরবারিদ্বারা শতচন্দ্রচিহ্নযুক্ত

ব্যূঢ়োরস্কৌ দীর্ঘভুজৌ নিযুদ্ধকুশলাবুভৌ।
বাহুভিঃ সমসজ্জেতামায়সৈঃ পরিঘৈরিব ॥৪০॥
তয়োঃ রাজন্! ভুজাঘাতনিগ্রহপ্রগ্রহাস্তথা।
শিক্ষাবলসমুদ্ভূতাঃ সর্বযোধপ্রহর্ষণাঃ ॥৪১॥
তয়োর্নৃবরয়ো রাজন্! সমরে যুধ্যমানয়োঃ।
ভীমোঽভবন্মহাশব্দো বজ্রপর্বতয়োরিব ॥৪২॥
দ্বিপাবিব বিষাণাগ্রৈঃ শৃঙ্গৈরিব মহর্ষভৌ।
ভুজযোক্ত্রাববন্ধৈশ্চ শিরোভ্যাঞ্চাবঘাতনৈঃ ॥৪৩॥
পাদাবকর্ষসন্দানৈস্তোমরাঙ্কুশলাসনৈঃ।
পাদোদরবিবন্ধৈশ্চ ভূমাবুদ্ভ্রমণৈস্তথা ॥৪৪॥
গতপ্রত্যাগতাক্ষেপৈঃ পাতনোত্থানকাপ্লুতৈঃ।
যুযুধাতে মহাত্মানৌ কুরুসাত্বতপুঙ্গবৌ ॥৪৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ব্যূঢ়েতি। ব্যূঢ়োরস্কৌ দৃঢ়বিশালবক্ষসৌ, নিযুদ্ধকুশলৌ বাহুযুদ্ধনিপুণৌ ॥৪০॥

তয়োরিতি। নিগ্রহঃ অপসারণং প্রগ্রহশ্চ আকর্ষণম্। সর্ব্বযোধপ্রহর্ষণা বহবঃ ॥৪১॥

তয়োরিতি। নৃবরয়োর্মনুষ্যশ্রেষ্ঠয়োঃ। ভীমো ভয়ঙ্করঃ ॥৪২॥

দ্বিপাবিতি। দ্বিপৌ গজৌ, বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ, মহর্ষভৌ বিশালবৃষৌ। ভুজা এব যোক্ত্রাণি রজ্জবস্তৈর্যে অববন্ধাঃ পরস্পরবন্ধনানি তৈঃ। বহুবারকরণাদ্বহুবচনং সর্ব্বত্র। অবঘাতনৈরাঘাতৈঃ। পাদৈরবকর্ষা আকর্ষণানি সন্দানানি বন্ধনানি চ তৈঃ, তোমরা-

ও বিচিত্র দুইখানা চর্ম্মই (ঢালই) ছেদন করিয়া বাহুযুদ্ধ করিতে থাকিলেন ॥৩৯॥

দৃঢ় ও বিশালবক্ষা, দীর্ঘবাহু ও বাহুযুদ্ধনিপুণ ভূরিশ্রবা ও সাত্যকি লোহময় পরিঘের তুল্য চারিখানা বাহুদ্বারা পরস্পর মিলিত হইতে লাগিলেন ॥৪০॥

রাজা! তাঁহাদের শিক্ষা ও বলসঞ্জাত বাহুপ্রহার, অপসারণ ও আকর্ষণ সকল যোদ্ধারই আনন্দ জন্মাইতে থাকিল ॥৪১॥

রাজা। রণাঙ্গনে যুধ্যমান নরশ্রেষ্ঠ ভূরিশ্রবা ও সাত্যকির বজ্র ও পর্বতের তুল্য ভীষণ ও বিশাল শব্দ হইতে লাগিল ॥৪২॥

কুরুবংশপ্রধান ও সাত্বতবংশশ্রেষ্ঠ এবং মহাত্মা ভূরিশ্রবা ও সাত্যকি—দন্ত-দ্বারা দুইটা হস্তীর ন্যায় এবং শৃঙ্গদ্বারা দুইটা মহাবৃষের তুল্য বাহুরজ্জুদ্বারা

(৪১)···ভুজাঘাতা নিগ্রহপ্রগ্রহৌ তথা···পি বঙ্গ বর্দ্ধ। (৪৪) পাদাবকর্ষসম্বন্ধৈঃ··· বা নি। (৪৫)···পাতনোত্থানসংপ্লুতৈঃ—বা নি।

দ্বাত্রিংশৎকরণানি স্থ্যর্যানি যুদ্ধানি ভারত ! ।
তান্যদর্শয়তাং তত্র যুধ্যমানৌ মহাবলৌ ॥৪৬॥
ক্ষীণায়ুধে সাত্বতে যুধ্যমানে ততোঽব্রবীদর্জ্জুনং বাসুদেবঃ ।
পশ্যস্বৈনং বিরথং যুধ্যমানং রণে বরং সর্ব্বধনুর্দ্ধরাণাম্ ॥৪৭॥
প্রবিষ্টো ভারতীং ভিত্ত্বা তব পাণ্ডব ! পৃষ্ঠতঃ ।
যোধিতশ্চ মহাবীর্য্যৈঃ সর্বৈর্ভারত ! ভারতৈঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

ক্কশয়োরশ্বয়োরিব লাসনং বিলাসো যেষু তৈঃ। পাদানামুদরৈর্মধ্যদেশৈর্যে বিবন্ধাঃ পরস্পরবেষ্টনানি তৈঃ, উদ্ভ্রমণৈর্ঘূর্ণনৈঃ। আক্ষেপ আকর্ষণম্, পাতনং ভূমৌ উত্থানঞ্চ ভূমিতঃ আপ্লুতমুৎপতনঞ্চ তৈঃ। কুরুসাত্বতপুঙ্গবৌ কুরুবংশসাত্বতবংশশ্রেষ্ঠৌ ভূরিশ্রবঃসাত্যকী ॥৪৩—৪৫॥

দ্বেতি। দ্বাত্রিংশৎ করণানি প্রকারা যেষাং তানি। যুদ্ধানি মল্লযুদ্ধানি ॥৪৬॥

ক্ষীণেতি। সাত্বতে সাত্যকৌ। অব্রবীৎ স্ববংশীয়ত্বেন স্বপক্ষীয়ত্বেন চ স্নেহাৎ ॥৪৭॥

প্রবিষ্ট ইতি। ভারতীং কৌরবীম্। যোধিতঃ কৃতযুদ্ধঃ। ভারতৈঃ কৌরবৈঃ ॥৪৮॥

ভারতভাবদীপঃ

তমিতি ॥১—১৫॥ শাশ্বতীঃ সমাঃ সর্ব্বকালং তুরবধারণে নিত্যমেব অসৌ হন্যাৎ জয়মেব তস্যেত্যর্থঃ ॥১৬—৩৮॥ চর্ম্মণী বর্ম্মণী চর্ম্মঘটিতে শরাবরে অঙ্গুলিত্রে অসিভ্যাং সন্নিকৃত্যেত্যন্বয়ঃ ॥৩৯—৪০॥ ভুজাঘাতো ভুজাস্ফোটঃ নিগ্রহো হস্তধারণং প্রগ্রহো গলহস্তকঃ ॥৪১—৪২॥ ভুজযোক্ত্রাববন্ধৈর্বাহুপাশবেষ্টনৈঃ অবঘাতৈস্তাড়নৈঃ ।৪৩॥ পাদশব্দঃ প্রত্যেকং সংবধ্যতে পাদাবকর্ষৈশ্চরণাবকর্ষণৈঃ পাদোদরবিবন্ধৈশ্চ পাদাভ্যামুদরক্রোড়ীকরণৈঃ উদ্ভ্রমণৈঃ পরিবর্ত্তনৈঃ গতৈঃ গমনৈঃ প্রত্যাগতৈরাবর্ত্তনৈঃ আক্ষেপৈরাস্ফালনৈঃ সাতনৈর্ভূমিপ্রাপণৈঃ

পরস্পর বন্ধন ও মস্তকদ্বয়দ্বারা পরস্পর আঘাত, তোমর ও অঙ্কুশতুল্য চরণদ্বারা আকর্ষণ ও বন্ধন, চরণমধ্যদেশদ্বারা বন্ধন, ভূতলে ভ্রমণ, গমন, প্রত্যাগমন ও আকর্ষণ এবং পাতন, উত্থান ও উল্লম্ফন করিয়া করিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৩—৪৫॥

ভরতনন্দন ! সেই যুধ্যমান মহাবলেরা দুই জন তখন—দ্বাত্রিংশৎপ্রকার যে মল্লযুদ্ধ আছে, তাহা দেখাইতে থাকিলেন ॥৪৬॥

ক্ষীণশস্ত্র সাত্যকি যুদ্ধ করিতে থাকিলে, তখন কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন ! দেখ—সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ সাত্যকি রথবিহীন হইয়া রণস্থলে যুদ্ধ করিতেছেন ॥৪৭॥

ভরতবংশীয় পাণ্ডুনন্দন ! ইনি কৌরবসৈন্য ভেদ করিয়া তোমার পিছনে

পরিশ্রান্তং যুধাং শ্রেষ্ঠং সংপ্রাপ্তো ভূরিদক্ষিণঃ।
যুদ্ধাকাঙ্ক্ষী সমায়ান্তং নৈতৎ সমমিবার্জ্জুন! ॥৪৯॥
ততো ভূরিশ্রবাঃ ক্রুদ্ধঃ সাত্যকিং যুদ্ধদুর্ম্মদঃ।
উদ্যম্যাভ্যহনদ্রাজন্! মত্তো মত্তমিব দ্বিপম্ ॥৫০॥
রথস্থয়োর্দ্বয়োর্যুদ্ধে ক্রুদ্ধয়োর্যোধমুখ্যয়োঃ।
কেশবার্জ্জুনয়ো রাজন্! সমরে প্রেক্ষমাণয়োঃ ॥৫১॥ (যুগ্মকম্)
অথ কৃষ্ণো মহাবাহুরর্জ্জুনং প্রত্যভাষত।
বহুভির্যস্তু সেনাভির্দুর্জয়ঃ সমরেঽনঘ!।
পশ্য বৃষ্ণ্যন্ধকব্যাঘ্রং সৌমদত্তিবশং গতম্ ॥৫২॥
পরিশ্রান্তং গতং ভূমৌ কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্।
তবান্তেবাসিনং শূরং পালয়ার্জ্জুন! সাত্যকিম্ ॥৫৩॥

ভারতকৌমুদী

পরীতি। ভূরিদক্ষিণো ভূরিশ্রবাঃ। এতদ্যুদ্ধং ন সমং শ্রান্তসুস্থাভ্যাং ক্রিয়মাণত্বাৎ ॥৪৯॥
তত ইতি। উদ্যম্য উত্তোল্য। রথস্থয়োরিত্যাদাবনাদরে ষষ্ঠী ॥৫০—৫১॥
অথেতি। বৃষ্ণ্যন্ধকব্যাঘ্রং তদুভয়বংশশ্রেষ্ঠং সাত্যকিম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫২॥
পরীতি। গতং পতিতম্, কর্ম্ম শত্রুনিবহজয়রূপম্। অন্তেবাসিনং শিষ্যম্ ॥৫৩॥

প্রবেশ করিয়াছেন এবং কৌরবপক্ষীয় সকল মহাবীরের সহিত যুদ্ধ করিয়াছেন ॥৪৮॥

অর্জ্জুন! যোদ্ধৃশ্রেষ্ঠ সাত্যকি পরিশ্রান্ত হইয়া আসিতে লাগিলে, ভূরিশ্রবা যুদ্ধার্থী হইয়া উঁহার নিকট উপস্থিত হইয়াছেন। সুতরাং এই যুদ্ধ যেন সমান হইবে না বলিয়া বোধ হইতেছে ॥৪৯॥

রাজা! তাহার পর রথস্থিত, ক্রুদ্ধ ও যোদ্ধৃশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুন দুই জনের সমক্ষেই যুদ্ধদুর্দ্ধর্ষ ভূরিশ্রবা ক্রুদ্ধ হইয়া—মত্ত হস্তী যেমন অপর মত্ত হস্তীকে আঘাত করে, সেইরূপ সাত্যকিকে উত্তোলন করিয়া আঘাত করিতে লাগিলেন ॥৫০—৫১॥

তদনন্তর মহাবাহু কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন—'নিষ্পাপ অর্জ্জুন! দেখ—যিনি যুদ্ধে বহুসৈন্যেরও দুর্জয়, সেই বৃষ্ণি ও অন্ধকবংশের শ্রেষ্ঠ সাত্যকি ভূরিশ্রবার বশীভূত হইয়াছেন ॥৫২॥

অর্জ্জুন! সাত্যকি অতিদুষ্কর কার্য্য করিয়া পরিশ্রান্ত হইয়া ভূতলে পতিত হইয়াছেন। অতএব তোমার শিষ্য ও বীর সাত্যকিকে রক্ষা কর ॥৫৩॥

(৫০)···ভ্যহনদ্রাজন্! বর্দ্ধ।

ন বশং যজ্ঞশীলস্য গচ্ছেদেষ বরারিহন্ ! ।
ত্বৎকৃতে পুরুষব্যাঘ্র ! তদাশু ক্রিয়তাং বিভো ! ॥৫৪॥
অথাব্রবীদ্ধৃষ্টমনা বাসুদেবং ধনঞ্জয়ঃ ।
পশ্য বৃষ্ণিপ্রবীরেণ ক্রীড়ন্তং কুরুপুঙ্গবম্ ।
মহাদ্বিপেনেব বনে মত্তেন হরিযূথপম্ ॥৫৫॥

সঞ্জয় উবাচ ।

হাহাকারো মহানাসীৎ সৈন্যানাং ভরতর্ষভ ! ।
যদুদ্যম্য মহাবাহুঃ সাত্যকিং ন্যহনদ্ভুবি ॥৫৬॥
স সিংহ ইব মাতঙ্গং বিকর্ষন্ ভূরিদক্ষিণঃ ।
ব্যরোচত কুরুশ্রেষ্ঠঃ সাত্বতপ্রবরং যুধি ॥৫৭॥
অথ কোষাদ্বিনিষ্কৃষ্য খড়্গং ভূরিশ্রবা রণে ।
মূর্দ্ধজেষু নিজগ্রাহ পদা চোরস্যতাড়য়ৎ ॥৫৮॥

ভারতকৌমুদী

নেতি। যজ্ঞশীলস্য ভূরিশ্রবসঃ। হে বরারিহন্ ! প্রবলশত্রুনাশক ! ॥৫৪॥
অথেতি। বৃষ্ণিপ্রবীরেণ সহ। হরিযূথপং মহাসিংহম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৫॥
হাহেতি। মহাবাহুর্ভূরিশ্রবাঃ। ন্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ পূর্ববৎ ॥৫৬॥
স ইতি। ভূরিঃ প্রচুরা যজ্ঞাদৌ দক্ষিণা যস্য স ভূরিশ্রবাঃ ॥৫৭॥
অথেতি। মূর্দ্ধজেষু সাত্যকেঃ কেশেষু, উরসি বক্ষসি ।৫৮॥

প্রবলশত্রুহন্তা পুরুষশ্রেষ্ঠ প্রভাবশালী অর্জ্জুন ! ইনি তোমার জন্য আসিয়া এখন যাহাতে ভূরিশ্রবার বশীভূত না হন, সত্বর তাহা কর' ॥৫৪॥

তৎপরে অর্জ্জুন হৃষ্টচিত্ত হইয়া কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ ! দেখ—বনমধ্যে মহাসিংহ যেমন মত্তহস্তীর সহিত ক্রীড়া করে, সেইরূপ কৌরবশ্রেষ্ঠ ভূরিশ্রবা বৃষ্ণিপ্রবীর সাত্যকির সহিত যেন ক্রীড়া করিতেছেন ॥৫৫॥

ভরতশ্রেষ্ঠ ! মহাবাহু ভূরিশ্রবা যখন সাত্যকিকে উত্তোলনপূর্ব্বক ভূতলে পাতিত করিয়া আঘাত করিতে লাগিলেন, তখন সৈন্যমধ্যে বিশাল হাহাকার হইতে থাকিল ॥৫৬॥

সিংহ যেমন হস্তীকে আকর্ষণ করে, সেইরূপ প্রচুরদক্ষিণাদাতা কৌরবশ্রেষ্ঠ ভূরিশ্রবা সাত্যকিকে ভূতলে আকর্ষণ করতঃ শোভা পাইতে লাগিলেন ॥৫৭॥

---

(৫৪)…গচ্ছেদেব…বর্দ্ধ,…বরোঽর্জ্জুন !…বা নি। (৫৬) ইতঃ পূর্ব্বম্ 'ইত্যেবং ভাষমাণে তু পাণ্ডবে বৈ ধনঞ্জয়ে' ইতি পাদদ্বয়মধিকং বর্দ্ধ।

ততোঽস্য চ্ছেত্তুমারব্ধঃ শিরঃ কায়াৎ সকুণ্ডলম্।
তাবৎ ক্ষণাৎ সাত্বতোঽপি শিরঃ সংভ্রময়ংস্তরন্ ॥৫৯॥
যথা রথাঙ্গং কৌলালো দণ্ডাবিদ্ধন্তু ভারত!।
সহৈব ভূরিশ্রবসো বাহুনা কেশধারিণা ॥৬০॥ (যুগ্মকম্)
তং তথা পরিকৃষ্যন্তং দৃষ্ট্বা সাত্বতমাহবে।
বাসুদেবস্ততো রাজন্! ভূয়োঽর্জ্জুনমভাষত ॥৬১॥
পশ্য বৃষ্ণ্যন্ধকব্যাঘ্রং সৌমদত্তিবশং গতম্।
তব শিষ্যং মহাবাহো! ধনুষ্যনবরং ত্বয়া ॥৬২॥
অসহ্যবিক্রমং পার্থ! যত্র ভূরিশ্রবা রণে।
বিশেষয়তি বার্ষ্ণেয়ং সাত্যকিং সত্যবিক্রমম্ ॥৬৩॥

ভারতকৌমুদী

তত ইতি। আরব্ধ ইত্যাদিকর্ম্মণি কর্ত্তরি ক্তঃ। রথাঙ্গং চক্রম্, কুলাল এব কৌলালঃ কুম্ভকারঃ স্বার্থে অণ্, দণ্ডেনাবিদ্ধং যুক্তম্ ॥৫৯—৬০॥

তমিতি। পরিকৃষ্যন্তং সর্বতঃ কৃষ্যমাণম্, সাত্বতং সাত্যকিম্ ॥৬১॥

পশ্যেতি। অনবরম্ অন্যূনম্ ॥৬২॥

অসহ্যেতি। বিশেষয়তি স্বাপেক্ষয়া ন্যূনীকরোতি ॥৬৩॥

তদনন্তর ভূরিশ্রবা কোষ হইতে তরবারি আকর্ষণ করিয়া সাত্যকির কেশ ধারণ ও বক্ষে পদাঘাত করিলেন ॥৫৮॥

ভরতনন্দন! তাহার পর ভূরিশ্রবা সাত্যকির দেহ হইতে কুণ্ডলযুক্ত মস্তকটী ছেদন করিতে প্রবৃত্ত হইলেন। তৎক্ষণাৎ কুম্ভকার যেমন দণ্ডযুক্ত চক্র ঘূর্ণিত করে, সেইরূপ সাত্যকিও কেশধারী ভূরিশ্রবার হস্তের সহিতই আপন মস্তকটী ঘূর্ণিত করিতে লাগিলেন ॥৫৯—৬০॥

রাজা! তৎপরে সাত্যকিকে যুদ্ধে আকর্ষণ করিতে দেখিয়া কৃষ্ণ পুনরায় অর্জ্জুনকে বলিলেন—॥৬১॥

'মহাবাহু! দেখ—বৃষ্ণি ও অন্ধকবংশশ্রেষ্ঠ, তোমার শিষ্য এবং তোমা অপেক্ষা ধনুর্যুদ্ধে অন্যূন সাত্যকি ভূরিশ্রবার বশীভূত হইয়াছেন ॥৬২॥

পৃথানন্দন! শত্রুরা যাঁহার বিক্রম সহ্য করিতে পারে না এবং যিনি যথার্থবিক্রমশালী, সেই বৃষ্ণিবংশীয় সাত্যকিকে ভূরিশ্রবা যুদ্ধে কাতর করিয়া ফেলিয়াছেন ॥৬৩॥

(৬৩) অসহ্যো বিক্রমঃ পার্থঃ···বঙ্গ বর্দ্ধ।

এবমুক্তো মহাবাহুর্বাসুদেবেন পাণ্ডবঃ।
মনসা পূজয়ামাস ভূরিশ্রবসমাহবে ॥৬৪॥
বিকর্ষন্ সাত্বতশ্রেষ্ঠং ক্রীড়মান ইবাহবে।
সংহর্ষয়তি মাং ভূয়ঃ কুরূণাং কীর্ত্তিবর্দ্ধনঃ ॥৬৫॥
প্রবরং বৃষ্ণিবীরাণাং যন্নিহন্যাদ্ধি সাত্যকিম্।
মহাদ্বিপমিবারণ্যে মৃগেন্দ্র ইব কর্ষতি ॥৬৬॥
এবং তং মনসা রাজন্! পার্থঃ সম্পূজ্য কৌরবম্।
বাসুদেবং মহাবাহুরর্জ্জুনঃ প্রত্যভাষত ॥৬৭॥
সৈন্ধবে সক্তদৃষ্টিত্বান্নৈনং পশ্যামি মাধব!।
এতত্তু দুষ্করং কর্ম্ম যাদবার্থে করোম্যহম্ ॥৬৮॥

ভারতকৌমুদী

এবমিতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। পূজয়ামাস প্রশশংস ॥৬৪॥
পূজনপ্রকারমাহ বিকর্ষন্নিতি। ভূয়ো বহুলম্, কীর্ত্তিবর্দ্ধনো ভূরিশ্রবাঃ ॥৬৫॥
প্রবরমিতি। মৃগেন্দ্রঃ সিংহঃ, কর্ষতি তদিতি গম্যতে যত্তদোর্নিত্যসম্বন্ধাৎ ॥৬৬॥
এবমিতি। সম্পূজ্য বীরত্বে প্রশস্য, কৌরবং ভূরিশ্রবসম্ ॥৬৭॥

ভারতভাবদীপঃ

॥৪৪॥ উত্থানৈরুৎপাতনৈঃ, সংপ্লুতৈঃ বিস্ফারানুবন্ধৈঃ ॥৪৫—৪৮॥ সমমন্তরূপম্ ॥৪৯॥ অভ্যাহনদাস্ফালিতবান্ ॥৫০—৫৯॥ কুলাল এব কৌলালঃ ॥৬০—৬৫॥ ন হন্যাদ্ধন্তুং ন শক্নোতি, দ্বিতীয় ইবশব্দ এবার্থে কর্ষত্যেবেত্যন্বয়ঃ ॥৬৬—৭০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৩॥

কৃষ্ণ এইরূপ বলিলে, মহাবাহু অর্জ্জুন মনে মনে যুদ্ধে ভূরিশ্রবার প্রশংসা করিতে লাগিলেন—॥৬৪॥

'কুরুকুলের কীর্ত্তিবর্দ্ধক ভূরিশ্রবা যুদ্ধে যেন খেলা করিতে থাকিয়া সাত্বতবংশশ্রেষ্ঠ সাত্যকিকে আকর্ষণ করতঃ আমাকে গুরুতর আনন্দিত করিতেছেন ॥৬৫॥

ইনি যে হেতু বৃষ্ণিবীরশ্রেষ্ঠ সাত্যকিকে বধ করিবেন, সেই হেতু—বনমধ্যে সিংহ যেমন মহাহস্তীকে আকর্ষণ করে, সেইরূপ সাত্যকিকে আকর্ষণ করিতেছেন' ॥৬৬॥

রাজা! পৃথানন্দন মহাবাহু অর্জ্জুন এইভাবে মনে মনে ভূরিশ্রবার প্রশংসা করিয়া কৃষ্ণকে বলিলেন—॥৬৭॥

---

(৬৮) এষ দুষ্করং কর্ম্ম…বঙ্গ বৰ্দ্ধ বা মি।

ইত্যুক্ত্বা বচনং কুর্ব্বন্ বাসুদেবস্য পাণ্ডবঃ।
ততঃ ক্ষুরং সুনিশিতং গাণ্ডীবে সমযোজয়ৎ ॥৬৯॥
পার্থবাহুবিসৃষ্টঃ স মহোল্কেব নভশ্চ্যুতা।
সখড়্গং যজ্ঞশীলস্য সাঙ্গদং বাহুমচ্ছিনৎ ॥৭০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ভূরিশ্রবসো বাহুচ্ছেদে ত্রয়োবিংশত্যধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০*০——

ভারতকৌমুদী

সৈন্ধব ইতি। সৈন্ধবে জয়দ্রথে। এনমিত্থম্ভূতং সাত্যকিম্। যাদবার্থে সাত্যকিকৃতে ॥৬৮॥

ইতীতি। কুর্ব্বন্ রক্ষন্। ক্ষুরং ক্ষুরপ্রং নাম বাণম্, সুনিশিতং সুধারম্ ॥৬৯॥

পার্থেতি। স ক্ষুরঃ। যজ্ঞশীলস্য ভূরিশ্রবসঃ, সাঙ্গদং সকেয়ূরম্। অর্জ্জুনঃ গর্ব্বিনীচতাপরিহারার্থং শিরশ্ছেদমকৃত্বা বাহুচ্ছেদমাত্রমকার্ষীদিত্যালোচনীয়ম্ ॥৭০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

'কৃষ্ণ! জয়দ্রথের উপরে আমার দৃষ্টি রহিয়াছিল বলিয়া আমি এ যাবৎ এ অবস্থায় সাত্যকিকে দেখিতে পাই নাই। সে যাহা হউক, সাত্যকিকে রক্ষা করিবার জন্য আমি এই দুষ্কর কার্য্য করি' ॥৬৮॥

এইরূপ বলিয়া অর্জ্জুন কৃষ্ণের বাক্য রক্ষা করতঃ গাণ্ডীবধনুতে একটা সুধার ক্ষুরপ্রবাণ সংযোগ করিলেন ॥৬৯॥

পরে অর্জ্জুনবাহুনিক্ষিপ্ত সেই বাণটা আকাশচ্যুত বিশাল উল্কার ন্যায় যাইয়া তরবারি ও কেয়ূরযুক্ত ভূরিশ্রবার দক্ষিণবাহু ছেদন করিল' ॥৭০॥

——:০:——

* '... চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

———ঃ-০-ঃ———

সঞ্জয় উবাচ।

স বাহুর্ন্যপতদ্ভূমৌ সখড়্গঃ সশুভাঙ্গদঃ।
আদধজ্জীবলোকস্য দুঃখমুত্তমমুত্তমঃ ॥১॥
প্রহরিষ্যন্ হৃতো বাহুরদৃশ্যেন কিরীটিনা।
বেগেন ন্যপতদ্ভূমৌ পঞ্চাস্য ইব পন্নগঃ ॥২॥
স মোঘং কৃতমাত্মানং দৃষ্ট্বা পার্থেন কৌরবঃ।
উৎসৃজ্য সাত্যকিং ক্রোধাদ্‌গর্হয়ামাস পাণ্ডবম্ ॥৩॥

ভূরিশ্রবা উবাচ।

নৃশংসং বত কৌন্তেয়! কর্ম্মেদং কৃতবানসি।
অপশ্যতো বিষক্তস্য যন্মে বাহুং ত্বমচ্ছিদঃ ॥৪॥

ভারতকৌমুদী

স ইতি। সশুভাঙ্গদঃ সুন্দরকেয়ূরসহিতঃ। আদধৎ জনয়ন্ অতীবাশ্চর্য্যাত্মাৎ ॥১॥
প্রেতি। হৃতশ্ছিন্নঃ। পঞ্চাস্যঃ পঞ্চবদনঃ। এতেন পঞ্চাঙ্গুলীযুক্তত্বমাক্ষিপ্যতে ॥২॥
স ইতি। মোঘং সাত্যকেহন্তমণকাত্মাদ্ব্যর্থীকৃতম্। কৌরবো ভূরিশ্রবাঃ ॥৩॥
নৃশংসমিতি। বত খেদে। বিষক্তস্য পরেণ সহ যুদ্ধব্যাপৃতস্য ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তরবারি ও সুন্দরকেয়ূরযুক্ত ভূরিশ্রবার সেই উত্তম বাহুখানা সমস্ত লোকের গুরুতর দুঃখ উৎপাদন করতঃ ভূতলে পতিত হইল ॥১॥

ভূরিশ্রবার দক্ষিণ বাহু সাত্যকিকে প্রহার করিবে, এমন সময়ে অর্জ্জুন অদৃশ্য থাকিয়া তাহা ছেদন করিয়াছিলেন। সুতরাং পঞ্চমুখ সর্পের ন্যায় তাহা বেগে ভূতলে পড়িয়াছিল ॥২॥

অর্জ্জুন নিজের উদ্যম ব্যর্থ করিয়াছেন দেখিয়া ভূরিশ্রবা সাত্যকিকে ত্যাগ করিয়া ক্রোধবশতঃ অর্জ্জুনকে নিন্দা করিতে লাগিলেন ॥৩॥

ভূরিশ্রবা বলিলেন—'কুন্তীনন্দন! তুমি এটা গুরুতর নৃশংসকার্য্য করিলে। যে হেতু আমি অন্যের সহিত যুদ্ধে ব্যাপৃত রহিয়াছি; সুতরাং

(১) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'যন্ত্রমুক্তো মহেন্দ্রস্য ধ্বজো বৃত্তোৎসবো যথা' ইতি পাদদ্বয়মধিকং পি নি,…দুঃখমুত্তমম্—পি,… দুঃখমদ্ভুতমুত্তমঃ—নি।

কিং নু বক্ষ্যসি রাজানং ধর্ম্মপুত্রং যুধিষ্ঠিরম্।
কিং কুর্ব্বাণো ময়া সংখ্যে হতো ভূরিশ্রবা ইতি ॥৫॥
ইদমিন্দ্রেণ তে সাক্ষাদুপদিষ্টং মহাত্মনা।
অস্ত্রং রুদ্রেণ বা পার্থ! দ্রোণেনাথ কৃপেণ বা ॥৬॥
ননু নামাস্ত্রধর্ম্মজ্ঞস্ত্বং লোকেঽভ্যধিকঃ পরৈঃ।
সোঽযুধ্যমানস্য কথং রণে প্রহৃতবানসি ॥৭॥
ন প্রমত্তায় ভীতায় বিরথায় প্রযাচতে।
ব্যসনে বর্ত্তমানায় প্রহরন্তি মনস্বিনঃ ॥৮॥
ইদন্তু নীচাচরিতমসৎপুরুষসেবিতম্।
কথমাচরিতং পার্থ! পাপকর্ম্ম সুদুষ্করম্ ॥৯॥

ভারতকৌমুদী

কিমিতি। ধর্ম্মপুত্রান্তিকে ঈদৃশাধর্ম্মকার্য্যকরণকথনমতীবলজ্জাকরমিতি ভাবঃ ॥৫॥
সোল্লুণ্ঠনমাহ ইদমিতি। ইদমীদৃশম্। অস্ত্রম্ অস্ত্রপ্রয়োগঃ ॥৬॥
নন্বিতি। পরৈঃ পরেভ্যঃ। অযুধ্যমানস্য আত্মনা সহেতি শেষঃ ॥৭॥
নেতি। প্রমত্তায় অসাবধানায়। প্রযাচতে অভয়ং যাচমানায়। ব্যসনে বিপদি ॥৮॥
ইদমিতি। সুদুষ্করং সজ্জনস্য। পৃথাপুত্রস্য এতদাচরণমতীবগর্হিতমিতি ভাবঃ ॥৯॥

তোমাকে দেখিতে পাইতেছি না; এই অবস্থায় তুমি আমার বাহু ছেদন করিলে ॥৪॥

তুমি যাইয়া ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠিরকে কি বলিবে? ইহাই বলিবে কি? যে, ভূরিশ্রবা অন্যের সহিত যুদ্ধ করিতেছিলেন, সেই অবস্থায় আমি তাহাকে বধ করিয়াছি ॥৫॥

পৃথানন্দন! এইরূপ অস্ত্রপ্রয়োগ করায় কি তোমাকে সাক্ষাৎ মহাত্মা ইন্দ্র উপদেশ দিয়াছিলেন? কিংবা রুদ্র, বা দ্রোণ, অথবা কৃপ শিক্ষা দিয়াছিলেন? ॥৬॥

অর্জ্জুন! তুমি অন্য যোদ্ধা অপেক্ষা অধিক অস্ত্রধর্ম্ম জান। সেই তুমি কি করিয়া নিজের সহিত অযুধ্যমান ব্যক্তির উপরে প্রহার করিলে? ॥৭॥

প্রশস্তচিত্ত লোকেরা অসাবধান, ভীত, রথবিহীন, অভয়প্রার্থী এবং বিপদাপন্ন লোকের উপরে প্রহার করেন না ॥৮॥

পৃথানন্দন! নীচজনাচরিত, অসৎপুরুষব্যবহৃত এবং সজ্জনের পক্ষে অতিদুষ্কর এই পাপকার্য্য তুমি কি করিয়া করিলে? ॥৯॥

আর্য্যেণ সুকরং প্রাহুরার্য্যকর্ম্ম ধনঞ্জয় ! ।
অনার্য্যকর্ম্ম ত্বার্য্যেণ সুদুষ্করতমং ভুবি ॥১০॥
যেষু যেষু নরঃ পার্থ ! যত্র যত্র চ বর্ত্ততে ।
আশু তচ্ছীলতামেতি তদিদং ত্বয়ি দৃশ্যতে ॥১১॥
কথং হি রাজবংশ্যস্ত্বং কৌরবেয়ো বিশেষতঃ ।
ক্ষত্রধর্ম্মাদপক্রান্তঃ সুবৃত্তশ্চরিতব্রতঃ ॥১২॥
ইদন্তু যদতিক্ষুদ্রং বাষ্ণেয়ার্থে কৃতং ত্বয়া ।
বাসুদেবমতং নূনং নৈতত্ত্বয্যুপপদ্যতে ॥১৩॥
কো হি নাম প্রমত্তায় পরেণ সহ যুধ্যতে ।
ঈদৃশং ব্যসনং দদ্যাদ্যো ন কৃষ্ণবশো ভবেৎ ॥১৪॥
ব্রাত্যাঃ সংশ্লিষ্টকর্ম্মাণঃ প্রকৃত্যৈব চ গর্হিতাঃ ।
বৃষ্ণ্যন্ধকাঃ কথং পার্থ ! প্রমাণং ভবতা কৃতাঃ ॥১৫॥

ভারতকৌমুদী

আর্য্যেণেতি। আর্য্যেণ সজ্জনেন, আর্য্যকর্ম্ম সজ্জনকার্য্যম্ ॥১০॥
যেষ্বিতি। যেষু যেষু ব্যাপারেষু, যত্র যত্র চ জনসংসর্গে ॥১১॥
কথমিতি। সুবৃত্তঃ সদাচারঃ, চরিতব্রতঃ কৃততপাঃ ॥১২॥
ইদমিতি। অতিক্ষুদ্রমতিনীচজনকর্ম্ম, বাষ্ণেয়ার্থে সাত্যকিকৃতে ॥১৩॥
ক ইতি। প্রমত্তায় অসাবধানায়। যুধ্যতে যুধ্যমানায়। ব্যসনং বিপদম্ ॥১৪॥

ধনঞ্জয় ! অভিজ্ঞলোকেরা বলিয়া থাকেন—জগতে সজ্জনের পক্ষে সজ্জনের কার্য্য করাই সম্ভবপর ; কিন্তু সজ্জনের পক্ষে অসজ্জনের কার্য্য করা অতিদুষ্কর ॥১০॥

পৃথানন্দন ! মানুষ যে যে ব্যাপারে বা যে যে সংসর্গে থাকে, সত্বর সেই স্বভাব প্রাপ্ত হয়। তাহা এই তোমাতে দেখা যাইতেছে ॥১১॥

অর্জ্জুন ! তুমি রাজবংশে, বিশেষতঃ কুরুবংশে জন্মিয়া, সদাচারপরায়ণ হইয়া এবং তপস্যা করিয়া শেষে কি করিয়া ক্ষত্রিয়ধর্ম্মচ্যুত হইলে ? ॥১২॥

তুমি সাত্যকির জন্য এই যে অতিনীচকার্য্য করিয়াছ, ইহা নিশ্চয়ই কৃষ্ণের মত ; কিন্তু ইহা তোমাতে সম্ভবপর হয় না ॥১৩॥

যে লোক কৃষ্ণের বশীভূত নহে, সেরূপ কোন্ লোক অসাবধান ও পরের সহিত যুধ্যমান ব্যক্তিকে এইরূপ বিপদাপন্ন করে ? ॥১৪॥

(১০)···সুকরং হ্যাহুঃ···বঙ্গ বৰ্দ্ধ,···সুকরং ত্বাহুঃ···বা নি। (১১)···নরব্যাঘ্র !···বা, ।। শ্লোকো নাস্তি নি। (১৫) ব্রাত্যাঃ সুক্লিষ্টকর্ম্মাণঃ···পি, ব্রাত্যাঃ সংক্লিষ্টকর্ম্মাণঃ · বএনযি

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা মহাবাহুর্যূপকেতুর্মহাযশাঃ।
যুযুধানং সমুৎসৃজ্য রণে প্রায়মুপাবিশৎ ॥১৬॥
শরানাস্তীর্য্য সব্যেন পাণিনা পুণ্যলক্ষণঃ।
যিযাসুর্ব্রহ্মলোকায় প্রাণান্ প্রাণেষ্বথাজুহোৎ ॥১৭॥
সূর্য্যে চক্ষুঃ সমাধায় প্রসন্নং সলিলে মনঃ।
ধ্যায়ন্ মহোপনিষদং যোগযুক্তোঽভবন্মুনিঃ ॥১৮॥

ভারতকৌমুদী

ব্রাত্যা ইতি। ব্রাত্যাঃ যথাকালমনুপনীতাঃ, সংশ্লিষ্টম্ অবিবাহ্যমাতুলকন্যাদৌ সম্বন্ধং কর্ম্ম বিবাহব্যাপারো যেষাং তে। অতএব প্রকৃত্যা স্বভাবেনৈব। প্রমাণং গ্রাহ্যবাক্যাঃ ॥১৫॥

এবমিতি। যূপো যজ্ঞীয়পশুবন্ধনদারু কেতৌ ধ্বজে যস্য স ভূরিশ্রবাঃ। এতেনাস্য যাজ্ঞিকত্বং সূচিতম্। যুযুধানং সাত্যকিম্। প্রায়ং মৃত্যুমুদ্দিশ্যেতি শেষঃ, "প্রায়োভক্ষ্যান্তগমনে" ইত্যমরঃ ॥১৬॥

শরানিতি। সব্যেন বামেন। যিযাসুর্যাতুমিচ্ছুঃ, প্রাণান্ নিজানসূন্, প্রাণেষু জগৎপ্রাণেষু মহাবায়ৌ, অজুহোৎ ন্যক্ষিপৎ মিশ্রয়িতুমুদযচ্ছদিত্যর্থঃ। ইদমেব পুণ্যলক্ষণত্বমিত্যাশয়ঃ ॥১৭॥

সূর্য্য ইতি। প্রসন্নং রাগদ্বেষাদিমলশূন্যং মনশ্চ, সলিলে সলিলদেবতায়াং চন্দ্রে। মহোপনিষদং "তত্ত্বমসি" ইতি মহোপনিষদ্বাক্যপ্রতিপাদ্যং জীবব্রহ্মণোরৈক্যম্, যোগযুক্তশ্চিত্তবৃত্তিনিরোধবান্, মুনির্মৌনী চাভবৎ, "যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্। তং তমেবৈতি কৌন্তেয়! সদা তদ্ভাবভাবিতঃ ॥" ইতিগীতাস্মরণাদিত্যাশয়ঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

স ইতি ॥১—৩॥ বিষক্তস্য অন্যাসক্তস্য ॥৪—১০॥ যেষু যেষু সংস্বসংস্থু বা যত্র যত্র শ্রুতে শুভে বা কর্ম্মণি ॥১১—১৪॥ সংশ্লিষ্টকর্ম্মাণঃ কুৎসিতা বা ॥১৫॥ প্রায়ম্ উপাবিশৎ মরণায় উপাবিশৎ আরব্ধবান্ ॥১৬॥ প্রাণেষু বায়ুষু অজুহোদাহিতবান্ ॥১৭॥ প্রসন্নমকল্মষম্

পৃথানন্দন! বৃষ্ণি ও অন্ধকবংশীয় লোকেরা ব্রাত্যক্ষত্রিয় (যথাসময়ে উপনয়নহীন ক্ষত্রিয়) এবং অবিবাহ্যা কন্যা বিবাহ করিয়া থাকে। সুতরাং উহারা স্বভাবতই গর্হিত। অতএব তুমি সেই বৃষ্ণিবংশীয় কৃষ্ণের কথা গ্রাহ্য করিলে কেন?' ॥১৫॥

সঞ্জয় বলিলেন—'মহাবাহু ও মহাযশা ভূরিশ্রবা এইরূপ বলিয়া সাত্যকিকে ত্যাগ করিয়া রণস্থলেই প্রায়োপবেশন করিবার সঙ্কল্প করিলেন ॥১৬॥

পুণ্যলক্ষণ ভূরিশ্রবা ব্রহ্মলোকে যাইবার ইচ্ছা করিয়া বামহস্তদ্বারা ভূতলে শর আস্তরণপূর্ব্বক আপন প্রাণবায়ুকে মহাবায়ুতে মিশাইয়া দিলেন ॥১৭॥

ততঃ স সর্ব্বসেনায়াং জনঃ কৃষ্ণধনঞ্জয়ৌ।
গর্হয়ামাস তঞ্চাপি শশংস পুরুষর্ষভম্ ॥১৯॥
নিন্দ্যমানৌ তথা কৃষ্ণৌ নোচতুঃ কিঞ্চিদপ্রিয়ম্।
তথা প্রশস্যমানশ্চ নাহৃষ্যদ্‌যূপকেতনঃ ॥২০॥
তাংস্তথাবাদিনো রাজন্! পুত্রাংস্তব ধনঞ্জয়ঃ।
অমৃষ্যমাণো মনসা তেষাং তস্য চ ভাষিতম্ ॥২১॥
অসংক্রুদ্ধমনা বাচঃ স্মারয়ন্নিব ভারত!।
উবাচ পাণ্ডুতনয়ঃ সাক্ষেপমিব ফাল্গুনঃ ॥২২॥ (যুগ্মকম্)
মম সর্বেঽপি রাজানো জানন্ত্যেব মহাব্রতম্।
ন শক্যো মামকো হন্তুং যো মে স্যাদ্বাণগোচরে ॥২৩॥

ভারতকৌমুদী

তত ইতি। গর্হয়ামাস অন্যায্যাচরণাৎ, তং ভূরিশ্রবসম্, শশংস পুণ্যলক্ষণত্বাৎ ॥১৯॥

নিন্দ্যেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, নোচতুঃ, নিন্দায়া এব ন্যায্যত্বাৎ। নাহৃষ্যৎ নির্ম্মল-চিত্তত্বাৎ ॥২০॥

তানিতি। অমৃষ্যমাণঃ অসহমানঃ, তেষাং তব পুত্রাণাম্, তস্য ভূরিশ্রবসশ্চ। বাচ আত্মনঃ প্রতিজ্ঞাবচনানি। সাক্ষেপং তৈর্বিস্মরণাৎ সানুতাপমিব, ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥২১—২২॥

মমেতি। কিং তন্মহাব্রতমিত্যাহ নেতি। মামকো মদীয়ো জনঃ ॥২৩॥

আর তিনি সূর্য্যে নয়ন ও চন্দ্রে প্রসন্ন মনটীকে নিবিষ্ট করিয়া "তত্ত্বমসি" এই মহোপনিষদের অর্থ জীব ও ব্রহ্মের ঐক্য ধ্যান করতঃ যোগযুক্ত ও মৌনী হইলেন ॥১৮॥

তদনন্তর সেই সমস্ত সৈন্যই কৃষ্ণ ও অর্জ্জুনের নিন্দা এবং সেই পুরুষশ্রেষ্ঠের প্রশংসা করিতে লাগিল ॥১৯॥

সেইরূপ নিন্দা করিতে লাগিলেও কৃষ্ণ এবং অর্জ্জুন কোন অপ্রিয় কথা বলিলেন না; আবার সেইভাবে প্রশংসা করিতে থাকিলেও ভূরিশ্রবা আনন্দিত হইলেন না ॥২০॥

ভরতনন্দন রাজা! আপনার পুত্রেরা সেইরূপ বলিতে লাগিলে, পাণ্ডুনন্দন অর্জ্জুন তাঁহাদিগকে এবং তাঁহাদের বাক্য ও ভূরিশ্রবার বাক্যকে সহ্য করিতে না পারিয়া অথ চ অক্রুদ্ধ থাকিয়া নিজের প্রতিজ্ঞা স্মরণ করাইবার জন্য আক্ষেপের সহিতই যেন বলিলেন—॥২১—২২॥

'রাজারা সকলেই আমার মহাব্রতের বিষয় জানেন যে, যিনি আমার বাণ-

যূপকেতো! সমীক্ষ্যৈতন্ন মামর্হসি গর্হিতুম্।
নহি ধর্ম্মমবিজ্ঞায় যুক্তং গর্হয়িতুং পরম্ ॥২৪॥
আত্তশস্ত্রস্য হি রণে বৃষ্ণিবীরং জিঘাংসতঃ।
যদহং বাহুমচ্ছেৎসং ন স ধর্ম্মো বিগর্হিতঃ ॥২৫॥
ন্যস্তশস্ত্রস্য বালস্য বিরথস্য বিবর্ম্মণঃ।
অভিমন্যোর্বধং তাত! ধার্ম্মিকঃ কো নু পূজয়েৎ ॥২৬॥
এবমুক্তঃ স পার্থেন শিরসা ভূমিমস্পৃশৎ।
পাণিনা চৈব সব্যেন প্রাহিণোদস্য দক্ষিণম্ ॥২৭॥
এতৎ পার্থস্য তু বচস্ততঃ শ্রুত্বা মহাদ্যুতিঃ।
যূপকেতুর্মহারাজ! তূষ্ণীমাসীদবাঙ্মুখঃ ॥২৮॥

ভারতকৌমুদী

যূপেতি। হে যূপকেতো! ভূরিশ্রবঃ!, সমীক্ষ্য পর্য্যালোচ্য ॥২৪॥

আত্তেতি। আত্তশস্ত্রস্য গৃহীতাস্ত্রস্য তব, বৃষ্ণিবীরং নিরস্ত্রং সাত্যকিম্ ॥২৫॥

তথাপি পরেণ সহ যুধ্যমানে তথাচরণং গর্হিতমেবেত্যাহ ন্যস্তেতি। পূজয়েৎ প্রশংসেৎ ॥২৬॥

এবমিতি। স ভূরিশ্রবাঃ। ভূমিমস্পৃশৎ তাদৃশাভিমন্যুবধদোষে ক্ষমাপ্রার্থনাজ্ঞাপনায় শিরোঽবনমনার্থমিতি ভাবঃ। সব্যেন বামেন, অস্যার্জ্জুনস্য দিশি, দক্ষিণম্ আত্মনশ্ছিন্নং দক্ষিণং বাহুম্, প্রাহিণোৎ ন্যক্ষিপৎ, তাদৃশস্য নিরস্ত্রস্য সাত্যকের্বধোদ্যমদোষে স্ববাহুচ্ছেদস্য ন্যায্যত্বসূচনার্থমিত্যাশয়ঃ ॥২৭॥

এতদিতি। এতদভিমন্যুবধবিষয়কম্। তূষ্ণীমবাঙ্মুখশ্চাসীৎ লজ্জয়েতি ভাবঃ ॥২৮॥

পথে থাকিবেন, এমন আমার কোন লোককেই কেহ বধ করিতে পারিবে না ॥২৩॥

অতএব ভূরিশ্রবা! তুমি আমার এই প্রতিজ্ঞার বিষয় পর্য্যালোচনা করিয়া আমাকে নিন্দা করিতে পার না। কারণ, ধর্ম্ম না জানিয়া পরের নিন্দা করা উচিত নহে ॥২৪॥

তুমি অস্ত্র ধারণ করিয়া নিরস্ত্র সাত্যকিকে বধ করিবার ইচ্ছা করিয়াছিলে, সেই অবস্থায় আমি যে তোমার বাহু ছেদন করিয়াছি, সে কার্য্য গর্হিত হয় নাই ॥২৫॥

বৎস! নিরস্ত্র, বালক, রথবিহীন ও বর্ম্মশূন্য অভিমন্যুকে তোমরা যে বধ করিয়াছ, কোন্ ধার্ম্মিক লোক তাহার প্রশংসা করিয়া থাকেন?' ॥২৬॥

অর্জ্জুন এইরূপ বলিলে, ভূরিশ্রবা মস্তকদ্বারা ভূমি স্পর্শ করিলেন এবং

(২৬)…বিরথস্য বিচর্ম্মণঃ… পি।

অর্জ্জুন উবাচ।

যা প্রীতির্ধর্ম্মরাজে মে ভীমে চ বলিনাং বরে।
নকুলে সহদেবে চ সা মে ত্বয়ি শলাগ্রজ! ॥২৯॥
ময়া ত্বং সমনুজ্ঞাতঃ কৃষ্ণেন চ মহাত্মনা।
গচ্ছ পুণ্যকৃতাল্লোঁকান্ শিবিরৌশীনরো যথা ॥৩০॥

বাসুদেব উবাচ।

যে লোকা মম বিমলাঃ সকৃদ্বিভান্তি
ব্রহ্মাদ্যৈঃ সুরবৃষভৈরপীপ্স্যমাণাঃ।
তান্ ক্ষিপ্রং ব্রজ সততাগ্নিহোত্রযাজিন্!
মত্তুল্যো ভব গরুড়োত্তমাঙ্গযানঃ ॥৩১॥

সঞ্জয় উবাচ।

উত্থিতঃ স তু শৈনেয়ো বিমুক্তঃ সৌমদত্তিনা।
খড়্গমাদায় চিচ্ছিৎসুঃ শিরস্তস্য মহাত্মনঃ ॥৩২॥

ভারতকৌমুদী

যেতি। শলো নাম কশ্চিৎ কৌরবস্তস্যাগ্রজ! ॥২৯॥

তৎপ্রীতিনিবন্ধনামাশিষং প্রযুঙ্‌ক্তে ময়েতি। ঔশীনর উশীনরপুত্রঃ ॥৩০॥

য ইতি। সকৃচ্চিরম্। গরুড়স্য উত্তমমঙ্গং পৃষ্ঠং যানং বাহনং যস্য সঃ ॥৩১॥

বামহস্তদ্বারা ছিন্ন দক্ষিণ বাহুখানাকে অর্জ্জুনের দিকে নিক্ষেপ করিলেন (টীকায় ভাব দ্রষ্টব্য) ॥২৭॥

মহারাজ! তদনন্তর মহাতেজা ভূরিশ্রবা অর্জ্জুনের এই কথা শুনিয়া নীরব ও অধোমুখ হইয়া রহিলেন ॥২৮॥

অর্জ্জুন বলিলেন—'শলাগ্রজ! ধর্ম্মরাজ, বলিশ্রেষ্ঠ ভীমসেন, নকুল ও সহদেবের উপরে আমার যেরূপ প্রীতি আছে, তোমার উপরেও আমার সেই রূপই প্রীতি রহিয়াছে ॥২৯॥

অতএব তুমি আমার ও মহাত্মা কৃষ্ণের অনুমতিক্রমে উশীনরনন্দন শিবি-রাজার ন্যায় পুণ্যার্জিত লোকে গমন কর' ॥৩০॥

কৃষ্ণ বলিলেন—'সর্ব্বদা অগ্নিহোত্রযাগকারী ভূরিশ্রবা! আমার যে নির্ম্মল লোক চিরদিন প্রকাশ পাইতেছে এবং যাহাতে যাইবার জন্য ব্রহ্মা-প্রভৃতি দেবতাশ্রেষ্ঠেরাও ইচ্ছা করেন, তুমি সত্বর তাহাতে গমন কর, আর আমারই ন্যায় গরুড়ের উত্তম অঙ্গে আরোহণ করিয়া বিচরণ কর' ॥৩১॥

(৩২)···খড়্গমাদায় চিচ্ছেদ···পি।

নিহতং পাণ্ডুপুত্রেণ প্রসক্তং ভূরিদক্ষিণম্।
ইয়েষ সাত্যকির্হন্তুং শলাগ্রজমকল্মষম্ ॥৩৩॥
নিকৃত্তভুজমাসীনং ছিন্নহস্তমিব দ্বিপম্।
ক্রোশতা সর্ব্বসৈন্যেন নিন্দ্যমানঃ সুদুর্ম্মনাঃ ॥৩৪॥
বার্য্যমাণঃ স কৃষ্ণেন পার্থেন চ মহাত্মনা।
ভীমেন চক্ররক্ষাভ্যামশ্বত্থাম্না কৃপেণ চ ॥৩৫॥
কর্ণেন বৃষসেনেন সৈন্ধবেন তথৈব চ।
বিক্রোশতাঞ্চ সৈন্যানামবধীত্তং যতব্রতম্ ॥৩৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

উত্থিত ইতি। উত্থিতো মূর্চ্ছয়া ভূশয়নাদুদ্গতঃ। চিচ্ছিৎসুঃ ছেত্তুমিচ্ছুঃ ॥৩২॥

নিহতমিতি। নিহতং বাহুচ্ছেদেনাহতম্, প্রসক্তং ব্রহ্মচিন্তায়াং ব্যাপৃতম্ ॥৩৩॥

নিকৃত্তেতি। নিকৃত্তভুজং ছিন্নবাহুম্, ছিন্নহস্তং ছিন্নশুণ্ডম্। ক্রোশতা 'ধিক ধিক' ইত্যেবমুচ্চৈর্বদতা। সুদুর্ম্মনা আত্মবিকারব্যাপৃতচিত্তঃ। চক্ররক্ষাভ্যাং যুধামন্যূত্তমৌজোভ্যাম্। বৃষসেনেন তদাখ্যেন কর্ণপুত্রেণ, সৈন্ধবেন জয়দ্রথেন। বিক্রোশতাং 'মা জহি' ইত্যেবমুচ্চৈর্বদতাম্ ॥৩৪—৩৬॥

সঞ্জয় বলিলেন—'ভূরিশ্রবা ছাড়িয়া দিলে সাত্যকি মূর্চ্ছিত হইয়া ভূতলে পড়িয়া ছিলেন, ক্রমে তিনি চৈতন্য লাভ করিয়া উঠিয়া তরবারি লইয়া মহাত্মা ভূরিশ্রবার মস্তক ছেদন করিবার ইচ্ছা করিলেন ॥৩২॥

অর্জ্জুন দক্ষিণবাহু ছেদন করিয়া আহত করিলে, ভূরিশ্রবা প্রায়োপবেশনপূর্ব্বক পরব্রহ্মে চিত্ত নিবেশ করিয়া রহিয়াছিলেন, সেই অবস্থায় সাত্যকি সেই নিষ্পাপ ভূরিশ্রবাকে বধ করিবার ইচ্ছা করিয়াছিলেন ॥৩৩॥

ছিন্নবাহু ভূরিশ্রবা তখন ছিন্নশুণ্ড হস্তীর ন্যায় উপবেশন করিয়া রহিয়াছিলেন এবং সংযমীর ন্যায় ব্রহ্মচিন্তায় নিমগ্ন ছিলেন, সেই অবস্থায় সাত্যকি অতিদুর্ম্মনা হইয়াও তাঁহাকে বধ করিতে উদ্যত হইলে, সমস্ত সৈন্য উচ্চস্বরে ধিক্ ধিক্ বলিয়া সাত্যকির নিন্দা করিতে লাগিল এবং মহাত্মা কৃষ্ণ, অর্জ্জুন, ভীমসেন, অর্জ্জুনের চক্ররক্ষক যুধামন্যু ও উত্তমৌজা, অশ্বত্থামা, কৃপাচার্য্য, কর্ণ, বৃষসেন ও জয়দ্রথ বারণ করিতে থাকিলেন; আর সমস্ত সৈন্যই উচ্চস্বরে 'বধ করিবেন না, বধ করিবেন না' এইরূপ বলিতে লাগিল; তথাপি সাত্যকি ভূরিশ্রবাকে বধ করিলেন ॥৩৪—৩৬॥

(৩৪)···ক্রোশতাং সর্ব্বসৈন্যানাম্···বা নি। (৩৬)···অবধীত্তং ধৃতব্রতম্—বা নি।

প্রায়োপবিষ্টায় রণে পার্থেন ছিন্নবাহবে।
সাত্যকিঃ কৌরবেয়ায় খড়্গেনাপাহরচ্ছিরঃ ॥৩৭॥
নাভ্যনন্দন্ত সৈন্যানি সাত্যকিং তেন কর্ম্মণা।
অর্জ্জুনেন হতং পূর্ব্বং যজ্জঘান কুরূদ্বহম্ ॥৩৮॥
সহস্রাক্ষসমং তত্র সিদ্ধচারণমানবাঃ।
ভূরিশ্রবসমালোক্য যুদ্ধে প্রায়গতং হতম্ ॥৩৯॥
অপূজয়ন্ত তং দেবা বিস্মিতাস্তস্য কর্ম্মভিঃ।
পক্ষবাদাংশ্চ সুবহূন্ প্রাবদংস্তব সৈনিকাঃ ॥৪০॥ (যুগ্মকম্)
ন বার্ষ্ণেয়স্যাপরাধো ভবিতব্যং হি তত্তথা।
তস্মান্মন্যুর্ন বঃ কার্য্যঃ ক্রোধো দুঃখতরো নৃণাম্ ॥৪১॥
হন্তব্যশ্চৈব বীরেণ নাত্র কার্য্যা বিচারণা।
বিহিতো হ্যস্য ধাত্রৈষ মৃত্যুঃ সাত্যকিরাহবে ॥৪২॥

ভারতকৌমুদী

প্রায়েতি। কৌরবেয়ায় কুরুবংশ্যায় ভূরিশ্রবসে। সর্ব্বত্র ষষ্ঠ্যর্থে চতুর্থী ॥৩৭॥
নেতি। নাভ্যনন্দন্ত ন প্রাশংসন্। হতং বাহুচ্ছেদেনাহতম্ ॥৩৮॥
সহস্রেতি। প্রায়গতং মরণাসনস্থিতম্। পক্ষবাদান্ তদনুকূলোক্তীঃ ॥৩৯—৪০॥
নেতি। বার্ষ্ণেয়স্য সাত্যকেঃ। তৎ সাত্যকিনা ভূরিশ্রবসো হননম্। মন্যুঃ ক্রোধঃ ॥৪১॥

সাত্যকি তরবারিদ্বারা যুদ্ধস্থলে প্রায়োপবিষ্ট ও অর্জ্জুনকর্তৃক ছিন্নবাহু ভূরিশ্রবার মস্তক ছেদন করিলেন ॥৩৭॥

পূর্ব্বে অর্জ্জুনকর্তৃক আহত ভূরিশ্রবাকে যে হেতু বধ করা হইল, সেই জন্য সৈন্যেরা সাত্যকির প্রশংসা করিল না ॥৩৮॥

ওদিকে দেবগণ, সিদ্ধগণ, চারণগণ ও মানবগণ ইন্দ্রের তুল্য ভূরিশ্রবাকে প্রায়োপবিষ্ট অবস্থায় নিহত দেখিয়া এবং তাঁহার কার্য্যে বিস্মিত হইয়া তাঁহার প্রশংসা করিতে লাগিলেন; আর আপনার সৈন্যেরা সাত্যকির অনুকূলে বহুতর কথা বলিতে থাকিল—॥৩৯—৪০॥

'এ বিষয়ে সাত্যকির কোন অপরাধ নাই। কারণ, ইহার এইরূপই ভবিতব্য ছিল। অতএব তোমাদের ক্রোধ করা উচিত নহে। যে হেতু ক্রোধ মানুষের গুরুতর দুঃখজনক হয় ॥৪১॥

(৪০)···বিস্মিতাস্তেহস্য কর্ম্মভিঃ···বা নি। (৪১) এতৎপ্রকরণে নির্ণয়সাগরপুস্তকে বিবিধা এবান্যবিধাঃ পাঠা বিদ্যন্তে।

সাত্যকিরুবাচ।

ন হন্তব্যো ন হন্তব্য ইতি যন্মাং প্রভাষথ।
ধর্ম্মবাদৈরধর্ম্মিষ্ঠা ধর্ম্মকঞ্চুকমাস্থিতাঃ ॥৪৩॥
যদা বালঃ সুভদ্রায়াঃ সুতঃ শস্ত্রবিনাকৃতঃ।
যুষ্মাভির্নিহতো যুদ্ধে তদা ধর্ম্মঃ ক বো গতঃ ॥৪৪॥
ময়া ত্বেতৎ প্রতিজ্ঞাতং ক্ষেপে কস্মিংশ্চিদেব হি।
যো মাং নিষ্পিষ্য সংগ্রামে জীবন্ হন্যাৎ পদা রুষা।
স মে বধ্যো ভবেচ্ছত্রুর্যদ্যপি স্যান্মুনিব্রতঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

হন্তব্য ইতি। হন্তব্যঃ শত্রুরিতি শেষঃ। মৃত্যুঃ মৃত্যুসাধকঃ ॥৪২॥

নেতি। ধর্ম্মকঞ্চুকং ধর্ম্মাবরণম্। তদসঙ্গতমিতি শেষঃ ॥৪৩॥

যদেতি। শস্ত্রেণ বিনাকৃতো বিরহিতঃ। অতো ময়াপি তথৈব ভূরিশ্রবা হত ইতি ভাবঃ ॥৪৪॥

ময়েতি। ক্ষেপে শত্রোস্তিরস্কারে। মৃতেন কবন্ধীভূতেনাপি নিষ্পেষণং পদপ্রহারশ্চ সম্ভবতীতি যো জীবন্নিত্যুক্তম্। হন্যাৎ প্রহরেৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

॥১৮—২৬॥ দক্ষিণং কৃত্তমাত্মনঃ পাণিম্ অস্যার্জ্জুনস্য সমীপে প্রহিণোৎ প্রাহিতবান্ ॥২৭—৩০॥ গরুড়স্যোমাঙ্গেন পৃষ্ঠেন যানং যস্য ॥৩১—৩২॥ প্রসক্তমন্যাসক্তম্ ॥৩৩—৪৪॥ ক্ষেপে নিন্দায়াং জীবন্নপি দ্বিতীয়ার্থে প্রথমা, এবেত্যপ্যর্থঃ ॥৪৫—৫৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৪॥

বীরের শত্রুবধ করা উচিত; এ বিষয়ে কোন বিচার করা সঙ্গত নহে। বিশেষতঃ বিধাতাই সাত্যকিকে ভূরিশ্রবার মৃত্যুজনক করিয়া সৃষ্টি করিয়াছিলেন' ॥৪২॥

সাত্যকি বলিলেন—'অধার্ম্মিকগণ! তোমরা ধর্ম্মের আবরণ ধারণ করিয়া ধর্ম্মকথাদ্বারা আমাকে যে 'বধ করিও না, বধ করিও না' বলিতেছিলে, তাহা অত্যন্ত অসঙ্গত ॥৪৩॥

কারণ, তোমরা যখন বালক ও অস্ত্রবিহীন অভিমন্যুকে যুদ্ধে বধ করিয়াছিলে, তখন তোমাদের এ ধর্ম্ম কোথায় গিয়াছিল? ॥৪৪॥

কিন্তু আমি কোন শত্রুর তিরস্কারের সময়ে এইরূপ প্রতিজ্ঞা করিয়াছিলাম যে, যুদ্ধে যে লোক জীবিত অবস্থায় ক্রোধবশতঃ আমাকে নিষ্পেষণ করিয়া পদাঘাত করিবে, সে যদি মুনির ন্যায় নিয়মশালীও হয়, তথাপি আমি তাহাকে বধ করিব ॥৪৫॥

চেষ্টমানং প্রতীঘাতে সভুজং মাং সচক্ষুষঃ।
মন্যধ্বং মৃত ইত্যেবমেতদ্বো বুদ্ধিলাঘবম্।
যুক্তো হ্যস্য প্রতীঘাতঃ কৃতো মে কুরুপুঙ্গবাঃ! ॥৪৬॥
যত্তু পার্থেন মাং দৃষ্ট্বা প্রতিজ্ঞামভিরক্ষতা।
সখড়্গোঽহস্য হৃতো বাহুরেতেনৈবাস্মি বঞ্চিতঃ ॥৪৭॥
ভবিতব্যং হি যদ্ভাবি দৈবং চেষ্টয়তীব চ।
সোঽয়ং হতো বিমর্দ্দেঽস্মিন্ কিমত্রাধর্ম্মচেষ্টিতম্ ॥৪৮॥
অপি চায়ং পুরা গীতঃ শ্লোকো বাল্মীকিনা ভুবি।
ন হন্তব্যাঃ স্ত্রিয় ইতি যদ্ব্রবীষি প্লবঙ্গম!।
পীড়াকরমমিত্রাণাং যৎ স্যাৎ কর্ত্তব্যমেব তৎ ॥৪৯॥

ভারতকৌমুদী

চেষ্টেতি। সচক্ষুষঃ মম। বুদ্ধিলাঘবং দৌর্বল্যম্। মে ময়া। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৪৬॥

যদিতি। হৃতশ্ছিন্নঃ। বঞ্চিতোঽস্মি, সাঙ্গস্যাস্য হন্তুমশক্যত্বাদিত্যাশয়ঃ ॥৪৭॥

ভবিতব্যমিতি। দৈবং কর্ত্তৃ, চেষ্টয়তীব মানুষান্ তদনুকূলচেষ্টাং কারয়তীব ॥৪৮॥

অপীতি। যৎ স্ত্রীচরিত্রমপি পীড়াকরং স্যাৎ, তদ্ধননমমিত্রাণাং কর্ত্তব্যমেব। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৪৯॥

তা'র পর আমার বাহুযুগল ছিল। সুতরাং আমি ভূরিশ্রবাকে প্রত্যাঘাত করিবার জন্য চেষ্টা করিতেছিলাম; তোমাদেরও চক্ষু ছিল; ইহাতেও তোমরা আমাকে যে মৃত বলিয়া মনে করিয়াছিলে, সেটা তোমাদের বুদ্ধির দুর্ব্বলতা। অতএব কুরুশ্রেষ্ঠগণ! আমি যে ভূরিশ্রবাকে বধ করিয়াছি, তাহা সঙ্গতই হইয়াছে ॥৪৬॥

তবে অর্জ্জুন আমাকে দেখিয়া নিজের প্রতিজ্ঞা রক্ষা করিবার জন্য তরবারির সহিত ভূরিশ্রবার বাহু যে ছেদন করিয়াছেন, তাহাতে তিনিই আমাকে বঞ্চিত করিয়াছেন ॥৪৭॥

যাহা হইবে, তাহা হইবেই; দৈব যেন মানুষকে তাহার অনুকূলে চেষ্টা করাইয়া থাকে। সুতরাং এই যুদ্ধে ভূরিশ্রবা নিহত হইয়াছেন; ইহাতে অধর্ম্মের কার্য্য কি হইয়াছে ॥৪৮॥

তা'র পর পূর্ব্বকালে বাল্মীকিমুনি জগতে এই শ্লোক গাহিয়াছিলেন—'প্লবঙ্গম! তুমি যে বলিতেছ—'স্ত্রীহত্যা করিবে না' (তাহাতে আমি বলি—) যাহা পীড়াজনক হইবে, তাহা নাশ করা শত্রুর অবশ্যকর্ত্তব্য' ॥৪৯॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তে মহারাজ! সর্ব্বে কৌরবপুঙ্গবাঃ।
ন স্ম কিঞ্চিদভাষন্ত মনসা তমপূজয়ন্ ॥৫০॥
মন্ত্রাভিপূতস্য মহাধ্বরেষু যশস্বিনো ভূরিসহস্রদস্য।
মুনেরিবারণ্যগতস্য তস্য ন তত্র কশ্চিদ্বধমভ্যনন্দৎ ॥৫১॥
সুনীলকেশং বরদস্য তস্য শূরস্য পারাবতলোহিতাক্ষম্।
অশ্বস্য মেধ্যস্য শিরো নিকৃত্তং ন্যস্তং হবির্দ্ধানমিবান্তরেণ ॥৫২॥

ভারতকৌমুদী

অত্র সুধীভিরিদমবধেয়ম্—বাল্মীকিরামায়ণে লঙ্কাকাণ্ডে একাশীতিতমে সর্গে ইন্দ্রজিতো মায়াসীতাবধোদ্যমে তত্র চ হনুমতো নিষেধে অবিকল এবায়ং শ্লোক ইন্দ্রজিতা অভিহিতঃ। তত্র চায়মষ্টাবিংশতিতমঃ শ্লোকঃ। এতন্মহাভারতে বনপর্ব্বণি দ্বাবিংশত্যধিকশততমাধ্যায়ে চায়মেকাদশঃ শ্লোকো যথা—"ভ্রাতা মম গুণশ্লাঘ্যো বুদ্ধিসত্ত্ববলান্বিতঃ। রামায়ণেঽতিবিখ্যাতঃ শ্রীমান্ বানরপুঙ্গবঃ॥" ইত্যতশ্চ যোদ্ধপুরুষেণ সাত্যকিনা প্রমাণতয়া বাল্মীকিরামায়ণ-শ্লোকস্যাবিকলমভিধানাৎ তত্র চ ভীমসেনেন হনুমৎপরিচয়কালে রামায়ণগ্রন্থনামোল্লেখাৎ মহাভারতবর্ণিতবৃত্তান্তকালাৎ প্রাক্ তৎপূর্ব্বত এব বাল্মীকিরামায়ণং সর্ব্বলোকসমাজে এব ভূশং প্রচলিতমাসীদিত্যকামেনাপি স্বীকার্য্যম্। এবঞ্চ যে ক্রুবতে মহাভারতরচনায়াঃ পরং বাল্মীকিনা রামায়ণং রচিতমিতি তে নিতান্তমেব ভ্রান্তাঃ। অতশ্চ তদীয়ং মতং সর্ব্বথৈব হেয়মিতি ॥৪৯॥

এবমিতি। তং সাত্যকিম্, অপূজয়ন্ বীরত্বমাত্রেণ প্রাশংসন্ ॥৫০॥

মন্ত্রেতি। ভূরিসহস্রদস্য অনেকসহস্রধনদানকারিণঃ। অভ্যনন্দৎ প্রাশংসৎ ॥৫১॥

মন্তব্য—এখানে সাত্যকি বাল্মীকিরামায়ণের লঙ্কাকাণ্ডের ৮১ সর্গের ২৮ শ্লোক অবিকল উল্লেখ করিলেন, আবার মহাভারতের বনপর্ব্বে ১২২ অধ্যায়ে ১১ শ্লোক—"ভ্রাতা মম গুণশ্লাঘ্যো বুদ্ধিসত্ত্ববলান্বিতঃ। রামায়ণেঽতিবিখ্যাতঃ শ্রীমান্ বানরপুঙ্গবঃ॥" এইরূপ বলিয়া ভীমসেন স্পষ্টভাবে রামায়ণগ্রন্থের নাম বলিয়াছেন। অতএব বাধ্য হইয়াও স্বীকার করিতে হইবে যে, মহাভারতবর্ণিতবৃত্তান্তেরও বহুপূর্ব্বকালে বাল্মীকি রামায়ণ রচনা করিয়াছিলেন এবং সে রামায়ণগ্রন্থ মহাভারতবর্ণিত বৃত্তান্তের সময়ে সর্ব্বসমাজে বিশেষভাবে প্রচলিত ছিল। সুতরাং যাঁহারা বলেন—'মহাভারতরচনার পরে রামায়ণ রচিত হইয়াছিল' তাঁহারা অত্যন্ত ভ্রান্ত ॥৪৯॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সাত্যকি এইরূপ বলিলে, কৌরবশ্রেষ্ঠেরা কিছুই বলিলেন না, কিন্তু মনে মনে সাত্যকির প্রশংসা করিলেন ॥৫০॥

তবে বহুমহাযজ্ঞের মন্ত্রে অভিপূত, যশস্বী, অনেকসহস্রধনদাতা এবং তৎকালে বনবাসী মুনির ন্যায় সংযমী ভূরিশ্রবাকে বধ করার অনুমোদন কেহই করিলেন না ॥৫১॥

স তেজসা শস্ত্রহতেন পূতো মহাহবে দেহবরং বিসৃজ্য।
আক্রামদূর্দ্ধং বরদো বরার্হো ব্যাবৃত্য ধর্ম্মেণ বরেণ রোদসী ॥৫৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে ভূরিশ্রবসো বধে চতুর্বিংশত্যধিক-
শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০*০—

পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ-০-ঃ—

ধৃতরাষ্ট্র উবাচ।
অজিতো দ্রোণরাধেয়বিকর্ণকৃতবর্ম্মভিঃ।
তীর্ণঃ সৈন্যার্ণবং বীরঃ প্রতিশ্রুত্য যুধিষ্ঠিরে ॥১॥

ভারতকৌমুদী

সুনীলেতি। সুনীলাঃ কেশা যত্র তৎ, বরদস্য যাচকায়াভীষ্টদাতুঃ। পারাবতস্যেব লোহিতে অক্ষিণী যত্র তৎ। মেধ্যস্য অশ্বমেধীয়স্য, নিকৃত্তং ছিন্নম্, হবিদানমন্ত্রেণ বিনা ন্যস্তং স্থাপিতম্ ॥৫২॥

স ইতি। শস্ত্রহতেন শস্ত্রাঘাতজনিতেন। আক্রামদগচ্ছৎ। ব্যাবৃত্য ব্যাপ্য, রোদসী স্বর্গমর্ত্ত্যৌ ॥৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে
চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—(::)—

অজিত ইতি। তীর্ণোঽভবৎ, বীরঃ সাত্যকিঃ, প্রতিশ্রুত্য অর্জ্জুনদর্শনং তদ্বার্ত্তাপ্রদানঞ্চ ॥১॥

সকলেরই অভীষ্টদাতা ও বীর ভূরিশ্রবার কৃষ্ণকেশযুক্ত এবং কপোতচক্ষুর ন্যায় রক্তচক্ষু ছিন্ন মস্তকটী—যজ্ঞব্যতীত অশ্বমেধীয় অশ্বের ছিন্ন মস্তকের ন্যায় ভূতলে পতিত রহিল ॥৫২॥

আর প্রার্থিমাত্রের অভীষ্টদাতা এবং অভীষ্টপ্রাপ্তির যোগ্য ভূরিশ্রবা মহাযুদ্ধে অস্ত্রাঘাতের পুণ্যতেজে পবিত্র হইয়া উত্তম দেহ পরিত্যাগপূর্ব্বক প্রচুর ধর্ম্মদ্বারা স্বর্গ ও মর্ত্ত্য ব্যাপ্ত করিয়া স্বর্গে চলিয়া গেলেন ॥৫৩॥

* '…একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

স কথং কৌরবেয়েণ সমরেম্বনিবারিতঃ।
নিগৃহ্য ভূরিশ্রবসা বলাদ্ভুবি নিপাতিতঃ ॥২॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্নিহোৎপত্তিং শৈনেয়স্য যথা পুরা।
যথা চ ভূরিশ্রবসো যত্র তে সংশয়ো নৃপ ! ॥৩॥
অত্রেঃ পুত্রোঽভবৎ সোমঃ সোমস্য তু বুধঃ স্মৃতঃ।
বুধস্ত্বেলো মহেন্দ্রাভঃ পুত্র আসীৎ পুরূরবাঃ ॥৪॥
পুরূরবস আয়ুস্তু আয়ুষো নহুষঃ সুতঃ।
নহুষস্য যযাতিস্তু রাজর্ষির্দেবসম্মিতঃ ॥৫॥
যযাতের্দেবযান্যাস্তু যদুর্জ্যেষ্ঠোঽভবৎ সুতঃ।
যদোরভূদন্ববায়ে দেবমীঢ় ইতি শ্রুতঃ ॥৬॥

ভারতকৌমুদী

স ইতি। নিগৃহ্য অভিভূয়। নিপাতিত এব ন নিহতঃ ॥২॥
শৃণ্বিতি। যযোরুৎপত্তিরভবৎ তথা তয়োরুৎপত্তিং শৃণ্বিত্যর্থঃ ॥৩॥
অত্রেরিতি। অত্রের্ব্রহ্মণো দ্বিতীয়মানসপুত্রস্য। ঐল ইলায়াং জাতঃ ॥৪॥
পুরূরবস ইতি। দেবসম্মিতো দেবতুল্যঃ ॥৫॥
যযাতেরিতি। দেবযান্যাং তদাখ্যায়াং শুক্রতনয়ায়াম্। অন্ববায়ে বংশে ॥৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! বীর সাত্যকি যুধিষ্ঠিরের নিকটে অর্জ্জুনের দর্শন ও তাঁহার সংবাদ প্রদান করিতে স্বীকার করিয়া নির্গত হইয়াছিলেন ; কিন্তু দ্রোণ, কর্ণ, বিকর্ণ ও কৃতবর্ম্মা তাঁহাকে জয় করিতে না পারায় তিনি কৌরবসৈন্যসাগর উত্তীর্ণ হইয়া গিয়াছিলেন ॥১॥

সুতরাং বহুযুদ্ধে অনিবারিত সেই সাত্যকিকে কুরুবংশীয় ভূরিশ্রবা কি প্রকারে বলপূর্ব্বক অভিভূত করিয়া ভূতলে পাতিত করিয়াছিলেন ?' ॥২॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ রাজা ! পূর্ব্বে যেভাবে সাত্যকি ও ভূরিশ্রবার উৎপত্তি হইয়াছিল এবং যে বিষয়ে আপনার সন্দেহ হইতেছে, তাহা আপনি শ্রবণ করুন ॥৩॥

অত্রির পুত্র চন্দ্র, চন্দ্রের পুত্র বুধ, বুধের ঔরসে ইলার গর্ভে 'পুরূরবা-'নামে ইন্দ্রের তুল্য এক পুত্র হইয়াছিল ॥৪॥

সেই পুরূরবার পুত্র আয়ু, আয়ুর পুত্র নহুষ এবং নহুষের পুত্র যযাতি। সেই যযাতি রাজর্ষি ও দেবতার তুল্য প্রভাবশালী ছিলেন ॥৫॥

(৪)... বুধস্ত্বৈকঃ· বা,... বুধস্ত্বেলো মহাবাহুঃ· নি। (৬... আহুকীঢ় ইতি শ্রুতঃ—নি।

যাদবস্তস্য তু সুতঃ শূরস্ত্রৈলোক্যসম্মতঃ।
শূরস্য শৌরির্নৃবরো বসুদেবো মহাযশাঃ ॥৭॥
ধনুষ্যনবরঃ শূরঃ কার্ত্তবীর্য্যসমো যুধি।
তদ্বীর্য্যশ্চাপি তত্রৈব কুলে শিনিরভূন্নৃপ! ॥৮॥
এতস্মিন্নেব কালে তু দেবকস্য মহাত্মনঃ।
দুহিতুঃ স্বয়ম্বরে রাজন্! সর্বক্ষত্রসমাগমে ॥৯॥
তত্র বৈ দেবকীং দেবীং বসুদেবার্থমাশু বৈ।
নির্জ্জিত্য পার্থিবান্ সর্ব্বান্ রথমারোপয়চ্ছিনিঃ ॥১০॥ (যুগ্মকম্)
তাং দৃষ্ট্বা দেবকীং শূরো রথস্থাং পুরুষর্ষভ!।
নামৃষ্যত মহাতেজাঃ সোমদত্তঃ শিনের্নৃপ! ॥১১॥
তয়োর্যুদ্ধমভূদ্রাজন্! দিনার্দ্ধং চিত্রমদ্ভুতম্।
বাহুযুদ্ধং সুবলিনোঃ প্রসক্তং পুরুষর্ষভ! ॥১২॥

ভারতকৌমুদী

যাদব ইতি। শূরো নাম। শূরস্যাপত্যং পুত্র ইতি শৌরিঃ ॥৭॥

ধনুষীতি। অনবরঃ অনিকৃষ্টঃ, কার্ত্তবীর্য্যসমঃ শূরো যুদ্ধে শিক্ষিতঃ। তদ্বীর্য্যস্তদ্বদ্বলবান্ ॥৮॥

এতস্মিন্নিতি। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্। দেবকীং তদাখ্যাং দেবককন্যাম্ ॥৯-১০॥

তামিতি। শূরো বীরঃ। নামৃষ্যত নাসহত, সোমদত্তো নাম কৌরবঃ ॥১১॥

যযাতির জ্যেষ্ঠপুত্র যদু দেবযানীর গর্ভে জন্ম গ্রহণ করেন। কালক্রমে সেই যদুর বংশে দেবমীঢ় উৎপন্ন হন ॥৬॥

সেই দেবমীঢ়ের 'শূর-'নামে একটী পুত্র হয়, তিনি যথাকালে ত্রিভুবনের প্রিয় হইয়াছিলেন। সেই শূরের পুত্র—মনুষ্যশ্রেষ্ঠ মহাযশা বসুদেব ॥৭॥

রাজা! সেই যদুবংশে ধনুর্বেদে সুশিক্ষিত এবং যুদ্ধে কার্ত্তবীর্য্যার্জ্জুনের তুল্য বীর ও বলবান্ 'শিনি-'নামে একব্যক্তি জন্মগ্রহণ করেন ॥৮॥

রাজা! এই সময়ে মহাত্মা দেবকের কন্যার স্বয়ম্বরসভায় সমস্ত ক্ষত্রিয় উপস্থিত হন; তখন শিনি সকল রাজাকে পরাজিত করিয়া বসুদেবের জন্য দেবকীদেবীকে রথে আরোহণ করান ॥৯—১০॥

পুরুষশ্রেষ্ঠ রাজা! সেই দেবকীদেবীকে শিনির রথে অবস্থিত দেখিয়া বীর ও মহাতেজা সোমদত্ত সহ্য করিলেন না ॥১১॥

(১১)...রথস্থাং পুরুষর্ষভঃ...বা নি।

শিনিনা সোমদত্তস্তু প্রসহ্য ভুবি পাতিতঃ।
অসিমুদ্যম্য কেশেষু প্রগৃহ্য চ পদাহতঃ ॥১৩॥
মধ্যে রাজসহস্রাণাং প্রেক্ষকাণাং সমন্ততঃ।
কৃপয়া চ পুনস্তেন স জীবেতি বিসর্জিতঃ ॥১৪॥ (যুগ্মকম্)
তদবস্থঃ কৃতস্তেন সোমদত্তোঽথ মারিষ!।
প্রাসাদয়ন্মহাদেবমমর্ষবশমাস্থিতঃ ॥১৫॥
তস্য তুষ্টো মহাদেবো বরদানাং মহাপ্রভুঃ।
বরেণ চ্ছন্দয়ামাস স তু বব্রে বরং নৃপ! ॥১৬॥
পুত্রমিচ্ছামি ভগবন্! যো নিপাত্য শিনেঃ সুতম্।
মধ্যে রাজসহস্রাণাং পদাহন্যাচ্চ সংযুগে ॥১৭॥

ভারতকৌমুদী

তয়োরিতি। যুদ্ধং প্রথমমস্ত্রৈঃ। প্রসক্তং প্রবৃত্তম্ ॥১২॥
শিনিনেতি। প্রসহ্য বলেন। উদ্যম্য উত্তোল্য। তেন শিনিনা, স সোমদত্তঃ ॥১৩-১৪॥
তদিতি। প্রাসাদয়দারাধনেন, মহাদেবং শিবম্ ॥১৫॥
তস্যেতি। মহাপ্রভুরতীবপ্রধানঃ। বরেণ বরদানাঙ্গীকারেণ, ছন্দয়ামাস তোষয়ামাস ॥১৬॥
পুত্রমিতি। শিনেরপ্যা শিনেঃ পৌত্র ইত্যাদিপূর্বোক্তেঃ সুতপদং বংশপরম্ ॥১৭॥

পুরুষশ্রেষ্ঠ রাজা! তদনন্তর দিবসার্দ্ধপর্য্যন্ত বলবান্ সেই শিনি ও সোমদত্তের বিচিত্র ও অদ্ভুত যুদ্ধ হইল, পরে তাঁহাদের বাহুযুদ্ধ আরম্ভ হইল ॥১২॥

ক্রমে সমস্ত দিকে অবস্থিত দর্শক সহস্র সহস্র রাজার মধ্যে শিনি বলপূর্বক সোমদত্তকে ভূতলে নিপাতিত করিয়া কেশাকর্ষণ ও অসি উত্তোলনপূর্ব্বক পদাঘাত করিলেন এবং দয়া করিয়া পুনরায় তিনি 'জীবিত থাক' বলিয়া সোমদত্তকে ছাড়িয়া দিলেন ॥১৩—১৪॥

মাননীয় রাজা! শিনি সেই অবস্থা করায় সোমদত্ত অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যাইয়া বহু আরাধনা করিয়া মহাদেবকে প্রসন্ন করেন ॥১৫॥

রাজা! বরদাতৃগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ মহাদেব সোমদত্তের উপরে সন্তুষ্ট হইয়া বরদান করিবার অঙ্গীকার করিয়া তাঁহাকে সন্তুষ্ট করিলেন; তিনিও বর চাহিলেন ॥১৬॥

'ভগবন্! আমি এমন পুত্র লাভ করিতে ইচ্ছা করি যে, যুদ্ধে সহস্র সহস্র রাজার মধ্যে শিনির বংশধরকে ভূতলে পাতিত করিয়া পদাঘাত করিতে পারিবে' ॥১৭॥

(১৬)…বরাণাং বরদঃ প্রভুঃ…বা নি,…নৃপঃ… বা নি বর্দ্ধ।

তস্য তদ্বচনং শ্রুত্বা সোমদত্তস্য পার্থিব ! ।
এবমস্ত্বিতি তত্রোক্ত্বা স দেবোঽন্তরধীয়ত ।
স তেন বরদানেন লব্ধবান্ ভূরিদক্ষিণম্ ॥১৮॥
ন্যপাতয়চ্চ সমরে সৌমদত্তিঃ শিনেঃ সুতম্ ।
পশ্যতাং সর্ব্বসৈন্যানাং পদা চৈনমতাড়য়ৎ ॥১৯॥
এতত্তে কথিতং রাজন্ ! যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ।
নহি শক্যো রণে জেতুং সাত্বতো মনুজর্ষভৈঃ ॥২০॥
লব্ধলক্ষ্যাশ্চ সংগ্রামে বহুশশ্চিত্রযোধিনঃ ।
দেবদানবগন্ধর্বান্ বিজেতারো হ্যবিস্মিতাঃ ।
স্ববীর্য্যবিজয়ে যুক্তা নৈতে পরপরিগ্রহাঃ ॥২১॥
ন তুল্যং বৃষ্ণিভিরিহ দৃশ্যতে কিঞ্চন প্রভো ! ।
ভূতং ভব্যং ভবিষ্যঞ্চ বলেন ভরতর্ষভ ! ॥২২॥

ভারতকৌমুদী

তস্যেতি। স সোমদত্তঃ। ভূরিদক্ষিণং ভূরিশ্রবসম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

ন্যপাতয়দিতি। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ, শিনেঃ সুতং পৌত্রং সাত্যকিম্ ॥১৯॥

এতদিতি। শিনেঃ সুতমিত্যনেন সাত্যকেরুৎপত্তিরপি ব্যাখ্যাতেতি ন ন্যূনতা ॥২০॥

লব্ধেতি। স্ববীর্য্যেণৈব অবজয়ে শত্রুজয়ে, যুক্তা যোগ্যাঃ. পরপরিগ্রহাঃ পরবলাশ্রয়াঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

নেতি। কিঞ্চন বলম্। ভব্যং বর্ত্তমানম্, বলেন শক্ত্যা ॥২২॥

রাজা ! মহাদেব সোমদত্তের সেই কথা শুনিয়া 'এইরূপই হউক' এই কথা বলিয়া সেইস্থানেই অন্তর্হিত হইলেন। সোমদত্তও যথাকালে সেই বরের প্রভাবে ভূরিশ্রবাকে পুত্ররূপে লাভ করিয়াছিলেন ॥১৮॥

এই জন্যই ভূরিশ্রবা যুদ্ধে সাত্যকিকে ভূতলে পাতিত করিতে এবং সমস্ত সৈন্যের সমক্ষে উঁহাকে পদাঘাত করিতে পারিয়াছিলেন ॥১৯॥

রাজা ! আপনি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, তাহা এই বলিলাম। স্থূল কথা—প্রধান মানুষেরাও যুদ্ধে সাত্যকিকে জয় করিতে সমর্থ হন না ॥২০॥

এই যদুবংশীয়েরা যুদ্ধে বহু লক্ষ্য পাইয়াছেন, বিচিত্র যুদ্ধ করিয়া থাকেন, দেব, দানব ও গন্ধর্বদিগকে জয় করিতে পারেন, তাহাতেও বিস্মিত হন না, আপন শক্তিতেই বিপক্ষজয় করিতে সমর্থ এবং পরের শক্তি অবলম্বন করেন না ॥২১॥

ন জ্ঞাতিমবমন্যন্তে বৃদ্ধানাং শাসনে রতাঃ।
ন দেবাসুরগন্ধর্বা ন যক্ষোরগরাক্ষসাঃ।
জেতারো বৃষ্ণিবীরাণাং কিং পুনর্মানবা রণে ॥২৩॥
ব্রহ্মদ্রব্যে গুরুদ্রব্যে জ্ঞাতিস্বে চাপ্যহিংসকাঃ।
এতেষাং রক্ষিতারশ্চ যে স্যুঃ কস্যাঞ্চিদাপদি ॥২৪॥
অর্থবন্তো ন চোৎসিক্তা ব্রহ্মণ্যাঃ সত্যবাদিনঃ।
সর্ব্বথা নাবমন্যন্তে দীনানভ্যুদ্ধরন্তি চ ॥২৫॥
নিত্যং দেবপরা দান্তা দাতারশ্চাবিকত্থনাঃ।
তেন বৃষ্ণিপ্রবীরাণাং চক্রং ন প্রতিহন্যতে ॥২৬॥

ভারতকৌমুদী

নেতি। বৃদ্ধানাং শাসনে রতা ইত্যনেন সৎপথবর্ত্তিত্বং সূচিতম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৩॥
ব্রহ্মেতি। ব্রহ্মদ্রব্যে ব্রাহ্মণধনে। যে স্যুস্তেষাং দ্রব্যে চাহিংসকা ইতি সম্বন্ধঃ ॥২৬॥
অর্থেতি। উৎসিক্তা গর্বিতাঃ, ব্রহ্মণ্যা ব্রাহ্মণহিতকারিণঃ। নাবমন্যন্তে কমপি ॥২৫॥
নিত্যমিতি। দান্তা বিনীতাঃ। অবিকত্থনা অনাত্মশ্লাঘাকারিণঃ। চক্রং সৈন্যম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

অজিত ইতি ॥১—২০॥ পরপরিগ্রহাঃ পরাধীনাঃ ॥২১—২৫॥ চক্রং প্রতাপঃ ॥২৭—২৮॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৫॥

ভরতনন্দন রাজা! জগতে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান কোন যোদ্ধাকেই শক্তিতে বৃষ্ণিবংশীয়দের সমান দেখা যায় না ॥২২॥

যদুবংশীয়েরা জ্ঞাতির অবমাননা করেন না, বৃদ্ধদিগের শাসনে থাকেন এবং দেব, দানব, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস ও নাগেরা ইহাদিগকে যুদ্ধে জয় করিতে পারেন না, তাহাতে মানবগণের কথা আর কি বলিব ॥২৩॥

ইহারা ব্রাহ্মণদ্রব্য, গুরুদ্রব্য, বা জ্ঞাতিদ্রব্যে হিংসা করেন না, কিংবা কোন বিপদে যাহারা ইহাদিগকে রক্ষা করে, তাহাদের দ্রব্যেও হিংসা করেন না ॥২৪॥

ইহারা ধনবান্ অথ চ গর্বিত নহেন এবং ব্রাহ্মণহিতকারী ও সত্যবাদী, আর উঁহারা কোন ব্যক্তিরই অবমাননা করেন না এবং দুঃস্থদিগকে উদ্ধার করেন ॥২৫॥

আর যদুবংশীয়েরা চিরদিন দেবতাভক্ত, বিনীত, দাতা ও অনাত্মশ্লাঘাকারী সেই জন্যই যদুবংশীয়দের সৈন্য কোথাও প্রতিহত হয় না ॥২৬॥

(২৫)···সমর্থান্ নাবমন্যন্তে · ব· নি। (২৬)···দাতারশ্চাবিকত্থনাঃ · ব· নি।

অপি মেরুং বহেৎ কশ্চিত্তরেদ্বা মকরালয়ম্ ।
ন তু বৃষ্ণিপ্রবীরাণাং সমেত্যান্তং ব্রজেন্নৃপ ! ॥২৭॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং যত্র তে সংশয়ো বিভো ! ।
কুরুরাজ ! নরশ্রেষ্ঠ ! তব হ্যপনয়ো মহান্ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে বৃষ্ণিবংশপ্রশংসায়াং পঞ্চবিংশত্যধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——***——

ষড়্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ।

———(ঃ*ঃ)———

ধৃতরাষ্ট্র উবাচ ।

তদবস্থে হতে তস্মিন্ ভূরিশ্রবসি কৌরবে ।
যথা ভূয়োঽভবদ্যুদ্ধং তন্মমাচক্ষ্ব সঞ্জয় ! ॥১॥

ভারতকৌমুদী

অপীতি । মকরালয়ং সমুদ্রম্ । অন্তং যুদ্ধে সমীপম্ ॥২৭॥

এতদিতি । অপনয়ো দুর্নীতিঃ । অত এবায়ং স্বজনক্ষয় ইতি ভাবঃ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

--ঃ০ঃ--

তদিতি । সা প্রায়োপবেশনরূপা অবস্থা যস্য তস্মিন্ । ভূয়ঃ পুনঃ ॥১॥

রাজা ! কোন লোক হয় ত সুমেরুপর্ব্বত বহন করিতে পারে, কিংবা সমদ্র পার হইতে সমর্থ হয় ; কিন্তু যুদ্ধে বৃষ্ণিবংশীয় বীরগণের নিকটে যাইয়া ফিরিয়া যাইতে সমর্থ হয় না ॥২৭॥

প্রভু ! আপনার যে বিষয়ে সন্দেহ ছিল, এই সে সমস্ত বিষয় আপনার নিকট বলিলাম। স্থূল কথা—কুরুরাজ ! নরশ্রেষ্ঠ ! আপনারই গুরুতর দুর্নীতি ॥২৮॥

(২৮) ··তব ব্যপনয়ো মহান্—নি। * '···দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গবৰ্দ্ধ, '··চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

সঞ্জয় উবাচ।

ভূরিশ্রবসি সংক্রান্তে পরলোকায় ভারত!।
বাসুদেবং মহাবাহুরর্জ্জুনঃ সমচূচুদৎ ॥২॥
চোদয়াশ্বান্ ভৃশং কৃষ্ণ! যতো রাজা জয়দ্রথঃ।
প্রতিজ্ঞাং সফলাঞ্চাপি কর্ত্তুমর্হসি মেঽনঘ! ॥৩॥
অস্তমেতি মহাবাহো! ত্বরমাণো দিবাকরঃ।
এতদ্ধি পুরুষব্যাঘ্র! মহদভ্যুদ্যতং ময়া।
কার্য্যং সংরক্ষ্যতে চৈব কুরুসেনামহারথৈঃ ॥৪॥
নাস্তমেতি যথা সূর্য্যো যথা সত্যং ভবেদ্বচঃ।
চোদয়াশ্বাংস্তথা কৃষ্ণ! যথা হন্যাং জয়দ্রথম্ ॥৫॥
ততঃ কৃষ্ণো মহাবাহু রজতপ্রতিমান্ হয়ান্।
হয়জ্ঞশ্চোদয়ামাস জয়দ্রথরথং প্রতি ॥৬॥

ভারতকৌমুদী

ভূরীতি। সংক্রান্তে গতে। সমচূচদৎ প্রেরিতবান্ আদিষ্টবানিত্যর্থঃ ॥২॥

চোদয়েতি। চোদয় প্রেরয়। যতো যত্র বর্ত্তত ইতি শেষঃ ॥৩॥

এতদিতি। অভ্যুদ্যতং কর্ত্তুম্। সংরক্ষ্যতে জয়দ্রথঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

নেতি। বচঃ পূর্ব্বকৃতা প্রতিজ্ঞা। চোদয় প্রেরয়। হন্যাং হন্তুং শক্নুয়াম্ ॥৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! প্রায়োপবিষ্ট কুরুবংশীয় সেই ভূরিশ্রবা নিহত হইলে, পুনরায় যেরূপ যুদ্ধ হইয়াছিল, তাহা আমার নিকট বল' ॥১॥

সঞ্জয় কহিলেন—'ভরতনন্দন! ভূরিশ্রবা পরলোকে গমন করিলে, মহাবাহু অর্জ্জুন কৃষ্ণকে আদেশ করিলেন—॥২॥

'কৃষ্ণ! রাজা জয়দ্রথ যেস্থানে রহিয়াছেন, সেই দিকে ঘোড়াগুলিকে চালাইয়া দাও, নিষ্পাপ! আমার প্রতিজ্ঞা সফল কর ॥৩॥

মহাবাহু পুরুষশ্রেষ্ঠ! সূর্য্য সত্বর অস্ত যাইতেছেন, আমি এই গুরুতর কার্য্য করিতে উদ্যত হইয়াছি, ওদিকেও কৌরবসৈন্যের মহারথেরা জয়দ্রথকে রক্ষা করিতেছেন ॥৪॥

কৃষ্ণ! যাহাতে সূর্য্য অস্ত না যান, যাহাতে আমার প্রতিজ্ঞা সত্য হয় এবং আমি যাহাতে জয়দ্রথকে বধ করিতে পারি, সেইভাবে ঘোড়াগুলিকে চালাও' ॥৫॥

(৩) চোদয়াশ্বান্ হৃষীকেশ! যত্র সৈন্ধবকো নৃপঃ⋯পি। ইতঃ পরং 'শ্রূয়তে পুণ্ডরীকাক্ষ! ত্রিষু ধর্ম্মেষু বর্ত্ততে' ইতি পাঠঃ পি নি। ইতঃ প্রভৃতি পাঠবিপর্য্যয় এব বিদ্যতে।

তং প্রয়ান্তমমোঘেষুমুৎপতদ্ভিরিবাশুগৈঃ।
ত্বরমাণা মহারাজ! সেনামুখ্যাঃ সমাদ্রবন্ ॥৭॥
দুর্য্যোধনশ্চ কর্ণশ্চ বৃষসেনোঽথ মদ্ররাট্।
অশ্বত্থামা কৃপশ্চৈব স্বয়মেব চ সৈন্ধবঃ ॥৮॥ (যুগ্মকম্)
সমাসাদ্য চ বীভৎসুঃ সৈন্ধবং প্রমুখে স্থিতম্।
নেত্রাভ্যাং ক্রোধদীপ্তাভ্যাং সংপ্রৈক্ষন্নির্দহন্নিব ॥৯॥
ততো দুর্য্যোধনো রাজা রাধেয়ং ত্বরিতোঽব্রবীৎ।
অর্জ্জুনং প্রেক্ষ্য সংযান্তং জয়দ্রথরথং প্রতি ॥১০॥
অয়ং স বৈকর্ত্তন! যুদ্ধকালো বিদর্শয়স্বাত্মবলং মহাত্মন্!।
যথা ন বধ্যেত রণেঽর্জ্জুনেন জয়দ্রথঃ কর্ণ! তথা কুরুষ্ব ॥১১॥
অল্পাবশেষো দিবসো নৃবীর! বিঘাতয়স্বাদ্য রিপুং শরৌঘৈঃ।
দিনক্ষয়ং প্রাপ্য নরপ্রবীর! ধ্রুবো হি নঃ কর্ণ! জয়ো ভবিষ্যতি ॥১২॥

ভারতকৌমুদী

তত ইতি। রজতপ্রতিমান্ শুভ্রান্। হয়জ্ঞঃ অশ্বচালনাদিকৌশলবিৎ ॥৬॥
তমিতি। আশুগৈদ্রুতগামিভিরশ্বৈঃ। সমাদ্রবন্নভ্যধাবন্। সৈন্ধবো জয়দ্রথঃ ॥৭—৮॥
সমাসাদ্যেতি। বীভৎসুরর্জ্জুনঃ, প্রমুখে অগ্রতঃ। সংপ্রৈক্ষৎ সংপ্রেক্ষত ॥৯॥
তত ইতি। রাধেয়ং কর্ণম্ ॥১০॥
অয়মিতি। হে বৈকর্ত্তন! কর্ণ! বিদর্শয়স্ব যোধবর্গমিতি শেষঃ ॥১১॥
অল্পেতি। বিঘাতয়স্বেতি স্বার্থে ইন্। ধ্রুবো নিশ্চিতঃ ॥১২॥

তদনন্তর মহাবাহু ও অশ্বকৌশলজ্ঞ কৃষ্ণ জয়দ্রথের রথের দিকে রৌপ্যতুল্য শুভ্রবর্ণ অশ্বগুলিকে চালাইয়া দিলেন ॥৬॥

মহারাজ! অব্যর্থবাণ অর্জ্জুন আসিতে লাগিলে, দুর্য্যোধন, কর্ণ, বৃষসেন, শল্য, অশ্বত্থামা, কৃপ এবং স্বয়ং জয়দ্রথ এই সকল প্রধান যোদ্ধা উড্ডীয়মানের ন্যায় দ্রুতগামী অশ্বগণের গুণে ত্বরান্বিত হইয়া অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৭—৮॥

ওদিকে অর্জ্জুন উপস্থিত হইয়া ক্রোধপ্রদীপ্ত নয়নদ্বারা সম্মুখবর্ত্তী জয়দ্রথকে দগ্ধ করতই যেন দর্শন করিতে লাগিলেন ॥৯॥

তদনন্তর রাজা দুর্য্যোধন অর্জ্জুনকে জয়দ্রথের রথের দিকে যাইতে দেখিয়া ত্বরান্বিত হইয়া কর্ণকে বলিলেন—॥১০॥

'কর্ণ! এই সেই যুদ্ধের সময়। অতএব মহাত্মন্! নিজের শক্তি দেখাও। কর্ণ! যাহাতে অর্জ্জুন যুদ্ধে জয়দ্রথকে বধ করিতে না পারে, তাহা কর ॥১১॥

সৈন্ধবে রক্ষ্যমাণে তু সূর্য্যস্যাস্তমনং প্রতি।
মিথ্যাপ্রতিজ্ঞঃ কৌন্তেয়ঃ প্রবেক্ষ্যতি হুতাশনম্ ॥১৩॥
অনর্জ্জুনায়াঞ্চ ভুবি মুহূর্ত্তমপি মানদ!।
জীবিতুং নোৎসহেরন্ বৈ ভ্রাতরোঽস্য সহানুগাঃ ॥১৪॥
বিনষ্টৈঃ পাণ্ডবেয়ৈশ্চ সশৈলবনকাননাম্।
বসুন্ধরামিমাং কর্ণ! ভোক্ষ্যামো হতকণ্টকাম্ ॥১৫॥
দৈবেনোপহতঃ পার্থো বিপরীতশ্চ মানদ!।
কার্য্যাকার্য্যমজানানঃ প্রতিজ্ঞাং কৃতবান্ রণে ॥১৬॥
নূনমাত্মবিনাশায় পাণ্ডবেন কিরীটিনা।
প্রতিজ্ঞেয়ং কৃতা কর্ণ! জয়দ্রথবধং প্রতি ॥১৭॥

ভারতকৌমুদী

সৈন্ধব ইতি। অস্তমনং প্রতি অস্তগমনং যাবৎ। কৌন্তেয়োঽর্জ্জুনঃ ॥১৩॥
অনর্জ্জুনায়ামিতি। নোৎসহেরন্ শোকান্ন শক্নুয়ুঃ। সহানুগা ধৃষ্টদ্যুম্নাদিভিঃ সহ ॥১৪॥
বিনষ্টৈরিতি। শৈলৈঃ পর্ব্বতৈঃ বনৈররণ্যৈঃ কাননৈরুদ্যানৈশ্চ সহেতি তাম্ ॥১৫॥
দৈবেনেতি। পার্থোঽর্জ্জুনঃ, বিপরীতো বিপরীতবুদ্ধিঃ ॥১৬॥
নূনমিতি। আত্মবিনাশায় প্রতিজ্ঞানুসারেণাগ্নিপ্রবেশাদিত্যাশয়ঃ ॥১৭॥

নরবীর! দিনের অল্পমাত্র অবশিষ্ট আছে। অতএব বাণসমূহদ্বারা শত্রুকে আঘাত করিতে থাক। নরপ্রবীর! দিবাবসান হইয়া গেলে নিশ্চয়ই আমাদের জয় হইবে ॥১২॥

সূর্য্যের অস্তগমনপর্য্যন্ত জয়দ্রথকে রক্ষা করিতে পারিলে, অর্জ্জুনের প্রতিজ্ঞা মিথ্যা হইয়া যাইবে; সুতরাং তখন অর্জ্জুন অগ্নিতে প্রবেশ করিবে ॥১৩॥

মানী জনের সম্মানকারক কর্ণ! পৃথিবীতে অর্জ্জুন না থাকিলে, উহার ভ্রাতারা অনুচরদের সহিত মুহূর্ত্তকালও জীবিত থাকিতে পারিবে না ॥১৪॥

কর্ণ! পাণ্ডবেরা বিনষ্ট হইলে পর্ব্বত, বন ও উদ্যানের সহিত এই নিষ্কণ্টক পৃথিবীটা আমরাই ভোগ করিব ॥১৫॥

কর্ণ! দৈবই অর্জ্জুনকে বিনষ্ট করিয়াছে; তাই উহার বিপরীত বুদ্ধি হইয়াছিল। সুতরাং ও—কর্ত্তব্য বা অকর্ত্তব্য না বুঝিয়া যুদ্ধবিষয়ে প্রতিজ্ঞা করিয়াছে ॥১৬॥

(১৩)…সূর্য্যাস্তগমনং প্রতি…পি। (১৪)…মুহূর্ত্তমিব…পি। (১৬)…কার্য্যাকার্য্যমজ্ঞানন্ বৈ…পি।

কথং জীবতি দুৰ্দ্ধর্ষে ত্বয়ি রাধেয় ! ফাল্গুনঃ।
অনস্তং গত আদিত্যে হন্যাৎ সৈন্ধবকং নৃপম্ ॥১৮॥
রক্ষিতং মদ্ররাজেন কৃপেণ চ মহাত্মনা।
জয়দ্রথং রণমুখে কথং হন্যাদ্ধনঞ্জয়ঃ ॥১৯॥
দ্রৌণিনা রক্ষ্যমাণঞ্চ ময়া দুঃশাসনেন চ।
কথং প্রাপ্স্যতি বীভৎসুঃ সৈন্ধবং কালচোদিতঃ ॥২০॥
যুধ্যন্তে বহবঃ শূরা লম্বতে চ দিবাকরঃ।
শঙ্কে জয়দ্রথং পার্থো নৈব প্রাপ্স্যতি মানদ ! ॥২১॥
স ত্বং কর্ণ ! ময়া সার্দ্ধং শূরৈশ্চান্যৈর্মহারথৈঃ।
দ্রৌণিনা ত্বং হি সহিতো মদ্রেশেন কৃপেণ চ।
যুধ্যস্ব যত্নমাস্থায় পরং পার্থেন সংযুগে ॥২২॥

ভারতকৌমুদী

অথ জয়দ্রথবধে কথমাত্মবিনাশ ইত্যাহ কথমিতি। সৈন্ধবকমিত্যনুকম্পায়াং কঃ ॥১৮॥

রক্ষিতমিতি। হন্যাৎ হন্তুং শক্নুয়াৎ ॥১৯॥

দ্রৌণিনেতি। দ্রৌণিনা অশ্বত্থাম্না। বীভৎসুরর্জ্জুনঃ, কালেন চোদিতো মৃত্যবে প্রেষিতঃ ॥২০॥

যুধ্যন্ত ইতি। লম্বতে পশ্চিমাকাশাৎ স্রংসতে। শঙ্কে মন্যে ॥২১॥

স ইতি। পরমত্যন্তম্, সংযুগে রণস্থলে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

কর্ণ! পাণ্ডুর পুত্র অর্জ্জুন নিশ্চয়ই নিজের বিনাশের জন্য জয়দ্রথবধবিষয়ে এই প্রতিজ্ঞা করিয়াছে ॥১৭॥

রাধানন্দন! তুমি যুদ্ধে দুর্দ্ধর্ষ। সুতরাং তুমি জীবিত থাকিতে, সূর্য্য অস্ত যাইবার পূর্ব্বে কি করিয়া অর্জ্জুন জয়দ্রথকে বধ করিবে ? ॥১৮॥

যুদ্ধের সম্মুখে মদ্ররাজ শল্য এবং মহাত্মা কৃপ জয়দ্রথকে রক্ষা করিতেছেন ; এ অবস্থায় অর্জ্জুন কিপ্রকারে উঁহাকে বধ করিবে ? ॥১৯॥

তা'র পর অশ্বত্থামা, আমি ও দুঃশাসন উঁহাকে রক্ষা করিতেছি। সুতরাং দৈবপ্রেরিত অর্জ্জুন কি করিয়া জয়দ্রথকে পাইবে ? ॥২০॥

কর্ণ! বহু বীর যুদ্ধ করিতেছেন, সূর্য্যও ঝুলিয়া পড়িয়াছেন। অতএব আশা করি—অর্জ্জুন জয়দ্রথকে পাইবেই না ॥২১॥

অতএব কর্ণ! অশ্বত্থামা, শল্য, কৃপ, অন্যান্য মহারথ বীরও আমার সহিত

(২০)…কালদেশিতঃ—পি।

এবমুক্তস্তু রাধেয়স্তব পুত্রেণ মারিষ !।
দুর্য্যোধনমিদং বাক্যং প্রত্যুবাচ কুরূত্তমম্ ॥২৩॥
দৃঢ়লক্ষ্যেণ বীরেণ ভীমসেনেন ধন্বিনা।
ভৃশং ভিন্নতনুঃ সংখ্যে শরজালৈরনেকশঃ ॥২৪॥
স্থাতব্যমিতি তিষ্ঠামি রণে সম্প্রতি মানদ !।
নাঙ্গমিঙ্গতি কিঞ্চিন্মে সন্তপ্তস্য মহেষুভিঃ ॥২৫॥
যোৎস্যামি তু যথাশক্তি ত্বদর্থং জীবিতং মম।
যথা পাণ্ডবমুখ্যোঽসৌ ন হনিষ্যতি সৈন্ধবম্ ॥২৬॥
ন হি মে যুধ্যমানস্য সায়কানস্যতঃ শিতান্।
সৈন্ধবং প্রাপ্স্যতে বীরঃ সব্যসাচী ধনঞ্জয়ঃ ॥২৭॥
যত্তু ভক্তিমতা কার্য্যং সততং হিতকাঙ্ক্ষিণা।
তৎ করিষ্যামি কৌরব্য ! জয়ো দৈবে প্রতিষ্ঠিতঃ ॥২৮॥

ভারতকৌমুদী

এবমিতি। রাধেয়ঃ কর্ণঃ। হে মারিষ ! আর্য্য ! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥২৩॥
দৃঢ়েতি। দৃঢ়ং লক্ষ্যং তত্রাঘাতো যস্য তেন। ভিন্নতনুর্বিদীর্ণদেহঃ ॥২৪॥
স্থাতব্যমিতি। ইঙ্গতি চলতি, সন্তপ্তস্য নিপীড়িতস্য ॥২৫॥
যোৎস্যামীতি। জীবিতং জীবনম্। সৈন্ধবং সিন্ধুরাজং জয়দ্রথম্ ॥২৬॥
নেতি। অস্যতঃ ক্ষিপতঃ, শিতান্ শিলাঘর্ষণেন সুধারান্ ॥২৭॥

মিলিত হইয়া বিশেষ যত্ন অবলম্বন করিয়া তুমি রণস্থলে অর্জ্জুনের সহিত যুদ্ধ কর' ॥২২॥

মাননীয় রাজা ! আপনার পুত্র এইরূপ বলিলে, কর্ণ সেই কৌরবশ্রেষ্ঠকে এই কথা বলিলেন—॥২৩॥

'দৃঢ়াঘাতকারী, বীর ও ধনুর্দ্ধর ভীমসেন অনেক বাণসমূহদ্বারা যুদ্ধে আমার দেহ অত্যন্ত বিদীর্ণ করিয়াছে ॥২৪॥

অতএব রাজা ! থাকিতে হয় বলিয়া আমি এখন যুদ্ধে থাকিতেছি। কিন্তু মহাবাণে বিদীর্ণ হওয়ায় আমার অঙ্গ একটুকুও চলিতেছে না ॥২৫॥

তথাপি আমার জীবন তোমার জন্য বলিয়া শক্তি অনুসারে যুদ্ধ করিব ; যাহাতে পাণ্ডবশ্রেষ্ঠ অর্জ্জুন জয়দ্রথকে বধ করিতে না পারে ॥২৬॥

আমি যুদ্ধে ব্যাপৃত থাকিয়া সুধার বাণসমূহ নিক্ষেপ করিতে থাকিলে, নিশ্চয়ই সব্যসাচী বীর অর্জ্জুন জয়দ্রথকে পাইবে না ॥২৭॥

(২৮)·· জয়ো দৈবে ব্যবস্থিতঃ—পি।

সৈন্ধবার্থে পরং যত্নং করিষ্যাম্যদ্য সংযুগে।
ত্বৎপ্রিয়ার্থং মহারাজ! জয়ো দৈবে প্রতিষ্ঠিতঃ ॥২৯॥
অদ্য যোৎস্যেঽর্জ্জুনমহং পৌরুষং স্বং ব্যপাশ্রিতঃ।
ত্বদর্থং পুরুষব্যাঘ্র! জয়ো দৈবে প্রতিষ্ঠিতঃ ॥৩০॥
অদ্য যুদ্ধং কুরুশ্রেষ্ঠ! মম পার্থস্য চোভয়োঃ।
পশ্যন্তু সর্বসৈন্যানি দারুণং লোমহর্ষণম্ ॥৩১॥
কর্ণকৌরবয়োরেবং রণে সংভাষমাণয়োঃ।
অর্জ্জুনো নিশিতৈর্বাণৈর্জঘান তব বাহিনীম্ ॥৩২॥
চিচ্ছেদ নিশিতৈর্বাণৈঃ শূরাণামনিবর্ত্তিনাম্।
ভুজান্ পরিঘসঙ্কাশান্ হস্তিহস্তোপমান্ রণে ॥৩৩॥
শিরাংসি চ মহাবাহুশ্চিচ্ছেদ নিশিতৈঃ শরৈঃ।
হস্তিহস্তান্ হয়গ্রীবান্ রথাক্ষাংশ্চ সমন্ততঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

যদিতি। ভক্তিমতা স্বামিন্যনুরক্তেন জনেন, কার্য্যং কর্ত্তব্যম্ ॥২৮॥

সৈন্ধবেতি। সৈন্ধবার্থে জয়দ্রথরক্ষার্থে, পরং মহান্তম্ ॥২৯॥

অদ্যেতি। ব্যপাশ্রিতঃ সর্বথাবলম্বিতবান্ ॥৩০॥

অদ্যেতি। পার্থস্য অর্জ্জুনস্য ॥৩১॥

কর্ণেতি। কৌরবো দুর্য্যোধনঃ। সম্ভাষমাণয়োঃ পরস্পরং ব্রুবতোঃ ॥৩২॥

চিচ্ছেদেতি। অনিবর্ত্তিনামপলায়িনাম্। হস্তিহস্তোপমান্ হস্তিশুণ্ডাতুল্যান্ ॥৩৩॥

কৌরবনন্দন! প্রভুর প্রতি অনুরক্ত ও হিতৈষী লোকের সর্ব্বদা যাহা কর্ত্তব্য, তাহা আমি করিব; তবে জয় দৈবের উপরে প্রতিষ্ঠিত ॥২৮॥

মহারাজ! তোমার প্রীতি হইবে বলিয়া জয়দ্রথকে রক্ষা করিবার জন্য আজ আমি যুদ্ধে বিশেষ যত্ন করিব; কিন্তু জয় দৈবের অধীন ॥২৯॥

পুরুষশ্রেষ্ঠ! আজ আমি তোমার জন্য আপন পুরুষকার অবলম্বন করিয়া অর্জ্জুনের সহিত যুদ্ধ করিব; তবে জয় দৈবের উপর নির্ভর করে ॥৩০॥

কৌরবশ্রেষ্ঠ! আজ সমস্ত সৈন্য আমার ও অর্জ্জুনের দারুণ ও লোমহর্ষণ যুদ্ধ দর্শন করুক' ॥৩১॥

মহারাজ! কর্ণ ও দুর্য্যোধন রণস্থলে এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে অর্জ্জুন সুধার বাণসমূহদ্বারা আপনার সৈন্য সংহার করিতে লাগিলেন ॥৩২॥

এবং তিনি নিশিত শরসমূহদ্বারা অপলায়ী বীরগণের পরিঘ ও হস্তিশুণ্ড-তুল্য বাহু সকল ছেদন করিতে থাকিলেন ॥৩৩॥

শোণিতাক্তান্ হয়ারোহান্ গৃহীতপ্রাসতোমরান্।
ক্ষুরৈশ্চিচ্ছেদ বীভৎসুর্দ্বিধৈকৈকং ত্রিধৈব চ ॥৩৫॥
হয়া বারণমুখ্যাশ্চ প্রাপতন্ত সহস্রশঃ।
ধ্বজাশ্ছত্রাণি চাপানি চামরাণি সিতানি চ ॥৩৬॥
কক্ষমগ্নিরিবোদ্ধূতঃ প্রদহংস্তব বাহিনীম্।
অচিরেণ মহীং পার্থশ্চকার রুধিরোত্তরাম্ ॥৩৭॥
হতভূয়িষ্ঠযোধং তৎ কৃত্বা তব বলং বলী।
আসসাদ দুরাধর্ষঃ সৈন্ধবং সত্যবিক্রমঃ ॥৩৮॥
বীভৎসুর্ভীমসেনেন সাত্বতেন চ রক্ষিতঃ।
প্রবভৌ ভরতশ্রেষ্ঠ! জ্বলন্নিব হুতাশনঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

শিরাংসীতি। গ্রীবাশব্দস্য পুংস্ত্বমার্ষম্। রথানামঙ্গান্ চক্রাণি ॥৩৪॥
শোণিতেতি। হয়ারোহান্ অশ্বারোহিণঃ। ক্ষুরৈঃ ক্ষুরপ্রৈঃ, বীভৎসুরর্জ্জুনঃ ॥৩৫॥
হয়া ইতি। বারণমুখ্যা গজশ্রেষ্ঠাঃ। সিতানি শুভ্রাণি ॥৩৬॥
কক্ষমিতি। কক্ষং তৃণরাশিম্। মহীং সমরভূমিম্। রুধিরোত্তরাং রক্তাবৃতাম্ ॥৩৭॥
হতেতি। হতা ভূয়িষ্ঠা বহুলা যোধা যস্য তৎ। বলী অর্জ্জুনঃ ॥৩৮॥
বীভৎসুরিতি। বীভৎসুরর্জ্জুনঃ, সাত্বতেন সাত্যকিনা ॥৩৯॥

আর মহাবাহু অর্জ্জুন সুধার শরসমূহদ্বারা সকল দিকে মস্তক, হস্তিশুণ্ড, অশ্বগ্রীবা ও রথচক্র ছেদন করিতে লাগিলেন ॥৩৪॥

অর্জ্জুন ক্ষুরপ্রদ্বারা রক্তাক্তদেহ এবং প্রাস ও তোমরধারী অশ্বারোহীদের মধ্যে এক এক জনকে দুই দুই ও তিন তিন খণ্ডে ছেদন করিতে থাকিলেন ॥৩৫॥

তৎকালে সহস্র সহস্র অশ্ব, হস্তী, ধ্বজ, ছত্র, ধনু ও শুভ্রবর্ণ চামর পতিত হইতে থাকিল ॥৩৬॥

প্রজ্বলিত অগ্নি যেমন তৃণরাশি দগ্ধ করে, সেইরূপ অর্জ্জুন আপনার সৈন্য দগ্ধ করিতে থাকিয়া অচিরকালমধ্যে সমরভূমিকে রক্তময় করিয়া ফেলিলেন ॥৩৭॥

বলবান্, যথার্থবিক্রমশালী ও দুর্দ্ধর্ষ অর্জ্জুন আপনার সৈন্যের বহুতর যোদ্ধাকে নিহত করিয়া ক্রমে জয়দ্রথের সম্মুখে যাইয়া উপস্থিত হইলেন ॥৩৮॥

ভরতশ্রেষ্ঠ! এই সময়ে অর্জ্জুন—ভীমসেন ও সাত্যকিকর্তৃক রক্ষিত হইয়া প্রজ্বলিত অগ্নির ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৩৯॥

তং তথাবস্থিতং দৃষ্ট্বা ত্বদীয়া বীর্য্যসম্পদা।
নামৃষ্যন্ত মহেষ্বাসাঃ পাণ্ডবং পুরুষর্ষভাঃ ॥৪০॥
দুর্য্যোধনশ্চ কর্ণশ্চ বৃষসেনোঽথ মদ্ররাট্।
অশ্বত্থামা কৃপশ্চৈব স্বয়মেব চ সৈন্ধবঃ ॥৪১॥
সন্নদ্ধাঃ সৈন্ধবস্যার্থে সমাবৃণ্বন্ কিরীটিনম্।
নৃত্যন্তং রথমার্গেষু ধনুর্জ্যাতলনিস্বনৈঃ ॥৪২॥ (যুগ্মকম্)
সংগ্রামকোবিদং পার্থং সর্ব্বে যুদ্ধবিশারদাঃ।
অভীতাঃ পর্য্যবর্ত্তন্ত ব্যাদিতাস্যা ইবান্তকাঃ ॥৪৩॥
সৈন্ধবং পৃষ্ঠতঃ কৃত্বা জিঘাংসন্তোঽচ্যুতার্জ্জুনৌ।
সূর্য্যাস্তমনমিচ্ছন্তো লোহিতায়তি ভাস্করে ॥৪৪॥ (যুগ্মকম্)
তে ভুজৈর্ভোগিভোগাভৈর্ধনূংষ্যানম্য সায়কান্।
মুমুচুঃ সূর্য্যরশ্ম্যাভান্ শতশঃ ফাল্গুনং প্রতি ॥৪৫॥

ভারতকৌমুদী

তমিতি। বীর্য্যসম্পদা শক্তিবাহুল্যেন হেতুনা। নামৃষ্যন্ত নাসহন্ত ॥৪০॥

দুর্য্যোধন ইতি। সৈন্ধবো জয়দ্রথঃ। তলং হস্তাবাপঃ ॥৪১—৪২॥

সংগ্রামেতি। পর্য্যবর্ত্তন্ত পর্য্যবেষ্টন্ত, ব্যাদিতাস্যাঃ প্রকটিতবদনাঃ। সূর্য্যস্য অস্তমনমস্তগমনম্, তদনন্তরমর্জ্জুনমরণাবধারণাদিত্যাশয়ঃ। লোহিতায়তি রক্তবর্ণে সতি ॥৪৩—৪৪॥

তখন অর্জ্জুনকে সেইভাবে অবস্থান করিতে দেখিয়া আপনার পক্ষের মহাধনুর্দ্ধর পুরুষশ্রেষ্ঠেরা শক্তিবাহুল্যবশতঃ আর সহ্য করিলেন না ॥৪০॥

এই সময়ে অর্জ্জুন ধনুর গুণ ও হস্তাবরণের শব্দের সঙ্গে সঙ্গে তাঁহার রথপথে যেন নৃত্য করিতেছিলেন। সেই অবস্থায় যুদ্ধসজ্জায় সজ্জিত দুর্য্যোধন, কর্ণ, বৃষসেন, শল্য, অশ্বত্থামা ও কৃপ ইঁহারা যাইয়া জয়দ্রথকে রক্ষা করিবার জন্য অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন এবং জয়দ্রথও তাঁহাদের পিছনে অগ্রসর হইলেন ॥৪১—৪২॥

তখন সূর্য্য রক্তবর্ণ হইয়া উঠিয়াছিলেন। তাই তাঁহার অস্তগমন ইচ্ছা করিয়া কিংবা কৃষ্ণ ও অর্জ্জুনকে বধ করিবার কামনা করিয়া জয়দ্রথকে পিছনে রাখিয়া সেই যুদ্ধবিশারদেরা সকলে নির্ভয়চিত্তে প্রকটিতমুখ যমসমূহের ন্যায় যাইয়া যুদ্ধদক্ষ অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন ॥৪৩—৪৪॥

তাঁহারা বিশাল-সর্প-শরীর-তুল্য বাহুদ্বারা আপন আপন ধনু আকর্ষণ

(৪০)··ফাল্গুনং পুরুষর্ষভাঃ—পি। (৪৩)···ব্যাদিতাস্যমিবান্তকম্—ব।

তানস্তানস্যমানাংশ্চ কিরীটী যুদ্ধদুর্ম্মদঃ।
দ্বিধা ত্রিধাষ্টধৈকৈকং ছিত্ত্বা বিব্যাধ তান্ রথান্ ॥৪৬॥
সিংহলাঙ্গূলকেতুস্তু দর্শয়ন্ বীর্য্যমাত্মনঃ।
শারদ্বতীসুতো রাজন্নর্জ্জুনং প্রত্যবারয়ৎ ॥৪৭॥
স বিদ্ধা দশভিঃ পার্থং বাসুদেবঞ্চ সপ্তভিঃ।
অতিষ্ঠদ্রথমার্গেষু সৈন্ধবং প্রতিপালয়ন্ ॥৪৮॥
অথৈনং কৌরবশ্রেষ্ঠাঃ সর্ব এব সমন্ততঃ।
মহতা রথবংশেন সর্ব্বতঃ পর্য্যবারয়ন্ ॥৪৯॥
বিস্ফারয়ন্তশ্চাপানি বিসৃজন্তশ্চ সায়কান্।
সৈন্ধবং প্রত্যরক্ষন্ত শাসনাত্তনয়স্য তে ॥৫০॥

ভারতকৌমুদী

ত ইতি। ভোগিভোগাভৈর্ব্বৃহৎসর্পশরীরতুল্যৈঃ। আনম্য আকৃষ্য ॥৪৫॥

তানিতি। অস্তান্ ক্ষিপ্তান্, অস্যমানান্ ক্ষিপ্যমাণান্। ছিত্ত্বা লঘুহস্ততাতিশয়াৎ ॥৪৬॥

সিংহেতি। শারদ্বতীসুতঃ কৃপঃ ॥৪৭॥

স ইতি। পার্থমর্জ্জুনম্। রথমার্গেষু অর্জ্জুনস্যৈব ॥৪৮॥

অথেতি। রথানাং বংশেন সমূহেন, পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টয়ন্ ॥৪৯॥

বিস্ফারয়ন্ত ইতি। সৈন্ধবং জয়দ্রথম্, শাসনাদাদেশাৎ, তনয়স্য দুর্য্যোধনস্য ॥৫০॥

করিয়া অর্জ্জুনের প্রতি সূর্য্যরশ্মির তুল্য উজ্জ্বল শত শত বাণ নিক্ষেপ করিতে লাগিলেন ॥৪৫॥

তখন যুদ্ধদুর্দ্ধর্ষ অর্জ্জুন সেই ক্ষিপ্ত ও ক্ষিপ্যমাণ বাণসমূহের মধ্যে এক একটাকে দুই, তিন বা আট আট খণ্ডে ছেদন করিয়া সেই রথিগণকে বিদ্ধ করিতে থাকিলেন ॥৪৬॥

রাজা! ক্রমে সিংহলাঙ্গূলধ্বজ কৃপাচার্য্য আপন শক্তি দেখাইবার ইচ্ছা করিয়া অর্জ্জুনকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪৭॥

তিনি দশটা বাণদ্বারা অর্জ্জুনকে এবং সাতটা বাণদ্বারা কৃষ্ণকে বিদ্ধ করিয়া জয়দ্রথকে রক্ষা করতঃ অর্জ্জুনের রথপথে অবস্থান করিলেন ॥৪৮॥

তদনন্তর কৌরবশ্রেষ্ঠেরা সকলেই সকল দিক্ হইতে যাইয়া বিশাল রথসমূহদ্বারা সমস্ত দিকে অর্জ্জুনকে বেষ্টন করিলেন ॥৪৯॥

তাঁহারা আপনার পুত্রের আদেশে ধনু বিস্ফারিত করিয়া বাণক্ষেপ করিতে থাকিয়া জয়দ্রথকে রক্ষা করিতে লাগিলেন ॥৫০॥

(৪৬) ··ভিত্ত্বা বিব্যাধ বা নি। (৪৯)···সর্ব্ব এব মহারথাঃ নি, সর্ব্বতঃ প্রত্যবারয়ন্—বা নি।

ততঃ পার্থস্য শূরস্য বাহ্বোর্বলমদৃশ্যত।
ইষুধ্যোরক্ষয়ত্বঞ্চ ধনুষো গাণ্ডিবস্য চ ॥৫১॥
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য দ্রৌণেঃ শারদ্বতস্য চ।
একৈকং দশভির্বাণৈঃ সর্ব্বানেব সমার্পয়ৎ ॥৫২॥
তং দ্রৌণিঃ পঞ্চবিংশত্যা বৃষসেনশ্চ সপ্তভিঃ।
দুর্য্যোধনশ্চ সপ্তত্যা কর্ণশ্চ দশভিঃ শরৈঃ ॥৫৩॥
ত এনমভিগর্জ্জন্তো বিধ্যন্তশ্চ পুনঃ পুনঃ।
বিধুন্বন্তশ্চ চাপানি সর্ব্বতঃ পর্য্যবারয়ন্ ॥৫৪॥
শ্লিষ্টঞ্চ সর্ব্বতশ্চক্রু রথমণ্ডলমাশু তে।
সূর্য্যাস্তমনমিচ্ছন্তস্ত্বরমাণা মহারথাঃ ॥৫৫॥
ত এনমভিনর্দ্দন্তো বিধুন্বানা ধনূংষি চ।
সিষিচুর্ম্মার্গণৈস্তীক্ষ্ণৈর্গিরিং মেঘা ইবাম্বুভিঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

তত ইতি। পার্থস্য অর্জ্জুনস্য। ইষুধ্যোস্তূণয়োঃ। গাণ্ডিবস্যেতি হ্রস্বমধ্যত্বমপি ॥৫১॥
অস্ত্রৈরিতি। দ্রৌণেরশ্বত্থাম্নঃ, শারদ্বতস্য কৃপস্য। সমার্পয়দপীড়য়দর্জ্জুনঃ ॥৫২॥
তমিতি। অত্র সর্বত্র সমার্পয়দিত্যনুবৃত্তিঃ ॥৫৩॥
ত ইতি। অভি লক্ষ্যীকৃত্য। বিধুন্বন্তশ্চালয়ন্তঃ ॥৫৪॥
শ্লিষ্টমিতি। শ্লিষ্টম্ অর্জ্জুনরথেন সহ সংসক্তম্। সূর্য্যাস্য অস্তমনমস্তগমনম্ ॥৫৫॥

তাহার পর বীর অর্জ্জুনের বাহুবল এবং তাঁহার তূণ দুইটার ও গাণ্ডীবধনুর অক্ষয়ত্ব আমরা দেখিতে লাগিলাম ॥৫১॥

অর্জ্জুন অস্ত্রদ্বারা অশ্বত্থামা ও কৃপাচার্য্যের অস্ত্র নিবারণ করিয়া দশ দশটা বাণদ্বারা এক এক করিয়া সকলকেই পীড়ন করিলেন ॥৫২॥

পরে অশ্বত্থামা পঁচিশটা, বৃষসেন সাতটা, দুর্য্যোধন সত্তরটা এবং কর্ণ দশটা বাণদ্বারা অর্জুনকে তাড়ন করিলেন ॥৫৩॥

ক্রমে গর্জন, বার বার তাড়ন ও ধনু সঞ্চালন করিতে থাকিয়া তাঁহারা সকল দিকে অর্জুনকে বেষ্টন করিলেন ॥৫৪॥

পরে সেই মহারথেরা সূর্য্যের অস্তগমন ইচ্ছা করিয়া ত্বরান্বিত হইয়া আপনাদের রথগুলিকে সকল দিকে অর্জুনের রথের সহিত সংলগ্ন করিলেন ॥৫৫॥

(৫১) ইষুণামক্ষয়ত্বঞ্চ···বা নি। (৫৩)···দুর্য্যোধনশ্চ বিংশত্যা কর্ণশল্যৌ ত্রিভিস্ত্রিভিঃ—বা নি।

তে মহাস্ত্রাণি দিব্যাণি তত্র রাজন্! ব্যদর্শয়ন্।
ধনঞ্জয়স্য গাত্রেষু শূরাঃ পরিঘবাহবঃ ॥৫৭॥
তং কর্ণঃ সংযুগে রাজন্! প্রত্যবারয়দাশুগৈঃ।
মিষতো ভীমসেনস্য সাত্বতস্য চ ভারত! ॥৫৮॥
তং পার্থো দশভির্বাণৈঃ প্রত্যবিধ্যদ্রণাজিরে।
সূতপুত্রং মহাবাহুঃ সর্ব্বসৈন্যস্য পশ্যতঃ ॥৫৯॥
সাত্বতশ্চ ত্রিভির্ব্বাণৈঃ কর্ণং বিব্যাধ মারিষ!।
ভীমসেনস্ত্রিভিশ্চৈব পুনঃ পার্থশ্চ সপ্তভিঃ ॥৬০॥
তান্ কর্ণঃ প্রতিবিব্যাধ ষষ্ট্যা ষষ্ট্যা মহারথঃ।
তদ্যুদ্ধমভবদ্রাজন্! কর্ণস্য বহুভিঃ সহ ॥৬১॥

ভারতকৌমুদী

ত ইতি। বিধুন্বানাশ্চালয়ন্তঃ। সিষিচুঃ প্রজহ্রুরাদ্রীচক্রুশ্চ, মার্গ নৈর্বাণৈঃ ॥৫৬॥
ত ইতি। দিব্যানি স্বর্গীয়াণি ব্রাহ্মাদীনি। পরিঘা ইব বাহবো যেষাং তে ॥৫৭॥
তমিতি। আশুগৈর্বাণৈঃ। মিষতঃ পশ্যতঃ, সাত্বতস্য সাত্যকেঃ ॥৫৮॥
তমিতি। পার্থোঽর্জ্জুনঃ। রণাজিরে সমরাঙ্গনে ॥৫৯॥
সাত্বত ইতি। হে মারিষ! আর্য্য!। "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥৬০॥
তানিতি। ষষ্ট্যা ষষ্ট্যা বাণৈরিতি শেষঃ ॥৬১॥

তাঁহারা গর্জন ও ধনু সঞ্চালন করতঃ—মেঘ যেমন জলদ্বারা পর্ব্বত সিক্ত করে, সেইরূপ তীক্ষ্ণ বাণসমূহদ্বারা অর্জ্জুনকে প্রহার করিতে লাগিলেন ॥৫৬॥

রাজা! পরিঘের (মুদ্গরবিশেষের) ন্যায় বাহুশালী সেই বীরেরা অর্জ্জুনের গাত্রে দিব্য অস্ত্র সকল দেখাইতে থাকিলেন ॥৫৭॥

ভরতনন্দন রাজা! কর্ণ ভীমসেন ও সাত্যকির সমক্ষে বাণদ্বারা অর্জ্জুনকে বারণ করিতে লাগিলেন ॥৫৮॥

তখন মহাবাহু অর্জ্জুন সমরাঙ্গনে সমস্ত সৈন্যের সমক্ষে দশটা বাণদ্বারা কর্ণকে প্রতিবিদ্ধ করিলেন ॥৫৯॥

মাননীয় রাজা! ক্রমে সাত্যকি তিনটা, ভীমসেন তিনটা এবং অর্জ্জুন পুনরায় সাতটা বাণদ্বারা কর্ণকে তাড়ন করিলেন ॥৬০॥

রাজা! পরে মহারথ কর্ণ ষাট্ ষাট্টা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে

(৫৭) ইতঃ পরম্ 'হতভূয়িষ্ঠযোধং তৎ কৃত্বা তব বলং বলী। আসসাদ দুরাধর্ষঃ সৈন্ধবং সত্যবিক্রমঃ ॥' ইত্যধিকঃ শ্লোকঃ বর্দ্ধ বা নি, অবিকলং পূর্ব্বমুক্তত্বাৎ পুনরুক্তেঃ।

তত্রাদ্ভুতমপশ্যাম সূতপুত্রস্য মারিষ ! ।
যদেকঃ সমরে ক্রুদ্ধস্ত্রীন্ রথান্ প্রত্যবারয়ৎ ॥৬২॥
ফাল্গুনস্তু মহাবাহুঃ কর্ণং বৈকর্ত্তনং রণে ।
সায়কানাং শতেনৈব সর্ব্বমর্ম্মস্বতাড়য়ৎ ॥৬৩॥
রুধিরোক্ষিতসর্ব্বাঙ্গঃ সূতপুত্রঃ প্রতাপবান্ ।
শরৈঃ পঞ্চাশতা বীরঃ ফাল্গুনং প্রত্যবিধ্যত ।
তস্য তল্লাঘবং দৃষ্ট্বা নামৃষ্যত রণেঽর্জ্জুনঃ ॥৬৪॥
ততঃ পার্থো ধনুশ্ছিত্ত্বা বিব্যাধৈনং স্তনান্তরে ।
সায়কৈর্নবভির্বীরস্ত্বরমাণো ধনঞ্জয়ঃ ॥৬৫॥
বধার্থং তস্য সমরে সায়কং সূর্য্যবর্চ্চসম্ ।
চিক্ষেপ ত্বরয়া যুক্তস্ত্বরাকালে ধনঞ্জয়ঃ ॥৬৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। অদ্ভুতং যুদ্ধনৈপুণ্যম্। ত্রীন্ ভীমার্জ্জুনসাত্যকীন্, রথান্ রথিনঃ ॥৬২॥
ফাল্গুন ইতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ। বৈকর্ত্তনং বিকর্ত্তনস্য সূর্য্যস্য পুত্রম্ ॥৬৩॥
রুধিরেতি। লাঘবং দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্, নামৃষ্যত নাসহত। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৪॥
তত ইতি। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥৬৫॥
বধেতি। ত্বরাকালে, সূর্য্যাস্তাস্তোন্মুখতয়া দ্রুতজয়দ্রথবধাবশ্যকত্বাদিতি ভাবঃ ॥৬৬॥

প্রতিবিদ্ধ করিলেন। তখন বহুবীরের সহিত এক কর্ণের সেই যুদ্ধ হইতে লাগিল ॥৬১॥

মাননীয় রাজা ! তখন আমরা কর্ণের অদ্ভুত যুদ্ধনৈপুণ্য দেখিতে লাগিলাম। যে হেতু এক কর্ণ ক্রুদ্ধ হইয়া তিন জন রথীকে বারণ করিতে থাকিলেন ॥৬২॥

ক্রমে মহাবাহু অর্জুন একশত বাণদ্বারা সূর্য্যনন্দন কর্ণের সমস্ত মর্ম্মস্থানে তাড়ন করিলেন ॥৬৩॥

তখন কর্ণের সমস্ত অঙ্গ রক্তে সিক্ত হইয়া গেল ; তথাপি প্রতাপশালী বীর কর্ণ পঞ্চাশটা বাণদ্বারা অর্জুনকে প্রতিবিদ্ধ করিলেন। কিন্তু কর্ণের সেই লঘুহস্ততা দেখিয়া অর্জুন সহ্য করিলেন না ॥৬৪॥

তদনন্তর পৃথানন্দন বীর অর্জুন কর্ণের ধনু ছেদন করিয়া ত্বরান্বিত হইয়া নয়টা বাণদ্বারা তাঁহার বক্ষস্থলে আঘাত করিলেন ॥৬৫॥

পরে অর্জুন সেই ত্বরার সময়ে আরও ত্বরান্বিত হইয়া কর্ণকে বধ করিবার জন্য সূর্য্যের ন্যায় উজ্জ্বল একটা বাণ নিক্ষেপ করিলেন ॥৬৬॥

তমাপতন্তং বেগেন দ্রৌণিশ্চিচ্ছেদ সায়কম্।
অর্দ্ধচন্দ্রেণ তীক্ষ্ণেন স ভিন্নঃ প্রাপতদ্ভুবি ॥৬৭॥
অথান্যদ্ধনুরাদায় সূতপুত্রঃ প্রতাপবান্।
সায়কৈর্ব্বহুসাহস্রৈশ্ছাদয়ামাস পাণ্ডবম্ ॥৬৮॥
তাং বাণবৃষ্টিমতুলাং কর্ণচাপসমুত্থিতাম্।
ব্যধমৎ সায়কৈঃ পার্থঃ শলভানিব মারুতঃ ॥৬৯॥
ছাদয়ামাস স চ তং সায়কৈরর্জ্জুনো রণে।
পশ্যতাং সর্ব্বসৈন্যানাং দর্শয়ন্ পাণিলাঘবম্ ॥৭০॥
কর্ণোঽপি দ্বিষতাং হন্তা চ্ছাদয়ামাস ফাল্গুনম্।
সায়কৈর্ব্বহুসাহস্রৈঃ কৃতপ্রতিকৃতেপ্সয়া ॥৭১॥
তৌ বৃষাবিব নর্দ্দন্তৌ নরসিংহৌ মহারথৌ।
সায়কৌঘপ্রতিচ্ছন্নং চক্রতুঃ খমজিহ্মগৈঃ।
অদৃশ্যৌ চ শরৌঘৈস্তৌ ন্যহতামিতরেতরম্ ॥৭২॥

ভারতকৌমুদী

তমিতি। দ্রৌণিরশ্বত্থামা। অর্দ্ধচন্দ্রেণ বাণেন। ভিন্নশ্ছিন্নঃ।৬৭॥
অথেতি। পাণ্ডবমর্জ্জুনম্, তৎপ্রস্তাবাৎ ॥৬৮॥
তামিতি। ব্যধমৎ ব্যনাশয়ৎ। শলভান্ পতঙ্গান্, মারুতো বেগবান্ বায়ুঃ ॥৬৯॥
ছাদয়ামাসেতি। পাণিলাঘবম্ অস্ত্রক্ষেপে হস্তস্য শীঘ্রতাম্ ॥৭০॥
কর্ণ ইতি। কৃতস্য প্রহারস্য প্রতিকৃতং প্রতিপ্রহারস্তস্য ঈপ্সয়া ইচ্ছয়া ॥৭১॥

সেই বাণটা বেগে আসিতে লাগিলে, অশ্বত্থামা একটা তীক্ষ্ণ অর্দ্ধচন্দ্রবাণদ্বারা সেই বাণটাকে ছেদন করিলেন; তখন তাহা ছিন্ন হইয়া ভূতলে পতিত হইল ॥৬৭॥

তাহার পর প্রতাপশালী কর্ণ অন্য ধনু লইয়া বহুসহস্র বাণদ্বারা অর্জ্জুনকে আবৃত করিয়া ফেলিলেন ॥৬৮॥

তখন বেগবান্ বায়ু যেমন পতঙ্গসমূহকে অপসারিত করে, সেইরূপ অর্জ্জুন বাণদ্বারা কর্ণকার্ম্মুকসম্পাদিত সেই অতুলনীয় বাণবৃষ্টি বিনষ্ট করিলেন ॥৬৯॥

এবং অর্জ্জুন লঘুহস্ততা দেখাইতে থাকিয়া বাণদ্বারা সমস্ত সৈন্যের সমক্ষে কর্ণকে আবৃত করিয়া ফেলিলেন ॥৭০॥

আবার শত্রুহন্তা কর্ণও প্রহারের প্রতিপ্রহার করিবার ইচ্ছায় বহুসহস্র বাণদ্বারা অর্জ্জুনকে আবৃত করিলেন ॥৭১॥

(৬৮)…সায়কৈরষ্টসাহস্রৈঃ…বা নি। (৬৯) তাং শস্ত্রবৃষ্টিম্… পি বঙ্গ বর্দ্ধ।

কর্ণ ! পার্থোঽস্মি তিষ্ঠস্ব কর্ণোঽহং তিষ্ঠ ফাল্গুন ! ।
ইত্যেবং তর্জয়ন্তৌ তৌ বাক্‌শল্যৈস্তুদতাং তদা ॥৭৩॥
যুধ্যতাং সমরে বীরৌ চিত্রং লঘু চ সুষ্ঠু চ ।
প্রেক্ষণীয়াবভবতাং সর্ব্বযোধসমাগমে ॥৭৪॥
প্রশস্যমানৌ সমরে সিদ্ধচারণপন্নগৈঃ ।
অযুধ্যেতাং মহারাজ ! পরস্পরবধৈষিণৌ ॥৭৫॥
ততো দুর্য্যোধনো রাজংস্তাবকানভ্যভাষত ।
যত্তা রক্ষত রাধেয়ং নাহত্বা সমরেঽর্জ্জুনম্ ।
নিবর্ত্তিষ্যতি রাধেয় ইতি মামুক্তবান্ বৃষঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

তাবিতি । অজিহ্মগৈঃ সরলগামিভিঃ শরৌঘৈঃ । হৃহতামাহতবন্তৌ । ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭২॥

কর্ণেতি । তুদতাম্ অব্যথয়তাম্ । অড়াগমাভাব আর্যঃ ॥৭৩॥

যুধ্যতামিতি । যুধ্যতাম্ অযুধ্যেতাম্ । অত্রাপ্যড়ভাবঃ পরস্মৈপদঞ্চার্যে ॥৭৪॥

প্রশস্যেতি । সিদ্ধচারণপন্নগৈর্গগনবর্ত্তিভিঃ ।৭৫॥

তত ইতি । যত্তা যূয়ং যত্নবন্তঃ । বৃষঃ কর্ণঃ । ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৬॥

নরশ্রেষ্ঠ ও মহারথ কর্ণ ও অর্জুন দুইটা বৃষের ন্যায় গর্জন করিতে থাকিয়া আকাশটাকে বাণসমূহে আচ্ছন্ন করিলেন এবং তাঁহারা সরলগামী বাণসমূহে অদৃশ্য থাকিয়া পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৭২॥

তাঁহারা তর্জন করিতে থাকিয়া 'কর্ণ ! থাক, আমি অর্জুন এবং অর্জুন ! থাক, আমি কর্ণ' এইরূপ বাক্‌শল্যদ্বারা পরস্পর ব্যথিত করিতে থাকিলেন ॥৭৩॥

ক্রমে সেই বীরেরা দুই জন বিচিত্র, দ্রুত ও সুন্দর যুদ্ধ করিতে থাকিলেন এবং সমস্তযোদ্ধৃসম্মেলনে তাঁহারাই দর্শনীয় হইলেন ॥৭৪॥

মহারাজ ! তাঁহারা পরস্পর বধাভিলাষী হইয়া যুদ্ধ করিতে লাগিলেন ; তখন আকাশবর্ত্তী সিদ্ধ, চারণ ও নাগেরা তাঁহাদের প্রশংসা করিতে থাকিলেন ॥৭৫॥

রাজা ! তদনন্তর দুর্য্যোধন আপনার পক্ষের যোদ্ধাদিগকে বলিলেন—'আপনারা যত্নবান্ হইয়া কর্ণকে রক্ষা করুন ; কর্ণ যুদ্ধে অর্জুনকে বধ না করিয়া ফিরিবেন না ; ইহা কর্ণই আমাকে বলিয়াছেন' ॥৭৬॥

(৭৫)···সিদ্ধচারণবার্তিকৈঃ··· পি বর্দ্ধ।

এতস্মিন্নন্তরে রাজন্! দৃষ্ট্বা কর্ণস্য বিক্রমম্।
আকর্ণমুক্তৈরিষুভিঃ কর্ণস্য চতুরো হয়ান্।
অনয়ৎ প্রেতলোকায় চতুর্ভিঃ শ্বেতবাহনঃ ॥৭৭॥
সারথিঞ্চাস্য ভল্লেন রথনীড়াদপাতয়ৎ।
ছাদয়ামাস চ শরৈস্তব পুত্রস্য পশ্যতঃ ॥৭৮॥
স চ্ছাদ্যমানঃ সমরে হতাশ্বো হতসারথিঃ।
মোহিতঃ শরজালেন কর্ত্তব্যং নাভ্যপদ্যত ॥৭৯॥
তং তথা বিরথং দৃষ্ট্বা রথমারোপ্য তং তদা।
অশ্বত্থামা মহারাজ! ভূয়োঽর্জ্জুনমযোধয়ৎ ॥৮০॥
মদ্ররাজশ্চ কৌন্তেয়মবিধ্যত্ত্রিংশতা শরৈঃ।
শারদ্বতস্তু বিংশত্যা বাসুদেবং সমার্পয়ৎ ॥৮১॥
ধনঞ্জয়ং দ্বাদশভিরাজঘান শিলীমুখৈঃ।
চতুর্ভিঃ সিন্ধুরাজশ্চ বৃষসেনশ্চ সপ্তভিঃ।
পৃথক্ পৃথঙ্ মহারাজ! বিব্যধুঃ কৃষ্ণপাণ্ডবৌ ॥৮২॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। আকর্ণমুক্তৈরাকর্ণাকৃষ্টকার্ম্মুকনিক্ষিপ্তৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৭॥
সারথিমিতি। অপাতয়ৎ শ্বেতবাহন এব। ছাদয়ামাস কর্ণম্ ॥৭৮॥
স ইতি। নাভ্যপদ্যত অবধারয়িতুং নাশক্নোৎ ॥৭৯॥
তমিতি। তং কর্ণম্। ভূয়ঃ পুনঃ ॥৮০॥
মদ্রেতি। কৌন্তেয়মর্জ্জুনম্। শারদ্বতঃ কৃপঃ। সমার্পয়দপীড়য়ৎ ॥৮১॥

রাজা! এই সময়ে অর্জ্জুন কর্ণের বিক্রম দেখিয়া কর্ণপর্য্যন্ত ধনু আকর্ষণ করিয়া চারিটা বাণদ্বারা কর্ণের চারিটা অশ্বকে বধ করিলেন ॥৭৭॥

এবং তিনি একটা ভল্লদ্বারা কর্ণের সারথিকে রথ হইতে নিপাতিত করিলেন, আর দুর্য্যোধনের সমক্ষেই বাণদ্বারা কর্ণকে আবৃত করিয়া ফেলিলেন ॥৭৮॥

অশ্ব ও সারথি নিহত এবং শরজালদ্বারা নিজে আবৃত হওয়ায় কর্ণ মোহিত হইয়া কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥৭৯॥

মহারাজ! তখন অশ্বত্থামা কর্ণকে রথবিহীন দেখিয়া তাঁহাকে নিজের রথে তুলিয়া লইয়া পুনরায় অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৮০॥

এই সময়ে শল্য ত্রিশটা বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিলেন এবং কৃপ কুড়িটা শরদ্বারা কৃষ্ণকে তাড়ন করিলেন ॥৮১॥

তথৈব তান্ প্রত্যবিধ্যৎ কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
দ্রোণপুত্রং চতুঃষষ্ট্যা মদ্ররাজং শতেন চ ॥৮৩॥
সৈন্ধবং দশভির্ব্বাণৈর্বৃষসেনং ত্রিভিঃ শরৈঃ।
শারদ্বতঞ্চ বিংশত্যা বিদ্ধা পার্থো ননাদ হ ॥৮৪॥ (যুগ্মকম্)
তে প্রতিজ্ঞাপ্রতীঘাতমিচ্ছন্তঃ সব্যসাচিনঃ।
সহিতাস্তাবকাস্তূর্ণমভিপেতুর্ধনঞ্জয়ম্ ॥৮৫॥
অথার্জ্জুনঃ সর্ব্বতো বারুণাস্ত্রং প্রাদুশ্চক্রে ত্রাসয়ন্ ধার্ত্তরাষ্ট্রান্।
তং প্রত্যুদীয়ুঃ কুরবঃ পাণ্ডুপুত্রং রথৈর্মহার্হৈঃ শরবর্ষাণ্যবর্ষন্ ॥৮৬॥

ভারতকৌমুদী

ধনঞ্জয়মিতি। দ্বাদশভিঃ শারদ্বত এব। বিব্যধুঃ সর্ব এব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮২॥
তথেতি। চতুঃষষ্ট্যা শতেন চ বাণৈরিতি পরেণ সম্বন্ধঃ। পার্থোঽর্জ্জুনঃ ॥৮৩—৮৪॥
ত ইতি। প্রতিজ্ঞাপ্রতীঘাতং যুদ্ধবিধানাৎ সূর্য্যাস্তপর্য্যন্তবিলম্বেনেত্যাশয়ঃ ॥৮৫॥
অথেতি। প্রত্যুদীয়ুঃ প্রতিযযুঃ। মহার্হৈর্মহামূল্যৈঃ ॥৮৬॥

পরে আবার কৃপ বারটা, জয়দ্রথ চারিটা ও বৃষসেন সাতটা বাণদ্বারা অর্জ্জুনকে আঘাত করিলেন। মহারাজ! তৎপরে আবার তাঁহারা পৃথক্ পৃথক্ ভাবে কৃষ্ণ ও অর্জ্জুনকে বিদ্ধ করিতে থাকিলেন ॥৮২॥

কুন্তীনন্দন অর্জ্জুনও সেইভাবেই তাঁহাদিগকে প্রতিবিদ্ধ করিলেন। ক্রমে তিনি চৌষট্টিটা বাণদ্বারা অশ্বত্থামাকে, একশতদ্বারা শল্যকে, দশটাদ্বারা জয়দ্রথকে, তিনটাদ্বারা বৃষসেনকে এবং কুড়িটা বাণদ্বারা কৃপাচার্য্যকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিলেন ॥৮৩—৮৪॥

মহারাজ! পরে আপনার পক্ষের সেই যোদ্ধারা অর্জ্জুনের প্রতিজ্ঞার ব্যাঘাত করিবার ইচ্ছা করিয়া সত্বর মিলিত হইয়া অর্জ্জুনের উপরে যাইয়া পতিত হইলেন ॥৮৫॥

তাহার পর অর্জ্জুন আপনার যোদ্ধাদের ভয় জন্মাইবার জন্য সকল দিকে বারুণাস্ত্র আবিষ্কার করিলেন। তথাপি কৌরবেরা মহামূল্য রথে আরোহণ করিয়া অর্জ্জুনের দিকে যাইতে লাগিলেন এবং বাণবর্ষণ করিতে থাকিলেন ॥৮৬॥

(৮৬)···সর্ব্বতো ধারমস্ত্রম্···পি বঙ্গ বর্দ্ধ,···শরবর্ষং সৃজন্তঃ—নি।

ততস্তু তস্মিংস্তুমুলে সমুত্থিতে সুদারুণে ভারত! মোহনীয়ে।
নামুহ্যত প্রাপ্য স রাজপুত্রঃ কিরীটমালী বিসৃজন্ শরৌঘান্ ॥৮৭॥
রাজ্যপ্রেপ্সুঃ সব্যসাচী কুরূণাং স্মরন্ ক্লেশান্ দ্বাদশবর্ষবৃত্তান্।
গাণ্ডীবমুক্তৈরিষুভির্মহাত্মা সর্বা দিশো ব্যাবৃণোদপ্রমেয়ঃ ॥৮৮॥
প্রদীপ্তোল্কমভবচ্চান্তরীক্ষং মৃতেষু দেহেষ্বপতন্ বয়াংসি।
যৎ পিঙ্গলজ্যেন কিরীটমালী ক্রুদ্ধো রিপূনাজগবেন হন্তি ॥৮৯॥
কিরীটমালী মহতা মহাযশাঃ শরাসনেনাস্য শরাননীকজিৎ।
হয়প্রবেকোত্তমনাগধূর্গতান্ কুরুপ্রবীরানিষুভির্ন্যপাতয়ৎ ॥৯০॥

ভারতকৌমুদী

তত ইতি। তস্মিন্ অস্ত্রসমূহে। মোহনীয় ইতি কর্ত্তানীয়ঃ। প্রাপ্য তদস্ত্রচয়ম্ ॥৮৭॥
রাজ্যেতি। ব্যাবৃণোৎ ব্যাপ্নোৎ, অপ্রমেয়ঃ অজ্ঞেয়প্রভাবঃ ॥৮৮॥
প্রেতি। প্রদীপ্তা উল্কা যত্র তদিব। বয়াংসি পক্ষিণঃ। পিঙ্গলা জ্যা গুণো যস্য তেন। আজগবং হরধনুস্তেন তত্তুল্যেন গাণ্ডীবেনেত্যর্থঃ, হন্তি স্ম ॥৮৯॥

ভারতভাবদীপঃ

তদবস্থ ইতি ॥১—৫॥ হয়জ্ঞঃ হযহৃদয়জ্ঞঃ ॥৬—১৫॥ উপহতো মোহিতঃ, বিপরীতোঽন্যথাভূতপ্রকৃতিঃ ॥১৬—২৩॥ দৃঢ়লক্ষ্যেণ দৃঢ়প্রহারেণ ॥২৪—২৭॥ প্রতিষিদ্ধো-ঽপীনঃ ॥২৮—৮৯॥ আস্য সমন্ততঃ ক্ষিপ্য ॥৯০—৯৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়্‌বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৬॥

ভরতনন্দন! তখন তুমুল, সুদারুণ ও মোহজনক সেই অস্ত্রসমূহ উত্থিত হইলেও রাজপুত্র অর্জ্জুন মোহিত হইলেন না, বরং বাণসমূহই ক্ষেপ করিতে থাকিলেন ॥৮৭॥

পরে কৌরবগণের রাজ্যলিপ্সু, মহাত্মা ও অজ্ঞেয়প্রভাব অর্জ্জুন দ্বাদশ বৎসরের ক্লেশ স্মরণ করিয়া গাণ্ডীবনিক্ষিপ্ত বাণসমূহদ্বারা সমস্ত দিক্ ব্যাপ্ত করিয়া ফেলিলেন ॥৮৮॥

তৎকালে ক্রুদ্ধ অর্জ্জুন যে হেতু পিঙ্গলবর্ণগুণযুক্ত এবং হরধনুর তুল্য গাণ্ডীবধনুদ্বারা শত্রুসংহার করিতে লাগিলেন, সেই হেতু মাংসভোজী পক্ষীরা মৃতদেহের উপরে পড়িতে লাগিল এবং আকাশে যেন বহুতর উল্কা জ্বলিতে থাকিল ॥৮৯॥

(৮৭)··নো মুহ্যত··ব্যসৃজচ্ছরৌঘান্—বা নি,···স রাজপুত্রম্···পি বঙ্গ বর্দ্ধ। (৮৮) বধপ্রেপ্সুঃ···বা নি। (৮৯)···দেহেষু ভূরীণ্যপতন্ বয়াংসি। তান্ পিঙ্গলজ্যেন··পি বঙ্গ বর্দ্ধ। (৯০)···নাগঘূর্ণিতান্···ব্যপাতয়ৎ—বা নি।

গদাশ্চ গুর্ব্বীঃ পরিঘানয়স্ময়ান্ অসীংশ্চ শক্তীশ্চ রণে নরাধিপাঃ।
মহান্তি শস্ত্রাণি চ ভীমদর্শনাঃ প্রগৃহ্য পার্থং সহসাভিদুদ্রুবুঃ ॥৯১॥
ততো যুগান্তাভ্রসমস্বনং মহন্মহেন্দ্রচাপপ্রতিমং স গাণ্ডিবম্।
চকর্ষ দোর্ভ্যাং বিহসন্ ভৃশং যযৌ দহংস্ত্বদীয়ান্ যমরাষ্ট্রবর্দ্ধনঃ ॥৯২॥
স তানুদীর্ণান্ সরথাশ্ববারণান্ পদাতিসংঘাংশ্চ মহাধনুর্দ্ধরঃ।
বিপন্নসর্ব্বায়ুধজীবিতান্ রণে চকার বীরো যমরাষ্ট্রবর্দ্ধনান্ ॥৯৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে সঙ্কুলযুদ্ধে ষড়্‌বিংশত্যধিক-
শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কিরীটেতি। অনীকজিৎ শত্রুসৈন্যবিজয়ী, অতএব মহাযশাঃ, কিরীটমালী অর্জ্জুনঃ, মহতা শরাসনেন ধনুষা, শরান্ আস্য নিক্ষিপ্য, তৈরিষুভিঃ শরৈঃ, হয়প্রবেকানামশ্বশ্রেষ্ঠানাম্ উত্তমানাং নাগানাং গজানাঞ্চ ধুর্গতান্ পৃষ্ঠবর্ত্তিনঃ কুরুপ্রবীরান্ ন্যপাতয়ৎ ॥৯০॥

গদা ইতি। অয়স্ময়ান্ লৌহময়ান্। ভীমদর্শনা নরাধিপা ইতি সম্বন্ধঃ ॥৯১॥

তত ইতি। যুগান্তে প্রলয়কালে যদভ্রং মেঘস্তস্য তদ্‌গর্জনস্য সমঃ স্বনঃ শব্দো যস্য তৎ, মহেন্দ্রচাপপ্রতিমম্ ইন্দ্রধনুস্তুল্যম্। দোর্ভ্যাং বাহুভ্যাম্ ॥৯২॥

স ইতি। মহাধনুর্দ্ধরো বীরশ্চ সোঽর্জ্জুনঃ, রথৈরশ্বৈঃ বারণৈর্গজৈশ্চ সহেতি তান্,

---

ক্রমে শত্রুসৈন্যবিজয়ী মহাযশা অর্জ্জুন বিশাল ধনুদ্বারা বাণক্ষেপ করিয়া করিয়া উত্তম অশ্ব ও উত্তম হস্তীর পৃষ্ঠগত কুরুপ্রবীরগণকে নিপাত করিতে লাগিলেন ॥৯০॥

তখন ভীষণাকৃতি রাজারা বিশাল গদা, লৌহময় পরিঘ, তরবারি, শক্তি এবং অন্যান্য বিশাল অস্ত্র সকল ধারণ করিয়া বেগে অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৯১॥

তৎকালে যমরাজ্যবৃদ্ধিকারী অর্জ্জুন বিকট হাস্য করিতে থাকিয়া বাহুযুগল-দ্বারা প্রলয়কালের মেঘগর্জনের তুল্য গম্ভীরশব্দকারী ও ইন্দ্রধনুর তুল্য বিশাল গাণ্ডীবধনু গুরুতর আকর্ষণ করিতে লাগিলেন এবং আপনার পক্ষের বীরগণকে বিনাশ করতঃ গমন করিতে থাকিলেন ॥৯২॥

---

(৯২) ·প্রতিমঞ্চ গাণ্ডিবম্…বা নি। (৯৩)…সরথান্ সবারণান্…বা নি। * '…ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '…পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা, '…ষট্‌চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' নি।

সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

——(ঃ*ঃ)——

সঞ্জয় উবাচ।

শ্রুত্বা নিনাদং ধনুষশ্চ তস্য বিস্পষ্টমুৎক্রুষ্টমিবান্তকস্য।
শক্রাশনিস্ফোটসমং সুঘোরং বিকৃষ্যমাণস্য ধনঞ্জয়েন ॥১॥
ত্রাসোদ্বিগ্নং ভয়োদ্‌ভ্রান্তং ত্বদীয়ং তদ্বলং নৃপ!।
যুগান্তবাতসংক্ষুব্ধং চলদ্বীচিতরঙ্গিতম্।
প্রলীনমীনমকরং সাগরাম্ভ ইবাভবৎ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উদীনাত্মপাগতান্, তান্ কৌরবযোধান্ পদাতিসংঘাংশ্চ, রণে, বিপন্নানি নষ্টানি সর্বায়ুধানি জীবিতানি চ যেষাং তান্, অতএব যমরাষ্ট্রবর্দ্ধনান্ চকার ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে
ষড়্‌বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

শ্রুত্বেতি। উৎক্রুষ্টমুচ্চৈর্গর্জনম্। শক্রাশনিস্ফোটসমম্ ইন্দ্রবজ্রশব্দতুল্যম্। ত্রাসেন উদ্বিগ্নমস্থিরম্, ভয়েন উদ্‌ভ্রান্তং বিচলিতম্। চলদ্বীভির্বীচিভিস্তরঙ্গিতং চঞ্চলীকৃতম্। প্রলীনা লুক্কায়িতা মীনা মকরাশ্চ যত্র তৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১—২॥

ক্রমে মহাধনুর্দ্ধর ও মহাবীর অর্জ্জুন যুদ্ধে হস্তী, অশ্ব ও রথের সহিত উপস্থিত বীরগণের এবং পদাতিসমূহের সমস্ত অস্ত্র ও জীবন বিনষ্ট করিয়া করিয়া যমরাজ্যের বৃদ্ধি করিতে লাগিলেন ॥২৩॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তৎকালে অর্জ্জুন অনবরত গাণ্ডীবধনু আকর্ষণ করিতে লাগিলে, যমের উচ্চ গর্জ্জনের ন্যায় এবং ইন্দ্রের বজ্রশব্দের তুল্য ভয়ঙ্কর সেই ধনুর সুস্পষ্ট শব্দ শুনিয়া আপনার সৈন্যেরা ত্রাসে অস্থিরচিত্ত এবং ভয়ে বিচলিত হইয়া পড়িল। সুতরাং প্রলয়কালের বায়ুসঞ্চালিত, চঞ্চলতরঙ্গযুক্ত এবং লুক্কায়িত-মৎস্য-মকর-সমন্বিত সমুদ্রজলের ন্যায় সেই সৈন্যগণকে দেখা যাইতে লাগিল ॥১—২॥

স রণে ব্যচরৎ পার্থঃ প্রেক্ষণীয়ো ধনঞ্জয়ঃ।
যুগপদ্দিক্ষু সর্ব্বাসু সর্ব্বাণ্যস্ত্রাণি দর্শয়ন্ ॥৩॥
আদদানং মহারাজ! সন্দধানঞ্চ পাণ্ডবম্।
উৎকর্ষন্তং সৃজন্তঞ্চ ন স্ম পশ্যাম লাঘবাৎ ॥৪॥

ভারতকৌমুদী

স ইতি। প্রেক্ষণীয়ো বীরশোভাতিরেকাদিত্যাশয়ঃ ॥৩॥
আদদানমিতি। পাণ্ডবমর্জ্জুনম্। উৎকর্ষন্তং ধনুরাকর্ষন্তম্। লাঘবাৎ শীঘ্রত্বাৎ ॥৪॥

ক্রমে বীরশোভায় সুদৃশ্যমূর্ত্তি পৃথানন্দন অর্জ্জুন সমস্ত অস্ত্র আবিষ্কার করিতে থাকিয়া একদা সমরাঙ্গনের সকল দিকে বিচরণ করিতে লাগিলেন ॥৩॥

মহারাজ! তখন তূণ হইতে অর্জ্জুনের বাণ গ্রহণ, তাহার সন্ধান, ধনু আকর্ষণ এবং বাণক্ষেপ ইহার কোন ব্যাপারই আমরা তাহার লঘুহস্ততাবশতঃ দেখিতে পাইলাম না ॥৪॥

(৪) ইতঃ পরং ষট্‌ত্রিংশৎ শ্লোকা অধিকাঃ পি বঙ্গ বর্দ্ধ। তে চ বহুষ্বেব পুস্তকেষু ন দৃশ্যন্তে বিসদৃশরচনাশ্চ। যথা—
ততঃ পার্থো মহাবাহুরৈন্দ্রমস্ত্রং দুরাসদম্। প্রাদুশ্চক্রে মহারাজ! ত্রাসয়ন্ সর্ব্বভারতান্ ॥১॥
ততঃ শরাঃ প্রাদুরাসন্ দিব্যাস্ত্রপ্রতিমন্ত্রিতাঃ। প্রদীপ্তাগ্রাঃ শিখিমুখাঃ শতশোঽথ সহস্রশঃ ॥২॥
আকর্ণপূর্ণনির্মুক্তৈরগ্ন্যর্কাংশুনিভৈঃ শরৈঃ। নভোঽভবৎ সুদুষ্প্রেক্ষ্যমুল্কাভিরিব সংবৃতম্ ॥৩॥
ততঃ শস্ত্রান্ধকারং তৎ কৌরবৈঃ সমুদীরিতম্। অশক্যং মনসাপ্যন্যৈঃ পাণ্ডবঃ সংভ্রমন্নিব ॥৪॥
নাশয়ামাস বিক্রম্য শরৈর্দ্দিব্যাস্ত্রমন্ত্রিতৈঃ। নৈশং তমোঽংশুভিঃ ক্ষিপ্রং দিনাদাবিব ভাস্করঃ ॥৫॥
ততস্ত্ব তাবকং সৈন্যং দীপ্তৈঃ শরগভস্তিভিঃ। আক্ষিপৎ পল্বলাম্বূনি নিদাঘার্ক ইব প্রভুঃ ॥৬॥
ততো দিব্যাস্ত্রবিদুষা প্রহিতাঃ সায়কাংশবঃ। সমাপ্লবন্ দ্বিষৎসৈন্যং লোকং ভানোরিবাংশবঃ ॥
তথাপরে সমুৎসৃষ্টা বিশিখাস্তিগ্মতেজসঃ। হৃদয়ান্যাশু বীরাণাং বিবিশুঃ প্রিয়বন্ধুবৎ ॥৮॥
য এনমীয়ুঃ সমরে ত্বদ্‌যোধাঃ শূরমানিনঃ। শলভা ইব তে দীপ্তা অগ্নিং প্রাপ্য যযুঃ ক্ষয়ম্ ॥৯॥
এবং স মৃদ্নন্ শূরাণাং জীবিতানি যশাংসি চ। পার্থশ্চচার সংগ্রামে মৃত্যুবিগ্রহবানিব ॥১০॥
সকিরীটানি বক্ত্রাণি সাঙ্গদান্ বিপুলান্ ভুজান্। সকুণ্ডলযুগান্ কর্ণান্ দ্বিষাং নিরহরচ্ছরৈঃ ॥
সতোমরান্ গজস্থানাং সপ্রাসান্ হয়সাদিনাম্। সচর্ম্মণঃ পদাতীনাং রথিনাঞ্চ সধন্বনঃ।
সপ্রতোদান্নিয়ন্তৄণাং বাহূংশ্চিচ্ছেদ পাণ্ডবঃ ॥১২॥
স দীপ্তোগ্রশরার্চ্চিষ্মান্ বভৌ তত্র ধনঞ্জয়ঃ। সবিস্ফুলিঙ্গোগ্রশিখো জ্বলন্নিব হুতাশনঃ ॥১৩॥
তং দেবরাজপ্রতিমং সর্ব্বশস্ত্রভৃতাং বরম্। যুগপদ্দিক্ষু সর্ব্বাসু রথস্থং পুরুষর্ষভম্ ॥১৪॥
দর্শয়ন্তং মহাস্ত্রাণি প্রেক্ষণীয়ং ধনঞ্জয়ম্। নৃত্যন্তং রথমার্গেষু ধনুর্জ্যাতলনাদিতম্ ॥১৫॥
নিরীক্ষিতুং ন শেকুস্তে যত্নবন্তোঽপি পার্থিবাঃ। মধ্যন্দিনগতং সূর্য্যং প্রতপন্তমিবাম্বরে ॥১৬॥
দীপ্তোগ্রসংহিতশরঃ কিরীটী বিররাজ হ। বর্ষাস্বিবোদীর্ণজলঃ সেন্দ্রধন্বাম্বুদো মহান্ ॥১৭॥
মহাস্ত্রসংপ্লবে তস্মিন্ জিষ্ণুনা সম্প্রবর্ত্তিতে। সুদুস্তরে মহাঘোরে মমজ্জুর্যোধপুঙ্গবাঃ ॥১৮॥

ভ্রমন্ত ইব শূরস্য শরব্রাতা মহাত্মনঃ।
অদৃশ্যন্তান্তরীক্ষস্থাঃ শতশোঽথ সহস্রশঃ ॥৫॥
তথা সর্ব্বা দিশো রাজন্! সর্ব্বাংশ্চ রথিনো রণে।
ব্যাকুলীকৃত্য কৌন্তেয়ো জয়দ্রথমুপাদ্রবৎ।
বিব্যাধ চ চতুঃষষ্ট্যা শরাণাং নতপর্ব্বণাম্ ॥৬॥

ভারতকৌমুদী

ভ্রমন্ত ইতি। শূরস্যার্জ্জুনস্য, শরাণাং ব্রাতাঃ সমূহাঃ ॥৫॥

তথেতি। উপাদ্রবদভ্যধাবৎ। বিব্যাধ জয়দ্রথমেব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

কিন্তু আমরা ইহামাত্র দেখিলাম যে, বীর ও মহাত্মা অর্জ্জুনের শত শত ও সহস্র সহস্র বাণ যেন আকাশে থাকিয়া ঘুরিতেছিল ॥৫॥

উৎকৃত্তবদনৈর্দেহৈঃ শরীরৈঃ কৃত্তবাহুভিঃ। ভুজৈশ্চ পাণিনির্ম্মুক্তৈঃ পাণিভির্ব্যঙ্গুলীকৃতৈঃ ॥১৯॥
কৃত্তাগ্রহস্তৈঃ করিভিঃ কৃত্তদন্তৈর্মদোৎকটৈঃ। হয়ৈশ্চ বিধুতগ্রীবৈ রথৈশ্চ শকলীকৃতৈঃ ॥২০॥
নিকৃত্তান্ত্রৈঃ কৃত্তপাদৈস্তথান্যৈঃ কৃত্তসন্ধিভিঃ। নিশ্চেষ্টৈর্বিস্ফুরদ্ভিশ্চ শতশোঽথ সহস্রশঃ ॥২১॥
মৃত্যোরাঘাতননিভং তৎ পার্থায়োধনং মহৎ। অপশ্যাম মহীপাল! ভীরূণাং ভয়বর্দ্ধনম্।
আক্রীড়মিব রুদ্রস্য পুরা ভাদ্দয়তঃ পশূন ॥২২॥
গজানাং ক্ষুরনির্ম্মুক্তৈঃ করৈঃ সংস্থগেব ভূঃ। কচিদ্বভৌ স্রগ্বিণীব বক্তুপদ্মৈঃ সমাচিতা ॥২৩॥
বিচিত্রোষ্ণীষমুকুটৈঃ কেয়ূরাঙ্গদকুণ্ডলৈঃ। স্বর্ণচিত্রতনুত্রৈশ্চ ভাণ্ডৈশ্চ গজবাজিনাম্ ॥২৪॥
কিরীটশতসঙ্কীর্ণা তত্র তত্র সমাচিতা। বিররাজ ভৃশং চিত্রা মহী নববধূরিব ॥২৫॥
মজ্জমেদঃকর্দ্দমিনীং শোণিতৌঘতরঙ্গিণীম্। মর্ম্মাস্থিভিরগাধাঞ্চ কেশশৈবলশাদ্বলাম্ ॥২৬॥
শিরোবাহূপলতটাং কম্বুক্রোড়াস্থিসঙ্কটাম্। চিত্রধ্বজপতাকাঢ্যাং ছত্রচর্ম্মোর্ম্মিমালিনীম্ ॥২৭॥
বিগতাসুমহাকায়ং গজদেহাভিসঙ্কুলাম্। রথোড়ুপশতাকীর্ণাং হয়সঙ্ঘাতরোধসম্ ॥২৮॥
রথচক্রযুগেষাক্ষকূবরৈরতিদুর্গমাম্। প্রাসাসিপাশপরশুবিশিখা হি দুরাসদাম্ ॥২৯॥
বলকঙ্কমহানক্রাং গোমায়ুমকরোৎকরাম্। গৃধ্রোদগ্রমহাগ্রাহাং শিবাভিরুতভৈরবাম্ ॥৩০॥
নৃত্যৎপ্রেতপিশাচাদ্যৈর্ভূতৈঃ কীর্ণাং সহস্রশঃ। গতাসুযোধনিশ্চেষ্টশবীরশতবাহিনীম্ ॥৩১॥
মহাপ্রতিভয়াং রৌদ্রাং ঘোরাং বৈতরণীমিব। নদীং প্রবর্ত্তয়ামাস ভীরূণাং ভয়বর্দ্ধিনীম্ ॥৩২॥
তদ্দৃষ্ট্বা তস্য বিক্রান্তমন্তকস্যেব রূপিণঃ। অভূতপূর্ব্বং কুরুষু ভয়মাগাদ্রণাজিরে ॥৩৩॥
তত আদায় বীরাণামস্ত্রৈরস্ত্রাণি পাণ্ডবঃ। আত্মানং রৌদ্রমাচষ্ট রৌদ্রকর্ম্মণি নিষ্ঠিতঃ ॥৩৪॥
ততো রথবরান্ রাজন্ অভ্যতিক্রামদর্জ্জুনঃ। মোহয়ন্নিব নারাচৈর্জয়দ্রথবধেপ্সয়া ॥৩৫॥
বিসৃজন্ দিক্ষু সর্বাসু শরানসিতসারথিঃ। স রণে ব্যচরত্তূর্ণং প্রেক্ষণীয়ো ধনঞ্জয়ঃ ॥৩৬॥

(৫) ..শরব্রাতাঃ সহস্রশঃ ..পি বঙ্গ বর্দ্ধ। ইতঃ পরম্ 'আদদানং মহেষাসং সন্দধানঞ্চ সায়কান্। বিসৃজন্তঞ্চ কৌন্তেয়ং নানুপশ্যাম বৈ তদা ॥' ইতি প্রাগুক্তরূপ এব শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ। (৬) ইতঃ পরং ষট্ শ্লোকা অসমঞ্জসা অধিকাঃ পি বঙ্গ বর্দ্ধ। তে চ যথা—
সৈন্ধবাভিমুখং যান্তং যোধাঃ সম্প্রেক্ষ্য পাণ্ডবম্। ন্যবর্ত্তন্ত রণাদ্বীরা নিরাশাস্তস্য জীবিতে ॥১॥

সৈন্ধবস্তু তথা বিদ্ধঃ শরৈর্গাণ্ডীবধন্বনা।
ন চক্ষমে সুসংক্রুদ্ধস্তোত্ত্রার্দ্দিত ইব দ্বিপঃ ॥৭॥
স বরাহধ্বজস্তূর্ণং গার্ধ্রপক্ষানজিহ্মগান্।
ক্রুদ্ধাশীবিষসঙ্কাশান্ কর্ম্মারপরিমার্জ্জিতান্।
মুমোচ নিশিতান্ সংখ্যে সায়কান্ সব্যসাচিনঃ ॥৮॥
ত্রিভিস্তু বিদ্ধা গোবিন্দং নারাচৈঃ ষড়্ভিরর্জ্জুনম্।
অষ্টাভির্ব্বাজিনোঽবিধ্যদ্ধ্বজঞ্চৈকেন পত্রিণা ॥৯॥
স বিক্ষিপ্যার্জ্জুনস্তীক্ষ্ণান্ সৈন্ধবপ্রহিতান্ শরান্।
যুগপত্তস্য চিচ্ছেদ শরাভ্যাং সৈন্ধবস্য হ।
সারথেশ্চ শিরঃ কায়াদ্ধ্বজঞ্চ সমলঙ্কৃতম্ ॥১০॥

ভারতকৌমুদী

সৈন্ধব ইতি। সৈন্ধবো জয়দ্রথঃ। ন চক্ষমে ন সেহে, তোত্ত্রেণাঙ্কুশেনার্দ্দিতঃ ॥৭॥

স ইতি। বরাহধ্বজো জয়দ্রথঃ, গৃধ্রাণামিমে ইতি গার্ধ্রাঃ পক্ষা যেষু তান্, অজিহ্মগান্ সরলগামিনঃ। কর্ম্মারৈঃ শিল্পিভিঃ পরিমার্জ্জিতান্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৮॥

ত্রিভিরিতি। বাজিনো ধ্বজঞ্চার্জ্জুনস্যৈব। পত্রিণা বাণেন ॥৯॥

স ইতি। বিক্ষিপ্য নিবার্য্য। যুগপদেকদা। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১০॥

রাজা! ক্রমে অর্জ্জুন সমস্ত দিক্ ও সকল রথীকে আকুল করিয়া জয়দ্রথের দিকে ধাবিত হইলেন এবং নতপর্ব্ব চৌষট্টিটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৬॥

অর্জ্জুন বাণদ্বারা সেইভাবে বিদ্ধ করিলে, জয়দ্রথ অঙ্কুশতাড়িত হস্তীর ন্যায় অত্যন্তক্রুদ্ধ হইয়া তাহা সহ্য করিলেন না ॥৭॥

তখন বরাহধ্বজ জয়দ্রথ অর্জ্জুনের উপরে গৃধ্রপক্ষযুক্ত, সরলগামী, ক্রুদ্ধসর্প-তুল্য, শিল্পিপরিমার্জ্জিত ও সুধার বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৮॥

এবং তিনি তিনটা নারাচদ্বারা কৃষ্ণকে, ছয়টা নারাচদ্বারা অর্জ্জুনকে, আটটাদ্বারা অর্জ্জুনের অশ্বগুলিকে এবং একটা বাণদ্বারা তাঁহার ধ্বজটাকে বিদ্ধ করিলেন ॥৯॥

যো যোঽভ্যধাবদাক্রন্দে তাবকঃ পাণ্ডবং রণে। তস্য তস্যান্তকো বাণঃ শরীরে ন্যপতৎ প্রভো ॥
কবন্ধসঙ্কুলং চক্রে তব সৈন্যং মহারথঃ। অর্জ্জুনো জয়তাং শ্রেষ্ঠঃ শরৈরগ্ন্যংশুসন্নিভৈঃ ॥৩॥
এবং তত্ত্বৈব রাজেন্দ্র! চতুরঙ্গবলং তদা। ব্যাকুলীকৃত্য কৌন্তেয়ো জয়দ্রথমুপাদ্রবৎ ॥৪॥
দ্রৌণিং পঞ্চাশতাবিধ্যদ্বৃষসেনং ত্রিভিঃ শরৈঃ। কৃপায়মাণঃ কৌন্তেয়ঃ কৃপং নবভিরার্দ্দয়ৎ ॥৫॥
শল্যং ষোড়শভির্ব্বাণৈঃ কর্ণং দ্বাত্রিংশতা শরৈঃ। সৈন্ধবঞ্চ চতুঃষষ্ট্যা বিদ্ধা সিংহ ইবানদৎ ॥৬॥

স চ্ছিন্নযষ্টিঃ সুমহান্ ধনঞ্জয়শরাহতঃ।
বরাহঃ সিন্ধুরাজস্য পপাতেন্দুসমপ্রভঃ ॥১১॥
এতস্মিন্নেব কালে তু দ্রুতং গচ্ছতি ভাস্করে।
অব্রবীৎ পাণ্ডবং রাজন্! ত্বরমাণো জনার্দ্দনঃ ॥১২॥
এষ মধ্যে কৃতঃ ষড্ভিঃ পার্থ! বীরৈর্মহারথৈঃ।
জীবিতেপ্সুর্মহাবাহো! ভীতস্তিষ্ঠতি সৈন্ধবঃ ॥১৩॥
এতাননির্জিত্য রণে ষড্রথান্ পুরুষর্ষভ!।
ন শক্যঃ সৈন্ধবো হন্তুং যত্তো নির্ব্ব্যাজমর্জ্জুন! ॥১৪॥
যোগমত্র বিধাস্যামি সূর্য্যস্যাবরণং প্রতি।
অস্তং গতমিবাব্যক্তং দ্রক্ষ্যত্যেকঃ স সিন্ধুরাট্ ॥১৫॥

ভারতকৌমুদী

স ইতি। ইন্দুসমপ্রভশ্চন্দ্রতুল্যশুভ্রবর্ণঃ, রজতময়ত্বাৎ ॥১১॥

এতস্মিন্নিতি। গচ্ছতি অস্তমিতি শেষঃ। পাণ্ডবমর্জ্জুনম্ ॥১২॥

এষ ইতি। ষড্ভিঃ অশ্বত্থামকৃপদুর্য্যোধনকর্ণশল্যবৃষসেনৈঃ ॥১৩॥

এতানিতি। যত্তো জীবনরক্ষায়াং যত্নবান্, নির্ব্যাজম্ অচ্ছলং যথা স্যাত্তথা ॥১৪॥

যোগমিতি। যোগমুপায়ম্, "যোগঃ সন্নহনোপায়ধ্যানসঙ্গতিযুক্তিষু" ইত্যমরঃ ॥১৫॥

তখন অর্জ্জুন জয়দ্রথনিক্ষিপ্ত তীক্ষ্ণ বাণগুলিকে নিবারণ করিয়া দুইটা বাণদ্বারা একদাই জয়দ্রথের সারথির দেহ হইতে মস্তকটা এবং তাহার অলঙ্কৃত ধ্বজটাকে কাটিয়া ফেলিলেন ॥১০॥

অর্জ্জুনের বাণে ধ্বজদণ্ড ছিন্ন হইলে, চন্দ্রের তুল্য শুভ্রবর্ণ ও বিশাল জয়দ্রথের ধ্বজস্থিত সেই বরাহটা ভূতলে পতিত হইল ॥১১॥

রাজা! এই সময়ে সূর্য্য দ্রুত অস্ত যাইতে লাগিলে, কৃষ্ণ ত্বরান্বিত হইয়া অর্জ্জুনকে বলিলেন—॥১২॥

'মহাবাহু পৃথানন্দন! জীবনাশী এই জয়দ্রথ ছয় জন বীর মহারথের মধ্যে ভীত হইয়া অবস্থান করিতেছে ॥১৩॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন! জয়দ্রথ নিজেও জীবনরক্ষায় যত্নবান্ হইয়া রহিয়াছে। সুতরাং তুমি যুদ্ধে এই ছয় জন রথীকে জয় না করিয়া কিংবা কোন ছল অবলম্বন না করিয়া জয়দ্রথকে বধ করিতে পারিবে না ॥১৪॥

---

(১১)…শীর্য্যমাণঃ শরাহতঃ…পপাতাগ্নিশিখোপমঃ—বর্দ্ধ। (১৫)…অস্তং গত ইতি ব্যক্তং দ্রক্ষ্যত্যেকঃ স সিন্ধুরাট্—বঙ্গ বর্দ্ধ।

হর্ষেণ জীবিতাকাঙ্ক্ষী বিনাশার্থং তব প্রভো ! ।
ন গোপ্স্যতি দুরাচারঃ স আত্মানং কথঞ্চন ।
তত্র চ্ছিদ্রে প্রহর্ত্তব্যং ত্বয়াস্য কুরুসত্তম ! ॥১৬॥
ব্যপেক্ষা নৈব কর্ত্তব্যা গতোঽস্তমিতি ভাস্করঃ ।
এবমস্ত্বিতি বীভৎসুঃ কেশবং প্রত্যভাষত ॥১৭॥
ততোঽসৃজত্তমঃ কৃষ্ণঃ সূর্য্যস্যাবরণং প্রতি ।
যোগী যোগেন সংযুক্তো যোগিনামীশ্বরো হরিঃ ॥১৮॥
সৃষ্টে তমসি কৃষ্ণেন গতোঽস্তমিতি ভাস্করঃ ।
ত্বদীয়া জহৃষুর্যোধাঃ পার্থনাশান্নরাধিপ ! ॥১৯॥
তে প্রহৃষ্টা রণে রাজন্ ! নাপশ্যন্ সৈনিকা রবিম্ ।
উন্নাম্য বক্ত্রাণি তদা স চ রাজা জয়দ্রথঃ ॥২০॥

ভারতকৌমুদী

হর্ষেণেতি। বিনাশার্থম্, সূর্য্যাস্তাৎ পূর্বং জয়দ্রথাবধেঽর্জ্জুনেনাগ্নিপ্রবেশপ্রতিজ্ঞানাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

ব্যপেক্ষেতি। ব্যপেক্ষা জয়দ্রথবধে বিলম্বঃ। ইতি হেতৌ, গতো গচ্ছতি ॥১৭॥

তত ইতি। তমঃ অন্ধকারমসৃজৎ, যোগপ্রভাবেণ সূর্য্যান্তিকেঽপি তমঃস্থিতিসম্ভবাৎ। যোগী সদানুবৃত্তযোগঃ ক্রিয়াকালে লৌকিকভাবেনাভিভাবিততদ্ভাবঃ, যোগেন প্রাকাম্যাখ্যেন যোগফলেন। হরতি ত্রীন্ তাপানিতি হরিঃ ॥১৮॥

সৃষ্ট ইতি। ইতি বিভাব্য। পার্থস্য নাশাৎ প্রতিজ্ঞানুসারেণ নাশমবধার্য্য ॥১৯॥

অতএব আমি সূর্য্যকে আবরণ করিবার জন্য একটা উপায় করিব; তাহাতে জয়দ্রথ সূর্য্যকে অস্তগতের ন্যায় অস্পষ্ট দেখিবে ॥১৫॥

প্রভাবশালী কৌরবশ্রেষ্ঠ ! তখন জীবনাশী দুরাচার জয়দ্রথ তোমার মৃত্যু হইবে ভাবিয়া আনন্দে কোন প্রকারে আত্মগোপন করিবে না; সেই অবসরে তুমি উহার উপরে প্রহার করিবে ॥১৬॥

সূর্য্য অস্ত যাইতেছেন। সুতরাং মোটেই বিলম্ব করিও না।' তখন অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'এইরূপই হউক' ॥১৭॥

তদনন্তর যোগী ও যোগিগণের অধীশ্বর ত্রিতাপহারী কৃষ্ণ যোগযুক্ত হইয়া সূর্য্যের আবরণের জন্য অন্ধকার সৃষ্টি করিলেন ॥১৮॥

নরনাথ ! কৃষ্ণ অন্ধকার সৃষ্টি করিলে, সূর্য্য অস্ত গিয়াছেন মনে করিয়া এবং অর্জ্জুন বিনষ্ট হইবেন ভাবিয়া আপনার পক্ষের যোদ্ধারা আনন্দিত হইলেন ॥১৯॥

বীক্ষমাণে ততস্তস্মিন্ সিন্ধুরাজে দিবাকরম্।
পুনরেবাব্রবীৎ কৃষ্ণো ধনঞ্জয়মিদং বচঃ ॥২১॥
পশ্য সিন্ধুপতিং বীর! প্রেক্ষমাণং দিবাকরম্।
ভয়ং বিপুলমুৎসৃজ্য ত্বত্তো ভরতসত্তম! ॥২২॥
অয়ং কালো মহাবাহো! বধায়াস্য দুরাত্মনঃ।
ছিন্ধি মূর্দ্ধানমস্যাশু কুরু সাফল্যমাত্মনঃ ॥২৩॥
ইত্যেবং কেশবেনোক্তঃ পাণ্ডুপুত্রঃ প্রতাপবান্।
ন্যবধীত্তাবকং সৈন্যং শরৈরর্কাগ্নিসন্নিভৈঃ ॥২৪॥
কৃপং বিব্যাধ বিংশত্যা কর্ণং পঞ্চাশতা শরৈঃ।
শল্যং দুর্য্যোধনঞ্চৈব ষড়্ভিঃ ষড়্ভিরতাড়য়ৎ ॥২৫॥

ভারতকৌমুদী

ত ইতি। উন্নাম্য উত্তোল্য। স রাজা জয়দ্রথশ্চ বক্ত্রমুন্নাম্য রবিং নাপশ্যৎ ॥২০॥
বীক্ষেতি। তস্মিন্ তাদৃশে উত্তোলিতবক্ত্রে ॥২১॥
পশ্যেতি। ত্বত্তঃ ত্বৎ ॥২২॥
অয়মিতি। আত্মনঃ প্রতিজ্ঞায়া ইতি শেষঃ ॥২৩॥
ইতীতি। ন্যবধীৎ, অস্ত্রপ্রয়োগপথপরিষ্কারার্থমিতি ভাবঃ ॥২৪॥
কৃপমিতি। অতাড়য়ৎ পাণ্ডুপুত্র ইত্যনুবৃত্তিঃ ॥২৫॥

রাজা! তখন সৈন্যেরা আনন্দিত হইয়া মুখ উত্তোলন করিয়া সূর্য্যকে দেখিতে পাইল না এবং রাজা জয়দ্রথও মুখ তুলিয়া সূর্য্য দেখিলেন না ॥২০॥

জয়দ্রথ সেইভাবে সূর্য্যকে দেখিতে লাগিলে, কৃষ্ণ পুনরায় অর্জ্জুনকে এই কথা বলিলেন—॥২১॥

'বীর ভরতশ্রেষ্ঠ! দেখ—জয়দ্রথ তোমার ভয় পরিত্যাগ করিয়া সূর্য্যদর্শন করিতেছে ॥২২॥

মহাবাহু! ইহাই এই দুরাত্মার বধের সময়। সুতরাং তুমি সত্বর উহার মস্তকচ্ছেদন কর এবং আপন প্রতিজ্ঞা সফল কর' ॥২৩॥

কৃষ্ণ এইরূপ বলিলে, প্রতাপশালী অর্জ্জুন সূর্য্য ও অগ্নির তুল্য উজ্জ্বল শরসমূহদ্বারা আপনার সৈন্য বধ করিতে লাগিলেন ॥২৪॥

ক্রমে অর্জ্জুন কুড়িটা বাণদ্বারা কৃপকে, পঞ্চাশটাদ্বারা কর্ণকে এবং ছয় ছয়টাদ্বারা শল্য ও দুর্য্যোধনকে তাড়ন করিলেন ॥২৫॥

(২২) পশ্য সিন্ধুপতিং বীরম্… বঙ্গ বর্দ্ধ।

বৃষসেনং তথাষ্টাভিঃ ষষ্ট্যা সৈন্ধবমেব চ।
তথৈবান্যান্ মহাবাহুস্তাবকান্ পাণ্ডুনন্দনঃ।
গাঢ়ং বিদ্ধা শরৈ রাজন্! জয়দ্রথমুপাদ্রবৎ ॥২৬॥
তং সমীপস্থিতং দৃষ্ট্বা লেলিহানমিবানলম্।
জয়দ্রথস্য গোপ্তারঃ সংশয়ং পরমং গতাঃ ॥২৭॥
ততঃ সর্বে মহারাজ! তব যোধা জয়ৈষিণঃ।
সিষিচুঃ শরধারাভিঃ পাকশাসনিমাহবে ॥২৮॥
সংছাদ্যমানঃ কৌন্তেয়ঃ শরজালৈরনেকশঃ।
অক্রুধ্যৎ স মহাবাহুরজিতঃ কুরুনন্দনঃ ॥২৯॥
ততঃ শরময়ং জালং তুমুলং পাকশাসনিঃ।
ব্যসৃজৎ পুরুষব্যাঘ্রস্তব সৈন্যজিঘাংসয়া ॥৩০॥
তে হন্যমানা বীরেণ যোধা রাজন্! রণে তব।
প্রজহুঃ সৈন্ধবং ভীতা দ্বৌ সমং নাপ্যধাবতাম্ ॥৩১॥

ভারতকৌমুদী

বৃষেতি। সৈন্ধবং জয়দ্রথম্। উপাদ্রবৎ অভ্যধাবৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥
তমিতি। লেলিহানং পুনঃ পুনর্গ্রসমানম্। গোপ্তারো রক্ষকাঃ ॥২৭॥
তত ইতি। সিষিচুরিত্যনেন ক্ষেপস্যাবিরতত্বং সূচিতম্। পাকশাসনিমর্জ্জুনম্ ॥২৮॥
সমিতি। অজিতো বহুভিরপি জেতুমশক্যঃ ॥২৯॥
তত ইতি। সৈন্যানাং জয়দ্রথপুরোবর্ত্তিনাং জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া ॥৩০॥
ত ইতি। দ্বাবপি সমং সহ নাধাবতাম্, সংঘভাবে অর্জ্জুনপ্রহারভয়াদিতি ভাবঃ ॥৩১॥

রাজা! তৎপরে মহাবাহু অর্জ্জুন আটটা বাণদ্বারা বৃষসেনকে, ষাটটাদ্বারা জয়দ্রথকে এবং বহুতর বাণদ্বারা আপনার পক্ষের অন্যান্য যোদ্ধাকে গাঢ়ভাবে বিদ্ধ করিয়া জয়দ্রথের দিকে ধাবিত হইলেন ॥২৬॥

লেলিহান অগ্নির ন্যায় অর্জ্জুনকে জয়দ্রথের নিকটে থাকিতে দেখিয়া তাঁহার রক্ষকেরা তাঁহার রক্ষার বিষয়ে গুরুতরসন্দেহাপন্ন হইলেন ॥২৭॥

মহারাজ! তাহার পর আপনার পক্ষের যোদ্ধারা সকলেই জয়াভিলাষী হইয়া অর্জ্জুনের উপরে অনবরত শরধারা বর্ষণ করিতে লাগিলেন ॥২৮॥

তথাপি তাঁহাকে জয় করিতে পারিলেন না। কিন্তু মহাবাহু কৌরবনন্দন অর্জ্জুন তখন অনেক বাণজালে আবৃত হইতে থাকিয়া ক্রুদ্ধ হইলেন ॥২৯॥

তদনন্তর পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন আপনার সৈন্য সংহার করিবার ইচ্ছায় তুমুল বাণজাল সৃষ্টি করিলেন ॥৩০॥

তত্রাদ্ভুতমপশ্যাম কুন্তীপুত্রস্য বিক্রমম্।
তাদৃঙ্ন ভাবী ভূতো বা যচ্চকার মহাযশাঃ ॥৩২॥
দ্বিপান্ দ্বিপগতাংশ্চৈব হয়ান্ হয়গতানপি।
তথা সারথিনশ্চৈব ন্যহন্ রুদ্রঃ পশূনিব ॥৩৩॥
ন তত্র সমরে কশ্চিন্ময়া দৃষ্টো নরাধিপ !।
গজো বাজী নরো বাপি যো ন পার্থশরাহতঃ ॥৩৪॥
রজসা তমসা চৈব যোধাঃ সংছন্নচক্ষুষঃ।
কশ্মলং প্রাবিশন্ ঘোরং নাভ্যজানন্ পরস্পরম্ ॥৩৫॥
তে শরৈর্ভিন্নমর্ম্মাণঃ সৈনিকাঃ পার্থচোদিতৈঃ।
বভ্রমুশ্চস্খলুঃ পেতুঃ সেদুর্ম্মম্লুশ্চ ভারত ! ॥৩৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। যৎ বিক্রমণম্, মহাযশাঃ কুন্তীপুত্রোঽর্জ্জুনঃ ॥৩২॥
দ্বিপানিতি। সারথিন ইতি নান্ততা আর্ষী, চকারাৎ রথিনশ্চ ॥৩৩॥
নেতি। লঘুহস্ততাতিশয়স্যায়ং প্রকৃষ্টঃ পরিচয়ঃ ॥৩৪॥
রজসেতি। রজসা ধূল্যা, তমসা সূর্য্যস্য মেঘাবরণাদন্ধকারেণ। কশ্মলং মোহম্ ॥৩৫॥
ত ইতি। সেদুরবসন্না বভূবুঃ, মম্লুর্বেদনার্ত্তা জাতাঃ। অত্র ক্রিয়াদীপকমলঙ্কারঃ ॥৩৬॥

রাজা ! মহাবীর অর্জ্জুন সেইভাবে বধ করিতে লাগিলে, আপনার পক্ষের যোদ্ধারা ভীত হইয়া জয়দ্রথকে পরিত্যাগ করিলেন এবং তাঁহারা দুই জনেও একসঙ্গে পলায়ন করিতে লাগিলেন না ॥৩১॥

তখন আমরা অর্জ্জুনের অদ্ভুত বিক্রম দেখিলাম। মহাযশা অর্জ্জুন তৎকালে যেরূপ বিক্রম প্রকাশ করিয়াছিলেন, সেরূপ বিক্রম পূর্ব্বে হয় নাই, ভবিষ্যতেও হইবে না ॥৩২॥

প্রলয়কালে রুদ্র যেমন প্রাণিসংহার করেন, সেইরূপ অর্জ্জুন হস্তী, হস্ত্যারোহী, অশ্ব, অশ্বারোহী, রথী ও সারথিদিগকে সংহার করিতে লাগিলেন ॥৩৩॥

নরনাথ ! আমি সেই যুদ্ধে এমন কোন হস্তী, অশ্ব বা মানুষ দেখি নাই, যে—অর্জ্জুনের বাণে আহত হয় নাই ॥৩৪॥

ধূলিতে ও অন্ধকারে নয়ন আবৃত হওয়ায় যোদ্ধারা ভয়ঙ্করমোহাবিষ্ট হইলেন। সুতরাং তাঁহারা পরস্পরকে চিনিতে পারিলেন না ॥৩৫॥

ভরতনন্দন ! অর্জ্জুননিক্ষিপ্ত বাণে মর্ম্ম বিদীর্ণ হইতে থাকায় সৈন্যেরা ঘূর্ণিত, স্খলিত, পতিত, অবসন্ন ও বেদনার্ত্ত হইতে থাকিল ॥৩৬॥

(৩৮)···প্রাশাম্যৎ···নিমমজ্জুশ্চ··· পি।

তস্মিন্ মহাভীষণকে প্রজানামিব সংক্ষয়ে।
রণে মহতি দুষ্পারে বর্ত্তমানে সুদারুণে ॥৩৭॥
শোণিতস্য প্রসেকেন শীঘ্রত্বাদনিলস্য চ।
অশাম্যদ্রজো ভৌমমসৃক্‌সিক্তে ধরাতলে।
আনাভি নিরমজ্জংশ্চ রথচক্রাণি শোণিতে ॥৩৮॥ (যুগ্মকম্)
মত্তা বেগবতো রাজন্! তাবকানাং রণাঙ্গনে।
হস্তিনশ্চ হতারোহা দারিতাঙ্গাঃ সহস্রশঃ।
স্বান্যনীকানি মৃদ্নন্ত আর্ত্তনাদাঃ প্রদুদ্রুবুঃ ॥৩৯॥
হয়াশ্চ পতিতারোহাঃ পত্তয়শ্চ নরাধিপ!।
প্রদুদ্রুবুর্ভয়াদ্রাজন্! ধনঞ্জয়শরাহতাঃ ॥৪০॥
মুক্তকেশা বিকবচাঃ ক্ষরন্তঃ ক্ষতজং ক্ষিতৌ।
প্রাপলায়ন্ত সংত্রস্তাস্ত্যক্ত্বা রণশিরো জনাঃ ॥৪১॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। প্রজানাং সংক্ষয়ে প্রলয়ে। শীঘ্রত্বাৎ শীঘ্রাপসারিত্বাৎ। ভৌমং রজো ধূলিঃ অসৃক্‌সিক্তে রুধিরাপ্লুতে। আনাভি মধ্যদেশপর্য্যন্তম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭—৩৮॥

মত্তা ইতি। বেগবত ইতি নকারলোপ আর্ষঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩৯॥

হয়া ইতি। পতিতা আরোহা আরোহিণো যেষাং তে ॥৪০॥

মুক্তেতি। ক্ষতজং রক্তম্। রণশিরো রণাগ্রদেশম্ ॥৪১॥

মহাভীষণ প্রলয়ের ন্যায় অপার ও অতিদারুণ সেই মহাযুদ্ধ চলিতে লাগিলে, রক্তের প্রবাহে ও বায়ুর বেগে ধূলি নিবৃত্তি পাইল। তখন রক্তপ্লাবিত ভূমিতে রক্তপ্রবাহমধ্যে রথচক্রগুলি মধ্যপর্য্যন্ত মগ্ন হইতে লাগিল ॥৩৭—৩৮॥

রাজা! আরোহীরা নিহত ও সমস্ত অঙ্গ বিদারিত হইলে, আপনার পক্ষের মত্ত ও বেগবান্ সহস্র সহস্র হস্তী আপন আপন সৈন্যগণকে মর্দ্দন করিতে থাকিয়া আর্ত্তনাদ করতঃ পলায়ন করিতে লাগিল ॥৩৯॥

নরনাথ রাজা! আরোহীরা পতিত হইলে, অর্জ্জুনের শরে আহত অশ্ব ও পদাতিগণ ভয়ে পলায়ন করিতে থাকিল ॥৪০॥

অন্য লোকেরা মুক্তকেশ ও কবচশূন্য হইয়া ভূতলে রক্ত নিঃসারণ করিতে থাকিয়া ভয়ে সমরাগ্রদেশ ত্যাগ করিয়া যাইতে লাগিল ॥৪১॥

---

(৪১)···প্রপলায়ন্ত সংত্রস্তাঃ · পি বর্দ্ধ।

উরুগ্রাহগৃহীতাশ্চ কেচিত্তত্রাভবন্ ভুবি।
হতানাঞ্চাপরে মধ্যে দ্বিরদানাং নিলিল্যিরে ॥৪২॥
এবং তব বলং রাজন্! দ্রাবয়িত্বা ধনঞ্জয়ঃ।
ন্যবধীৎ সায়কৈর্ঘোরৈঃ সিন্ধুরাজস্য রক্ষিণঃ ॥৪৩॥
কর্ণং দ্রৌণিং কৃপং শল্যং বৃষসেনং সুযোধনম্।
ছাদয়ামাস তীব্রেণ শরজালেন পাণ্ডবঃ ॥৪৪॥
ন গৃহ্লন্ ন ক্ষিপন্ রাজন্! ন মুঞ্চন্ নাপি সন্দধৎ।
অদৃশ্যতার্জ্জুনঃ সংখ্যে শীঘ্রাস্ত্রত্বাৎ কথঞ্চন ॥৪৫॥
ধনুর্ম্মণ্ডলমেবাস্য দৃশ্যতে স্মাস্যতঃ সদা।
সায়কাশ্চ ব্যদৃশ্যন্ত নিশ্চরন্তঃ সমন্ততঃ ॥৪৬॥
কর্ণস্য তু ধনুশ্ছিত্ত্বা বৃষসেনস্য চৈব হ।
শল্যস্য সূতং ভল্লেন রথনীড়াদপাতয়ৎ ॥৪৭॥

ভারতকৌমুদী

উরিতি। উরুগ্রাহেণ উরুস্তম্ভেন গৃহীতা আক্রান্তাঃ। নিলিল্যিরে লুক্কায়িতাঃ ॥৪২॥
এবমিতি। বলং সৈন্যম্। দ্রাবয়িত্বা নিপীড্য ॥৪৩॥
কর্ণমিতি। দ্রৌণিমশ্বত্থামানম্। পাণ্ডবোঽর্জ্জুনঃ ॥৪৪॥
নেতি। সর্ব্বত্র বাণানিতি শেষঃ। প্রকরণভেদাদস্য পুনরুক্তির্ন দোষায় ॥৪৫॥
ধনুরিতি। মণ্ডলং মণ্ডলীভূতম্। অস্যতঃ অনবরতং শরান্ ক্ষিপতঃ ॥৪৬॥

কতকগুলি সৈন্য উরুস্তম্ভে আক্রান্ত হইয়া সেই সেই স্থানেই ভূতলে বসিতে থাকিল এবং অন্য সৈন্যেরা নিহত হস্তিগণের মধ্যে যাইয়া লুক্কায়িত হইতে লাগিল ॥৪২॥

রাজা! অর্জ্জুন এইভাবে আপনার সৈন্যদিগকে পীড়ন করিয়া ভীষণ শরসমূহদ্বারা জয়দ্রথের রক্ষিগণকে বধ করিলেন ॥৪৩॥

পরে অর্জ্জুন তীব্র শরজালদ্বারা কর্ণ, অশ্বত্থামা, কৃপ, শল্য, বৃষসেন ও দুর্য্যোধনকে আবৃত করিলেন ॥৪৪॥

রাজা! তৎকালে অর্জুন অতিদ্রুত অস্ত্রক্ষেপ করিতে থাকায় তাঁহার অস্ত্রগ্রহণ, অস্ত্রসন্ধান, অস্ত্রক্ষেপ বা অস্ত্রত্যাগ ইহার কোনটাই কোনপ্রকারে দেখা গেল না ॥৪৫॥

কিন্তু সর্ব্বদা বাণক্ষেপকারী অর্জুনের মণ্ডলীভূত ধনুখানাই কেবল দেখা যাইতে লাগিল; আর সকল দিকে বিচরণকারী বাণসমূহ দৃষ্টিগোচর হইতে থাকিল ॥৪৬॥

গাঢ়বিদ্ধাবুভৌ কৃত্বা শরৈঃ স্বস্ত্রীয়মাতুলৌ।
অর্জ্জুনো জয়তাং শ্রেষ্ঠো দ্রৌণিশারদ্বতৌ রণে ॥৪৮॥ (যুগ্মকম্)
এবং তান্ ব্যাকুলীকৃত্য ত্বদীয়ান্ স মহারথান্।
উজ্জহার শরং ঘোরং পাণ্ডবোঽনলসন্নিভম্ ॥৪৯॥
ইন্দ্রাশনিসমপ্রখ্যং দিব্যমন্ত্রাভিমন্ত্রিতম্।
সর্ব্বভারসহং শশ্বদ্‌গন্ধমাল্যার্চ্চিতং মহৎ ॥৫০॥
বজ্রেণাস্ত্রেণ সংযোজ্য বিধিবৎ কুরুনন্দন !।
সমাদধন্মহাবাহুর্গাণ্ডীবে ক্ষিপ্রমর্জ্জুনঃ ॥৫১॥ (যুগ্মকম্)
তস্মিন্ সন্ধীয়মানে তু শরে জ্বলনতেজসি।
অন্তরীক্ষে মহানাদো ভূতানামভবন্নৃপ !॥৫২॥
অব্রবীচ্চ পুনস্তত্র ত্বরমাণো জনার্দ্দনঃ।
ধনঞ্জয় ! শিরশ্ছিন্ধি সৈন্ধবস্য দুরাত্মনঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

কর্ণস্যেতি। সূতং সারথিম্। রথনীড়াদিত্যনেন সূতস্য পক্ষিতুল্যত্বং সূচিতম্। স্বস্ত্রীয়ো ভাগিনেয়ো দ্রৌণিরশ্বত্থামা, মাতুলশ্চ শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ কৃপঃ ॥৪৭—৪৮॥

এবমিতি। উজ্জহার তূণাদুদ্ধৃতবান্। পাণ্ডবোঽর্জ্জুনঃ ॥৪৯॥

ইন্দ্রেতি। সর্বভারসহং সর্ববিদারণাদিযোগ্যম্। মহদিতি ক্লীবত্বমার্ষম্। বজ্রেণাস্ত্রেণ বজ্রাস্ত্রমন্ত্রেণ। সমাদধৎ তং শরং সংহিতবান্ ॥৫০—৫১॥

তস্মিন্নিতি। জ্বলনতেজসি অগ্নিবদুজ্জ্বলে। ভূতানাং পশ্যতাং দেবাদীনাম্ ॥৫২॥

ক্রমে বিজয়িশ্রেষ্ঠ অর্জুন কর্ণ ও বৃষসেনের ধনু ছেদন এবং ভাগিনেয় অশ্বত্থামা ও মাতুল কৃপাচার্য্যকে গাঢ়বিদ্ধ করিয়া একটা ভল্লদ্বারা শল্যের সারথিকে রথনীড় হইতে নিপাতিত করিলেন ॥৪৭—৪৮॥

রাজা ! এইভাবে অর্জুন আপনার পক্ষের মহারথগণকে আকুল করিয়া অগ্নির ন্যায় উজ্জ্বল একটা ভয়ঙ্কর বাণ তূণ হইতে উদ্ধার করিলেন ॥৪৯॥

কুরুনন্দন ! তদনন্তর মহাবাহু অর্জুন—ইন্দ্রের বজ্রের তুল্য তেজস্বী, দিব্যমন্ত্রে অভিমন্ত্রিত, সর্ব্ববিদারণযোগ্য এবং সর্ব্বদা গন্ধ ও মাল্যদ্বারা পূজিত সেই বিশাল বাণটাকে যথাবিধানে বজ্রমন্ত্রে সংযুক্ত করিয়া সত্বর গাণ্ডীবধনুতে সন্ধান করিলেন ॥৫০—৫১॥

রাজা ! অর্জুন অগ্নির তুল্য তেজস্বী সেই বাণটা সন্ধান করিলে, আকাশস্থ প্রাণিগণের মধ্যে বিশাল কোলাহল উত্থিত হইল ॥৫২॥

(৫১) রৌদ্রেণাস্ত্রেণ···কুরুনন্দনঃ·· পি বা। (৫৩)·· সৈন্ধবস্য মহাত্মনঃ—পি।

অস্তং মহীধরশ্রেষ্ঠং যিয়াসতি দিবাকরঃ।
শৃণুষ্বৈতচ্চ কার্য্যং মে জয়দ্রথবধং প্রতি ॥৫৪॥
বৃদ্ধক্ষত্রঃ সৈন্ধবস্য পিতা জগতি বিশ্রুতঃ।
স কালেনেহ মহতা সৈন্ধবং প্রাপ্তবান্ সুতম্ ॥৫৫॥
জয়দ্রথমমিত্রঘ্নং তঞ্চোবাচ তদা নৃপম্।
অন্তর্হিতা পুরা বাণী মেঘদুন্দুভিনিস্বনা ॥৫৬॥ (যুগ্মকম্)
তবাত্মজো মনুষ্যেন্দ্র! কুলশীলদমাদিভিঃ।
গুণৈর্ভবিষ্যতি বিভো! সদৃশো বংশয়োর্দ্বয়োঃ।
ক্ষত্রিয়প্রবরো লোকে নিত্যং শূরাভিসৎকৃতঃ ॥৫৭॥
শত্রুভির্যুধ্যমানস্য সংগ্রামে ত্বস্য ধন্বিনঃ।
শিরশ্ছেৎস্যতি সংক্রুদ্ধঃ শত্রুরালক্ষিতো ভুবি ॥৫৮॥

ভারতকৌমুদী

অব্রবীদিতি। সৈন্ধবস্য জয়দ্রথস্য, দুরাত্মনঃ বালকাভিমন্যুবধহেতুত্বাৎ ॥৫৩॥
অস্তমিতি। যিয়াসতি যাতুমিচ্ছতি। মে মম সকাশাদেতৎ কার্য্যং শৃণুষ্ব ॥৫৪॥
বৃদ্ধেতি। প্রাপ্তবান্ দেবতারাধনেন। অন্তর্হিতা অন্তর্হিতদেবদূতোক্তা ॥৫৫—৫৬॥
তবেতি। দম ইন্দ্রিয়দমনম্। দ্বয়োর্মাতাপিত্রোঃ। ষট্পাদোঽয় শ্লোকঃ ॥৫৭॥
শত্রুভিরিতি। অস্য জয়দ্রথস্য। আলক্ষিতো দৃষ্টঃ ॥৫৮॥

তখন কৃষ্ণ ত্বরান্বিত হইয়া পুনরায় বলিলেন—'অর্জ্জুন! দুরাত্মা জয়দ্রথের মস্তকচ্ছেদন কর ॥৫৩॥

সূর্য্য অস্তনামক পর্ব্বতশ্রেষ্ঠে যাইবার ইচ্ছা করিতেছেন। অতএব জয়দ্রথ-বধবিষয়ে আমার নিকট এই কর্ত্তব্য বিষয় শ্রবণ কর ॥৫৪॥

জগদ্বিখ্যাত বৃদ্ধক্ষত্র জয়দ্রথের পিতা। তিনি দীর্ঘকাল দেবতার আরাধনা করিয়া শত্রুহন্তা জয়দ্রথকে পুত্ররূপে প্রাপ্ত হন। উহার জন্মকালে অলক্ষিত-দেবদূতোক্ত মেঘ ও দুন্দুভির ধ্বনির ন্যায় গম্ভীর বাণী নির্গত হইয়া সেই রাজা বৃদ্ধক্ষত্রকে বলিয়াছিল—॥৫৫—৫৬॥

'মনুষ্যশ্রেষ্ঠ রাজা! আপনার এই পুত্র—কুল, শীল ও ইন্দ্রিয়দমনপ্রভৃতি গুণদ্বারা মাতৃবংশ ও পিতৃবংশের উপযুক্ত, ক্ষত্রিয়শ্রেষ্ঠ এবং জগতে সর্ব্বদা বীরগণের সম্মানভাজন হইবে ॥৫৭॥

কিন্তু এ যখন ধনুর্দ্ধারণ করিয়া রণস্থলে শত্রুগণের সহিত যুদ্ধ করিতে

(৫৬)…অমিত্রঘ্নং বাগুবাচাশরীরিণী…বা। (৫৭)…কুলশীলসমাদিভিঃ…পি।

তচ্ছ্রুত্বা সিন্ধুরাজশ্চ ধ্যাত্বা চিরমরিন্দমঃ।
জ্ঞাতীন্ সর্বানুবাচেদং পুত্রস্নেহাভিচোদিতঃ ॥৫৯॥
সংগ্রামে যুধ্যমানস্য বহতো মহতীং ধুরম্।
ধরণ্যাং মম পুত্রস্য পাতয়িষ্যতি যঃ শিরঃ।
তস্যাপি শতধা মূর্দ্ধা ফলিষ্যতি ন সংশয়ঃ ॥৬০॥
এবমুক্ত্বা ততো রাজ্যে স্থাপয়িত্বা জয়দ্রথম্।
বৃদ্ধক্ষত্রো বনং যাতস্তপশ্চোগ্রং সমাস্থিতঃ ॥৬১॥
স তপ্যতে চ তেজস্বী তপো ঘোরং দুরাসদম্।
সমন্তপঞ্চকাদস্মাদ্বহির্ব্বানরকেতন ! ॥৬২॥

ভারতকৌমুদী

তদিতি। সিন্ধুরাজো বৃদ্ধক্ষত্রঃ, ধ্যাত্বা পুত্রশিরশ্ছেদপ্রতিক্রিয়াং বিচিন্ত্য ॥৫৯॥

সংগ্রাম ইতি। ধুরং সৈন্যরক্ষাভারম্। ফলিষ্যতি বিশীর্ণং ভবিষ্যতি, "দল ত্রি ফলা বিশরণে" ইতি ধাত্বর্থানুসারাৎ। ন সংশয়ঃ, তপসা মে বাক্‌সিদ্ধিলাভাদিতি ভাবঃ। ষট্‌-পাদোঽয়ং শ্লোকঃ ॥৬০॥

এবমিতি। সমাস্থিতঃ অবলম্বিতবান্ ॥৬১॥

স ইতি। অস্মাৎ কুরুক্ষেত্রৈকদেশাৎ, হে বানরকেতন ! কপিধ্বজ ! ॥৬২॥

থাকিবে, তখন কোন ক্রুদ্ধ শত্রু প্রত্যক্ষ থাকিয়াই সেই রণভূমিতে ইহার শিরশ্ছেদন করিবে' ॥৫৮॥

শত্রুদমনকারী সিন্ধুরাজ বৃদ্ধক্ষত্র সেই দৈববাণী শুনিয়া দীর্ঘকাল চিন্তা করিয়া পুত্রস্নেহে প্রণোদিত হইয়া সমস্ত জ্ঞাতিকে এই কথা বলিয়াছিলেন—॥৫৯॥

'আমার পুত্র যখন সমরাঙ্গনে গুরুতর ভার বহন করতঃ যুদ্ধ করিতে থাকিবে, তখন যে লোক উহার মস্তক ভূতলে পাতিত করিবে, তাহার মস্তকও শতধা বিশীর্ণ হইয়া যাইবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥৬০॥

এইরূপ বলিয়া বৃদ্ধক্ষত্র যথাসময়ে জয়দ্রথকে রাজার পদে প্রতিষ্ঠিত করিয়া বনে যাইয়া ভয়ঙ্কর তপস্যা আরম্ভ করেন ॥৬১॥

কপিধ্বজ অর্জুন ! সেই তপস্বী বৃদ্ধক্ষত্র এখন এই সমন্তপঞ্চকের বহির্দেশে ভয়ঙ্কর ও দুষ্কর তপস্যা করিতেছেন ॥৬২॥

(৬১)···ততশ্চেষ্টং সমাশ্রিতঃ—পি।

তস্মাজ্জয়দ্রথস্য ত্বং শিরশ্ছিত্ত্বা মহামৃধে।
দিব্যেনাস্ত্রেণ রিপুহন্! ঘোরেণাদ্ভুতকর্ম্মণা ॥৬৩॥
সকুণ্ডলং সিন্ধুপতেঃ প্রভঞ্জনসুতানুজ !।
উৎসঙ্গে পাতয়াস্যাশু বৃদ্ধক্ষত্রস্য ভারত ! ॥৬৪॥ (যুগ্মকম্)
অথ ত্বমস্য মূর্দ্ধানং পাতয়িষ্যসি ভূতলে।
তবাপি শতধা মূর্দ্ধা ফলিষ্যতি ন সংশয়ঃ ॥৬৫॥
যথা চেদং ন জানীয়াৎ স রাজা তপসি স্থিতঃ।
তথা কুরু কুরুশ্রেষ্ঠ! দিব্যমস্ত্রমুপাশ্রিতঃ ॥৬৬॥
নহ্যসাধ্যমকার্য্যং বা বিদ্যতে তব কিঞ্চন।
সমস্তেষ্বপি লোকেষু ত্রিষু বাসবনন্দন ! ॥৬৭॥
এতচ্ছ্রুত্বা তু বচনং সৃক্কণী পরিসংলিহন্।
ইন্দ্রাশনিসমস্পর্শং দিব্যমন্ত্রাভিমন্ত্রিতম্ ॥৬৮॥
সর্বভারসহং শশ্বদ্গন্ধমাল্যার্চ্চিতং শরম্।
বিসসর্জ্জার্জ্জুনস্তূর্ণং সৈন্ধবস্য বধে ধৃতম্ ॥৬৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্মাদিতি। মহামৃধে মহাযুদ্ধে। প্রভঞ্জনসুতো বায়ুপুত্রো ভীমঃ হে তদনুজ ! ॥৬৩—৬৪॥
অথেতি। ফলিষ্যতি বিশীর্ণীভবিষ্যতি, ন সংশয়ঃ তপস্বিবাক্যস্যাব্যর্থত্বাৎ ॥৬৫॥
যথেতি। ন জানীয়াৎ, তস্যৈতজ্জ্ঞানে যদি তদভিসম্পাতাশঙ্কেতি ভাবঃ ॥৬৬॥
মনুলক্ষিতে প্রদেশে কথমিদং পাতয়ামীত্যাহ নহীতি। সর্বদেবাস্ত্রজ্ঞানাদিত্যাশয়ঃ ॥৬৭॥

অতএব শক্রহন্তা ভীমানুজ ভরতনন্দন ! তুমি সত্বর ভয়ঙ্কর ও অদ্ভুতকার্য্যকারী কোন অলৌকিক অস্ত্রদ্বারা মহাযুদ্ধে জয়দ্রথের মস্তক ছেদন করিয়া কুণ্ডলযুক্ত সেই মস্তকটীকে তপস্যায় উপবিষ্ট সিন্ধুরাজ বৃদ্ধক্ষত্রের ক্রোড়ে নিপাতিত কর ॥৬৩—৬৪॥

পক্ষান্তরে তুমি যদি জয়দ্রথের মস্তক ভূতলে পাতিত কর, তাহা হইলে তোমার মস্তকও শতভাগে বিদীর্ণ হইয়া যাইবে ॥৬৫॥

কৌরবশ্রেষ্ঠ ! তপস্যানিরত সেই রাজা যাহাতে এই ঘটনা জানিতে না পারেন, তুমি কোন দিব্য অস্ত্র অবলম্বন করিয়া তাহা কর ॥৬৬॥

ইন্দ্রনন্দন ! সমগ্র ত্রিভুবনমধ্যে তোমার অসাধ্য বা অকার্য্য কিছু নাই' ॥৬৭॥

(৬৯) ইতঃ পরম্ "ততো ধনঞ্জয়ঃ শীঘ্রং শরং তং ভাস্করত্বিষম্। উজ্জিহীর্ষুঃ শিরঃ কায়াৎ সৈন্ধবস্য মহাত্মনঃ॥" অয়মধিকঃ শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ।

স পার্থভুজনির্ম্মুক্তঃ শরঃ শ্যেন ইবাশুগঃ।
ছিত্ত্বা শিরঃ সিন্ধুপতেরুৎপপাত বিহায়সম্ ॥৭০॥
তচ্ছিরঃ সিন্ধুরাজস্য শরৈরূর্দ্ধমবাহয়ৎ।
যোধয়ামাস তাংশ্চৈব পাণ্ডবঃ ষণ্মহারথান্ ॥৭১॥
ততঃ সুমহদাশ্চর্য্যং তত্রাপশ্যাম ভারত!।
সমন্তপঞ্চকাদ্বাহ্যং শিরো যদ্ব্যহরত্ততঃ ॥৭২॥
এতস্মিন্নেব কালে তু বৃদ্ধক্ষত্রো মহীপতিঃ।
সন্ধ্যামুপাস্তে তেজস্বী সম্বন্ধী তব মারিষ! ॥৭৩॥

ভারতকৌমুদী

এতদিতি। পরিসংলিহন্ রসনয়া স্পৃশন্। বীরস্বভাবোঽয়ম্। সর্বভারসহং সমস্তদুষ্কর-কার্য্যসাধকম্, শশ্বৎ সর্বদা। সৈন্ধবস্য জয়দ্রথস্য, বধে বধার্থে, ধৃতং সংহিতম্ ॥৬৮—৬৯॥

স ইতি। শ্যেনঃ পক্ষী, আশুগো দ্রুতগামী। বিহায়সমাকাশম্ ॥৭০॥

তদিতি। শরৈরপরৈঃ। ষট্ কর্ণকৃপশল্যদুর্য্যোধনাশ্বত্থামবৃষসেনান্ ॥৭১॥

তত ইতি। ব্যহরৎ স শরসমূহো বহিরনয়ৎ, ততো যুদ্ধস্থানাৎ ॥৭২॥

এতস্মিন্নিতি। সম্বন্ধী বৈবাহিকঃ। "অর্দ্ধাস্তময়াৎ সন্ধ্যা" ইত্যাদিস্মৃতেরিতি ভাবঃ ॥৭৩॥

কৃষ্ণের এই কথা শুনিয়া অর্জ্জুন ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া ইন্দ্রের বজ্রের তুল্যস্পর্শ, দিব্যমন্ত্রে অভিমন্ত্রিত, সমস্তদুষ্করকার্য্যসাধক এবং চিরকাল গন্ধ ও মাল্যদ্বারা অর্চ্চিত সেই জয়দ্রথবধার্থ সংহিত বাণটাকে সত্বর নিক্ষেপ করিলেন ॥৬৮—৬৯॥

তখন অর্জ্জুনবাহুনিক্ষিপ্ত সেই বাণটা শ্যেনপক্ষীর ন্যায় দ্রুত যাইয়া জয়দ্রথের মস্তক চ্ছেদন করিয়া আকাশে উঠিল ॥৭০॥

আবার অর্জ্জুননিক্ষিপ্ত অপর কতকগুলি বাণ যাইয়া জয়দ্রথের সেই মস্তকটা ঊর্দ্ধে বহন করিয়া লইয়া চলিল। এদিকে অর্জ্জুন সেই ছয় জন (কর্ণ, কৃপ, শল্য, দুর্য্যোধন, অশ্বত্থামা ও বৃষসেন) মহারথীর সঙ্গে যুদ্ধ করিতে লাগিলেন ॥৭১॥

ভরতনন্দন! তখন আমরা গুরুতর আশ্চর্য্য দেখিতে লাগিলাম যে, অর্জ্জুনের সেই বাণগুলি জয়দ্রথের মস্তকটাকে সে স্থান হইতে সমন্তপঞ্চকের বাহিরে লইয়া যাইতে লাগিল ॥৭২॥

(৭০) স তু গাণ্ডীবনির্ম্মুক্তঃ · বা। (৭১) পূর্বার্দ্ধাৎ পরম্ 'দুর্হৃদামপ্রহর্ষায় সুহৃদাং হর্ষণায় চ। শরৈঃ কদম্বকীকৃত্য কালে তস্মিংশ্চ পাণ্ডবঃ॥' অয়মংশোঽধিকঃ বঙ্গ বর্দ্ধ বা।

উপাসীনস্য তস্যাথ কৃষ্ণকেশং সকুণ্ডলম্।
সিন্ধুরাজস্য মূর্দ্ধানমুৎসঙ্গে সমপাতয়ৎ ॥৭৪॥
তস্যোৎসঙ্গে নিপতিতং শিরস্তচ্চারুকুণ্ডলম্।
বৃদ্ধক্ষত্রস্য নৃপতেরলক্ষিতমরিন্দম! ॥৭৫॥
ততো ভীতস্য তস্যাথ বৃদ্ধক্ষত্রস্য ভারত!।
প্রোত্তিষ্ঠতস্তৎ সহসা শিরোঽগচ্ছদ্ধরাতলম্ ॥৭৬॥
ততস্তস্য নরেন্দ্রস্য পুত্রমূর্দ্ধনি ভূতলম্।
গতে তস্যাপি শতধা মূর্দ্ধাগচ্ছদরিন্দম! ॥৭৭॥
ততঃ সর্ব্বাণি সৈন্যানি বিস্ময়ং জগ্মুরুত্তমম্।
বাসুদেবশ্চ বীভৎসুং প্রশশংস মহারথম্ ॥৭৮॥

ভারতকৌমুদী

উপেতি। উপাসীনস্য সন্ধ্যামন্ত্রিষ্ঠতঃ। সিন্ধুরাজস্য জয়দ্রথস্য ॥৭৪॥
তস্যেতি। উৎসঙ্গে ক্রোড়ে। অলক্ষিতং যথা স্যাত্তথা ॥৭৫॥
তত ইতি। ভীতস্য আকস্মিকশিরঃপতনাদিতি ভাবঃ। অগচ্ছদপতৎ ॥৭৬॥
তত ইতি। নরেন্দ্রস্য বৃদ্ধক্ষত্রস্য। অগচ্ছৎ বিশীর্ণতামিতি শেষঃ ॥৭৭॥
তত ইতি। সৈন্যানি সমন্তপঞ্চকসন্নিহিতানি। উত্তমং সাতিশয়ম্ ॥৭৮॥

মাননীয় রাজা! এই সময়ে আপনার বৈবাহিক তেজস্বী বৃদ্ধক্ষত্ররাজা সন্ধ্যার উপাসনা করিতেছিলেন ॥৭৩॥

ক্রমে সেই বাণসমূহ কৃষ্ণকেশ ও কুণ্ডলযুক্ত জয়দ্রথের মস্তকটী লইয়া যাইয়া সন্ধ্যোপাসনায় নিরত বৃদ্ধক্ষত্রের ক্রোড়ে নিপাতিত করিল ॥৭৪॥

অরিন্দম রাজা! সুন্দরকুণ্ডলযুক্ত সেই মস্তকটী সেই বৃদ্ধক্ষত্ররাজার অলক্ষিতভাবেই তাঁহার ক্রোড়ে পতিত হইয়াছিল ॥৭৫॥

ভরতনন্দন! তখন বৃদ্ধক্ষত্র ভীত হইয়া যেই উঠিয়া দাঁড়াইলেন, অমনি সেই মাথাটী ভূতলে পড়িয়া গেল ॥৭৬॥

অরিন্দম রাজা! পুত্রের মস্তক ভূতলে পতিত হইলে, সেই বৃদ্ধক্ষত্ররাজার মস্তকও শতধা বিদীর্ণ হইল ॥৭৭॥

তদনন্তর তত্রত্য সমস্ত সৈন্য অত্যন্তবিস্ময়াপন্ন হইল, এদিকে কৃষ্ণও মহারথ অর্জ্জুনের প্রশংসা করিতে লাগিলেন ॥৭৮॥

(৭৮) বাসুদেবং সবীভৎসুং প্রশশংসুর্মহারথম্—বঙ্গ বর্দ্ধ,। বাসুদেবশ্চ বীভৎসুং প্রশশংসু-র্মহারথম্—বা।

ততো বিনিহতে রাজন্ ! সিন্ধুরাজে কিরীটিনা।
তমস্তদ্বাসুদেবেন সংহৃতং ভরতর্ষভ ! ॥৭৯॥
পশ্চাজ্জ্ঞাতং মহীপাল ! তব পুত্রৈঃ সহানুগৈঃ।
বাসুদেবপ্রযুক্তেয়ং মায়েতি নৃপসত্তম ! ॥৮০॥
এবং স নিহতো রাজন্ ! পার্থেনামিততেজসা।
অক্ষৌহিণীরষ্ট হত্বা জামাতা তব সৈন্ধবঃ ॥৮১॥
হতং জয়দ্রথং দৃষ্ট্বা তব পুত্রা নরাধিপ ! ।
দুঃখাদশ্রূণি মুমুচুর্নিরাশাশ্চাভবন্ জয়ে ॥৮২॥
ততো জয়দ্রথে রাজন্ ! হতে পার্থেন কেশবঃ।
দধ্মৌ শঙ্খং মহাবাহুরর্জ্জুনশ্চ পরন্তপঃ ॥৮৩॥
ভীমশ্চ বৃষ্ণিসিংহশ্চ যুধামন্যুশ্চ ভারত ! ।
উত্তমৌজাশ্চ বিক্রান্তঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্ ॥৮৪॥

ভারতকৌমুদী

তত ইতি। তমঃ অন্ধকারম্ সংহৃতমপসারিতম্ ॥৭৯॥

পশ্চাদিতি। জ্ঞাতম্, তদানীমস্তগমনোন্মুখসূর্য্যদর্শনাদিতি ভাবঃ ॥৮০॥

এবমিতি। ননু "অক্ষৌহিণীঃ সপ্ত হত্বা হতো রাজা জয়দ্রথঃ" ইত্যাদিপর্ব্বণি পর্ব্বসংগ্রহাধ্যায়োক্ত্যা সহ বিরোধ ইতি চেন্ন উভয়ত্রাপি সপ্তাষ্টশব্দয়োরধিকসংখ্যামাত্রপরত্বাং ॥৮১॥

হতমিতি। নিরাশাশ্চাভবন্ জয়ে, অর্জ্জুনাদীনাং বীরত্বদর্শনাদিতি ভাবঃ ॥৮২॥

তত ইতি। দধ্মৌ আনন্দেন বাদয়ামাসেত্যর্থঃ ॥৮৩॥

ভীম ইতি। বৃষ্ণিসিংহঃ সাত্যকিঃ। যুধামন্যূত্তমৌজসৌ অর্জ্জুনচক্ররক্ষকৌ ॥৮৪॥

ভরতশ্রেষ্ঠ রাজা ! অর্জ্জুন জয়দ্রথকে বধ করিলে পর কৃষ্ণ সেই অন্ধকার অপসারিত করিলেন ॥৭৯॥

রাজশ্রেষ্ঠ রাজা ! তাহার পর অনুচরবর্গের সহিত আপনার পুত্রেরা বুঝিলেন যে, এটা কৃষ্ণের মায়া ॥৮০॥

রাজা ! অমিততেজা অর্জ্জুন বহুসংখ্যক কৌরবসৈন্য সংহার করিয়া এই-ভাবে আপনার জামাতা সেই জয়দ্রথকে বধ করিয়াছেন ॥৮১॥

নরনাথ ! তখন আপনার পুত্রেরা জয়দ্রথকে নিহত দেখিয়া অশ্রুমোচন করিতে লাগিলেন এবং জয়লাভে নিরাশ হইয়া পড়িলেন ॥৮২॥

রাজা ! অর্জ্জুন জয়দ্রথকে বধ করিলে, মহাবাহু কৃষ্ণ এবং পরন্তপ অর্জ্জুন শঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥৮৩॥

শ্রুত্বা মহান্তং তং শব্দং ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
সৈন্ধবং নিহতং মেনে ফাল্গুনেন মহাত্মনা ॥৮৫॥
ততো বাদিত্রঘোষেণ স্বান্ যোধান্ পর্য্যহর্ষয়ৎ।
অভ্যবর্ত্তত সংগ্রামে ভারদ্বাজং যুযুৎসয়া ॥৮৬॥
ততঃ প্রববৃতে রাজন্নস্তং গচ্ছতি ভাস্করে।
দ্রোণস্য সোমকৈঃ সার্দ্ধং সংগ্রামো লোমহর্ষণঃ ॥৮৭॥
তে তু সর্ব্বপ্রযত্নেন ভারদ্বাজং জিঘাংসবঃ।
সৈন্ধবে নিহতে রাজন্নযুধ্যন্ত মহারথাঃ ॥৮৮॥
পাণ্ডবাস্তু জয়ং লব্ধ্বা সৈন্ধবং বিনিহত্য চ।
অযোধয়ংস্ততো দ্রোণং জয়োন্মত্তাস্ততস্ততঃ ॥৮৯॥
অর্জ্জুনোঽপি রণে যোধাংস্তাবকান্ রথসত্তমান্।
অযোধয়ন্মহাবাহুর্হত্বা সৈন্ধবকং নৃপম্ ॥৯০॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। সৈন্ধবং নিহতং মেনে, আনন্দেনৈব তৎসম্ভবাবধারণাৎ ॥৮৫॥
তত ইতি। ভারদ্বাজং দ্রোণম্, যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া। যুধিষ্ঠির ইত্যনুবৃত্তিঃ ॥৮৬॥
তত ইতি। গচ্ছতি সতি। লোমহর্ষণঃ ভয়াদ্বিস্ময়াচ্চ রোমাঞ্চজনকঃ ॥৮৭॥
ত ইতি। তে সোমকাঃ। জিঘাংসবো হন্তুমিচ্ছবঃ। সৈন্ধবে জয়দ্রথে ॥৮৮॥
পাণ্ডবা ইতি। সৈন্ধবং বিনিহত্য জয়ং লব্ধ্বা চেত্যন্বয়ঃ। ততস্ততো দেশাৎ ॥৮৯॥

ভরতনন্দন! ক্রমে বিক্রমশালী ভীমসেন, সাত্যকি, যুধামন্যু ও উত্তমৌজা পৃথক্ পৃথক্‌ভাবে শঙ্খবাদন করিতে থাকিলেন ॥৮৪॥

ওদিকে ধর্ম্মরাজ যুধিষ্ঠির সেই বিশাল শব্দ শুনিয়া মহাবল অর্জ্জুনকর্ত্তৃক জয়দ্রথ নিহত হইয়াছেন বলিয়া ধারণা করিলেন ॥৮৫॥

তাহার পর তিনি বাদ্যধ্বনিদ্বারা স্বপক্ষের যোদ্ধাদিগকে আনন্দিত করিলেন এবং যুদ্ধ করিবার ইচ্ছায় দ্রোণের অভিমুখবর্ত্তী হইলেন ॥৮৬॥

রাজা! তদনন্তর সূর্য্য অস্তাচলে যাইতে লাগিলে, সোমকগণের সহিত দ্রোণের লোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল ॥৮৭॥

রাজা! জয়দ্রথ নিহত হইলে, সেই সোমক মহারথেরা সর্ব্বপ্রযত্নে দ্রোণকে বধ করিবার ইচ্ছা করিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৮৮॥

এবং পাণ্ডবেরাও জয়দ্রথবধে জয়লাভ করিয়া উন্মত্ত হইয়া নানাদিক্ হইতে দ্রোণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৮৯॥

(৯০)…সৈন্ধবকং বলম্—পি।

স দেবশত্রূনিব দেবরাজঃ কিরীটমালী ব্যধমৎ সমন্তাৎ।
যথা তমাংস্যভ্যুদিতস্তমোঘ্নঃ পূর্ব্বপ্রতিজ্ঞাং সমবাপ্য বীরঃ ॥৯১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধপর্ব্বণি জয়দ্রথবধে সপ্তবিংশত্যধিক-
শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০*০—

অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:-০-:—

ধৃতরাষ্ট্র উবাচ।
তস্মিন্ বিনিহতে বীরে সৈন্ধবে সব্যসাচিনা।
মামকা যদকুর্ব্বন্ত তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥১॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। রথসত্তমান্ কর্ণাদীন্। সৈন্ধবকমিত্যনুকম্পায়াং কপ্রত্যয়ঃ ॥৯০॥

স ইতি। স বীরঃ কিরীটমালী অর্জ্জুনঃ, পূর্ব্বপ্রতিজ্ঞাং পূর্ব্বকৃতজয়দ্রথবধপ্রতিজ্ঞাম্, সমবাপ্য জয়দ্রথবধেন সমাপ্য, অভ্যুদিতস্তমোঘ্নঃ সূর্য্যো যথা, তমাংসি অন্ধকারান্ বিধমতি, তথা, দেবরাজঃ, দেবশত্রূনসুরানিব চ, সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু, ব্যধমৎ কৌরবসৈন্যান্ ব্যনাশয়ৎ ॥৯১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে
সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—(::)—

তস্মিন্নিতি। জয়দ্রথবধস্য পূর্ব্বমেব সম্ভাবিতত্বান্ন শোকপ্রলাপ ইতি বোধ্যম্ ॥১॥

আবার মহাবাহু অর্জ্জুনও রাজা জয়দ্রথকে বধ করিয়া আপনার পক্ষের রথিশ্রেষ্ঠ যোদ্ধাদের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৯০॥

ক্রমে উদিত সূর্য্য যেমন অন্ধকার নাশ করেন এবং দেবরাজ যেমন দেবশত্রু বিনাশ করিয়াছিলেন, সেইরূপ মহাবীর অর্জ্জুন পূর্বপ্রতিজ্ঞা সমাপ্ত করিয়া সকল দিকের কৌরবসৈন্য বিনাশ করিতে থাকিলেন' ॥৯১॥

(৯১)···পূর্ণাং প্রতিজ্ঞাং স সমাপ্য বীরঃ—নি। নি পুস্তকে অস্মিন্নধ্যায়ে মহান্ পাঠভেদো বর্ত্ততে। * '···চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '···ষট্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা, '···সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' নি।

সঞ্জয় উবাচ।

সৈন্ধবং নিহতং দৃষ্ট্বা রণে পার্থেন মারিষ!।
অমর্ষবশমাপন্নঃ কৃপঃ শারদ্বতস্ততঃ ॥২॥
মহতা শরবর্ষেণ পাণ্ডবং সমবাকিরৎ।
দ্রৌণিশ্চাভ্যদ্রবদ্রাজন্! রথমাস্থায় ফাল্গুনম্ ॥৩॥ (যুগ্মকম্)
তাবেনং রথিনাং শ্রেষ্ঠৌ রথাভ্যাং রথসত্তমম্।
উভাবুভয়তস্তীক্ষ্ণৈর্বিশিখৈরভ্যবর্ষতাম্ ॥৪॥
স তথা শরবর্ষাভ্যাং সুমহদ্ভ্যাং মহাভুজঃ।
পীড্যমানঃ পরামার্ত্তিমগমদ্রথিনাং বরঃ ॥৫॥
সোঽজিঘাংসুর্গুরুং সংখ্যে গুরোস্তনয়মেব চ।
চকারাচার্য্যকং তত্র কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ ॥৬॥

ভারতকৌমুদী

সৈন্ধবমিতি। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ। অভ্যদ্রবদভ্যধাবৎ ॥২—৩॥

তাবিতি। এনং ফাল্গুনম্। রথসত্তমং রথিশ্রেষ্ঠম্ ॥৪॥

স ইতি। পরামত্যন্তাম্, আর্ত্তিং পীড়াং বেদনামিতি যাবৎ ॥৫॥

স ইতি। অজিঘাংসুর্গুরুত্বাদেব হন্তুমনিচ্ছুঃ, গুরুং কৃপম্, গুরোর্দ্রোণস্য। আচার্য্যকম্ অস্ত্রশিক্ষকবদ্ব্যবহারম্, অস্ত্রশিক্ষকো যথা শিক্ষাদানকালে শিষ্যগাত্রে অস্ত্রমদৃঢ়ং ক্ষিপতি তদ্বদিত্যর্থঃ ॥৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অর্জ্জুন সেই বীর জয়দ্রথকে বধ করিলে, আমার পক্ষের যোদ্ধারা যাহা করিলেন, তাহা আমার নিকট বল' ॥১॥

সঞ্জয় বলিলেন—'মাননীয় রাজা! অর্জ্জুন যুদ্ধে জয়দ্রথকে বধ করিয়াছেন দেখিয়া শরদ্বানের পুত্র কৃপ ক্রুদ্ধ হইয়া অর্জ্জুনের উপরে বিশাল শরবর্ষণ করিতে লাগিলেন; অশ্বত্থামাও রথে আরোহণ করিয়া অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥২—৩॥

সেই রথিশ্রেষ্ঠেরা দুই জন রথে আরোহণ করিয়া দুই দিক্ হইতে অর্জ্জুনের উপরে তীক্ষ্ণ বাণ সকল বর্ষণ করিতে লাগিলেন ॥৪॥

তখন মহাবাহু ও রথিশ্রেষ্ঠ অর্জ্জুন সেইরূপ বিশাল শরবর্ষণে পীড়িত হইতে থাকিয়া গুরুতর বেদনা অনুভব করিতে থাকিলেন ॥৫॥

তথাপি কুন্তীনন্দন অর্জ্জুন যুদ্ধে গুরু কৃপকে এবং গুরুপুত্র অশ্বত্থামাকে বধ করিবার ইচ্ছা না করিয়া কেবল শিক্ষকের ব্যবহার করিতে থাকিলেন (শিক্ষক

অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য দ্রৌণেঃ শারদ্বতস্য চ।
মন্দবেগানিষূংস্তাভ্যামজিঘাংসুরবাসৃজৎ ॥৭॥
তে চাপি ভৃশমভ্যঘ্নন্ বিশিখাঃ পার্থচোদিতাঃ।
বহুত্বাত্তু পরামার্ত্তিং শরাণাং তাবগচ্ছতাম্ ॥৮॥
অথ শারদ্বতো রাজন্! কৌন্তেয়শরপীড়িতঃ।
অবাসীদদ্রথোপস্থে মূর্চ্ছামভিজগাম চ ॥৯॥
স বিহ্বলমভিজ্ঞায় ভর্ত্তারং শরপীড়িতম্।
হতোঽয়মিতি চ জ্ঞাত্বা সারথিস্তমপাহরৎ ॥১০॥
তস্মিন্ ভগ্নে মহারাজ! কৃপে শারদ্বতে যুধি।
অশ্বত্থামাপ্যপাযাসীৎ পাণ্ডবেয়াদনন্তরম্ ॥১১॥

ভারতকৌমুদী

তদেব বিবৃণোতি অস্ত্রৈরিতি। তাভ্যাং তয়োরুপরি। অবাসৃজদর্জ্জুনঃ ॥৭॥
ত ইতি। তে চাপি মন্দবেগতয়া নিক্ষিপ্তা অপি। আর্ত্তিং পীড়াম্ ॥৮॥
অথেতি। শারদ্বতঃ কৃপঃ। অবাসীদৎ অবসন্নোঽভবৎ, রথস্য উপস্থে উপরিদেশে ॥৯॥
স ইতি। স তদীয়ঃ সারথিঃ। অপাহরৎ সমরস্থলাদপাসারয়ৎ ॥১০॥
তস্মিন্নিতি। ভগ্নে পরাজিতে। পাণ্ডবেয়াদর্জ্জুনাৎ, অনন্তরমব্যবধানম্ ॥১১॥

যেমন শিক্ষাদানকালে শিষ্যের গাত্রে কোমলভাবে অস্ত্রপ্রয়োগ করেন, অর্জ্জুন সেইরূপ করিতে থাকিলেন) ॥৬॥

অর্জুন আপন অস্ত্রে অশ্বত্থামা ও কৃপের অস্ত্র বারণ করিয়া বধ করিবার ইচ্ছা না করিয়া তাঁহাদের উপরে অল্পবেগে বাণক্ষেপ করিতে লাগিলেন ॥৭॥

অর্জুননিক্ষিপ্ত সেই বাণগুলিও কৃপ এবং অশ্বত্থামাকে অত্যন্ত আঘাত করিতে লাগিল। কেন না, সে বাণগুলি বহুতর ছিল। তাই তাঁহারা গুরুতর পীড়া অনুভব করিতে থাকিলেন ॥৮॥

রাজা! তাহার পর কৃপ অর্জুনের বাণে পীড়িত হইয়া অবসন্ন হইলেন এবং রথমধ্যে মূর্চ্ছিত হইয়া পড়িলেন ॥৯॥

তখন কৃপের সারথি কৃপকে বাণপীড়িত ও বিহ্বল জানিয়া ক্রমে ইনি নিহত হইয়াছেন ভাবিয়া তাঁহাকে রণস্থল হইতে লইয়া গেল ॥১০॥

মহারাজ! শরদ্বানের পুত্র কৃপ যুদ্ধে পরাজিত হইলে, অশ্বত্থামাও অর্জুনের নিকট হইতে চলিয়া গেলেন ॥১১॥

(৯)···অভিজগাম হ—পি বা নি। (১০) তং বিহ্বলমভিজ্ঞায়···তমপাবহৎ···পি বা নি। (১১)··· পাণ্ডবেয়াদ্রথান্তরম্—নি।

দৃষ্ট্বা শারদ্বতং পার্থো মূর্চ্ছিতং শরপীড়িতম্।
রথ এব মহেষ্বাসঃ স কৃপং পর্য্যদেবয়ৎ।
অশ্রুপূর্ণমুখো দীনো বচনঞ্চেদমব্রবীৎ ॥১২॥
পশ্যন্নিদং মহাপ্রাজ্ঞঃ ক্ষত্তা রাজানমুক্তবান্।
কুলান্ত-করণে পাপে জাতমাত্রে সুযোধনে ॥১৩॥
নীয়তাং পরলোকায় সাধ্বয়ং কুলপাংসনঃ।
অস্মাদ্ধি কুরুমুখ্যানাং মহদুৎপৎস্যতে ভয়ম্ ॥১৪॥
তদিদং সমনুপ্রাপ্তং বচনং সত্যবাদিনঃ।
তৎকৃতে হ্যদ্য পশ্যামি শরতল্পগতং গুরুম্ ॥১৫॥
ধিগস্তু ক্ষাত্রমাচারং ধিগস্তু বলপৌরুষম্।
কো হি ব্রাহ্মণমাচার্য্যমভিদ্রুহ্যেত মাদৃশঃ ॥১৬॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। পর্য্যদেবয়ৎ ব্যলপৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥
পশ্যন্নিতি। পশ্যন্ সম্ভাবয়ন্, ক্ষত্তা বিদুরঃ, রাজানং ধৃতরাষ্ট্রম্ ॥১৩॥
নীয়তামিতি। সাধু সম্যক্, কুলপাংসনো বংশদূষকঃ ॥১৪॥
তদিতি। বচনং বাক্যবিষয়ঃ, সত্যবাদিনো বিদুরস্য। তৎকৃতে দুর্য্যোধননিমিত্তম্ ॥১৫॥
ধিগিতি। বলমেব পৌরুষং বলপৌরুষম্। মাদৃশোঽন্যঃ ॥১৬॥

তখন মহাধনুর্দ্ধর অর্জুন কৃপকে শরপীড়িত ও রথমধ্যেই মূর্চ্ছিত দেখিয়া অশ্রুপূর্ণবদন ও কাতর হইয়া কৃপসম্বন্ধে বিলাপ করিলেন এবং এই কথা বলিলেন—॥১২॥

'বংশধ্বংসকারী পাপাত্মা দুর্য্যোধন জন্মিবামাত্র এই বিষয়ের সম্ভাবনা করিয়া মহাপ্রাজ্ঞ বিদুর ধৃতরাষ্ট্রকে বলিয়াছিলেন—॥১৩॥

'মহারাজ! বংশদূষক এই পুত্রটাকে একেবারে পরলোকে প্রেরণ করুন। কারণ, আপনার এই পুত্র হইতে কৌরবশ্রেষ্ঠগণের মহাভয় উৎপন্ন হইবে' ॥১৪॥

সত্যবাদী বিদুরের সেই বাক্যের বিষয় এই উপস্থিত হইয়াছে। যে হেতু সেই দুর্য্যোধনটার জন্যই আজ গুরুদেবকে শরশয্যায় পতিত দেখিলাম ॥১৫॥

ক্ষত্রিয়ের আচারকে ধিক্ এবং আমার বলপুরুষকারকে ধিক্। যে হেতু আমার তুল্য অন্য কোন্ ব্যক্তি ব্রাহ্মণের—বিশেষতঃ আচার্য্যের হিংসা করে ॥১৬॥

(১২)···ধিঘ্নিঙ্মামিতি চৈবোক্ত্বা কৃপণং পর্য্যদেবয়ৎ···নি। (১৬) ··ক্ষত্রমাচারম্ ··পি বঙ্গ বর্দ্ধ।

ঋষিপুত্রো মমাচার্য্যঃ পিতুর্মে পরমঃ সখা।
এষ শেতে রথোপস্থে কৃপো মদ্বাণপীড়িতঃ ॥১৭॥
অকাময়ানেন ময়া বিশিখৈরর্দ্দিতো ভৃশম্।
অবাসীদদ্রথোপস্থে প্রাণান্ পীড়য়তীব মে ॥১৮॥
পুত্রশোকাভিভূতেন শরৈরভ্যর্দ্দিতেন চ।
অভ্যস্তো বহুভির্বাণৈর্দস্যুধর্ম্মগতেন বৈ ॥১৯॥
শোচয়ত্যেষ নিয়তং ভূয়ঃ পুত্রবধাদ্ধি মাম্।
কৃপণং স্বরথে সন্নং পশ্য কৃষ্ণ! যথাগতম্ ॥২০॥
উপাহৃত্যেহ যো বিদ্যা আচার্য্যেভ্যো নরর্ষভাঃ।
প্রয়চ্ছন্তীহ কামান্ বৈ দেবত্বমুপযান্তি তে ॥২১॥

ভারতকৌমুদী

ঋষীতি। পিতুঃ পাণ্ডোঃ। শেতে, অতএব মাং ধিগিতি ভাবঃ ॥১৭॥
অকামেতি। অকাময়ানেন অর্দ্দয়িতুমনিচ্ছতাপি। মকারাগমাভাব আর্যঃ ॥১৮॥
পুত্রেতি। পুত্রশোকাভিভূতেন ময়া। অভ্যস্তঃ সর্বতঃ ক্ষিপ্তঃ পীড়িত ইত্যর্থঃ ॥১৯॥
শোচেতি। কৃপণং কাতরম্, সন্নমবসন্নীভূয় পতিতম্। যথা গতং স্থিতম্ ॥২০॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—৫॥ আচার্য্যকম্ অস্ত্রাভ্যাসকৌশলম্ ॥৬—১৩॥ তৎকৃতে দুর্য্যোধন-নিমিত্তম্ ॥১৫—১৮॥ অভ্যস্ত আহতঃ, দস্যুধর্ম্মগতেনাকার্য্যপ্রবৃত্তিহেতুনা মত্তপ্রমত্তনেত্যাদি-দশধর্ম্মানুসারিণেত্যর্থঃ ॥১৯॥ যথাগতং যাদৃশীমবস্থাং প্রাপ্তম্ ॥২০॥ উপাকৃত্যেতীত্য। কামান্

হায়! ঋষির পুত্র, আমার আচার্য্য এবং আমার পিতার পরম সখা কৃপ আমার বাণে পীড়িত হইয়া এই রথমধ্যে শয়ন করিলেন ॥১৭॥

আমি ইচ্ছা না করিয়াও বাণদ্বারা অত্যন্ত পীড়ন করিয়াছি। সুতরাং কৃপ রথমধ্যে অবসন্ন হইয়া পড়িয়াছেন এবং তাহাতে যেন আমার প্রাণের পীড়া জন্মাইতেছেন ॥১৮॥

হায়! আমি পুত্রশোকে অভিভূত এবং বিপক্ষের বাণে সর্ব্বতোভাবে পীড়িত হইয়া যেন দস্যুর স্বভাব অবলম্বন করিয়া বহুতর বাণদ্বারা উঁহাকে আঘাত করিয়াছি ॥১৯॥

ইনি আমার পুত্রবধ অপেক্ষাও নিশ্চয়ই অধিক শোকার্ত্ত করিতেছেন। কৃষ্ণ! দেখ—কৃপ কাতর ও অবসন্ন হইয়া আপন রথে মূর্চ্ছিত হইয়া পড়িয়াছেন ॥২০॥

(১৯) পুত্রশোকাভিতপ্তেন…নি,…দশধর্ম্মগতেন বৈ—বঙ্গ বর্দ্ধ বা নি। (২০)…স্বরথে স ত্বম্…পি। (২১) উপাকৃত্য তু বৈ বিদ্যাম্…বঙ্গ বর্দ্ধ বা নি।

যে তু বিদ্যামুপাদায় গুরুভ্যঃ পুরুষাধমাঃ।
ঘ্নন্তি তানেব দুর্ব্বৃত্তাস্তে বৈ নিরয়গামিনঃ ॥২২॥
তদিদং নরকায়াদ্য কৃতং কর্ম্ম ময়া ধ্রুবম্।
আচার্য্যং শরবর্ষেণ রথে সাদয়তা কৃপম্ ॥২৩॥
যত্তৎ পূর্ব্বমুপাকুর্ব্বন্নস্ত্রং মামব্রবীৎ কৃপঃ।
ন কথঞ্চন কৌরব্য! প্রহর্ত্তব্যং গুরাবিতি ॥২৪॥
তদিদং বচনং সাধোরাচার্য্যস্য মহাত্মনঃ।
নানুষ্ঠিতং তমেবাজৌ বিশিখৈরভিবর্ষতা ॥২৫॥ (যুগ্মকম্)
নমস্তস্মৈ সুপূজ্যায় গৌতমায়াপলায়িনে।
ধিগস্তু মম বার্ষ্ণেয়! যদস্মৈ প্রহরাম্যহম্ ॥২৬॥

ভারতকৌমুদী

উপেতি। উপাহৃত্য গৃহীত্বা। কাম্যস্ত ইতি কামা অভীষ্টবিষয়াস্তান্ ॥২১॥
য ইতি। নিরয়গামিনো নরকগামিনো ভবন্তি ॥২২॥
তদিতি। সাদয়তা অবসন্নীকৃত্য পাতয়তা ॥২৩॥
যদিতি। উপাকুর্বন্ দদৎ। অভিবর্ষতা অভিবর্ষণেন প্রহরতা ॥২৪—২৫॥
নম ইতি। সুপূজ্যায় গুরুত্বাৎ, গৌতমায় কৃপায়। মম মাম্ ॥২৬॥

এই জগতে যে সকল মনুষ্যশ্রেষ্ঠ গুরুগণের নিকট হইতে বিদ্যালাভ করিয়া তাঁহাদের অভীষ্ট বস্তু সকল দান করেন, তাঁহারা দেবত্ব প্রাপ্ত হন ॥২১॥

আর যে সকল দুর্বৃত্ত পুরুষাধমেরা গুরুদের নিকট হইতে বিদ্যা গ্রহণ করিয়া তাঁহাদিগকেই আঘাত করে, তাহারা নরকগামী হয় ॥২২॥

অতএব আমি আজ বাণবর্ষণদ্বারা আচার্য্য কৃপকে অবসাদনপূর্ব্বক রথে নিপাতিত করিয়া নিশ্চয়ই এই কার্য্য নরকের জন্য করিলাম ॥২৩॥

পূর্ব্বে কৃপাচার্য্য অস্ত্রশিক্ষাদান করিবার সময়ে সেই যে আমাকে বলিয়াছিলেন—'কৌরবনন্দন! তুমি কোন প্রকারে গুরুর উপরে প্রহার করিও না' সাধু ও মহাত্মা কৃপাচার্য্যের সেই বাক্য ত আমি রক্ষা করিলামই না, অধিকন্তু যুদ্ধে বাণবর্ষণ করিয়া তাঁহাকেই প্রহার করিলাম ॥২৪—২৫॥

অতএব বৃষ্ণিনন্দন! অতিপূজনীয় ও অপলায়ী সেই কৃপাচার্য্যকে নমস্কার করি; আর যে হেতু আমি উঁহাকে প্রহার করিয়াছি, সেই হেতু আমাকেও ধিক্কার করি ॥২৬॥

(২৩)...রথে সাদযতা ভৃশম্—বঙ্গ বর্দ্ধ।

তথা বিলপমানে তু সব্যসাচিনি তং প্রতি।
সৈন্ধবং নিহতং দৃষ্ট্বা রাধেয়ঃ সমুপাদ্রবৎ ॥২৭॥
তমাপতন্তং রাধেয়মর্জ্জুনস্য রথং প্রতি।
পাঞ্চাল্যৌ সাত্যকিশ্চৈব সহসা সমুপাদ্রবন্ ॥২৮॥
উপায়ান্তন্তু রাধেয়ং দৃষ্ট্বা পার্থো মহারথঃ।
প্রহসন্ দেবকীপুত্রমিদং বচনমব্রবীৎ ॥২৯॥
এষ প্রয়াত্যাধিরথিঃ সাত্যকেঃ স্যন্দনং প্রতি।
ন মৃষ্যতি হতং নূনং ভূরিশ্রবসমাহবে ॥৩০॥
যত্র যাত্যেষ তত্র ত্বং চোদয়াশ্বান্ জনার্দ্দন!।
মা সৌমদত্তেঃ পদবীং গময়েৎ সাত্যকিং বৃষঃ ॥৩১॥
এবমুক্তো মহাবাহুঃ কেশবঃ সব্যসাচিনা।
প্রত্যুবাচ মহাতেজা কালযুক্তমিদং বচঃ ॥৩২॥

ভারতকৌমুদী

তথেতি। সৈন্ধবং জয়দ্রথম্। রাধেয়ঃ কর্ণঃ, সমুপাদ্রবদভ্যধাবৎ ॥২৭॥
তমিতি। পাঞ্চাল্যৌ অর্জ্জুনচক্ররক্ষকৌ যুধামন্যূত্তমৌজসৌ ॥২৮॥
উপেতি। প্রহসন্, ভূরিশ্রবা হত ইতি জ্ঞানাৎ জয়দ্রথস্য হত ইত্যজ্ঞানাৎ কৌতুকেন ॥২৯॥
এষ ইতি। আধিরথিঃ কর্ণঃ, স্যন্দনং রথম্। ন মৃষ্যতি ন সহতে ॥৩০॥
যত্রেতি। চোদয় চালয়। সৌমদত্তের্ভূরিশ্রবসঃ। বৃষঃ কর্ণঃ ॥৩১॥
এবমিতি। কালযুক্তং তৎকালোচিতম্ ॥৩২॥

অর্জ্জুন সেইরূপ বিলাপ করিতে থাকিলে, কর্ণ জয়দ্রথকে নিহত দেখিয়া অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥২৭॥

কর্ণ অর্জ্জুনের রথের দিকে আসিতে লাগিলে, যুধামন্যু, উত্তমৌজা ও সাত্যকি বেগে তাঁহার প্রতি গমন করিলেন ॥২৮॥

এদিকে মহারথ অর্জ্জুন কর্ণকে আসিতে দেখিয়া হাস্য করতঃ কৃষ্ণকে এই কথা বলিলেন—॥২৯॥

'এই কর্ণ সাত্যকির রথের দিকে যাইতেছেন। নিশ্চয়ই ইনি যুদ্ধে ভূরিশ্রবার বধ সহ্য করিতেছেন না ॥৩০॥

অতএব কৃষ্ণ! ইনি যে দিকে যাইতেছেন, সেই দিকে তুমি ঘোড়াগুলিকে চালাইয়া দাও। কর্ণ যেন সাত্যকিকে ভূরিশ্রবার পথে না পাঠান' ॥৩১॥

(২৯) উপায়াতন্তু···পি।

অলমেষ মহাবাহুঃ কর্ণায়ৈকোঽপি পাণ্ডব!।
কিং পুনর্দ্রৌপদেয়াভ্যাং সহিতঃ সাত্বতর্ষভঃ ॥৩৩॥
ন চ তাবৎ ক্ষমঃ পার্থ! কর্ণেন তব সঙ্গমঃ।
প্রজ্বলন্তী মহোল্কেব তিষ্ঠত্যস্য হি বাসবী ॥৩৪॥
ত্বদর্থং পূজ্যমানৈষা রক্ষ্যতে পরবীরহন্!।
অতঃ কর্ণঃ প্রয়াত্বত্র সাত্বতস্য যথা তথা ॥৩৫॥
অহং জ্ঞাস্যামি কৌন্তেয়! কালমস্য দুরাত্মনঃ।
যত্রৈনং বিশিখৈস্তীক্ষ্ণৈঃ পাতয়িষ্যসি ভূতলে ॥৩৬॥

ধৃতরাষ্ট্র উবাচ।

যোঽসৌ কর্ণেন বীরস্য বার্ষ্ণেয়স্য সমাগমঃ।
হতে তু ভূরিশ্রবসি সৈন্ধবে চ নিপাতিতে ॥৩৭॥

ভারতকৌমুদী

অলমিতি। অলং সমর্থঃ। দ্রৌপদেয়াভ্যাং দ্রুপদপুত্রাভ্যাং যুধামন্যূত্তমৌজোভ্যাম্ ॥৩৩॥
নেতি। ক্ষম উচিতঃ। সঙ্গমো যুদ্ধে মেলনম্। বাসবী ইন্দ্রদত্তা শক্তিঃ ॥৩৪॥
ত্বদিতি। ত্বদর্থং তব বধার্থম্। রক্ষ্যতে কর্ণেন। সাত্বতস্য সাত্যকেযুদ্ধে ॥৩৫॥
তর্হি কদাহমেনং হনিষ্যামীত্যাহ অহমিতি। কালং বধসময়ম্, অস্য কর্ণস্য ॥৩৬॥
স ইতি। বার্ষ্ণেয়স্য সাত্যকেঃ, সমাগমো যুদ্ধে মেলনম্ উচ্যতে ইতি শেষঃ। বিবক্ষো

অর্জ্জুন এইরূপ বলিলে, মহাবাহু ও মহাতেজা কৃষ্ণ এই কালোচিত বাক্য বলিলেন—॥৩২॥

'পাণ্ডুনন্দন! মহাবাহু সাত্যকি একাকীও কর্ণের সহিত যুদ্ধ করিতে সমর্থ হন, তাহাতে যুধামন্যু ও উত্তমৌজার সহিত সম্মিলিত অবস্থায় আর উহার কথা কি বলিব ॥৩৩॥

কিন্তু অর্জ্জুন! কর্ণের সহিত তোমার এখন যুদ্ধে মিলিত হওয়া উচিত নহে। কারণ, উজ্জ্বল মহোল্কার ন্যায় সেই ইন্দ্রদত্ত শক্তিটা উহার নিকটে রহিয়াছে ॥৩৪॥

বিপক্ষবীরহন্তা! কর্ণ তোমাকে বধ করিবার জন্য সেই শক্তিটা আদরের সহিত সঙ্গে রাখিয়া থাকে। অতএব কর্ণ এখন যেমন তেমন ভাবে সাত্যকির দিকে গমন করুক ॥৩৫॥

কুন্তীনন্দন! আমি এই দুরাত্মার মৃত্যুসময় বুঝিতে পারিব, যে সময়ে তুমি তীক্ষ্ণ বাণদ্বারা উহাকে ভূতলে পাতিত করিবে' ॥৩৬॥

সাত্যকিশ্চাপি বিরথঃ কং সমারূঢ়বান্ রথম্।
চক্ররক্ষৌ চ পাঞ্চাল্যৌ তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥৩৮॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

হন্ত তে কথয়িষ্যামি যথাবৃত্তং মহারণে।
শুশ্রূষস্ব স্থিরো ভূত্বা দুরাচরিতমাত্মনঃ ॥৩৯॥
পূর্ব্বমেব হি কৃষ্ণস্য মনোগতমিদং প্রভো!।
বিজেতব্যো যথা বীরঃ সাত্যকিঃ সৌমদত্তিনা।
অতীতানাগতে রাজন্! স হি বেত্তি জনার্দ্দনঃ ॥৪০॥
ততঃ সূতং সমাহূয় দারুকং সন্দিদেশ হ।
রথো মে যুজ্যতাং কল্যমিতি রাজন্! মহাবলঃ ॥৪১॥

ভারতকৌমুদী

ভূরিশ্রবসো যুদ্ধে রথনাশাৎ। পাঞ্চাল্যৌ যুধামন্যূত্তমৌজসৌ, তয়োরপি দুর্য্যোধনাদিযুদ্ধে রথধ্বংসাৎ ॥৩৭—৩৮॥

হন্তেতি। বাক্যারম্ভে হন্তশব্দঃ। শুশ্রূষস্ব শ্রোতুমিচ্ছ। দুরাচরিতং দুরাচারজাতবৃত্তান্তম্ ॥৩৯॥

পূর্ব্বমিতি। মনোগতং বিদিতম্। অতীতানাগতে ভূতভবিষ্যতী বৃত্তে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

তত ইতি। সূতং নিজসারথিম্। সন্দিদেশ পূর্বদিন এবাদিদেশ। কল্যং প্রাতঃ ॥৪১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! ভূরিশ্রবা নিহত ও জয়দ্রথ নিপাতিত হইলে, তুমি এই যে কর্ণের সহিত বীর সাত্যকির যুদ্ধে সম্মেলনের কথা বলিতেছ, (সে বিষয়ে আমার জিজ্ঞাস্য যে,) রথবিহীন সাত্যকি কোন্ রথে আরোহণ করিয়াছিলেন? এবং অর্জ্জুনের চক্ররক্ষক যুধামন্যু ও উত্তমৌজাই বা কোন্ কোন্ রথে অধিষ্ঠিত হইয়াছিলেন, তাহা আমার নিকট বল' ॥৩৭—৩৮॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! মহাযুদ্ধে যাহা হইয়াছিল, তাহা আমি আপনার নিকট বলিব; আপনি স্থির হইয়া নিজের অন্যায়াচরণের ঘটনাগুলি শ্রবণ করুন ॥৩৯॥

প্রভাবশালী রাজা! পূর্ব্বেই কৃষ্ণের ইহা মনে হইয়াছিল যে, ভূরিশ্রবা যুদ্ধে বীর সাত্যকিকে জয় করিবেন। কেন না, কৃষ্ণ ভূত ও ভবিষ্যৎ বিষয় জানেন ॥৪০॥

রাজা! সেই জন্যই মহাবল কৃষ্ণ এই যুদ্ধের পূর্ব্বদিনে নিজের সারথি

(৩৯) হন্ত তে বর্ত্তয়িষ্যামি·· বঙ্গ বর্দ্ধ বা,·· শুশ্রূষুঃ সুস্থিরো ভূত্বা·· বা।

নহি দেবা ন গন্ধর্বা ন যক্ষোরগরাক্ষসাঃ।
মানবা বাপি জেতারঃ কৃষ্ণয়োঃ সন্তি কেচন ॥৪২॥
পিতামহপুরোগাশ্চ দেবাঃ সিদ্ধাশ্চ তং বিদুঃ।
তয়োঃ প্রভাবমতুলং শৃণু যুদ্ধন্তু তদ্‌যথা ॥৪৩॥
সাত্যকিং বিরথং দৃষ্ট্বা কর্ণঞ্চাভ্যুদ্যতং রণে।
দধ্মৌ শঙ্খং মহাঘোষমার্ষভেণাথ মাধবঃ ॥৪৪॥
দারুকোঽবেত্য সন্দেশং শ্রুত্বা শঙ্খস্য চ স্বনম্।
রথমন্বানয়ত্তস্মৈ সুপর্ণোচ্ছ্রিতকেতনম্ ॥৪৫॥
স কেশবস্যানুমতে রথং দারুকসংযুতম্।
আরুরোহ শিনেঃ পৌত্রো জ্বলনাদিত্যসন্নিভম্ ॥৪৬॥

ভারতকৌমুদী

নন্থ কথং কথমর্জ্জুনং প্রতি নাগচ্ছদিত্যাহ নহীতি। কৃষ্ণয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ ॥৪২॥
পিতেতি। পিতামহপুরোগাঃ ব্রহ্মপ্রভৃতয়ঃ। তয়োস্তং প্রভাবমিতি সম্বন্ধঃ ॥৪৩॥
সাত্যকিমিতি। আর্ষভেণ ঋষভস্বরেণ, মাধবঃ কৃষ্ণঃ ॥৪৪॥
দারুক ইতি। সন্দেশং সঙ্কেতম্। সুপর্ণোচ্ছ্রিতকেতনম্ উত্তোলিতগরুড়ধ্বজম্ ॥৪৫॥
স ইতি। জ্বলনাদিত্যসন্নিভম্ অগ্নিসূর্য্যবদুজ্জ্বলম্ ॥৪৬॥

দারুককে ডাকিয়া আদেশ করিয়াছিলেন যে, 'তুমি কল্য প্রাতঃকালে আমার রথ সজ্জিত করিয়া রাখিও' ॥৪১॥

দেব, গন্ধর্ব্ব, যক্ষ, নাগ, রাক্ষস কিংবা কোন মানবই কৃষ্ণ ও অর্জ্জুনকে জয় করিতে সমর্থ হন না ॥৪২॥

ব্রহ্মাপ্রভৃতি দেবতারা ও সিদ্ধেরা কৃষ্ণ ও অর্জ্জুনের সেই অতুলনীয় প্রভাবের বিষয় জানেন। সে যাহা হউক, সেই যুদ্ধ যেরূপ হইয়াছিল, তাহা শ্রবণ করুন ॥৪৩॥

রথবিহীন সাত্যকিকে এবং কর্ণকে যুদ্ধে উদ্যত দেখিয়া কৃষ্ণ ঋষভস্বরে মহাধ্বনিকারী পাঞ্চজন্যশঙ্খ বাজাইলেন ॥৪৪॥

তখন দারুক সেই শঙ্খধ্বনি শুনিয়া তাহাকেই সঙ্কেত মনে করিয়া উত্তোলিতগরুড়ধ্বজযুক্ত সেই রথ কৃষ্ণের জন্য আনয়ন করিল ॥৪৫॥

পরে কৃষ্ণের অনুমতিক্রমে সাত্যকি অগ্নি ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং দারুকসারথিযুক্ত সেই রথে আরোহণ করিলেন ॥৪৬॥

(৪৩)···শৃণু যুদ্ধস্তু তত্তথা—বঙ্গ বর্দ্ধ বা। (৪৪)···শঙ্খং মহানাদম্···বা।

কামগৈঃ শৈব্যসুগ্রীবমেঘপুষ্পবলাহকৈঃ।
হয়োদগ্রৈর্মহাবেগৈর্হেমভাণ্ডবিভূষিতৈঃ ॥৪৭॥
যুক্তং সমারুহ্য চ তং বিমানপ্রতিমং রথম্।
অভ্যদ্রবত রাধেয়ং প্রবর্ষন্ সায়কান্ বহূন্ ॥৪৮॥ (যুগ্মকম্)
চক্ররক্ষাবপি তদা যুধামন্যূত্তমৌজসৌ।
জয়দ্রথরথং প্রাপ্য রাধেয়ং প্রত্যুদীয়তুঃ ॥৪৯॥
রাধেয়োঽপি মহারাজ! শরবর্ষং সমুৎসৃজন্।
অভ্যদ্রবৎ সুসংক্রুদ্ধো রণে শৈনেয়মচ্যুতম্ ॥৫০॥
নৈব দৈবং ন গান্ধর্বং নাসুরং ন চ রাক্ষসম্।
তাদৃশং ভুবি নো যুদ্ধং দিবি বা শ্রুতমিত্যুত ॥৫১॥
উপারমত তৎ সৈন্যং সরথাশ্বনরদ্বিপম্।
তয়োর্দৃষ্ট্বা মহারাজ! কর্ম্ম সংমূঢ়চেতনম্ ॥৫২॥

ভারতকৌমুদী

কামগৈরিতি। কামগত্বাদেব বিপক্ষসংবাধমধ্যে গমনসম্ভব ইতি ভাবঃ। শৈব্যাদীন্যশ্বনামানি। হয়োদগ্রৈরশ্বশ্রেষ্ঠৈঃ, হেমভাণ্ডৈঃ স্বর্ণালঙ্কারৈর্বিভূষিতৈঃ। রাধেয়ং কর্ণম্ ॥৪৭-৪৮॥

চক্রেতি। চক্ররক্ষৌ অর্জ্জুনস্য চক্ররক্ষকৌ। প্রত্যুদীয়তুঃ প্রত্যুজ্জগ্মতুঃ ॥৪৯॥

রাধেয় ইতি। শৈনেয়ং সাত্যকিম্, অচ্যুতং বীরধর্ম্মাদভ্রষ্টম্ ॥৫০॥

নেতি। দেবানামিদমিতি দৈবম্। এবং সর্ব্বত্র। নঃ অস্মাভিঃ ॥৫১॥

উপেতি। উপারমত যুদ্ধাদ্বিরতম্। সংমূঢ়চেতনং বিস্ময়েন লুপ্তপ্রায়চেতনম্ ॥৫২॥

ক্রমে কামগামী, শৈব্য, সুগ্রীব, মেঘপুষ্প ও বলাহকনামধারী, মহাবেগশালী ও স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত উত্তম অশ্বচতুষ্টয়ে যুক্ত এবং বিমানতুল্য সেই রথে আরোহণ করিয়া সাত্যকি বহুতর বাণ বর্ষণ করিতে করিতে কর্ণের প্রতি ধাবিত হইলেন ॥৪৭—৪৮॥

তখন অর্জ্জুনের চক্ররক্ষক যুধামন্যু এবং উত্তমৌজাও জয়দ্রথের রথে আরোহণ করিয়া কর্ণের দিকে চলিলেন ॥৪৯॥

মহারাজ! কর্ণও অত্যন্তক্রুদ্ধ হইয়া বাণবর্ষণ করিতে করিতে বীর সাত্যকির দিকে ধাবিত হইলেন ॥৫০॥

তখন তাঁহাদের যেরূপ যুদ্ধ হইতে লাগিল, সেরূপ যুদ্ধের বিবরণ আমরা স্বর্গে বা মর্ত্ত্যে দেব, গন্ধর্ব, অসুর বা রাক্ষসদিগের মধ্যেও শুনি নাই ॥৫১॥

(৪৮)···প্রবপন্ সায়কান্ বহূন্—বঙ্গ বর্দ্ধ বা। (৫১)···শ্রুতমেব চ—পি। (৫২) ব্যুপারমত··· পি।

সর্ব্বে চ সমপশ্যন্ত তদ্‌যুদ্ধমতিমানুষম্।
তয়োর্নৃবরয়ো রাজন্! সারথ্যং দারুকস্য চ ॥৫৩॥
গতপ্রত্যাগতাবৃত্তৈর্মণ্ডলৈঃ সন্নিবর্ত্তনৈঃ।
সারথেস্তু রথস্থস্য কাশ্যপেয়স্য বিস্মিতাঃ ॥৫৪॥
নভস্তলগতাশ্চৈব দেবগন্ধর্বদানবাঃ।
অতীবাবহিতা দ্রষ্টুং কর্ণশৈনেয়য়ো রণম্ ॥৫৫॥
মিত্রার্থে তৌ পরাক্রান্তৌ শুষ্মিণৌ স্পর্দ্ধিনৌ রণে।
কর্ণশ্চামরসঙ্কাশো যুযুধানশ্চ সাত্যকিঃ ॥৫৬॥
অন্যোন্যং তৌ মহারাজ! শরবর্ষৈরবর্ষতাম্।
প্রমমাথ শিনেঃ পৌত্রঃ কর্ণং সায়কবৃষ্টিভিঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। সারথ্যং সারথ্যস্য চমৎকারিতাম্ ॥৫৩॥
গতেতি। আবৃত্তং পৌনঃপুন্যম্। কাশ্যপেয়স্য দারুকস্য ॥৫৪॥
নভ ইতি। অবহিতা অভবন্নিতি শেষঃ ॥৫৫॥
মিত্রেতি। শুষ্মিণৌ পরস্পরং ক্রোধসন্তাপবন্তৌ বভূবতুরিতি শেষঃ ॥৫৬॥
অন্যোন্যমিতি। প্রমমাথ অধিকং পীড়য়ামাস ॥৫৭॥

ভারতভাবদীপঃ

ইষ্টবক্ষিণঃ ॥২১—২৩॥ উপাকুর্ব্বন্ উপদিশন্ ॥২৭—৩৪॥ যথা তথা যথেষ্টম্ ॥৩৫—৪৪॥ সন্দেশং সঙ্কেতম্ ॥৪৫—৫৩॥ গতপ্রত্যাগতাভ্যামাবৃত্তৈর্ব্বাচরিতৈর্মণ্ডলৈঃ। কাশ্যপেয়স্য

মহারাজ! সেই সময়ে হস্তী, অশ্ব রথ ও পদাতিসৈন্যেরা তাঁহাদের কার্য্য দেখিয়া বিস্ময়ে প্রায় লুপ্তচৈতন্য হইয়া যুদ্ধ হইতে বিরত হইল ॥৫২॥

রাজা! সমস্ত লোকই তখন সেই নরশ্রেষ্ঠ দুই জনের সেই অলৌকিক যুদ্ধ এবং দারুকের সারথ্যনৈপুণ্য দেখিতে লাগিল ॥৫৩॥

রথস্থিত দারুকসারথির গমন, প্রত্যাগমন, বার বার উভয়পার্শ্বে বিচরণ, মণ্ডলাকারে বিচরণ এবং নিবর্ত্তন দেখিয়া সকলে বিস্মিত হইতে থাকিল ॥৫৪॥

আকাশস্থিত দেব, দানব ও গন্ধর্বেরা কর্ণ ও সাত্যকির যুদ্ধ দেখিবার জন্য অত্যন্ত অবহিত হইলেন ॥৫৫॥

মহারাজ! ক্রোধসন্তপ্ত ও পরস্পর স্পর্দ্ধাযুক্ত, দেবতুল্য কর্ণ এবং সত্যকনন্দন যুযুধান আপন আপন মিত্রের জন্য পরস্পর বিক্রম প্রকাশ করিতে লাগিলেন ॥৫৬॥

(৫৩) সর্ব্বে চ সমপশ্যন…পি।

অমৃষ্যমাণো নিধনং কৌরব্যজলসন্ধয়োঃ।
কর্ণঃ শোকসমাবিষ্টো মহোরগ ইব শ্বসন্ ॥৫৮॥
স শৈনেয়ং রণে ক্রুদ্ধঃ প্রদহন্নিব চক্ষুষা।
অভ্যধাবত বেগেন পুনঃ পুনররিন্দমঃ ॥৫৯॥
তন্তু সংক্রুদ্ধমালোক্য সাত্যকিঃ প্রত্যযুধ্যত।
মহতা শরবর্ষেণ গজঃ প্রতিগজং যথা ॥৬০॥
তৌ সমেতৌ নরব্যাঘ্রৌ ব্যাঘ্রাবিব তরস্বিনৌ।
অন্যোন্যং সংততক্ষাতে রণেঽনুপমবিক্রমৌ ॥৬১॥
ততঃ কর্ণং শিনেঃ পৌত্রঃ সর্বপারশবৈঃ শরৈঃ।
বিভেদ সর্ব্বগাত্রেষু পুনঃ পুনররিন্দমঃ ॥৬২॥

ভারতকৌমুদী

অমৃষ্যেতি। অমৃষ্যমাণঃ অসহমানঃ, কৌরব্যো ভূরিশ্রবাঃ। শ্বসন্নাসীৎ ॥৫৮॥
স ইতি। স কর্ণঃ, শৈনেয়ং সাত্যকিম্ ॥৫৯॥
তমিতি। প্রত্যযুধ্যতৈব ন পুনর্নিববর্ত্তে বীরত্বাতিশয়াদিতি ভাবঃ ॥৬০॥
তাবিতি। সমেতৌ মিলিতৌ। তরস্বিনৌ বলবন্তৌ। সংততক্ষাতে প্রজহ্রতুঃ ॥৬১॥
তত ইতি। সর্ব্বেষ্বেবাবয়বেষু পারশবৈর্লৌহময়ৈঃ ॥৬২॥

মহারাজ! এবং তাঁহারা বাণবর্ষণদ্বারা পরস্পর প্রহার করিতে থাকিলেন। কিন্তু সাত্যকি বাণবর্ষণ করিয়া কর্ণকে অধিক পীড়ন করিতে লাগিলেন ॥৫৭॥

সাত্যকিকর্ত্তৃক ভূরিশ্রবা ও জলসন্ধের বধ সহ্য করিতে না পারিয়া কর্ণ শোকার্ত্ত ও ক্রুদ্ধ হইয়া মহাসর্পের ন্যায় শ্বাসত্যাগ করিতে থাকিলেন ॥৫৮॥

এবং শত্রুদমনকারী কর্ণ ক্রুদ্ধ হইয়া নয়নদ্বারা যেন দগ্ধ করিতে থাকিয়া সমরাঙ্গনে বেগে বার বার সাত্যকির দিকে ধাবিত হইতে লাগিলেন ॥৫৯॥

কিন্তু সাত্যকি কর্ণকে অত্যন্তক্রুদ্ধ দেখিয়া—হস্তী যেমন প্রতিহস্তীকে প্রহার করে, সেইরূপ বিশাল শরবর্ষণদ্বারা কর্ণকে প্রহারই করিতে থাকিলেন ॥৬০॥

ক্রমে ব্যাঘ্রের ন্যায় বলবান্, অতুলনীয়বিক্রমশালী ও নরশ্রেষ্ঠ কর্ণ এবং সাত্যকি সম্মিলিত হইয়া পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥৬১॥

পরে শত্রুদমনকারী সাত্যকি লৌহময় বাণসমূহদ্বারা কর্ণের সমস্ত অঙ্গ বার বার বিদীর্ণ করিলেন ॥৬২॥

(৬১)···রণে পরমবিক্রমৌ—বঙ্গ বর্দ্ধ। (৬২)···পুনঃ পুনররিন্দম!—পি।

সারথিঞ্চাস্য ভল্লেন রথনীড়াদপাতয়ৎ।
অশ্বাংশ্চ চতুরঃ শ্বেতান্ নিজঘান শিতৈঃ শরৈঃ ॥৬৩॥
ছিত্ত্বা ধ্বজং রথঞ্চৈব শতধা পুরুষর্ষভঃ।
চকার বিরথং কর্ণং তব পুত্রস্য পশ্যতঃ ॥৬৪॥
ততো বিমনসো রাজংস্তাবকাস্তে মহারথাঃ।
বৃষসেনঃ কর্ণসুতঃ শল্যো মদ্রাধিপস্তথা ॥৬৫॥
দ্রোণপুত্রশ্চ শৈনেয়ং সর্ব্বতঃ পর্য্যবারয়ন্।
ততঃ পর্য্যাকুলং সর্ব্বং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৬৬॥ (যুগ্মকম্)
তথা সাত্যকিনা বীরে বিরথে সূতজে কৃতে।
হাহাকারস্ততো রাজন্! সর্ব্বসৈন্যেষ্বভূন্মহান্ ॥৬৭॥
কর্ণোঽপি বিরথো রাজন্! সাত্বতেন কৃতঃ শরৈঃ।
দুর্য্যোধনরথং তূর্ণমারুরোহ বিনিশ্বসন্ ॥৬৮॥
মানয়ংস্তব পুত্রস্য বাল্যাৎ প্রভৃতি সৌহৃদম্।
কৃতাং রাজ্যপ্রদানেন প্রতিজ্ঞাং পরিপালয়ন্ ॥৬৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সারথিমিতি। রথস্য নীড়ং সারথেরুপবেশনস্থানং তস্মাৎ ॥৬৩॥
ছিত্ত্বেতি। পুরুষর্ষভঃ সাত্যকিঃ। পুত্রস্য দুর্য্যোধনস্য ॥৬৪॥
তত ইতি। বিমনসো বিষণ্ণচিত্তাঃ। ন প্রাজ্ঞায়ত [illegible] ॥৬৫—৬৬॥
তথেতি। সূতজে কর্ণে। সর্ব্বসৈন্যেষু কৌরবীয়েষু ॥৬৭॥
কর্ণ ইতি। সাত্বতেন সাত্যকিনা। প্রতিজ্ঞাং তৎসাহায্যকরণস্য ॥৬৮—৬৯॥

এবং একটা ভল্লদ্বারা কর্ণের সারথিকে রথ হইতে নিপাতিত করিলেন, আর সুধার বাণসমূহদ্বারা কর্ণের শ্বেতবর্ণ চারিটা অশ্বকে বধ করিলেন ॥৬৩॥

মহারাজ! ক্রমে সাত্যকি আপনার পুত্রের সমক্ষেই কর্ণের ধ্বজটা ও রথখানাকে শত খণ্ডে ছেদন করিয়া কর্ণকে রথবিহীন করিয়া ফেলিলেন ॥৬৪॥

রাজা! তাহার পর কর্ণের পুত্র বৃষসেন, মদ্ররাজ শল্য ও দ্রোণের পুত্র অশ্বত্থামা আপনার পক্ষের এই মহারথেরা বিষণ্ণচিত্ত হইয়া সকল দিক্ হইতে সাত্যকিকে বেষ্টন করিলেন। তখন সমস্তই বিশৃঙ্খল হইয়া পড়িল, কিছুই ঠিক্ জানা গেল না ॥৬৫—৬৬॥

রাজা! সাত্যকি সেইভাবে মহাবীর কর্ণকে রথবিহীন করিলে, সমস্ত কৌরবসৈন্যমধ্যে বিশাল হাহাকার হইতে লাগিল ॥৬৭॥

(৬৬) দ্রোণপুত্রস্ত ··পি।

তথা তু বিরথং কর্ণং পুত্রাংশ্চ তব পার্থিব ! ।
দুঃশাসনমুখান্ শূরান্ নাবধীৎ সাত্যকির্ব্বশী ॥৭০॥
রক্ষন্ প্রতিজ্ঞাং ভীমেন পার্থেন চ কৃতাং পুরা ।
বিরথান্ বিহ্বলাংশ্চক্রে ন তু প্রাণৈর্ব্যযোজয়ৎ ॥৭১॥
ভীমসেনেন হি বধঃ পুত্রাণাং তে প্রতিশ্রুতঃ ।
পুনর্দ্যূতে চ পার্থেন বধঃ কর্ণস্য সংশ্রুতঃ ॥৭২॥
বধে ত্বকুর্ব্বন্ যত্নং তে তস্য কর্ণমুখাস্তদা ।
নাশক্নুবংস্তু তং হন্তুং সাত্যকিং প্রবরা রথাঃ ॥৭৩॥
দ্রৌণিশ্চ কৃতবর্ম্মা চ তথৈবান্যে মহারথাঃ ।
নির্জ্জিতা ধনুষৈকেন শতশঃ ক্ষত্রিয়র্ষভাঃ ।
কাঙ্ক্ষতা পরলোকঞ্চ ধর্ম্মরাজস্য চ প্রিয়ম্ ॥৭৪॥

ভারতকৌমুদী

তথেতি। বশী স্বাধীনচিত্তঃ শত্রুহননলোভেনানভিভূতস্বভাব ইত্যর্থঃ ॥৭০॥

রক্ষন্নিতি। পার্থেনার্জ্জুনেন। বিরথান্ বিহ্বলাংশ্চ কর্ণাদীন্ ॥৭১॥

নতু ভীমার্জ্জুনাভ্যাং কদা কা প্রতিজ্ঞা কৃতেত্যাহ ভীমেতি। সভাপর্বণ্যন্তদ্যূতে দ্রষ্টব্যমেতৎ ॥৭২॥

বধ ইতি। তস্য সাত্যকেঃ, কর্ণমুখাঃ কর্ণপ্রভৃতয়ঃ ॥৭৩॥

নরনাথ ! সাত্যকি বাণদ্বারা রথবিহীন করিয়া ফেলিলে, কর্ণও নিশ্বাস ত্যাগ করিতে করিতে সত্বর যাইয়া দুর্য্যোধনের রথে আরোহণ করিলেন। বাল্যকাল হইতে আপনার পুত্রের সৌহার্দ্দ স্মরণ এবং আপনার পুত্র রাজ্য-দান করায় পূর্ব্বকৃত সাহায্যের প্রতিজ্ঞা রক্ষা করতই কর্ণ (ক্লান্তদেহেও যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন) ॥৬৮—৬৯॥

রাজা ! স্বাধীনচেতা সাত্যকি রথবিহীন কর্ণকে এবং দুঃশাসনপ্রভৃতি আপনার বীর পুত্রগণকে (পারিয়াও) বধ করিলেন না ॥৭০॥

কারণ, পূর্ব্বে ভীম ও অর্জ্জুন যে প্রতিজ্ঞা করিয়াছিলেন, তাহা রক্ষা করিবার জন্য কেবল তাঁহাদিগকে বিরথ ও বিহ্বলমাত্র করিলেন, কিন্তু প্রাণহীন করিলেন না ॥৭১॥

মহারাজ ! দ্বিতীয় দ্যূতক্রীড়ার সময়ে ভীমসেন আপনার পুত্রগণবধের প্রতিজ্ঞা, আর অর্জ্জুন কর্ণবধের শপথ করিয়াছিলেন ॥৭২॥

তখন কর্ণপ্রভৃতি প্রধান রথীরা সাত্যকিকে বধ করিবার জন্য যথেষ্ট চেষ্টা করিয়াছিলেন, কিন্তু তাঁহাকে বধ করিতে পারেন নাই ॥৭৩॥

কৃষ্ণয়োঃ সদৃশো বীর্য্যে সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
জিতবান্ সর্ব্বসৈন্যানি তাবকানি হসন্নিব ॥৭৫॥
কৃষ্ণো বাপি ভবেল্লোকে পার্থো বাপি ধনুর্দ্ধরঃ।
শৈনেয়ো বা নরব্যাঘ্রশ্চতুর্থস্তু ন বিদ্যতে ॥৭৬॥

ধৃতরাষ্ট্র উবাচ।

অজয্যং রথমাস্থায় বাসুদেবস্য সাত্যকিঃ।
বিরথং কৃতবান্ কর্ণং বাসুদেবসমো যুধি ॥৭৭॥
দারুকেণ সমাযুক্তঃ স্ববাহুবলদর্পিতঃ।
কচ্চিদন্যং সমারূঢ়ঃ স রথং সাত্যকিঃ পুনঃ ॥৭৮॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং কুশলো হ্যসি ভাষিতুম্।
অসহ্যং তমহং মন্যে তন্মমাচক্ষ্ব সঞ্জয় ! ॥৭৯॥

ভারতকৌমুদী

দ্রৌণিরিতি। মৃত্যৌ পরলোকমুত্তমস্বর্গম্, জীবনে চ ধর্ম্মরাজস্য প্রিয়ম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৪॥

কৃষ্ণয়োরিতি। কৃষ্ণ ইত্যর্জ্জুনস্যাপি নামান্তরম্। অতঃ কৃষ্ণয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ ॥৭৫॥

কৃষ্ণ ইতি। ধনুর্দ্ধরো মহান্। চতুর্থ এভিস্তুল্যো ধনুর্দ্ধরঃ ॥৭৬॥

অজয্যমিতি। অজয্যং জেতুমশক্যম্ ॥৭৭॥

দারুকেণেতি। কচ্চিৎ বেদিতুমিচ্ছামীত্যর্থঃ, অন্যং কৃষ্ণরথাৎ ॥৭৮॥

এতদিতি। কুশলো নিপুণঃ। অসহ্যং কৌরবৈঃ সোঢ়ুমশক্যম্ ॥৭৯॥

মৃত্যু হইলে উত্তম স্বর্গ, আর জীবিত থাকিয়া অর্জ্জুনের দর্শন পাইলে ধর্ম্মরাজের প্রীতি এই দুই কামনা করিয়া সাত্যকি এক ধনুদ্বারা অশ্বত্থামা, কৃতবর্ম্মা, অন্যান্য মহারথ এবং শত শত ক্ষত্রিয়শ্রেষ্ঠকে জয় করিয়াছিলেন ॥৭৪॥

রাজা ! বলে কৃষ্ণ ও অর্জ্জুনের তুল্য এবং যথার্থবিক্রমশালী সাত্যকি হাসিতে হাসিতেই যেন আপনার সমস্ত সৈন্য জয় করিয়াছিলেন ॥৭৫॥

কৃষ্ণ, কিংবা অর্জ্জুন, অথবা নরশ্রেষ্ঠ সাত্যকি ইঁহারা তিন জনই জগতে মহাধনুর্দ্ধর বলিয়া বিখ্যাত; কিন্তু ইঁহাদের চতুর্থ কেহ নাই' ॥৭৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! যুদ্ধে কৃষ্ণের তুল্য শক্তিশালী সাত্যকি কৃষ্ণের অজেয় রথে আরোহণ করিয়া কর্ণকে রথবিহীন করিয়াছিলেন ॥৭৭॥

কিন্তু আপন বাহুবলে দর্পিত সাত্যকি দারুকের সহিত মিলিত হইয়া আবার অন্য কোন রথে আরোহণ করিয়াছিলেন কি না ? ॥৭৮॥

(৭৫) সাত্যকিঃ শত্রুতাপনঃ পি বা। (৭৭) বাসুদেবসমং যুধি—পি।

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্! যথাবৃত্তং রথমন্যং মহামতিঃ।
দারুকস্যানুজস্তূর্ণং কল্পনাবিধিকল্পিতম্ ॥৮০॥
আয়সৈঃ কাঞ্চনৈশ্চাপি পট্টৈঃ সন্নদ্ধকূবরম্।
তারাসহস্রখচিতং সিংহধ্বজপতাকিনম্ ॥৮১॥
অশ্বৈর্ব্বাতজবৈর্যুক্তং হেমভাণ্ডপরিচ্ছদৈঃ।
সৈন্ধবৈরিন্দুসঙ্কাশৈঃ সর্ব্বশব্দাতিগৈর্দৃঢ়ৈঃ ॥৮২॥
চিত্রকাঞ্চনসন্নাহৈর্ব্বাজিমুখ্যৈর্বিশাংপতে!।
ঘণ্টাজালাকুলরবং শক্তিতোমরবিদ্যুতম্ ॥৮৩॥
যুক্তং সাংগ্রামিকৈর্দ্রব্যৈর্ব্বহুশস্ত্রপরিচ্ছদম্।
রথং সম্পাদয়ামাস মেঘগম্ভীরনিস্বনম্ ॥৮৪॥ (কুলকম্)

ভারতকৌমুদী

শৃণ্বিতি। কল্পনাবিধিনা সজ্জীকরণবিধানানুসারেণ কল্পিতং সজ্জিতম্। আয়সৈর্লৌহময়ৈঃ। সন্নদ্ধকূবরং বেষ্টিতদীর্ঘদারুম্। বাতজবৈর্বায়ুতুল্যবেগৈঃ, হেমভাণ্ডপরিচ্ছদৈঃ স্বর্ণালঙ্কারাবৃতৈঃ। সৈন্ধবৈঃ সিন্ধুদেশীয়ৈঃ, ইন্দুসঙ্কাশৈশ্চন্দ্রতুল্যশুভ্রবর্ণৈঃ, সর্ব্বশব্দাতিগৈঃ হুঙ্কারাদিসহৈঃ। চিত্রাঃ কাঞ্চনসন্নাহাঃ স্বর্ণময়সজ্জা যেষাং তৈঃ, বাজিষু ঘোটকেষু মুখ্যৈঃ শ্রেষ্ঠৈঃ। ঘণ্টাজালস্য কিঙ্কিণীসমূহস্য আকুলো মিশ্রিতো রবো যত্র তম্, শক্তিতোমরা বিদ্যুত ইব যত্র তম্। বহবঃ শস্ত্রপরিচ্ছদা যত্র তম্। সম্পাদয়ামাস আনিনায় ॥৮০—৮৪॥

এই সমস্ত বিষয় আমি শুনিতে ইচ্ছা করি। স্থূল কথা—সাত্যকিকে আমি কৌরবপক্ষের অসহ্য বলিয়াই মনে করি। সে যাহা হউক, সঞ্জয়! তুমি বলিতে বড়ই নিপুণ। সুতরাং তুমি সেই সমস্ত বিষয় আমার নিকট বল' ॥৭৯॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ রাজা! পরে যেরূপ ঘটনা হইয়াছিল, তাহা আপনি শ্রবণ করুন। তদনন্তর মহামতি দারুকের কনিষ্ঠভ্রাতা সত্বর সেস্থানে অন্য একখানা রথ আনয়ন করিল; সে রথখানা যথাবিধানে সুসজ্জিত, বহুতর তারাচিহ্নে চিহ্নিত, সিংহধ্বজ ও পতাকাযুক্ত, কিঙ্কিণীরবসমন্বিত এবং মেঘের ন্যায় গম্ভীরধ্বনিকারী ছিল; তাহার দীর্ঘ দণ্ডগুলি লৌহময় ও স্বর্ণময় পট্টে বেষ্টিত ছিল এবং তাহার ভিতরে শক্তি ও তোমর বিদ্যুতের ন্যায় জ্বলিতেছিল, আর নানাবিধ সাংগ্রামিক দ্রব্য এবং বহুতর অস্ত্র ও পরিচ্ছদ রক্ষিত ছিল;

(৮০)⋯দারুকস্যাপ্যনুজস্তূর্ণম্⋯পি। (৮১)⋯পট্টৈর্নদ্ধং⋯সকূবরম্⋯পি,⋯পট্টৈঃ সন্নদ্ধকন্ধরম্⋯বা।

তং সমারুহ্য শৈনেয়স্তব সৈন্যমুপাদ্রবৎ।
দারুকোঽপি যথাকামং প্রযযৌ কেশবান্তিকম্ ॥৮৫॥
কর্ণস্যাপি মহারাজ! শঙ্খগোক্ষীরপাণ্ডরৈঃ।
চিত্রকাঞ্চনসন্নাহৈঃ সদশ্বৈর্ব্বেগবত্তরৈঃ ॥৮৬॥
হেমকক্ষাধ্বজোপেতং কৢপ্তযন্ত্রং পতাকিনম্।
অগ্র্যং রথং সুযন্তারং বহুশস্ত্রপরিচ্ছদম্ ॥৮৭॥
উপাজহ্রুস্তমাস্থায় কর্ণোঽপ্যভ্যদ্রবদ্রিপূন্।
এতত্তে সর্ব্বমাখ্যাতং যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥৮৮॥ (বিশেষকম্)
ভূয়শ্চাপি নিবোধেমং তবাপনয়জং ক্ষয়ম্।
একত্রিংশত্তব সুতা ভীমসেনেন পাতিতাঃ।
দুর্ম্মুখং প্রমুখে কৃত্বা সততং চিত্রযোধিনম্ ॥৮৯॥

ভারতকৌমুদী

তমিতি। প্রযযৌ কেশবস্যৈব প্রয়োজনাপেক্ষয়েতি ভাবঃ ॥৮৫॥

কর্ণস্যেতি। কর্ণস্যাপি উপাজহ্রুরিতি পরেণ সম্বন্ধ। শঙ্খগোক্ষীরবৎ পাণ্ডরৈঃ শুভ্রৈঃ। সদশ্বৈর্যুক্তমিতি শেষঃ। হেমকক্ষয়া স্বর্ণরজ্জ্বা যুক্তো যো ধ্বজস্তেনোপেতম্, কৢপ্তং স্থাপিতং যন্ত্রং গুলিকাক্ষেপকং যন্ত্রং যত্র তম্। শোভনো যন্তা সারথির্যস্য তম্। আস্থায় আরুহ্য ॥৮৬ ৮৮॥

আর তাহাতে বায়ুর ন্যায় বেগবান্, স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত, বিচিত্র স্বর্ণসজ্জায় সজ্জিত, চন্দ্রের ন্যায় শুভ্রবর্ণ এবং সমস্তশব্দসহকারী চারিটী উত্তম অশ্ব সংযোজিত ছিল ॥৮০—৮৪॥

সাত্যকি সেই রথে আরোহণ করিয়া আপনার সৈন্যের দিকে ধাবিত হইলেন, আর দারুকও ইচ্ছানুসারে কৃষ্ণের নিকটে চলিয়া গেল ॥৮৫॥

তখন ভৃত্যেরা কর্ণের জন্যও একখানা উত্তম রথ আনয়ন করিল; তাহাতে স্বর্ণরজ্জুবেষ্টিত ধ্বজ ও পতাকা উত্তোলিত ছিল এবং তাহার ভিতরে একটা যন্ত্র (কামান), বহুতর অস্ত্র ও পরিচ্ছদ রক্ষিত ছিল; আর তাহাতে শঙ্খ ও গোদুগ্ধের ন্যায় শুভ্রবর্ণ, বিচিত্র স্বর্ণসজ্জায় সজ্জিত ও বেগবান্ চারিটী উত্তম অশ্ব যোজিত ছিল এবং একজন দক্ষ সারথি রহিয়াছিল। কর্ণও সেই রথে আরোহণ করিয়া শত্রুগণের দিকে ধাবিত হইলেন। মহারাজ! আপনি আমার নিকট যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, সে সমস্ত বিষয় এই আপনার নিকট বলিলাম ॥৮৬—৮৮॥

(৮৬) কর্ণস্যাপি সুতা রাজন্!···পি।

শতশো নিহতাঃ শূরাঃ সাত্বতেনার্জ্জুনেন চ।
ভীষ্মং প্রমুখতঃ কৃত্বা ভগদত্তঞ্চ ভারত ! ।
এবমেষ ক্ষয়ো বৃত্তো রাজন্ ! দুর্ম্মন্ত্রিতে তব ॥৯০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে কর্ণসাত্যকিযুদ্ধে অষ্টাবিংশত্যধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০*০——

ভারতকৌমুদী

দ্বাভ্যাং ক্ষয়ং সঙ্কলয়তি ভূয় ইতি। অপনয়জং দুর্নীতিজাতম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৯॥
শতশ ইতি। সাত্বতেন সাত্যকিনা। বৃত্তো জাতঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৯০॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভারতভাবদীপঃ

কশ্যপগোত্রভবস্য ॥৫৪—৬৮॥ রাজ্যস্যাঙ্গপ্রদানেন কৃতাং প্রতিজ্ঞাং দুর্য্যোধনাঙ্গীকারং প্রতি-পালয়ন্ প্রতীক্ষমাণঃ, অথবা রাজ্যপ্রদানেন হেতুনা কৃতাং প্রতিজ্ঞাম্ অর্জ্জুনেনার্থাং পরি-পালয়ন্ রক্ষন্ ॥৬৯—৭৩॥ একেন সাত্যকিনা ॥৭৪—৯০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৮॥

—— ঃ০ঃ ——

রাজা! আপনার দুর্নীতিনিবন্ধন উৎপন্ন আরও ক্ষয়ের বিষয় শ্রবণ করুন—সর্বদা বিচিত্রযোধী দুর্ম্মুখপ্রভৃতি আপনার একত্রিশটী পুত্রকে ভীমসেন নিপাতিত করিয়াছেন ॥৮৯॥

আর অর্জ্জুন ভীষ্ম ও ভগদত্তপ্রভৃতি শত শত বীরকে বধ করিয়াছেন এবং সাত্যকিও শত শত যোদ্ধাকে বিনাশ করিয়াছেন। ভরতনন্দন রাজা! আপনার কুমন্ত্রণাবশতঃ আপনার পক্ষে এইরূপ ক্ষয় হইয়াছে' ॥৯০॥

———ঃ০ঃ———

* 'পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…সপ্তচত্বারিংশদধিকশততমো-ঽধ্যায়ঃ' বা রা, '…অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' নি।

ঊনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

———:-০-:———

ধৃতরাষ্ট্র উবাচ।

তথাগতেষু শূরেষু তেষাং মম চ সঞ্জয়!।
কিং স্ম ভীমার্জ্জুনৌ তত্র সাত্যকির্ব্বাকরোত্তদা ॥১॥

সঞ্জয় উবাচ।

বিরথো ভীমসেনো বৈ কর্ণবাক্‌শল্যপীড়িতঃ।
অমর্ষবশমাপন্নঃ ফাল্গুনং বাক্যমব্রবীৎ ॥২॥
পুনঃ পুনস্তূবরক! মূঢ়কৌদরিকেতি চ।
অকৃতাস্ত্রক! মা যোৎসীর্ব্বাল! সংগ্রামকাতর! ॥৩॥
ইতি মামব্রবীৎ কর্ণঃ পশ্যতস্তে ধনঞ্জয়!।
এবং বক্তা চ মে বধ্যস্তেন চোক্তোঽস্মি ভারত! ॥৪॥
এতদ্‌ব্রতং মহাবাহো! ত্বয়া সহ কৃতং ময়া।
যথৈতন্মম কৌন্তেয়! তথা তব ন সংশয়ঃ ॥৫॥

ভারতকৌমুদী

তথেতি। তথাগতেষু তদবস্থেষু যুদ্ধোদ্যতেষু সংস্থিতার্থঃ। স্মশব্দঃ পাদপূরণে ॥১॥
বিরথ ইতি। অমর্ষবশমাপন্নঃ অতীবক্রুদ্ধ ইত্যর্থঃ, ফাল্গুনমর্জ্জুনম্ ॥২॥
পুনরিতি। কর্ণঃ পুনঃ পুনরিত্যব্রবীদিতি তাৎপর্য্যম্। হে তূবরক! শ্মশ্রুশূন্যমুখ! ॥৩॥
ইতীতি। পশ্যতস্তে পশ্যন্তং ত্বামনাদৃত্য। তেন কর্ণেন ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! পাণ্ডবপক্ষের ও আমার পক্ষের বীরেরা সেইরূপ যুদ্ধোদ্যত হইলে, তখন ভীম, অর্জ্জুন ও সাত্যকি কি করিলেন?' ॥১॥

সঞ্জয় বলিলেন—'কর্ণ পূর্ব্বে ভীমসেনকে রথবিহীন করিয়াছিলেন এবং কটুবাক্যেও তাঁহার পীড়া জন্মাইয়াছিলেন; তাহা স্মরণ করিয়া ভীম তখন অত্যন্তক্রুদ্ধ হইয়া অর্জ্জুনকে বলিলেন—॥২॥

'শ্মশ্রুহীনবদন! মূঢ়! ঔদরিক! অস্ত্রে অশিক্ষিত! মূর্খ! যুদ্ধকাতর! তুই আর যুদ্ধ করিস্ না' এইরূপ কর্ণ বার বার আমাকে বলিয়াছিল ॥৩॥

অর্জ্জুন! তোমার সমক্ষেই কর্ণ আমাকে এইরূপ বলিয়াছিল। ভরতনন্দন! এইরূপ যে বলে, সে আমার বধ্য; অথচ কর্ণ আমাকে এইরূপ বলিয়াছে ॥৪॥

তৎ পালয় নরশ্রেষ্ঠ ! স্মরৈতদ্বচনং মম ।
যথা ভবতি তৎ সত্যং তথা কুরু ধনঞ্জয় ! ॥৬॥
তচ্ছ্রুত্বা বচনং তস্য ভীমস্যামিতবিক্রমঃ ।
ততোঽর্জ্জুনোঽব্রবীৎ কর্ণং কিঞ্চিদভ্যেত্য সংযুগে ॥৭॥
কর্ণ ! কর্ণ ! বৃথাদৃষ্টে ! সূতপুত্রাত্মসংস্তুত ! ।
অধর্ম্মবুদ্ধে ! শৃণু মে যত্ত্বাং বক্ষ্যামি সাম্প্রতম্ ॥৮॥
দ্বিবিধং কর্ম্ম শূরাণাং যুদ্ধে জয়পরাজয়ৌ ।
তৌ চাপ্যনিত্যৌ রাধেয় ! বাসবস্যাপি যুধ্যতঃ ॥৯॥
মুমূর্ষুর্যুযুধানেন বিরথো বিকলেন্দ্রিয়ঃ ।
মদ্বধ্যস্ত্বমিতি জ্ঞাত্বা জিত্বা জীবন্ বিসর্জ্জিতঃ ॥১০॥

ভারতকৌমুদী

এতদিতি । ব্রতং নিয়মঃ । এতং ব্রতম্, যথা রক্ষণীয়মিত্যর্থঃ ।৫।
তদিতি । তং ব্রতম্, পালয় কর্ণবধেন রক্ষ ॥৬॥
তদিতি । অভ্যেত্য অগ্রবর্ত্তীভূয়, সংযুগে রণাঙ্গনে ॥৭॥
কর্ণেতি । হে বৃথাদৃষ্টে ! নিষ্ফলবুদ্ধে ! হে আত্মসংস্তুত ! আত্মনৈব প্রশংসিত ! ॥৮॥
দ্বিবিধমিতি । অনিত্যৌ অনিয়তৌ, বাসবস্য ইন্দ্রস্যাপি, যুধ্যতো যুধ্যমানস্য ॥৯॥
মুমূর্ষুরিতি । যুযুধানেন সাত্যকিনা । বিসর্জ্জিতস্ত্যক্তঃ ॥১০॥

মহাবাহু ! আমি তোমার সহিত এই নিয়ম করিয়াছিলাম। অতএব অর্জ্জুন ! ইহা যেমন আমার রক্ষণীয়, তোমারও সেইরূপই রক্ষণীয়; তাহাতে সন্দেহ নাই ॥৫॥

নরশ্রেষ্ঠ ধনঞ্জয় ! সেই নিয়ম রক্ষা কর, আমার সেই বাক্য স্মরণ কর এবং যাহাতে তাহা সত্য হয়, তাহা কর' ॥৬॥

তখন ভীমসেনের সেই বাক্য শুনিয়া অমিতবিক্রম অর্জ্জুন রণস্থলে একটু অগ্রবর্ত্তী হইয়া কর্ণকে বলিলেন—॥৭॥

'কর্ণ ! কর্ণ ! বৃথাবুদ্ধি ! সূতপুত্র ! আত্মপ্রশংসী ! অধর্ম্মবুদ্ধি ! এখন তোমাকে যাহা বলি, তাহা শোন ॥৮॥

রাধানন্দন ! যুদ্ধে বীরগণের জয় ও পরাজয় এই দ্বিবিধ কার্য্য। কিন্তু যুধ্যমান ইন্দ্রেরও সে দুইটা অনিয়ত ॥৯॥

তোমার রথ গিয়াছিল, ইন্দ্রিয় সকল বিকল হইয়া পড়িয়াছিল এবং মৃত্যুও

(৬) তদ্বধায় নরশ্রেষ্ঠ !···বা,···পুরৈতদ্বচনং মম···পি ।

যদৃচ্ছয়া ভীমসেনং বিরথং কৃতবানসি।
অধর্ম্মস্ত্বেষ রাধেয়! যত্ত্বং ভীমমবোচথাঃ ॥১১॥
নারিং জিত্বা বিকত্থন্তে ন চ জল্পন্তি দুর্বচঃ।
ন চ কঞ্চন নিন্দন্তি সন্তঃ শূরা নরর্ষভাঃ ॥১২॥
ত্বন্তু প্রাকৃতবিজ্ঞানস্তত্তদ্বদসি সূতজ!।
বহ্ববদ্ধমকল্যঞ্চ চাপলাদপরীক্ষিতম্ ॥১৩॥
যুধ্যমানং পরাক্রান্তং শূরমার্য্যব্রতে রতম্।
যদবোচোঽপ্রিয়ং ভীমং নৈতৎ সত্যং বচস্তব ॥১৪॥

ভারতকৌমুদী

যদৃচ্ছয়েতি। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া। যৎ কটুবাক্যম্ ॥১১॥
নেতি। বিকত্থন্তে আত্মশ্লাঘাং কুর্বন্তি ॥১২॥
ত্বমিতি। প্রাকৃতবিজ্ঞানো নীচবুদ্ধিঃ। অবদ্ধমলগ্নম্, অকল্যমকল্যাণবচনম্ ॥১৩॥
যুধ্যমানমিতি। আর্য্যব্রতে সজ্জননিয়মে। ন সত্যম্, তদর্থাভাবাৎ ॥১৪॥

ভারতভাবদীপঃ

তথেতি ॥১—৪॥ এতদ্ব্রতং পারয়ন্ নিষ্পাদয়ন্ ॥৫—১০॥ যদৃচ্ছয়া দৈবযোগাৎ ॥১১-৪১॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৯॥

সন্নিহিত হইয়াছিল; তথাপি তুমি আমার বধ্য ইহা স্মরণ করিয়া সাত্যকি তোমাকে জয় করিয়াও জীবিত অবস্থায় ছাড়িয়া দিয়াছেন ॥১০॥

তা'র পর তুমি ঈশ্বরের ইচ্ছায় ভীমসেনকে রথবিহীন করিতে পারিয়াছিলে; তখন তুমি তাঁহাকে যে কটু বাক্য বলিয়াছ, তাহা অধর্ম্মের কার্য্য হইয়াছে ॥১১॥

সাধুপ্রকৃতি নরশ্রেষ্ঠ বীরেরা শত্রুকে জয় করিয়া আত্মশ্লাঘা করেন না, দুর্বাক্যও বলেন না, কিংবা কাহারও নিন্দা করেন না ॥১২॥

সূতপুত্র! তোমার বুদ্ধি নীচ; তাই তুমি নীচলোকেরই ন্যায় চপলতাবশতঃ পর্য্যালোচনা না করিয়া অসম্বদ্ধ ও অকল্যাণকর বহুকথা বলিয়া থাক ॥১৩॥

পরাক্রমশালী, বীর ও সজ্জননিয়মে নিরত ভীমসেন যুদ্ধ করিতেছিলেন, সেই অবস্থায় তুমি তাঁহাকে যে সকল অপ্রিয় বাক্য বলিয়াছ, তাহা সত্য নহে ॥১৪॥

(১১) যদৃচ্ছয়া রণে ভীমং যুধ্যমানং মহাবলম্। কথঞ্চিদ্বিরথং কৃত্বা যত্ত্বং কক্ষমভাষিথাঃ। অধর্ম্মস্ত্বেষ সুমহাননার্য্যচরিতং হি তৎ॥ পি বা। (১৩) · বহ্ববদ্ধমকথ্যঞ্চ ··পি।

পশ্যতাং সর্ব্বসৈন্যানাং কেশবস্য মমৈব চ।
বিরথো ভীমসেনেন কৃতোঽসি বহুশো রণে।
ন চ ত্বাং পরুষং কিঞ্চিদুক্তবান্ পাণ্ডুনন্দনঃ॥১৫॥
যস্মাত্তু বহু রূক্ষঞ্চ শ্রাবিতস্তে বৃকোদরঃ।
পরোক্ষং যচ্চ সৌভদ্রো যুষ্মাভির্নিহতো মম।
তস্মাত্তস্যাবলেপস্য সদ্যঃ ফলমবাপ্নুহি॥১৬॥
ত্বয়া তস্য ধনুশ্ছিন্নমাত্মনাশায় দুর্ম্মতে!।
তস্মাদ্বধ্যোঽসি মে মূঢ়! সভৃত্যসুতবান্ধবঃ॥১৭॥
কুরু ত্বং সর্ব্বকৃত্যানি মহত্তে ভয়মাগতম্।
হন্তাস্মি বৃষসেনং তে প্রেক্ষমাণস্য সংযুগে॥১৮॥
যে চান্যেঽপ্যুপযাস্যন্তি বুদ্ধিমোহেন মাং নৃপাঃ।
তাংশ্চ সর্বান্ হনিষ্যামি সত্যেনায়ুধমালভে॥১৯॥

ভারতকৌমুদী

পশ্যতামিতি। পরুষং নিষ্ঠুরম্। পাণ্ডুনন্দনো ভীমসেনঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ॥১৫॥

যস্মাদিতি। তে ত্বয়া। সৌভদ্রোঽভিমন্যুঃ। অবলেপস্য গর্বকার্য্যস্য। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ॥১৬॥

ত্বয়েতি। তস্য সৌভদ্রস্য, ছিন্নং পশ্চাদবস্থায়॥১৭॥

কুর্বিতি। সর্বকৃত্যানি দানভোগাদীনি। বৃষসেনং তদাখ্যং পুত্রম্॥১৮॥

য ইতি। সত্যেন উক্তেঃ সত্যত্বজ্ঞাপনায়, আলভে স্পৃশামি॥১৯॥

সমস্ত সৈন্যের, কৃষ্ণের এবং আমার সমক্ষে ভীমসেন বহুবার তোমাকে যুদ্ধে রথবিহীন করিয়াছেন; কিন্তু তোমাকে কোন কটু কথাত বলেন নাই॥১৫॥

সে যাহা হউক, তুমি যখন ভীমসেনকে বহু কটু কথা শুনাইয়াছ এবং তোমরা যখন আমার অসমক্ষে অভিমন্যুকে বধ করিয়াছ, তখন তুমি সেই অহঙ্কারকার্য্যের ফল সদ্যই পাইবে॥১৬॥

মূঢ়! দুর্ম্মতি! তুমি আত্মবিনাশের জন্যই অভিমন্যুর ধনু ছেদন করিয়াছ। অতএব ভৃত্য, পুত্র ও বন্ধুগণের সহিত তুমি আমার বধ্য হইয়াছ॥১৭॥

তুমি সমস্ত কর্ত্তব্য কার্য্য কর, তোমার গুরুতর ভয় উপস্থিত হইয়াছে। আমি তোমার সমক্ষেই যুদ্ধে বৃষসেনকে বধ করিব॥১৮॥

(১৮)···মত্তস্তে ভয়মাগতম্···পি।

ত্বাঞ্চ মূঢ়াকৃতপ্রজ্ঞমভিমানিনমাহবে।
দৃষ্ট্বা দুর্য্যোধনো মন্দো ভৃশং তপ্স্যতি পাতিতম্ ॥২০॥
অর্জ্জুনেন প্রতিজ্ঞাতে বধে কর্ণসুতস্য তু।
মহান্ সুতুমুলঃ শব্দো বভূব রথিনাং তদা ॥২১॥
তস্মিন্নাকুলসংগ্রামে বর্ত্তমানে মহাভয়ে।
মন্দরশ্মিঃ সহস্রাংশুরস্তং গিরিমুপাগমৎ ॥২২॥
ততো রাজন্! হৃষীকেশঃ সংগ্রামশিরসি স্থিতম্।
তীর্ণপ্রতিজ্ঞং বীভৎসুং পরিষ্বজ্যেদমব্রবীৎ ॥২৩॥
দিষ্ট্যা সম্পাদিতা জিষ্ণো! প্রতিজ্ঞা মহতী ত্বয়া।
দিষ্ট্যা বিনিহতঃ পার্থ! বৃদ্ধক্ষত্রঃ সহাত্মজঃ ॥২৪॥

ভারতকৌমুদী

ত্বামিতি। অকৃতপ্রজ্ঞমশিক্ষিতবুদ্ধিম্। মন্দো মূঢ়ঃ। পাতিতং ময়ৈব ॥২০॥

অর্জ্জুনেনেতি। শব্দ উদ্বেগসূচকঃ কোলাহলঃ ॥২১॥

তস্মিন্নিতি। আকুলসংগ্রামে বিশৃঙ্খলযুদ্ধে। সহস্রাংশুঃ সূর্য্যঃ ॥২২॥

তত ইতি। তীর্ণপ্রতিজ্ঞং জয়দ্রথবধেন, বীভৎসুমর্জ্জুনম্, পরিষ্বজ্য আলিঙ্গ্য ॥২৩॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। আত্মজেন জয়দ্রথেন সহেতি সহাত্মজঃ ॥২৪॥

এবং অন্য যে সকল রাজা বুদ্ধিমোহবশতঃ আমার নিকট উপস্থিত হইবেন, আমি তাঁহাদের সকলকেও বধ করিব; এই সত্য জ্ঞাপনের জন্য এই অস্ত্রস্পর্শ করিতেছি ॥১৯॥

মূঢ়! তুমি অশিক্ষিতবুদ্ধি ও অভিমানী, তোমাকে আমি যুদ্ধে নিপাতিত করিব; তাহা দেখিয়া মূঢ় দুর্য্যোধন গুরুতর সন্তপ্ত হইবে' ॥২০॥

অর্জ্জুন কর্ণপুত্র বৃষসেনের বধবিষয়ে প্রতিজ্ঞা করিলে, তখন রথীদিগের মধ্যে অতিবিশাল ও তুমুল কোলাহল উত্থিত হইল ॥২১॥

মহাভয়ঙ্কর সেই বিশৃঙ্খল যুদ্ধ চলিতে লাগিলে, অল্পকিরণ সূর্য্য ক্রমে অস্তাচলে গমন করিলেন ॥২২॥

রাজা! তাহার পর কৃষ্ণ সমরসম্মুখে অবস্থিত প্রতিজ্ঞায় উত্তীর্ণ অর্জ্জুনকে আলিঙ্গন করিয়া এই কথা বলিলেন—॥২৩॥

'জিষ্ণু! তুমি ভাগ্যবশতঃ মহাপ্রতিজ্ঞা রক্ষা করিয়াছ এবং পৃথানন্দন! তুমি ভাগ্যবশতঃ পুত্রের সহিত বৃহৎক্ষত্রকে বধ করিয়াছ ॥২৪॥

(২১) ··বধে সূতসুতস্য তু···পি। (২২)···অস্তং গিরিমুপাদ্রবৎ—পি বা।

ধার্ত্তরাষ্ট্রবলং প্রাপ্য দেবসেনাপি ভারত ! ।
সীদেত সমরে জিষ্ণো ! নাত্র কার্য্যা বিচারণা ॥২৫॥
ন তং পশ্যামি লোকেষু চিন্তয়ন্ পুরুষং ক্বচিৎ ।
ত্বদৃতে পুরুষব্যাঘ্র ! য এতদ্‌যোধয়েদ্বলম্ ॥২৬॥
মহাপ্রভাবা বহবস্ত্বয়া তুল্যাধিকাপি বা ।
সমেতাঃ পৃথিবীপালা ধার্ত্তরাষ্ট্রস্য কারণাৎ ॥২৭॥
তে ত্বাং প্রাপ্য রণে ক্রুদ্ধা নাভিবর্ত্তন্তি দংশিতাঃ ।
তব বীর্য্যং বলঞ্চৈব রুদ্রশক্রান্তকোপমম্ ॥২৮॥
নেদৃশং শক্নুয়াৎ কশ্চিদ্রণে কর্ত্তুং পরাক্রমম্ ।
যাদৃশং কৃতবানদ্য ত্বমেকঃ শত্রুতাপনঃ ॥২৯॥
এবমেব হতে কর্ণে সানুবন্ধে দুরাত্মনি ।
বর্দ্ধয়িষ্যামি ভূয়স্ত্বাং বিজিতারিং হতদ্বিষম্ ॥৩০॥

ভারতকৌমুদী

ধার্ত্তেতি। ধার্ত্তরাষ্ট্রবলং দুর্য্যোধনসৈন্যম্। সীদেত অবসন্না ভবেৎ ॥২৫॥

নেতি। ত্বদৃতে ত্বাং বিনা ॥২৬॥

মহেতি। তুল্যাধিকাপি ইত্যুভয়ত্রাপি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥২৭॥

ত ইতি। নাভিবর্ত্তন্তি সম্মুখে ন বর্ত্তন্তে, দংশিতাঃ কৃতসন্নাহাঃ ॥২৮॥

নেতি। পরাক্রমং মহাশক্তিপ্রকাশম্ ॥২৯॥

এবমিতি। সানুবন্ধে অনুচরসহিতে। বর্দ্ধয়িষ্যামি আলিঙ্গনাদিনা প্রমোদয়িষ্যামি, ভূয়ঃ পুনরপি, বিজিতা অরয়োঽপকারিণো যেন তম্, হতা দ্বিষঃ কেবলদ্বেষিণশ্চ যেন তম্ ॥৩০॥

ভরতনন্দন জিষ্ণু ! দেবসৈন্যও যুদ্ধে দুর্য্যোধনসৈন্যের নিকটে উপস্থিত হইয়া অবসন্ন হয়; এ বিষয়ে কোন বিচারই কর্ত্তব্য নহে ॥২৫॥

পুরুষশ্রেষ্ঠ ! আমি চিন্তা করিয়াও ত্রিভুবনে কোথাও তুমি ভিন্ন এমন কোন পুরুষ দেখি না, যিনি এই সৈন্যের সহিত যুদ্ধ করিতে পারেন ॥২৬॥

তোমার সমান, কিংবা তোমা অপেক্ষা অধিক মহাপ্রভাবশালী বহু রাজা দুর্য্যোধনের জন্য এখানে সমবেত হইয়াছেন ॥২৭॥

যুদ্ধসজ্জায় সজ্জিত ও ক্রুদ্ধ সেই সকল রাজা যুদ্ধে তোমাকে পাইয়া আর সম্মুখবর্ত্তী হন না। সুতরাং তোমার বল ও বিক্রম—রুদ্র, ইন্দ্র এবং যমের বলবিক্রমের তুল্য ॥২৮॥

শত্রুতাপন ! তুমি একাকী আজ যুদ্ধে যেরূপ পরাক্রম প্রকাশ করিয়াছ, এরূপ পরাক্রম প্রকাশ করিতে কেহই সমর্থ হয় না ॥২৯॥

তমর্জ্জুনঃ প্রত্যুবাচ প্রসাদাত্তব মাধব!।
প্রতিজ্ঞেয়ং ময়া তীর্ণা বিবুধৈরপি দুস্তরা ॥৩১॥
অনাশ্চর্য্যো জয়স্তেষাং যেষাং নাথোঽসি কেশব!।
ত্বৎপ্রসাদান্মহীং কৃৎস্নাং সম্প্রাপ্স্যতি যুধিষ্ঠিরঃ ॥৩২॥
তবৈব ভারো বার্ষ্ণেয়! তবৈব বিজয়ঃ প্রভো!।
বর্দ্ধনীয়াস্তব বয়ং প্রেষ্যাশ্চ মধুসূদন! ॥৩৩॥
এবমুক্তস্ততঃ কৃষ্ণঃ শনকৈর্বাহয়ন্ হয়ান্।
দর্শয়ামাস পার্থায় ক্রূরমায়োধনং মহৎ ॥৩৪॥

কৃষ্ণ উবাচ।

প্রার্থয়ন্তো জয়ং যুদ্ধে প্রথিতঞ্চ মহদ্‌যশঃ।
পৃথিব্যাং শেরতে শূরাঃ পার্থিবাস্ত্বচ্ছরৈর্হতাঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

তমিতি। প্রসাদাদনুগ্রহাৎ। বিবুধৈর্দেবৈরপি ॥৩১॥
অনাশ্চর্য্য ইতি। নাথো রক্ষকঃ। কৃৎস্নাং সর্ব্বাম্। সম্ভাবনেয়ম্ ॥৩২॥
তবেতি। ভারো নির্বাহঃ পাণ্ডবরাজ্যোদ্ধারঃ। বর্দ্ধনীয়া উন্নেয়াঃ, প্রেষ্যা ভৃত্যাঃ ॥৩৩॥
এবমিতি। বাহয়ন্ চালয়ন্। ক্রূরং ভীষণম্, আয়োধনং রণস্থলম্ ॥৩৪॥
প্রার্থয়ন্ত ইতি। জীবনে জয়ম্, মরণে চ মহদযশ ইতি ভাবঃ ॥৩৫॥

শত্রুগণের পরাজয় এবং বিদ্বেষিগণের বিনাশ করিয়া তুমি পুনরায় যখন অনুচরবর্গের সহিত দুরাত্মা কর্ণকে বধ করিবে, তখন আমি আবারও তোমাকে এইরূপই সংবর্দ্ধিত করিব' ॥৩০॥

তখন অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'মাধব! তোমার অনুগ্রহেই আমি এই দেবগণেরও দুস্তর প্রতিজ্ঞা হইতে উত্তীর্ণ হইয়াছি ॥৩১॥

কেশব! তুমি যাহাদের প্রভু, তাহাদের জয়লাভ করা আশ্চর্য্য নহে। আমি আশা করি—যুধিষ্ঠির তোমার অনুগ্রহেই সমগ্র পৃথিবী লাভ করিবেন ॥৩২॥

প্রভু বৃষ্ণিনন্দন! এ তোমারই ভার এবং তোমারই জয়। মধুসূদন! তুমি আমাদিগকে সংবর্দ্ধিত করিবে, আমরা তোমার ভৃত্য' ॥৩৩॥

অর্জ্জুন এইরূপ বলিলে, কৃষ্ণ ধীরে ধীরে অশ্বগুলিকে চালাইতে থাকিয়া অর্জ্জুনকে ভীষণ ও বিশাল রণস্থল দেখাইতে লাগিলেন ॥৩৪॥

(৩৩) তবৈষ ভারঃ···পি, তব প্রভাবঃ···বা। (৩৫)···প্রথিতং সুমহদ্‌যশঃ···পি।

বিকীর্ণশস্ত্রাভরণা বিপন্নাশ্বরথদ্বিপাঃ।
সংচ্ছিন্নভিন্নমর্ম্মাণো বৈক্লব্যং পরমং গতাঃ ॥৩৬॥
সসত্ত্বা গতসত্ত্বাশ্চ প্রভয়া পরয়া যুতাঃ।
সজীবা ইব লক্ষ্যন্তে গতসত্ত্বা নরাধিপাঃ ॥৩৭॥
তেষাং শরৈঃ স্বর্ণপুঙ্খৈঃ শস্ত্রৈশ্চ বিবিধৈঃ শিতৈঃ।
বাহনৈরায়ুধৈশ্চৈব সংপূর্ণাং পশ্য মেদিনীম্ ॥৩৮॥
বর্ম্মভিশ্চর্ম্মভির্হারৈঃ শিরোভিশ্চ সকুণ্ডলৈঃ।
উষ্ণীষৈর্মুকুটৈঃ স্রগ্ভিশ্চূড়ামণিভিরম্বরৈঃ ॥৩৯॥
কণ্ঠসূত্রৈরঙ্গদৈশ্চ নিষ্কৈরপি চ সুপ্রভৈঃ।
অন্যৈশ্চাভরণৈশ্চিত্রৈর্ভাতি ভারত ! মেদিনী ॥৪০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বিকীর্ণেতি। সংচ্ছিন্নানি ভিন্নানি চ মর্ম্মাণি যেষাং তে, বৈক্লব্যমাকুলতাম্ ॥৩৬॥
সেতি। সসত্ত্বাঃ সপ্রাণাঃ, গতসত্ত্বা নির্গতপ্রাণাঃ। গতসত্ত্বা অপি সজীবা ইব ॥৩৭॥
তেষামিতি। শিতৈঃ সুধারৈঃ। সম্পূর্ণাং ব্যাপ্তাম্, মেদিনীং সমরভূমিম্ ॥৩৮॥
বর্ম্মভিরিতি। স্রগ্‌ভির্মালাভিঃ, অম্বরৈর্বস্ত্রৈঃ। নিষ্কৈর্বক্ষোভূষণৈঃ ॥৩৯—৪০॥

কৃষ্ণ বলিলেন—‘অর্জ্জুন ! বীর রাজারা যুদ্ধে জয় বা প্রথিত মহাযশ কামনা করিয়া তোমার বাণে নিহত হইয়া ভূতলে শয়ন করিয়া রহিয়াছেন ॥৩৫॥

অস্ত্র ও অলঙ্কার ইতস্ততঃ বিক্ষিপ্ত রহিয়াছে; হস্তী, অশ্ব ও রথ বিনষ্ট হইয়াছে; এবং মর্ম্মদেশ ছিন্ন-ভিন্ন হইয়া গিয়াছে; সুতরাং যোদ্ধারা অত্যন্ত আকুল হইয়া রহিয়াছেন ॥৩৬॥

অনেকের প্রাণ আছে এবং অনেকের প্রাণ গিয়াছে, যাঁহাদের প্রাণ গিয়াছে, সেই রাজারাও বিশেষ কান্তি প্রকাশ পাইতে থাকায় সজীবের ন্যায় দৃষ্টিগোচর হইতেছেন ॥৩৭॥

অর্জ্জুন ! দেখ—তাঁহাদের স্বর্ণপুঙ্খ বাণ, নানাবিধ সুধার শস্ত্র ও অস্ত্র এবং বাহনদ্বারা সমরভূমি ব্যাপ্ত হইয়া রহিয়াছে ॥৩৮॥

ভরতনন্দন ! চর্ম্ম, বর্ম্ম, হার, কুণ্ডলযুক্ত মস্তক, উষ্ণীষ, মুকুট, মালা, চূড়ামণি, বস্ত্র, কণ্ঠসূত্র, কেয়ূর, উজ্জ্বল বক্ষোভূষণ এবং বিচিত্র অন্যান্য অলঙ্কারদ্বারা সমর-ভূমি শোভা পাইতেছে ॥৩৯—৪০॥

(৩৬) ··বিপন্নাশ্চ রথদ্বিপাঃ···বঙ্গ বর্দ্ধ। (৩৯) বর্ম্মভির্মণিভির্হারৈঃ···পি। (৪০) ইতঃ পরং পঞ্চদশ শ্লোকা অধিকাঃ পি বঙ্গ বর্দ্ধ, বহুষু পুস্তকেষ্বস্থিতেঃ। তে চ যথা—
অনুকর্ষৈরুপাসঙ্গৈঃ পতাকাভির্ধ্বজৈস্তথা। উপস্করৈরধিষ্ঠানৈরীষাদণ্ডকবন্ধুরৈঃ ॥১॥

স দর্শয়ন্নেব কিরীটিনেঽরিহা জনার্দ্দনস্তামরিভূমিমঞ্জসা।
অজাতশত্রুং সমুপেত্য পাণ্ডবং নিবেদয়ামাস হতং জয়দ্রথম্ ॥৪১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে অর্জ্জুনস্য যুদ্ধভূমিদর্শনে ঊনত্রিংশদধিক-
শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। অরিহা শত্রুহন্তা, অরিভূমিং শত্রুযুদ্ধভূমিম্, অঞ্জসা দ্রুতম্ ॥৪১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে
ঊনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

এইভাবে শত্রুহন্তা কৃষ্ণ অর্জ্জুনকে রণভূমি দেখাইতে দেখাইতে দ্রুত যাইয়া অজাতশত্রু যুধিষ্ঠিরকে জানাইলেন যে, জয়দ্রথ নিহত হইয়াছেন' ॥৪১॥

চক্রৈঃ প্রমথিতৈশ্চিত্রৈরক্ষৈশ্চ বহুধা রণে। যুগৈর্যোক্ত্রৈঃ কলাপৈশ্চ ধনুর্ভিঃ সায়কৈস্তথা ॥২॥
পরিস্তোমৈঃ কুথাভিশ্চ পরিঘৈরঙ্কুশৈস্তথা। শক্তিভির্ভিন্দিপালৈশ্চ তূণৈঃ শূলৈঃ পরশ্বধৈঃ ॥৩॥
প্রাসৈশ্চ তোমরৈশ্চৈব কুন্তৈর্যষ্টিভিরেব চ। শতঘ্নীভির্ভুশুণ্ডীভিঃ খড়্গৈঃ পরশুভিস্তথা ॥৪॥
মুষলৈর্মুদ্গরৈশ্চৈব গদাভিঃ কুণপৈস্তথা। সুবর্ণবিকৃতাভিশ্চ কশাভির্ভরতসত্তম! ॥৫॥
ঘণ্টাভিশ্চ গজেন্দ্রাণাং ভাণ্ডৈশ্চ বিবিধৈরপি। স্রগ্ভিশ্চ নানাভরণৈর্বস্ত্রৈশ্চৈব মহাধনৈঃ।
অপবিদ্ধৈর্বভৌ ভূমির্গ্রহৈর্দ্যৌরিব শারদী ॥৬॥
পৃথিব্যাং পৃথিবীহেতোঃ পৃথিবীপতয়ো হতাঃ। পৃথিবীমুপগুহ্যাঙ্গৈঃ সুপ্তাঃ কান্তামিব প্রিয়াম্ ॥
ইমাংশ্চ গিরিকূটাভান্ নাগানৈরাবতোপমান্। ক্ষরতঃ শোণিতং ভূরি শস্ত্রচ্ছেদদরীমুখৈঃ ॥৮॥
দরীমুখৈরিব গিরীন্ গৈরিকাম্বুপরিস্রবান্। তব বাণহতান্ বীর! পশ্য নিষ্টনতঃ ক্ষিতৌ ॥৯॥
হয়াংশ্চ পতিতান্ পশ্য স্বর্ণভাণ্ডবিভূষিতান্। গন্ধর্ব্বনগরাকারান্ রথাংশ্চ নিহতেশ্বরান্ ॥১০॥
ছিন্নধ্বজপতাকাক্ষান্ বিচক্রান্ হতসারথীন্। নিকৃত্তকূবরযুগান্ ভগ্নেশাবন্ধুরান্ প্রভো! ॥১১॥
পশ্য পার্থ! হতান্ ভূমৌ বিমানোপমদর্শনান্। পত্তীংশ্চ নিহতান্ বীর! শতশোঽথ সহস্রশঃ ॥
ধনুর্ভৃতশ্চর্ম্মভৃতঃ শয়ানান্ রুধিরোক্ষিতান্। মহীমালিঙ্গ্য সর্ব্বাঙ্গৈঃ পাংশুধ্বস্তশিরোরুহান্।
পশ্য যোধান্মহাবাহো ত্বচ্ছরৈর্ভিন্নবিগ্রহান্ ॥১৩॥

নিপাতিতদ্বিপরথবাজিসঙ্কুলমসৃগ্বসাপিশিতসমৃদ্ধকর্দ্দমম্।
নিশাচরশ্ববৃকপিশাচমোদনং মহীতলং নরবর! পশ্য দুর্দৃশম্ ॥১৪॥
ইদং মহত্ত্বয্যুপপদ্যতে প্রভো! রণাজিরে কর্ম্ম যশোঽভিবর্দ্ধনম্।
শতক্রতৌ চাপি চ দেবসত্তমে মহাহবে জঘ্নুষি দৈত্যদানবান্ ॥১৫॥

* '...ষট্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা, '...একোনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' নি।

ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

———ঃ-০-ঃ———

সঞ্জয় উবাচ।

ততো রাজানমভ্যেত্য ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্।
আচচক্ষে প্রহৃষ্টাত্মা হতং পার্থেন সৈন্ধবম্ ॥১॥
দিষ্ট্যা বর্দ্ধসি রাজেন্দ্র! হতশত্রুর্নরোত্তম!।
দিষ্ট্যা নিস্তীর্ণবাংশ্চৈব প্রতিজ্ঞামনুজস্তব ॥২॥
স ত্বেবমুক্তঃ কৃষ্ণেন হৃষ্টঃ পরপুরঞ্জয়ঃ।
অবতীর্য্য রথাদ্রাজা পর্য্যষ্বজত কেশবম্ ॥৩॥
সংপ্রহৃষ্টমনা রাজন্! ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
সংহৃষ্টেন্দ্রিয়চিত্তাত্মা নাশকদ্বক্তুমোজসা ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রহৃষ্টাত্মা কৃষ্ণঃ, পার্থেনার্জ্জুনেন, সৈন্ধবং জয়দ্রথম্ ॥১॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, বর্দ্ধসি বর্দ্ধসে উন্নতো ভবসীত্যর্থঃ ॥২॥

স ইতি। পর্য্যস্বজত আলিঙ্গং ॥৩॥

সমিতি। সংপ্রহৃষ্টাঃ সম্প্রহর্ষেণোৎফুল্লা ইন্দ্রিয়ে নয়নে চিত্তমাত্মা চ যস্য সঃ, ওজসা বলেন ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর কৃষ্ণ হৃষ্টচিত্তে ধর্ম্মরাজ রাজা যুধিষ্ঠিরের নিকট উপস্থিত হইয়া বলিলেন—'অর্জ্জুন জয়দ্রথকে বধ করিয়াছেন ॥১॥

নরোত্তম রাজশ্রেষ্ঠ! আপনার শত্রু নিহত হইয়াছে, ভাগ্যবশতঃ আপনি উন্নতি লাভ করিয়াছেন এবং ভাগ্যবশতঃ আপনার কনিষ্ঠভ্রাতা প্রতিজ্ঞা হইতে উত্তীর্ণ হইয়াছেন' ॥২॥

কৃষ্ণ এইরূপ বলিলে, বিপক্ষনগরবিজয়ী রাজা যুধিষ্ঠির হৃষ্ট হইয়া রথ হইতে অবতরণ করিয়া কৃষ্ণকে আলিঙ্গন করিলেন ॥৩॥

রাজা! আনন্দে যুধিষ্ঠিরের নয়ন, মন ও প্রাণ উৎফুল্ল হইলে, তিনি কিছু কাল বলে (জোরে) কথা বলিতে পারিলেন না ॥৪॥

(১)···ববন্দে সংপ্রহৃষ্টাত্মা হতে পার্থেন সৈন্ধবে—নি।

মুহূর্ত্তমিব হর্ষেণ তূষ্ণীং ভূত্বা মহামতিঃ।
ততো হর্ষান্বিতো রাজা হর্ষাশ্রুপ্লুতলোচনঃ।
উবাচ পরমপ্রীতঃ সগদ্গদমিদং বচঃ ॥৫॥
প্রিয়মেতদুপশ্রুত্য ত্বত্তঃ পুষ্করলোচন!।
নান্তং গচ্ছামি হর্ষস্য তিতীর্ষুরুদধেরিব ॥৬॥
অত্যদ্ভুতমিদং কৃষ্ণ! কৃতং পার্থেন ধীমতা।
ত্বয়া গুপ্তেন গোবিন্দ! ঘ্নতা পাপং জয়দ্রথম্ ॥৭॥
কিন্তু নাত্যদ্ভুতং তেষাং যেষাং নস্ত্বং সমাশ্রয়ঃ।
স্থিতঃ সর্বাত্মনা নিত্যং প্রিয়েষু চ হিতেষু চ ॥৮॥
ত্বাঞ্চৈবাস্মাভিরাশ্রিত্য কৃতঃ শস্ত্রসমুদ্যমঃ।
সুরৈরিবাসুরবধে শক্রং শক্রানুজাহবে ॥৯॥

ভারতকৌমুদী

মুহূর্ত্তমিতি। তূষ্ণীং হর্ষেণ বাক্যাস্ফুরণান্নীরবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥
প্রিয়মিতি। হে পুষ্করলোচন! পদ্মনয়ন!। তিতীর্ষুস্তর্ত্তুমিচ্ছুঃ ॥৬॥
অতীতি। ইদং কর্ম্ম। পার্থেনার্জ্জুনেন। গুপ্তেন রক্ষিতেন, ঘ্নতা নাশয়তা ॥৭॥
কিন্ত্বিতি। নঃ অস্মাকম্। সর্বাত্মনা সর্ব্বপ্রযত্নেন ॥৮॥
ত্বামিতি। শক্রমিন্দ্রম্, হে শক্রানুজ! বামনরূপেণেন্দ্রানুজ! ॥৯॥

তৎকালে আনন্দাশ্রু নির্গত হইয়া যুধিষ্ঠিরের নয়নযুগল আপ্লুত করিল এবং মন উৎফুল্ল হইল; তাই তিনি কিছু কাল নীরব থাকিয়া গদ্গদভাবে এই কথা বলিলেন—॥৫॥

'পদ্মনয়ন কৃষ্ণ! সমুদ্রতরণেচ্ছু লোক যেমন তাহার শেষ পায় না, সেইরূপ আমি তোমার নিকট এই সংবাদ শুনিয়া আনন্দের শেষ পাইতেছি না ॥৬॥

কৃষ্ণ! তুমি অর্জ্জুনকে রক্ষা করিতেছিলে; তাই ধীমান্ অর্জ্জুন পাপাত্মা জয়দ্রথকে বধ করিয়া অতিশয় অদ্ভুত কার্য্যই করিয়াছেন ॥৭॥

তবে, তুমি সর্বদা সর্ব্বপ্রযত্নে প্রিয় ও হিত বিষয়ে যাহাদের আশ্রয়, তাহাদের পক্ষে এটা অত্যন্ত অদ্ভুতও বলিতে পারি না ॥৮॥

উপেন্দ্র! দেবতারা যেমন ইন্দ্রকে আশ্রয় করিয়া অসুরবধে অস্ত্রোদ্যোগ করিয়াছিলেন, আমরাও সেইরূপ তোমাকে অবলম্বন করিয়াই যুদ্ধে অস্ত্রোদ্-যোগ করিয়াছি ॥৯॥

অসম্ভাব্যমিদং কর্ম্ম দেবৈরপি জনার্দ্দন !।
ত্বদ্বুদ্ধিবলবীর্য্যেণ কৃতবানেব ফাল্গুনঃ ॥১০॥
বাল্যাৎ প্রভৃতি তে কৃষ্ণ ! কর্ম্মাণি শ্রুতবানহম্।
অমানুষাণি দিব্যানি মহান্তি চ বহূনি চ ॥১১॥
যদৈবানুগৃহীতাঃ স্মস্ত্বয়া স্নেহানুরাগতঃ।
তদৈবাজ্ঞাসিষং শত্রূন্ হতান্ প্রাপ্তাঞ্চ মেদিনীম্ ॥১২॥

ভারতকৌমুদী

অসম্ভাব্যমিতি। অসম্ভাব্যং মনসাপ্যভাবনীয়ম্। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥১০॥
বাল্যাদিতি। কর্ম্মাণি পূতনাবধাদীনি। এতেন শ্রীভাগবতাদিবৃত্তান্তঃ সংগৃহীতঃ ॥১১॥
যদেতি। স্মো বয়ম্। অজ্ঞাসিষং জ্ঞাতবানস্মি ॥১২॥

জনার্দ্দন ! একার্য্য দেবগণেরও অভাবনীয় ছিল; কিন্তু অর্জ্জুন তোমার বুদ্ধি, বল ও বিক্রমে ইহা করিয়াই ফেলিয়াছেন ॥১০॥

কৃষ্ণ ! আমি তোমার বাল্যকাল হইতেই তোমার অলৌকিক, অদ্ভুত, গুরুতর ও বহুতর কার্য্য শুনিয়া আসিতেছি ॥১১॥

কেশব ! তুমি যখনই স্নেহ ও অনুরাগবশতঃ আমাদের প্রতি অনুগ্রহ করিয়াছিলে, তখনই আমি বুঝিয়াছিলাম যে, আমাদের শত্রুগণ নিহত হইয়াছে এবং আমি পৃথিবী লাভ করিয়াছি' ॥১২॥

(১০)···হতবানেব ফাল্গুনঃ—পি। (১২) ইতঃ পরং বিংশতিঃ শ্লোকা অধিকাঃ পি বঙ্গ বৰ্দ্ধ, বহুধেব পুস্তকেষুস্থিতেঃ। তে চ যথা—
মার্কণ্ডেয়ঃ পুরানিশ্চরিতজ্ঞস্তবানঘ !। মাহাত্ম্যমনুভাবঞ্চ পুরা কীর্ত্তিতবান্মুনিঃ ॥১॥
অসিতো দেবলশ্চৈব নারদশ্চ মহাতপাঃ। পিতামহশ্চ মে ব্যাসস্ত্বামাহুর্বিধিমুত্তমম্ ॥২॥
ত্বং তেজস্ত্বং পরং ব্রহ্ম ত্বং সত্যং ত্বং মহত্তপঃ। ত্বং শ্রেয়স্ত্বং যশশ্চাগ্র্যং কারণং জগতস্তথা ॥৩॥
ত্বয়া সৃষ্টমিদং সর্ব্বং জগৎ স্থাবরজঙ্গমম্। প্রলয়ে সমনুপ্রাপ্তে ত্বাং বৈ নিবিশতে পুনঃ ॥৪॥
অনাদিনিধনং দেবং বিশ্বস্যেশং প্রজাপতিম্। ধাতারমজমব্যক্তমাহুর্ব্বেদবিদো জনাঃ ॥৫॥
ভূতাত্মানং মহাত্মানমনন্তং বিশ্বতোমুখম্। অপি দেবা ন জানন্তি গুহ্যং ত্বাঞ্চ জগৎপতিম্ ॥৬॥
নারায়ণং পরং দেবং পরমাত্মানমীশ্বরম্। জ্ঞানযোনিং হরিং বিষ্ণুং মুমুক্ষূণাং পরায়ণম্ ॥৭॥
পরং পুরাণং পুরুষং পুরাণানাং পরঞ্চ যৎ। প্রপদ্যতত্ত্বাং পরমং পরা ভূতির্বিধীয়তে ॥৮॥
যং গায়ন্তি চতুরো বেদা যশ্চ বেদেষু গীয়তে। তং প্রপদ্য মহাত্মানং ভূতিমপ্নোত্যনুত্তমাম্ ॥৯॥
এবমাদিগুণানাং তে কর্ম্মণাং দিবি চেহ চ। অতীতভূতভব্যানাং সংখ্যা তাত ! ন বিদ্যতে ॥
সর্ব্বতো রক্ষণীয়াঃ স্ম সশক্রাণাং দিবৌকসাম্। যস্ত্বং সর্ব্বগুণোপেতঃ সুহৃন্ন উপপাদিতঃ ॥১১॥
ইত্যেবং ধর্ম্মরাজেন হরিরুক্তো মহাযশাঃ। অনুরূপমিদং বাক্যং প্রত্যুবাচ জনার্দ্দনঃ ॥১২॥
ভবতস্তপসোগ্রেণ ধর্ম্মেণ পরমেণ চ। সাধুত্বাদার্জ্জবাচ্চৈব হতঃ পাপো জয়দ্রথঃ ॥১৩॥

ইত্যুক্তৌ তৌ মহাত্মানাবুভৌ কেশবপাণ্ডবৌ।
তাবব্রূতাং তদা কৃষ্ণৌ রাজানং পৃথিবীপতিম্ ॥১৩॥
তব কোপাগ্নিনা দগ্ধঃ পাপো রাজা জয়দ্রথঃ।
উদীর্ণঞ্চাপি সুমহদ্ধার্ত্তরাষ্ট্রবলং রণে ॥১৪॥
হন্যতে নিহতঞ্চৈব বিনঙ্ক্ষ্যতি চ ভারত!।
তব ক্রোধহতা হ্যেতে কৌরবাঃ শত্রুসূদন! ॥১৫॥
ত্বাং হি চক্ষুর্হণং বীরং কোপয়িত্বা সুযোধনঃ।
সমিত্রবন্ধুঃ সমরে প্রাণাংস্ত্যক্ষ্যতি দুর্ম্মতিঃ ॥১৬॥

ভারতকৌমুদী

ইতীতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, রাজানং যুধিষ্ঠিরম্ ॥১৩॥
তবেতি। উদীর্ণমুদ্যতঞ্চাপি। ধার্ত্তরাষ্ট্রবলং দগ্ধমিত্যনুষঙ্গঃ ॥১৪॥
হন্যত ইতি। পূর্ব্বার্দ্ধে ধার্ত্তরাষ্ট্রবলমিত্যনুবৃত্তিঃ। তত্র কারণং তব ক্রোধহতা ইতি ॥১৫॥
ত্বামিতি। চক্ষুষা দৃষ্ট্যৈব হন্তীতি চক্ষুর্হা তম্, তপঃপ্রভাবাদিতি ভাবঃ ॥১৬॥

যুধিষ্ঠির এইভাবে সেই মহাত্মা কৃষ্ণ ও অর্জ্জুনকে বলিলে, তাঁহারাও তখন রাজা যুধিষ্ঠিরকে বলিতে লাগিলেন—॥১৩॥

'মহারাজ! পাপাত্মা জয়দ্রথ এবং যুদ্ধে উদ্যত বিশাল ধার্ত্তরাষ্ট্রসৈন্য আপনার কোপানলেই দগ্ধ হইয়াছে ॥১৪॥

ভরতনন্দন! এই ধার্ত্তরাষ্ট্রসৈন্য নিহত হইয়াছে, নিহত হইতেছে এবং নিহত হইবে। শত্রুসূদন! এই কৌরবেরা সকলে আপনার ক্রোধেই বিনষ্ট হইয়াছে ॥১৫॥

রাজা! আপনি বীর এবং দৃষ্টিহন্তা। সুতরাং দুর্ম্মতি দুর্য্যোধন আপনার ক্রোধ জন্মাইয়া যুদ্ধে মিত্র ও বন্ধুবর্গের সহিত প্রাণ ত্যাগ করিবে ॥১৬॥

অয়ঞ্চ পুরুষব্যাঘ্র! ত্বদনুধ্যানবৃংহিতঃ। হত্বা যোধসহস্রাণি ন্যহন্ জিষ্ণুর্জয়দ্রথম্ ॥১৭॥
কৃতিত্বে বাহুবীর্য্যে চ তথৈবাসম্ভ্রমেঽপি চ। শীঘ্রতামোঘবেধিত্বে নাস্তি পার্থসমঃ ক্বচিৎ ॥১৫॥
তদয়ং ভরতশ্রেষ্ঠ! ভ্রাতা তে পাণ্ডবোঽর্জ্জুনঃ। সৈন্যক্ষয়ং রণে কৃত্বা সিন্ধুরাজশিরোঽহরৎ ॥১৬॥
ততো ধর্ম্মসুতো জিষ্ণুং পরিষ্বজ্য বিশাংপতে!। প্রমৃজ্য বদনং তস্য পর্য্যাশ্বাসয়ত প্রভুঃ ॥১৭॥
অতীব সুমহৎ কর্ম্ম কৃতবানসি ফাল্গুন!। অশক্যঞ্চাবিষহ্যঞ্চ দেবৈরপি সবাসবৈঃ ॥১৮॥
দিষ্ট্যা নিস্তীর্ণভারোঽসি হতারিশ্চাসি শত্রুহন্!। দিষ্ট্যা সত্যা প্রতিজ্ঞেয়ং কৃতা হত্বা জয়দ্রথম্ ॥
এবমুক্ত্বা গুড়াকেশং ধর্ম্মরাজো মহাযশাঃ। পস্পর্শ পুণ্যগন্ধেন পৃষ্ঠে হস্তেন পার্থিবঃ ॥২০॥

(১৫) হন্যন্তে নিহতাশ্চৈব বিনঙ্ক্ষ্যন্তি চ ভারত!—নি। (১৬) ত্বাং হি চক্ষুর্হণং বীর!—বা নি।

তব ক্রোধহতঃ পূর্ব্বং দেবৈরপি সুদুর্জয়ঃ।
শরতল্পগতঃ শেতে ভীষ্মঃ কুরুপিতামহঃ ॥১৭॥
দুর্লভো হি জয়স্তেষাং সংগ্রামে রিপুসূদন !।
যাতা মৃত্যুবশং তে বৈ যেষাং ক্রুদ্ধোঽসি পাণ্ডব ! ॥১৮॥
রাজ্যং প্রাণাঃ প্রিয়াঃ পুত্রাঃ সৌখ্যানি বিবিধানি চ।
অচিরাত্তস্য নশ্যন্তি যেষাং ক্রুদ্ধোঽসি মানদ ! ॥১৯॥
বিনষ্টান্ কৌরবান্ মন্যে সপুত্রপশুবান্ধবান্।
রাজধর্ম্মপরে নিত্যং ত্বয়ি ক্রুদ্ধে পরন্তপ ! ॥২০॥
ততো ভীমো মহাবাহুঃ সাত্যকিশ্চ মহারথঃ।
অভিবাদ্য গুরুং জ্যেষ্ঠং মার্গণৈঃ ক্ষতবিক্ষতৌ।
ক্ষিতাবাস্তাং মহেষ্বাসৌ পাঞ্চাল্যৈঃ পরিবারিতৌ ॥২১॥

ভারতকৌমুদী

তবেতি। শরতল্পগতো বাণময়শয্যাস্থিতঃ ॥১৭॥

দুর্লভ ইতি। যাতাঃ প্রাপ্তাঃ ॥১৮॥

রাজ্যমিতি। তস্য তদ্বর্গস্য। হে মানদ! মান্যানাং মানকারক ! ॥১৯॥

বিনষ্টানিতি। রাজধর্ম্ম এব পরঃ প্রধানো যস্য তস্মিন্। তদেব মহাতপ ইত্যাশয়ঃ ॥২০॥

তত ইতি। মার্গণৈর্বিপক্ষশরৈঃ। আস্তাং স্থিতৌ, মহেষ্বাসৌ মহাধনুর্দ্ধরৌ। ষট্-পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

দেবগণের পক্ষেও অতিদুর্জয় কুরুপিতামহ ভীষ্ম পূর্ব্বে আপনার ক্রোধেই পাতিত হইয়া শরশয্যায় শয়ন করিয়া রহিয়াছেন ॥১৭॥

শত্রুসূদন পাণ্ডুনন্দন! আপনি যাহাদের উপরে ক্রুদ্ধ হন, তাহাদের পক্ষে যুদ্ধে জয়লাভ করা ত দুষ্করই বটে, পরন্তু তাহারা মৃত্যুরই বশীভূত হয় ॥১৮॥

মাননীয়গণের সম্মানকারক! আপনি যাহাদের উপরে ক্রুদ্ধ হন, তাহাদের রাজ্য, প্রাণ, প্রিয়জন, পুত্র ও নানাবিধ সুখ অচিরকালমধ্যেই নষ্ট হয় ॥১৯॥

পরন্তপ! আপনি সর্ব্বদা রাজধর্ম্মপরায়ণ। সুতরাং আপনি ক্রুদ্ধ হইয়াছেন বলিয়াই কৌরবেরা পুত্র, পশু ও বান্ধবগণের সহিত বিনষ্ট হইয়াছে মনে করি' ॥২০॥

তদনন্তর মহাবাহু ভীমসেন ও মহারথ সাত্যকি এই মহাধনুর্দ্ধর দুই জন বিপক্ষগণের শরাঘাতে ক্ষত-বিক্ষত দেহে আসিয়া গুরু ও জ্যেষ্ঠ যুধিষ্ঠিরকে অভিবাদন করিয়া পাঞ্চালগণে পরিবেষ্টিত হইয়া ভূতলে দাঁড়াইলেন ॥২১॥

(১৮) দুর্লভো বিজয়স্তেষাম্···বা নি (২০)·· ধর্ম্মরাজপরে·· বঙ্গ বর্দ্ধ।

তৌ দৃষ্ট্বা মুদিতৌ বীরৌ প্রাঞ্জলী চাগ্রতঃ স্থিতৌ।
অভ্যনন্দত কৌন্তেয়স্তাবুভৌ ভীমসাত্যকী ॥২২॥
দিষ্ট্যা পশ্যামি বাং শূরৌ বিমুক্তৌ সৈন্যসাগরাৎ।
দ্রোণগ্রাহদুরাধর্ষাদ্ধার্দ্দিক্যমকরালয়াৎ ॥২৩॥
দিষ্ট্যা চ নির্জ্জিতাঃ সংখ্যে পৃথিব্যাং সর্ব্বপার্থিবাঃ।
যুবাং বিজয়িনৌ চাপি দিষ্ট্যা পশ্যামি সংযুগে ॥২৪॥
দিষ্ট্যা দ্রোণো জিতঃ সংখ্যে হার্দ্দিক্যশ্চ মহাবলঃ।
দিষ্ট্যা বিকর্ণিভিঃ কর্ণো রণে নীতঃ পরাভবম্।
বিমুখশ্চ কৃতঃ শল্যো যুবাভ্যাং পুরুষর্ষভৌ! ॥২৫॥

ভারতকৌমুদী

তাবিতি। মুদিতৌ জয়লাভেন হৃষ্টৌ। কৌন্তেয়ো যুধিষ্ঠির ॥২২॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, বাং যুবাম্। দ্রোণ এব গ্রাহো জলজন্তুস্তেন দুরাধর্ষাৎ, হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মৈব মকরস্তস্য আলয়াৎ। এতেন দুষ্পারত্বং সূচিতম্ ॥২৩॥

দিষ্ট্যেতি। সংখ্যে যুদ্ধে। ভাগ্যং বিনা জয়দর্শনয়োরসম্ভব এবেতি ভাবঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১২॥ (পাঠান্তরে) একার্ণবং জলব্যাপ্তম্॥ পরং প্রপঞ্চাতীতম্, পুরাণং পুরস্য দেহস্যাধিষ্ঠাতারম্, পুরুষমাত্মানং পরাণামাদিপুরুষাণাং ব্রহ্মাদীনাঞ্চ কারণম্, পরমং প্রকৃষ্টতমম্ ॥৮॥ গীয়তে প্রতিপাদ্যতে, মহাত্মানং পরমাত্মানম্ ॥৯॥ রাজানং লোকানুরঞ্জকম্ ॥১০—২২॥ হার্দ্দিক্য এব মকরস্তস্যালয়াৎ ॥২৩—৩০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩০॥

বীর ভীমসেন এবং সাত্যকি হৃষ্টচিত্তে ও কৃতাঞ্জলিপুটে সম্মুখে দাঁড়াইলে, যুধিষ্ঠির তাঁহাদিগকে দেখিয়া অভিনন্দন করিলেন—॥২২॥

'বীরযুগল! ভাগ্যবশতই আমি তোমাদিগকে কৌরবসৈন্যসমুদ্র হইতে উত্তীর্ণ অবস্থায় দেখিতে পাইলাম। কেন না, সে সৈন্যসমুদ্র—দ্রোণরূপ ভীষণ জলজন্তু থাকায় দুর্দ্ধর্ষ এবং কৃতবর্ম্মরূপ মকরের আশ্রয় ॥২৩॥

ভাগ্যবশতই তোমরা যুদ্ধে পৃথিবীর সকল রাজাকে জয় করিয়াছ এবং ভাগ্যবশতই আমি যুদ্ধবিজয়ী অবস্থায় তোমাদিগকে দেখিতেছি ॥২৪॥

পুরুষশ্রেষ্ঠযুগল! তোমরা ভাগ্যবশতই যুদ্ধে দ্রোণ ও মহাবল কৃতবর্ম্মাকে জয় করিয়াছ, ভাগ্যবশতই কর্ণিদ্বারা কর্ণকে পরাজয় করিয়াছ এবং ভাগ্যবশতই শল্যকে পরাঙ্মুখ করিয়াছ ॥২৫॥

(২৪) দিষ্ট্যা বিনির্জ্জিতাঃ··· বা নি।

দিষ্ট্যা যুবাং কুশলিনৌ সংগ্রামাৎ পুনরাগতৌ।
পশ্যামি রথিনাং শ্রেষ্ঠাবুভৌ যুদ্ধবিশারদৌ ॥২৬॥
মম বাক্যকরৌ বীরৌ মম গৌরবযন্ত্রিতৌ।
সৈন্যার্ণবং সমুত্তীর্ণৌ দিষ্ট্যা পশ্যামি বামহম্ ॥২৭॥
সমরশ্লাঘিনৌ বীরৌ সমরেষ্বপরাজিতৌ।
মম প্রাণসমৌ চৈব দিষ্ট্যা পশ্যামি বামহম্ ॥২৮॥
ইত্যুক্ত্বা পাণ্ডবো রাজা যুযুধানবৃকোদরৌ।
সস্বজে পুরুষব্যাঘ্রৌ হর্ষবাষ্পং মুমোচ হ ॥২৯॥
ততঃ প্রমুদিতং সর্ব্বং বলমাসীদ্বিশাংপতে !।
পাণ্ডবানাং রণে হৃষ্টং যুদ্ধায় তু মনো দধে ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে যুধিষ্ঠিরহর্ষে ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। বিকর্ণিভিবিশিষ্টৈঃ কর্ণিনামকৈর্বাণৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

দিষ্ট্যেতি। কুশলিনৌ জীবনবত্ত্বাজ্জয়লাভাচ্চেত্যাশয়ঃ ॥২৬॥

মমেতি। গৌরবে গৌরবরক্ষার্থে যন্ত্রিতৌ নিয়তৌ। বাং যুবাম্ ॥২৭॥

সমরেতি। সমরং শ্লাঘেতে প্রশংসত ইতি সমরশ্লাঘিনৌ ॥২৮॥

ইতীতি। যুযুধানবৃকোদরৌ সাত্যকিভীমসেনৌ। সস্বজে আলিলিঙ্গ ॥২৯॥

ভাগ্যবশতই আমি রথিশ্রেষ্ঠ ও যুদ্ধবিশারদ তোমাদিগকে যুদ্ধ হইতে কুশলে পুনরাগত দেখিতেছি ॥২৬॥

বীর, আমার আজ্ঞাবহ এবং আমার গৌরবরক্ষার্থে নিরত তোমাদের দুই জনকে আমি ভাগ্যবশতই কৌরবসৈন্যসমুদ্র হইতে উত্তীর্ণ দেখিতেছি ॥২৭॥

সমরশ্লাঘী, বীর, যুদ্ধে অপরাজিত এবং আমার প্রাণের তুল্য প্রিয় তোমাদের দুই জনকে আমি ভাগ্যবশতই আবার দেখিতে পাইলাম' ॥২৮॥

এই কথা বলিয়া রাজা যুধিষ্ঠির পুরুষশ্রেষ্ঠ সাত্যকি ও ভীমসেনকে আলিঙ্গন করিলেন এবং আনন্দাশ্রু মোচন করিতে লাগিলেন ॥২৯॥

(২৯) ইত্যুক্ত্বা পাণ্ডবো রাজন্! ··নি, হর্ষাদ্বাষ্পম্ · বা নি। * '···সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···একোনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বা, '···পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' নি।

একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

———ঃ-০-ঃ———

সঞ্জয় উবাচ।

সৈন্ধবে নিহতে রাজন্! পুত্রস্তব সুযোধনঃ।
অমন্যতার্জ্জুনসমো ন যোধো ভুবি বিদ্যতে ॥১॥
ন দ্রোণো ন চ রাধেয়ো নাশ্বত্থামা কৃপো ন চ।
ক্রুদ্ধস্য সমরে স্থাতুং পর্য্যাপ্তা ইতি মারিষ! ॥২॥
নির্জ্জিত্য হি রণে পার্থঃ সর্বান্ মম মহারথান্।
অবধীৎ সৈন্ধবং সংখ্যে ন চ কশ্চিদবারয়ৎ ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। বলং সৈন্যম্। হৃষ্টমেব চ পুনরপি যুদ্ধায় মনো দধে ॥৩০॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

সৈন্ধব ইতি। সৈন্ধবে সিন্ধুরাজে জয়দ্রথে। যুধ্যত ইতি যোধো যোদ্ধা ॥১॥

নেতি। রাধেয়ঃ কর্ণঃ। ক্রুদ্ধস্যার্জ্জুনস্য। পর্য্যাপ্তাঃ শক্তা ইত্যপ্যমন্যত ॥২॥

নরনাথ! ক্রমে এই সংবাদ পাইয়া সমগ্র পাণ্ডবসৈন্যই আনন্দিত হইল এবং সেই আনন্দিত অবস্থায় পুনরায় যুদ্ধে মনোনিবেশ করিল' ॥৩০॥

———ঃ০ঃ———

সঞ্জয় বলিলেন—'রাজা! জয়দ্রথ নিহত হইলে, আপনার পুত্র দুর্য্যোধন মনে করিলেন যে, অর্জ্জুনের তুল্য যোদ্ধা পৃথিবীতে নাই ॥১॥

মাননীয় রাজা! তিনি ইহাও ধারণা করিলেন যে, দ্রোণ, কর্ণ, অশ্বত্থামা ও কৃপ ইহারাও ক্রুদ্ধ অর্জ্জুনের যুদ্ধে থাকিতে সমর্থ হন না ॥২॥

(১) পূর্বার্দ্ধাৎ পরং ত্রয়ঃ শ্লোকা অধিকাঃ প্রাচীনপুস্তকেষস্থিতেঃ। তে চ পি বঙ্গ বর্দ্ধ বা যথা—

অশ্রুপূর্ণমুখো দীনো নিরুৎসাহো দ্বিষজ্জয়ে। দুর্ম্মনা নিশ্বসন্ন্ষ্ণং ভগ্নদংষ্ট্র ইবোরগঃ ॥১॥
আগস্কৃৎ সর্ব্বলোকস্য পুত্রস্তেঽর্ত্তিং পরামগাৎ। দৃষ্ট্বা তৎ কদনং ঘোরং স্ববলস্য কৃতং মহৎ ॥২॥
জিষ্ণুনা ভীমসেনেন সাত্বতেন চ সংযুগে। স বিবর্ণঃ কৃশো দীনো বাষ্পসংপ্লুতলোচনঃ ॥৩॥

(২)···পার্থস্য সম্মুখে স্থাতুম্···নি।

সর্বথা হতমেবেদং কৌরবাণাং মহদ্বলম্ ।
ন হ্যস্য বিদ্যতে ত্রাতা সাক্ষাদপি পুরন্দরঃ ॥৪॥
যমুপাশ্রিত্য সংগ্রামে কৃতঃ শস্ত্রসমুদ্যমঃ ।
স কর্ণো নির্জিতঃ সংখ্যে হতশ্চৈব জয়দ্রথঃ ॥৫॥
পরুষাণি সভামধ্যে প্রোক্তবান্ যো হি পাণ্ডবান্ ।
স কর্ণো নির্জিতঃ সংখ্যে সৈন্ধবশ্চ নিপাতিতঃ ॥৬॥
যস্য বীর্য্যং সমাশ্রিত্য শমং যাচন্তমচ্যুতম্ ।
তৃণবত্তমহং মন্যে স কর্ণো নির্জিতো যুধি ॥৭॥
এবং ক্লান্তমনা রাজন্নুপায়াদ্‌দ্রোণমীক্ষিতুম্ ।
আগস্কৃৎ সর্ব্বলোকস্য পুত্রস্তে ভরতর্ষভ ! ॥৮॥

ভারতকৌমুদী

নির্জ্জিত্যেতি। পার্থোঽর্জ্জুনঃ। অবারয়ং বারয়িতুমশক্তোঃ ॥৩॥
সর্বথেতি। অস্য বলস্য, ত্রাতা রক্ষকঃ, পুরন্দর ইন্দ্রঃ ॥৪॥
যমিতি। কৃতোঽস্মাভিঃ। নির্জ্জিতঃ সাত্যকিনা ভীমেন চ ॥৫॥
পরুষাণীতি। পরুষাণি কটুবাক্যানি, সভায়া দ্যূতগোষ্ঠ্যা মধ্যে ॥৬॥
যস্যেতি। শমং সন্ধিনিবন্ধনাং শান্তিম্, অচ্যুতং কৃষ্ণম্ ॥৭॥
এবমিতি। ক্লান্তমনা বিষণ্ণচিত্তঃ। আগস্কৃৎ যুদ্ধঘটনেনাপরাধকারী ।৮॥

কারণ, অর্জ্জুন আমার সমস্ত মহারথকে যুদ্ধে জয় করিয়া জয়দ্রথকে বধ করিয়াছে ; কিন্তু কেহই তাহাকে বারণ করিতে পারিলেন না ॥৩॥

হায় ! এই বিশাল কৌরবসৈন্য সর্ব্বপ্রকারেই নিহত হইল, কেহই ইহার রক্ষক নাই। সম্ভবতঃ সাক্ষাৎ ইন্দ্রও ইহা রক্ষা করিতে পারেন না ॥৪॥

আমরা যাঁহাকে অবলম্বন করিয়া যুদ্ধে অস্ত্র উত্তোলন করিয়াছি, সেই কর্ণও যুদ্ধে পরাজিত এবং জয়দ্রথও নিহত হইয়াছেন ॥৫॥

যিনি দ্যূতসভামধ্যে পাণ্ডবগণকে বহু কটুবাক্য বলিয়াছিলেন, সেই কর্ণও যুদ্ধে পরাভূত হইয়াছেন এবং জয়দ্রথও নিপাতিত হইয়াছেন ॥৬॥

কৃষ্ণ যাইয়া সন্ধির প্রার্থনা করিলে, আমি যাঁহার শক্তি অবলম্বন করিয়া তাঁহাকে তৃণের ন্যায় মনে করিয়াছিলাম, সেই কর্ণও যুদ্ধে পরাজিত হইয়াছেন ॥৭॥

ভরতশ্রেষ্ঠ রাজা ! সমস্ত লোকের নিকট অপরাধকারী আপনার পুত্র

(৬) যস্য বীর্য্যং সমাশ্রিত্য পাণ্ডবানবমংস্মহি। স কর্ণঃ···বঙ্গ বৰ্দ্ধ।

ততস্তৎ সর্বমাচখ্যৌ কুরূণাং বৈশসং মহৎ।
পরান্ বিজয়তশ্চাপি ধার্ত্তরাষ্ট্রান্ নিমজ্জতঃ ॥৯॥

দুর্য্যোধন উবাচ।

পশ্য মূর্দ্ধাভিষিক্তানামাচার্য্য! কদনং মহৎ।
কৃত্বা প্রমুখতঃ শূরং ভীষ্মং মম পিতামহম্ ॥১০॥
তং নিহত্য প্রলুব্ধোঽয়ং শিখণ্ডী পূর্ণমানসঃ।
পাঞ্চালৈঃ সহিতঃ সর্ব্বৈঃ সেনাগ্রমভিবর্ত্ততে ॥১১॥
অপরশ্চাপি দুর্দ্ধর্ষঃ শিষ্যস্তে সব্যসাচিনা।
অক্ষৌহিণীঃ সপ্ত ভিত্ত্বা হতো রাজা জয়দ্রথঃ ॥১২॥
অস্মদ্বিজয়কামানাং সুহৃদামুপকারিণাম্।
গন্তাস্মি কথমানৃণ্যং গতানাং যমসাদনম্ ॥১৩॥

ভারতকৌমুদী

তত ইতি। বৈশসং ধ্বংসম্। নিমজ্জতশ্চাচখ্যাবিতি সম্বন্ধঃ।৯॥
পশ্যেতি। মূর্দ্ধাভিষিক্তানাং ক্ষত্রিয়াণাম্, কদনং বিনাশম্। কৃত্বা স্থিতানাম্ ॥১০॥
তমিতি। প্রলুব্ধো বিপক্ষসংহারে লোভবান্। অভি লক্ষীকৃত্য বর্ত্ততে ॥১১॥
অপর ইতি। যেন সব্যসাচিনা জয়দ্রথো হতঃ, সোঽপি তে অপরো দুর্দ্ধর্ষঃ শিষ্যঃ ॥১২॥
অস্মদিতি। সুহৃদাং জয়দ্রথাদীনাম্। গন্তাস্মি গমিষ্যামি ॥১৩॥

দুর্য্যোধন এইরূপ বিষণ্ণচিত্ত হইয়া দ্রোণের সহিত সাক্ষাৎ করিবার জন্য গমন করিলেন ॥৮॥

তদনন্তর, ধার্ত্তরাষ্ট্রেরা বিপক্ষবিজয়ী হইলেও আজ বিপৎসাগরে নিমগ্ন হইতেছেন এবং অপর কৌরবগণেরও গুরুতর ধ্বংস হইতেছে, ইত্যাদি সমস্ত বৃত্তান্ত বলিতে লাগিলেন ॥৯॥

দুর্য্যোধন বলিলেন—'আচার্য্য! দেখুন—আমার পিতামহ বীর ভীষ্ম-প্রভৃতি ক্ষত্রিয়গণের মহামারী উপস্থিত হইয়াছে ॥১০॥

এই শিখণ্ডীটা ভীষ্মকে বধ করিয়া পূর্ণমনোরথ ও শত্রুসংহারে প্রলুব্ধ হইয়া সমস্ত পাঞ্চালসৈন্যের সহিত পাণ্ডবসৈন্যের সম্মুখে অবস্থান করিতেছে ॥১১॥

যে, আমার সাত অক্ষৌহিণী সৈন্য ভেদ করিয়া যাইয়া রাজা জয়দ্রথকে বধ করিয়াছে, সেই অর্জ্জুন আপনার অপর দুর্দ্ধর্ষ শিষ্য ॥১২॥

---

(১২)…অক্ষৌহিণীঃ সপ্ত হত্বা… বা নি।

যে মদর্থং পরীপ্সন্তে বসুধাং বসুধাধিপাঃ।
তে হিত্বা বসুধৈশ্বর্য্যং বসুধামধিশেরতে ॥১৪॥
সোঽহং কাপুরুষঃ কৃত্বা মিত্রাণাং ক্ষয়মীদৃশম্।
নাশ্বমেধসহস্রেণ পাতুমাত্মানমুৎসহে ॥১৫॥
মম লুব্ধস্য পাপস্য তথা ধর্ম্মাপচায়িনঃ।
ব্যায়চ্ছন্তো জিগীষন্তঃ প্রাপ্তা বৈবস্বতক্ষয়ম্ ॥১৬॥
কথং পতিতবৃত্তস্য পৃথিবী সুহৃদাং দ্রুহঃ।
বিবরং নাশকদ্দাতুং মম পার্থিবসংসদি ॥১৭॥
যোঽহং রুধিরসিক্তাঙ্গং রাজ্ঞাং মধ্যে পিতামহম্।
শয়ানং নাশকং ত্রাতুং ভীষ্মমায়োধনে হতম্ ॥১৮॥
তং মামনার্য্যপুরুষং মিত্রদ্রুহমধার্ম্মিকম্।
কিং স বক্ষ্যতি দুর্দ্ধর্ষঃ সমেত্য পরলোকজিৎ ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

য ইতি। পরীপ্সন্তে লিপ্সন্তে স্ম। অধিশেরতে যুদ্ধে হতাঃ সন্তঃ ॥১৪॥

স ইতি। পাতুং পাপাদ্রক্ষিতুম্, ন উৎসহে ন শক্নোমি ॥১৫॥

মমেতি। ধর্ম্মাপচায়িনো ধর্ম্মনাশকস্য। ব্যায়চ্ছন্তো যুদ্ধেন শ্রাম্যন্তঃ ॥১৬॥

কথমিতি। পতিতস্যেব বৃত্তং ব্যবহারো যস্য তস্য। বিবরং প্রবেশার্থং গর্ত্তম্ ॥১৭॥

য ইতি। আয়োধনে যুদ্ধে, হতং হতপ্রায়ং পতিতমিত্যর্থঃ। অনার্য্যপুরুষম্ অসজ্জনম্। স ভীষ্মঃ। সমেত্য তদন্তিকং গত্বা স্থিতম্, পরলোকজিৎ ধর্ম্মেণ স্বর্গজয়ী ॥১৮—১৯॥

আমাদের জয়াভিলাষী ও উপকারী যে সকল সুহৃদ্ যমালয়ে গমন করিয়াছেন, আমি কি করিয়া তাঁহাদের ঋণ শোধ করিব ॥১৩॥

যে সকল রাজা আমার জন্য পৃথিবীলাভের কামনা করিতেন, তাঁহারা পৃথিবীর ঐশ্বর্য্য ত্যাগ করিয়া পৃথিবীতে শয়ন করিয়াছেন ॥১৪॥

সেই কাপুরুষ আমি এইরূপ মিত্রক্ষয় করিয়া সহস্র অশ্বমেধযজ্ঞদ্বারাও ত পাপ হইতে আত্মরক্ষা করিতে সমর্থ হইব না ॥১৫॥

আমি লোভী, পাপাত্মা ও ধর্ম্মনাশক। তাই আমার জয়াভিলাষী যোদ্ধারা যুদ্ধ করিতে করিতে যমালয়ে চলিয়া গিয়াছেন ॥১৬॥

পতিত ব্যক্তির ন্যায় আমার ব্যবহার এবং আমি মিত্রদ্রোহী। না হইলে, রাজসভায় পৃথিবীও আমাকে বিবর দান করিতে সমর্থ হইলেন না কেন? ॥১৭॥

পিতামহ ভীষ্মদেব আহত হইয়া রক্তসিক্ত দেহে রাজগণমধ্যে শরশয্যায়

(১৫)···অশ্বমেধসহস্রেণ পাবিতুং ন সমুৎসহে—পি বা নি।

জলসন্ধং মহেষ্বাসং পশ্য সাত্যকিনা হতম্।
মদর্থমুদ্যতং শূরং প্রাণাংস্ত্যক্ত্বা মহারথম্ ॥২০॥
কাম্বোজং নিহতং দৃষ্ট্বা তথালম্বুষমেব চ।
অন্যান্ বহূংশ্চ সুহৃদো জীবিতার্থোঽদ্য কো মম ॥২১॥
ব্যায়চ্ছন্তো হতাঃ শূরা মদর্থে যেঽপরাঙ্মুখাঃ।
যতমানাঃ পরং শক্ত্যা বিজেতুমহিতান্ মম ॥২২॥
তেষাং গত্বাহমানৃণ্যমদ্য শক্ত্যা পরন্তপ!।
তর্পয়িষ্যামি তানেব জলেন যমুনামনু ॥২৩॥ (যুগ্মকম্)
সত্যং তে প্রতিজানামি সর্ব্বশস্ত্রভৃতাং বর!।
ইষ্টাপূর্ত্তেন চ শপে বীর্য্যেণ চ সুতৈরপি ॥২৪॥

ভারতকৌমুদী

জলেতি। প্রাণান্ প্রাণানামাশাং ত্যক্ত্বা যুদ্ধায়োদ্যতমিত্যর্থঃ ॥২০॥

কাম্বোজমিতি। কাম্বোজং কাম্বোজরাজং সুদক্ষিণম্। জীবিতার্থো জীবনপ্রয়োজনম্ ॥২১॥

ব্যায়েতি। ব্যায়চ্ছন্তো যুদ্ধব্যায়ামং কুর্ব্বন্তঃ। অহিতান্ শত্রূন্। তেষামানৃণ্যং গত্বা শত্রু-বধেন ঋণপরিশোধং কৃত্বা। যমুনাং নদীম্, অনু লক্ষীকৃত্য যমুনায়া জলেনেত্যর্থঃ ॥২২—২৩॥

সত্যমিতি। ইষ্টমগ্নিহোত্রাদি পূর্ত্তং বাপ্যাদি ইষ্টঞ্চ পূর্ত্তঞ্চেতি ইষ্টাপূর্ত্তং সমাহারদ্বন্দ্বৈক-বদ্ভাবঃ, "হ্রস্বস্য দীর্ঘতা" ইতি চ দীর্ঘঃ। ইষ্টাপূর্ত্তমাহ মলমাসতত্ত্বে জাতূকর্ণঃ—"অগ্নিহোত্রং তপঃ সত্যং বেদানাঞ্চানুপালনম্। আতিথ্যং বৈশ্বদেবঞ্চ ইষ্টমিত্যভিধীয়তে॥ বাপীকূপ-

শয়ন করিলেন, কিন্তু আমি তাঁহাকে রক্ষা করিতে পারিলাম না। সুতরাং অসজ্জন, মিত্রদ্রোহী ও অধার্ম্মিক আমি যাইয়া তাঁহার নিকট দাঁড়াইলে, সেই পরলোকবিজয়ী দুর্দ্ধর্ষ পুরুষ আমাকে কি বলিবেন ॥১৮—১৯॥

আচার্য্য! দেখুন—মহাধনুর্দ্ধর ও মহারথ বীর জলসন্ধ প্রাণের আশা ত্যাগ করিয়া আমার জন্যই যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন, সাত্যকি তাঁহাকে বধ করিয়াছে ॥২০॥

তা'র পর কাম্বোজরাজ সুদক্ষিণ, রাজা অলম্বুষ এবং অন্যান্য বহু সুহৃদ্‌কে নিহত দেখিয়া আজ আমার জীবনে আর প্রয়োজন কি আছে ॥২১॥

পরন্তপ! যে সকল বীর আমার শত্রুগণকে জয় করিবার জন্য শক্তি অনুসারে বিশেষ যত্ন করিতে থাকিয়া যুদ্ধ করিতে করিতে আমার জন্যই সম্মুখ-সংগ্রামে নিহত হইয়াছেন, আমি আজ শক্তি অনুসারে তাঁহাদের ঋণ পরিশোধ করিয়া যমুনাজলদ্বারা তাঁহাদেরই তর্পণ করিব ॥২২—২৩॥

নিহত্য তান্ রণে সর্ব্বান্ পাঞ্চালান্ পাণ্ডবৈঃ সহ।
শান্তিং লব্ধাস্মি তেষাং বা রণে গন্তা সলোকতাম্ ॥২৫॥
সোঽহং তত্র গমিষ্যামি যত্র তে পুরুষর্ষভাঃ।
হতা মদর্থং সংগ্রামে যুধ্যমানাঃ কিরীটিনা ॥২৬॥
নহীদানীং সহায়া মে পরৈঃ সন্ত্যনুপস্কৃতাঃ।
শ্রেয়ো হি পাণ্ডূন্ মন্যন্তে ন তথাস্মান্ মহাভুজ! ॥২৭॥
স্বয়ং হি মৃত্যুর্বিহিতঃ সত্যসন্ধেন সংযুগে।
ভবানুপেক্ষাং কুরুতে শিষ্যত্বাদর্জ্জুনস্য হি ॥২৮॥

ভারতকৌমুদী

তড়াগাদি দেবতায়তনানি চ। অন্নপ্রদানমারামাঃ পূর্ত্তমিত্যভিধীয়তে॥" তত্তজ্জনিতধর্ম্মেণেত্যর্থঃ ॥২৪॥

নিহত্যেতি। লব্ধাস্মি লপ্স্যে। সলোকতাং মৃত্যুনা সমানলোকবর্ত্তিত্বম্ ॥২৫॥

স ইতি। পুরুষর্ষভা জলসন্ধাদয়ঃ ॥২৬॥

নহীতি। অনুপস্কৃতা অননুরুদ্ধাঃ। শ্রেয়ঃ শ্রেয়সো মঙ্গলভাগিন ইতি যাবৎ ॥২৭॥

কিং তত্র প্রমাণমিত্যাহ স্বয়মিতি। মৃত্যুর্মৃত্যুপায়ঃ, বিহিতঃ শত্রুষু পাণ্ডবেষু প্রাকাশিতঃ, সত্যসন্ধেন সত্যপ্রতিজ্ঞেন ভীষ্মেণ ॥২৮॥

সর্বশস্ত্রধারিশ্রেষ্ঠ! আমি আপনার নিকটে অগ্নিহোত্র ও জলাশয়নির্ম্মাণাদি ধর্ম্মকার্য্য, বল ও পুত্রপ্রভৃতিদ্বারা সত্য প্রতিজ্ঞা ও সত্য শপথ করিতেছি—॥২৪॥

আমি পাণ্ডবগণের সহিত সেই সমস্ত পাঞ্চালকে যুদ্ধে নিহত করিয়া শান্তি লাভ করিব, কিংবা যুদ্ধে নিহত হইয়া সেই বীরগণের সমান লোকে যাইব ॥২৫॥

সেই পুরুষশ্রেষ্ঠেরা যেখানে অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে থাকিয়া আমারই জন্য নিহত হইয়াছেন, আমি সেইখানে যাইব ॥২৬॥

মহাবাহু! বিপক্ষেরা যাঁহাদের অনুরোধ না করিয়াছে, এমন সহায় আমার এখন নাই; সকলেই পাণ্ডবগণের যেরূপ মঙ্গল কামনা করেন, আমাদের সেরূপ করেন না ॥২৭॥

আচার্য্য! দেখুন—সত্যপ্রতিজ্ঞ ভীষ্ম যুদ্ধে নিজেই নিজের মৃত্যুর উপায় পাণ্ডবদের নিকট বলিয়া দিয়াছিলেন এবং অর্জ্জুন আপনার শিষ্য বলিয়া আপনিও আমাদিগকে উপেক্ষা করেন ॥২৮॥

(২৬)···হতা মদর্থে···বা নি। (২৭)···পরৈঃসন্ত্যনুপস্কৃতাঃ···বা নি।

অতো বিনিহতাঃ সর্ব্বে যেঽস্মজ্জয়চিকীর্ষবঃ।
কর্ণমেব তু পশ্যামি সংপ্রত্যস্মজ্জয়ৈষিণম্ ॥২৯॥
যো হ্যমিত্রমবিজ্ঞায় যাথাতথ্যেন মন্দধীঃ।
মিত্রার্থে যোজয়ত্যেনং তস্য সোঽর্থোঽবসীদতি ॥৩০॥
তাদৃগ্‌রূপং কৃতমিদং মম কার্য্যং সুহৃদ্‌ব্রুবৈঃ।
মোহাল্লুব্ধস্য পাপস্য জিহ্মাচারৈঃ সমন্ততঃ ॥৩১॥
হতো জয়দ্রথশ্চৈব সৌমদত্তিশ্চ বীর্য্যবান্।
অভীষাহাঃ শূরসেনাঃ শিবয়োঽথ বসাতয়ঃ ॥৩২॥
সোঽহমদ্য গমিষ্যামি যত্র তে পুরুষর্ষভাঃ।
হতা মদর্থং সংগ্রামে যুধ্যমানাঃ কিরীটিনাঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

অত ইতি। জয়চিকীর্ষবো জয়ং কর্ত্তুমিচ্ছবঃ। কর্ণমেবেত্যেবশব্দেন দ্রোণাদিব্যবচ্ছেদঃ ॥২৯॥

য ইতি। মন্দধীরল্পবুদ্ধির্জনঃ। এনমমিত্রম্। অবসীদতি নশ্যতি ॥৩০॥

তাদৃগিতি। সুহৃদমাত্মানং ব্রুবন্তীতি তৈঃ। জিহ্মাচারৈঃ কুটিলব্যবহারৈঃ ॥৩১॥

হত ইতি। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ। অভীষাহাদয়ো দেশবাচিনঃ শব্দা দেশিষু লক্ষ্যন্তে ॥৩২॥

স ইতি। গমিষ্যামি যুদ্ধে হতঃ সন্, যত্র লোকে ॥৩৩॥

এই জন্যই—যাঁহারা আমাদের জয়াভিলাষী ছিলেন, তাঁহারা সকলেই নিহত হইয়াছেন, এখন একমাত্র কর্ণকে আমাদের জয়াভিলাষী দেখিতেছি ॥২৯॥

যে অল্পবুদ্ধি লোক শত্রুকে যথার্থরূপে না জানিয়া তাহাকে মিত্রের কার্য্যে নিযুক্ত করে, সে লোকের সে কার্য্য বিনষ্ট হইয়া যায় ॥৩০॥

আমি মোহবশতঃ রাজ্যলোভী হইয়া পাপ করিয়াছি; আবার আমার সুহৃদ্বাদী এবং সকল দিকে কপটচারী লোকেরাও আমার এই কার্য্য সেইরূপই করিয়াছে ॥৩১॥

হায়! জয়দ্রথ ও বলবান্ ভূরিশ্রবা নিহত হইয়াছেন এবং অভীষাহ, শূরসেন, শিবি ও বসাতি সৈন্যেরাও বিনষ্ট হইয়াছে ॥৩২॥

সুতরাং সেই পুরুষশ্রেষ্ঠেরা আমার জন্যই অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে করিতে নিহত হইয়া যেখানে গিয়াছেন, আমিও আজ যুদ্ধে নিহত হইয়া সেইখানে যাইব ॥৩৩॥

(২৯) ততো বিনিহতাঃ...পি। (৩১)...সুহৃজ্জনৈঃ...পি,...সুহৃত্তমৈঃ...জিহ্মস্য ধনমীহতঃ—বা নি।

ন হি মে জীবিতেনার্থস্তানৃতে পুরুষর্ষভান্ ।
আচার্য্যঃ পাণ্ডুপুত্রাণামনুজানাতু নো ভবান্ ॥৩৪॥

ধৃতরাষ্ট্র উবাচ ।

সিন্ধুরাজে হতে তাত ! সমরে সব্যসাচিনা ।
তথৈব ভূরিশ্রবসি কিমাসীদ্বো মনস্তদা ॥৩৫॥
দুর্য্যোধনেন চ দ্রোণস্তথোক্তঃ কুরুসংসদি ।
কিমুক্তবান্ পরং তস্মাত্তন্মমাচক্ষ্ব সঞ্জয় ! ॥৩৬॥

সঞ্জয় উবাচ ।

নিষ্টানকো মহানাসীৎ সৈন্যানাং তব ভারত ! ।
সৈন্ধবং নিহতং দৃষ্ট্বা ভূরিশ্রবসমেব চ ॥৩৭॥
মন্ত্রিতং তব পুত্রস্য তে সর্ব্বমবমেনিরে ।
যেন মন্ত্রেণ নিহতাঃ শতশঃ ক্ষত্রিয়র্ষভাঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

অথ কথং মরিষ্যসীত্যাহ নেতি। হি যস্মাৎ। অর্থঃ কিমপি প্রয়োজনম্, ঋতে বিনা। পাণ্ডুপুত্রাণামেবাচার্য্যঃ ন পুনরস্মাকং তেষামেব হিতসাধনাদিত্যাশয়ঃ। নঃ অস্মান্ ॥৩৪॥

সিন্ধিতি। কিং কীদৃশবৃত্তিকম্, বো যুষ্মাকম্ ॥৩৫॥

দুর্য্যোধনেনেতি। কুরুসংসদি দ্রোণসহচরকৌরবসৈন্যমধ্যে ॥৩৬॥

নিষ্টানক ইতি। নিষ্টানকো বিষাদকোলাহলঃ। নিপূর্বকষ্টনধাতোভাবে ঘঞি কঃ ॥৩৭॥

মন্ত্রিতমিতি। অবমেনিরে নিনিন্দুঃ। মন্ত্রেণ মন্ত্রানুসারিণা কার্য্যেণ ॥৩৮॥

কারণ, সেই পুরুষশ্রেষ্ঠগণ ব্যতীত আমার জীবনে কোন প্রয়োজন নাই। অতএব হে পাণ্ডুপুত্রগণের আচার্য্য ! আপনি আমাকে সেই বিষয়ে অনুমতি করুন' ॥৩৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'বৎস সঞ্জয় ! অর্জ্জুন জয়দ্রথকে বধ করিলে এবং ভূরিশ্রবাও নিহত হইলে, তখন তোমাদের মন কিরূপ হইয়াছিল ? ॥৩৫॥

সঞ্জয় ! আর দুর্য্যোধন কৌরবসৈন্যমধ্যে সেইরূপ বলিলে, তদনন্তর দ্রোণ কি বলিলেন, তাহা আমার নিকট বল' ॥৩৬॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন ! জয়দ্রথ এবং ভূরিশ্রবাকে নিহত দেখিয়া আপনার সৈন্যমধ্যে বিশাল বিষাদকোলাহল হইতে লাগিল ॥৩৭॥

---

(৩৪) ইতঃ পরম্ '…অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…একপঞ্চাশদধিক-শততমোঽধ্যায়ঃ' বা রা নি।